JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

অধ্যায় ০১ ভাষা ও বাংলা ভাষা

ভাষা সম্পর্কিত তথ্য

ভাষা

গলনালি, মুখবিবর, কণ্ঠ, জিভ, তালু, দাঁত, নাক প্রভৃতি প্রত্যঙ্গ দিয়ে মানুষ নানা রকম ধ্বনি তৈরি করে। এক বা একাধিক ধ্বনি দিয়ে তৈরি হয় শব্দ। শব্দের গুচ্ছ দিয়ে বাক্য গঠিত হয়। বাক্য দিয়ে মানুষ মনের ভাব আদান-প্রদান করে। মনের ভাব প্রকাশক এসব বাক্যের সমষ্টিকে বলে ভাষা।

ভাষার সংজ্ঞা : বাগ্‌যন্ত্রের (গলনালি, মুখবিবর, কণ্ঠ, জিহ্বা, তালু, দন্ত, নাসিকা ইত্যাদি বাক্‌প্রত্যঙ্গকে এক কথায় বলে বাগ্‌যন্ত্র) দ্বারা উচ্চারিত অর্থবোধক ধ্বনির সাহায্যে মানুষের ভাব প্রকাশের মাধ্যমকে ভাষা বলে।

ভাষা একদিকে মুখে বলার এবং অন্যদিকে কানে শোনার বিষয়। সভ্যতার অগ্রগতিতে মুখের ভাষা ক্রমে লেখার ও ছাপার, সেইসঙ্গে চোখ দিয়ে পড়ার বিষয়েও পরিণত হয়েছে। এছাড়া দৃষ্টি-প্রতিবন্ধীদের জন্য ভাষাকে উঁচুনিচু করে তৈরি করার ও হাত দিয়ে অনুভব করার ব্রেইল পদ্ধতি, আবার বাক্-প্রতিবন্ধীদের বোঝানোর জন্য বিভিন্ন ধরনের ইশারা ভাষা মানুষ তৈরি করেছে।

জনগোষ্ঠী ভেদে ভাষার বৈশিষ্ট্য আলাদা হয়, ভাষাও আলাদা হয়ে ওঠে। এভাবে পৃথিবীতে কয়েক হাজার ভাষার জন্ম হয়েছে। পৃথিবীর প্রধান ভাষাগুলোর মধ্যে রয়েছে চীনা, ইংরেজি, হিন্দি, হিস্পানি, আরবি, বাংলা, পর্তুগিজ, রুশ, জাপানি, জার্মান, কোরিয়ান, ফরাসি, তামিল, তুর্কি, উর্দু, ফারসি প্রভৃতি।

- আরবি, হিব্রু (ইসরাইলের ভাষা)– আফ্রো-এশীয় ভাষাগোষ্ঠীর ভাষা।
- হিব্রু ও আরামীয় ভাষার সাথে আরবি ভাষার গভীর সম্পর্ক আছে।
- জাপানি, কোরিয়ান, তুর্কি, উজবেক, মঙ্গোলীয়– আলতায়ী ভাষা পরিবারের সদস্য।
- তামিল– দ্রাবিড়ীয় ভাষাগোষ্ঠীর অর্ন্তভুক্ত।

ভাষার
- ক্ষুদ্রতম অংশ– ধ্বনি।
- মূল উপাদান– ধ্বনি।
- মূল উপকরণ– বাক্য।

বাংলা ভাষা

বাঙালি জনগোষ্ঠী যে ভাষা দিয়ে তাদের মনের ভাব প্রকাশ করে তার নাম বাংলা ভাষা। বাংলা ভাষায় কথা বলে প্রায় ত্রিশ কোটি মানুষ। এর মধ্যে বাংলাদেশে ষোলো কোটি এবং ভারতের পশ্চিমবঙ্গে দশ কোটি মানুষের বাস। এছাড়া ত্রিপুরা, আসাম, বিহার, ঝাড়খণ্ড, ওড়িশাসহ ভারতের অন্যান্য প্রদেশে প্রায় তিন কোটি এবং পৃথিবীর বিভিন্ন দেশে আরো প্রায় এক কোটি বাংলাভাষী মানুষ রয়েছে। মাতৃভাষী মোট জনসংখ্যার ভিত্তিতে বাংলা পৃথিবীর ৬ষ্ঠ বৃহত্তম ভাষা। এটি বাংলাদেশের রাষ্ট্রভাষা।

ভাষার সংখ্যা নিরূপণ করা এক দুরূহ ব্যাপার। ভাষার সংখ্যা নিয়ে ভাষাবিজ্ঞানীদের মধ্যে বিভিন্ন মতভেদ আছে। তবে ভাষাবিজ্ঞানীদের মতামত থেকে আনুমানিক এ সিদ্ধান্তে উপনীত হওয়া যায় যে, বর্তমানে পৃথিবীতে প্রায় সাত হাজার ভাষা প্রচলিত আছে।

[ভাষা ব্যবহারকারী সংখ্যার দিক থেকে বাংলা ভাষার বর্তমান অবস্থান ৭ম। আর মাতৃভাষার দিক দিয়ে বাংলা ভাষার বর্তমান অবস্থান ৫ম। [সূত্র : ইথনোলগ; ২৬ তম সংস্করণ, ২১ ফেব্রুয়ারি ২০২৩] [তথ্যটি পরিবর্তনশীল]

Note : [পাঠ্যপুস্তকে যেহেতু ৬ষ্ঠ বৃহত্তম ভাষা বলা হয়েছে, তাই উত্তর হিসেবে ৬ষ্ঠ-ই দিবো, ৬ষ্ঠ না থাকলে ৭ম দিবো।]

পৃথিবীর ভাষাগুলোকে ইন্দো-ইউরোপীয়, চীনা-তিব্বতীয়, আফ্রিকীয়, সেমীয়-হেমীয়, দ্রাবিড়ীয়, অস্ট্রো-এশীয় প্রভৃতি ভাষা-পরিবারে ভাগ করা হয়ে থাকে। ইংরেজি, জার্মান, ফরাসি, হিস্পানি, রুশ, পর্তুগিজ, ফারসি, হিন্দি, উর্দু, নেপালি, সিংহলি প্রভৃতি ভাষার মতো বাংলা ভাষাও ইন্দো-ইউরোপীয় ভাষা-পরিবারের সদস্য। বাংলা ভাষার নিকটতম আত্মীয় অহমিয়া ও ওড়িয়া। ধ্রুপদি ভাষা সংস্কৃত এবং পালির সঙ্গে বাংলা ভাষার রয়েছে ঘনিষ্ঠ সম্পর্ক।

বাংলা ভাষার রয়েছে কালগত ও স্থানগত স্বাতন্ত্র্য। এক হাজার বছর আগেকার ভাষা, পাঁচশো বছর আগেকার ভাষা, এমনকি উনিশ শতকে প্রচলিত ভাষার সঙ্গে বর্তমান কালের ভাষা আলাদা। আবার ভৌগোলিক এলাকাভেদে বাংলা ভাষার নানা বৈচিত্র্য লক্ষ্য করা যায়। ভাষার এই আঞ্চলিক বৈচিত্র্যকে বলা হয় উপভাষা।

বাংলাদেশের জীবনযাত্রার প্রায় সবক্ষেত্রে বাংলা ভাষা ব্যবহারের বিষয়টি সরকারিভাবে বাধ্যতামূলক। এছাড়া ভারতের পশ্চিমবঙ্গ ও ত্রিপুরা প্রদেশের অন্যতম দাপ্তরিক ভাষা বাংলা।

ভাষার জন্য বুকের তাজা রক্ত ঢেলে দেওয়ার ঘটনা পৃথিবীতে শুধু বাংলা ভাষার ক্ষেত্রেই ঘটেছিল। ১৯৫২ সালের ২১ শে ফেব্রুয়ারি মাতৃভাষা বাংলার দাবিতে সর্বস্তরের মানুষ যখন রাস্তায় নেমে এসেছিল, তখন পুলিশের গুলিতে প্রাণ হারিয়েছিল সালাম, বরকত, রফিক, শফিক, জব্বার-সহ নাম না জানা অনেক মানুষ। তাঁদের আত্মত্যাগের স্বীকৃতিস্বরূপ ১৯৯৯ সালের ১৭ নভেম্বর অনুষ্ঠিত ইউনেস্কোর সাধারণ অধিবেশনে দিনটিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে ঘোষণা করা হয়।

প্রতিটি বাঙালি শিশুর মাতৃভাষা বা প্রথম ভাষা হলো তার আঞ্চলিক ভাষা। আদর্শ কথ্য বা লেখ্য প্রমিত তার কাছে দ্বিতীয় ভাষা। বাংলাদেশের শিক্ষা কার্যক্রম যেহেতু প্রমিত রীতি অনুসরণ করে, তাই পাঠ্যপুস্তকই হলো শিশুর প্রমিত রীতি শেখার প্রধান উপায়।

ইন্দো-ইউরোপীয় ভাষা-পরিবারের আদি ভাষা বহু বিবর্তনের মধ্য দিয়ে বাংলা ভাষায় পরিণত হয়েছে। এই বিবর্তনে যেসব গুরুত্বপূর্ণ স্তর বাংলা ভাষাকে অতিক্রম করতে হয়েছে, সেগুলো হলো : ইন্দো-ইউরোপীয় → ইন্দো-ইরানীয় → ভারতীয় আর্য → প্রাকৃত → বাংলা। আনুমানিক এক হাজার বছর আগে পূর্ব ভারতীয় প্রাকৃত ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়েছে। বাংলা ভাষার লিখিত রূপের প্রাচীনতম নিদর্শন 'চর্যাপদ'।

ইন্দো-ইউরোপীয় ভাষা পরিবার :

i. এটি দক্ষিণ ও ইউরো-এশিয়ার ভাষা পরিবার।
ii. এটি সবচেয়ে বড় ভাষা পরিবার।
iii. এটি প্রায় ৩১০ কোটি মানুষের ভাষা।
iv. এই ভাষা পরিবারের ১০টি শাখা রয়েছে।

চীনা-তিব্বতীয় ভাষা পরিবার :

i. এই ভাষাগোষ্ঠী সম্পর্কে ১৯ শতকে প্রথম প্রস্তাব করা হয়।
ii. এই ভাষা পরিবারের প্রায় ৪০০টি ভাষা রয়েছে।
iii. ভাষার দিক দিয়ে ২য় বৃহত্তম ভাষা পরিবার।
iv. প্রধান প্রধান ভাষা– চৈনিক (চীনা, মান্দারিন, মিন, হাক্কা), বর্মী, তিব্বতি।

দ্রাবিড়ীয় ভাষা পরিবার :

i. এই ভাষার প্রধান অঞ্চল দক্ষিণ ভারত ও পাকিস্তানের বেলুচিস্তান।
ii. তামিল, তেলেগু, কন্নড়, মালয়ালম ও ব্রাহুই প্রধান ভাষা।

অস্ট্রো-এশীয় ভাষা পরিবার :

i. দক্ষিণ পূর্ব এশিয়া, ভারত ও বাংলাদেশে প্রচলিত ভাষা পরিবার।
ii. ভিয়েতনামী, খমু, মোন প্রধান ভাষা।
iii. বাংলাদেশের বিভিন্ন সংখ্যালঘু গোষ্ঠীর ভাষা ও ভাষা পরিবারের অর্ন্তভুক্ত। যেমন– মুন্ডা ভাষা।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

ভাষা ও বাংলা ভাষার উদ্ভবের ইতিহাস

বাংলা ভাষা বঙ্গ অঞ্চলের ভাষার প্রায় দুই হাজার বছরের অবিরাম বিবর্তনের ফল। খ্রিষ্টের জন্মের প্রায় দুই হাজার বছর আগে এ উপমহাদেশে আগত আর্যদের ধর্মগ্রন্থ 'বেদ' ও ব্রাহ্মণ সংহিতা'র ভাষাই ছিল আর্য-ভারতীয়দের প্রাচীনতম সাহিত্যিক ভাষা। এ প্রাচীনতম সাহিত্যিক ভাষাই নানাভাবে বিবর্তনের মাধ্যমে বাংলা ভাষায় রূপান্তরিত হয়েছে। তবে অনেক ভাষাতাত্ত্বিক এর উৎপত্তিকাল আরো কয়েক হাজার বছর আগে বলে মনে করেন। তখন পৃথিবীতে ২৬টির মতো ভাষা প্রচলিত ছিল। এর মধ্যে ভারত ও ইউরোপের মধ্যবর্তী অঞ্চলে প্রচলিত ছিল যে ভাষাটি তার নাম ছিল ইন্দো-ইউরোপীয় ভাষা। এ ইন্দো-ইউরোপীয় ভাষা থেকেই নানা বিবর্তনের মাধ্যমে উৎপত্তি হয়েছে বাংলা ভাষার।

ইন্দো-ইউরোপীয় ভাষাগোষ্ঠী > শতম > আর্য > ভারতীয় > প্রাচীন ভারতীয় আর্য > প্রাচীন ভারতীয় কথ্য আর্য/আদিম প্রাকৃত > প্রাচীন প্রাচ্য > মাগধী প্রাকৃত/গৌড়ী প্রাকৃত > মাগধী অপভ্রংশ/গৌড় অপভ্রংশ > বাংলা

ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে, বাংলা ভাষার জন্ম হয়েছে মাগধী প্রাকৃত থেকে।
ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে, বাংলা লিপির উৎপত্তি খ্রিষ্টীয় দশম শতাব্দীতে।
ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র মতে, বাংলা ভাষার জন্ম হয়েছে গৌড়ীয় প্রাকৃত থেকে।
ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র মতে, খ্রিষ্টীয় সপ্তম শতাব্দীতে বাংলা ভাষার উদ্ভব হয়।

- অপভ্রংশ নামকরণ করেন– পতঞ্জলি।
- বিশেষ ভাষার বিচ্যুত বা বিকৃত ভাবকে অপভ্রংশ নামকরণ করেন।
- অপ + √ভ্রংশ্ + অ = অপভ্রংশ।
- প্রাকৃতপৈঙ্গল– অপভ্রংশ ভাষায় লেখা।
- অপভ্রংশ ও অবহট্ট প্রায় সমার্থক শব্দ।
- প্রাকৃত বৈয়াকরণিকগণ মধ্যভারতীয় আর্যভাষার দ্বিতীয় স্তরে দুধরনের ভাষারূপ লক্ষ করেন। যথা– প্রাচীন মাগধী ও প্রাচীন অর্ধমাগধী।
- জৈন ধর্মগ্রন্থ– অর্ধমাগধী ভাষায় লেখা।
- বর্তমান সময়ের কৃত্রিম বিশ্বভাষা– এসপেরান্তো।
  - এ ভাষার প্রবর্তক– ডা. এল. এল জামেনহক।
  - এ ভাষায় ৫টি স্বরধ্বনি, ২৩টি ব্যঞ্জনধ্বনি, ২টি অর্ধস্বর এবং ৬টি যৌগিক স্বর আছে।
  - এ ভাষার শব্দমূলের সংখ্যা ৯২১টি এবং শব্দ সংখ্যা প্রায় ৬ হাজার

বাংলা ভাষা বিবর্তনের রূপরেখা



ভাষাসমূহের লিখন ব্যবস্থা

ভাষার লিখন ব্যবস্থা : কোনো কিছুর কাছে হার স্বীকার করা মানুষের ধর্ম নয়। মানুষ চেষ্টা করেছে তার ভাষাকে ধরে রাখতে, যাতে ব্যক্তির মৃত্যুর পরও ভাষা বেঁচে থাকে। এভাবেই একদিন আবিষ্কৃত হয়েছে লিখন ব্যবস্থা (Writting System)। বিশ্বের ভাষাগুলো লেখার নানা ব্যবস্থা রয়েছে। আপাত মনে হয়, ভাষাসমূহের লিখনব্যবস্থা বহু এবং একটির সঙ্গে আরেকটির কোনো মিল নেই। কিন্তু সে ধারণা বাস্তব নয়। ভাষার লিখন ব্যবস্থা প্রধানত তিন প্রকার। যথা :

ক. বর্ণভিত্তিক (Alphabetic)
খ. অক্ষরভিত্তিক (Syllabic)
গ. ভাবাত্মক (Idiographic)।

ক. **বর্ণভিত্তিক (Alphabetic)** : বিশ্বের অনেক ভাষারই বর্ণ আছে। যেমন : বাংলা, ইংরেজি, রুশ, হিন্দি, তামিল প্রভৃতি। এসব ভাষার লিখনব্যবস্থা হলো বর্ণভিত্তিক।

খ. **অক্ষরভিত্তিক (Syllabic)** : অক্ষর (Syllable) বলতে বোঝায় কথার টুকরো অংশ। কথা বলার সময় আমরা এ অংশই উচ্চারণ করি। একে উচ্চারণের একক (Unit) ধরা হয়। একে দলও বলে। অক্ষর অনুযায়ী যেসব ভাষা লেখার ব্যবস্থা গড়ে উঠেছে তাকে, বলে অক্ষরভিত্তিক লিখনরীতি। যেমন : জাপানি ভাষা।

গ. **ভাবাত্মক (Idiographic)** : বিশ্বে এমন কিছু ভাষা আছে যেগুলো লেখার জন্য বর্ণ কিংবা অক্ষর কোনোটিই ব্যবহার করা হয় না। অনেকটা ছবি এঁকে এসব ভাষা লেখা হয়। এই লিখন ব্যবস্থাই হলো ভাবাত্মক। চীনা, কোরীয় ভাষা এ পদ্ধতিতে লেখা হয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

লিপি সংক্রান্ত প্রাসঙ্গিক আলোচনা

বাংলা ভাষার নিজস্ব লিপি রয়েছে। এই লিপির নাম বাংলা লিপি। বাংলা লিপিতে মূল বর্ণের সংখ্যা ৫০টি। স্বরবর্ণ ১১টি এবং ব্যঞ্জনবর্ণ ৩৯টি।

প্রায় আড়াই হাজার বছর আগে উপমহাদেশে ব্রাহ্মী লিপির জন্ম হয়। ব্রাহ্মী লিপির পূর্ব-ভারতীয় শাখা দশম শতক নাগাদ কুটিল লিপি নামে পরিচিতি লাভ করে। বাংলা লিপি এই কুটিল লিপির বিবর্তিত রূপ। অহমিয়া, বোড়ো, মণিপুরি প্রভৃতি ভাষাও বাংলা লিপিতে লেখা হয়। সংস্কৃত এবং মৈথিলি ভাষা এক সময়ে এই লিপিতে লেখা হতো।

ভাষার বাহন ধ্বনি বা বর্ণ। ধ্বনির লিখিত রূপকেই বলা হয় বর্ণ। বাংলা ভাষার উদ্ভবের পর থেকে আধুনিক কাল পর্যন্ত নানা বিবর্তনের মধ্য দিয়ে এ ভাষা প্রবহমান। এর সাথে বাংলা লিপিও অষ্টাদশ শতাব্দী পর্যন্ত বিবর্তিত হয়েছে। প্রায় এক হাজার বছর ধরে নানা উত্থান-পতনের মধ্য দিয়ে বাংলা ভাষা যেমন সুগঠিত রূপ লাভ করেছে, তেমনি বাংলা লিপি বা বর্ণও নানা পরিবর্তনের মধ্য দিয়ে সুগঠিত ও পরিপুষ্ট হয়েছে।

- ভারতীয় সমস্ত লিপিরই আদি জননী ব্রাহ্মী লিপি। তবে ব্রাহ্মী লিপির কালে উত্তর-পশ্চিমে খরোষ্ঠী লিপির প্রচলন ছিল। পরে ব্রাহ্মী লিপি সে স্থান দখল করে নেয়। এ হিসেবে ভারতীয় লিপির দুটি রূপ লক্ষ করা যায়। যথা : ব্রাহ্মী লিপি (বাম দিক থেকে ডান দিকে লেখা হয়। যেমন– বাংলা, হিন্দি) ও খরোষ্ঠী লিপি (ডান দিকে থেকে বাম দিকে লেখা হয়। যেমন- আরবি, উর্দু)। তবে ভারতের অধুনা সব লিপিরই উৎস হচ্ছে ব্রাহ্মী লিপি। বাংলা লিপিও ব্রাহ্মী লিপি থেকেই উদ্ভূত। খ্রিষ্টীয় অষ্টম শতাব্দীতে ব্রাহ্মী লিপি থেকে তিনটি লিপির সৃষ্টি হয়। যথা : পশ্চিমা লিপি, মধ্যভারতীয় লিপি এবং পূর্বী লিপি। ভারতের এ পূর্বী লিপির কুটিল রূপ থেকেই উদ্ভব হয়েছে বাংলা লিপির। খ্রিষ্টীয় একাদশ-দ্বাদশ শতাব্দীর মধ্যেই পূর্বী লিপি থেকে বাংলা লিপির উদ্ভব হয়।
- বাংলা লিপির গঠনকার্য সেন যুগে শুরু হলেও পাঠানযুগে তা মোটামুটি স্থায়ী রূপ পায়। ১৭৭৮ খ্রিষ্টাব্দে চার্লস উইলকিন্স হুগলিতে প্রথম বাংলা ছাপাখানা প্রতিষ্ঠা করেন। তিনি নিজেই বাংলা অক্ষরের নকশা তৈরি করেন। তার নির্দেশনা অনুযায়ী পঞ্চানন কর্মকার বাংলা অক্ষর খোদাই করেন। উইলিয়াম কেরী ১৮০০ খ্রিষ্টাব্দে উইলিয়াম ওয়ার্ড ও জোশুয়া মার্শম্যানের সহযোগিতায় শ্রীরামপুর মিশনে মুদ্রণযন্ত্র স্থাপন করেন। ১৮৪৭ সালে রংপুরে 'বার্তাবহ যন্ত্র' নামে একটি ছাপাখানা প্রতিষ্ঠিত হয়। এটিই বাংলাদেশের প্রথম ছাপাখানা। ঢাকায় প্রথম ছাপাখানা প্রতিষ্ঠিত হয় ১৮৬০ সালে। ছাপাখানার নাম ছিল 'বাংলা প্রেস'। ১৮৬০ সালে মুদ্রিত দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' ঢাকা থেকে প্রকাশিত প্রথম গ্রন্থ।
- ব্রাহ্মী লিপি হতে বাংলা বর্ণমালার জন্ম।
- ব্রাহ্মী লিপিতে পরিবর্তন দেখা যায়– কুষাণ ও গুপ্ত রাজাদের সময়ে।
- বগুড়ার মহাস্থানগড়ে পাওয়া শিলালিপি– ব্রাহ্মী লিপিতে লেখা।
- সম্রাট অশোকের অধিকাংশ কর্ম– ব্রাহ্মী লিপিতে লেখা।
- বঙ্গলিপি দ্বারা বাংলা বর্ণমালা লেখা হয়।
- বাংলা বর্ণমালা স্থায়ী রূপ লাভ করে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের হাত ধরে।
- চার্লস উইলকিন্সকে বলা হয়– বাংলার ক্যাক্সটন।

এক কথায় প্রশ্নোত্তর

প্র : ভাষা কাকে বলে?
উত্তর : মানুষের কণ্ঠনিঃসৃত বাক্ সংকেতের সংগঠনকে ভাষা বলে।

প্র : মানুষের মনোভাব প্রকাশের সর্বোত্তম মাধ্যম কোনটি?
উত্তর : কণ্ঠধ্বনি।

প্র : উপভাষা বা Dialect কাকে বলে?
উত্তর : বিভিন্ন ক্ষুদ্র ক্ষুদ্র অঞ্চলের জনগণ নিজ নিজ অঞ্চলের যে আঞ্চলিক ভাষায় কথা বলে তাকে আঞ্চলিক কথ্যভাষা বা উপভাষা বলে।

প্র : বাংলা লিপি স্থিতি লাভ করে কত সালে?
উত্তর : ১৮০০ সালে।

প্র : বাংলা লিপি মুদ্রণ উপযোগী করে তোলেন কারা?
উত্তর : চার্লস উইলকিন্স ও পঞ্চানন কর্মকার।

প্র : বাংলা লিপির আধুনিক রূপ দেন কে?
উত্তর : পঞ্চানন কর্মকার।

প্র : ভারতীয় সমস্ত লিপির উৎপত্তি কোন লিপি থেকে?
উত্তর : প্রাচীন ভারতে প্রচলিত চিত্রলিপি হতে।

প্র : বাংলা লিপির গঠন কাজ শুরু হয় কোন আমল থেকে?
উত্তর : সেন বংশের শাসনামলে ।

প্র : বাংলা লিপির ব্যাপক প্রসার ঘটে কোন শাসনামলে?
উত্তর : পাল শাসনামলে ।

প্র : বাংলা লিপি স্থায়ী রূপ লাভ করে কোন যুগে?
উত্তর : পাঠান যুগে।

প্র : বাংলা লিপির সঙ্গে সবচেয়ে ঘনিষ্ঠতা রয়েছে কোন লিপির?
উত্তর : আসামি (অহমিয়া) ভাষার লিপির।

প্র : উপমহাদেশের প্রথম ছাপাখানা স্থাপিত হয় কখন?
উত্তর : ১৪১৮ সালে।

প্র : ভাষা সৃষ্টির উপকরণ কী কী?
উত্তর : বাক্‌প্রত্যঙ্গ, বাগ্‌যন্ত্র।

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. ড. মুহম্মদ শহীদুল্লাহ্-র মতে বাংলা ভাষা কোন প্রাকৃত রূপ থেকে এসেছে? [খ ১৮-১৯]
(ক) মাগধী (খ) প্রাচ্য
(গ) গৌড়ী (ঘ) শৌরসেনী
উ (গ)

০২. দ্রাখমে > দ্রম্য > দাম শব্দটির বিবর্তন হলো যেভাবে– [খ ইউনিট ১৫-১৬]
(ক) প্রাচীন পারসিক থেকে বাংলা (খ) প্রাচীন দ্রাবিড় থেকে বাংলা
(গ) প্রাচীন গ্রিক থেকে বাংলা (ঘ) প্রাচীন অস্ট্রিক থেকে বাংলা
উ (গ)

০৩. কোন লেখক চলিত ভাষাকে ভাষারূপে প্রতিষ্ঠা করার জন্য আন্দোলন করেছিলেন? [খ ১৫-১৬]
(ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (খ) রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
(গ) প্রমথ চৌধুরী (ঘ) বুদ্ধদেব বসু
উ (গ)

০৪. কোন অপভ্রংশ থেকে বাংলা ভাষার উদ্ভব হয়েছে বলে ড. মুহম্মদ শহীদুল্লাহ্ মনে করেন? [ক ০৩-০৪]
(ক) গৌড়ীয় অপভ্রংশ (খ) শৌরশেনী অপভ্রংশ
(গ) মাগধী অপভ্রংশ (ঘ) মহারাষ্ট্রী অপভ্রংশ
উ [illegible]

০৫. 'বঙ্গ-কামরূপী' থেকে সৃষ্ট একটি ভাষা বাংলা, অপর ভাষা কোনটি? [ঘ ১২-১৩]
(ক) অসমিয়া (খ) উড়িয়া
(গ) হিন্দি (ঘ) ব্রজবুলি
উ [illegible]

০৬. কোন ভাষা হতে বাংলা ভাষার জন্ম হয়? [গ ৯৬-৯৭]
(ক) সংস্কৃত (খ) পালি
(গ) প্রাকৃত (ঘ) বঙ্গ-কামরূপী
উ [illegible]

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

ক. ভাষার অন্তর্নিহিত শৃঙ্খলা হলো– [A Unit, ১৪-১৫]
ক ধ্বনি, শব্দ, বাক্য, অর্থ, ব্যঞ্জনা
খ চলিত ভাষা
গ ভাষার ব্যঞ্জনা
ঘ প্রমিত উচ্চারণ
উ: ক

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

ক. ব্রাহ্মী লিপির কোন রূপ থেকে বাংলা ভাষা এসেছে? [F ১৯-২০]
ক সারদা খ নাগর গ কুষাণ ঘ কুটিল
উ: খ

খ. 'পুথি' কী? [F ১৯-২০]
ক পত্তার সমার্থক শব্দ খ ছোটগল্প
গ মধ্য-পারসিক ভাষা খ গীতিকা
উ: গ

গ. বাংলার আদি জনগোষ্ঠী কোন ভাষী ছিল? [C, ১৭-১৮]
ক অস্ট্রিক খ সংস্কৃত
গ প্রাকৃত ঘ হিন্দি
উ: ক

ঘ. বাংলা ভাষা কোন প্রাকৃত ভাষা থেকে উদ্ভূত হয়েছে? [গ ১১-১২; চবি E ১২-১৩]
ক মাগধী প্রাকৃত খ গৌড়ীয় প্রাকৃত
গ শৌরসেনী প্রাকৃত ঘ পৈশাচিক প্রাকৃত
Note: ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র মতে, গৌড়ীয় প্রাকৃত। ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে, মাগধী প্রাকৃত।

ঙ. নিম্নের কোন এলাকার ভাষা বরেন্দ্রী উপভাষার অন্তর্গত? [C ইউনিট ২০২২-২৩]
ক মুর্শিদাবাদ খ কলকাতা
গ দক্ষিণ দিনাজপুর ঘ রংপুর
উ: গ

চ. বাংলা ভাষার রূপ কয় প্রকার? [গ ২০-২১]
ক দুই খ তিন গ চার ঘ পাঁচ
উ: ক

ছ. দেশি ও বিদেশি শব্দের ব্যবহার নেই কোন রীতিতে? [গ ইউনিট ২০২০-২১]
ক প্রমিত লেখ্য খ প্রমিত কথ্য
গ সাধু ভাষা ঘ সমাজ ভাষা
উ: গ

জ. বর্তমানে পৃথিবীতে প্রচলিত ভাষার সংখ্যা কত? [A ১৬-১৭]
ক সাড়ে তিন হাজার খ আড়াই হাজার
গ দুই হাজার ঘ পাঁচ হাজার
উ: ক

ঝ. মৈথিলি ও বাংলার মিশ্রণে কোন ভাষায় সৃষ্টি হয়েছে? [D ১৬-১৭]
ক প্রকৃত খ গৌড়ীয় গ ব্রজবুলি ঘ অপভ্রংশ
উ: গ

রাজশাহী বিশ্ববিদ্যালয়

ক. বিবর্তনের মাধ্যমে বাংলা লিপির উদ্ভব হয়েছে-[A : ২১-২২]
ক খরোষ্ঠী লিপি থেকে খ ব্রাহ্মী লিপি থেকে
গ দেবনাগরী লিপি থেকে ঘ ল্যাটিন লিপি থেকে
উ: খ

খ. ভাষার মৌলিক উপাদান কোনটি? [A ১৮-১৯; রাবি ০৯-১০]
ক বর্ণ খ ধ্বনি গ শব্দ ঘ বাক্য
উ: খ

গ. মানুষের উচ্চারিত ধ্বনিসমষ্টিকে বলা হয়– [A ১৮-১৯]
ক বর্ণ খ ভাষা গ শব্দ ঘ বাক্য
উ: খ

ঘ. ভাষা হলো– [B ১৮-১৯]
ক উচ্চারণের প্রতীক খ ভাব প্রকাশের মাধ্যম
গ কণ্ঠের উচ্চারণ ঘ ধ্বনির সমষ্টি
উ: খ

ঙ. ভাষার মূল উপাদান কোনটি? [ক ০৭-০৮; চবি D-21-22; BUP : FSSS-21-22]
ক ধ্বনি খ বাক্য
গ শব্দ ঘ বর্ণ
উ: ক

চ. ভাষী জনসংখ্যার দিক থেকে পৃথিবীতে বাংলা ভাষার স্থান কততম? [B ১৮-১৯]
ক ষষ্ঠ খ চতুর্থ
গ অষ্টম ঘ নবম
উ: ক
Note: ভাষী জনসংখ্যার দিক থেকে পৃথিবীতে বাংলা ভাষার স্থান ষষ্ঠ। [সূত্র : বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি : নবম-দশম শ্রেণি।]

ছ. বাংলা ভাষার মৌলিক রূপ কয়টি? [I ১৭-১৮; ইবি H ১৭-১৮]
ক ৪টি খ ৩টি
গ ২টি ঘ ১টি
উ: গ

জ. ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র মতে, কোন শতাব্দীতে বাংলা ভাষার উন্মেষ ঘটে? [A ১৭-১৮]
ক ৬ষ্ঠ খ ৭ম
গ ৮ম ঘ ৯ম
উ: খ

ঝ. বাংলা বর্ণমালা কোন লিপি থেকে এসেছে? [০৬-০৭, ক ১১-১২]
ক তাম্রলিপি খ ব্রাহ্মী লিপি গ দেবনাগরী ঘ রোমান
উ: খ

ঞ. বাংলা লিপির উৎস কী? [ক ০৭-০৮; জাককানইবি D ১৭-১৮]
ক সংস্কৃত খ তাম্র গ ব্রাহ্মী ঘ গুহচিত্র
উ: গ

ট. ভাবের উৎসই হচ্ছে– [০৩-০৪]
ক শব্দ খ বর্ণ গ কাল ঘ ভাষা
উ: খ

ঠ. বাংলাদেশ সরকার 'বাংলা ভাষা প্রচলন আইন' পাস করে– [রাবি B ১৪-১৫]
ক ১৯৭২ সালে খ ১৯৭৫ সালে
গ ১৯৮৭ সালে ঘ ১৯৯৯ সালে
উ: গ

ড. মধ্যযুগের বাংলা ভাষার বিকৃতিকাল– [০৪-০৫]
ক ৬৫০-১২০০ খ্রিষ্টাব্দ খ ১২০১-১৮০০ খ্রিষ্টাব্দ
গ ১৪০১-১৬০০ খ্রিষ্টাব্দ ঘ ১৬০১-১৫০০ খ্রিষ্টাব্দ
উ: খ

ঢ. বাংলা লিপির সঙ্গে সবচেয়ে ঘনিষ্ঠতা রয়েছে– [D ১৫-১৬]
ক অসমি ভাষার লিপির খ বর্মি ভাষার লিপির
গ সিংহলি ভাষার লিপির ঘ নেপালি ভাষার লিপির
উ: ক

ণ. ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র মতে, কোন ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়? [০৯-১০]
ক গৌড়ীয় প্রাকৃত খ গৌড়ী সেন প্রাকৃত
গ মাগধি প্রাকৃত ঘ গৌড়ী অপভ্রংশ
উ: ক

ত. বাংলা ভাষা কোন ভাষা পরিবারের সদস্য? [খ ১১-১২]
ক বান্টু খ ইন্দো-ইউরোপীয়
গ সেমেটিক-হেমেটিক ঘ অস্টিক
উ: খ

থ. বাংলাদেশের সংবিধানে বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে ঘোষণা করা হয়েছে। [B ১৪-১৫]
ক প্রথম অনুচ্ছেদে খ দ্বিতীয় অনুচ্ছেদে
গ তৃতীয় অনুচ্ছেদে ঘ চতুর্থ অনুচ্ছেদে
উ: গ

দ. কোন ভাষার নিজস্ব লিপি নেই? [B, Even, সেট ৪ : ১৪-১৫]
ক বাংলা খ আরবি গ ইংরেজি ঘ চীনা
উ: ঘ

ধ. রংপুর অঞ্চলে কোন উপভাষার ব্যবহার হয়েছে? [B ইউনিট ২০২২-২৩]
ক কামরূপি খ বরেন্দ্রি গ রাঢ়ি ঘ পূর্বি
উ: ক

ন. বাংলা ভাষার চলতি রীতির বিশেষ বৈশিষ্ট্য কোনটি? [গ ২১-২২]
ক আভিজাত্যপূর্ণ খ পদবিন্যাস সুনিয়ন্ত্রিত
গ কৃত্রিমতা বর্জিত ঘ কাঠামো অপরিবর্তিত
উ: গ

প. বাংলা ভাষার উৎপত্তি হয়েছে– [গ ২০-২১]
ক পালি হতে খ মাগধী-প্রাকৃত হতে
গ হিন্দি হতে ঘ সংস্কৃত হতে
উ: খ

ফ. প্রত্যেক ভাষার মৌলিক অংশ কয়টি? [E ইউনিট ২০১৬-১৭]
ক ৩টি খ ৪টি গ ৫টি ঘ ২টি
উ: খ

ব. ভারতীয় আর্যভাষার দ্বিতীয় স্তর কোনটি? [২০০৯-১০]
ক বাংলা খ মাগধী গ সংস্কৃত ঘ হিন্দি
উ: গ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

০১. কোন বাঙালি সর্বপ্রথম মুদ্রনের জন্য বাংলা হরফ তৈরি করেন? [চবি ইউনিট-খ : ১৩-১৪, E-১৫-১৬]
ক পঞ্চানন কর্মকার খ পঞ্চানন সাহা
গ পঞ্চানন দে ঘ পাঞ্চজন্য কর্মকার
উ: ক

০২. কোন ভাষা থেকে বাংলা ভাষার জন্ম? [D : ২১-২২, ঢাবি গ ৯৬-৯৭; রাবি ০৩-০৪]
ক পালি খ সংস্কৃত গ উড়িয়া ঘ বঙ্গকামরূপী
উ: ঘ

০৩. ভাষাশিক্ষার সফলতম পর্যায় কোনটি? [D ১৭-১৮]
ক শোনা খ বলা গ পড়া ঘ লেখা
উ: ঘ

০৪. 'প্রাকৃত' শব্দের ভাষাগত অর্থ কী? [ঙ ১০-১১]
ক মূর্খদের ভাষা খ পণ্ডিতদের ভাষা
গ লেখকদের ভাষা ঘ জনগণের মুখের ভাষা
উ: ঘ

০৫. ভাষার মূল উপাদান কি? [মানবিক ইউনিট (শিফট-০২) ২০২২-২৩]
ক ধ্বনি খ শব্দ গ বাক্য ঘ বর্ণ
উ: ক

০৬. কোনটি সাধুরীতির বৈশিষ্ট্য? [B-২০২০-২১]
ক পরিবর্তনশীল খ তদ্ভব শব্দবহুল
গ তৎসম শব্দবহুল ঘ সহজবোধ্য
উ: গ

০৭. বাংলা ভাষার নিকট আত্মীয় কোনটি? [B-২০২০-২১]
ক উড়িয়া খ পালি
গ সংস্কৃত ঘ ইংরেজি
উ: ক

খুলনা বিশ্ববিদ্যালয়

০১. নিচের কোনটি সহোদর ভাষাগোষ্ঠী? [B ১৯-২০]
(ক) বাংলা ও উর্দু (খ) বাংলা ও অসমিয়া
(গ) বাংলা ও হিন্দি (ঘ) বাংলা ও সংস্কৃত
উ. খ

০২. 'ব্রজবুলি' ভাষাটি কোন কোন ভাষার সংমিশ্রণে গঠিত? [B ১৭-১৮]
(ক) বাংলা ও অসমিয়া (খ) বাংলা ও পালি
(গ) বাংলা ও সংস্কৃত (ঘ) বাংলা ও মৈথিলি
উ. ঘ

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

০১. প্রাচীন আর্য-ভাষা কোনটি? [AL ১৭-১৮]
(ক) পালি (খ) প্রাকৃত
(গ) মাগধী (ঘ) বৈদিক
উ. ক

০২. কোনটি ভাষার মৌলিক অংশ নয়? [ঘ ১৭-১৮]
(ক) ধ্বনি (খ) শব্দ
(গ) পদক্রম (ঘ) অর্থ
উ. গ

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

০১. 'পিজিন ভাষা' কী ধরনের ভাষা? [A ১৯-২০]
(ক) মিশ্রভাষারীতির কৃত্রিম ভাষা (খ) উপভাষা
(গ) ক্রেওল ভাষা (ঘ) লিঙ্গুয়া ফ্রাঙ্কা
উ. ক

০২. ভাষার একক হলো– [A সেট ২, ১২-১৩]
(ক) শব্দ (খ) বর্ণ
(গ) বাক্য (ঘ) ধ্বনি
উ. ঘ

০৩. প্রাকৃত ভাষার শেষ স্তরের নাম কী? [A সেট ২, ১২-১৩]
(ক) মারাঠি (খ) অপভ্রংশ
(গ) অসমিয়া (ঘ) উড়িয়া
উ. খ

ইসলামী বিশ্ববিদ্যালয়

০১. বাংলা ভাষা কোন প্রাকৃত থেকে জাত? [B ১৬-১৭]
(ক) মাগধী (খ) শৌরসেনি
(গ) মহারাষ্ট্রি (ঘ) পৈচেশি
উ. ক

০২. বাংলা ভাষার বিবর্তন প্রক্রিয়ায় নিম্নের কোনটি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে? [H ১৭-১৮]
(ক) সংস্কৃত ভাষা (খ) মাগধী প্রাকৃত
(গ) শৌরসেনি প্রাকৃত (ঘ) মহারাষ্ট্রি প্রাকৃত
উ. খ

০৩. বাংলা অক্ষরের প্রথম নকশা তৈরি করেন– [খ ০৫-০৬]
(ক) ড. মুহম্মদ শহীদুল্লাহ (খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
(গ) উইলিয়াম কেরি (ঘ) চার্লস উইলকিন্স
উ. ঘ

০৪. মানুষের মুখে উচ্চারিত অর্থবোধক ও মনোভাব প্রকাশক ধ্বনিসমষ্টিকে বলে– [ক ১০-১১]
(ক) বর্ণ (খ) শব্দ
(গ) বাক্য (ঘ) ভাষা
উ. ঘ

০৫. দেশ-কাল ও পরিবেশভেদে কীসের পার্থক্য ঘটে- [খ ০৮-০৯]
(ক) ধ্বনির (খ) শব্দের
(গ) অর্থের (ঘ) ভাষার
উ. ঘ

০৬. ভাষার কোন রূপ থেকে বাংলা ভাষার জন্ম? [গ ১১-১২; মাবিপ্রবি খ সেট১ ১৪-১৫]
(ক) আর্য (খ) গ্রোভীয়
(গ) প্রাকৃত (ঘ) পালি
উ. গ

০৭. ভাষা প্রকাশের মাধ্যম কয়টি? [শাপলা ১১-১২]
(ক) ১টি (খ) ২টি
(গ) ৩টি (ঘ) ৪টি
উ. খ

০৮. বাংলা লিপি ও অক্ষরের গঠনকার্য শুরু হয়– [B -১৩-১৪]
(ক) প্রাচীনযুগে (খ) মধ্যযুগে
(গ) সেনযুগে (ঘ) আধুনিক যুগে
উ. গ

০৯. 'অবহট্‌ঠ' কী? [B-১৫-১৬]
(ক) প্রাচীন অপভ্রংশের অপেক্ষাকৃত আধুনিক রূপ (খ) ব্রজবুলির পরিবর্তিত রূপ
(গ) মধ্যযুগের অপভ্রংশের আধুনিক রূপ (ঘ) সান্ধ্য ভাষার বিবর্তিত রূপ
উ. ক

১০. সামাজিকতা বজায় রাখার প্রথম দিক কোনটি? [C ১৬-১৭]
(ক) সাহিত্য (খ) অলংকার
(গ) সংস্কৃতি (ঘ) ভাষা
উ. ঘ

১১. পৃথিবীর আদি ভাষার নাম কী? [C ১৬-১৭]
(ক) ইন্দো-ইরানীয় (খ) ইন্দো-ইউরোপীয়
(গ) ইন্দো-আলবেনীয় (ঘ) ইন্দো-শাভীয়
উ. খ

১২. বাংলা ভাষায় প্রধান কয়টি উপাদান বিদ্যমান? [C ১৬-১৭]
(ক) ৩টি (খ) ৫টি
(গ) ৬টি (ঘ) ৪টি
উ. ক

১৩. বাংলা ভাষার মৌলিক রূপ কয়টি? [খ ২০০৭-০৮]
(ক) ৪টি (খ) ৩টি
(গ) ২টি (ঘ) ১টি
উ. গ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয়

০১. প্রত্যেক ভাষার কয়টি মৌলিক অংশ থাকে? [C ১৮-১৯; জবি ঘ ১০-১১]
(ক) চারটি (খ) পাঁচটি
(গ) ছয়টি (ঘ) সাতটি
উ. ক

০২. 'র' বর্ণটির ব্যবহারে বাংলা ভাষায় কতটি লিপিচিহ্নের অস্তিত্ব পাওয়া যায়? [D ১৭-১৮]
(ক) ১টি (খ) ২টি
(গ) ৩টি (ঘ) ৪টি
উ. ঘ

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস

০১. বাংলা ভাষার উৎপত্তি কোন শতাব্দীতে? [FASS : ২১-২২]
(ক) ৬ষ্ঠ শতাব্দীতে (খ) ৮ম শতাব্দীতে
(গ) ৯ম শতাব্দীতে (ঘ) ৭ম শতাব্দীতে
উ. ঘ

০২. নিচের কোনটি বাংলা ভাষার বিবর্তনের সঠিক ক্রম স্তর? [FASS : ২২-২৩]
(ক) ইন্দো ইউরোপীয় > ইন্দো ইরানীয় > প্রাকৃত > আর্য > বাংলা
(খ) ইন্দো ইউরোপীয় > ইন্দো ইরানীয় > ভারতীয় আর্য > প্রাকৃত > বাংলা
(গ) ইন্দো ইউরোপীয় > ইন্দো ইরানীয় > প্রাকৃত > ভারতীয় আর্য > বাংলা
(ঘ) কোনটিই নয়
উ. খ

বাংলাদেশ মেরিন একাডেমি

০১. ভাষার মূল উপকরণ কী? [মেরিন : ২৩-২৪;Ru-E-17-18,ববি-ঘ-১৪-১৫;ইবি-ক-১০-১১]
(ক) ধ্বনি (খ) বাক্য
(গ) শব্দ (ঘ) বর্ণ
উ. খ

০২. ব্রাহ্মী লিপির কয়টি রূপ দেখা যায়? [A : ২১-২২]
(ক) ৪টি (খ) ৩টি
(গ) ৭টি (ঘ) ৬টি
উ. খ

বিএসসি ইন নার্সিং

০১. ভাষা কী? [২০২৩]
(ক) কণ্ঠের উচ্চারণ (খ) উচ্চারণের প্রতীক
(গ) ভাব প্রকাশের মাধ্যম (ঘ) ধ্বনির সমষ্টি
উ. গ

০২. বাংলাদেশ ছাড়া কোন অঞ্চলের মানুষের সর্বজনীন ভাষা বাংলা? [২০২৩]
(ক) উত্তর প্রদেশ (খ) গুজরাট
(গ) পশ্চিমবঙ্গ (ঘ) আসাম
উ. গ

০৩. দৃষ্টি প্রতিবন্ধী মানুষেরা কোন পদ্ধতিতে লেখাপড়া করে? [২০২২]
(ক) ইশারা পদ্ধতি (খ) শ্রবণ পদ্ধতি
(গ) ব্রেইল পদ্ধতি (ঘ) শব্দ পদ্ধতি
উ. গ

ডিপ্লোমা ইন মিডওয়াইফারি

০১. কীসের ভেদে ভাষার পার্থক্য ও পরিবর্তন ঘটে? [২১-২২]
(ক) দেশ ও কালভেদে (খ) কাল, পরিবেশ ও ব্যক্তিভেদে
(গ) দেশ, কাল ও পরিবেশভেদে (ঘ) দেশ, কাল ও ব্যক্তিভেদে
উ. গ

০২. কোন ভাষা থেকে বাংলা ভাষার জন্ম? [২১-২২]
(ক) পালি (খ) প্রাকৃত
(গ) সংস্কৃত (ঘ) অসমিয়া
উ. খ

CamScanner

BCS পরীক্ষার বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

'ভাষা চিন্তার শুধু বাহনই নয়, চিন্তার প্রসূতিও।' মন্তব্যটি কোন ভাষা-চিন্তকের? [৪৫তম]
ক সুনীতিকুমার চট্টোপাধ্যায় খ মুহম্মদ শহীদুল্লাহ্
গ মুহম্মদ এনামুল খ সুকুমার সেন

...বংশের কোন দুটি শাখা এশিয়ার অন্তর্গত? [৪৩তম বিসিএস] উ: ঘ
ক হিত্তিক ও তুখারিক খ তামিল ও দ্রাবিড়
গ আর্য ও অনার্য ঘ মাগধী ও গৌড়ী

...কোন দেশ বাংলা ভাষাকে তাদের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দিয়েছে? [৪৪তম বিসিএস ২০২২; ৪১তম বিসিএস ২০২১] উ: ক
ক লাইবেরিয়া খ নামিবিয়া
গ হাইতি ঘ সিয়েরা লিওন

...কোন শাসকদের আমলে বাংলাভাষী অঞ্চল "বাঙ্গালা" নামে পরিচিত হয়... [বিসিএস ২০২১]
ক মৌর্য খ গুপ্ত
গ পাল ঘ মুসলিম

০৫. বাংলার আদি অধিবাসীগণ কোন ভাষাভাষী ছিলেন? [৪২তম বিসিএস (বিশেষ) ২০২১] উ: ঘ
ক বাংলা খ সংস্কৃত গ হিন্দি ঘ অস্ট্রিক

০৬. বাঙালি উপভাষা ... কোনটি? [৪২তম বিসিএস (বিশেষ) ২০২১] উ: ঘ
ক ... খ ত্রিপুরা গ পুরুলিয়া ঘ বরিশাল

০৭. বাংলা ভাষার উদ্ভব হয়েছে নিম্নোক্ত একটি ভাষা থেকে– [১৭তম বিসিএস] উ: গ
ক সংস্কৃত খ পালি গ প্রাকৃত ঘ অপভ্রংশ

০৮. ...ভাষার আদি স্তরের স্থিতিকাল কোনটি? [১৪তম বিসিএস (শিক্ষা)] উ: ক
ক ...থেকে চতুর্দশ শতাব্দী খ একাদশ থেকে পঞ্চদশ শতাব্দী
গ ...থেকে ষোড়শ শতাব্দী ঘ ত্রয়োদশ থেকে সপ্তদশ শতাব্দী

০৯. ...মুহম্মদ শহীদুল্লাহ ছিলেন প্রধানত– [১২তম বিসিএস (পুলিশ)] উ: ক
ক ভাষাতত্ত্ববিদ খ সাহিত্যের ইতিহাস রচয়িতা
গ ইসলাম প্রচারক ঘ সমাজ সংস্কারক

নবম-দশম শ্রেণির ব্যা... MCQ প্রশ্নোত্তর

০১. ...র সঙ্গে কোন ইন্দ্রিয়ের সরাসরি সম্পর্ক আছে?
ক চোখ খ কান গ নাক ঘ ...

০২. ...ব্রেইল পদ্ধতি ব্যবহার করে–
ক শ্রবণ প্রতিবন্ধীরা খ দৃষ্টি প্রতিবন্ধীরা
গ মানসিক প্রতিবন্ধীরা ঘ শারীরিক প্রতবন্ধীরা

০৩. বাংলা ভাষায় কথা বলে প্রায়–
ক ১৫ কোটি লোক খ ২০ কোটি লোক
গ ২৫ কোটি লোক ঘ ৩০ কোটি লোক উ: ঘ

০৪. মাতৃভাষী জনসংখ্যার দিক দিয়ে বাংলা পৃথিবীর কততম ভাষা?
ক ৪র্থ খ ৫ম গ ৬ষ্ঠ ঘ ৭ম উ: গ

০৫. নিচের কোনটি ভাষা-পরিবারের নাম নয়?
ক ইন্দো-ইউরোপীয় খ আফ্রিকীয়
গ দ্রাবিড়ীয় ঘ ইন্দো-ইরনীয় উ: ঘ

০৬. ...দ ভাষা হিসেবে স্বীকৃত– উ: ক
ক সংস্কৃত ও পালি খ অহমিয়া ও ওড়িয়া
গ নেপালি ও সিংহলি ঘ হিন্দি ও উর্দু

০৭. বাংলা ভাষার প্রাচীন নমুনা পাওয়া যায়– উ: খ
ক মহাভারতে খ চর্যাপদে
গ ... ঘ মঙ্গলকাব্যে

০৮. বা... লিপি কোনটি? উ: গ
ক ব্রা... খ মণিপুরি
গ বাংলা ঘ কুটিল

০৯. ভারতের কো... র অন্যতম দাপ্তরিক ভাষা বাংলা? উ: গ
ক কেরা... খ ওড়িশা
গ ত্রিপুরা ঘ হরিয়ানা

SELF TEST MCQ

০১. মনের ভাব প্রকাশের প্রধান বাহন কোনটি?
ক চিত্র খ লেখা গ ভাষা ঘ ইঙ্গিত

০২. বাংলা ভাষার উদ্ভব হয়–
ক সপ্তম খ্রিষ্টাব্দে খ সপ্তম খ্রিষ্টপূর্বাব্দে
গ খ্রিষ্টীয় ত্রয়োদশ শতকে ঘ খ্রিষ্টীয় দ্বাদশ শতকে

০৩. নিচের কোন ভাষাটি বাংলা ভাষার নিকট-আত্মীয়–
ক মাগধী খ উর্দু গ হিস্পানি ঘ আরবি

০৪. উপভাষা (Dialect) কোনটি?
ক সাহিত্যের ভাষা খ পাঠ্যপুস্তকের ভাষা
গ অঞ্চল বিশেষের মানুষের মুখের ভাষা ঘ লেখ্য ভাষা

০৫. দেশি ও বিদেশি শব্দের ব্যবহার নেই কোন রীতিতে? [গ ইউনিট ২০২০-২১]
ক প্রমিত লেখা খ প্রমিত কথ্য গ সাধু ভাষা ঘ সমাজ ভাষা

০৬. বাংলাদেশের সংবিধানে বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে ঘোষণা করা হয়েছে। [B ১৪-১৫]
ক প্রথম অনুচ্ছেদে খ দ্বিতীয় অনুচ্ছেদে
গ তৃতীয় অনুচ্ছেদে ঘ চতুর্থ অনুচ্ছেদে

০৭. বাংলা ভাষা কোন প্রাকৃত থেকে জাত? [B ১৬-১৭]
ক মাগধী খ শৌরসেনি গ মহারাষ্ট্রি ঘ পৈশাচি

০৮. বাংলা চলিত রীতিতে কোন শব্দের ব্যবহার বেশি? [D-২০২০-২১]
ক তৎসম খ তদ্ভব
গ অর্ধ-তৎসম ঘ বিদেশি

০৯. মৈথিলি ও বাংলার মিশ্রণে কোন ভাষায় সৃষ্টি হয়েছে? [D ১৬-১৭]
ক প্রাকৃত খ গৌড়ীয়
গ ব্রজবুলি ঘ অপভ্রংশ

১০. বাংলা বর্ণমালা কোন লিপি থেকে এসেছে? [০৬-০৭, ক ১১-১২]
ক তাম্রলিপি খ ব্রাহ্মী লিপি
গ দেবনাগরী ঘ রোমান

OMR

০১.ক খ গ ঘ	০২.ক খ গ ঘ	০৩.ক খ গ ঘ	০৪.ক খ গ ঘ	০৫.ক খ গ ঘ
০৬.ক খ গ ঘ	০৭.ক খ গ ঘ	০৮.ক খ গ ঘ	০৯.ক খ গ ঘ	১০.ক খ গ ঘ

Answer

১০.খ	০৯.গ	০৮.খ	০৭.ক	০৬.গ
০৫.গ	০৪.গ	০৩.ক	০২.ক	০১. গ

SELF TEST লিখিত

প্রশ্ন :

১. ভাষা কাকে বলে? বাংলা ভাষার উদ্ভব ও ক্রমবিকাশের ইতিহাস সংক্ষেপে লেখ।
২. কোন লিপি থেকে বাংলা লিপির উদ্ভব? আলোচনা কর।
৩. দ্বিতীয় ভাষা (Second Language) কাকে বলে?
৪. জর্জ গ্রিয়ার্সনের মতে কোন প্রাকৃত থেকে বাংলা ভাষার উদ্ভব হয়েছে?
৫. ইন্দো-ইউরোপীয় ভাষার কয়টি শাখা?

উত্তর :

০১. আলোচনা অংশ দ্রষ্টব্য।
০২. আলোচনা অংশ দ্রষ্টব্য।
০৩. মাতৃভাষা ছাড়া যেকোনো ভাষাকেই দ্বিতীয় ভাষা বলে। একে বিদেশি ভাষাও বলা হয়। আমাদের দেশে দ্বিতীয় ভাষা হলো মূলত ইংরেজি। ধর্মীয় কারণে অনেকে আরবি, সংস্কৃত, পালি ভাষা শিখি। এগুলোও দ্বিতীয় ভাষা।
০৪. জর্জ গ্রিয়ার্সনের মতে, মাগধী প্রাকৃত থেকে বাংলা ভাষার উদ্ভব হয়েছে।
০৫. ইন্দো-ইউরোপীয় ভাষার শাখা দুইটি।

CamScanner

অধ্যায় ০২

বাংলা ভাষার রীতি ও বিভাজন

Bengali language customs and divisions

বাংলা ভাষারীতি ও বিভাজন

☞ পৃথিবীর বহু উন্নত ভাষার মতো বাংলা ভাষাতেও দু ধরনের ভাষারীতি বিদ্যমান। বাংলা, ইংরেজি, আরবি, হিন্দি প্রভৃতি ভাষার মৌখিক বা কথ্য এবং লৈখিক বা লেখ্য এই দুটি রূপ দেখা যায়। অধিকাংশ ভাষায় অন্তত দুটি রীতি থাকে। যথা : ১. কথ্য ভাষা রীতি ও ২. লেখ্য ভাষা রীতি। বাংলা ভাষায় এসব রীতির একাধিক বিভাজন রয়েছে। যেমন কথ্য ভাষা রীতির মধ্যে রয়েছে আদর্শ কথ্য রীতি ও আঞ্চলিক কথ্য রীতি। আবার লেখ্য ভাষা রীতির মধ্যে রয়েছে প্রমিত রীতি, সাধু রীতি ও কাব্য রীতি। একে একে এসব রীতি সম্পর্কে আলোচনা করা হলো।

☞ **বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি** ২০২১ শিক্ষাবর্ষ নবম-দশম শ্রেণির পাঠ্যপুস্তকরূপে নির্ধারিত বই অনুসারে বাংলা ভাষার রীতির বিভাজন হলো : অধিকাংশ ভাষায় অন্তত দুটি রীতি থাকে। যথা : ০১. কথ্য ভাষা রীতি ও ০২. লেখ্য ভাষা রীতি। কথ্য ভাষা রীতির মধ্যে রয়েছে আদর্শ কথ্য রীতি ও আঞ্চলিক কথ্য রীতি। আবার লেখ্য ভাষা রীতির মধ্যে রয়েছে প্রমিত রীতি, সাধু রীতি ও কাব্য রীতি। নিচে চিত্রের মাধ্যমে দেখানো হলো :



০১. কথ্য ভাষা রীতি :

- কথ্য ভাষা রীতি ভাষার মূল রূপ।
- কথ্য ভাষা রীতির ওপরে ভিত্তি করে লেখ্য ভাষা রীতির রূপ তৈরি হয়।
- স্থান ও কালভেদে ভাষার যে পরিবর্তন ঘটে তা মূলত কথ্য ভাষা রীতির পরিবর্তন।
- কথ্য ভাষা রীতির পরিবর্তনের ফলে নতুন নতুন ভাষা ও উপভাষার জন্ম হয়।

ক. আদর্শ কথ্য রীতি :

- আদর্শ কথ্য রীতি হলো বাঙালি জনগোষ্ঠীর সর্বজনীন কথ্য ভাষা।
- বাংলাদেশ, পশ্চিমবঙ্গ ও ত্রিপুরায় রেডিও-টেলিভিশন প্রচারিত আনুষ্ঠানিক বক্তব্যে, সংবাদ উপস্থাপনায়, সভা-সেমিনারের আলোচনায় ও কবিতা আবৃত্তিতে এই রীতির প্রয়োগ দেখা যায়।
- এই রীতিই প্রমিত লেখ্য রীতির ভিত্তি।
- বক্তার সামাজিক অবস্থান, জীবিকা, শিক্ষা ও সংস্কৃতি ভেদে আদর্শ কথ্য রীতিতে কমবেশি তফাত থাকে।

খ. আঞ্চলিক কথ্য রীতি বা উপভাষা (Dialect) :

- কথ্য রীতির আঞ্চলিক ভেদ সহজে বোঝা যায়। এই আঞ্চলিক ভেদ সাধারণত অঞ্চলের নামে পরিচিতি পায়।
- ভাষার এই আঞ্চলিকতা উপভাষা নামে আখ্যায়িত হয়ে থাকে।
- **বঙ্গালি** উপভাষা হলো ভাষাভাষীর সংখ্যার হিসেব অনুযায়ী বাংলার বড় উপভাষা। আর এ উপভাষার অঞ্চল হলো– বাংলাদেশের মধ্য ও দক্ষিণ অঞ্চল।
- **পূর্বি** উপভাষার অঞ্চল– বাংলাদেশের পূর্ব অঞ্চল, ত্রিপুরা এবং আসামের বরাক অঞ্চল।
- **বরেন্দ্রি** উপভাষার অঞ্চল– বাংলাদেশের উত্তর-পশ্চিম অঞ্চল। অর্থাৎ বাংলাদেশ এবং ভারতের পদ্মা ও মহানন্দা উপত্যকা অঞ্চল জুড়ে বসবাসরত মানুষের মুখের ভাষা। ঐতিহ্যবাহী গম্ভীরা গানে বরেন্দ্রি উপভাষা ব্যবহৃত হয়।
- **কামরূপি** উপভাষা– বিহারের পূর্ব অঞ্চল, পশ্চিমবঙ্গের উত্তর অঞ্চল এবং বাংলাদেশের রংপুর অঞ্চলে ব্যবহৃত হয়। এটি ইন্দো-আর্য পরিবারভুক্ত ভাষা।
- **রাঢ়ি** বাংলা ভাষার একটি উপভাষা। এ ভাষার প্রচলন আছে–পশ্চিমবঙ্গে।
- **ঝাড়খণ্ডি** উপভাষা– পশ্চিমবঙ্গের পশ্চিম অঞ্চল ও ঝাড়খণ্ডের পূর্ব অঞ্চল জুড়ে বিস্তৃত।

☞ **উপভাষার (Dialect) নমুনা :**
ভৌগোলিক ব্যবধান বা অঞ্চল ভেদে ভাষার যে বৈচিত্র্য তা-ই হলো উপভাষা। এ ভাষাকে আঞ্চলিক ভাষাও বলা হয়। নিচে বাংলাদেশের কয়েকটি উপভাষার পরিচয় দেওয়া হলো :

উপভাষিক এলাকা	:	উপভাষার নমুনা
খুলনা-যশোর	:	অ্যাকজন মান্শির দুটো ছাওয়াল ছিল্।
বগুড়া	:	অ্যাকজনের দুই ব্যাটা ছৈল আছিল্।
রংপুর	:	অ্যাকজন ম্যানশের দুইক্না ব্যাটা আছিলো।
ঢাকা	:	অ্যাকজন মানশের দুইডা পোলা আছিলো।
ময়মনসিংহ	:	অ্যাকজনের দুই পুৎ আছিল্।
সিলেট	:	অ্যাক মানুশর দুই পোয়া আছিল্।
চট্টগ্রাম	:	এগুয়া মানশের দুয়া পোয়া আছিল্।
নোয়াখালী	:	অ্যাকজনের দুই হুত আছিল্।

০২. লেখ্য ভাষা রীতি :

- লিখিত বাংলা ভাষার আদি নিদর্শনের নাম 'চর্যাপদ'।
- ব্যবহারিক প্রয়োজনে ক্রমে লেখ্য গদ্য রীতির জন্ম হয়।
- উনিশ শতকের সূচনায় এই গদ্য রীতি সাধু রীতির জন্ম দেয়।
- এই প্রমিত রীতিই লেখ্য বাংলা ভাষার সর্বজনগ্রাহ্য লিখিত রূপ।

ক. কাব্য রীতি :

- বাংলা কাব্য রীতি দুই ভাগে বিভক্ত : পদ্য কাব্য রীতি ও গদ্য কাব্য রীতি।
- পদ্য কাব্য রীতি বাংলা ভাষার সবচেয়ে পুরনো রীতি।
- গঠন বিবেচনায় গদ্য কাব্য রীতির বাক্যও সাধারণ বাক্যের চেয়ে আলাদা হয়ে থাকে।

খ. সাধু রীতি :

- দাপ্তরিক কাজ, সাহিত্য রচনা, যোগাযোগ ও জ্ঞানচর্চার প্রয়োজনে লেখ্য বাংলা ভাষায় সাধু রীতির জন্ম হয়।
- উনিশ শতকের শুরুর দিকে সাধু রীতির বিকাশ ঘটে।
- প্রায় দুই শতাব্দী ধরে সাধু রীতি বাংলা লেখ্য ভাষার আদর্শ রীতি হিসেবে চালু ছিল।

☞ **সাধু রীতির সাধারণ বৈশিষ্ট্য :**

ক. সাধু রীতিতে ক্রিয়ারূপ দীর্ঘতর। যেমন : 'করা' ক্রিয়ার রূপঃ করিতেছে, করিয়াছে, করিল, করিলে, করিলাম, করিত করিতেছিল, করিয়াছিল করিব, করিবে করিতে, করিয়া, করিলে করিবার।

খ. সাধু রীতির বহু সর্বনামে 'হ'– বর্ণ যুক্ত থাকে। যেমন : তাহারা, ইহাদের, যাহা, তাহা, উহা, কেহ ইত্যাদি।

গ. প্রমিত রীতি :

- বিশ শতকের সূচনায় কলকাতার শিক্ষিত লোকের কথ্য ভাষাকে লেখ্য রীতির আদর্শ হিসেবে চালু করার চেষ্টা হয়। এটি তখন চলিত রীতি নামে পরিচিতি পায়।
- এই রীতিতে ক্রিয়া, সর্বনাম, অনুসর্গ প্রভৃতি শ্রেণির শব্দ হ্রস্ব হয় এবং তৎসম শব্দের ব্যবহার অপেক্ষাকৃত কমে।
- একুশ শতকের সূচনা নাগাদ এই চলিত রীতিরই নতুন নাম হয় 'প্রমিত রীতি'। এটি 'মান রীতি' নামেও পরিচিত।

☞ **প্রমিত রীতির সাধারণ বৈশিষ্ট্য :**

ক. প্রমিত রীতিতে ক্রিয়া, সর্বনাম ও অনুসর্গ হ্রস্বতর। যেমন :

ক্রিয়ার ক্ষেত্রে	'করা' ক্রিয়ার রূপ : করছে, করেছে, করল, করলে, করলাম করত, করছিল, করেছিল, করব, করবে, করতে, করে, করার।
সর্বনামের ক্ষেত্রে	তারা, এদের, যা, তা, ও, কেউ ইত্যাদি।
অনুসর্গের ক্ষেত্রে	থেকে, হতে, সঙ্গে ইত্যাদি।

খ. প্রমিত রীতিতে শব্দ ব্যবহার আলোচ্য বিষয়ের উপরে নির্ভরশীল। প্রয়োজন অনুযায়ী সব ধরনের শব্দ ব্যবহার করা যায়। যেমন : তৎসম 'বৎসর'-ও লেখা যায় আবার তদ্ভব 'বছর'-ও লেখা যায়। একইভাবে 'চন্দ্র'-ও লেখা যায়, 'চাঁদ'-ও লেখা যায়।

গ. প্রমিত রীতিতে কথ্য রীতির বহু শব্দ বর্জনীয়। যেমন : 'ধুলো, তুলো, মুলো, পুজো, সবচে' ইত্যাদি না লিখে 'ধুলা, তুলা, মুলা, পূজা, সবচেয়ে' ইত্যাদি লিখতে হয়।

CamScanner

সাধু ও চলিত রীতির পার্থক্য

১। উনিশ শতকের শুরুতে সংস্কৃত অনুসারী পণ্ডিতদের উদ্যোগ ও আয়োজনে যে সাহিত্যিক গদ্য ভাষার উদ্ভব তাই সাধুরীতি। অপরদিকে, বিশ শতকের শুরুতে প্রমথ চৌধুরীর 'সবুজপত্র'র আহ্বানে ভাগীরথী নদীর দুই তীরবর্তী অঞ্চলের মানুষের কথ্য ভাষার ওপর ভিত্তি করে যে সাহিত্যিক গদ্য ভাষা উৎকর্ষ লাভ করে, তা-ই চলিত রীতি।

২। সাধু রীতি গুরুগম্ভীর ও তৎসম শব্দবহুল। কিন্তু চলিত রীতি লঘু, চটুল, হালকা প্রকৃতির ও তদ্ভব, দেশি, বিদেশি শব্দবহুল।

৩। সাধু রীতি কৃত্রিম। কিন্তু চলিত রীতি সকল প্রকার কৃত্রিমতাবর্জিত।

৪। সাধু রীতি অপরিবর্তনীয়। কিন্তু চলিত রীতি পরিবর্তনশীল।

৫। সাধু রীতি সুনির্ধারিত ব্যাকরণের নিয়ম অনুসরণ করে চলে এবং এর পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট। কিন্তু চলিত রীতি সুনির্ধারিত ব্যাকরণের নিয়ম অনুসরণ করে চলে না এবং এর পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট নয়।

৬। সাধু রীতি নাটকের সংলাপ ও বক্তৃতার অনুপযোগী। কিন্তু চলিত রীতি নাটক, বক্তৃতা, আলাপ-আলোচনা ও সংলাপের উপযোগী।

৭। সাধু রীতিতে সর্বনাম ও ক্রিয়াপদের পূর্ণাঙ্গ রূপ ব্যবহৃত হয়। কিন্তু চলিত রীতিতে সর্বনাম ও ক্রিয়াপদের সংক্ষিপ্ত রূপ ব্যবহৃত হয়।

ভাষারীতির রূপান্তর

ক্রিয়াপদের রূপের পার্থক্য :

সাধু	চলিত	সাধু	চলিত
দিতেছে	দিচ্ছে	বাজাইতে থাকিবে	বাজাতে থাকবে
দিতেছিলি	দিচ্ছিলি	লিখিত	লিখ্‌ত
লিখ	লেখ	ফুটিয়া রহিয়াছে	ফুটে রয়েছে
লিখেন	লেখেন	শুন	শোন
যাইতেছিল	যাচ্ছিল	দেখাইতেছিলেন	দেখাচ্ছিলেন

সংযোগমূলক পার্থক্য :

সাধু	চলিত	সাধু	চলিত
দর্শন করিল	দেখল	প্রস্থান করিবে	চলে যাবে
ভোজন করিবে	খাবে	আহ্বান করিল	ডাকল
প্রদর্শন করিল	দেখাল	আরোহণ করিল	উঠল

সর্বনাম পদের রূপের পার্থক্য :

সাধু	চলিত	সাধু	চলিত
সেই সব	সেসব	এইগুলি	এগুলি
ওইটা	ওটা	সকলকে	সবাইকে
মদীয়	আমার	ত্বদীয়	তোমার
তদীয়	তার	ভবদীয়	আপনার
কেহ	কেউ	কাহারও	কারো
যে কোনও	যে কোনো	এইক্ষণ	এখন
যেইক্ষণ	যখন	তাহাতে	তাতে
তাহার/তাঁহার	তার/তাঁর	কাহাকে	কাকে
উহা	ও/ওটা/ওটি	উহাদিগকে	ওদের

শব্দ ব্যবহারে পার্থক্য :

ক. সাধু ভাষার তৎসম শব্দ চলিত ভাষায় তদ্ভব, অর্ধ-তৎসম শব্দে পরিবর্তিত হয়। যেমন :

সাধু	চলিত	সাধু	চলিত
অন্ন	ভাত	মৎস্য	মাছ
দ্বাররক্ষক	দারোয়ান	কপোত	পায়রা
কপোল, গণ্ড	গাল	বাটী	বাড়ি
পক্ষী	পাখি	রাত্রি	রাত
চন্দ্র	চাঁদ	ব্যাঘ্র	বাঘ
চক্র	চাকা	কর্ণ	কান
অপচয়	ক্ষতি	অভিরাম	সুন্দর
তরুণী	যুবতি	মনুষ্য	মানুষ
গতকল্য	গতকাল	কার্য	কাজ
ভিতর	ভেতর	পিছনে, পশ্চাতে	পেছনে
বাতায়ন	জানালা	সর্বোৎকৃষ্ট	সবচেয়ে ভালো
বক্র, বঙ্কিম	বাঁকা	কণ্টক	কাঁটা
প্রত্যয়	বিশ্বাস	অভিপ্রায়, অভিলাষ	ইচ্ছা
শয্যা	বিছানা	দর্পণ	আয়না
বংশী	বাঁশি	মধুকর	মৌমাছি
বক্ষ	বুক	প্রস্তর	পাথর

খ. স্বরসঙ্গতি, অভিশ্রুতি ইত্যাদি ধ্বনি পরিবর্তনের নিয়মের প্রভাবে অনেক সময় বিভিন্ন শব্দ পরিবর্তিত রূপে চলিত ভাষায় ব্যবহৃত হয়। যেমন :

সাধু	চলিত	সাধু	চলিত
রুপা	রুপো	ধূলি	ধুলো
পূজা	পুজো	উনান	উনুন
দেশি	দিশি	বিলাতি	বিলেতি
জালিয়া	জেলে	মাঠুয়া	মেঠো
হিসাব	হিসেব	উঠান	উঠোন
ফলাহার	ফলার	ভিটা	ভিটে
পাথরিয়া	পাথুরে	পাহাড়িয়া	পাহাড়ে

আরো কিছু গুরুত্বপূর্ণ শব্দের সাধু-চলিত রূপ :

সাধু	চলিত	সাধু	চলিত
মস্তক (বিশেষ্য)	মাথা	জুতা (বিশেষ্য)	জুতো
শুষ্ক/শুকনা (বিশেষণ)	শুকনো	পৃষ্ঠ	পিঠ
বন্য (বিশেষণ)	বুনো	আসিয়া (ক্রিয়া)	এসে
পূর্বেই (অব্যয়)	আগেই	সহিত (অব্যয়)	সঙ্গে/সাথে

অব্যয় পদের ব্যবহারে পার্থক্য :

সাধু	চলিত	সাধু	চলিত
তথাপি	তবু	অধিকন্তু	আরও
পানে	দিকে	বরঞ্চ	বরং
যদ্যপি	যদিও	পুনর্বার	আবার
নিমিত্ত	জন্য	কদাচিৎ	কখনো
অনন্তর	তারপর	অদ্যাপি	আজও
ব্যতিরেকে	বিনা	ব্যতীত	ছাড়া
সনে	সঙ্গে		

CamScanner

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. সাধু ও চলিত ভাষার পার্থক্য কোন পদে বেশি পরিলক্ষিত হয়? [গ ১৭-১৮] উ:খ
ক বিশেষণ ও ক্রিয়া খ বিশেষ্য ও বিশেষণ গ বিশেষ্য ও সর্বনাম ঘ ক্রিয়া ও সর্বনাম

০২. চলিত ভাষা ও সাধু ভাষার রূপগত পার্থক্য বাক্যস্থিত কোন পদে? [ঘ ৯৫-৯৬] উ:গ
ক বিশেষ্য ও বিশেষণ খ বিশেষ্য ও ক্রিয়া গ সর্বনাম ও ক্রিয়া ঘ অব্যয় ও ক্রিয়া

০৩. কোন লেখক চলিত ভাষাকে মান ভাষারূপে প্রতিষ্ঠা করার জন্য আন্দোলন করেছিলেন? [ঘ ৯৫-৯৬]
ক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
গ প্রমথ চৌধুরী ঘ বুদ্ধদেব বসু উ:গ

০৪. বাংলা ভাষার সাধু ও চলিত রীতির মিশ্রণজাত ত্রুটিনির্দেশক পারিভাষিক শব্দ কী? [খ ৯৬-৯৭] উ:খ
ক জগাখিচুড়ি খ গুরুচণ্ডালী গ লঘুগুরু ঘ চটুলগম্ভীর

০৫. কোন বক্তব্যটি ঠিক? [ঘ ০৪-০৫]
ক সাধু ভাষায় কেবল তৎসম শব্দই ব্যবহৃত হয়
খ চলিত ভাষায় কোনো তৎসম শব্দ ব্যবহৃত হয় না
গ যে কোনো ধরনের শব্দ সাধু ভাষা ও চলিত ভাষায় ব্যবহৃত হতে পারে
ঘ সাধু ভাষায় দেশি শব্দ ব্যবহৃত হয় না উ:গ

০৬. বাংলা ভাষায় 'গুরুচণ্ডালী' দোষ মানে হলো– [গ ০৬-০৭০]
ক উপমার ভুল প্রয়োগ খ তৎসম শব্দের সঙ্গে দেশি শব্দের প্রয়োগ
গ প্রয়োজনের অতিরিক্ত শব্দের ব্যবহার ঘ বাগ্‌ধারার রদবদল উ:খ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

০১. চলিত রীতির নিয়মে ব্যবহারযোগ্য শব্দ কোনটি? [গ ০৫-০৬]
ক ব্যাঘ্র খ পাওনা গ প্রাপ্য ঘ কূপ উ:খ

০২. সাধু ভাষা ও চলিত ভাষার মূল পার্থক্য– [খ ০৫-০৬, খ ১০-১১]
ক ক্রিয়াপদ ও সর্বনাম পদের রূপে খ তৎসম শব্দের ব্যবহারের তারতম্যে
গ বাক্যের গঠন রীতিতে ঘ আধুনিক ও সেকেলে দৃষ্টিভঙ্গিতে উ:ক

০৩. শিষ্ট চলিত রূপ কোনটি? [ঘ ১১-১২]
ক লবে খ লহ গ বুধিতে ঘ যাকে উ:ঘ

০৪. বাংলা গদ্যের প্রথম যুগে কোন রীতির প্রচলন ছিল? [ক ১২-১৩]
ক মিশ্র রীতি খ কথ্য রীতি গ চলিত রীতি ঘ সাধু রীতি উ:ঘ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

০১. নিচের কোন দুটি লেখ্য ভাষার রূপের নাম? [জ ১১-১২]
ক সাধু ও চলিত খ লেখ্য ও আঞ্চলিক
গ সাধু ও আঞ্চলিক ঘ আঞ্চলিক ও সর্বজনীন উ:ক

০২. সাধু ও চলিত রূপের মধ্যে তুলনামূলক গবেষণা কে করেন? [জ ১১-১২]
ক উইলিয়াম কেরি খ রাজা রামমোহন রায়
গ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ প্রমথ চৌধুরী উ:ঘ

০৩. বাংলা লেখ্যভাষার রূপ কয়টি? [গ, সেট ৮ : ১১-১২]
ক তিনটি খ চারটি গ দুইটি ঘ সাতটি উ:ক

০৪. কোনটি চলিত ভাষার নিজস্ব বিশেষ বৈশিষ্ট্য? [A ১৬-১৭]
ক তৎসম শব্দের বহুলতা খ তদ্ভব শব্দের বহুলতা
গ প্রাচীনতা ঘ অমার্জিততা উ:খ

০৫. 'পার হইয়া' এর চলিত রূপ– [২০০৫-০৬]
ক পেরিয়ে খ পার হয়ে গ পার হইয়্যা ঘ পারিয়ে উ:ক

০৬. 'চকিত হইয়া' এর চলিত রূপ– [২০০৫-০৬]
ক চকিত হয়ে খ চকিত হইয়্যা গ চকিতে ঘ চমকে উ:ঘ

০৭. 'ব্যাপ্ত হইলে' এর চলিত রূপ– [২০০৫-০৬]
ক ব্যাপ্ত হলে খ ব্যাপ্তিলে গ ছড়ালে ঘ ব্যাপ্তি ছড়ালে উ:গ

রাজশাহী বিশ্ববিদ্যালয়

০১. ভাষার কোন রূপ ব্যাকরণ অনুসরণ করে চলে? [A ১৮-১৯]
ক সাধু খ আঞ্চলিক গ চলিত ঘ প্রাকৃত উ:ক

০২. গুরুচণ্ডালী দোষে দুষ্ট শব্দ কোনটি? [A -১৩-১৪]
ক শবপোড়া খ কাজলকালো গ মারামারি ঘ রুমঝুম উ:ক

০৩. বাংলা ভাষার প্রধান দুটি রূপ কী কী? [০৪-০৫]
ক কথ্য ও লেখ্য খ কথ্য ও আঞ্চলিক
গ আঞ্চলিক ও সার্বজনীন ঘ লেখ্য ও আঞ্চলিক উ:ক

০৪. কোনটি সাধু ভাষার অন্যতম বৈশিষ্ট্য? [A ১৩-১৪]
ক ক্রিয়াপদের রূপ পূর্ণাঙ্গ খ বিশেষ্য ও বিশেষণের রূপ পূর্ণাঙ্গ
গ অনুসর্গের রূপ সংক্ষিপ্ত ঘ সর্বনামের রূপ সংক্ষিপ্ত উ:ক

০৫. সাধু ভাষায় কোন শব্দের প্রাধান্য বেশি? [E, Even, সেট ২ : ১৪-১৫] উ:গ
ক বিদেশি খ দেশি গ তদ্ভব ঘ তৎসম

০৬. সাধু ভাষায় কোন কোন পদ অধিকাংশ ক্ষেত্রে বিশেষ রীতি মেনে চলে? [A-১৫-১৬] উ:গ
ক ক্রিয়া ও বিশেষণে খ বিশেষ্য ও ক্রিয়া গ বিশেষ্য ও বিশেষণ ঘ সর্বনাম ও ক্রিয়া

০৭. 'কাটাইনু বহুদিন সুখ পরিহরি'–'পরিহরি' শব্দটির চলিত রূপ: [B : ১৫-১৬] উ:ক
ক ত্যাগ করে খ পরিহার করে গ ভ্রমে ঘ ভুলে গিয়ে

০৮. 'প্রমিত বাংলা ভাষা' বলতে বোঝায়– [B : ১৫-১৬] উ:গ
ক আঞ্চলিক রীতির বাংলা ভাষা খ কথ্য রীতির বাংলা ভাষা
গ চলিত রীতির বাংলা ভাষা ঘ সাধু রীতির বাংলা ভাষা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

০১. কোন অঞ্চলের মৌখিক ভাষাকে ভিত্তি করে চলিত ভাষা গড়ে উঠেছে? [গ ০৯-১০] উ:ক
ক যশোর খ ঢাকা গ কলকাতা ঘ বিহার

০২. নিচের কোন শব্দটি সাধু ভাষায় ব্যবহার্য? [ঙ ০৫-০৬] উ:ক
ক পুজো খ যদ্যপি গ আজ ঘ কাঁটা

০৩. বাংলা চলিত রীতিতে কোন শব্দের ব্যবহার বেশি? [D-২০২০-২১] উ:গ
ক তৎসম খ তদ্ভব গ অর্ধ-তৎসম ঘ বিদেশি

খুলনা বিশ্ববিদ্যালয়

০১. সাধু ও চলিত রীতিতে অভিন্নরূপে ব্যবহৃত হয়– [ঙ ১৯-২০] উ:গ
ক সর্বনাম খ ক্রিয়া গ সম্বোধন পদ ঘ অব্যয়

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

০১. লৈখিক ও মৌখিক ভাষায় মিলিত রূপ হচ্ছে : [ক ১৬-১৭] উ:গ
ক সাধু খ চলিত গ আঞ্চলিক ঘ মিশ্র

০২. চলিত ভাষারীতির বৈশিষ্ট্য : [ক ১৬-১৭] উ:গ
ক গুরুগম্ভীর খ পরিবর্তনশীল গ আভিজাত্যের অধিকারী ঘ কোনোটিই নয়

০৩. উপভাষা এর অন্য নাম কী? [D ১৭-১৮; রাবি C ১৭-১৮] উ:ক
ক দেশীয় ভাষা খ মূল ভাষা গ আঞ্চলিক ভাষা ঘ পরিভাষা

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

০১. চলিত ভাষার প্রবর্তক কে? [C ১৯-২০; জবি ক ১৬-১৭] উ:গ
ক শামসুর রাহমান খ রামমোহন রায় গ প্রমথ চৌধুরী ঘ হুমায়ূন আহমেদ

০২. প্রমিত ভাষার বৈশিষ্ট্য নয় কোনটি? [B ১৬-১৭] উ:গ
ক লিখিত ব্যাকরণ থাকে খ উপভাষা থাকে
গ এ ভাষা শিখতে হয় ঘ সবার বোধগম্য

০৩. সাধু ভাষার রূপ– [B ১৭-১৮] উ:ক
ক গুরুগম্ভীর ও সংস্কৃতানুসারী খ সংস্কৃত শব্দবহুল
গ তদ্ভব শব্দবহুল ঘ সমাসবহুল

০৪. বাংলা ভাষার কোন রীতি সুনির্ধারিত ব্যাকরণের অনুসারী? [C সেট ১, ১২-১৩] উ:ক
ক সাধু রীতি খ চলিত রীতি গ কথ্য রীতি ঘ লেখ্য রীতি

০৫. সাধুরীতির শব্দ কোনটি? [C ১৬-১৭] উ:গ
ক গ্রহ খ গিন্নী গ কলেজ ঘ কেতাব

ইসলামী বিশ্ববিদ্যালয়

০১. কোন ভাষারীতির ধরাবাঁধা একক কোন রীতি নেই? [A ১৭-১৮] উ:গ
ক সাধু ভাষা খ চলিত ভাষা গ আঞ্চলিক ভাষা ঘ সকল ভাষা

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয়

০১. বাংলা ভাষার চলিত রীতির বিশেষ বৈশিষ্ট্য কোনটি? [F -১৩-১৪] উ:খ
ক আভিজাত্য খ পদবিন্যাস সুনির্দিষ্ট
গ কাঠামো অপরিবর্তিত ঘ কৃত্রিমতা বর্জিত

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

বিএসসি ইন নার্সিং

...কোনটি সাধুরীতির ক্রিয়াপদ? [২০২২]
(ক) ... (খ) চলিতেছে (গ) চললাম (ঘ) চলবে উ: (খ)

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ

০১. 'ভাঙ্গাইত' এ সাধু ক্রিয়াপদের চলিত রূপ কী? [ক ১৮-১৯; গ : ১৭-১৮]
(ক) ভাঙত (খ) ভাঙতো (গ) ভাঙতো (ঘ) ভাঙিত উ: (খ)

BCS পরীক্ষার বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

...ও চলিত ভাষার মূল পার্থক্য কোন পদে বেশি দেখা যায়? [৩৯তম বিসিএস]
(ক) বিশেষণ ও ক্রিয়া (খ) বিশেষ্য ও বিশেষণ
(গ) ক্রিয়া ও সর্বনাম (ঘ) বিশেষ্য ও ক্রিয়া উ: (গ)

...শব্দের ব্যবহার কোন রীতিতে বেশি হয়? [২৯তম বিসিএস]
(ক) চলিত রীতি (খ) সাধু রীতি
(গ) মিশ্র রীতি (ঘ) আঞ্চলিক রীতি উ: (খ)

০৩. সাধু ভাষা ও চলিত ভাষার পার্থক্য– [১৬তম বিসিএস]
(ক) বাক্যের সরল ও জটিল রূপে
(খ) শব্দের রূপগত ভিন্নতায়
(গ) তৎসম ও অতৎসম শব্দের ব্যবহারে
(ঘ) ক্রিয়াপদ ও সর্বনাম পদের রূপগত ভিন্নতায় উ: (ঘ)

০৪. সাধু ভাষা সাধারণত কোথায় অনুপযোগী? [১৮তম বিসিএস]
(ক) কবিতায় পংক্তিতে (খ) গানের কলিতে
(গ) গল্পের কলিতে (ঘ) নাটকের সংলাপে উ: (ঘ)

নবম-দশম শ্রেণির ব্যাকরণ বইয়ের অনুশীলনীর MCQ প্রশ্নোত্তর

...লেখ্য ভাষার আদর্শ রীতিকে বলে –
(ক) সাধু রীতি (খ) লেখ্য রীতি (গ) আঞ্চলিক রীতি (ঘ) প্রমিত রীতি উ: (ঘ)

...ভাষায় গদ্য রীতির সূচনা হয় –
(ক) প্রাচীন যুগে (খ) মধ্যযুগে
(গ) উনিশ শতকের শুরুতে (ঘ) বিশ শতকের শুরুতে উ: (গ)

...কোনটি সাধু রীতির ক্রিয়াপদ?
(ক) করিল (খ) করেছে (গ) করত (ঘ) করলাম উ: (ক)

০৪. সাধু রীতির বৈশিষ্ট্য কোনটি?
(ক) ক্রিয়ারূপ দীর্ঘ (খ) বিশেষ্যের আধিক্য
(গ) অনুসর্গ হ্রস্বতর (ঘ) সর্বনাম হ্রস্বতর উ: (ক)

০৫. বাংলাদেশের রংপুর অঞ্চলে কোন উপভাষার ব্যবহার পাওয়া যায়?
(ক) বরেন্দ্রি (খ) রাঢ়ি
(গ) কামরূপি (ঘ) পূর্বি উ: (গ)

SELF TEST MCQ

...কোনটি সাধু রীতির শব্দ?
(ক) ... (খ) হাত (গ) মাথা (ঘ) মস্তক

...রীতি প্রতিষ্ঠায় কোন পত্রিকার নাম স্মরণীয়?
(ক) ... (খ) দিগদর্শন (গ) সন্দেশ (ঘ) সবুজপত্র

...শব্দের শিষ্ট চলিত রূপ–
(ক) ... (খ) আচরণ করে (গ) আচরে (ঘ) আচারী

...ভাষা সাধারণত কোথায় অনুপযোগী?
(ক) কবিতার পঙ্ক্তিতে (খ) গানের কলিতে
(গ) গল্পের বর্ণনায় (ঘ) নাটকের সংলাপে

...ভাষায় সাহিত্যের গাম্ভীর্য ও আভিজাত্য প্রকাশ পায়?
(ক) কথ্য ভাষায় (খ) সাধু ভাষায় (গ) আঞ্চলিক ভাষায় (ঘ) চলিত ভাষায়

...কোন রীতির শব্দ?
(ক) সাধু (খ) চলিত (গ) উভয় রীতির (ঘ) আঞ্চলিক

...শব্দটিতে চলিত রূপ কোনটি?
(ক) ... (খ) বুনো (গ) বনো (ঘ) বন্য

০৮. 'যে কথা একবার জমিয়ে বলা গিয়াছে, তাহার পর তার ফেনাইয়া ব্যাখ্যা করা চলে না।' চলিত ভাষায় এ বাক্যে ভুলের সংখ্যা কয়টি?
(ক) ২ (খ) ৩ (গ) ৪ (ঘ) ৫

০৯. 'তিনি হাঁটিতে হাঁটিতে ভাবিতেছিলেন, শুধুমাত্র মণিষী-বাক্যেই তো জীবন্মৃত যুব সমাজের কল্যাণ বহিয়া আনিতে যথেষ্ট নহে।' চলিত রীতিতে লেখা বাক্যটিতে ভুলের সংখ্যা–
(ক) সাত (খ) নয় (গ) আট (ঘ) দশ

১০. 'একদা মরণ-সমুদ্রের বেলাভূমিতে দাঁড়াইয়া কোন এক আরবীয় সাধন বলিয়াছিলেন' এ বাক্যাংশটি কোন রীতিতে লিখিত?
(ক) চলিত রীতি (খ) সাধু রীতি (গ) মিশ্র রীতি (ঘ) বিদেশি রীতি

OMR				
০১.ⓚⓚⓖⓖ ক খ গ ঘ	০২. ক খ গ ঘ	০৩. ক খ গ ঘ	০৪. ক খ গ ঘ	০৫. ক খ গ ঘ
০৬. ক খ গ ঘ	০৭. ক খ গ ঘ	০৮. ক খ গ ঘ	০৯. ক খ গ ঘ	১০. ক খ গ ঘ

Answer									
১০.খ	০৯.খ	০৮.খ	০৭.খ	০৬.ক	০৫.খ	০৪.ঘ	০৩.খ	০২.ঘ	০১.ঘ

SELF TEST লিখিত

প্রশ্ন :

১. বাংলা ভাষার রূপ ও রীতি কয়টি এবং কী কী? উদাহরণসহ লেখ।
২. সাধু ও চলিত রীতির মৌলিক পার্থক্যগুলো লেখ।
৩. পৃথিবীর প্রায় সব ভাষারই কয়টি রূপ দেখা যায়?
৪. সাধু ভাষার জনক কে?
৫. কে সর্বপ্রথম সাধু ভাষার ব্যবহার করেন?
৬. নিচের চলিত রীতির গদ্যাংশটি শুদ্ধ করে লেখ :
ছাত্র-ছাত্রীদের বানান ভুলের মহড়া আজকাল বেশ বিব্রতকর হয়ে উঠিতেছে। শান্তনা, কথোপকথন, দূরবীন, দৌরাত্য ইত্যাদি বানানও দেদার ভুল হচ্ছে। শুধু বানান ভুল নয়, দুর্ভাগ্যজনকভাবে বাক্য গঠনে ব্যাকরণগত বিষয়ে তাহাদের অসচেতনতা লক্ষনীয়। তারা যেমন যৌগিক ও জটিল বাক্যের বিন্যাস করতে ভুল করে, তেমনি বাক্যসমূহের মধ্যে যথাযথ সংযোগ স্থাপনেরও অশুদ্ধতা দেখা যায়। বস্তুতঃ এসব রপ্ত করা ঠিক গোঁফখেজুরে লোকের ব্যাপার নয় রীতিমত সাধন করে হাত পাকাইতে হয়।

উত্তর :

০১. আলোচনা অংশ দ্রষ্টব্য।
০২. আলোচনা অংশ দ্রষ্টব্য।
০৩. দুটি। যথা : ক. মৌখিক বা কথ্য খ. লৈখিক বা লেখ্য।
০৪. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।
০৫. রাজা রামমোহন রায়।
০৬. নিচের চলিত রীতির গদ্যাংশটির শুদ্ধ রূপ :
ছাত্র-ছাত্রীদের বানান ভুলের মহড়া আজকাল বেশ বিব্রতকর হয়ে উঠছে। সান্ত্বনা, কথোপকথন, দূরবিন, দৌরাত্ম্য ইত্যাদি বানানও দেদার ভুল হচ্ছে। শুধু বানান ভুল নয়, দুর্ভাগ্যক্রমে বাক্য গঠনে ব্যাকরণগত বিষয়ে তাদের অসচেতনতা লক্ষণীয়। তারা যেমন যৌগিক ও জটিল বাক্যের বিন্যাস করতে ভুল করে, তেমনি বাক্যসমূহের মধ্যে যথাযথ সংযোগ স্থাপনেরও অশুদ্ধতা দেখা যায়। বস্তুত এসব রপ্ত করা ঠিক গোঁফখেজুরে লোকের ব্যাপার নয় রীতিমত সাধন করে হাত পাকাতে হয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

অধ্যায় ০৩ বাংলা ব্যাকরণ Bangla Grammar

ব্যাকরণের সংজ্ঞা ও কাজ

- **ব্যাকরণ :** যে শাস্ত্রে কোনো ভাষার বিভিন্ন উপাদানের প্রকৃতি ও স্বরূপের বিচার বিশ্লেষণ করা হয় এবং বিভিন্ন উপাদানের সম্পর্ক নির্ণয় ও প্রয়োগবিধি বিশদভাবে আলোচিত হয়, তাকে ব্যাকরণ বলে।
- **বাংলা ব্যাকরণ :** যে বিদ্যাশিক্ষায় বাংলা ভাষার স্বরূপ ও প্রকৃতি বর্ণনা করা হয়, তাকে বাংলা ব্যাকরণ বলে।



বাংলা ব্যাকরণের আলোচ্য বিষয়

- **বাংলা ব্যাকরণের আলোচ্য বিষয় :** ভাষা হলো বাক্যের সমষ্টি। বাক্য গঠিত হয় শব্দ দিয়ে। আবার শব্দ তৈরি হয় ধ্বনি দিয়ে। এদিক থেকে ভাষার ক্ষুদ্রতম উপাদান হলো ধ্বনি। প্রত্যেক ভাষারই চারটি মৌলিক অংশ থাকে। যেমন : ১. ধ্বনি (Sound) ২. শব্দ (Word) ৩. বাক্য (Sentence) ও ৪. অর্থ (Meaning)।



প্রথম বাংলা ব্যাকরণ গ্রন্থ

- **প্রথম বাংলা ব্যাকরণ গ্রন্থ :** ১৭৩৪ সালে পর্তুগিজ পাদ্রি মানোএল দা আসসুম্পসাঁও সর্বপ্রথম বাংলা ব্যাকরণ রচনা করেন। পরে ১৭৪৩ সালে পর্তুগালের রাজধানী লিসবন থেকে রোমান হরফে পর্তুগিজ ভাষায় 'ভোকাবুলারিও এম এদিওমা বেনগল্লা-ই পর্তুগিজ' (Vocabulario em Idiomae Bengallae Portuguez) নামে এটি প্রকাশিত হয় (কিন্তু গাজিপুরের ছাপাখানায় রচনা করেন)। এটিতে কেবল রূপতত্ত্ব ও বাক্যতত্ত্ব আলোচিত হয়েছে। ধ্বনিতত্ত্ব আলোচিত হয়নি, তাই এটি সর্বপ্রথম বাংলা ব্যাকরণ কিন্তু পূর্ণাঙ্গ ব্যাকরণ গ্রন্থ নয়। এটি মূলত একটি অভিধান।
- **প্রথম পূর্ণাঙ্গ বাংলা ব্যাকরণ গ্রন্থ :** বাংলা ব্যাকরণের দ্বিতীয় গ্রন্থটি রচনা করেন– ইংরেজ পণ্ডিত নাথানিয়েল ব্রাসি হ্যালহেড (ইংল্যান্ডের অধিবাসী)। তিনি ১৭৭৮ সালে 'A Grammer of the Bengal Language' নামে বাংলা ব্যাকরণ গ্রন্থ রচনা করেন। এ গ্রন্থটি ইংরেজিতে রচিত হলেও এর কিছু উদাহরণ বাংলা হরফে মুদ্রিত হয়। বাংলা টাইপ সহযোগে মুদ্রিত হওয়ায় হ্যালহেডের ব্যাকরণ গ্রন্থটিকেই বাংলা ভাষার প্রথম পূর্ণাঙ্গ ব্যাকরণ গ্রন্থের স্বীকৃতি দেওয়া হয়।
- **বাঙালি কর্তৃক রচিত প্রথম ব্যাকরণ গ্রন্থ :** ১৮০১ সালে উইলিয়াম কেরী এবং বাঙালিদের মধ্যে সর্বপ্রথম রাজা রামমোহন রায় ১৮২৬ সালে ইংরেজি ভাষায় আরো দুটি উল্লেখযোগ্য বাংলা ব্যাকরণ রচনা করেন। রামমোহন রায় ১৮২৬ সালে ইংরেজিতে 'Bengali Grammar in the English Language' নামে একটি ব্যাকরণ গ্রন্থ রচনা করেন। পরে ১৮৩৩ সালে কলিকাতা স্কুল বুক সোসাইটি কর্তৃক 'গৌড়ীয় ব্যাকরণ' নামে বাংলা ভাষায় প্রকাশিত হয়।
- **প্রাচীন ভারতের শ্রেষ্ঠ ব্যাকরণবিদ :** পাণিনি। তাঁর রচিত বিখ্যাত গ্রন্থ 'অষ্টাধ্যায়ী' (খ্রিষ্টপূর্ব ৪০০ অব্দে লেখা)।
- **সংস্কৃত বিখ্যাত কয়েকজন ব্যাকরণবিদ :** পাণিনি, পতঞ্জলি, কাত্যায়ন, যাস্ক।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

বাংলা ব্যাকরণের উল্লেখযোগ্য গ্রন্থ

বাংলা ব্যাকরণের উল্লেখযোগ্য গ্রন্থের নাম নিম্নে উল্লেখ করা হলো :

গ্রন্থের নাম	রচনার ভাষা	রচয়িতা
Vocabulario em Idiomae Bengalla'E Portuguez : Dividido Emdous Partes (অর্থাৎ বাংলা ও পর্তুগিজ ভাষার শব্দকোষ : দুই ভাগে বিভক্ত)	পর্তুগিজ	মানোএল দা আসসুম্পসাঁও
A Grammar of the Bengal Language	ইংরেজি ও বাংলা	নাথানিয়েল ব্রাসি হ্যালহেড
A Grammar of the Bengali Language	ইংরেজি	উইলিয়াম কেরী
A Grammar of the Bengali Language (বাংলা অনুবাদ : গৌড়ীয় ব্যাকরণ)	ইংরেজি	রাজা রামমোহন রায়
Introduction to the Bengali Language	ইংরেজি	রেভারেন্ড ডব্লিউ ইয়েটস
The Bengali Language (বাঙ্গালা ব্যাকরণ)	ইংরেজি (অনূদিত বাংলা)	শ্যামাচরণ সরকার
A Grammar in English And Bengali	ইংরেজি	গঙ্গাকিশোর ভট্টাচার্য
ব্যাকরণ কৌমুদী	বাংলা	ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
কথাবার্তায় বাঙ্গালা ব্যাকরণ	বাংলা	নকুলেশ্বর বিদ্যাভূষণ
বাঙ্গালা ব্যাকরণ	বাংলা	ড. মুহম্মদ শহীদুল্লাহ
ব্যাকরণ মঞ্জরী	বাংলা	ড. মুহম্মদ এনামুল হক
The Origin and Development of the Bengali Language (ODBL) (বাংলা অনুবাদ : বাংলা ভাষার উদ্ভব ও বিকাশের বিস্তৃতি)	ইংরেজি	ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়
ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ	বাংলা	ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়
আধুনিক বাংলা ব্যাকরণ	বাংলা	জগদীশচন্দ্র ঘোষ
অভিনব ব্যাকরণ	বাংলা	কাজী দীন মুহম্মদ ও সুকুমার সেন
বাংলা ভাষার ব্যাকরণ	বাংলা	মুনীর চৌধুরী, মোফাজ্জল হায়দার ও ইব্রাহিম খলিল
বাংলা ভাষা ইতিবৃত্ত	বাংলা	ড. মুহম্মদ শহীদুল্লাহ
বাংলা শব্দতত্ত্ব	বাংলা	রবীন্দ্রনাথ ঠাকুর
বাংলাভাষা পরিচয়	বাংলা	রবীন্দ্রনাথ ঠাকুর
অষ্টাধ্যায়ী	সংস্কৃত	পাণিনি
প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ	বাংলা	অধ্যাপক রফিকুল ইসলাম এবং অধ্যাপক পবিত্র সরকার
ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব	বাংলা	ড. মুহম্মদ আব্দুল হাই
ভাষার ইতিবৃত্ত	বাংলা	সুকুমার সেন
মুগ্ধবোধং ব্যাকরণম	সংস্কৃত	বোপদেব গোস্বামী
বাঙলা ভাষা (প্রথম ও দ্বিতীয় খণ্ড)	বাংলা	হুমায়ুন আজাদ
বাক্যতত্ত্ব	বাংলা	হুমায়ুন আজাদ
তুলনামূলক ও ঐতিহাসিক ভাষাবিজ্ঞান	বাংলা	হুমায়ুন আজাদ
অর্থবিজ্ঞান	বাংলা	হুমায়ুন আজাদ
ভাষাতত্ত্ব ও বাংলা ভাষার ইতিহাস	বাংলা	হেমন্তকুমার সরকার

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. বাংলা ব্যাকরণের প্রাথমিক রূপ প্রকাশিত হয়– [E ২১-২২]
ⓚ ইংরেজি ভাষায় ⓛ পর্তুগিজ ভাষায় ⓜ জার্মান ভাষায় ⓝ ফরাসি ভাষায় **উ(খ)**

০২. গ্রিক ভাষায় 'Grammar' শব্দটির অর্থ কী? [চ ১৯-২০]
ⓚ নিয়মশাস্ত্র ⓛ ব্যাকরণ শাস্ত্র
ⓜ শব্দশাস্ত্র ⓝ ধ্বনিবিন্যাস শাস্ত্র **উ(গ)**

০৩. 'ব্যাকরণ' শব্দের ঠিক অর্থ কোনটি? [গ ৯৪-৯৫, ০০-০১; চবি ঙ ০৩-০৪]
ⓚ বিশেষভাবে বিশ্লেষণ ⓛ বিশেষভাবে বিভাজন
ⓜ বিশেষভাবে পর্যালোচনা ⓝ বিশেষভাবে বিয়োজন **উ(ক)**

০৪. 'বাগ্‌ধারা' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়? [গ ০৪-০৫]
ⓚ রূপতত্ত্ব ⓛ ধ্বনিতত্ত্ব ⓜ ভাষাতত্ত্ব ⓝ বাক্যতত্ত্ব
Note 'বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি' (২০২১) অনুযায়ী 'বাগ্‌ধারা' আলোচিত হয় অর্থতত্ত্বে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

০১. 'ব্যাকরণ' শব্দের বিশ্লেষিত রূপ কোনটি? [খ ১৪-১৫]
ⓚ বি + আ + √কৃ + অপ ⓛ বী + আ + √কৃ + অন
ⓜ বি + আ + √কৃ + অন ⓝ বি + আ + √কৃ + অনচ **উ(গ)**

০২. শব্দ, শব্দের গঠন, বচন, লিঙ্গ ইত্যাদি কোন তত্ত্বের আলোচ্য বিষয়? [ঘ-১৫-১৬]
ⓚ বাক্যতত্ত্ব ⓛ ধ্বনিতত্ত্ব ⓜ রূপতত্ত্ব ⓝ কোনোটিই নয় **উ(গ)**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

০১. রূপতত্ত্বের আলোচ্য বিষয় নয় কোনটি? [B ১৮-১৯]
ⓚ সমাস ⓛ প্রত্যয়
ⓜ সন্ধি ⓝ উপসর্গ **উ(গ)**

০২. 'গৌড়ীয় ব্যাকরণ' কে রচনা করেছেন? [C, ১৮-১৯; রাবি B ১৭-১৮]
ⓚ বিদ্যাসাগর ⓛ রামমোহন রায়
ⓜ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ⓝ মদনমোহন তর্কালঙ্কার **উ(খ)**

০৩. বাংলা ব্যাকরণের আলোচ্য বিষয় নয় কোনটি? [B ১৭-১৮]
ⓚ ভাষাতত্ত্ব ⓛ ধ্বনিতত্ত্ব
ⓜ বাক্যতত্ত্ব ⓝ অর্থতত্ত্ব **উ(ক)**

রাজশাহী বিশ্ববিদ্যালয়

০১. রূপতত্ত্বের অপর নাম কী? [A ১৮-১৯]
ⓚ ধ্বনিতত্ত্ব ⓛ বাক্যতত্ত্ব
ⓜ শব্দতত্ত্ব ⓝ পদক্রম **উ(গ)**

০২. বাংলা ভাষায় রচিত প্রথম বাংলা ব্যাকরণের রচয়িতা কে? [A ১৭-১৮, C ১৭-১৮]
ⓚ রাজা রামমোহন রায় ⓛ নাথানিয়েল ব্রাসি হ্যালহেড
ⓜ রেভারেন্ড জেমস্ কিথ ⓝ সুনীতিকুমার চট্টোপাধ্যায় **উ(খ)**

০৩. বাংলা ব্যাকরণ কত বৎসরের পুরাতন? [০৮-০৯]
ⓚ ১৫০ ⓛ ২৫০
ⓜ ৩০০ ⓝ ৩৫০ **উ(খ)**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

০৪. নিচের কোনটি ব্যাকরণের আলোচ্য বিষয় নয়? [A ১৩-১৪]
ⓚ সাহিত্যতত্ত্ব ⓛ রূপতত্ত্ব
ⓜ ধ্বনিতত্ত্ব ⓝ বাক্যতত্ত্ব — উ: ক

০৫. ভাষার মূল উপাদান হলো– [০৮-০৯]
ⓚ ধ্বনি, শব্দ, অক্ষর ⓛ ধ্বনি, অক্ষর, রেখা
ⓜ ধ্বনি, শব্দ, বাক্য ⓝ ধ্বনি, অক্ষর, উচ্চারণ — উ: গ

০৬. কে দার্শনিক-বিচারমূলক ব্যাকরণকে ব্যাকরণের একটি শ্রেণি বলে মনে করেন? [০৯-১০]
ⓚ ড. মুহম্মদ এনামুল হক ⓛ ড. মুহম্মদ শহীদুল্লাহ্
ⓜ ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় ⓝ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর — উ: ক

০৭. শব্দের অর্থযুক্ত ক্ষুদ্রাংশকে কী বলা হয়? [০৯-১০]
ⓚ রূপ ⓛ ধ্বনি
ⓜ সন্ধি ⓝ বর্ণ — উ: ক

০৮. কোন শব্দটি ব্যাকরণের আলোচ্যসূচিতে পড়ে না? [খ ১১-১২]
ⓚ মনস্তত্ত্ব ⓛ ধ্বনিতত্ত্ব
ⓜ রূপতত্ত্ব ⓝ অর্থতত্ত্ব — উ: ক

০৯. সন্ধি ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়? [E ১৪-১৫, F ১২-১৩]
ⓚ পদক্রম ⓛ রূপতত্ত্ব
ⓜ ধ্বনিতত্ত্ব ⓝ বাক্যপ্রকরণ — উ: গ

১০. 'ক্রিয়ার কাল' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়? [A-১৫-১৬]
ⓚ বাক্যতত্ত্ব ⓛ অর্থতত্ত্ব
ⓜ রূপতত্ত্ব ⓝ ধ্বনিতত্ত্ব — উ: গ

১১. বাক্যের একক কী? [C ১৭-১৮]
ⓚ উক্তি ⓛ বিভক্তি
ⓜ শব্দ ⓝ উপসর্গ — উ: গ

১২. 'বচন' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়? [E ১৭-১৮]
ⓚ ধ্বনিতত্ত্ব ⓛ শব্দতত্ত্ব
ⓜ রূপতত্ত্ব ⓝ বাক্যতত্ত্ব
Note : 'বচন' ব্যাকরণের শব্দতত্ত্ব বা রূপতত্ত্বে আলোচিত হয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

০১. ব্যাকরণের মূল আলোচ্য বিষয়– [D : ২১-২২]
ⓚ ২টি ⓛ ৩টি
ⓜ ৪টি ⓝ ৫টি — উ: গ

০২. পাণিনি কে ছিলেন? [ক- ১৩-১৪]
ⓚ ভাষাবিদ ⓛ পরিকল্পনাবিদ
ⓜ ঔপন্যাসিক ⓝ বৈয়াকরণ — উ: ঘ

০৩. 'The Origin and Development of Bengali Language' এর লেখক– [ক-১৩-১৪]
ⓚ ড. দীনেশচন্দ্র সেন ⓛ ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়
ⓜ ড. মুহম্মদ শহীদুল্লাহ্ ⓝ ড. সুকুমার সেন — উ: খ

০৪. ব্যাকরণের কোন অংশে কারক ও সমাস আলোচিত হয়? [জ ০৭-০৮]
ⓚ অর্থতত্ত্বে ⓛ বাক্যতত্ত্বে
ⓜ শব্দতত্ত্বে ⓝ ধ্বনিতত্ত্বে
Note : 'বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি' (২০২১) অনুযায়ী 'কারক' বাক্যতত্ত্বে এবং 'সমাস' শব্দ বা রূপতত্ত্বে আলোচিত হয়।।

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

০১. ব্যাকরণ চর্চার আদিভূমি কোনটি? [AL ১৭-১৮]
ⓚ রোম ⓛ গ্রিস
ⓜ ভারত ⓝ বাংলাদেশ — উ: গ

০২. কোনটি প্রাচীন বাংলা ব্যাকরণ? [ক-১৫-১৬, A set-3 ১৪-১৫]
ⓚ ব্যাকরণ মঞ্জরী ⓛ আধুনিক বাংলা ব্যাকরণ ⓜ গৌড়ীয় ব্যাকরণ ⓝ ব্যাকরণ মঞ্জুষা — উ: গ

০৩. 'ব্যাকরণ' শব্দটি– [ক ১৬-১৭; ঘবিপ্রবি E ১৬-১৭]
ⓚ বাংলা ⓛ সংস্কৃত
ⓜ বিদেশি ⓝ তদ্ভব — উ: গ

০৪. ক্রিয়ামূল, ক্রিয়ার কাল ও পুরুষ ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়? [ঘ ১৬-১৭]
ⓚ বাক্যতত্ত্ব ⓛ ধ্বনিতত্ত্ব ⓜ পদক্রম ⓝ রূপতত্ত্ব — উ: ঘ

ইসলামী বিশ্ববিদ্যালয়

০১. ব্যাকরণের কাজ কী? [গ ০৫-০৬]
ⓚ ভালো লেখক তৈরি করা ⓛ ভাষার অভ্যন্তরীণ শৃঙ্খলা আবিষ্কার করা
ⓜ ভাষার বিশ্লেষণ করা ⓝ শুদ্ধ লিখন তৈরি করা — উ: গ

হাজী মোহাম্মদ দানেশ বি. ও প্র. বিশ্ববিদ্যালয়

০১. 'ব্যাকরণ' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ কী? [E সেট ২ : ১৪-১৫]
ⓚ ভাষার সংবিধান ⓛ গ্রামার ⓜ ভাষা বিষয়ক জ্ঞান ⓝ বিশ্লেষণ — উ: গ

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১. 'বর্ণের বিন্যাস' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়? [E ১৭-১৮]
ⓚ ধ্বনিতত্ত্ব ⓛ শব্দতত্ত্ব ⓜ বাক্যতত্ত্ব ⓝ অর্থতত্ত্ব — উ: ক

০২. নিচের কোনটি ব্যাকরণের পাণিনি ধারা? [D, সেট ১ : ১৪-১৫]
ⓚ শাকতায়নী ⓛ কালাপিক
ⓜ সৌপদ্ম ⓝ লঘু কৌমুদী — উ: খ

০৩. 'Vocabulario Em Idioma Bengalla E Portuguez : Dividio Emduas Parts' বইটি মুদ্রিত হয় কোন হরফে? [D, সেট ১ : ১৪-১৫]
ⓚ রোমান ⓛ ল্যাটিন
ⓜ পর্তুগিজ ⓝ তন্ত্র — উ: খ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১. ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয় নয় কোনটি? [B ১৭-১৮]
ⓚ বর্ণ ⓛ সন্ধি ⓜ প্রত্যয় ⓝ ষ-ত্ব বিধান — উ: গ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয়

০১. 'কারক' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়? [E ১৭-১৮; খুবি S ১৬-১৭]
ⓚ ধ্বনিতত্ত্বে ⓛ রূপতত্ত্বে
ⓜ বাক্যতত্ত্বে ⓝ অর্থতত্ত্বে — উ: গ
Note : 'বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি' (২০২১) অনুযায়ী 'কারক' আলোচিত হয় বাক্যতত্ত্বে।

GST গুচ্ছ বিশ্ববিদ্যালয়

০১. প্রথম বাংলা ব্যাকরণ কোন ভাষায় রচিত? [C : ২৩-২৪; জাবি B ১৪-১৫; জাককানইবি গ ১৬-১৭]
ⓚ বাংলা ⓛ সংস্কৃত ⓜ পর্তুগিজ ⓝ ইংরেজি — উ: গ

BCS পরীক্ষার বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

০১. সর্বপ্রথম বাংলা ভাষার ব্যাকরণ রচনা করেন কে? [৪৫তম বিসিএস]
ⓚ মানোএল দা আসসুম্পসাঁও ⓛ রাজা রামমোহন রায়
ⓜ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ⓝ নাথানিয়েল ব্রাসি হ্যালহেড — উ: ক

০২. ধ্বনিতত্ত্ব ও শব্দতত্ত্বকে বাক্যে যথাযথভাবে ব্যবহার করার বিধানের নামই– [৪১তম]
ⓚ রূপতত্ত্ব ⓛ রূপতত্ত্ব ⓜ বাক্যতত্ত্ব ⓝ ক্রিয়ার কাল — উ: গ

০৩. বাংলা ভাষায় প্রথম ব্যাকরণ রচনা করেন কে? [২৯তম বিসিএস]
ⓚ অক্ষয় দত্ত ⓛ মার্শম্যান
ⓜ ব্রাসি হ্যালহেড ⓝ রাজা রামমোহন — উ: খ

০৪. রাজা রামমোহন রচিত বাংলা ব্যাকরণের নাম কী? [২৭তম বিসিএস]
ⓚ মাগধীয় ব্যাকরণ ⓛ গৌড়ীয় ব্যাকরণ
ⓜ মাতৃভাষা ব্যাকরণ ⓝ ভাষা ও ব্যাকরণ — উ: খ

০৫. কে সর্বপ্রথম বাংলা টাইপ সহযোগে বাংলা ব্যাকরণ মুদ্রণ করেন? [২৬তম বিসিএস]
ⓚ স্যার উইলিয়াম জোনস্ ⓛ স্যার উইলিয়াম কেরি
ⓜ রাজীবলোচন মুখোপাধ্যায় ⓝ ব্রাসি হ্যালহেড — উ: খ

০৬. কোনটি মুহম্মদ এনামুল হকের রচনা? [২৫তম বিসিএস]
ⓚ ভাষার ইতিবৃত্ত ⓛ বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান
ⓜ মনীষা মঞ্জুষা ⓝ আধুনিক ভাষাতত্ত্ব — উ: গ

০৭. নিচের কোনটি থেকে বাংলা ভাষার জন্ম?
ⓚ কেল্টম ⓛ সংস্কৃত
ⓜ পূর্ব ভারতীয় প্রাকৃত ⓝ দ্রাবিড়ীয় — উ: গ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

নবম-দশম শ্রেণির ব্যাকরণ বইয়ের অনুশীলনীর MCQ প্রশ্নোত্তর

ভাষার প্রকৃতি নিয়ে আলোচনা করে–
(ক) বাক্যতত্ত্ব (খ) ব্যাকরণ
(গ) অর্থতত্ত্ব (ঘ) রূপতত্ত্ব
উ: (খ)

বাংলা ব্যাকরণ প্রথম প্রকাশিত হয় কত খ্রিষ্টাব্দে?
(ক) ১৫৫৩ (খ) ১৭৪৩
(গ) ১৭৭৮ (ঘ) ১৯৪৮
উ: (খ)

ইংরেজি ভাষায় লেখা প্রথম বাংলা ব্যাকরণের রচয়িতা কে?
(ক) উইলিয়াম কেরি (খ) রামমোহন রায়
(গ) হরপ্রসাদ শাস্ত্রী (ঘ) নাথানিয়েল ব্রাসি হ্যালহেড
উ: (ঘ)

'গৌড়ীয় ব্যাকরণ'-এর রচয়িতা কে?
(ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (খ) সুনীতিকুমার চট্টোপাধ্যায়
(গ) উইলিয়াম কেরি (ঘ) রামমোহন রায়
উ: (ঘ)

ভাষার ক্ষুদ্রতম উপাদান –
(ক) ধ্বনি (খ) অক্ষর
(গ) শব্দ (ঘ) বাক্য
উ: (ক)

০৬. 'বাগ্‌যন্ত্র' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?
(ক) ধ্বনিতত্ত্ব (খ) রূপতত্ত্ব
(গ) অর্থতত্ত্ব (ঘ) বাক্যতত্ত্ব
উ: (ক)

০৭. শব্দের অর্থ ও অর্থবৈচিত্র্য নিয়ে আলোচনা করে –
(ক) ধ্বনিতত্ত্ব (খ) রূপতত্ত্ব
(গ) অর্থতত্ত্ব (ঘ) বাক্যতত্ত্ব
উ: (গ)

০৮. নিচের কোনটি রূপতত্ত্বের আলোচ্য বিষয়?
(ক) শব্দগঠন (খ) প্রতিশব্দ
(গ) অক্ষর (ঘ) কারক
উ: (ক)

০৯. বাচ্য ও উক্তি ব্যাকরণের কোন শাখায় আলোচিত হয়?
(ক) অর্থতত্ত্ব (খ) রূপতত্ত্ব
(গ) ধ্বনিতত্ত্ব (ঘ) বাক্যতত্ত্ব
উ: (ঘ)

১০. শব্দগঠন নিয়ে আলোচনা করা হয় –
(ক) ধ্বনিতত্ত্বে (খ) রূপতত্ত্বে
(গ) অর্থতত্ত্বে (ঘ) বাক্যতত্ত্বে
উ: (খ)

SELF TEST MCQ

১. বাংলা ভাষায় 'ব্যাকরণ' শব্দটি এসেছে–
(ক) গ্রিক থেকে (খ) সংস্কৃত থেকে
(গ) ভারতীয় থেকে (ঘ) প্রাকৃত থেকে

২. ব্যাকরণকে বলা হয় ভাষার–
(ক) নিয়মের বই (খ) আইনের বই
(গ) সংবিধান (ঘ) স্বাভাবিক প্রকাশ

৩. 'আবেগ শব্দ' আলোচিত হয়?
(ক) ধ্বনিতত্ত্বে (খ) অর্থতত্ত্বে
(গ) রূপতত্ত্বে (ঘ) বাক্যতত্ত্বে

৪. নাথানিয়েল ব্রাসি হ্যালহেড রচিত A Grammar of the Bengal Language গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?
(ক) ১৭৭৮ (খ) ১৭৭৭
(গ) ১৮৭৮ (ঘ) ১৬৭৮

৫. বাংলা ভাষার ব্যাকরণ প্রথম প্রকাশিত হয় কোথা থেকে?
(ক) হুগলি (খ) ঢাকা
(গ) লিসবন (ঘ) অক্সফোর্ড

৬. A grammar of the Bengal Language গ্রন্থটি প্রকাশিত হয় কোথা থেকে?
(ক) ঢাকা (খ) লিসবন
(গ) হুগলি (ঘ) পাকিস্তান

০৭. কে সর্বপ্রথম বাংলা টাইপ সহযোগে বাংলা ব্যাকরণ মুদ্রণ করেন?
(ক) উইলিয়াম জোনস (খ) উইলিয়াম কেরি
(গ) রাজীব লোচন (ঘ) এন. বি হ্যালহেড

০৮. ব্যাকরণ পাঠের প্রয়োজনীয়তা কী?
(ক) চরিত্রবান হওয়া যায় (খ) মানুষকে রুচিশীল করে
(গ) ভাষার কাল নির্ণয় করা যায় (ঘ) ভাষায় নৈপুণ্য অর্জন করা যায়

০৯. ভাষার প্রকৃতি নিয়ে আলোচনা করে–
(ক) বাক্যতত্ত্ব (খ) ব্যাকরণ
(গ) অর্থতত্ত্ব (ঘ) রূপতত্ত্ব

১০. ব্যাকরণ শব্দের বিশ্লেষিত রূপ কোনটি?
(ক) বি + আ + √কৃ + অন (খ) বি + আ + √কৃ + অপ
(গ) বী + আ + √কৃ + অন (ঘ) বি + আ + √কৃ + অনট

OMR				
০১.ক খ গ ঘ	০২.ক খ গ ঘ	০৩.ক খ গ ঘ	০৪.ক খ গ ঘ	০৫.ক খ গ ঘ
০৬.ক খ গ ঘ	০৭.ক খ গ ঘ	০৮.ক খ গ ঘ	০৯.ক খ গ ঘ	১০.ক খ গ ঘ

Answer									
১০.ক	০৯.খ	০৮.ঘ	০৭.ঘ	০৬.গ	০৫.গ	০৪.ক	০৩.গ	০২.গ	০১.খ

SELF TEST লিখিত

প্রশ্ন :

০১. 'ভাষা-প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ' গ্রন্থটির রচয়িতা কে?
০২. বাংলা একাডেমি থেকে প্রকাশিত বাংলা ব্যাকরণ গ্রন্থটির নাম কী?
০৩. পৃথিবীর অন্যতম প্রাচীন ব্যাকরণবিদের নাম কী?
০৪. বাঙালি কর্তৃক রচিত প্রথম ব্যাকরণ গ্রন্থের নাম কী?
০৫. বাংলা ব্যাকরণের আলোচ্য বিষয় কয়টি ও কী কী? আলোচনা কর।

উত্তর :

০১. 'ভাষা-প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ' গ্রন্থটির রচয়িতা ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়।
০২. প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ।
০৩. পৃথিবীর অন্যতম প্রাচীন ব্যাকরণবিদ পাণিনি।
০৪. গৌড়ীয় ব্যাকরণ (১৮৩৩)।
০৫. আলোচনা অংশ দ্রষ্টব্য ।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

অধ্যায় ০৪ বাগ্‌যন্ত্র, ধ্বনি ও বর্ণ প্রকরণ

বাগ্‌যন্ত্র (Speech Organ)

ধ্বনি উচ্চারণ করতে যেসব প্রত্যঙ্গ কাজে লাগে, সেগুলোকে একত্রে বাগ্‌যন্ত্র বলে। মানবদেহের উপরিভাগে অবস্থিত ফুসফুস থেকে শুরু করে ঠোঁট পর্যন্ত ধ্বনি উৎপাদনে ব্যবহৃত প্রতিটি প্রত্যঙ্গই বাগ্‌যন্ত্রের অন্তর্ভুক্ত। মানবদেহের যেসব প্রত্যঙ্গ ধ্বনির উচ্চারণের সঙ্গে যুক্ত সেগুলিকে বাগ্‌যন্ত্র বা বাকপ্রত্যঙ্গ (Speech Organ/Vocal Organ) বলে। বাগ্‌যন্ত্রের বিভিন্ন অংশ নিচের ছবিতে দেখানো হলো এবং এগুলোর সংক্ষিপ্ত পরিচয় পর্যায়ক্রমে তুলে ধরা হলো।



চিত্র : বাগ্‌যন্ত্রের বিভিন্ন প্রত্যঙ্গ

- **মধ্যচ্ছদা :** বক্ষগহ্বরের পিছনে আছে মেরুদণ্ড; আর সামনের দিকে আছে পাঁজর ও বুকের হাড়। বক্ষগহ্বরের একবারে নিচে রয়েছে গম্বুজাকৃতির একটি পেশি পর্দা। এর নাম মধ্যচ্ছদা। পাকস্থলী থেকে বক্ষগহ্বরকে মধ্যচ্ছদা বিচ্ছিন্ন করেছে। বাগ্‌ধ্বনি উচ্চারণ করার সময়ে মধ্যচ্ছদাকে উপরে উঠিয়ে ফুসফুস থেকে বাতাস মুখগহ্বরের ভিতর দিয়ে প্রবাহিত করা হয়।
- **ফুসফুস :** বক্ষগহ্বরের ভিতরে হৃদযন্ত্রের দুপাশে অবস্থিত এবং স্পঞ্জের মতো সংকোচন ও প্রসারণশীল প্রত্যঙ্গ হলো ফুসফুস। ধ্বনি সৃষ্টিকারী বায়ুপ্রবাহের উৎস ফুসফুস। ফুসফুস শ্বাস গ্রহণ ও ত্যাগ করে। মূলত শ্বাস ত্যাগের মাধ্যমে ধ্বনি উৎপন্ন হয়।
- **শ্বাসনালি :** ফুসফুস থেকে বাতাস শ্বাসনালি হয়ে মুখবিবর ও নাসারন্ধ্র দিয়ে বের হয়ে আসে।
- **গলবিল :** জিভের গোড়া থেকে ফুসফুস পর্যন্ত প্রসারিত নলের মতো প্রত্যঙ্গটি হচ্ছে গলবিল। শ্বাসনালির সঙ্গে এ অংশ যুক্ত।
- **নাসিকা :** মুখগহ্বরের পাশাপাশি নাসিকা বা নাকের ছিদ্র দিয়ে বাতাস বের হয়েও ধ্বনি উৎপন্ন হয়।
- **স্বরযন্ত্র :** শ্বাসনালির উপরের অংশে স্বরযন্ত্রের অবস্থান। মেরুদণ্ডের ৪, ৫ ও ৬ নং কশেরুকার পাশে থাকা এই অংশটি নলের মতো। বাতাস স্বরযন্ত্রের মধ্য দিয়ে বেরিয়ে আসে বলে ধ্বনির সৃষ্টি হয়। অধিজিহ্বা, স্বররন্ধ্র, ধ্বনিদ্বার ইত্যাদি স্বরযন্ত্রের অংশ।
- **ধ্বনিদ্বার ও স্বররন্ধ্র :** স্বরযন্ত্রের মধ্যেই ধ্বনিদ্বারের (Vocal folds) অবস্থান। ধ্বনি উৎপাদনে ধ্বনিদ্বারের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। ধ্বনিদ্বারের অনুরণন মাত্রার উপর স্বরগ্রামের উচ্চতা (pitch) নির্ভর করে।
- **অধিজিহ্বা :** স্বরযন্ত্র যে উপাস্থি দিয়ে ঢাকা থাকে তা-ই অধিজিহ্বা। এর অবস্থান জিভের পিছনে। অধিজিহ্বার মুখ্য কাজ খাদ্য গ্রহণকালে স্বরযন্ত্রে ও শ্বাসনালিতে খাদ্যের প্রবেশ রোধ করা।
- **জিভ :** মুখগহ্বরের নিচের অংশে জিভের অবস্থান। বাগ্‌যন্ত্রের মধ্যে জিভ সবচেয়ে সক্ষম ও সক্রিয় প্রত্যঙ্গ। জিভের উচ্চতা অনুযায়ী, সম্মুখ-পশ্চাৎ অবস্থান অনুযায়ী এবং মুখগহ্বরের বিভিন্ন অংশের সঙ্গে জিভের স্পর্শের প্রকৃতি অনুযায়ী ধ্বনির বৈচিত্র্য তৈরি হয়।
- **আলজিভ :** মুখগহ্বরের কোমল তালুর পিছনে ঝুলন্ত মাংসপিণ্ডের নাম আলজিভ (uvula)। ধ্বনি উচ্চারণের সময়ে কোমল তালুর সঙ্গে আলজিভ নিচে নেমে গেলে বাতাস মুখ দিয়ে পুরোপুরি বের না হয়ে খানিকটা নাক দিয়ে বের হয়। বাংলা নাসিক্য ব্যঞ্জনধ্বনির উচ্চারণে আলজিভ সহায়তা করে মাত্র। এর বাইরে আলজিভের সক্রিয় কোনো ভূমিকা নেই।
- **তালু :** মুখবিবরের ছাদকে বলা হয় তালু। তালুর দুটি অংশ- কোমল তালু ও শক্ত তালু। অনুনাসিক স্বরধ্বনি উচ্চারণে কোমল তালু নিচে নামে। কোমল তালু ও জিভমূলের স্পর্শে কণ্ঠ্যধ্বনি উচ্চারিত হয়। দন্তমূলের শুরু থেকে কোমল তালু পর্যন্ত বিস্তৃত অংশকে বলা হয় শক্ততালু।
- **মূর্ধা :** শক্ত তালু ও উপরের পাটির দাঁতের মধ্যবর্তী উত্তল অংশকে মূর্ধা বলে। জিভের কোনো ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে জিভ মূর্ধাকে স্পর্শ করে।
- **দন্তমূল ও দন্ত :** দাঁতের গোড়ার নাম দন্তমূল। উপরের পাটির দন্তমূল ও দাঁতের সঙ্গে জিভের স্পর্শে বেশ কিছু ধ্বনি উৎপন্ন হয়।
- **চোয়াল :** মুখের যে অংশের সঙ্গে দাঁতের পাটি যুক্ত থাকে, সে অংশের নাম চোয়াল। উপরের চোয়াল নিষ্ক্রিয়, কিন্তু নিচের চোয়াল সক্রিয়; তা সামনে পিছনে, ডানে ও বামে সঞ্চালন করা যায়। চোয়াল থেকে কোনো ধ্বনি উচ্চারিত হয় না। কিন্তু চোয়ালের গতিশীলতা ছাড়া স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনির উচ্চারণ সম্ভব নয়। বাকপ্রত্যঙ্গ হিসেবে তাই চোয়ালের গুরুত্ব কম নয়।
- **ওষ্ঠ :** বাক্‌প্রত্যঙ্গের সবচেয়ে বাইরের অংশের নাম ওষ্ঠ বা ঠোঁট। ওষ্ঠের মুখের ফাঁকের কম-বেশির ভিত্তিতে স্বরধ্বনিকে সংবৃত ও বিবৃত এই দুই ভাগে ভাগ করা যায়। এছাড়া ব্যঞ্জনধ্বনি উচ্চারণ করতে ওষ্ঠ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

ধ্বনি ও বর্ণ

- ভাষার ক্ষুদ্রতম এককে ধ্বনি বলে। ব্যাকরণে শুধু মানুষের মুখনিঃসৃত অর্থবোধক আওয়াজকেই 'ধ্বনি' বলে।
- বাংলা ভাষায় ৩৭টি মৌলিক ধ্বনি রয়েছে। এই ধ্বনিগুলোকে দুই ভাগে ভাগ করা হয়। যথা : স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনি।
- মৌলিক স্বরধ্বনি ৭টি। যথা : [ই], [এ], [অ্যা], [আ], [অ], [ও], [উ]।
- মৌলিক ব্যঞ্জনধ্বনি ৩০টি। যথা : [প্], [ফ], [ব্], [ভ], [ত], [থ্], [দ], [ধ্], [ট্], [ঠ্], [ড্], [ঢ], [চ], [ছ], [জ], [ঝ], [ক], [খ্], [গ্], [ঘ্], [ম্], [ন্], [ঙ], [স্], [শ্], [হ্], [ল্], [র্], [ড়্], [ঢ়্]। এখানে তৃতীয় বন্ধনী দিয়ে ধ্বনি বা উচ্চারণ নির্দেশ করা হয়েছে।
- যেসব ধ্বনি উচ্চারণের সময়ে বায়ু মুখগহ্বরের কোথাও বাধা পায় না, সেগুলোকে স্বরধ্বনি বলে।
- যেসব ধ্বনি উচ্চারণের সময়ে বায়ু মুখের বাইরে বের হওয়ার আগে বাকপ্রত্যঙ্গের বিভিন্ন জায়গায় বাধা পায়, সেগুলোকে ব্যঞ্জনধ্বনি বলে।
- ধ্বনির প্রতীককে বলা হয় বর্ণ। এই বর্ণ কানে শোনার বিষয়কে চোখে দেখার বিষয়ে পরিণত করে।
- ভাষার সবগুলো বর্ণকে একত্রে বলা হয় বর্ণমালা।
- ধ্বনির বিভাজন অনুযায়ী বর্ণমালাকে দুই ভাগে ভাগ করা হয়।
- স্বরধ্বনির প্রতীক স্বরবর্ণ। ব্যঞ্জনধ্বনির প্রতীক ব্যঞ্জনবর্ণ।
- বাংলা বর্ণমালায় মূল বর্ণের সংখ্যা ৫০টি। তবে মূল বর্ণের পাশাপাশি বাংলা বর্ণমালায় রয়েছে নানা ধরনের কারবর্ণ, অনুবর্ণ, যুক্তবর্ণ ও সংখ্যাবর্ণ।
- মূল বর্ণগুলো স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণে বিভক্ত।
- স্বরবর্ণ : অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ = ১১টি
- ব্যঞ্জনবর্ণ : ক খ গ ঘ ঙ চ ছ জ ঝ ঞ ট ঠ ড ঢ ণ
  ত থ দ ধ ন প ফ ব ভ ম য র ল
  শ ষ স হ ড় ঢ় য় ৎ ং ঃ ঁ = ৩৯টি।
- কারবর্ণ : স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে 'কার' বলে। বাংলা বর্ণমালায় 'কার' চিহ্ন ১০টি। যথা : া, ি, ী, ু, ূ, ৃ, ে, ৈ, ো, ৌ। কারবর্ণের স্বতন্ত্র ব্যবহার নেই। এগুলো ব্যঞ্জনবর্ণের আগে, পরে, উপরে, নিচে বা উভয় দিকে যুক্ত হয়।
- কোনো ব্যঞ্জনের সঙ্গে কারবর্ণ বা হসচিহ্ন না থাকলে ব্যঞ্জনটির সঙ্গে একটি 'অ' যুক্ত আছে বলে ধরে নেওয়া হয়।
- নিলীন বর্ণ : 'অ' বর্ণটিকে 'নিলীন' বর্ণ বলা হয়। কারণ 'অ' স্বরবর্ণটির কোনো 'কার' বা সংক্ষিপ্ত রূপ নেই।

অনুবর্ণ : বাংলা বর্ণমালায় চিহ্ন রূপে মাত্র অনুবর্ণ। অনুবর্ণের মধ্যে রয়েছে ফলা, রেফ ও কারচিহ্ন।

ফলা : ব্যঞ্জনবর্ণের কিছু সংক্ষিপ্ত রূপ অন্য ব্যঞ্জনের নিচে অথবা ডান পাশে যুক্ত থাকে, তখন তাকে ফলা বলে, যেমন : য-ফলা (্য), ব-ফলা (্ব), র-ফলা (্র), ল-ফলা (্ল), ন-ফলা (্ন), ম-ফলা (্ম)।

রেফ : র-এর একটি অনুবর্ণ রেফ (র্)।

সংক্ষেপক : যুক্তবর্ণ লিখতে অনেক সময়ে বর্ণকে সংক্ষেপ করার প্রয়োজন হয়। এগুলো সংক্ষেপক। যেমন : ... ইত্যাদি। এছাড়া ৎ বর্ণটি ত-এর একটি সংক্ষেপক, যা বাংলা বর্ণমালায় স্বতন্ত্র বর্ণ হিসেবে স্বীকৃত।

সংখ্যাবর্ণ : বাংলা ভাষায় সংখ্যা নির্দেশের জন্য দশটি সংখ্যাবর্ণ রয়েছে। যথা : ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ০।

অক্ষর : এক প্রয়াসে উচ্চারিত ধ্বনি বা ধ্বনিসমষ্টিকে বলা হয় অক্ষর। স্বরধ্বনি বা স্বরধ্বনির সহযোগে উচ্চারিত শব্দ বা শব্দাংশই অক্ষর। যেমন : সকাল = স + কাল। এখানে ২টি অক্ষর আছে।

অক্ষর দুই প্রকার। যেমন :

১. মুক্ত অক্ষর বা মুক্তাক্ষর (Opened Syllable)

২. বদ্ধ অক্ষর বা রুদ্ধাক্ষর (Closed Syllable)

১. মুক্ত অক্ষর বা মুক্তাক্ষর : যে অক্ষরের শেষে স্বরধ্বনি উচ্চারিত হয় তাকে মুক্ত বা মুক্তাক্ষর বলে। যেমন : ছেলে = ছে + লে। এখানে দুটো অক্ষরের প্রত্যেকটির শেষে স্বরধ্বনি আছে।

২. বদ্ধাক্ষর বা রুদ্ধাক্ষর : যে অক্ষরের শেষে স্বরধ্বনি উচ্চারিত হয় না, তাকে বদ্ধাক্ষর বা রুদ্ধাক্ষর বলে। যেমন : বক = ব + ক। এখানে শেষের অক্ষরের স্বরধ্বনি উচ্চারিত হয়নি।

৩. অক্ষর ও বর্ণের মধ্যে পার্থক্য : অক্ষর নিয়ে অনেকের মধ্যে বিভ্রান্তি কাজ করে। আমরা অনেকেই মনে করি, বর্ণ ও অক্ষর এক জিনিস নয়। প্রকৃতপক্ষে, বর্ণ ও অক্ষর এক জিনিস নয়। অক্ষর হচ্ছে শব্দের স্বতন্ত্র প্রয়াসে উচ্চারিত ধ্বনি। আর বর্ণ হচ্ছে ধ্বনির লিখিত রূপ বা ধ্বনি নির্দেশক চিহ্ন বা প্রতীক। যেমন 'সকাল' শব্দটির ক্ষেত্রে যদি অক্ষর বিভাজন করি তাহলে 'সকাল' শব্দটির অক্ষর হচ্ছে (স + কাল) ২ টি। আর 'সকাল' শব্দটির বর্ণ হলো : স + অ + ক + আ + ল। অর্থাৎ একাধিক বর্ণ অক্ষর নয়।

মাত্রা : বাংলা বর্ণমালায় যে যে বর্ণের উপরে 'রেখা' বা 'কষি' দেওয়া হয়, তাই মাত্রা।

৪. বর্ণের মাত্রাবিষয়ক তথ্য :

বিষয়	স্বরবর্ণ	ব্যঞ্জনবর্ণ	সংখ্যা
বর্ণের সংখ্যা	১১টি	৩৯টি	৫০টি
পূর্ণমাত্রার বর্ণ	৬টি	২৬টি	৩২টি
অর্ধমাত্রার বর্ণ	১টি (ঋ)	৭টি	৮টি
মাত্রাহীন বর্ণ	৪টি (এ, ঐ, ও, ঔ)	৬টি (ঙ, ঞ, ৎ, ং, ঃ, ঁ)	১০টি

স্বরধ্বনি (Vowel)

যেসব ধ্বনি উচ্চারণের সময়ে বায়ু মুখগহ্বরের কোথাও বাধা পায় না, সেগুলোকে স্বরধ্বনি বলে।

উচ্চারণের সময়ে জিভের উচ্চতা অনুযায়ী, জিভের সম্মুখ-পশ্চাৎ অবস্থান অনুযায়ী এবং ঠোঁটের উন্মুক্তি অনুযায়ী স্বরধ্বনিকে ভাগ করা হয়। নিচের ছক থেকে স্বরধ্বনির এই উচ্চারণ-বিভাজন সম্পর্কে ধারণা পাওয়া যাবে :

জিভের উচ্চতা	জিভের অবস্থান			ঠোঁটের উন্মুক্তি
	সম্মুখ ওষ্ঠাধর প্রসৃত	মধ্য বা কেন্দ্রীয় ওষ্ঠাধর বিবৃত	পশ্চাৎ ওষ্ঠাধর গোলাকৃত	
উচ্চ	ই, ঈ		উ, ঊ	সংবৃত
উচ্চমধ্য	এ		ও	অর্ধ-সংবৃত
নিম্নমধ্য	অ্যা		অ	অর্ধ-বিবৃত
নিম্ন		আ		বিবৃত

[সূত্র : বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি : নবম-দশম শ্রেণি]

উচ্চারণের সময়ে জিভ কতটা উপরে ওঠে বা কতটা নিচে নামে সেই অনুযায়ী স্বরধ্বনি চার ভাগে বিভক্ত। যথা : উচ্চ স্বরধ্বনি [ই], [উ]; উচ্চ-মধ্য স্বরধ্বনি [এ], [ও]; নিম্ন-মধ্য স্বরধ্বনি [অ্যা], [অ]; নিম্ন স্বরধ্বনি [আ]। উচ্চ স্বরধ্বনি উচ্চারণের সময়ে জিভ উপরে ওঠে। নিম্ন স্বরধ্বনি উচ্চারণের সময়ে জিভ নিচে নামে।

জিভের সম্মুখ-পশ্চাৎ অবস্থান অনুযায়ী স্বরধ্বনি তিন ভাগে বিভক্ত। যথা : সম্মুখ স্বরধ্বনি [ই], [এ], [অ্যা]; মধ্য স্বরধ্বনি [আ]; পশ্চাৎ স্বরধ্বনি [অ], [ও], [উ]। সম্মুখ স্বরধ্বনির বেলায় জিভ সামনের দিকে উঁচু বা নিচু হয়; পশ্চাৎ স্বরধ্বনির বেলায় জিভ পিছনের দিকে উঁচু বা নিচু হয়।

স্বরধ্বনি উচ্চারণের সময়ে ঠোঁট কতটুকু খোলা বা বন্ধ থাকে অর্থাৎ কী পরিমাণ উন্মুক্ত হয়, তার ভিত্তিতে স্বরধ্বনি চার ভাগে বিভক্ত। যথা : সংবৃত [ই], [উ]; অর্ধ-সংবৃত [এ], [ও]; অর্ধ-বিবৃত [অ্যা] [অ]; বিবৃত [আ]। সংবৃত স্বরধ্বনি উচ্চারণের সময়ে ঠোঁট কম খোলে, বিবৃত স্বরধ্বনি উচ্চারণের সময়ে ঠোঁট বেশি খোলে।

অনুনাসিক স্বরধ্বনি :

মৌলিক স্বরধ্বনিগুলো উচ্চারণের সময়ে বায়ু শুধু মুখ দিয়ে বেরিয়ে আসে। এ সময়ে কোমল তালু স্বাভাবিক অবস্থায় থাকে। কিন্তু ধ্বনিগুলো উচ্চারণের সময়ে কোমল তালু কিছুটা নিচে নেমে গেলে কিছুটা বায়ু নাক দিয়েও বের হয়। এর ফলে ধ্বনিগুলো অনুনাসিক হয়ে যায়। স্বরধ্বনির এই অনুনাসিকতা বোঝাতে বাংলা স্বরবর্ণের উপরে চন্দ্রবিন্দু (ঁ) ব্যবহৃত হয়ে থাকে।

মৌলিক স্বরধ্বনি : [ই], [এ], [অ্যা], [আ], [অ], [ও], [উ]

অনুনাসিক স্বরধ্বনি : [ইঁ], [এঁ], [অ্যাঁ], [আঁ], [অঁ], [ওঁ], [উঁ]

- **দীর্ঘস্বর :** যেসব স্বরধ্বনি উচ্চারণে সময় বেশি লাগে তাকে দীর্ঘ স্বরধ্বনি বলে। দীর্ঘ স্বরধ্বনি ৭টি। যথা : আ, ঈ, ঊ, এ, ঐ, ও, ঔ।
- **হ্রস্ব স্বর :** যেসব স্বরধ্বনি উচ্চারণে সময় কম লাগে তাকে হ্রস্ব স্বরধ্বনি বলে। হ্রস্বস্বর ৪টি। যথা : অ, ই, উ, ঋ।
- **অর্ধস্বরধ্বনি :**

যেসব স্বরধ্বনি পুরোপুরি উচ্চারিত হয় না সেগুলোকে অর্ধস্বরধ্বনি বলে। বাংলা ভাষায় অর্ধস্বরধ্বনি চারটি। যথা : [ই̯], [উ̯], [এ̯] এবং [ও̯]। স্বরধ্বনি উচ্চারণ করার সময়ে টেনে দীর্ঘ করা যায়, কিন্তু অর্ধস্বরধ্বনিকে কোনোভাবেই দীর্ঘ করা যায় না। যেমন : 'ভাই' শব্দে দুটি স্বরধ্বনি আছে: [আ] এবং [ই̯]। এখানে [আ] হলো পূর্ণ স্বরধ্বনি, [ই̯] হলো অর্ধস্বরধ্বনি। একইভাবে 'লাউ' শব্দে দুটি স্বরধ্বনি আছে। যেমন : [আ] এবং [উ̯]। এখানে [আ] হলো পূর্ণ স্বরধ্বনি, [উ̯] হলো অর্ধস্বরধ্বনি।

- **দ্বিস্বরধ্বনি :**

পূর্ণ স্বরধ্বনি ও অর্ধস্বরধ্বনি একত্রে উচ্চারিত হলে দ্বিস্বরধ্বনি হয়। যেমন : 'লাউ' শব্দের [আ] পূর্ণ স্বরধ্বনি এবং [উ̯] অর্ধস্বরধ্বনি মিলে দ্বিস্বরধ্বনি [আউ̯] তৈরি হয়েছে।

দ্বিস্বরধ্বনির কিছু উদাহরণ :

[আই̯]: ভাই, নাই	[এই̯]: সেই, নেই	[আও̯]: যাও, পাও
[আএ̯]: খায়, যায়	[উই̯]: দুই, রুই	[অএ̯]: নয়, হয়
[ওউ̯]: মৌ, বউ	[ওই̯]: কৈ, দই	[এউ̯]: কেউ, ঢেউ

- বাংলা বর্ণমালায় দুটি দ্বিস্বরধ্বনির জন্য আলাদা বর্ণ নির্ধারিত আছে। যথা : ঐ এবং ঔ। ঐ-এর মধ্যে দুটি ধ্বনি আছে, একটি পূর্ণ স্বরধ্বনি [ও] এবং একটি অর্ধস্বরধ্বনি [ই̯]। একইভাবে ঔ-এর মধ্যে রয়েছে একটি পূর্ণ স্বরধ্বনি [ও] এবং একটি অর্ধস্বরধ্বনি [উ̯]। অর্থাৎ বাংলা বর্ণমালায় যৌগিক স্বরজ্ঞাপক বর্ণ দুটি। যথা : i. ঐ (ও + ই) এবং ii. ঔ (ও + উ)
- বাংলা ভাষায় যৌগিক স্বরধ্বনির সংখ্যা– পঁচিশটি। [সূত্র : 'ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ' – সুনীতিকুমার চট্টোপাধ্যায়।] এর মধ্যে ২৩টির বর্ণরূপ নেই।
- **যৌগিক স্বরের ভিন্ন নাম :** যৌগিক স্বরধ্বনির ভিন্ন নাম আছে। যেমন : দ্বিস্বর, সন্ধিস্বর, দ্বৈতস্বর, সন্ধ্যক্ষর, মিশ্র স্বরধ্বনি ও সংযুক্ত স্বরধ্বনি।

৫. ছকের সাহায্যে স্বরবর্ণের প্রকারভেদ দেখানো হলো :

বর্ণ/স্বরের নাম	সংখ্যা	স্বরবর্ণ
মৌলিক স্বর	৭টি	অ, আ, ই, উ, এ, ও, অ্যা
যৌগিক স্বরজ্ঞাপক	২টি	ঐ (ও + ই), ঔ (ও + উ)
দীর্ঘ স্বর	৭টি	আ, ঈ, ঊ, এ, ঐ, ও, ঔ
হ্রস্ব স্বর	৪টি	অ, ই, উ, ঋ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
CamScanner

ব্যঞ্জনধ্বনি

- যেসব ধ্বনি উচ্চারণের সময়ে বায়ু মুখের বাইরে বের হওয়ার আগে বাক্প্রত্যঙ্গের বিভিন্ন জায়গায় বাধা পায়, সেগুলোকে ব্যঞ্জনধ্বনি বলে।
- উচ্চারণের স্থান ও প্রকৃতি এবং ধ্বনির কম্পন ও বায়ুপ্রবাহ বিবেচনায় ব্যঞ্জনধ্বনিকে অন্তত চার ধরনে ভাগ করা যায়। যথা :
  ১. উচ্চারণস্থান অনুযায়ী বিভাজন
  ২. উচ্চারণের প্রকৃতি অনুযায়ী বিভাজন
  ৩. ধ্বনির কম্পনমাত্রা অনুযায়ী বিভাজন এবং
  ৪. ধ্বনি সৃষ্টিতে বায়ুর প্রবাহের মাত্রা অনুযায়ী বিভাজন।

০১. উচ্চারণস্থান অনুযায়ী বিভাজন

বাক্প্রত্যঙ্গের ঠিক যে জায়গায় বায়ু বাধা পেয়ে ব্যঞ্জনধ্বনি সৃষ্টি করে সেই জায়গাটি হলো ঐ ব্যঞ্জনের উচ্চারণস্থান। উচ্চারণস্থান অনুযায়ী ব্যঞ্জনধ্বনিকে কয়েকটি ভাগে ভাগ করা হয়। যথা :

১. ওষ্ঠ্য ব্যঞ্জন ২. দন্ত্য ব্যঞ্জন ৩. দন্তমূলীয় ব্যঞ্জন
৪. মূর্ধন্য ব্যঞ্জন ৫. তালব্য ব্যঞ্জন ৬. কণ্ঠ্য ব্যঞ্জন
৭. কণ্ঠনালীয় ব্যঞ্জন।

- ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে কোন বাক্প্রত্যঙ্গের অংশগ্রহণ মুখ্য এবং কোন বাক্প্রত্যঙ্গের অংশগ্রহণ গৌণ, তা নিচের সারণিতে দেখানো হলো :

ধ্বনি	মুখ্য বাক্প্রত্যঙ্গ	গৌণ বাক্প্রত্যঙ্গ
ওষ্ঠ্য ব্যঞ্জন	নিচের ঠোঁট	উপরের ঠোঁট
দন্ত্য ব্যঞ্জন	জিভের ডগা	উপরের পাটির দাঁত
দন্তমূলীয় ব্যঞ্জন	জিভের ডগা	দন্তমূল
মূর্ধন্য ব্যঞ্জন	জিভের ডগা	দন্তমূলের পিছনের উঁচু অংশ (মূর্ধা)
তালব্য ব্যঞ্জন	জিভের সামনের অংশ	শক্ত তালু
কণ্ঠ্য ব্যঞ্জন	জিভের পেছনের অংশ	নরম তালু
কণ্ঠনালীয় ব্যঞ্জন	ধ্বনিদ্বারের দুটি পাল্লা	ধ্বনিদ্বার

ব্যঞ্জনধ্বনি উচ্চারণে বাক্প্রত্যঙ্গের সক্রিয়তা

- **কণ্ঠ্য ব্যঞ্জন :**
  যেসব ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে জিভের পিছনের অংশ উঁচু হয়ে আলজিভের কাছাকাছি নরম তালুর কাছে বায়ুপথে বাধা সৃষ্টি করে, সেগুলোকে কণ্ঠ্য ব্যঞ্জন বলে। কাকা, খালু, গাধা, ঘাস, কাঙাল প্রভৃতি শব্দের ক, খ, গ, ঘ, ঙ কণ্ঠ্য ব্যঞ্জনধ্বনির উদাহরণ।
- **কণ্ঠনালীয় ব্যঞ্জন :**
  কণ্ঠনালীয় ব্যঞ্জন উচ্চারণের সময়ে ধ্বনিদ্বার থেকে বায়ু কণ্ঠনালি হয়ে সরাসরি বের হয়ে আসে। হাতি শব্দের হ কণ্ঠনালীয় ব্যঞ্জনধ্বনির উদাহরণ।
- **মূর্ধন্য ব্যঞ্জন বা পশ্চাৎ দন্তমূল :**
  দন্তমূল এবং তালুর মাঝখানে যে উঁচু অংশ থাকে তার নাম মূর্ধা। যেসব ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে জিভের ডগা মূর্ধার সঙ্গে লেগে বায়ুপথে বাধা সৃষ্টি করে, সেগুলোকে মূর্ধন্য ব্যঞ্জন বলে। টাকা, ঠেলাগাড়ি, ডাকাত, ঢোল, গাড়ি, মূঢ় প্রভৃতি শব্দের ট, ঠ, ড, ঢ, ড়, ঢ় মূর্ধন্য ব্যঞ্জনধ্বনির উদাহরণ।
- **তালব্য ব্যঞ্জন :**
  যেসব ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে জিভের ডগা খানিকটা প্রসারিত হয়ে শক্ত তালুর কাছে বায়ুপথে বাধা সৃষ্টি করে, সেগুলোকে তালব্য ব্যঞ্জন বলে। চাচা, ছাগল, জাল, ঝড়, শসা প্রভৃতি শব্দের চ, ছ, জ, ঝ, শ তালব্য ব্যঞ্জনধ্বনির উদাহরণ। চ, ছ, জ, ঝ এই চারটি বর্ণকে ঘৃষ্ট বর্ণও বলে।
- **ওষ্ঠ্য ব্যঞ্জন :**
  যেসব ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে ঠোঁট দুটি কাছাকাছি এসে বায়ুপথে বাধা সৃষ্টি করে, সেগুলোকে ওষ্ঠ্য ব্যঞ্জন বলে। এগুলো দ্বি-ওষ্ঠ্য ধ্বনি নামেও পরিচিত। পাকা, ফল, বাবা, ভাই, মা প্রভৃতি শব্দের প, ফ, ব, ভ, ম ওষ্ঠ্য ব্যঞ্জনধ্বনির উদাহরণ।
- **দন্ত্য ব্যঞ্জন :**
  যেসব ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে জিভের ডগা উপরের পাটির দাঁতে লেগে বায়ুপথে বাধা সৃষ্টি করে, সেগুলোকে দন্ত্য ব্যঞ্জন বলে। তাল, থালা, দাদা, ধান প্রভৃতি শব্দের ত, থ, দ, ধ দন্ত্য ব্যঞ্জনধ্বনির উদাহরণ।
- **দন্তমূলীয় ব্যঞ্জন :**
  যেসব ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে জিভের ডগা উপরের পাটির দাঁতের গোড়ার সঙ্গে লেগে বায়ুপথে বাধা সৃষ্টি করে, সেগুলোকে দন্তমূলীয় ব্যঞ্জন বলে। নানা, রাত, লাল, সালাম প্রভৃতি শব্দের ন, র, ল, স দন্তমূলীয় ব্যঞ্জনধ্বনির উদাহরণ।

০২. উচ্চারণের প্রকৃতি অনুযায়ী বিভাজন

ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে ঠোঁট, জিভ, জিভমূল ইত্যাদি বাক্প্রত্যঙ্গের আকৃতির পরিবর্তন হয়। এতে বায়ুপথে সৃষ্ট বাধার ধরন আলাদা হয়ে উচ্চারণের প্রকৃতি বদলে যায়। উচ্চারণের এই প্রকৃতি অনুযায়ী ব্যঞ্জনধ্বনিকে কয়েকটি ভাগে ভাগ করা যায়। যথা : স্পৃষ্ট ব্যঞ্জন, নাসিক্য ব্যঞ্জন, উষ্ম ব্যঞ্জন, পার্শ্বিক ব্যঞ্জন, কম্পিত ব্যঞ্জন, তাড়িত ব্যঞ্জন ইত্যাদি।

- **স্পৃষ্ট ব্যঞ্জন :** যেসব ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে দুটি বাক্প্রত্যঙ্গ পরস্পরের সংস্পর্শে এসে বায়ুপথে বাধা তৈরি করে, সেগুলোকে স্পৃষ্ট ব্যঞ্জন বলে। এগুলো স্পর্শ ব্যঞ্জনধ্বনি নামেও পরিচিত। পথ, তল, টক, চর, কল শব্দের প, ত, ট, চ, ক স্পৃষ্ট ব্যঞ্জনধ্বনি। উচ্চারণস্থান অনুযায়ী এগুলোকে ওষ্ঠ স্পৃষ্ট, দন্ত স্পৃষ্ট, মূর্ধা স্পৃষ্ট, তালু স্পৃষ্ট এবং কণ্ঠ স্পৃষ্ট– এই পাঁচ ভাগে ভাগ করা যায়। যথা :

কণ্ঠ স্পৃষ্ট : ক, খ, গ, ঘ	তালু স্পৃষ্ট : চ, ছ, জ, ঝ	মূর্ধা স্পৃষ্ট : ট, ঠ, ড, ঢ
ওষ্ঠ স্পৃষ্ট : প, ফ, ব, ভ	দন্ত স্পৃষ্ট : ত, থ, দ, ধ	

- **নাসিক্য ব্যঞ্জন :** যেসব ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে ফুসফুস থেকে আসা বাতাস মুখের মধ্যে প্রথমে বাধা পায় এবং নাক ও মুখ দিয়ে বেরিয়ে যায়, সেসব ধ্বনিকে নাসিক্য ব্যঞ্জন বলে। মা, নতুন, হাঙর প্রভৃতি শব্দের ম, ন, ঙ নাসিক্য ব্যঞ্জনধ্বনি। মুনীর চৌধুরীরর বই অনুসারে নাসিক্য বর্ণ ৫টি। যথা : ঙ, ঞ, ণ, ন, ম। এদেরকে ইংরেজি করলে N বর্ণে লিখতে হয়।
- **উষ্ম ব্যঞ্জন :** যেসব ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে দুটি বাক্প্রত্যঙ্গ কাছাকাছি এসে নিঃসৃত বায়ুতে ঘর্ষণ সৃষ্টি করে, সেগুলোকে উষ্ম ব্যঞ্জন বলে। ঘর্ষণের ফলে উচ্চারিত হওয়ায় শ, ষ, স - কে ঘর্ষণজাত ধ্বনিও বলে। সালাম, শসা, হুঙ্কার প্রভৃতি শব্দের স, শ, হ উষ্ম ধ্বনির উদাহরণ। উচ্চারণস্থান অনুসারে উষ্ম ব্যঞ্জন ধ্বনিগুলোকে দন্তমূলীয় (স), তালব্য (শ) এবং কণ্ঠনালীয় (হ) - এই তিন ভাগে ভাগ করা যায়। এগুলোর মধ্যে স এবং শ-কে আলাদাভাবে শিস ধ্বনিও বলা হয়ে থাকে। কারণ স, শ উচ্চারণে শ্বাস অনেকক্ষণ ধরে রাখা যায় এবং শিসের মতো আওয়াজ হয়।
- **পার্শ্বিক ব্যঞ্জন [ল] :** যে ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে জিভের ডগা দন্তমূল স্পর্শ করে এবং ফুসফুস থেকে আসা বাতাস জিভের দুই পাশ দিয়ে বেরিয়ে যায়, তাকে পার্শ্বিক ব্যঞ্জন বলে। লাল শব্দে 'ল' পার্শ্বিক ব্যঞ্জনধ্বনির উদাহরণ।
- **কম্পিত ব্যঞ্জন [র] :** যে ধ্বনি উচ্চারণের সময়ে জিভ একাধিক বার অতি দ্রুত দন্তমূলকে আঘাত করে বায়ুপথে বাধা সৃষ্টি করে, তাকে কম্পিত ব্যঞ্জন বলে। কর, ভার, হার প্রভৃতি শব্দের 'র' কম্পিত ব্যঞ্জনধ্বনির উদাহরণ।
- **তাড়িত ব্যঞ্জন [ড়, ঢ়] :** যে ধ্বনি উচ্চারণের সময়ে জিভের সামনের অংশ দন্তমূলের একটু উপরে অর্থাৎ মূর্ধায় টোকা দেওয়ার মতো করে একবার ছুঁয়ে যায়, তাকে তাড়িত ব্যঞ্জন বলে। বাড়ি, মূঢ় প্রভৃতি শব্দের ড়, ঢ় তাড়িত ব্যঞ্জনধ্বনির উদাহরণ।

০৩. ধ্বনির কম্পনমাত্রা অনুযায়ী বিভাজন

ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে স্বরযন্ত্রের ধ্বনিদ্বারে বায়ুর কম্পন কমবেশি হওয়ার ভিত্তিতে ব্যঞ্জনধ্বনিকে দুই ভাগে ভাগ করা যায়। যথা : ঘোষ ও অঘোষ।

- **ঘোষ ব্যঞ্জন :** যেসব ধ্বনি উচ্চারণের সময়ে ধ্বনিদ্বারের কম্পন অপেক্ষাকৃত বেশি, সেসব ধ্বনিকে বলা হয় ঘোষধ্বনি। যথা : গ, ঘ, ঙ, জ, ঝ, দ, ধ, ন, ব, ভ, ম, ড, ঢ, র, ল, ড়, ঢ়।
- **অঘোষ ব্যঞ্জন :** যেসব ধ্বনি উচ্চারণের সময়ে ধ্বনিদ্বারের কম্পন অপেক্ষাকৃত কম, সেসব ধ্বনিকে বলা হয় অঘোষধ্বনি। যথা : প, ফ, ত, থ, স, ট, ঠ, চ, ছ, শ, ক, খ।

০৪. ধ্বনি সৃষ্টিতে বায়ুর প্রবাহ অনুযায়ী বিভাজন

ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে বায়ুপ্রবাহের বেগ কমবেশি হওয়ার ভিত্তিতে ব্যঞ্জনধ্বনিকে দুই ভাগে ভাগ করা যায়। যথা : অল্পপ্রাণ ও মহাপ্রাণ।

- **অল্পপ্রাণ ব্যঞ্জন :** সেসব ধ্বনি উচ্চারণের সময়ে ফুসফুস থেকে নির্গত বায়ুপ্রবাহের মাত্রা অপেক্ষাকৃত কম, সেগুলোকে বলা হয় অল্পপ্রাণ ধ্বনি। যেমন : প, ব, ত, দ, স, ট, ড, ড়, চ, জ, শ, ক, গ ইত্যাদি।
- **মহাপ্রাণ ব্যঞ্জন :** সেসব ধ্বনি উচ্চারণের সময়ে ফুসফুস থেকে নির্গত বায়ুপ্রবাহ অপেক্ষাকৃত বেশি, সেগুলোকে বলা হয় মহাপ্রাণ ধ্বনি। যেমন : ফ, ভ, থ, ধ, ঠ, ঢ, ঢ়, ছ, ঝ, খ, ঘ, হ ইত্যাদি।
- **নাসিক্য বর্ণের ভিন্ন নাম :** নাসিক্য বর্ণকে অনুনাসিক বা সানুনাসিকও বলা হয়।
- **খণ্ড-ত (ৎ) :** খণ্ড-ত (ৎ) কে স্বতন্ত্র বর্ণ হিসেবে ধরা হয় না। এটি 'ত' বর্ণের হস্-চিহ্ন যুক্ত 'ত্' এর রূপভেদ মাত্র।
- **পরাশ্রয়ী বর্ণ :** বাংলা বর্ণমালায় পরাশ্রয়ী বর্ণ তিনটি। যথা : ং, ঃ, ঁ। কিন্তু ধ্বনি দুটি। যথা : ং, ঃ।
- **অন্তঃস্থ বর্ণ :** য, র, ল।
- ক থেকে ম পর্যন্ত ২৫টি ধ্বনিকে বর্গীয় ধ্বনি বলে।
- **ক্ষ :** বাংলা অভিধানে ক্ষ-কে ক বর্গের অন্তর্গত ভুক্তি হিসেবে ধরা হয়।

CamScanner

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. 'চ' বর্গের বর্ণসমূহ যে ধরনের ধ্বনি- [ঢাকক্ষা : ২৩-২৪]
ক) কণ্ঠ্য খ) দন্ত্য গ) তালব্য ঘ) মূর্ধন্য উ: গ

০২. সম্ + চয় = সঞ্চয়: এখানে 'ম' রূপান্তরিত হয়ে 'ঞ' হয়েছে। 'চ'-ধ্বনি বলে- [খ ইউনিট ২০২২-২৩]
ক) তালব্য খ) অঘোষ গ) অল্পপ্রাণ ঘ) স্পৃষ্ট উ: ক

০৩. 'ঢ়' একটি — ধ্বনি। [খ ২১-২২]
ক) তরল খ) উষ্ম গ) কম্পনজাত ঘ) তাড়নজাত উ: ঘ

০৪. বাংলা ধ্বনিতত্ত্বে জিহ্বার উচ্চতা অনুসারে প্রথম বাংলা স্বরধ্বনি কোনটি? [গ ২১-২২]
ক) অ খ) আ গ) ই ঘ) ও উ: গ

০৫. নিচের কোন ধ্বনিটি বাংলায় নেই? [ঘ ২১-২২: গ ১৯-২০]
ক) দন্ত্য খ) দন্তৌষ্ঠ্য গ) দন্তমূলীয় ঘ) ওষ্ঠ্য উ: খ

০৬. বাংলা বর্ণমালাভুক্ত 'ঐ' এবং 'ঔ' হচ্ছে- [খ ইউনিট ২০১৮-১৯]
ক) মৌলিক ধ্বনি খ) যৌগিক ধ্বনি গ) যৌগিক বর্ণ ঘ) দ্বিলেখ উ: গ

০৭. বাংলা ভাষার স্বরবর্ণ ও স্বরধ্বনির অনুপাত কত? [ঘ ইউনিট ২০১৮-১৯]
ক) ১১ : ৯ খ) ১১ : ৭ গ) ১১ : ১০ ঘ) ১১ : ৬ উ: খ

০৮. কোনটি একাক্ষর শব্দ? [ঘ ১৭-১৮]
ক) কাকা খ) চাচা গ) ভাই ঘ) বোনাই উ: গ

০৯. জিভের ডগা আর উপর-পাটি দাঁতের সংস্পর্শে উচ্চারিত হয়- [খ ০৫-০৬]
ক) [illegible] খ) জ, ঝ গ) ট, ঠ ঘ) ত, থ উ: ঘ

১০. মূর্ধার শেষাংশ ও জিহ্বার সহযোগে সৃষ্ট ধ্বনি- [ঘ ০৬-০৭]
ক) [illegible] খ) ঝ গ) ঢ ঘ) ভ উ: গ

১১. মহাপ্রাণ ধ্বনি অল্পপ্রাণ ধ্বনির মতো উচ্চারিত হলে, তাকে বলে- [ঘ ১১-১২]
ক) অভিকর্ষ খ) অভিশ্রুতি গ) ক্ষীণায়ন ঘ) বিপ্রকর্ষ উ: গ

১২. কোনটি একাক্ষর শব্দ? [গ ১১-১২]
ক) মামা খ) দিদি গ) জল ঘ) আম্মা উ: গ

১৩. কোনটি যুগ্ম স্বরধ্বনি? [ক-১৩-১৪, ক ০৯-১০; কুবি ক ১৩-১৪]
ক) উ খ) ঋ গ) এ ঘ) ঐ উ: ঘ

১৪. বিসর্গের ধ্বনি কখন শোনা যায়? [খ-১৩-১৪]
ক) সংযোজক অব্যয়ে খ) পদের মধ্যে বিসর্গ থাকলে
গ) বিস্ময়সূচক অব্যয়ে ঘ) বিয়োজক অব্যয়ে উ: গ

১৫. চন্দ্রবিন্দু মূলত কীসের পরিবর্তিত রূপ? [ক-১৫-১৬]
ক) ঘর্ষ বর্ণের খ) বর্গীয় বর্ণের গ) অনুনাসিক ধ্বনির ঘ) সর্বনামের উ: গ

১৬. পাশাপাশি অবস্থিত এবং উচ্চারিত দুটি স্বরের যুক্ত রূপকে বলা হয়- [খ-১৫-১৬]
ক) পরাশ্রয়ী স্বর খ) অর্ধস্বর গ) সন্ধ্যক্ষর ঘ) যুক্তাক্ষর উ: গ

১৭. কোনটি শব্দের উদাহরণ? [ক ইউনিট ২০১৬-১৭]
ক) হ খ) ট গ) খ ঘ) ক্ষ উ: গ

১৮. ধ্বনি নির্দেশক চিহ্নকে বলে- [ক ইউনিট ২০১৫-১৬]
ক) বর্ণ খ) শব্দ গ) উপসর্গ ঘ) অক্ষর উ: ক

১৯. নিচের কোনটি অর্ধস্বরধ্বনি? [ক ইউনিট ২০১০-১১]
ক) ই̯ খ) ঐ̯ গ) ও̯ ঘ) ঔ̯ উ: ক

২০. কোন দুটি বর্ণের উচ্চারণ একই? [গ ইউনিট ২০২০-২১]
ক) স, শ খ) ঞ, ন গ) হ, ঃ ঘ) ত, ৎ উ: ঘ

২১. প্রতি বর্গের দ্বিতীয় ও চতুর্থ বর্ণের উচ্চারণকালে এদের সঙ্গে প্রাণ বা শ্বাস বায়ু বেশি বের হয় বলে এগুলোকে বলা হয় [গ ইউনিট ২০০৯-১০]
ক) নাসিক্য বর্ণ খ) অল্পপ্রাণ বর্ণ গ) দৃষ্ট বর্ণ ঘ) মহাপ্রাণ বর্ণ উ: ঘ

২২. 'বিশ্ববিদ্যালয়' শব্দে কয়টি অক্ষর আছে? [ঘ ইউনিট ২০২০-২১;জবি:০৯-১০]
ক) দুটি খ) সাতটি গ) ছয়টি ঘ) পাঁচটি উ: ঘ

২৩. নিচের কোনটি অর্ধস্বরধ্বনি? [ক ইউনিট ২০১০-১১]
ক) ই̯ খ) ঐ̯ গ) ও̯ ঘ) ঔ̯

Note : বাংলা ভাষায় অর্ধস্বরধ্বনি চারটি। যথা : [ই̯], [উ̯], [এ̯] এবং [ও̯]।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

০১. নিচের কোনটি উষ্ম ধ্বনির উদাহরণ? [জবি ক ইউনিট, সেট-F ২০১৮-১৯]
ক) ড় খ) স গ) ব ঘ) ল উ: খ

০২. কোনটি স্পৃষ্ট ব্যঞ্জন? [জবি, B ইউনিট ২০১৬-১৭]
ক) ম খ) ল গ) শ ঘ) হ উ: ক

০৩. 'ধাঁ' শব্দটিতে কয়টি বর্ণ আছে? [জবি, D ইউনিট ২০১৬-১৭;রাবি-বি;২১-২২]
ক) ১টি খ) ২টি গ) ৩টি ঘ) ৪টি উ: খ

০৪. ব্যঞ্জনবর্ণে অর্ধমাত্রা বিশিষ্ট বর্ণের সংখ্যা কয়টি? [জবি, E ইউনিট ২০১৬-১৭]
ক) ৬টি খ) ৭টি গ) ৮টি ঘ) ৯টি ঙ) ১০টি উ: খ

০৫. ধ্বনি প্রত্যঙ্গ নয়- [খ ০৫-০৬; রাবি ০৯-১০]
ক) মুখ খ) ঠোঁট গ) দাঁত ঘ) কান উ: ঘ

০৬. নিচের কোনটি একাক্ষর শব্দ? [খ ১১-১২]
ক) মামা খ) ঘুম গ) বন্ধ ঘ) জলজ উ: খ

০৭. 'বর্ণ' কীসের প্রতীক? [ক ১১-১২]
ক) ধ্বনি খ) শব্দ গ) অক্ষর ঘ) স্বরবর্ণ উ: ক

০৮. বাতাস কোনো রকম বাধা ছাড়া একইসঙ্গে মুখ ও নাক দিয়ে বেরিয়ে গিয়ে উচ্চারিত বাগ্‌ধ্বনিগুলিকে কী বলে? [খ ১২-১৩]
ক) নাসিক্য ধ্বনি খ) মৌখিক ধ্বনি গ) অনুনাসিক স্বরধ্বনি ঘ) স্পৃষ্ট ধ্বনি উ: গ

০৯. উচ্চারণের একক (Unit)- কে কী বলা হয়? [খ ১২-১৩]
ক) অক্ষর খ) অনুসর্গ গ) উপসর্গ ঘ) ধ্বনি উ: ক

১০. 'মই' কথাটির 'ই'- কে কী বলে? [গ ১২-১৩]
ক) হ্রস্বস্বর খ) অর্ধ-স্বর গ) দ্বিস্বর ঘ) ভগ্নস্বর উ: খ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

০১. নিচের কোনটি অঘোষ ব্যঞ্জন ধ্বনি? [জাবি C ইউনিট ২০২২-২৩]
ক) ল খ) র গ) ণ ঘ) শ উ: ঘ

০২. কোনটি 'দ্বিস্বর'-এর উদাহরণ? [B ২২-২৩]
ক) ই, ঈ খ) এ, ঐ গ) ঐ, ঔ ঘ) উ, ঊ উ: গ

০৩. নিচের কোনটি ঘোষ মহাপ্রাণ ধ্বনি? [D ২২-২৩]
ক) হ খ) শ গ) ষ ঘ) স উ: ক

০৪. অঘোষ মহাপ্রাণ ধ্বনি কোনগুলো? [জাবি গ ইউনিট ২০২০-২১]
ক) ক, গ, চ, জ খ) খ, ছ, থ, ফ গ) ঘ, ঝ, ধ, ভ ঘ) ঙ, ঞ, ণ, ন উ: খ

০৫. কোনটি তালব্য বর্ণ? [B : ২১-২২]
ক) ত খ) জ গ) স ঘ) ক উ: খ

০৬. তালব্য বর্ণ নয় কোনটি? [B : ২১-২২]
ক) ঙ খ) ঞ গ) জ ঘ) চ

Note : তালব্য ধ্বনিগুলো হলো : চ, ছ, জ, ঝ, শ। [সূত্র : 'বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি' নবম-দশম শ্রেণি।]

০৭. নিচের কোনটি তাড়নজাত ধ্বনি? [B : ২১-২২]
ক) ঘ খ) ক গ) ঙ ঘ) ড় উ: ঘ

০৮. নিচের কোনটি দ্বি-স্বরধ্বনি? [B : ২১-২২, চবি E, সেট ২ : ১৪-১৫]
ক) আয় খ) লিলি গ) আম ঘ) আঁশ উ: ক

০৯. 'ড়' এবং 'ঢ়' ধ্বনিগুলোকে বলে- [B : ২১-২২]
ক) নাসিক্য ধ্বনি খ) কম্পনজাত ধ্বনি গ) তাড়নজাত ধ্বনি ঘ) উষ্ম ধ্বনি উ: গ

১০. ধ্বনির প্রতীককে বলা হয়-[C : ২১-২২]
ক) শব্দ খ) বাক্য গ) বর্ণ ঘ) ভাষা উ: গ

১১. কোন বর্ণটির নিজস্ব কোনো ধ্বনি নেই? [C : ২১-২২]
ক) ক্ষ খ) ঞ গ) ৎ ঘ) গ উ: খ

১২. নিচের কোন দুটি যুগ্ম স্বরধ্বনির প্রতীক? [D : ২১-২২]
ক) ই, ঈ খ) উ, ঊ গ) ঐ, ঔ ঘ) অ, আ উ: গ

১৩. পরাশ্রয়ী বর্ণ কয়টি? [D : ২১-২২, ইবি B ১৯-২০]
ক) ২টি খ) ৩টি গ) ৪টি ঘ) ১টি উ: খ

১৪. নিচের কোনটি অল্পপ্রাণ ধ্বনির উদাহরণ নয়? [জাবি ই ইউনিট, সেট-D ২০১৮-১৯]
ক) ন খ) ং গ) ম ঘ) ঠ উ: ঘ

১৫. 'য' এর উচ্চারণ স্থানগত অবস্থান কী? [F ১৮-১৯]
ক) কণ্ঠ খ) মূর্ধা গ) দন্ত্য ঘ) তালব্য উ: ঘ

১৬. কোনগুলি শিশ ধ্বনি? [১৮-১৯; বেরোবি A সেট ২, ১২-১৩]
ক) ঙ, ঞ, ন খ) শ, স, ষ গ) প, ফ, ভ ঘ) য, র, ল উ: খ

১৭. কোনটি ভাষার মৌলিক অংশ নয়? [B ১৭-১৮]
ক) ধ্বনি খ) শব্দ গ) বাক্য ঘ) বর্ণ উ: ঘ

১৮. উষ্ম ধ্বনির উদাহরণ নয় কোনটি? [C, ১৭-১৮]
ক) শ খ) স গ) ভ ঘ) ষ উ: গ

১৯. কোনটি 'উ' স্বরধ্বনির বৈশিষ্ট্য নয়? [C ১৭-১৮]
ক) সম্মুখ স্বরধ্বনি খ) সংবৃত গ) উচ্চ ঘ) গোলাকৃতি উ: ক

২০. কোনটি 'অ্যা' স্বরধ্বনির বৈশিষ্ট্য নয়? [C ১৭-১৮]
ক) সম্মুখ স্বরধ্বনি খ) বিবৃত গ) নিম্নমধ্য ঘ) অগোলাকৃতি উ: খ

২১. কোনটি 'এ' স্বরধ্বনির বৈশিষ্ট্য নয়? [C ১৭-১৮]
ক) সম্মুখ স্বরধ্বনি খ) অর্ধসংবৃত গ) উচ্চমধ্য ঘ) গোলাকৃতি উ: ঘ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

২২. অল্পপ্রাণ ও মহাপ্রাণ ধ্বনির মধ্যে পার্থক্য ঘটে কী কারণে? [C ১৭-১৮]
ক) মুখগহ্বরের পেশির কারণে খ) ধ্বনির বৈশিষ্ট্যের কারণে
গ) ফুসফুসতাড়িত বাতাসের কারণে ঘ) কণ্ঠস্বরের কারণে উ: গ

২৩. নিচের কোন উত্তরটি সঠিক? [জাবি E ইউনিট odd ২০১৪-১৫]
ক) জ-ঘোষবর্ণ অল্পপ্রাণ খ) জ-ঘোষবর্ণ মহাপ্রাণ
গ) ঝ-ঘোষবর্ণ অল্পপ্রাণ ঘ) ঝ- অঘোষবর্ণ মহাপ্রাণ উ: ক

২৪. বাংলা স্বরধ্বনিতে হ্রস্ব স্বরের সংখ্যা কয়টি? [জ ১১-১২]
ক) ২টি খ) ৪টি গ) ৬টি ঘ) ৮টি উ: খ

২৫. কোনটি স্বরান্ত অক্ষর? [গ, সেট ৮ : ১১-১২; গ, সেট ৫ : ১১-১২]
ক) আশা খ) পবন গ) দহন ঘ) মরণ উ: ক

২৬. 'প্রেম' শব্দটিতে কয়টি অক্ষর (syllable) আছে? [গ, সেট ৭ : ১১-১২]
ক) তিনটি খ) একটি গ) দুইটি ঘ) চারটি উ: খ

২৭. একটি ধ্বনিতে কয়টি 'প্রতীক' ব্যবহৃত হয়? [গ, সেট ৬ : ১১-১২]
ক) দুইটি খ) একটি গ) চারটি ঘ) পাঁচটি উ: খ

রাজশাহী বিশ্ববিদ্যালয়

০১. নিচের কোন গুচ্ছ দন্ত্যধ্বনির উদাহরণ? [A : ২৩-২৪]
ক) প,ফ,ব,ভ,ম, খ) ত,থ,দ,ধ,ন
গ) ক,খ,গ,ঘ,ঙ ঘ) চ,ছ,জ,ঝ,ঞ উ: খ

০২. বাংলা ভাষায় অর্ধ-মাত্রার বর্ণ কয়টি? [A : ২৩-২৪; বেরোবি-B-19-20; জাককানইবি : উ ১৮-১৯]
ক) ১১ টি খ) ১০ টি গ) ০৯ টি ঘ) ০৮ টি উ: ঘ

০৩. কোনগুলো ওষ্ঠ্য ব্যঞ্জনধ্বনি? [A : ২৩-২৪]
ক) ক,চ,ট,ত,প খ) প,ফ,ব,ভ,ম গ) ত,থ,দ,ধ,ন ঘ) র,ল,ব,শ,হ উ: খ

০৪. তোমার শরীরের উত্তমাঙ্গ কোনটি? [A : ২৩-২৪]
ক) মাথা খ) হৃৎপিণ্ড গ) পাকস্থলী ঘ) হাত-পা উ: ক

০৫. নিচের কোন গুচ্ছ মহাপ্রাণ ধ্বনির উদাহরণ? [A : ২৩-২৪; খুবি : S-১৪-১৫]
ক) ঘ,ধ,ভ খ) ক,প,চ গ) ত,ট,ক ঘ) ঙ,ঞ,ম উ: ক

০৬. বাংলা ভাষায় বর্গীয় বর্ণ কয়টি? [A : ২৩-২৪]
ক) ৫টি খ) ২৫টি গ) ২০টি ঘ) ১৫টি
Note : মুনীর চৌধুরী ও মোফাজ্জল হায়দার চৌধুরী রচিত বাংলা ভাষার ব্যাকরণ নবম-দশম শ্রেণির বইয়ে বর্গীয় বর্ণ ২৫টি কিন্তু স্বরোচিষ সরকার ও তারিক মনজুর রচিত বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি নবম-দশম শ্রেণির বইয়ে বর্গীয় বর্ণ ২০টি ।

০৭. উচ্চারণ স্থান অনুসারে 'প' কোন ধ্বনি? [B ২২-২৩]
ক) ওষ্ঠ্য খ) তালব্য গ) কণ্ঠ্য ঘ) দন্ত্য উ: ক

০৮. কোন ধ্বনিকে ঘোষধ্বনি বলে? [রাবি A ইউনিট (গ্রুপ ৪) ২০২২-২৩]
ক) বর্গের তৃতীয় ধ্বনিকে খ) বর্গের প্রথম ও দ্বিতীয় ধ্বনিকে
গ) বর্গের প্রথম ধ্বনিকে ঘ) বর্গের তৃতীয় ও চতুর্থ ধ্বনিকে উ: ঘ

০৯. কোনটি নাসিক্য বর্ণ? [রাবি A ইউনিট ২০২১-২২]
ক) র খ) খ গ) ন ঘ) ধ উ: গ

১০. কোনটি মৌলিক স্বরধ্বনি? [রাবি A ইউনিট ২০২১-২২]
ক) ঔ খ) ই গ) ঐ ঘ) সবকয়টি উ: খ

১১. এ-ধ্বনির পরে অ-ধ্বনি লোপ পাওয়া শব্দের উদাহরণ কোনটি? [রাবি C ইউনিট ২০২১-২২]
ক) শ্রবণ খ) করেন গ) চলেন ঘ) খ ও গ উ: ঘ

১২. 'প' বর্গের বর্ণ সংখ্যা কয়টি? [রাবি A ইউনিট ২০২১-২২]
ক) ৬ খ) ৫ গ) ৩ ঘ) ৪ উ: খ

১৩. কোনটি নাসিক্য বর্ণ? [A : ২১-২২]
ক) র খ) থ গ) ন ঘ) ধ উ: গ

১৪. স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপ- [A : ২১-২২, জাবি C, ১৭-১৮; রাবি F ১৭-১৮; E ১৫-১৬]
ক) ফলা খ) কার গ) ধাতু ঘ) প্রত্যয় উ: খ

১৫. কোনগুলো অঘোষ অল্পপ্রাণ ধ্বনি? [A : ২১-২২]
ক) ক, চ, ট, ত, প খ) খ, ছ, ঠ, থ, ফ
গ) গ, জ, ড, দ, ব ঘ) ঘ, ঝ, ঢ, ধ, ভ উ: ক

১৬. কোনটি মৌলিক স্বরধ্বনি? [A : ২১-২২]
ক) ঔ খ) ই গ) ঐ ঘ) সবক'টি উ: খ

১৭. বর্ণ হচ্ছে- [রাবি খ ইউনিট, (বিজনেস স্টাডিস ও আইবিএ) ২০২০-২১]
ক) বাক্যের ক্ষুদ্রতম অংশ খ) এক সঙ্গে উচ্চারিত ধ্বনি গুচ্ছ
গ) ধ্বনি নির্দেশক প্রতীক ঘ) ধ্বনির শ্রুতিগ্রাহ্য রূপ উ: গ

১৮. বাংলা ভাষায় পূর্ণমাত্রার বর্ণ কয়টি? [রাবি ক ইউনিট, (গ্রুপ ১) ২০২০-২১]
ক) ৩০টি খ) ৩১টি গ) ৩২টি ঘ) ৩৩টি উ: গ

১৯. উচ্চারণ স্থান অনুযায়ী 'ক' কোন ধরনের বর্ণ? [রাবি ক ইউনিট ২০২০-২১]
ক) ওষ্ঠ্য বর্ণ খ) দন্ত্য বর্ণ গ) তালব্য বর্ণ ঘ) কণ্ঠ বর্ণ উ: ঘ

২০. নিচের কোনটি অর্ধস্বরধ্বনি? [C, ১৮-১৯]
ক) অ খ) আ গ) ঐ ঘ) এ উ: খ

২১. উচ্চারণের স্থানের নাম অনুসারে ব্যঞ্জন ধ্বনিগুলোকে কয় ভাগে ভাগ করা হয়? [১৭-১৮]
ক) ২ ভাগে খ) ৩ ভাগে গ) ৫ ভাগে ঘ) ৭ ভাগে
Note : পুরাতন ব্যাকরণ অনুসারে, উচ্চারণস্থান অনুযায়ী ব্যঞ্জনধ্বনিগুলো পাঁচ ভাগে বিভক্ত। নতুন ব্যাকরণ অনুসারে উচ্চারণস্থান অনুযায়ী ব্যঞ্জনধ্বনিকে ৭ ভাগে ভাগ করা হয়েছে।

২২. 'আ' একটি- [রাবি বি ইউনিট ২০১৫-১৬]
ক) যৌগিক ধ্বনি খ) দ্বিস্বর ধ্বনি গ) মৌলিক স্বরধ্বনি ঘ) ব্যঞ্জনধ্বনি উ: গ

২৩. বাংলা বর্ণমালায় অনুনাসিক বর্ণ- [রাবি বি ইউনিট ২০১৫-১৬]
ক) ২টি খ) ৩টি গ) ৪টি ঘ) ১টি উ: ঘ

২৪. কোনগুলো ওষ্ঠ্যধ্বনি- [রাবি এ ইউনিট ২০১৫-১৬]
ক) চ, ছ, জ, ঝ, ঞ খ) ট, ঠ, ড, ঢ, ণ
গ) ত, থ, দ, ধ, ন ঘ) প, ফ, ব, ভ, ম উ: ঘ

২৫. কোনগুলো উষ্মবর্ণ [রাবি A ইউনিট odd ২০১৪-১৫]
ক) ক, খ, গ, ঘ, ঙ খ) প, ফ, ব, ভ, ম
গ) শ, স, ষ, হ ঘ) খ, চ, ঠ, থ, ফ উ: গ

২৬. কোনগুলো বর্গীয় বর্ণ নয়? [রাবি A ইউনিট odd ২০১৪-১৫]
ক) চ, ছ, জ, ঝ, ঞ খ) ত, থ, দ, ধ, ন
গ) ট, ঠ, ড, ঢ, ণ ঘ) য, র, ল, শ, ষ উ: ঘ

২৭. 'য, র, ল'- এগুলো কোন ধরনের বর্ণ? [রাবি E ইউনিট ২০১৪-১৫]
ক) ঘোষ বর্ণ খ) অন্তঃস্থ বর্ণ গ) অঘোষ বর্ণ ঘ) উষ্ম বর্ণ উ: খ

২৮. নিচের কোনটি 'নাসিক্য ধ্বনি' নয়? [রাবি ইউনিট ২০১৩-১৪]
ক) ঙ খ) ঞ গ) ম ঘ) ল উ: ঘ

২৯. ভাষার মূল উপাদান হলো- [রাবি ইউনিট ২০০৮-০৯]
ক) ধ্বনি, শব্দ, অক্ষর খ) ধ্বনি, অক্ষর, লেখনী
গ) ধ্বনি, শব্দ, বাক্য ঘ) ধ্বনি, অক্ষর, উচ্চারণ উ: গ

৩০. আন্তঃস্বরতন্ত্রীয় ধ্বনি কোনটি? [০৫-০৬]
ক) ছ খ) ধ গ) ক ঘ) হ উ: ঘ

৩১. কোন দুটি স্বরের মিলিত ধ্বনিতে 'ঐ' সৃষ্টি হয়? [০৬-০৭]
ক) ও + ই খ) এ + ই গ) অ + ই ঘ) ক + ই উ: ক

৩২. 'খণ্ড-ত'(ৎ) প্রকৃত প্রস্তাবে কোন বর্ণের খণ্ড রূপ? [০৬-০৭]
ক) ভ খ) ত গ) দ ঘ) ধ উ: খ

৩৩. 'ক' থেকে 'ল' পর্যন্ত মোট ব্যঞ্জনবর্ণের সংখ্যা কয়টি? [০৬-০৭]
ক) ২৫টি খ) ২৬টি গ) ২৭টি ঘ) ২৮টি উ: ঘ

৩৪. 'ল' এর উচ্চারণ স্থান কোনটি? [০৯-১০]
ক) দন্ত মূল খ) জিহ্বা মূল গ) ওষ্ঠ্য ঘ) তালু উ: ক

৩৫. বাংলা বর্ণমালায় কয়টি অসংযুক্ত বর্ণ আছে? [০৯-১০]
ক) নয়টি খ) উনচল্লিশটি গ) পঞ্চাশটি ঘ) একচল্লিশটি উ: গ

৩৬. কোন স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপ নেই? [০৯-১০]
ক) ঈ খ) অ গ) উ ঘ) ঐ উ: খ

৩৭. কণ্ঠ্য ধ্বনি উচ্চারণের সময়ে- [D ১৫-১৬]
ক) স্বরযন্ত্র থেকে কম্পিত বাতাস তালুতে চাপ খায়
খ) স্বরযন্ত্র থেকে কম্পিত বাতাস কোমল তালুতে চাপ খায়
গ) স্বরযন্ত্র থেকে বাতাস নাসারন্ধ্রে চাপ খায়
ঘ) স্বরযন্ত্র থেকে কম্পিত বাতাস দন্তমূলে চাপ খায় উ: খ

৩৮. কোনটি বাগ্‌যন্ত্র নয়? [A ১৩-১৪]
ক) ওষ্ঠ খ) করোটি গ) জিভ ঘ) দাঁত উ: খ

৩৯. বাংলা ভাষার ব্যঞ্জনধ্বনিমূলের সংখ্যা- [A -১৩-১৪]
ক) ২৪ টি খ) ৩৪টি গ) ৫০টি ঘ) ৫২টি
Note : বাংলায় ব্যঞ্জনধ্বনিমূল ৩০টি এবং স্বরধ্বনিমূল ৭টি সহ ধ্বনিমূল সংখ্যা ৩৭টি। [সূত্র : বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি নবম-দশম শ্রেণি ।']

৪০. 'ই' ধ্বনি উচ্চারণের সময়ে ওষ্ঠের অবস্থান- [A ১৩-১৪]
ক) সংবৃত খ) অর্ধ-সংবৃত গ) অর্ধবিবৃত ঘ) বিবৃত উ: ক

৪১. 'হ' একটি- [A ১৩-১৪]
ক) কণ্ঠ্য ধ্বনি খ) তালব্য ধ্বনি গ) মূর্ধন্য ধ্বনি ঘ) উষ্ম ধ্বনি উ: ঘ

৪২. ফলাযুক্ত শব্দ কোনটি? [E -১৩-১৪; জাককানবি গ ১৬-১৭]
ক) পল্লব খ) শক্ত গ) লিপ্সা ঘ) কর্জ উ: ক

৪৩. বাংলা ব্যঞ্জনবর্ণের বিন্যাসে কয়টি বর্গ লক্ষ করা যায়? [E -১৩-১৪]
ক) তিনটি খ) চারটি গ) পাঁচটি ঘ) ছয়টি
Note : উচ্চারণস্থান অনুযায়ী ব্যঞ্জনধ্বনিগুলো পাঁচ ভাগে বিভক্ত। [সূত্র : বাংলা ভাষার ব্যাকরণ' নবম-দশম শ্রেণি ।]

CS CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

বর্ণ ও ধ্বনির পার্থক্য কী? [B, Even, সেট ৩ : ১৪-১৫]
ⓚ ধারণামাত্র ⓚ চিহ্ন ও অর্থ প্রকাশ ⓖ উচ্চারণগত ⓖ অনর্থজ্ঞাপক উ: (খ)

কোন ধ্বনিকে ঘোষধ্বনি বলে? [A ২০২২-২৩]
(ক) বর্গের তৃতীয় ধ্বনিকে (খ) বর্গের প্রথম ও দ্বিতীয় ধ্বনিকে
(গ) বর্গের প্রথম ধ্বনিকে (ঘ) বর্গের তৃতীয় ও চতুর্থ ধ্বনিকে উ: (ঘ)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

০১. কোনটির ভাষা গঠনে প্রত্যক্ষ ভূমিকা নেই? [D : ২৩-২৪]
(ক) জিহ্বা (খ) যকৃৎ (গ) ফুসফুস (ঘ) তালু উ: (খ)

০২. বাংলা স্বরবর্ণের উপরে চন্দ্রবিন্দু ব্যবহার করা হয় কী বোঝাতে? [D : ২৩-২৪]
(ক) হ্রস্বস্বর (খ) দীর্ঘস্বর (গ) অনুনাসিকতা (ঘ) ব্যঞ্জনা উ: (গ)

০৩. নিঃশ্বাসের স্বল্পতম প্রয়াসে উচ্চারিত ধ্বনি বা ধ্বনিগুচ্ছকে কী বলে? [D1 : ২৩-২৪;BCS-41]
(ক) বর্ণ (খ) অক্ষর (গ) যৌগিক ধ্বনি (ঘ) মৌলিক ধ্বনি উ: (খ)

০৪. 'পরীক্ষা' শব্দটিতে কয়টি অক্ষর রয়েছে? [D1 : ২৩-২৪]
(ক) ৫টি (খ) 8টি (গ) ৩টি (ঘ) ২টি উ: (গ)

০৫. জিহ্বা ও তালুর স্পর্শের পরেই উভয়ের মধ্যে বায়ুর ঘর্ষণজনিত ধ্বনি বের হয়ে উচ্চারিত হয়- [B : ২৩-২৪]
(ক) ক, খ, গ, ঘ (খ) চ, ছ, জ, ঝ (গ) ট, ঠ, ড, ঢ (ঘ) ত, থ, দ, ধ উ: (খ)

০৬. কয়টি ব্যঞ্জনবর্ণ পূর্ণমাত্রা দিয়ে লেখা হয়? [B সেট-১; ২২-২৩]
(ক) ২৬টি (খ) ২৮টি (গ) ২৪টি (ঘ) ৩২টি উ: (ক)

০৭. বাংলা বর্ণমালায় মাত্রাহীন বর্ণ কয়টি? [চবি D ইউনিট (শিফট ০২) ২০২২-২৩]
(ক) আটটি (খ) দশটি (গ) নয়টি (ঘ) সাতটি উ: (খ)

০৮. কোন বর্ণমালায় নিজস্ব কোন ধ্বনি নেই? [চবি D1 উপ-ইউনিট ২০২২-২৩]
(ক) ক (খ) গ (গ) ৎ (ঘ) ঞ উ: (ঘ)

০৯. কোনটি কম্পনজাত ধ্বনি? [চবি B ইউনিট, কলা অনুষদ ২০২০-২১]
(ক) র (খ) ব (গ) ড় (ঘ) ল উ: (ক)

১০. উচ্চারণের প্রকৃতি অনুযায়ী ব্যঞ্জনধ্বনিকে কয়টি ভাগে ভাগ করা যায়? [চবি B ইউনিট, কলা ও মানববিদ্যা অনুষদ (৩য় শিফট) ২০২০-২১]
(ক) ৬টি (খ) ৫টি (গ) 8টি (ঘ) ৩টি উ: (ক)

১১. কোনটি 'ট' বর্গীয় বর্ণ নয়? [চবি B ইউনিট, কলা অনুষদ ২০২০-২১]
(ক) ন (খ) ঠ (গ) ঢ (ঘ) ণ উ: (ক)

১২. কোন ধ্বনি উচ্চারণে নাসিক্য থাকে না? [চবি D ইউনিট ২০২০-২১]
(ক) ক (খ) ঙ (গ) ঞ (ঘ) ং উ: (ক)

১৩. অনুস্বার ও বিসর্গকে বলে- [চবি B ইউনিট, কলা অনুষদ ২০২০-২১]
(ক) পরাশ্রয়ী বর্ণ (খ) স্বরবর্ণ (গ) নাসিক্য বর্ণ (ঘ) উষ্ম বর্ণ উ: (ক)

১৪. 'ম' এর উচ্চারণ স্থান কোনটি? [চবি আই ইউনিট ২০১৫-১৬]
(ক) নাক (খ) ঠোঁট
(গ) মুখের তালু (ঘ) ঠোঁট ও নাকের ছিদ্র উ: (ঘ)

১৫. নিচের কোনটি দ্বিস্বরধ্বনি? [B_1, সেট ৩ : ১৪-১৫]
(ক) বিবি (খ) রিরি (গ) রদ (ঘ) ইয়ে উ: (ঘ)

১৬. অক্ষর বা তার চিহ্নকে বলে- [চবি ঙ ইউনিট ২০০৮-০৯]
(ক) কার (খ) বর্ণ (গ) ফলা (ঘ) পদ উ: (খ)

১৭. কোনটি নাসিক্য ধ্বনি? [E ১৩-১৪]
(ক) ঽ (খ) ম (গ) য় (ঘ) হ উ: (খ)

১৮. উচ্চারণের সময় মুখবিবর উন্মুক্ত থাকে বলে 'আ' কে... ধ্বনি বলে? [G -১৩-১৪]
(ক) তালব্য স্বরধ্বনি (খ) পশ্চাৎ স্বরধ্বনি (গ) বিবৃত স্বরধ্বনি (ঘ) সম্মুখ স্বরধ্বনি উ: (গ)

GST গুচ্ছ বিশ্ববিদ্যালয়

০১. সম্মুখ-উচ্চ সংবৃত স্বরধ্বনি কোনটি? [B : ২৩-২৪:]
(ক) ই (খ) উ (গ) এ (ঘ) অ্যা উ: (ক)

০২. 'অণুবীক্ষণ' শব্দটিতে অক্ষর কয়টি? [B : ২৩-২৪]
(ক) তিন (খ) চার (গ) পাঁচ (ঘ) ছয় উ: (খ)

০৩. 'ঢ' এর ধ্বনিতাত্ত্বিক পরিচয় কোনটি? [GST-A (বিজ্ঞান শাখা) ২০২২-২৩]
(ক) অঘোষ মহাপ্রাণ দন্তমূলীয় তাড়নজাত ধ্বনি
(খ) ঘোষ অল্পপ্রাণ দন্তমূলীয় তাড়নজাত ধ্বনি
(গ) ঘোষ মহাপ্রাণ জিহ্বামূলীয় তাড়নজাত ধ্বনি
(ঘ) ঘোষ মহাপ্রাণ দন্তমূলীয় তাড়নজাত ধ্বনি উ: (ঘ)

০৪. ম-ফলা যুক্ত কোন ব্যঞ্জনবর্ণগুলোর দ্বিত্ব উচ্চারণ হয় না? [GST-B (মানবিক শাখা) ২০২২-২৩]
(ক) গ, ঙ, ট (খ) ত, প, স (গ) জ, ঞ, দ (ঘ) ক, ঝ, ছ উ: (ক)

০৫. ধ্বনি পরিমাপের ক্ষুদ্রতম মানদণ্ডকে কী বলা হয়? [B : ২১-২২]
(ক) অক্ষর (খ) মাত্রা (গ) পর্ব (ঘ) যতি উ: (খ)

০৬. বাগ্‌যন্ত্রের মধ্যে সবচেয়ে সক্রিয় প্রত্যঙ্গ কোনটি? [B : ২১-২২]
(ক) কণ্ঠনালী (খ) জিহ্বা (গ) তালু (ঘ) দাঁত উ: (খ)

০৭. একই সঙ্গে উচ্চারিত দুটি মিলিত স্বরধ্বনিকে কী বলে? [GST-A ইউনিট (বিজ্ঞান শাখা) ২০২০-২১]
(ক) স্বরসঙ্গতি (খ) যৌগিক স্বর (গ) যুগ্মব্যঞ্জন (ঘ) মধ্যস্বর উ: (খ)

০৮. কোন দুইটি অর্ধ সংবৃত স্বরধ্বনি? [GST-B ইউনিট (মানবিক শাখা) ২০২০-২১]
(ক) অ্যা, আ (খ) অ, উ (গ) ই, উ (ঘ) এ, ও উ: (ঘ)

০৯. 'ঢ' এর ধ্বনিতাত্ত্বিক পরিচয় কোনটি? [বিজ্ঞান শাখা ২০২২-২৩]
(ক) অঘোষ মহাপ্রাণ দন্তমূলীয় তাড়নজাত ধ্বনি
(খ) ঘোষ অল্পপ্রাণ দন্তমূলীয় তাড়নজাত ধ্বনি
(গ) ঘোষ মহাপ্রাণ জিহ্বামূলীয় তাড়নজাত ধ্বনি
(ঘ) ঘোষ মহাপ্রাণ দন্তমূলীয় তাড়নজাত ধ্বনি উ: (ঘ)

১০. ম-ফলা যুক্ত কোন ব্যঞ্জনবর্ণগুলোর দ্বিত্ব উচ্চারণ হয় না? [মানবিক শাখা ২০২২-২৩]
(ক) গ, ঙ, ট (খ) ত, প, স (গ) জ, ঞ, দ (ঘ) ক, ঝ, ছ উ: (ক)

খুলনা বিশ্ববিদ্যালয়

০১. বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রা, অর্ধমাত্রা ও মাত্রাহীন বর্ণের সংখ্যা যথাক্রমে- [B ১৯-২০]
(ক) ৩১, ৯, ১০ (খ) ৩২, ৮, ১০ (গ) ৩০, ৮, ১২ (ঘ) ৩২, ১১, ৭ উ: (খ)

০২. ড়, ঢ় কোন জাতীয় ধ্বনি? [কুবি B ইউনিট ২০১৪-১৫]
(ক) শিষ ধ্বনি (খ) অঘোষ ধ্বনি
(গ) অল্পপ্রাণ ধ্বনি (ঘ) তাড়নজাত ধ্বনি উ: (ঘ)

০৩. ঠোঁট ও নাকের ছিদ্রের সাহায্যে উচ্চারিত হয় কোন ধ্বনিটি? [কুবি B ইউনিট ২০১৪-১৫]
(ক) ম (খ) ং (গ) চ (ঘ) ঙ উ: (ক)

০৪. স্বরবর্ণে মাত্রাহীন বর্ণ কয়টি? [A&HS ১১-১২]
(ক) ৭টি (খ) ৩টি (গ) 8টি (ঘ) ১১টি উ: (গ)

০৫. কোনগুলো মৌলিক স্বরধ্বনি? [S-১৫-১৬]
(ক) ও, ঔ (খ) এ, ঐ (গ) ই, অ (ঘ) আ, ঋ উ: (গ)

০৬. চ-বর্গীয় ধ্বনির আগে কোনটি ব্যবহৃত হয়? [S ১৬-১৭]
(ক) এ (খ) ঞ (গ) ণ (ঘ) ই উ: (খ)

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

০১. বাংলা স্বরবর্ণে অর্ধমাত্রা বিশিষ্ট বর্ণ কয়টি? [A ১৯-২০]
(ক) একটি (খ) তিনটি (গ) চারটি (ঘ) পাঁচটি উ: (ক)

০২. বাংলা বর্ণমালায় কয়টি ব্যঞ্জনবর্ণ? [AP ১৮-১৯; জাবি গ ১১-১২]
(ক) ৩৯ টি (খ) 8৯ টি (গ) ৫১ টি (ঘ) 8১ টি উ: (ক)

০৩. বাংলা ব্যঞ্জন প্রতিবর্গের পঞ্চম বর্ণের ধ্বনিটি- [AL ১৮-১৯; ঢাবি ক ১২-১৩]
(ক) ঘোষ ধ্বনি (খ) অঘোষ ধ্বনি (গ) মহাপ্রাণ ধ্বনি (ঘ) নাসিক্য ধ্বনি উ: (ঘ)

০৪. ত, থ, দ, ধ, ন হচ্ছে- [AP ১৮-১৯]
(ক) তালব্য বর্ণ (খ) কণ্ঠবর্ণ (গ) দন্ত্য বর্ণ (ঘ) মূর্ধন্য বর্ণ উ: (গ)

০৫. বাংলা বর্ণমালায় স্পর্শ বর্ণ কয়টি? [AL ১৭-১৮; হাদাবিওপ্রবি C ১৫-১৬]
(ক) ৩০টি (খ) ২৫টি (গ) ২০টি (ঘ) কোনোটিই নয় উ: (খ)

০৬. শিশ ধ্বনি ও উষ্ম ধ্বনির মধ্যে পার্থক্য কী? [D ১৭-১৮]
(ক) বাতাসের তারতম্য (খ) জিহ্বার অগ্রভাগের অবস্থান
(গ) জিহ্বার কম্পন (ঘ) কোনো পার্থক্য নেই উ: (ক)

০৭. 'ম' ধ্বনির স্বরূপ হচ্ছে- [A -১৩-১৪]
(ক) ওষ্ঠ্য-অঘোষ-নাসিক্য (খ) ওষ্ঠ্য-ঘোষ-মহাপ্রাণ
(গ) ওষ্ঠ্য-ঘোষ-নাসিক্য (ঘ) ওষ্ঠ্য-ঘোষ-অল্পপ্রাণ উ: (গ)

০৮. উচ্চারণের দিক থেকে 'প' কোন ধরনের বর্ণ? [C ১৮-১৯; রাবি D ১৬-১৭]
(ক) দন্ত্য (খ) তালব্য (গ) ওষ্ঠ (ঘ) ব্যঞ্জন উ: (গ)

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

০১. কোনগুলো মহাপ্রাণ অঘোষ ধ্বনি? [বেরোবি, B ইউনিট ২০১৯-২০]
(ক) ক, গ, ঘ (খ) খ, ছ, থ (গ) গ, জ, ঝ (ঘ) ক, চ, ট উ: (খ)

০২. উচ্চারণস্থানভেদে ব্যঞ্জনধ্বনি কয়ভাগে বিভক্ত? [বেরোবি, A ইউনিট ২০১৯-২০]
(ক) ৩ (খ) ৫ (গ) 8 (ঘ) ৬ উ: (খ)

০৩. কোনগুলো মৌলিক স্বরবর্ণ? [B ১৯-২০; বেরোবি B ১৭-১৮]
(ক) অ, আ, ই (খ) এ, ঐ, ঔ (গ) অ, ই, উ (ঘ) আ, এ, ঔ উ: (ক/গ)

০৪. কোনটি মৌলিক স্বরধ্বনি নয়? [C ১৯-২০]
(ক) অ্যা (খ) ও (গ) এ (ঘ) ঐ উ: (ঘ)

০৫. নিচের কোনগুলো অনুনাসিক বর্ণ? [A ১৭-১৮]
(ক) ন, ম (খ) প, ফ (গ) চ, ঠ (ঘ) ক, ঙ উ: (ক)

০৬. নিচের কোনগুলো মৌলিক স্বরধ্বনি? [A ১৭-১৮]
(ক) ই, এ, ঔ (খ) এ, উ, ঔ (গ) ই, এ, অ (ঘ) ঈ, ঐ, ঔ উ: (গ)

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

০৭. নিচের কোনগুলো অন্তঃস্থ বর্ণ? [A ১৭-১৮; রাবি চ ১৪-১৫]
ⓚ প, ফ, ভ ⓚ য, র, ল ⓖ শ, স, ষ ⓖ ঞ, ন, ম উঃ ⓚ

০৮. ভাষার ক্ষুদ্রতম ভাষিক একক কী? [B ১৭-১৮]
ⓚ বর্ণ ⓚ অক্ষর ⓖ ধ্বনি ⓖ শব্দ উঃ ⓖ

০৯. 'ব্রহ্মাণ্ড' শব্দে ব্যবহৃত 'ম' ধ্বনিটির ধ্বনিক বৈশিষ্ট্য কোনগুলো? [A-১৫-১৬]
ⓚ ব্যঞ্জন ও অল্পপ্রাণ ⓚ নাসিক্য-ব্যঞ্জন ও মহাপ্রাণ
ⓖ নাসিক্য ও অল্পপ্রাণ ⓖ আনুনাসিক ও অঘোষ উঃ ⓖ

১০. নিচের কোনটি অনুনাসিক স্বরধ্বনি? [B ১৬-১৭]
ⓚ আঁ ⓚ ঈ ⓖ ঙ ⓖ ঞ উঃ ⓚ

১১. বাংলায় 'ণ' এবং 'ন' বর্ণে দ্যোতিত ধ্বনি দুটিতে কী আছে? [B ১৬-১৭]
ⓚ পার্থক্য ⓚ অসমতা ⓖ বৈসাদৃশ্য ⓖ ঐক্য উঃ ⓖ

১২. নিচের কোনটি 'নাসিক্য ধ্বনি' নয়? [C -১৩-১৪]
ⓚ ঙ ⓚ ঞ ⓖ ম ⓖ ল

Note : 'বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি' নবম-দশম শ্রেণি অনুসারে, নাসিক্য ধ্বনি তিনটি। যথা : ম, ন, ঙ।

ইসলামী বিশ্ববিদ্যালয়

০১. বাংলা ভাষায় পরাশ্রয়ী ধ্বনি কতটি? [ইবি, B ইউনিট ২০১৯-২০]
ⓚ ২টি ⓚ ৪টি ⓖ ৩টি ⓖ ৫টি উঃ ⓚ

০২. বাংলা বর্ণমালায় যৌগিক স্বরধ্বনি কয়টি? [B ১৯-২০; হাবিপ্রবি ১৫-১৬]
ⓚ দুইটি ⓚ তিনটি ⓖ চারটি ⓖ পাঁচটি উঃ ⓚ

০৩. বাংলার নিজস্ব ধ্বনি কোনটি? [B ১৮-১৯]
ⓚ য ⓚ য় ⓖ জ ⓖ হ উঃ ⓖ

০৪. 'আকাশি' শব্দের ধ্বনিগঠন? [B ১৮-১৯]
ⓚ আ + ক + আ + শ + ই ⓚ আ + ক + আ + ই + শ
ⓖ আ + কা + শি ⓖ আ + কা + শ + ই উঃ ⓚ

০৫. 'নাওয়া' কী ধরনের ধ্বনি? [H ১৭-১৮]
ⓚ যৌগিক স্বরধ্বনি ⓚ অর্ধ স্বরধ্বনি
ⓖ অর্ধ-বিবৃত স্বরধ্বনি ⓖ শ্রুতি ধ্বনি উঃ ⓖ

০৬. স্বরবর্ণে অর্ধমাত্রা ও মাত্রাহীন বর্ণ কয়টি? [খ ১১-১২]
ⓚ ২টি ও ৪টি ⓚ ১টি ও ৪টি
ⓖ ২টি ও ৩টি ⓖ ৩টি ও ৪টি উঃ ⓚ

০৭. বাঙালি শিশুরা কোন বর্গের ধ্বনিগুলো আগে শেখে? [শাপলা ১১-১২; H -১৩-১৪]
ⓚ ক-বর্গের ⓚ ট-বর্গের
ⓖ ত-বর্গের ⓖ প-বর্গের উঃ ⓖ

০৮. 'ট' বর্গের বর্ণ হিসেবে নাম কী? [C ১৬-১৭]
ⓚ মূর্ধন্য বর্ণ ⓚ দন্ত্য বর্ণ
ⓖ তালব্য বর্ণ ⓖ জিহবামূলীয় বর্ণ উঃ ⓚ

০৯. বাংলা ভাষার 'কার' কয়টি?
ⓚ ৮টি ⓚ ১০টি ⓖ ২০টি ⓖ ২৫টি উঃ ⓚ

১০. বাংলা লিপি ও অক্ষরের গঠনকার্য শুরু হয়- [ইবি ইউনিট ২০১৩-১৪]
ⓚ প্রাচীন যুগে ⓚ আধুনিক যুগে ⓖ সেনযুগে ⓖ মধ্যযুগে উঃ ⓖ

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

০১. কোন বর্ণের দ্যোতিত ধ্বনি শব্দের আদি, মধ্য ও অন্ত তিন জায়গাতেই ব্যবহৃত হয়? [A ১৯-২০]
ⓚ ন ⓚ ণ ⓖ ঙ ⓖ ঞ উঃ ⓚ

০২. ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলে? [C ১৯-২০; চবি E ১৫-১৬]
ⓚ কার ⓚ ফলা ⓖ চিহ্ন ⓖ প্রতীক উঃ ⓚ

০৩. ওষ্ঠ্যব্যঞ্জনের উদাহরণ কোন গুচ্ছ? [ক + ঘ ০৮-০৯]
ⓚ দ, ধ ⓚ ত, থ ⓖ ব, ভ ⓖ চ, ছ উঃ ⓖ

০৪. কোনটি মহাপ্রাণ বর্ণ? [ক + ঘ ০৮-০৯]
ⓚ ব ⓚ হ ⓖ ক ⓖ চ উঃ ⓚ

০৫. মহাপ্রাণ ধ্বনি কোনটি? [খ + গ ০৮-০৯]
ⓚ গ ⓚ ড ⓖ খ ⓖ জ উঃ ⓖ

০৬. নাসিক্য বর্ণ কোনটি? [C ১৩-১৪]
ⓚ ঙ ⓚ ঞ ⓖ গ ⓖ ম

Note : 'ঙ, ঞ, ম'– নাসিক্য বর্ণ। প্রশ্নটি হওয়া উচিত ছিল নাসিক্য বর্ণ নয় কোনটি? তাহলে উত্তর ⓖ হতো। 'বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি' নবম-দশম শ্রেণি অনুসারে, নাসিক্য ধ্বনি তিনটি। যথা : ম, ন, ঙ।

০৭. বাংলা বর্ণমালায় মাত্রাবিহীন বর্ণ কোনটি? [কুবি ইউনিট ২০১৩-১৪; রাবি ২০০৯-১০]
ⓚ এগারটি ⓚ নয়টি ⓖ দশটি ⓖ আটটি উঃ ⓖ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয়

০১. বাংলা বর্ণমালায় ব্যবহৃত মাত্রাহীন বর্ণগুলোর মধ্যে কতটি ব্যঞ্জনবর্ণ আছে? [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয়, F ইউনিট ২০১৭-১৮]
ⓚ ৬টি ⓚ ৫টি ⓖ ৮টি ⓖ ৪টি উঃ ⓖ

০২. কোনটি উষ্ম বর্ণের উদাহরণ? [F ১৯-২০; ঢাবি খ ১৩-১৪]
ⓚ হ ⓚ ঙ ⓖ ৎ ⓖ য উঃ ⓚ

০৩. স্বরবর্ণের পূর্ণমাত্রা বিশিষ্ট বর্ণ কয়টি? [F ১৮-১৯; ঢাবি ঘ-১৫-১৬]
ⓚ ছয়টি ⓚ পাঁচটি
ⓖ চারটি ⓖ সাতটি উঃ ⓖ

০৪. নিচের কোনটি মৌলিক বাংলা স্বরধ্বনি? [D ১৭-১৮; রাবি D ১৫-১৬]
ⓚ অ্যা ⓚ ঐ ⓖ ঔ ⓖ ঋ উঃ ⓚ

০৫. নিচের 'উচ্চ সম্মুখ স্বরধ্বনি' কোনটি? [E ১৭-১৮]
ⓚ এ ⓚ আ ⓖ ই ⓖ উ উঃ ⓖ

০৬. কেন্দ্রীয়, ওষ্ঠাধর বিবৃত বর্ণ- [D, সেট ২ : ১৪-১৫]
ⓚ আ ⓚ ই ⓖ ঈ ⓖ ও উঃ ⓚ

০৭. ই, ঈ কোন ধ্বনি? [D ১৬-১৭]
ⓚ সম্মুখ ⓚ পশ্চাৎ
ⓖ তালব্য ⓖ তাড়নজাত উঃ ⓚ

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১. কোনটি অল্পপ্রাণ ধ্বনি? [D -১৩-১৪]
ⓚ ঘ ⓚ ঠ ⓖ প ⓖ থ উঃ ⓖ

হাজী মোহাম্মদ দানেশ বি. ও প্র. বিশ্ববিদ্যালয়

০১. শব্দের মৌলিক একক কোনটি? [C-১৫-১৬]
০১. অভিশ্রুতির ক্ষেত্রে কোন স্বরধ্বনি পরিবর্তিত হয়? [A ১৯-২০; বেরোবি A ১৩-১৪]
(ক) এ, ঐ (খ) ই, এ
(গ) ই, উ (ঘ) ই, ঊ
উ: গ

০২. নিচের কোনটি বিষমীভবনের উদাহরণ? [B ১৯-২০]
(ক) পদ্ম > পদ্দ (খ) তুলা > তুলো
(গ) লাল > নাল (ঘ) সুবর্ণ > স্বর্ণ
উ: গ

০৩. 'দ্বিরুক্ত' এর উদাহরণ কোনটি? [A ১৮-১৯]
(ক) পক্ব > পাকা (খ) ধপ + ধপ > ধপাধপ
(গ) কান্দনা > কান্না (ঘ) ধোবা > ধোপা
উ: ক

০৪. নিচের কোনটিকে মধ্যস্বরাগম এর বিকল্প বলা যায়? [C ১৮-১৯]
(ক) অপিনিহিতি (খ) অভিশ্রুতি
(গ) বিপ্রকর্ষ (ঘ) স্বরসঙ্গতি
উ: গ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয়

০১. নিচের কোনটি পরাগত স্বরসঙ্গতির উদাহরণ? [C ১৮-১৯]
(ক) আখো > এখো (খ) শিকা > শিকে
(গ) বিলাতি > বিলিতি (ঘ) মোজা > মোজো
উ: ক

০২. নিচের কোনটি প্রগত স্বরসঙ্গতির উদাহরণ? [D ১৭-১৮]
(ক) আখো > এখো (খ) শিকা > শিকে
(গ) বিলাতি > বিলিতি (ঘ) মোজা > মোজো
উ: খ

০৩. 'রান্না' শব্দটি ব্যাকরণের কোন নিয়মে তৈরি? [D -১৩-১৪]
(ক) বর্ণচ্যুতি (খ) স্বরলোপ (গ) বর্ণদ্বিত্ব (ঘ) সমীভবন
উ: ঘ

০৪. নিচের কোনটি সমীভবনের উদাহরণ? [E, সেট ৩ : ১৪-১৫]
(ক) পদ্ম > পদ্দ (খ) বিলাতি > বিলিতি
(গ) আজি > আইজ (ঘ) শুনিয়া > শুনে
উ: ক

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১. শব্দের ই বা উ-ধ্বনি পূর্ববর্তী স্বরধ্বনির সঙ্গে মিলে শব্দের পরিবর্তন ঘটালে তাকে বলে : [D ১৪-১৫]
(ক) অপিনিহিতি (খ) সমীভবন (গ) অন্তর্হতি (ঘ) অভিশ্রুতি
উ: ঘ

০২. 'স্বকল' থেকে 'আস্তকল' হলে এই পরিবর্তনকে কী বলে? [D ১৬-১৭]
(ক) অপিনিহিতি (খ) অন্ত্যস্বরাগম
(গ) মধ্যস্বরাগম (ঘ) আদিস্বরাগম
উ: ঘ

হাজী মোহাম্মদ দানেশ বি. ও প্র. বিশ্ববিদ্যালয়

০১. কোনটি অভিশ্রুতির উদাহরণ? [G-১৫-১৬]
(ক) শুনিয়া > শুনে (খ) করতে > কত্তে
(গ) বউদিদি > বউদি (ঘ) ধোপা > ধোবা
উ: ক

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১. সমীভবন কী? [B ১৯-২০]
(ক) ষ-ত্ব বিধান (খ) বিদেশি শব্দ
(গ) দুটো ব্যঞ্জনের এক রকম হওয়া (ঘ) স্বর আলাদা
উ: গ

০২. 'পিশাচ > পিচাশ' কোন ধরনের ধ্বনি পরিবর্তন? [C ১৭-১৮; রাবি F ১৭-১৮; ঢাবি ক ১৩-১৪]
(ক) অভিশ্রুতি (খ) বিষমীভবন (গ) সমীভবন (ঘ) ধ্বনি বিপর্যয়
উ: ঘ

০৩. ধাতু বা প্রকৃতির অন্ত্যধ্বনির আগের ধ্বনির নাম কী? [C ১৭-১৮]
(ক) অনুধা (খ) ব্যবধা (গ) উপধা (ঘ) মতধা
উ: গ

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১. 'রাতি > রাইত' এখানে কী ধরনের ধ্বনি পরিবর্তন ঘটেছে? [D ১৭-১৮]
(ক) অপিনিহিতি (খ) অভিশ্রুতি (গ) স্বরসঙ্গতি (ঘ) সমীভবন
উ: ক

০২. নিচের কোনটি স্বর এর অপিনিহিতির উদাহরণ? [D, সেট 1 : ১৪-১৫]
(ক) চক্ষু > চউক্ষ (খ) চউখ > চক্ষু
(গ) চক্ষু > চখু (ঘ) চউখ > চখু
উ: ক

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস

০১. কী ধরনের ধ্বনি পরিবর্তনে স্বরের স্থান পরিবর্তন বা আগমন ঘটে না? [FSSS : ২৩-২৪]
(ক) অপিনিহিতি (খ) অসমীকরণ (গ) স্বরসঙ্গতি
(ঘ) সম্প্রকর্ষ (ঙ) আদিস্বরাগম
উ: গ

ডিপ্লোমা ইন মিডওয়াইফারি

০১. 'অঞ্চল' শব্দটি শাড়ির পাড় না বুঝিয়ে 'এলাকা' বোঝালে অর্থের কী পরিবর্তন হয়? [২১-২২]
(ক) অর্থ সংশ্লেষ (খ) অর্থের উন্নতি (গ) অর্থ প্রসার (ঘ) অর্থ সংকোচন
উ: গ

গার্হস্থ্য অর্থনীতি কলেজ

০১. 'কন্যা > কইন্যা' এটি কীসের উদাহরণ? [১৯-২০]
(ক) অভিশ্রুতি (খ) অপিনিহিতি
(গ) স্বরসংগতি (ঘ) ধ্বন্যাগম
উ: খ

০২. 'মিঠা > মিঠে' এরূপ পরিবর্তনকে কী বলা হয়? [১৬-১৭]
(ক) স্বরসঙ্গতি (খ) স্বরভক্তি
(গ) ধ্বনি বিপর্যয় (ঘ) স্বরলোপ
উ: ক

CamScanner

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ

০১. শব্দমধ্যে দুটি ধ্বনি একে অপরের প্রভাবে অল্প-বিস্তর সমতা লাভ করলে তাকে কী বলে? [বিজ্ঞান: ২৩-২৪]
ক বিপ্রকর্ষ খ সম্প্রকর্ষ
গ সমীভবন ঘ বিষমীভবন উ: গ

০২. অভিশ্রুতির উদাহরণ হলো- [ক-১৮-১৯]
ক হাউমা খ মেছো
গ মছুয়া ঘ আইস উ: খ

০৩. 'বাপজান > বাজ্জান' কী জাতীয় ধ্বনি পরিবর্তনের দৃষ্টান্ত? [ক ১৭-১৮]
ক অভিশ্রুতি খ অন্তর্হতি
গ স্বরলোপ ঘ ধ্বনি বিপর্যয় উ: খ

বিএসসি ও ডিপ্লোমা নার্সিং

০১. কপাট > কবাট -এটি কোন ধরনের ধ্বনি- পরিবর্তন? [Diploma Nursing'15-16]
ক ধ্বনি-বিপর্যয় খ বর্ণ-বিপর্যয়
গ অপিনিহিতি ঘ বর্ণবিকার উ: ঘ

BCS পরীক্ষার বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

০১. ধ্বনি-পরিবর্তনের নিয়মে কোনটি বর্ণ-বিপর্যয়-এর দৃষ্টান্ত? [৩৩তম বিসিএস]
ক রতন খ কবাট
গ পিশাচ ঘ মুলুক উ: গ

০২. 'বাক্স > বাস্ক' এটি কোন ধরনের পরিবর্তন? [৩৫তম বিসিএস]
ক বিষমীভবন খ সমীভবন
গ ব্যঞ্জনবিপর্যয় ঘ ব্যঞ্জন-বিকৃতি উ: গ

০৩. অপিনিহিতির উদাহরণ কোনটি? [৪১তম বিসিএস]
ক জন্ম > জম্ম খ আজি > আইজ
গ ডেস্ক > ডেস্‌ক ঘ অলাবু > লাবু > লাউ উ: খ

০৪. নিচের কোনটি ধ্বনি পরিবর্তনের উদাহরণ নয়? [৩৫তম বিসিএস]
ক প্রাতিপদিক খ অভিশ্রুতি
গ অপিনিহিতি ঘ ধ্বনি-বিপর্যয় উ: ক

Note: বিভক্তিহীন নাম শব্দকে প্রাতিপদিক বলে। যেমন : মুখ, পা, বই প্রভৃতি।

SELF TEST MCQ

০১. কোনটি স্বরভক্তি বা বিপ্রকর্ষ?
ক বিলাতি > বিলিতি খ স্বপ্ন > স্বপন
গ ফুল > ইফুল ঘ ছোট > ছোট্ট

০২. কোনটি অপিনিহিতির উদাহরণ?
ক বস > বইস খ সাধু > সাউধ
গ খই > নই ঘ করিয়া > কইরা > করে

০৩. '[illegible]' কীসের উদাহরণ?
ক ব্যঞ্জন বিকৃতি খ ব্যঞ্জনচ্যুতি
গ ধ্বনি বিপর্যয় ঘ বিষমীভবন

০৪. অপিনিহিতি পূর্ববর্তী স্বরধ্বনির সঙ্গে মিলিত হয়ে সে অনুসারে পরবর্তী স্বরধ্বনির যে পরিবর্তন ঘটায় তাকে কী বলে?
ক সমীভবন খ অপিনিহিতি
গ অভিশ্রুতি ঘ ধ্বনি বিপর্যয়

০৫. কোনটি স্বরলোপের উদাহরণ?
ক উদ্ধার > ধার খ বাক্স > বাস্ক
গ পাকা > পাক্কা ঘ কাঁদনা > কান্না

০৬. কোনটি বর্ণচ্যুতির উদাহরণ?
ক ফুল > ইফুল খ বউ দিদি > বৌদি
গ মিস্ত্রী > মিস্ত্রি ঘ লক্ষ্য > লইখ্যা

০৭. ই-কারের বিলোপ ঘটেছে কোনটিতে?
ক করাতে > করাত খ কাঁদনা > কান্না
গ লাফ > ফাল ঘ লক্ষ্য > লইখ্যা

০৮. 'অলাবু > লাউ' কোন ধরনের ধ্বনি পরিবর্তন?
ক স্বরলোপ খ স্বরাগম
গ সমীকরণ ঘ পরাগত

০৯. কোনগুলো মধ্য স্বরাগমের উদাহরণ?
ক স্নেহ > সিনেহ, দর্শন > দরিশন খ রত্ন > রতন, ধর্ম > ধরম
গ ই > ইই, ফুল > ইফুল ঘ গ্রাম > গেরাম, প্রেক > পেরেক

১০. কোনটি প্রগত স্বরসঙ্গতি?
ক তুলা > তুলো খ মোজা > মুজো
গ দেশি > দিশি ঘ বিলাতি > বিলিতি

১১. কোনটি অন্ত্য স্বরাগমের উদাহরণ?
ক সাউধ খ আস্পর্ধা
গ স্বপন ঘ বেঞ্চি

১২. ব্যঞ্জন বিকৃতির উদাহরণ কোনটি?
ক ধাইমা > দাইমা খ ফলাহার > ফলার
গ বড়দাদা > বড়দা ঘ সকাল > সক্কাল

১৩. ধ্বনি পরিবর্তন ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?
ক রূপতত্ত্বে খ ধ্বনিতত্ত্বে
গ বাক্যতত্ত্বে ঘ অর্থতত্ত্বে

১৪. কোনটি ধ্বনি পরিবর্তনের সঙ্গে সম্পৃক্ত?
ক বক্তার হাসিমুখে কথা বলা খ বক্তার মৃদু আওয়াজ
গ বক্তার জিহ্বার জড়তা ঘ বক্তার কম কথা বলা

১৫. কোনগুলো চলিত বাংলায় স্বরসঙ্গতি?
ক বসতি > বসতি খ বিলাতি > বিলিতি
গ গিলা > গেলা, মিঠা > মিঠে ঘ মুলা >মুলো, দেশি > দিশি

OMR

০১.ক খ গ ঘ	০২.ক খ গ ঘ	০৩.ক খ গ ঘ	০৪.ক খ গ ঘ	০৫.ক খ গ ঘ
০৬.ক খ গ ঘ	০৭.ক খ গ ঘ	০৮.ক খ গ ঘ	০৯.ক খ গ ঘ	১০.ক খ গ ঘ
১১.ক খ গ ঘ	১২.ক খ গ ঘ	১৩.ক খ গ ঘ	১৪.ক খ গ ঘ	১৫.ক খ গ ঘ

Answer

১৫.গ	১৪.গ	১৩.খ	১২.ক	১১.ঘ	১০.ক	০৯.গ	০৮.ক
০৭.ক	০৬.খ	০৫.ক	০৪.গ	০৩.গ	০২.খ	০১.খ	

SELF TEST লিখিত

প্রশ্ন :

০১. 'Vowel harmony' এর বাংলায় 'স্বরসঙ্গতি' নামকরণ করেছেন কে?
০২. সমীভবন হয় মূলত কোন ক্ষেত্রে?
০৩. সংজ্ঞা লেখ : স্বরভক্তি, অপিনিহিতি ও অভিশ্রুতি।
০৪. সংজ্ঞা লেখ : জোড়কলম শব্দ, লোকনিরুক্তি ও সংকোচন।

উত্তর :

০১. 'Vowel harmony' এর বাংলায় 'স্বরসঙ্গতি' নামকরণ করেন সুনীতিকুমার চট্টোপাধ্যায়।
০২. ব্যঞ্জনের ক্ষেত্রে।
০৩. আলোচনা অংশ দ্রষ্টব্য।
০৪. আলোচনা অংশ দ্রষ্টব্য।

CamScanner

অধ্যায় ০৯ সন্ধি ও সন্ধি প্রকরণ Treaty & Types of treaties

সন্ধির সংজ্ঞা, প্রকার, উদ্দেশ্য ও নানা তথ্য

- সংজ্ঞা : 'সন্ধি' শব্দের অর্থ 'মিলন'। সন্নিহিত দুটি ধ্বনি মিলিত হয়ে এক ধ্বনিতে রূপান্তরিত হওয়াকে সন্ধি বলে। একে ধ্বনিসংযোগও বলা হয়। যেমন : মরু + উদ্যান = মরূদ্যান, বহিঃ + কার = বহিষ্কার। বাংলা ভাষায় উপসর্গ, প্রত্যয় ও সমাস প্রক্রিয়ায় শব্দগঠনের ক্ষেত্রে সন্ধির সূত্র কাজে লাগে।
- ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, 'বর্ণদ্বয়ের মিলনকে সন্ধি বলে।'
- অন্যভাবে বলা যায়, 'সন্ধি' শব্দের ব্যুৎপত্তি সম্ + ধি (√ধা + ই)। এখানে 'সম' অর্থ একসঙ্গে এবং 'ধি' অর্থ ধরে রাখে যে। অর্থাৎ যে প্রক্রিয়ায় একাধিক শব্দকে একসঙ্গে ধরে রাখা যায় তাকে সন্ধি বলে। ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে, সকল ভাষাতেই সন্ধি আছে, তবে সে সন্ধির নিয়ম ভাষাভেদে পৃথক হইয়া থাকে। অবশ্য সন্ধির এ বর্ণের মিলনকে ভাষাতাত্ত্বিকরা ধ্বনির মিলন বলে অভিহিত করেছেন।
- প্রকারভেদ : সন্ধি তিন প্রকার। যথা : i. স্বরসন্ধি ii. ব্যঞ্জনসন্ধি iii. বিসর্গ সন্ধি।
- সন্ধির উদ্দেশ্য :
  - i. সন্ধি হলো ধ্বনির মিলন।
  - ii. সন্ধির ফলে নতুন শব্দ তৈরি হতে পারে।
  - iii. ধ্বনিগত মাধুর্য সম্পাদন।
  - iv. সন্ধির ফলে উচ্চারণে সহজতা আসে।
  - v. সন্ধির ফলে শব্দের আকৃতি ছোট হয়।
- সন্ধি সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি :
  - i. বাংলা ক্রিয়াপদের সঙ্গে অন্য কোনো পদের সন্ধি হয় না।
  - ii. সন্ধি ব্যাকরণের ধ্বনিতত্ত্ব অংশে আলোচনা করা হয়।
  - iii. খাঁটি বাংলায় বিসর্গ সন্ধি হয় না।
  - iv. সন্ধিতে শব্দের ক্রম অক্ষুণ্ন থাকে। যেমন : বিদ্যা + আলয় = বিদ্যালয়।

নতুন ব্যাকরণ 'বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি ৯ম-১০ম শ্রেণি' অনুযায়ী সন্ধি

স্বরসন্ধি

০১. স্বরসন্ধি : স্বরধ্বনির সঙ্গে স্বরধ্বনির মিলনকে স্বরসন্ধি বলে। স্বরসন্ধির সূত্র :

- অ/আ + অ/আ = আ। যেমন : উত্তর + অধিকার = উত্তরাধিকার, আশা + অতীত = আশাতীত।
- ই/ঈ + ই/ঈ = ঈ। যেমন : অতি + ইন্দ্রিয় = অতীন্দ্রিয়, পরি + ঈক্ষা = পরীক্ষা
- উ/ঊ + উ/ঊ = ঊ। যেমন : মরু + উদ্যান = মরূদ্যান
- অ/আ + ই/ঈ = এ। যেমন : শুভ + ইচ্ছা = শুভেচ্ছা
- অ/আ + উ/ঊ = ও। যেমন : সূর্য + উদয় = সূর্যোদয়
- অ/আ + ঋ = অর্। যেমন : মহা + ঋষি = মহর্ষি
- অ/আ + ঋত = আর্। যেমন : শীত + ঋত = শীতার্ত
- অ/আ + এ/ঐ = ঐ। যেমন : জন + এক = জনৈক
- অ/আ + ও/ঔ = ঔ। যেমন : বন + ওষধি। বনৌষধি
- ই/ঈ + অন্য স্বর = য্ + স্বর। যেমন : প্রতি + এক = প্রত্যেক
- উ/ঊ + অন্য স্বর = ব্ + স্বর। যেমন : সু + অল্প = স্বল্প
- ঋ + অন্য স্বর = র্ + স্বর। যেমন : পিতৃ + আলয় = পিত্রালয়
- এ + অন্য স্বর = অয্ + স্বর। যেমন : শে + অন = শয়ন
- ঐ + অন্য স্বর = আয্ + স্বর। যেমন : নৈ + অক = নায়ক
- ও + অন্য স্বর = অব্ + স্বর। যেমন : গো + আদি = গবাদি
- ঔ + অন্য স্বর = আব্ + স্বর। যেমন : নৌ + ইক = নাবিক
- কিছু স্বরসন্ধি সূত্র অনুসরণ করে না, সেগুলোকে নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি বলে। যেমন - কুল + অটা = কুলটা (সূত্র অনুসারে কুলাটা হওয়ার কথা)। গো + অক্ষ = গবাক্ষ (সূত্র অনুসারে গবক্ষ হওয়ার কথা) ইত্যাদি।

ব্যঞ্জনসন্ধি

০২. ব্যঞ্জনসন্ধি

স্বরে-ব্যঞ্জনে, ব্যঞ্জনে-স্বরে ও ব্যঞ্জনে-ব্যঞ্জনে যে সন্ধি হয়, তাকে ব্যঞ্জনসন্ধি বলে।

ক. স্বর + ব্যঞ্জন

স্বর + ছ = স্বর + চ্ছ। যেমন - কথা + ছলে = কথাচ্ছলে, পরি + ছেদ = পরিচ্ছেদ। এখানে পূর্ববর্তী স্বরের প্রভাবে পরবর্তী ছ-এর জায়গায় চ্ছ হয়েছে।

খ. ব্যঞ্জন + স্বর

ক/চ/ট/ত/প + স্বর = গ/জ/ড(ড়)/দ/ব। যেমন : দিক + অন্ত = দিগন্ত, সৎ + উপায় = সদুপায়।

স্বরধ্বনিগুলো ঘোষবৎ হয়। এখনে ঘোষবৎ স্বরধ্বনির (ক, চ, ট, ত, প) প্রভাবে পূর্ববর্তী অঘোষ ধ্বনি পরিবর্তিত হয়ে ঘোষধ্বনিতে (গ, জ, ড, দ, ব) পরিণত হয়।

গ. ব্যঞ্জন + ব্যঞ্জন

ব্যঞ্জনসন্ধিতে একটি ধ্বনির প্রভাবে পার্শ্ববর্তী ধ্বনি পরিবর্তিত হয়ে যায়। যেমন :

চলৎ + চিত্র = চলচ্চিত্র (এখানে চ-এর প্রভাবে ত হয়েছে চ)
বিপদ্ + জনক = বিপজ্জনক (এখানে জ-এর প্রভাবে দ হয়েছে জ)
উৎ + লাস = উল্লাস (এখানে ল -এর প্রভাবে ত হয়েছে ল)
বাক্ + দান = বাগ্‌দান (এখানে ঘোষধ্বনি দ-এর প্রভাবে ক হয়েছে গ)
তৎ + মধ্যে = তন্মধ্যে (এখানে নাসিক্য ধ্বনি ম-এর প্রভাবে ত হয়েছে ন)
শম্ + কা = শঙ্কা (এখানে কণ্ঠ্যধ্বনি ক-এর প্রভাবে ম হয়েছে ঙ)
সম্ + চয় = সঞ্চয় (এখানে তালব্যধ্বনি চ-এর প্রভাবে ম হয়েছে ঞ)
সম্ + তাপ = সন্তাপ (এখানে দন্ত্যধ্বনি ত-এর প্রভাবে ম হয়েছে ন)
সম্ + মান = সম্মান (এখানে ওষ্ঠ্যধ্বনি ম-এর প্রভাবে ম অপরিবর্তিত রয়েছে)
ষষ্ + থ = ষষ্ঠ (এখানে মূর্ধন্যধ্বনি ষ-এর প্রভাবে থ হয়েছে ঠ)

কিছু ব্যঞ্জনসন্ধি নিয়ম ছাড়া হয়, সেগুলোকে নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি বলে। যেমন : গো + পদ = গোষ্পদ, এক + দশ = একাদশ, বৃহৎ + পতি = বৃহস্পতি ইত্যাদি।

বিসর্গসন্ধি

০৩. বিসর্গসন্ধি

বিসর্গসন্ধিতে বিসর্গের কয়েক ধরনের পরিবর্তন লক্ষ করা যায় :

- বিসর্গ বিদ্যমান থাকে : মনঃ + কষ্ট = মনঃকষ্ট, অধঃ + পতন = অধঃপতন, বয়ঃ + সন্ধি = বয়ঃসন্ধি
- বিসর্গ 'ও' হয়ে যায় : মনঃ + যোগ = মনোযোগ, তিরঃ + ধান = তিরোধান, তপঃ + বন = তপোবন
- বিসর্গ 'র্' হয়ে যায় : নিঃ + আকার = নিরাকার, পুনঃ + মিলন = পুনর্মিলন, আশীঃ + বাদ = আশীর্বাদ
- বিসর্গ শ/ষ/স্ হয় : নিঃ + চয় = নিশ্চয়, দুঃ + কর = দুষ্কর, পুরঃ + কার = পুরস্কার
- কিছু কিছু সন্ধিতে পূর্ববর্তী স্বর দীর্ঘ হয় : নিঃ + রব = নীরব, নিঃ + রস = নীরস, নিঃ + রোগ = নীরোগ।

CamScanner

বাংলা শব্দের সন্ধি

➤ **প্রকারভেদ :** বাংলা সন্ধি দু'রকমের। যথা : ১. স্বরসন্ধি ও ২. ব্যঞ্জনসন্ধি।

০১. স্বরসন্ধি : স্বরধ্বনির সঙ্গে স্বরধ্বনি মিলে যে সন্ধি হয়, তাকে স্বরসন্ধি বলে।

➤ **সূত্র (এক) :** সন্ধিতে দুটো সন্নিহিত স্বরের একটির লোপ হয়। যেমন :

i. অ + এ = এ (অ লোপ)।
যেমন : শত + এক = শতেক, কত + এক = কতেক।

ii. আ + আ = আ (একটি আ লোপ)।
যেমন : শাঁখা + আরি = শাঁখারি, রুপা + আলি = রুপালি।

iii. আ + উ = উ (আ লোপ)।
যেমন : মিথ্যা + উক = মিথ্যুক। এরূপ- হিংসুক, নিন্দুক ইত্যাদি।

iv. ই + এ = ই (এ লোপ)। যেমন : কুড়ি + এক = কুড়িক, গুটি + এক = গুটিক, নদী + এর = নদীর, পনি + এর = পনির। এরূপ : ধনিক, আশির।

➤ **সূত্র (দুই) :** কোনো কোনো ছলে পাশাপাশি দুটো স্বরের শেষেরটি লোপ পায়। যেমন : যা + ইচ্ছা + তাই = যাচ্ছেতাই। এখানে (আ + ই) এর মধ্যে 'ই' লোপ পেয়েছে।

➤ **সূত্র (তিন) :** শেষে স্বরধ্বনি আছে এমন ধাতুর পরে 'আ' প্রত্যয় এলে ঐ আ ধ্বনি 'ওয়া' হয়ে যায়। যেমন : যা + আ = যাওয়া, হ + আ = হওয়া।

০২. ব্যঞ্জনসন্ধি : স্বরে ব্যঞ্জনে, ব্যঞ্জনে আর ব্যঞ্জনে এবং ব্যঞ্জনে আর স্বরে মিলিত হয়ে যে সন্ধি হয় তাকে ব্যঞ্জনসন্ধি বলে। প্রকৃত বাংলা ব্যঞ্জনসন্ধি সমীভবন (assimilation)-এর নিয়মেই হয়ে থাকে। আর তা-ও মূলত কথ্য রীতিতে সীমাবদ্ধ।

i. প্রথম ধ্বনি অঘোষ এবং পরবর্তী ধ্বনি ঘোষ হলে, দুটো মিলে ঘোষ ধ্বনি দ্বিত্ব হয়। অর্থাৎ সন্ধিতে ঘোষ ধ্বনির পূর্ববর্তী অঘোষ ধ্বনিও ঘোষ হয়। যেমন : ছোট + দা = ছোড়দা।

ii. হলন্ত র্ (বদ্ধ অক্ষর বিশিষ্ট) ধ্বনির পরে অন্য ব্যঞ্জন ধ্বনি থাকলে র্ লুপ্ত হয়ে পরবর্তী ধ্বনি দ্বিত্ব হয়। যেমন : আর্ + না = আন্না, চার্ + টি = চাট্টি, ধর্ + না = ধন্না, দুর্ + ছাই = দুচ্ছাই ইত্যাদি।

iii. চ-বর্গীয় ধ্বনির আগে যদি ত-বর্গীয় ধ্বনি আসে তাহলে, ত-বর্গীয় ধ্বনি লোপ হয় এবং চ-বর্গীয় ধ্বনির দ্বিত্ব হয়। অর্থাৎ ত-বর্গীয় ধ্বনি ও চ-বর্গীয় ধ্বনি পাশাপাশি এলে প্রথমটি লুপ্ত হয়ে পরবর্তী ধ্বনিটি দ্বিত্ব হয়। যেমন : নাত + জামাই = নাজ্জামাই (ত্ + জ্ = জ্জ), বদ্ + জাত = বজ্জাত, হাত + ছানি = হাচ্ছানি।

iv. 'প'-এর পরে 'চ' এবং 'স'-এর পরে 'ত' এলে চ ও ত- এর স্থলে শ হয়। যেমন : পাঁচ + শ = পাঁশ্, সাত + শ = সাশ্, পাঁচ + সিকা = পাঁশ্শিকা।

v. হলন্ত ধ্বনির সাথে স্বরধ্বনি যুক্ত হলে স্বরের লোপ হয় না। যেমন : বোন + আই = বোনাই, চুন + আরি = চুনারি, তিল + এক = তিলেক, বার + এক = বারেক, তিন + এক = তিনেক, কত + এক = কতেক।

vi. স্বরধ্বনির পরে ব্যঞ্জনধ্বনি এলে স্বরধ্বনিটি লুপ্ত হয়। যেমন : কাঁচা + কলা = কাঁচকলা, নাতি + বৌ = নাতবৌ, ঘোড়া + দৌড় = ঘোড়দৌড়, ঘোড়া + গাড়ি = ঘোড়গাড়ি ইত্যাদি।

তৎসম শব্দের সন্ধি

➤ বাংলা ভাষায় ব্যবহৃত তৎসম সন্ধি তিন প্রকার। যথা : ১. স্বরসন্ধি ২. ব্যঞ্জনসন্ধি ও ৩. বিসর্গ সন্ধি।

স্বরসন্ধি

➤ **সূত্র ১ :** অ-কার বা আ-কারের পর অ-কার বা আ-কার থাকলে উভয়ে মিলে আ-কার হয়, আ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। যেমন :

অ + অ = আ	
নব + অন্ন = নবান্ন	শশ + অঙ্ক = শশাঙ্ক
নর + অধম = নরাধম	রূপ + অন্তর = রূপান্তর
স্ব + অধিকার = স্বাধিকার	স + অনুনাসিক = সানুনাসিক
স্ব + অধীন = স্বাধীন	স্ব + অক্ষর = স্বাক্ষর
চর + অচর = চরাচর	অপর + অপর = অপরাপর
গত + অনুগতিক = গতানুগতিক	পুর + অধ্যক্ষ = পুরাধ্যক্ষ
দ্বীপ + অয়ন = দ্বৈপায়ন	হিত + অহিত = হিতাহিত
অ + আ = আ	
হিম + আলয় = হিমালয়	রত্ন + আকর = রত্নাকর
সিংহ + আসন = সিংহাসন	জল + আতঙ্ক = জলাতঙ্ক
কুশ + আসন = কুশাসন	হত + আশ = হতাশ
যাত + আয়াত = যাতায়াত	চরণ + আশ্রিত = চরণাশ্রিত
স্ব + আয়ত্ত = স্বায়ত্ত	চন্দ্র + আনন = চন্দ্রানন
পাগল + আমি = পাগলামি	
আ + অ = আ	
মহা + অর্ঘ = মহার্ঘ	যথা + অর্থ = যথার্থ
কথা + অমৃত = কথামৃত	তথা + অপি = তথাপি
নিন্দা + অই = নিন্দাই	যথা + যথ = যথাযথ
মহা + অরণ্য = মহারণ্য	ত্বরা + অন্বিত = ত্বরান্বিত
ব্যথা + আতুর = ব্যথাতুর	সন্ধ্যা + অবধি = সন্ধ্যাবধি
কটা + অক্ষ = কটাক্ষ	হস্ত + অন্তর = হস্তান্তর
আ + আ = আ	
মহা + আশয় = মহাশয়	সদা + আনন্দ = সদানন্দ
বিদ্যা + আলয় = বিদ্যালয়	ক্ষুধা + আতুর = ক্ষুধাতুর
মহা + আকাশ = মহাকাশ	ভাষা + আচার্য = ভাষাচার্য
কারা + আগার = কারাগার	ব্যথা + আতুর = ব্যথাতুর
কশা + আঘাত = কশাঘাত	শিলা + আনন্দ = শিলানন্দ
মাত্রা + আধিক্য = মাত্রাধিক্য	জমা + আনো = জমানো

➤ **সূত্র ২ :** ই-কার বা ঈ-কারের পর ই-কার বা ঈ-কার থাকলে উভয় মিলে ঈ-কার হয়। ঈ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। যেমন :

ই + ই = ঈ	
রবি + ইন্দ্র = রবীন্দ্র	অধি + ইন = অধীন
অতি + ইত = অতীত	অতি + ইব = অতীব
অভি + ইষ্ট = অভীষ্ট	মুনি + ইন্দ্র = মুনীন্দ্র
প্রতি + ইতি = প্রতীতি	গিরি + ইন্দ্র = গিরীন্দ্র
ই + ঈ = ঈ	
গিরি + ঈশ = গিরীশ	অধি + ঈশ্বর = অধীশ্বর
প্রতি + ঈক্ষা = প্রতীক্ষা	অভি + ঈপ্সা = অভীপ্সা
ক্ষিতি + ঈশ = ক্ষিতীশ	পৃথ্বি + ঈশ = পৃথ্বীশ
ঈ + ই = ঈ	
শচী + ইন্দ্র = শচীন্দ্র	রথী + ইন্দ্র = রথীন্দ্র
সুধী + ইন্দ্র = সুধীন্দ্র	যোগী + ইন্দ্র = যোগীন্দ্র
মহী + ইন্দ্র = মহীন্দ্র	
ঈ + ঈ = ঈ	
সতী + ঈশ = সতীশ	শ্রী + ঈশ = শ্রীশ

➤ **সূত্র ৩ :** উ-কার বা ঊ-কারের পর উ-কার বা ঊ-কার থাকলে উভয়ে মিলে ঊ-কার হয়। যেমন :

উ + উ = ঊ	
কটু + উক্তি = কটূক্তি	অনু + উদিত = অনূদিত
সু + উক্ত = সূক্ত	সু + উক্তি = সূক্তি
গুরু + উক্তি = গুরূক্তি	গুরু + উপদেশ = গুরূপদেশ
উ + ঊ = ঊ	
লঘু + ঊর্মি = লঘূর্মি	তনু + ঊর্দ্ধ = তনূর্দ্ধ
ঊ + উ = ঊ	
বধূ + উৎসব = বধূৎসব	বধূ + উক্তি = বধূক্তি
বধূ + উচিত = বধূচিত	
ঊ + ঊ = ঊ	
ভূ + ঊর্ধ্ব = ভূর্ধ্ব।	

CamScanner

সূত্র ৪ : অ-কার বা আ-কারের পর ই-কার বা ঈ-কার থাকলে উভয়ে মিলে এ-কার হয়। যেমন :

অ + ই = এ	
দেব + ইন্দ্র = দেবেন্দ্র	স্ব + ইচ্ছা = স্বেচ্ছা
গজ + ইন্দ্র = গজেন্দ্র	নর + ইন্দ্র = নরেন্দ্র
জয় + ইচ্ছা = জয়েচ্ছা	পূর্ণ + ইন্দু = পূর্ণেন্দু
শ্রবণ + ইন্দ্রিয় = শ্রবণেন্দ্রিয়	শুভ + ইচ্ছা = শুভেচ্ছা
আ + ই = এ	
মহা + ইন্দ্র = মহেন্দ্র	যথা + ইচ্ছা = যথেচ্ছা
যথা + ইষ্ট = যথেষ্ট	রসনা + ইন্দ্রিয় = রসনেন্দ্রিয়
অ + ঈ = এ	
অপ + ঈক্ষা = অপেক্ষা	গণ + ঈশ = গণেশ
পরম + ঈশ = পরমেশ	নর + ঈশ = নরেশ
রম + ঈশ = রমেশ	পর + ঈশ = পরেশ
আ + ঈ = এ	
মহা + ঈশ = মহেশ	মহা + ঈশ্বর = মহেশ্বর
রমা + ঈশ = রমেশ	লঙ্কা + ঈশ্বর = লঙ্কেশ্বর
ঢাকা + ঈশ্বরী = ঢাকেশ্বরী	মহা + ঈশ্বরী = মহেশ্বরী

সূত্র ৫ : অ-কার বা আ-কারের পর উ-কার বা ঊ-কার থাকলে উভয়ে মিলে ও-কার হয়। যেমন :

অ + উ = ও	
পর + উপকার = পরোপকার	নীল + উৎপল = নীলোৎপল
প্রশ্ন + উত্তর = প্রশ্নোত্তর	অরুণ + উদয় = অরুণোদয়
হিত + উপদেশ = হিতোপদেশ	ফল + উদয় = ফলোদয়
অ + ঊ = ও	
চল + ঊর্মি = চলোর্মি	নব + ঊঢ়া = নবোঢ়া
এক + ঊন = একোন	গৃহ + ঊর্দ্ধ = গৃহোর্দ্ধ
আ + উ = ও	
যথা + উচিত = যথোচিত	যথা + উপযুক্ত = যথোপযুক্ত
মহা + উৎসব = মহোৎসব	কথা + উপকথন = কথোপকথন
আ + ঊ = ও	
গঙ্গা + ঊর্মি = গঙ্গোর্মি	মহা + ঊর্মি = মহোর্মি

সূত্র ৬ : অ-কার বা আ-কারের পর ঋ-কার থাকলে উভয়ে মিলে 'অর্' হয় এবং তা রেফ (র্) রূপে পরবর্তী বর্ণের সাথে লেখা হয়। যেমন :

অ + ঋ = অর্	
দেব + ঋষি = দেবর্ষি	উত্তম + ঋণ = উত্তমর্ণ
সপ্ত + ঋষি = সপ্তর্ষি	অধম + ঋণ = অধমর্ণ
আ + ঋ = অর্	
রাজা + ঋষি = রাজর্ষি	মহা + ঋষি = মহর্ষি

সূত্র ৭ : অ-কার কিংবা আ-কারের পর 'ঋত'-শব্দ থাকলে (অ, আ + ঋ) উভয় মিলে 'আর্' হয় এবং বানানে পূর্ববর্তী বর্ণে আ ও পরবর্তী বর্ণে রেফ লেখা হয়। যেমন :

অ + ঋত = আর্	
শীত + ঋত = শীতার্ত	ভয় + ঋত = ভয়ার্ত
আ + ঋত = আর্	
ক্ষুধা + ঋত = ক্ষুধার্ত	তৃষ্ণা + ঋত = তৃষ্ণার্ত
পিপাসা + ঋত = পিপাসার্ত	

সূত্র ৮ : অ-কার বা আ-কারের পর এ-কার বা ঐ-কার থাকলে উভয়ে মিলে ঐ-কার হয়। যেমন :

অ + এ = ঐ	
দিন + এক = দৈনিক	সর্ব + এব = সর্বৈব
হিত + এষী = হিতৈষী	এক + এক = একৈক
অ + ঐ = ঐ	
মত + ঐক্য = মতৈক্য	রাজ + ঐশ্বর্য = রাজৈশ্বর্য
অতুল + ঐশ্বর্য = অতুলৈশ্বর্য	বিপুল + ঐশ্বর্য = বিপুলৈশ্বর্য
আ + এ = ঐ	
তথা + এবচ = তথৈবচ	সদা + এব = সদৈব
আ + ঐ = ঐ	
মহা + ঐশ্বর্য = মহৈশ্বর্য	মহা + ঐক্য = মহৈক্য

সূত্র ৯ : অ-কার বা আ-কারের পর ও-কার এবং ঔ-কার থাকলে উভয়ে মিলে ঔ-কার হয়। যেমন :

অ + ও = ঔ	
জল + ওকা = জলৌকা	বন + ওষধি = বনৌষধি
অ + ঔ = ঔ	
পরম + ঔষধ = পরমৌষধ	চিত্ত + ঔদার্য = চিত্তৌদার্য
আ + ও = ঔ	
মহা + ওষধি = মহৌষধি	গঙ্গা + ওঘ = গঙ্গৌঘ
আ + ঔ = ঔ	
মহা + ঔষধ = মহৌষধ	মহা + ঔৎসুক্য = মহৌৎসুক্য
মহা + ঔদার্য = মহৌদার্য	মহা + ঔপন্যাসিক = মহৌপন্যাসিক

সূত্র ১০ : ই-কার বা ঈ-কারের পর ই, ঈ ভিন্ন অন্য স্বর থাকলে ই, ঈ স্থানে য বা (্য ফলা) হয়। যেমন :

ই + অ = য-ফলা (্য)	
অতি + অন্ত = অত্যন্ত	বি + অবস্থা = ব্যবস্থা
আদি + অন্ত = আদ্যন্ত	অধি + অক্ষ = অধ্যক্ষ
প্রতি + অহ = প্রত্যহ	গতি + অন্তর = গত্যন্তর
যদি + অপি = যদ্যপি	নদী + উপকণ্ঠ = নদ্যুপকণ্ঠ
অতি + অধিক = অত্যাধিক	বি + অর্থ = ব্যর্থ
প্রতি + অয় = প্রত্যয়	জাতি + অভিমান = জাত্যভিমান
ই + আ = য-ফলা + া (্য + া)	
অতি + আচার = অত্যাচার	পরি + আপ্ত = পর্যাপ্ত
ইতি + আদি = ইত্যাদি	পরি + আলোচনা = পর্যালোচনা
প্রতি + আশা = প্রত্যাশা	প্রতি + আবর্তন = প্রত্যাবর্তন
ইতি + আদি = ইত্যাদি	অতি + আশ্চর্য = অত্যাশ্চর্য
ই + এ = ে + য-ফলা (্য)	
প্রতি + এক = প্রত্যেক	
ই + ঐ = ৈ + য-ফলা (্য)	
অতি + ঐশ্বর্য = অত্যৈশ্বর্য	
ই + উ = ু + য-ফলা (্য)	
প্রতি + উত্তর = প্রত্যুত্তর	অভি + উদয় = অভ্যুদয়
অতি + উক্তি = অত্যুক্তি	আদি + উপান্ত = আদ্যোপান্ত
বহ্নি + উৎসব = বহ্ন্যুৎসব	প্রতি + উপকার = প্রত্যুপকার
ই + ঊ = ূ + য-ফলা (্য)	
অতি + ঊর্ধ্ব = অত্যূর্ধ্ব	প্রতি + ঊষ = প্রত্যূষ
ঈ + আ = ্য + া-কার	
মসী + আধার = মস্যাধার	

সূত্র ১১ : উ-কার বা ঊ-কারের পর উ, ঊ ভিন্ন অন্য স্বর থাকলে উ বা ঊ স্থানে ব-ফলা হয়। যেমন :

উ + অ = ব	
অনু + অয় = অন্বয়	মনু + অন্তর = মন্বন্তর
সু + অচ্ছ = স্বচ্ছ	পশু + অধম = পশ্বধম
উ + আ = ব-ফলা + া কার	
সু + আগত = স্বাগত	পশু + আচার = পশ্বাচার
উ + ই = ব + ই-কার	
অনু + ইত = অন্বিত	
উ + ঈ = ব + ঈ-কার	
তনু + ঈ = তন্বী	
উ + ঊ = ূ + ব-ফলা	
ভূ + ঊর্ধ্ব = ভূর্ধ্ব	
উ + এ = ব্ + এ	
অনু + এষণ =অন্বেষণ	

সূত্র ১২ : ঋ-কারের পর ঋ-কার ভিন্ন অন্য স্বর থাকলে 'ঋ' স্থানে র-ফলা হয়। যেমন :

ঋ + আ = রা	
পিতৃ + আলয় = পিত্রালয়	পিতৃ + আদেশ = পিত্রাদেশ
পিতৃ + উপদেশ = পিত্রোপদেশ	মাতৃ + ইচ্ছা = মাত্রিচ্ছা
মাতৃ + উপদেশ = মাত্রুপদেশ	

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

➤ **সূত্র ১৩ :** স্বরবর্ণ পরে থাকলে এ-কারের স্থানে অয়, ঐ-কারের স্থানে আয়, ও-কারের স্থানে অব এবং ঔ-কারের স্থানে আব হয়। যেমন :

এ + অ = অয়	
নে + অন = নয়ন	নে + অন = নয়ন
ঐ + অ = আয়	
নৈ + অক = নায়ক	নৈ + অক = নায়ক
ও + অ = অব	
ভো + অন = ভবন	পো + অন = পবন
গো + অন = গবয়	স্রো + অন = স্রাবণ
ঔ + অ = আব	
পৌ + অক = পাবক	
ও + আ = অব্ + আ	
গো + আদি = গবাদি	গো + আলয় = গবালয়
ও + এ = অব + এ	
গো + এষণা = গবেষণা।	
ও + ই = অব + ই	
পো + ইত্র = পবিত্র।	
ঔ + ই = আব্ + ই	
নৌ + ইক = নাবিক	
ঔ + উ = আব + উ	
ভৌ + উক = ভাবুক	

নিপাতনে সিদ্ধ সন্ধি

নিপাতনে সিদ্ধ স্বরসন্ধির উদাহরণ :

প্র + এষণ = প্রেষণ	বিশ্ব + ওষ্ঠ = বিম্বোষ্ঠ
প্র + ঊঢ় = প্রৌঢ় (প্রোঢ় নয়)	সীমন্ + অন্ত = সীমন্ত
মার্ত + অণ্ড = মার্তণ্ড	গো + ইন্দ্র = গবেন্দ্র
অন্য + অন্য = অন্যান্য	শুদ্ধ + ওদন = শুদ্ধোদন
গো + ঈশ্বর = গবেশ্বর	স্ব + ঈর = স্বৈর
অক্ষ + ঊহিণী = অক্ষৌহিণী	স্ব + ঈরিণী = স্বৈরিণী
শার + অঙ্গ = শারঙ্গ	রক্ত + ওষ্ঠ = রক্তোষ্ঠ
স্ব + ঈয় = স্বীয়	কুল + অটা = কুলটা (কলাটা নয়)

ছন্দে ছন্দে নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি :

রাজা শুদ্ধোদন মার্তণ্ড দেখবে বলে গবাক্ষ দিয়ে তাকালে দেখতে পায় সীমন্ত এলোমেলো, রক্তোষ্ঠ, বিম্বোষ্ঠ কুলটা নারী এবং সে প্রৌঢ় ও অন্যান্য কে নিয়ে শারঙ্গ বাজাচ্ছে। পরে রাজা অক্ষৌহিণী ও স্বৈরিণীকে বলল নারীটিকে অপহরণ করতে।

ব্যঞ্জনসন্ধি

ব্যঞ্জন-স্বরে সন্ধি : ➤ **সূত্র ১ :** পূর্বপদের শেষে বর্গের প্রথম ব্যঞ্জন (ক্/চ/ট্/ত্/প্) থাকলে, আর পরপদের প্রথমটি স্বরধ্বনি হলে ব্যঞ্জনধ্বনিটি ওই বর্গের তৃতীয় ধ্বনিতে অর্থাৎ ক্ স্থানে গ্, চ্ স্থানে জ্, ট্ স্থানে ড্/ড়্, ত্ স্থানে দ্, প্ স্থানে ব্ হয়। পরপদের স্বরধ্বনি বর্গের তৃতীয় ধ্বনির সঙ্গে যুক্ত হয় অর্থাৎ বর্গীয় ১ম ধ্বনি + স্বরধ্বনি = বর্গীয় ৩য় ধ্বনি। যেমন :

দিক্ + অন্ত = দিগন্ত	প্রাক্ + উক্ত = প্রাগুক্ত
বাক্ + আড়ম্বর = বাগাড়ম্বর	ণিচ্ + অন্ত = ণিজন্ত
ষট্ + অঙ্গ = ষড়ঙ্গ	অচ্ + অন্ত = অজন্ত
ষট্ + ঐশ্বর্য = ষড়ৈশ্বর্য	অপ্ + ইন্ধন = অবিন্ধন
ষট্ + আনন = ষড়ানন	সৎ + আশয় = সদাশয়
ষট্ + ঋতু = ষড়ৃতু	শরৎ + ইন্দু = শরদিন্দু
মৃৎ + অঙ্গ = মৃদঙ্গ	সৎ + অসৎ = সদসৎ
সৎ + অর্থক = সদর্থক	সৎ + ইচ্ছা = সদিচ্ছা
সুপ্ + অন্ত = সুবন্ত	অপ্ + অগ্নি = অবগ্নি
কুৎ + অন্ত = কৃদন্ত	তৎ + অবধি = তদবধি
সৎ + উপায় = সদুপায়	জগৎ + ঈশ্ = জগদীশ
তত্ + অন্ত = তদন্ত	সৎ + উপদেশ = সদুপদেশ

স্বরে-ব্যঞ্জনে সন্ধি :

➤ **সূত্র ২ :** পূর্বপদের শেষে যদি স্বরধ্বনি থাকে এবং পরপদের প্রথম ধ্বনি ছ হয় তবে দুয়ের সন্ধিতে ছ্ ধ্বনি চ্ছ্ হয়ে যায়। স্বরধ্বনি চ্ছ্-এর সঙ্গে যুক্ত হয় অর্থাৎ স্বরধ্বনি + ছ = চ্ছ (দ্বিত্ব)। যেমন :

এক + ছত্র = একচ্ছত্র	আ + ছাদন = আচ্ছাদন
প্রতি + ছবি = প্রতিচ্ছবি	আ + ছন্ন = আচ্ছন্ন
বৃক্ষ + ছায়া = বৃক্ষচ্ছায়া	তরু + ছায়া = তরুচ্ছায়া
প্র + ছদ = প্রচ্ছদ	পরি + ছদ = পরিচ্ছদ (পোশাক)
মুখ + ছবি = মুখচ্ছবি	বি + ছিন্ন = বিচ্ছিন্ন
পরি + ছন্ন = পরিচ্ছন্ন	বি + ছেদ = বিচ্ছেদ
আলোক + ছটা = আলোকচ্ছটা	অঙ্গ + ছেদ = অঙ্গচ্ছেদ

ব্যঞ্জনে-ব্যঞ্জনে সন্ধি :

➤ **সূত্র ৩ :** আগে ত্ বা দ্ আর পরে চ্ বা ছ্ থাকলে ত্ বা দ্ স্থানে চ্ হয় অর্থাৎ ত্/দ + চ = চ্চ, ত্/দ + ছ = চ্ছ। যেমন :

উৎ + চকিত = উচ্চকিত	তদ্ + চিত্র = তচ্চিত্র
শরৎ + চন্দ্র = শরচ্চন্দ্র	বিপদ্ + চিন্তা = বিপচ্চিন্তা
উৎ + চারণ = উচ্চারণ	দুৎ + চার = দুশ্চার
সৎ + চরিত্র = সচ্চরিত্র	সৎ + চিন্তা = সচ্চিন্তা
উৎ + ছিন্ন = উচ্ছিন্ন	তদ্ + ছবি = তচ্ছবি
চলৎ + ছবি = চলচ্ছবি	তদ্ + ছিদ্র = তচ্ছিদ্র
উৎ + ছেদ = উচ্ছেদ	বিপদ + চয় = বিপচ্চয়
বিপদ + চয় = বিপচ্চয়	বিপদ + ছায়া = বিপচ্ছায়া

➤ **সূত্র ৪ :** আগে ত্ বা দ্ এবং পরে ড্ বা ঢ্ থাকলে ত্ বা দ্ স্থানে ড্ হয় অর্থাৎ ত্/দ + ড = ড্ড। যেমন :

উৎ + ডীন = উড্ডীন	মহৎ + ডমরু = মহড্ডমরু
মহৎ + ডঙ্কা = মহড্ডঙ্কা	বৃহৎ + ঢক্কা = বৃহঢ্ঢক্কা
এতদ্ + ঢক্কা = এতড্ঢক্কা	

➤ **সূত্র ৫ :** আগে ত্ বা দ্ এবং পরে জ্ বা ঝ্ থাকলে সন্ধিতে ত্ বা দ্ স্থানে জ্ হয় অর্থাৎ ত্/দ + জ = জ্জ, ত্/দ + ঝ = জ্ঝ। যেমন :

উৎ + জীবিত = উজ্জীবিত	তদ্ + জন্য = তজ্জন্য
বিদ্বৎ + জন = বিদ্বজ্জন	বদ্ + জাত = বজ্জাত
উৎ + জ্বল = উজ্জ্বল	তদ্ + জাতীয় = তজ্জাতীয়
যাবৎ + জীবন = যাবজ্জীবন	বিপদ্ + জাল = বিপজ্জাল
তৎ + জন্য = তজ্জন্য	সৎ + জন = সজ্জন
কুৎ + ঝটিকা = কুজ্ঝটিকা	বিপদ্ + ঝঞ্ঝা = বিপজ্ঝঞ্ঝা
নাত্ + জামাই = নাজ্জামাই	

➤ **সূত্র ৬ :** আগে ত্ বা দ্ (এমনকি ধ্) এবং পরে ন্ থাকলে ত্ বা দ্ (এমনকি ধ-ও) ন হয়ে যায় এবং পরের ন্-এর সঙ্গে মিলে ন্ন হয় অর্থাৎ ত্/দ্/ধ + ন = ন্ন। যেমন :

উৎ + নতি = উন্নতি	তদ্ + নিমিত্ত = তন্নিমিত্ত
জগৎ + নাথ = জগন্নাথ	তদ্ + নিষ্ঠ = তন্নিষ্ঠ
ক্ষুধ্ + নিবৃত্তি = ক্ষুন্নিবৃত্তি	উৎ + নয়ন = উন্নয়ন

➤ **সূত্র ৭ :** আগে ত্ বা দ্ এবং পরে ম্ থাকলে ত্ বা দ্ সন্ধিতে ন্ হয়ে যায় এবং পরের ম্ এর সঙ্গে মিলে ন্ম হয় অর্থাৎ ত্/দ + ম = ন্ম। যেমন :

মৃৎ + ময় = মৃন্ময়	তৎ + ময় = তন্ময়
সৎ + মার্গ = সন্মার্গ	বিপদ্ + মাত্র = বিপন্মাত্র
উৎ + মার্গ = উন্মার্গ	তদ্ + মাত্র = তন্মাত্র
উৎ + মনা = উন্মনা	তৎ + মধ্যে = তন্মধ্যে

➤ **সূত্র ৮ :** আগে ত্ বা দ্ এবং পরে ল্ থাকলে ত্ বা দ্ সন্ধিতে ল্ হয়ে যায়। ল্ পরের ল-এর সঙ্গে মিলে 'ল্ল' হয় অর্থাৎ ত্/দ + ল = ল্ল। যেমন :

সম্পদ্ + লাভ = সম্পল্লাভ	তদ্ + লিখিত = তল্লিখিত
উৎ + লেখ = উল্লেখ	উৎ + লিখিত = উল্লিখিত
উৎ + লম্ব = উল্লম্ব	উৎ + লঙ্ঘন = উল্লঙ্ঘন

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

সূত্র ১৩ : আগে ত্ বা দ্ এবং পরে হ্ থাকলে দুইয়ে মিলে দ্ধ (দ + ধ) হয় অর্থাৎ ত্/দ + হ = দ্ধ। যেমন :

উৎ + হত = উদ্ধত	তদ্ + হিত = তদ্ধিত
উৎ + হৃত = উদ্ধৃত	পদ্ + হতি = পদ্ধতি
উৎ + হার = উদ্ধার	উৎ + হরণ = উদ্ধরণ

সূত্র ১৪ : আগে ত্ বা দ্ এবং পরে শ্ থাকলে দুইয়ে মিলে চ্ছ হয় অর্থাৎ ত/দ + শ = চ্ছ। যেমন :

উৎ + শৃঙ্খল = উচ্ছৃঙ্খল	তদ্ + শ্রবণে = তচ্ছ্রবণে
চলৎ + শক্তি = চলচ্ছক্তি	তদ্ + শক্তি = তচ্ছক্তি
উৎ + শ্বাস = উচ্ছ্বাস	

সূত্র ১৫ : উৎ-উপসর্গের পরে 'স্থা' ধাতুযোগে সন্ধিতে 'স্থা' ধাতুর প্রথম ধ্বনি তথা স্ লুপ্ত হয়। যেমন :

উৎ + স্থান = উত্থান	উৎ + স্থাপন = উত্থাপন
উৎ + স্থিত = উত্থিত	উৎ + স্থিতি = উত্থিতি

সূত্র ১৬ : আগে দ্ বা ৎ এবং পরে ক্, প্ বা স্ ধ্বনি থাকলে দ্ বা ৎ স্থানে ত্ (ৎ) হয় অর্থাৎ দ/ৎ + ক/প/স = ত (ৎ)। যেমন :

তদ্ + কাল = তৎকাল	তদ্ + সন্নিহিত = তৎসন্নিহিত
তদ্ + পর = তৎপর	বিপদ্ + কাল = বিপৎকাল
তদ্ + কাল = তৎকাল	ক্ষুধ্ + কাতর = ক্ষুৎকাতর
হৃদ্ + পিণ্ড = হৃৎপিণ্ড	এতদ্ + সত্ত্বেও = এতৎসত্ত্বেও
তদ্ + পুরুষ = তৎপুরুষ	বিপদ্ + সঙ্কুল = বিপৎসঙ্কুল
তদ্ + পরতা = তৎপরতা	হৃদ্ + স্পন্দন = হৃৎস্পন্দন
তদ্ + সম = তৎসম	ক্ষুধ্ + পিপাসা = ক্ষুৎপিপাসা
সুহৃদ্ + সভা = সুহৃৎসভা	বিপদ্ + পাত = বিপৎপাত
আপদ্ + কাল = আপৎকাল	তৎ + ত্ব = তত্ত্ব

সূত্র ১৭ : ন্ কিংবা ম্ পরে থাকলে বর্গের প্রথম ধ্বনি সন্ধিতে পঞ্চম ধ্বনিতে পরিণত হয়। অর্থাৎ ক স্থানে ঙ্, চ স্থানে ঞ, ট্ স্থানে ণ্, ত স্থানে ন্ এবং প্ স্থানে ম্ হয় অর্থাৎ বর্গীয় ১ম ধ্বনি + ন/ম = বর্গীয় ৫ম ধ্বনি। যেমন :

দিক্ + নাগ = দিঙ্নাগ (বা দিগ্নাগ)	ষট + মাস = ষণ্মাস (> ষাণ্মাসিক)
পরাক্ + মুখ = পরাঙ্মুখ	উৎ + মেষ = উন্মেষ
দিক্ + নির্ণয় = দিঙ্নির্ণয় (বা দিগ্নির্ণয়)	ষট + নবতি = ষন্নবতি (বা ষড়নবতি)
বাক্ + ময় = বাঙ্ময়	জীবৎ + মৃত = জীবন্মৃত
বাক্ + নিষ্পত্তি = বাঙ্নিষ্পত্তি (বা বাগ্নিষ্পত্তি)	দিক্ + নিরূপণ = দিঙ্নিরূপণ (বা দিগ্নিরূপণ)
চিৎ + ময় = চিন্ময়	দিক্ + মণ্ডল = দিঙ্মণ্ডল
কিঞ্চিৎ + মাত্র = কিঞ্চিন্মাত্র	অপ + ময় = অম্ময়

সূত্র ১৮ : বর্গের প্রথম ধ্বনি আগে থাকলে এবং বর্গের তৃতীয় ও চতুর্থ ধ্বনির যে কোনোটি পরে থাকলে প্রথম ধ্বনিটি সন্ধিতে তৃতীয় ধ্বনিতে পরিণত হয় অর্থাৎ বর্গীয় ১ম ধ্বনি + বর্গীয় ৩য়/৪র্থ ধ্বনি = বর্গীয় ৩য় ধ্বনি। যেমন :

দিক্ + গজ = দিগ্গজ	দিক্ + দর্শন = দিগ্দর্শন
বাক্ + জাল = বাগ্জাল	বাক্ + দেবী = বাগ্দেবী
বাক্ + দত্তা = বাগ্দত্তা	দিক্ + বিজয় = দিগ্বিজয়
ঋক্ + বেদ = ঋগ্বেদ	বাক্ + বিন্যাস = বাগ্বিন্যাস
দিক্ + ভ্রম = দিগ্ভ্রম	ভগবৎ + গীতা = ভগবদ্গীতা
বাক্ + ধারা = বাগ্ধারা	দিক্ + ভ্রান্ত = দিগ্ভ্রান্ত
ষট্ + ঋতু = ষড়্ঋতু	ষট্ + দর্শন = ষড়্দর্শন
ষট্ + জ = ষড়্জ	উৎ + গত = উদ্গত
অপ্ + ধি = অব্ধি	ষট্ + ধা = ষড়্ধা
উৎ + ঘাটন = উদ্ঘাটন	ষট্ + বর্গ = ষড়্বর্গ
অপ্ + জ = অব্জ	ষট্ + বিংশ = ষড়্বিংশ
ষট্ + বিধ = ষড়্বিধ	ষট্ + ভুজ = ষড়্ভুজ
উৎ + বেগ = উদ্বেগ	হরিৎ + বর্ণ = হরিদ্বর্ণ
জগৎ + বন্ধু = জগদ্বন্ধু	জগৎ + বিখ্যাত = জগদ্বিখ্যাত
উৎ + ভব = উদ্ভব	তৎ + ভব = তদ্ভব
উৎ + ভিদ = উদ্ভিদ	বিদ্যুৎ + বেগ = বিদ্যুদ্বেগ
সৎ + বংশ = সদ্বংশ	সৎ + ভাব = সদ্ভাব
এত + দূর = এদ্দুর	সম্ + দর্শন = সন্দর্শন
উৎ + গিরন = উদ্গিরন	

সূত্র ১৯ : বর্গের প্রথম ধ্বনি (= ক/ট/ত/প) আগে থাকলে এবং য/র/ল/ব/হ্ পরে থাকলে প্রথম ধ্বনি সন্ধিতে ক্ষেত্রবিশেষে তৃতীয় ধ্বনিতে (= গ/জ/ড/দ/ব) পরিণত হয় অর্থাৎ বর্গীয় ১ম ধ্বনি + য/র/ল/ব/হ = বর্গীয় ৩য় ধ্বনি। যেমন :

বাক্ + যন্ত্র = বাগ্যন্ত্র	দিক্ + হস্তী = দিগ্হস্তী
ষট + যন্ত্র = ষড়্যন্ত্র	উৎ + যত = উদ্যত
ষট + রস = ষড়্রস	বৃহৎ + রথ = বৃহদ্রথ
উৎ + যাপন = উদ্যাপন	উৎ + যম = উদ্যম
উৎ + যোগ = উদ্যোগ	তৎ + রূপ = তদ্রূপ

সূত্র ২০ : আগে ম্ এবং তার পর ক/খ/প/ফ -এর যে কোনোটি থাকলে ম্ স্থানে অনুস্বার (ং) বা উঁয়ো (ঁ) হয় অর্থাৎ ম + ক বর্গীয় ধ্বনি = অনুস্বার (ং)। যেমন :

অলম্ + কার = অলংকার/অলঙ্কার	সম্ + খ্যা = সংখ্যা/সঙ্খ্যা
সম্ + কলন = সংকলন/সঙ্কলন	শুভম্ + কর = শুভংকর/শুভঙ্কর
অহম্ + কার = অহংকার/অহঙ্কার	কিম্ + কর = কিংকর/কিঙ্কর
সম্ + কেত = সংকেত/সঙ্কেত	সম্ + কীর্ণ = সংকীর্ণ/সঙ্কীর্ণ
সম্ + গীত = সংগীত/সঙ্গীত	সম্ + ঘাত = সংঘাত/সঙ্ঘাত

সূত্র ২১ : আগে ম্ এবং তার পরে ক থেকে ম পর্যন্ত যে কোনো ধ্বনি থাকলে পূর্বপদের ম্ স্থানে ঐ বর্গের পঞ্চম ধ্বনি হয় অর্থাৎ ম + বর্গীয় ধ্বনি = নাসিক্য ধ্বনি (ঙ, ঞ, ণ, ন, ম)। যেমন :

কিম্ + চিৎ = কিঞ্চিৎ	মৃত্যুম্ + জয় = মৃত্যুঞ্জয়
সম্ + জয় = সঞ্জয়	সম্ + পূরক = সম্পূরক
সম্ + চিত = সঞ্চিত	ধনম্ + জয় = ধনঞ্জয়
বরম্ + চ = বরঞ্চ	সম্ + জাত = সঞ্জাত
কিম্ + তু = কিন্তু	বসুম্ + ধারা = বসুন্ধরা
কিম্ + নর = কিন্নর	সম্ + ধান = সন্ধান
সম্ + পূর্ণ = সম্পূর্ণ	গম্ + তব্য = গন্তব্য
সম্ + পদ = সম্পদ	সম্ + ত্রাস = সন্ত্রাস
সম্ + মতি = সম্মতি	সম্ + প্রদান = সম্প্রদান
সম্ + বল = সম্বল	সম্ + বন্ধ = সম্বন্ধ
সম্ + মিলন = সম্মিলন	সম্ + বোধন = সম্বোধন
সম্ + সার = সংসার	সম্ + শুষ্ক = সংশুষ্ক
দম্ + শন = দংশন	কিম্ + বা = কিংবা
সম্ + তান = সন্তান	সম্ + জ্ঞা = সংজ্ঞা
শাম্ + ত = শান্ত	সম্ + ধি = সন্ধি
কিম্ + ভূত = কিম্ভূত (ব্যতিক্রম)	সম্ + কীর্ণ = সংকীর্ণ
সম্ + দর্শন = সন্দর্শন	

সূত্র ২২ : আগে ম্ এবং পরে অন্তঃস্থ ব্যঞ্জন (য/র/ল/ব) কিংবা উষ্মধ্বনি (শ/স/হ) থাকলে ঐ ম্ সন্ধিতে অনুস্বার (ং) হয় অর্থাৎ ম + য/র/ল/ব/শ/স/হ = অনুসার (ং)। যেমন :

সম্ + যম = সংযম	সম্ + রক্ষণ = সংরক্ষণ
সম্ + যোগ = সংযোগ	সম্ + যত = সংযত (নিয়ন্ত্রিত)
সম্ + রাগ = সংরাগ	সম্ + যুক্ত = সংযুক্ত
সম্ + লগ্ন = সংলগ্ন	কিম্ + বদন্তি = কিংবদন্তি
সম্ + লাপ = সংলাপ	বশম্ + বদ = বশংবদ
কিম্ + বা = কিংবা	সম্ + বর্ধনা = সংবর্ধনা
সম্ + বরণ = সংবরণ	সম্ + বিধান = সংবিধান
সম্ + বাদ = সংবাদ	স্বয়ম্ + বর = স্বয়ংবর
সম্ + শয় = সংশয়	সম্ + শোধন = সংশোধন
সম্ + শ্লেষ = সংশ্লেষ	সর্বম্ + সহা = সর্বংসহা
সম্ + সার = সংসার	সম্ + হার = সংহার
সম্ + হতি = সংহতি	সম্ + হত = সংহত
সম্ + গত = সংগত (গানের সাথে বাদ্যযন্ত্রের অনুসঙ্গ)	প্রিয়ম + বদ = প্রিয়ংবদা
স্বয়ম্ + বর = স্বয়ংবরা	সম্ + ঘ = সংঘ
সম্ + নাস = সন্ন্যাস	

সূত্র ২৩ : আগে চ বর্গের ধ্বনি এবং পরে ন্ ধ্বনি থাকলে ন্ ধ্বনি সন্ধিতে ঞ হয়ে যায় অর্থাৎ চ বর্গীয় ধ্বনি + ন = ঞ। যেমন :

যাচ্ + না = যাচ্ঞা	রাজ্ + নী = রাজ্ঞী
যজ্ + ন = যজ্ঞ	

সূত্র ২৪ : আগে মূর্ধন্য ষ এবং পরে ত্ বা থ্ থাকলে সন্ধিতে ত্ স্থানে ট্ ও থ্ স্থানে ঠ্ হয় অর্থাৎ ষ + ত = ট ; ষ + থ = ঠ। যেমন :

দ্রষ্ + তা = দ্রষ্টা	তুষ্ + ত = তুষ্ট
বৃষ্ + তি = বৃষ্টি	কৃষ্ + তি = কৃষ্টি

➤ **সূত্র ২১ :** আগে ধ্, ভ্ কিংবা হ্ থাকলে এবং পরে ত থাকলে সন্ধিতে ধ্ + ত স্থলে দ্ধ, ভ্ + ত স্থলে ব্ধ এবং হ্ + ত স্থলে দ্ধ হয়। যেমন :

বুধ্ + ত্ = বুদ্ধ	লভ্ + ত্ = লব্ধ
দুহ্ + ত্ = দুগ্ধ	বিমুহ্ + ত্ = বিমুগ্ধ

নিপাতনে সিদ্ধ সন্ধি

নিপাতনে সিদ্ধ সংস্কৃত ব্যঞ্জনসন্ধি :

আ + চর্য = আশ্চর্য	প্রায় + চিত্ত = প্রায়শ্চিত্ত
আ + পদ = আস্পদ	বন্ + পতি = বনস্পতি
বৃহৎ + ধর্ম = বৃহদ্ধর্ম	বাক্ + ঈশ্বরী = বাগেশ্বরী
হিন্ + সা = হিংসা	বিশ্ব + মিত্র = বিশ্বামিত্র
তদ্ + কর = তস্কর	সিন্ + হ = সিংহ

পতৎ + অঞ্জলি = পতঞ্জলি	মার্ত + অণ্ড = মার্তণ্ড
পর্ + পর = পরস্পর	ষট্ + দশ = ষোড়শ
পশ্চাৎ + অর্ধ = পশ্চার্ধ	হরি + চন্দ্র = হরিশ্চন্দ্র
দিব্ + লোক = দ্যুলোক	মনস্ + ঈষা = মনীষা
নৌ + য = নাব্য	এক + দশ = একাদশ
গো + য = গব্য	বৃহৎ + পতি = বৃহস্পতি

ছন্দে ছন্দে নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি :

বোম্বের নায়িকা মনীষা কৈরালার বৃহস্পতি ও বনস্পতি নামক দুই ছেলে ছিল। তাদের বয়স ছিল যথাক্রমে একাদশ ও ষোড়শ বছর। আচরণগত দিক থেকে পরস্পরের মধ্যে ভিন্নতা ছিল। তাদের ডাকনাম যথাক্রমে নাব্য ও গব্য। বনস্পতি ছিল তস্কর। সে গরু (গোস্পদ) চুরি করেছিল। এ ঘটনায় তার মামা পতঞ্জলি আশ্চর্যান্বিত হয়েছিলেন। শাস্তি থেকে বাঁচাতে তাদেরকে দ্যুলোকে পাঠিয়ে দিয়েছেন।

বিশেষ নিয়মে সাধিত ব্যঞ্জনসন্ধি

বিশেষ নিয়মে সাধিত ব্যঞ্জনসন্ধির দৃষ্টান্ত :

উৎ + স্থান = উত্থান	উৎ + স্থাপন = উত্থাপন	পরি + কার = পরিষ্কার	সম্ + কৃতি = সংস্কৃতি	পরি + কৃত = পরিষ্কৃত
সম্ + কার = সংস্কার	সম্ + কৃত = সংস্কৃত	সম্ + নিহিত = সন্নিহিত	মুড়্ + অক = মোড়ক	তাৎ + ক্ষণিক = তাৎক্ষণিক
উৎ + স্থাপিত = উত্থাপিত	গণ্ + য = গণ্য	সদ + আশয় = সদাশয়	রাঁধ + না = রান্না	নির্ + অবধি = নিরবধি

বিশেষ নিয়মে সাধিত ব্যঞ্জনসন্ধি মনে রাখার কৌশল :

সংসদে অপ সংস্কৃতির উত্থান ঠেকাতে সংস্কৃত ভাষার সংস্কার আইন পরিষ্কার ভাবে উত্থাপন করা হয়েছে।

বিসর্গ সন্ধি

বিসর্গ লোপ এবং অ-স্থানে ও :

➤ **সূত্র ১ :** পূর্বপদের শেষে যদি অঃ (=অস্) থাকে এবং পরপদের প্রথমে যদি বর্গের তৃতীয়, চতুর্থ বা পঞ্চম বর্ণের ধ্বনি থাকে তবে সন্ধির ফলে (অঃ) রূপান্তরিত হয়ে (ও) ধ্বনি হয় এবং পূর্ব বর্ণে যুক্ত হয়। যেমন :

অধঃ + গতি = অধোগতি	মনঃ + জগৎ = মনোজগৎ
অধঃ + গামী = অধোগামী	সদ্যঃ + জাত = সদ্যোজাত
পুরঃ + গামী = পুরোগামী	অধঃ + গমন = অধোগমন
মনঃ + গত = মনোগত	বয়ঃ + জ্যেষ্ঠ = বয়োজ্যেষ্ঠ
মনঃ + গামী = মনোগামী	মনঃ + জ = মনোজ
সরঃ + জ = সরোজ	মনঃ + দীপ = মনোদীপ
ত্রয়ঃ + দশ = ত্রয়োদশ	শিরঃ + দেশ = শিরোদেশ
ভূয়ঃ + দর্শী = ভূয়োদর্শী	অধঃ + ভাগ = অধোভাগ
তপঃ + ধন = তপোধন	তিরঃ + ধান = তিরোধান
মনঃ + নয়ন = মনোনয়ন	মনঃ + নীত = মনোনীত
বয়ঃ + বৃদ্ধ = বয়োবৃদ্ধ	অধঃ + বদন = অধোবদন
মনঃ + বাঞ্ছা = মনোবাঞ্ছা	ছন্দঃ + বদ্ধ = ছন্দোবদ্ধ
সরঃ + বর = সরোবর	মনঃ + ভাব = মনোভাব
অধঃ + মুখ = অধোমুখ	নভঃ + মণ্ডল = নভোমণ্ডল
অয়ঃ + ময় = অয়োময়	মনঃ + মোহিনী = মনোমোহিনী
ইতঃ + মধ্যে = ইতোমধ্যে	সদ্যঃ + মুক্ত = সদ্যোমুক্ত
সদ্যঃ + মৃত = সদ্যোমৃত	তেজঃ + ময়ী = তেজোময়ী
শিরঃ + উপরি = শিরোপরি	তপঃ + আধিক্য = তপোধিক্য

➤ **সূত্র ২ :** পূর্বপদের শেষে যদি অঃ (= অস্) থাকে এবং পরপদের প্রথমে যদি অন্তঃস্থ বর্ণ (য/র/ল) অথবা হ থাকে তবে অঃ রূপান্তরিত হয়ে ও-ধ্বনি হয় এবং পূর্ব বর্ণে যুক্ত হয়। যেমন :

যশঃ + ইচ্ছা = যশোচ্ছা	মনঃ + হরণ = মনোহরণ
অধঃ + রেখ = অধোরেখ	যশঃ + রশ্মি = যশোরশ্মি
মনঃ + রম = মনোরম	শিরঃ + রত্ন = শিরোরত্ন
মনঃ + লীন = মনোলীন	যশঃ + লিপ্সা = যশোলিপ্সা
যশঃ + লাভ = যশোলাভ	শ্রেয়ঃ + লাভ = শ্রেয়োলাভ
মনঃ + হ্যরী = মনোহ্যরী	মনঃ + হর = মনোহর

বিসর্গ লোপ ও বিসর্গের প্রভাবে পূর্বস্বরের বৃদ্ধি :

➤ **সূত্র ৩ :** পূর্বপদের শেষে র্-জাত বিসর্গযুক্ত ই-ধ্বনি বা উ-ধ্বনি এবং পরপদের গোড়ায় র থাকলে সন্ধিতে বিসর্গ লোপ পায় এবং ই বা উ-ধ্বনি দীর্ঘতা পেয়ে ঈ বা ঊ-ধ্বনি হয়। যেমন :

নিঃ + রক্ত = নীরক্ত	নিঃ + রন্ধ্র = নীরন্ধ্র
চক্ষু + রোগ = চক্ষূরোগ	

বিসর্গ-স্থানে র বা রেফ :

➤ **সূত্র ৪ :** অন্তঃ (অন্তর্), পুনঃ (পুনর্), প্রাতঃ (প্রাতর্) ইত্যাদির পর স্বরধ্বনি থাকলে সন্ধির ফলে বিসর্গ 'র' হয়ে পরবর্তী স্বরধ্বনির সঙ্গে যুক্ত হয়। যেমন :

অন্তঃ + অঙ্গ = অন্তরঙ্গ	পুনঃ + অধিকার = পুনরধিকার
অহঃ + অহ = অহরহ	অন্তঃ + আলোক = অন্তরালোক
পুনঃ + অপি = পুনরপি	পুনঃ + আবৃত্তি = পুনরাবৃত্তি
অন্তঃ + আত্মা = অন্তরাত্মা	পুনঃ + আগমন = পুনরাগমন
অন্তঃ + ইত = অন্তরিত	অন্তঃ + ইন্দ্রিয় = অন্তরিন্দ্রিয়
অন্তঃ + ঈক্ষ = অন্তরীক্ষ	পুনঃ + উজ্জীবিত = পুনরুজ্জীবিত
পুনঃ + আগত = পুনরাগত	পুনঃ + উৎপত্তি = পুনরুৎপত্তি
প্রাতঃ + আশ = প্রাতরাশ	পুনঃ + উদ্ভব = পুনরুদ্ভব
পুনঃ + উক্ত = পুনরুক্ত	পুনঃ + উদ্ধার = পুনরুদ্ধার
অন্তঃ + ঈপ = অন্তরীপ	প্রাতঃ + উত্থান = প্রাতরুত্থান
পুনঃ + উত্থান = পুনরুত্থান	পুনঃ + আয় = পুনরায়

➤ **সূত্র ৫ :** পূর্বপদের শেষে অ/আ ভিন্ন অন্য স্বরধ্বনির পর র্-জাত বিসর্গ থাকলে এবং পরপদের প্রথমে যদি স্বরধ্বনি থাকে তবে সন্ধির ফলে বিসর্গ র্ হয়ে যায় এবং পরের স্বরধ্বনির সঙ্গে যুক্ত হয়। যেমন :

নিঃ + অন্ন = নিরন্ন	নিঃ + অঙ্কুশ = নিরঙ্কুশ
নিঃ + অক্ষর = নিরক্ষর	নিঃ + আময় = নিরাময়
নিঃ + অপরাধ = নিরপরাধ	নিঃ + অবচ্ছিন্ন = নিরবচ্ছিন্ন
নিঃ + অভিমান = নিরভিমান	নিঃ + অলংকার = নিরলঙ্কার
বহিঃ + আগত = বহিরাগত	বহিঃ + অঙ্গ = বহিরঙ্গ
নিঃ + আবরণ = নিরাবরণ	নিঃ + আশ্রয় = নিরাশ্রয়
নিঃ + আশা = নিরাশা	বহিঃ + আবরণ = বহিরাবরণ
নিঃ + ঈহ = নিরীহ	বহিঃ + ইন্দ্রিয় = বহিরিন্দ্রিয়
দুঃ + আত্মা = দুরাত্মা	জ্যোতিঃ + ইন্দ্র = জ্যোতিরিন্দ্র
নিঃ + ঈশ্বর = নিরীশ্বর	নিঃ + ঈক্ষণ = নিরীক্ষণ
নিঃ + উপমা = নিরুপমা	নিঃ + উদ্‌বিগ্ন = নিরুদ্বিগ্ন
নিঃ + উচ্চার্য = নিরুচ্চার্য	নিঃ + উপায় = নিরুপায়
চতুঃ + অঙ্গ = চতুরঙ্গ	চতুঃ + আনন = চতুরানন
দুঃ + অদৃষ্ট = দুরদৃষ্ট	দুঃ + অধিগম্য = দুরধিগম্য
দুঃ + অন্ত = দুরন্ত	দুঃ + অপনেয় = দুরপনেয়
দুঃ + অবস্থা = দুরবস্থা	দুঃ + আকাঙ্ক্ষা = দুরাকাঙ্ক্ষা
দুঃ + উক্তি = দুরুক্তি	দু + অভিসন্ধি = দুরভিসন্ধি
দুঃ + আশা = দুরাশা	চক্ষুঃ + উন্মীলন = চক্ষুরুন্মীলন
দুঃ + উহ = দুরূহ	দুঃ + উচ্চার্য = দুরুচ্চার্য
দিঃ + আগমন = দিরাগমন	নিঃ + অন = নীরন

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

সূত্র ১২ : বিসর্গযুক্ত অ-ধ্বনি বা আ-ধ্বনির পর ক, খ, প, ফ থাকলে সন্ধির ফলে বিসর্গ স্থানে স-ধ্বনি হয়। স পরবর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়। যেমন :

অয়ঃ + কঠিন = অয়স্কঠিন	মনঃ + কামনা = মনস্কামনা
তিরঃ + কার = তিরস্কার	শ্রেয়ঃ + কর = শ্রেয়স্কর
তেজঃ + ক্রিয় = তেজস্ক্রিয়	ভাঃ + কর = ভাস্কর
নমঃ + কার = নমস্কার	বাচঃ + পতি = বাচস্পতি
পদঃ + খলন = পদস্খলন	

সূত্র ৬ : পূর্বপদের শেষে যদি ব্-জাত বিসর্গ থাকে এবং পরপদের প্রথমে যদি বর্গের তৃতীয়, চতুর্থ বা পঞ্চম ধ্বনির কোনোটি থাকে তবে সন্ধিতে ঐ বিসর্গ রেফ (´) হয়ে পরের ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়। যেমন :

অন্তঃ + গত = অন্তর্গত	দুঃ + গতি = দুর্গতি
চতুঃ + গুণ = চতুর্গুণ	নিঃ + গত = নির্গত
দুঃ + গত = দুর্গত	বহিঃ + গত = বহির্গত
অন্তঃ + ঘাত = অন্তর্ঘাত	নিঃ + ঘোষ = নির্ঘোষ
দুঃ + ঘটনা = দুর্ঘটনা	নিঃ + ঘাত = নির্ঘাত
অন্তঃ + জগৎ = অন্তর্জগৎ	নিঃ + জন = নির্জন
অন্তঃ + জান = অন্তর্জান	নিঃ + জলা = নির্জলা
অন্তঃ + জল = অন্তর্জল	নিঃ + জীব = নির্জীব
দুঃ + জন = দুর্জন	পুনঃ + জন্ম = পুনর্জন্ম
দুঃ + জেয় = দুর্জ্ঞেয়	বহিঃ + জগৎ = বহির্জগৎ
চতুঃ + দিক = চতুর্দিক	দুঃ + দান্ত = দুর্দান্ত
দুঃ + দশা = দুর্দশা	নিঃ + দোষ = নির্দোষ
নিঃ + দ্বন্দ্ব = নির্দ্বন্দ্ব	নিঃ + দিষ্ট = নির্দিষ্ট
দুঃ + দম = দুর্দম	বহিঃ + দ্বার = বহির্দ্বার
চতুঃ + ধা = চতুর্ধা	নিঃ + ধারণ = নির্ধারণ
অহঃ + নিশ = অহর্নিশ	অন্তঃ + নিহিত = অন্তর্নিহিত
দুঃ + নীতি = দুর্নীতি	দুঃ + নাম = দুর্নাম
দুঃ + নিবার = দুর্নিবার	নিঃ + নয় = নির্ণয়
অন্তঃ + বর্তী = অন্তর্বর্তী	নিঃ + বিকল্প = নির্বিকল্প
চতুঃ + বেদ = চতুর্বেদ	নিঃ + বাহ = নির্বাহ
চতুঃ + বিধ = চতুর্বিধ	দুঃ + বিনীত = দুর্বিনীত
দুঃ + বহ = দুর্বহ	পুনঃ + বার = পুনর্বার
নিঃ + বাক = নির্বাক	প্রাতঃ + বাক্য = প্রাতর্বাক্য
নিঃ + বেদ = নির্বেদ	বহিঃ + বাণিজ্য = বহির্বাণিজ্য
অন্তঃ + ভুক্ত = অন্তর্ভুক্ত	প্রাতঃ + ভোজন = প্রাতর্ভোজন
অন্তঃ + ভেদী = অন্তর্ভেদী	দুঃ + ভাগ্য = দুর্ভাগ্য
নিঃ + ভীক = নির্ভীক	প্রাতঃ + ভ্রমণ = প্রাতর্ভ্রমণ
প্রাদুঃ + ভাব = প্রাদুর্ভাব	আবিঃ + ভাব = আবির্ভাব
বহিঃ + ভূত = বহির্ভূত	পুনঃ + ভব = পুনর্ভব
অন্তঃ + মার্ধ্য = অন্তর্মার্ধ্য	নিঃ + মোহ = নির্মোহ
নিঃ + মান = নির্মাণ	অন্তঃ + ধান + অন্তর্ধান
নিঃ + মূল = নির্মূল	বহিঃ + মুখ = বহির্মুখ
অন্তঃ + ধান = অন্তর্ধান	দুঃ + যোগ = দুর্যোগ

সূত্র ৭ : পূর্বপদের শেষে যদি বিসর্গ থাকে এবং পরপদের প্রথম যদি অন্তঃস্থ ধ্বনি (য, র, ল) কিংবা হ-এর কোনো একটি থাকে তবে সন্ধির ফলে বিসর্গ রেফ (´) হয়ে পরের ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়। যেমন :

অন্তঃ + যামী = অন্তর্যামী	নিঃ + যাতন = নির্যাতন
দুঃ + যোগ = দুর্যোগ	নিঃ + লিপ্ত = নির্লিপ্ত
নিঃ + যাস = নির্যাস	নিঃ + লজ্জ = নির্লজ্জ
অন্তঃ + লীন = অন্তর্লীন	নিঃ + লোভ = নির্লোভ
দুঃ + লক্ষণ = দুর্লক্ষণ	অন্তঃ + হিত = অন্তর্হিত
দুঃ + লভ = দুর্লভ	

বিসর্গ স্থানে শ : সূত্র ৮ : পূর্ব পদের শেষে বিসর্গ (ঃ) থাকলে এবং পরপদের প্রথমে চ বা ছ থাকলে সন্ধির ফলে বিসর্গ (ঃ) পরিবর্তিত হয়ে শ হয়। শ পরবর্তী ব্যঞ্জনে যুক্ত হয়। যেমন :

নভঃ + চর = নভশ্চর	নিঃ + চেতন = নিশ্চেতন
নিঃ + চয় = নিশ্চয়	নিঃ + চেষ্ট = নিশ্চেষ্ট
নিঃ + চল = নিশ্চল	দুঃ + চরিত্র = দুশ্চরিত্র
নিঃ + চিন্ত = নিশ্চিন্ত	দুঃ + চিন্তা = দুশ্চিন্তা
নিঃ + চিহ্ন = নিশ্চিহ্ন	মনঃ + চক্ষু = মনশ্চক্ষু
নিঃ + চুপ = নিশ্চুপ	শিরঃ + চুম্বন = শিরশ্চুম্বন
নিঃ + ছিদ্র = নিশ্ছিদ্র	শিরঃ + ছেদ = শিরশ্ছেদ
দুঃ + ছেদ্য = দুশ্ছেদ্য	সদ্যঃ + ছিন্ন = সদ্যশ্ছিন্ন

সূত্র ১০ : বিসর্গযুক্ত ই-ধ্বনির পর ক, খ, প, ফ-এর কোনোটি থাকলে সন্ধির ফলে বিসর্গ স্থানে ষ হয়। যেমন :

আবিঃ + কার = আবিষ্কার	নিঃ + কৃতি = নিষ্কৃতি
জ্যোতিঃ + ক = জ্যোতিষ্ক	নিঃ + ক্রমণ = নিষ্ক্রমণ
নিঃ + কণ্টক = নিষ্কণ্টক	নিঃ + ক্রিয়া = নিষ্ক্রিয়া
নিঃ + কর = নিষ্কর	পরিঃ + কার = পরিষ্কার
নিঃ + কলুষ = নিষ্কলুষ	বহিঃ + কার = বহিষ্কার
নিঃ + কলঙ্ক = নিষ্কলঙ্ক	বহিঃ + কৃত = বহিষ্কৃত
নিঃ + পত্তি = নিষ্পত্তি	নিঃ + প্রয়োজন = নিষ্প্রয়োজন
নিঃ + প্রাণীপ = নিষ্প্রাণীপ	নিঃ + পর = নিষ্পর
আয়ুঃ + কাল = আয়ুষ্কাল	দুঃ + কর্ম = দুষ্কর্ম
দুঃ + কার্য = দুষ্কার্য	দুঃ + কৃতি = দুষ্কৃতি
দুঃ + কৃত = দুষ্কৃত	চতুঃ + কোণ = চতুষ্কোণ
চতুঃ + পদ = চতুষ্পদ	দুঃ + প্রবৃত্তি = দুষ্প্রবৃত্তি
চতুঃ + পার্শ্ব = চতুষ্পার্শ্ব	দুঃ + প্রবেশ = দুষ্প্রবেশ্য
চতুঃ + শীঠ = চতুষ্পীঠ	প্রাদুঃ + পুর = প্রাদুষ্পুর
দুঃ + পাচ্য = দুষ্পাচ্য	নিঃ + ফল = নিষ্ফল
নিঃ + পন্ন = নিষ্পন্ন	নিঃ + পাপ = নিষ্পাপ
নিঃ + পিষ্ট = নিষ্পিষ্ট	নিঃ + প্রাণ = নিষ্প্রাণ
নিঃ + পেষণ = নিষ্পেষণ	দুঃ + কর = দুষ্কর

বিসর্গ স্থানে স : সূত্র ৯ : পূর্বপদের শেষে বিসর্গ থাকলে এবং পরপদের প্রথমে ট বা ঠ থাকলে সন্ধির ফলে বিসর্গ পরিবর্তিত হয়ে স হয়। স পরবর্তী ব্যঞ্জনে যুক্ত হয়। যেমন :

ধনুঃ + টঙ্কার = ধনুষ্টঙ্কার	চতুঃ + টয় = চতুষ্টয়
নিঃ + ঠুর = নিষ্ঠুর	নিঃ + ঠা = নিষ্ঠা

বিসর্গ স্থানে স : সূত্র ১১ : পূর্বপদের শেষে বিসর্গ থাকলে এবং পরপদের প্রথমে ত থাকলে বিসর্গ পরিবর্তিত হয়ে স হয়। 'স' ত-এর সঙ্গে যুক্ত হয়। যেমন :

ইতঃ + তত = ইতস্তত	মনঃ + তত্ত্ব = মনস্তত্ত্ব
নিঃ + তার = নিস্তার	মনঃ + তাপ = মনস্তাপ
নিঃ + তেজ = নিস্তেজ	মনঃ + তুষ্টি = মনস্তুষ্টি
দুঃ + তর = দুস্তর	শিরঃ + ত্রাণ = শিরস্ত্রাণ
নভঃ + তল = নভস্তল	নিঃ + তব্ধ = নিস্তব্ধ
নিঃ + স্পন্দ = নিস্পন্দ	

যেসব ক্ষেত্রে সন্ধিতে বিসর্গ অক্ষত থাকে :
পূর্বপদের অন্ত্য-বিসর্গের পর ক/ফ/খ/প/ফ/র/শ/স থাকলে সন্ধিতে বিসর্গ অক্ষত থাকে। যেমন :

অধঃ + ক্রম = অধঃক্রম	অন্তঃ + করণ = অন্তঃকরণ
অন্তঃ + কোণ = অন্তঃকোণ	অন্তঃ + ক্রীড়া = অন্তঃক্রীড়া
অধঃ + ক্ষেপ = অধঃক্ষেপ	প্রাতঃ + কাল = প্রাতঃকাল
মনঃ + ক্ষোভ = মনঃক্ষোভ	মনঃ + ক্ষুণ্ণ = মনঃক্ষুণ্ণ
অতঃ + পর = অতঃপর	অন্তঃ + রাষ্ট্রীয় = অন্তঃরাষ্ট্রীয়
অধঃ + পতন = অধঃপতন	পুনঃ + প্রবেশ = পুনঃপ্রবেশ
অন্তঃ + পুর = অন্তঃপুর	বয়ঃ + প্রাপ্ত = বয়ঃপ্রাপ্ত
ইতঃ + পূর্বে = ইতঃপূর্বে	মনঃ + পীড়া = মনঃপীড়া
বহিঃ + প্রকাশ = বহিঃপ্রকাশ	মনঃ + পূত = মনঃপূত
ছন্দঃ + পতন = ছন্দঃপতন	শিরঃ + উপরি = শিরোপরি
জ্যোতিঃ + পুঞ্জ = জ্যোতিঃপুঞ্জ	শিরঃ + পীড়া = শিরঃপীড়া
পয়ঃ + প্রণালী = পয়ঃপ্রণালী	স্বতঃ + প্রবৃত্ত = স্বতঃপ্রবৃত্ত
পুনঃ + পুন = পুনঃপুন	স্রোতঃ + পথ = স্রোতঃপথ
অন্তঃ + শত্রু = অন্তঃশত্রু	নিঃ + শত্রু = নিঃশত্রু
চক্ষুঃ + শূল = চক্ষুঃশূল	নিঃ + শব্দ = নিঃশব্দ
দুঃ + শাসন = দুঃশাসন	নিঃ + শেষ = নিঃশেষ
নিঃ + শঙ্ক = নিঃশঙ্ক	বহিঃ + শত্রু = বহিঃশত্রু
অন্তঃ + সংগতি = অন্তঃসংগতি	নিঃ + সন্দেহ = নিঃসন্দেহ
অন্তঃ + সলিলা = অন্তঃসলিলা	নিঃ + সহায় = নিঃসহায়
অন্তঃ + সার = অন্তঃসার	প্রাতঃ + স্মরণীয় = প্রাতঃস্মরণীয়
দুঃ + সংবাদ = দুঃসংবাদ	বহিঃ + সমুদ্র = বহিঃসমুদ্র
নিঃ + সংশয় = নিঃসংশয়	স্বতঃ + সিদ্ধ = স্বতঃসিদ্ধ
দুঃ + স্বপ্ন = দুঃস্বপ্ন	মনঃ + সংযোগ = মনঃসংযোগ

এরকম : অন্তঃশীল, চতুঃশাখা, চতুঃশালা, ছন্দঃশাস্ত্র, জ্যোতিঃশাস্ত্র, নিঃস্ব, নিঃশর্ত, বহিঃশুল্ক, চতুঃসীমা, দুঃসময়, দুঃসাধ্য, দুঃসাহস, নিঃসঙ্গ, নিঃস্বার্থ, নিঃসন্তান, নিঃসম্বল, নিঃসাড়, নিঃসীম, প্রাতঃসন্ধ্যা, প্রাতঃস্নান, বয়ঃসন্ধি ইত্যাদি।

কয়েকটি নিপাতনে সিদ্ধ বিসর্গ সন্ধির উদাহরণ :

বাচঃ + পতি = বাচস্পতি	ভাঃ + কর = ভাস্কর
অহঃ + নিশা = অহর্নিশ	অহঃ + অহ = অহরহ
আঃ + পদ = আস্পদ	মনঃ + কষ্ট = মনস্তাপ
শিরঃ + পীড়া = শিরঃপীড়া	প্রাতঃ + কাল = প্রাতঃকাল

ছন্দে ছন্দে বিশেষ বিসর্গ সন্ধি : বাচস্পতি বাবুর স্নেহের আস্পদ হরিশ্চন্দ্রও অহরহ গুরুকে প্রণাম করে ভাস্করে (সূর্য) অহর্নিশ।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. 'শাক + ভাত'-এর সঠিক সন্ধিজাত শব্দ হলো- [B : ২৩-২৪]
ক শাগভাত খ শাকভাত গ শাগ্‌ভাত ঘ শাক্‌ভাত উ: গ

০২. 'কর্ম' শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? [B : ২৩-২৪]
ক ক্র + ম খ কঃ + অর্ + ম
গ ক + অর্ + ম ঘ কৃ + মন্ উ: খ

০৩. 'দশেক' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ? [C1 : ২৩-২৪]
ক দশে + এক খ দশা + এক
গ দশ + ইক ঘ দশ + এক উ: খ

০৪. "পরস্পর" কোন ধরনের সন্ধির উদাহরণ? [E : ২৩-২৪]
ক স্বরসন্ধি খ বিসর্গ সন্ধি
গ নিপাতনে সিদ্ধ সন্ধি ঘ ব্যঞ্জনসন্ধি উ: গ

০৫. 'মতৈক্য' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [E : ২৩-২৪]
ক মতন + ঐক্য খ মতো + একতা
গ মত + ঐক্য ঘ মতো + অনট উ: গ

০৬. 'প্রৌঢ়' শব্দটির যথাযথ সন্ধিবিচ্ছেদ হলো- [খ ১৯-২০]
ক প্র + উঢ় খ প্রো + উঢ় গ প্র + ওঢ় ঘ প্রো + ঔঢ় উ: ক

০৭. নিপাতনে সিদ্ধ হয়ে সন্ধিবদ্ধ হয়েছে কোনটি? [গ ১৯-২০; ক ০৪-০৫; গ ১৩-১৪]
ক মৃন্ময় খ বৃহস্পতি গ বৃহদর্থ ঘ আদ্যন্ত উ: খ

০৮. 'উচ্ছিষ্ট' শব্দের সন্ধিসাধিত রূপ কোনটি? [ক ১৮-১৯]
ক উদ্ + শিষ্ট খ উদগ + ছিষ্ট গ উদ্ + ষ্ট ঘ উদ্ + ইষ্ট উ: ক

০৯. 'উপর্যুক্ত' এর সন্ধিবিচ্ছেদ কী? [গ ১৮-১৯; ইবি H১৭-১৮; চবি ঘ ০৯-১০]
ক উপর + যুক্ত খ উপরি + উক্ত গ উপ + যুক্ত ঘ উপঃ + যুক্ত উ: খ

১০. 'পিত্রাদেশ' শব্দের সন্ধিবিচ্ছেদ হলো- [পুনঃ ঘ ১৮-১৯]
ক পিতঃ + আদেশ খ পিতা + আদেশ
গ পিত্র + আদেশ ঘ পিতৃ + আদেশ উ: খ

১১. নিম্নের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি? [ক ১৭-১৮]
ক কুলটা খ সঞ্চার গ গবেষণা ঘ ভাবুক উ: ক

১২. 'নীরব' শব্দের সন্ধিবিচ্ছেদ- [চ ১৭-১৮]
ক নীঃ + রব খ নির্ + রব গ নিঃ + রব ঘ নীহ্ + রব উ: গ

১৩. কোনটি সন্ধিজাত শব্দ? [ঘ ৯৯-০০; ঘ ১০-১১; বাতিল গ ১১-১২]
ক শীতল খ সংখ্যা গ অধিকার ঘ তোমার উ: খ

১৪. 'উদ্ধার' শব্দটির সন্ধিবিচ্ছেদ হবে- [গ ৯২-৯৩; চবি ঙ ১৫-১৬]
ক উঃ + ধার খ উৎ + দার গ উৎ + ধার ঘ উৎ + হার উ: খ

১৫. 'ণিজন্ত' এর সন্ধিবিচ্ছেদ হবে- [গ ৯৩-৯৪]
ক ণিজ্ + অন্ত খ ণিচ্ + অন্ত গ ণিঃ + অন্ত ঘ ণিথ + অন্ত উ: খ

১৬. 'আবির্ভাব' শব্দ গঠিত হয়েছে- [গ ৯৬-৯৭; রাবি ০৩-০৪]
ক প্রত্যয় দ্বারা খ উপসর্গ দ্বারা গ সন্ধি দ্বারা ঘ বিভক্তি দ্বারা উ: গ

১৭. 'সন্ধান' শব্দের সন্ধিবিচ্ছেদ করলে পাওয়া যায়- [খ ০০-০১]
ক সন + ধান খ সন্ধা + ন গ সন্ধা + অন ঘ সম্ + ধান উ: ঘ

১৮. 'উচ্ছৃঙ্খল' এর সন্ধিবিচ্ছেদ কর। [ঘ ০১-০২; ইবি গ ০৫-০৬]
ক উৎ + শৃঙ্খল খ উচ্ + শৃঙ্খল গ উৎ + ছৃঙ্খল ঘ উচ্ছৃ + খল উ: ক

১৯. 'হিমাচল' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [গ ১৬-১৭; বরি ক + খ ১১-১২]
ক হিমা + আচল খ হিম + আচল গ হিম + আঁচল ঘ হিম + অচল উ: ঘ

২০. 'উত্থাপন' শব্দটির সন্ধিবিচ্ছেদ- [খ ০২-০৩; খ ১০-১১]
ক উৎ + থাপন খ উৎ + স্থাপন গ উঃ + স্থাপন ঘ উঃ + থাপন উ: খ

২১. 'কথোপকথন' শব্দটি কী রীতিতে গঠিত? [গ ০২-০৩]
ক উপসর্গযোগে খ সন্ধিযোগে
গ প্রত্যয়যোগে ঘ সমাসযোগে উ: খ

২২. 'ভ্রাতুষ্পুত্র' সন্ধিবিচ্ছেদ করলে পাওয়া যায়- [ক ০৪-০৫]
ক ভ্রাত + পুত্র খ ভ্রাতঃ + পুত্র
গ ভ্রাতুঃ + পুত্র ঘ ভ্রাতৃ + পুত্র উ: গ

২৩. 'পর্যবেক্ষণ' এর সন্ধিবিচ্ছেদ- [ঘ ০৫-০৬; ইবি খ ১৫-১৬; নোবিপ্রবি গ ০৯-১০]
ক পর + বেক্ষণ খ পরি + বেক্ষণ
গ পর + অবেক্ষণ ঘ পরি + অবেক্ষণ উ: ঘ

২৪. 'সন্নিহিত' শব্দটির সন্ধিবিচ্ছেদ- [০৫-০৬]
ক সৎ + নিহিত খ সম্ + নিহিত গ সৎ + নিহিত ঘ সন + নিহিত উ: খ

২৫. 'আবিষ্কার' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [০৭-০৮]
ক আবি + কার খ আবিঃ + কার
গ আবিষ + কার ঘ আবি + ষকার উ: খ

২৬. ভুল সন্ধিবিচ্ছেদ [ঘ ০৭-০৮, ঘ ০৮-০৯]
ক ইতঃ + পূর্বে = ইতঃপূর্বে খ উৎ + হত = উদ্ধত
গ চমক + ইত = চমকিত ঘ গণ্ + অ = গণ্য উ: খ

২৭. সন্ধিজাত শব্দ- [খ ০৭-০৮]
ক উন্মনা খ দখিনা গ ফাল্গুন ঘ মিনতি উ: ক

২৮. 'পশু + অধম' এর সন্ধিসাধিত রূপ কোনটি? [ঘ ১৫-১৬]
ক পশ্বধম খ পশ্যাধম গ পশ্বাধম ঘ পশ্বধম উ: ক

২৯. বিসর্গ সন্ধির উদাহরণ নয় [খ ০৯-১০]
ক ইতোমধ্যে খ নীরব গ শ্রেয়োলাভ ঘ বিষ্ঠোষ্ঠ উ: ঘ

৩০. 'সদানন্দ' এর সন্ধিবিচ্ছেদ হলো- [ঘ ১১-১২]
ক সদ + আনন্দ খ সদা + নন্দ গ সদা + আনন্দ ঘ সদ + অ + নন্দ উ: গ

৩১. সন্ধিঘটিত শুদ্ধ শব্দ [খ ১১-১২]
ক অতি + অধিক = অত্যাধিক খ অগ্নি + উৎপাত = অগ্ন্যুৎপাত
গ প্রশ্ন + আবলি = প্রশ্নাবলী ঘ চতুঃ + অঙ্গ = চতুরঙ্গ উ: ঘ

৩২. সন্ধিঘটিত কোন শব্দটি শুদ্ধ? [ক ১২-১৩]
ক বৃহদংশ খ জাত্যাভিমান গ আদ্যান্ত ঘ শিরোচ্ছেদ উ: ক

৩৩. 'নিরাকার' শব্দের শুদ্ধ সন্ধিবিচ্ছেদ কোনটি? [ক ১২-১৩; জবি ক ০৫-০৬]
ক নি + আকার খ নিঃ + আকার
গ নির + আকার ঘ নিরঃ + কার উ: খ

৩৪. সন্ধিঘটিত শুদ্ধ শব্দ [খ ১২-১৩]
ক অতি + অধিক = অত্যাধিক খ অষ্ট + বিংশ = অষ্টবিংশ
গ শরৎ + চন্দ্র = শরচ্চন্দ্র ঘ পর + পর = পরপর উ: গ

৩৫. 'আদ্যোপান্ত' শব্দটির সন্ধিবিচ্ছেদ : [গ ১২-১৩, ক ০৭-০৮]
ক আদি + পান্ত খ আদ্য + পান্ত
গ আদ্যো + পান্ত ঘ আদ্য + উপান্ত উ: ঘ

৩৬. নিচের অশুদ্ধ সন্ধিবিচ্ছেদ কোনটি? [ঘ ১২-১৩]
ক সু + অল্প = স্বল্প খ অনু + এষণ = অন্বেষণ
গ আদ্য + অন্ত = আদ্যন্ত ঘ ভৌ + উক = ভাবুক উ: গ

৩৭. 'অন্তরীপ' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [গ-১৩-১৪]
ক অন্তর + ইপ খ অন্তর + ঈশ গ অন্ত + রীপ ঘ অন্তঃ + ঈপ উ: ঘ

৩৮. 'দুরূহ' শব্দের সন্ধিবিচ্ছেদ- [ক ১৪-১৫]
ক দুঃ + উহ্ খ দুঃ + রূহ গ দূর + উহ ঘ দুর + হ উ: ক

৩৯. নিচের কোন স্বরসন্ধি অশুদ্ধ? [গ ১৪-১৫]
ক পূর্ণ + ইন্দু = পূর্ণেন্দু খ প্রতি + আগমন = প্রত্যাগমন
গ অনু + এষণ = অন্বেষণ ঘ তথা + এব = তথৈব
Note : সবগুলোই সন্ধিগতভাবে শুদ্ধ।

৪০. 'গবাদি' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [খ-১৫-১৬]
ক গবা + আদি খ গো + আবাদি
গ গো + আদি ঘ গবা + দি উ: গ

৪১. নিপাতনে সিদ্ধ সন্ধি কোনটি? [গ ০৯-১০]
ক তদ্ + কাল = তৎকাল খ সম + তান = সন্তান
গ গো + পদ = গোষ্পদ ঘ অন্তঃ + ধান = অন্তর্ধান উ: গ

৪২. 'ব্যর্থ' শব্দের সন্ধি বিচ্ছেদ হলো- [খ ইউনিট-২০১৯-২০]
ক বি + অর্থ খ ব্য + অর্থ
গ ব্য + র্থ ঘ বি + র্থ উ: ক

৪৩. 'প্রত্যাবর্তন' শব্দের সন্ধি-বিচ্ছেদ- [খ ইউনিট-২০১৭-১৮]
ক প্রতি + বর্তন খ প্রতি + আবর্তন
গ প্রত্যা + বর্তন ঘ প্রতিঃ + আবর্তন উ: খ

৪৪. 'জাত্যভিমান' শব্দটি সন্ধি বিচ্ছেদ করলে হবে- [গ ইউনিট-২০২০-২১]
ক জাতি + অভিমান খ জাত + অভিমান
গ জাত্য + অভিমান ঘ জাত্যা + অভিমান উ: ক

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

'চতুর্দশ' শব্দটিতে কোন দুটি ব্যঞ্জনধ্বনির সন্ধি হয়েছে? [A ১৭-১৮]
ক) র, দ খ) চ, র গ) চ, দ ঘ) ত, দ উ: ঘ

সম্ + কার = সংস্কার কোন সন্ধির অন্তর্ভুক্ত? [খ ১৭-১৮; জবি A ১৭-১৮]
ক) বিশেষ নিয়মে সাধিত সন্ধি খ) বিসর্গ সন্ধি
গ) বিশেষ বিসর্গ সন্ধি ঘ) ব্যঞ্জন সন্ধি উ: ক

'তুচ্ছ' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [E ১৭-১৮]
ক) তুৎ + ছো খ) তুদ্ + ছ গ) তুচ + ছো ঘ) তুৎ + ছ উ: ঘ

'বৃহস্পতি' শব্দের শুদ্ধ সন্ধিবিচ্ছেদ কোনটি? [খ ১৭-১৮]
ক) বৃহৎ + পতি খ) বৃহত্ত + পতি গ) বৃহস্ + পতি ঘ) বৃহ + স্পতি উ: ক

'নীরোগ' শব্দের সন্ধিবিচ্ছেদ- [খ ০৬-০৭; চবি ঘ ০৪-০৫]
ক) নি + রোগ খ) নির + রোগ গ) নী + রোগ ঘ) নীঃ + রোগ উ: খ

'নশ্বর' এর সন্ধিবিচ্ছেদ- [খ ০৬-০৭]
ক) ন + শ্বর খ) নশ + বর গ) নশ্ + ব ঘ) নশ্ + বর উ: ঘ

নিপাতনে সিদ্ধ শব্দ- [গ ০৬-০৭]
ক) [illegible] খ) বিপদাপন্ন গ) ফুলেল ঘ) পরাজয় উ: গ

'পর্যায়' শব্দটির সন্ধিবিচ্ছেদ- [ক ০৬-০৭]
ক) পর + যায় খ) পর + আয় গ) পরি + আয় ঘ) পরি + যায় উ: গ

'দুঃস্থ' শব্দের সন্ধিবিচ্ছেদ- [গ ০৯-১০; জবি E ১৬-১৭]
ক) দুস্ + হ খ) দুস্ + থ গ) দুঃ + থ ঘ) দুঃ + স্থ উ: গ

'অহংকার' শব্দের সন্ধিবিচ্ছেদ- [ক ০৯-১০]
ক) অহা + কার খ) অহং + কার গ) অহম্ + কার ঘ) অহ + কার উ: গ

কোনটি নিপাতনে সিদ্ধ নয়? [খ ১০-১১]
ক) দশ + ঋণ = দশার্ণ খ) পো + অন = পবন
গ) পর + অপর = পরস্পর ঘ) স্ব + ঈর = স্বৈর

Note: দশ + ঋণ = দশার্ণ, পো + অন = পবন– স্বরসন্ধির দৃষ্টান্ত।

'প্রত্যুষ' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [ক ১২-১৩]
ক) প্রত্য + উষ খ) প্রত্য + উষ গ) প্রতি + উস ঘ) প্রতি + উষ উ: ঘ

'তেজস্বী' শব্দের সন্ধিবিচ্ছেদ– [খ-১৩-১৪; ইবি গ ১৬-১৭; ববি ১৩-১৪]
ক) তেজস + বিন খ) তেজঃ + বিন
গ) তেজ + বিন ঘ) তেজস + বী উ: খ

'অধ্যুষিত' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি শুদ্ধ? [চ ১৪-১৫]
ক) অধ্য + উষিত খ) আধ + যিত
গ) অধি + উষিত ঘ) আধু + উষিত উ: গ

'নিরাকরণ' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [খ ১৬-১৭]
ক) নিঃ + আকরণ খ) নির + আকরণ গ) নিঃ + করণ ঘ) নিরা + করণ উ: ক

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

০১. 'স্বৈর' শব্দের সন্ধি বিচ্ছেদ হলো– [B ২২-২৩]
ক) স্ব + ঐর খ) স্ব + ইর গ) স্ব + ঈর ঘ) স্ব + উর উ: গ

০২. 'ক্ষুৎপিপাসা' শব্দটির সন্ধিবিচ্ছেদ হলো– [E ১৯-২০; জবি গ ১৬-১৭]
ক) ক্ষুৎ + পিপাসা খ) ক্ষুধা + পিপাসা গ) ক্ষুধঃ + পিপাসা ঘ) ক্ষুধ্ + পিপাসা উ: ঘ

০৩. 'সদ্যোজাত' শব্দটির সন্ধি বিচ্ছেদ হলো– [E ১৯-২০; চবি ক ০৬-০৭]
ক) সদ্য + জাত খ) সদা + জাতো
গ) সদ্যঃ + জাত ঘ) সদ্যো + জাত উ: গ

০৪. 'কদিন' শব্দটির সন্ধি বিচ্ছেদ হলো? [E ১৯-২০]
ক) কদ + দিন খ) কদ্ + দিন গ) কত + দিন ঘ) কতো + দিন উ: গ

০৫. '[illegible]' শব্দটি ব্যাকরণের কোন নিয়মে গঠিত? [C-1 ১৯-২০]
ক) প্রত্যয়যোগে খ) অনুসর্গযোগে
গ) সন্ধিযোগে ঘ) উপসর্গযোগে উ: গ

০৬. 'উচ্ছল' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [C ১৯-২০]
ক) উৎ + শল খ) উৎ + ছল গ) উৎ + চল ঘ) উচ + ছল উ: খ

০৭. 'যশেচ্ছা' এর ঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক) যশ + ইচ্ছা খ) যশ্ + ইচ্ছা
গ) যশঃ + ইচ্ছা ঘ) যশো + ইচ্ছা উ: গ

০৮. 'অতএব' এর ঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? [F ১৯-২০]
ক) অদ + এব খ) অতঃ + এব গ) অত + এব ঘ) অতো + এব উ: খ

০৯. 'কুয়োপশী' এর ঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? [F ১৯-২০]
ক) কুয় + দশী খ) কুয়ঃ + দশী
গ) কুয়ো + দশী ঘ) কুয়োঃ + দশী উ: খ

১০. কোনটি নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধির উদাহরণ? [F ১৯-২০]
ক) দ্যুলোক খ) প্রৌঢ় গ) সীমন্ত ঘ) শারদ উ: গ

১১. 'আকৃষ্ট' এর সন্ধিবিচ্ছেদ কোনটি? [H ১৮-১৯]
ক) আকৃষ + ত খ) আকৃষ + ট গ) আকৃ + ষ্ট ঘ) আকৃষ + ষ্ট উ: ক

১২. 'বিমুক্ত' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [A ১৮-১৯]
ক) বিযুদ + ত = বিযুক্ত খ) বিমুগ + ধ = বিমুগ্ধ
গ) বিমুগ + ধ = বিমুক্ত ঘ) বিমুহ্ + ধ = বিমুগ্ধ উ: ক

১৩. 'জগন্নাথ' শব্দের ঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? [A ১৮-১৯; জবি ঘ ১১-১২]
ক) জগ + নাথ = জগন্নাথ খ) জগন + নাথ = জগন্নাথ
গ) জগ + নাথ = জগন্নাথ ঘ) জগৎ + নাথ = জগন্নাথ উ: ঘ

১৪. 'অধম + ঋণ = অধমর্ণ' কোন সন্ধির দৃষ্টান্ত? [C ১৮-১৯]
ক) স্বরসন্ধি খ) ব্যঞ্জনসন্ধি গ) বিসর্গসন্ধি ঘ) নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি উ: ক

১৫. নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি কোনটি? [E ১৮-১৯]
ক) সংযোগ খ) সঞ্চয় গ) উদ্ধত ঘ) ষোড়শ উ: ঘ

১৬. কোনটি ঠিক নয়? [F ১৮-১৯]
ক) চতুর্থ = চতুঃ + থ খ) দুগ্ধ = দুহ + ত
গ) সতীশ = সতি + ঈশ ঘ) নিষ্কর = নিঃ + কর উ: গ

১৭. 'অ' আর 'উ' মিলে কোনটি হয়েছে? [H ১৮-১৯]
ক) সূর্যোদয় খ) নবোঢ়া গ) যথোচিত ঘ) গবেষণা উ: গ

১৮. 'যথেষ্ট' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি? [A ১৭-১৮]
ক) যথা + ইষ্ট খ) যথা + এষ্ট গ) যথঃ + এষ্ট ঘ) যথা + ঈষ্ট উ: ক

১৯. 'নিষ্কর' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি? [A ১৭-১৮]
ক) নিঃ + কর খ) নি + কর গ) নিষ + কর ঘ) নিষা + কর উ: ক

২০. 'খাওয়া' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি? [A ১৭-১৮]
ক) খা + আ খ) খা + ওয়া
গ) খাও + আ ঘ) খাঃ + ওয়া উ: ক

২১. 'স্বাগত' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি? [A ১৭-১৮; রাবি ক ৩ : ১১-১২]
ক) সু + গত খ) স্ব + আগত গ) স্বা + গত ঘ) সু + আগত উ: ঘ

২২. 'তন্ময়' এর সন্ধিবিচ্ছেদ কোনটি? [C, ১৭-১৮]
ক) তন + ময় খ) তদ্ + ময় গ) তনু + ময় ঘ) তৎ + ময় উ: ঘ

২৩. 'সন্ধি' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি? [D ১৭-১৮; জবি ঘ ০৫-০৬ ; চবি ক ১০-১১]
ক) সম + ধি খ) সং + ধি গ) সন + ধি ঘ) সঃ + ধি উ: ক

২৪. 'অলঙ্কার' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি? [D ১৭-১৮]
ক) অলম্ + কার খ) অলং + কার
গ) অলন + কার ঘ) অলঙ্ + আর উ: ক

২৫. 'শীতার্ত' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি? [D ১৭-১৮; জাককানইবি ১৬-১৭]
ক) শীত + ঋত খ) শিত + আর্ত
গ) শিত + ঋত ঘ) শিত + অর্ত উ: ক

২৬. 'ব্যর্থ' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি? [D ১৭-১৮; ইবি গ ১৫-১৬; চবি গ ১০-১১]
ক) বি + অর্থ খ) ব্য + অর্থ গ) বিঃ + থ ঘ) ব্যঃ + থ উ: ক

২৭. কোনটি ঠিক সন্ধিবিচ্ছেদ? [D ১৭-১৮]
ক) যশেচ্ছা = যশঃ + ইচ্ছা খ) মনোহর = মন + অহর
গ) সঞ্চয় = সন্ + চয় ঘ) সূক্ত = সু + উক্ত উ: ঘ

২৮. 'পুরাধ্যক্ষ' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [D ১৭-১৮]
ক) পুর + অধ্যক্ষ খ) পুর + অধ্যক্ষ গ) পুরা + অধ্যক্ষ ঘ) পুরা + ধ্যক্ষ উ: ক

২৯. নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধির উদাহরণ? [E ১৭-১৮]
ক) সন্তাপ খ) তস্কর গ) সংস্কৃত ঘ) ডাক্তার উ: খ

৩০. নিচের কোনটি বিসর্গ সন্ধির উদাহরণ? [E ১৭-১৮]
ক) ষোড়শ খ) উত্থান
গ) অহর ঘ) একাদশ উ: গ

Note: ষট্ + দশ = ষোড়শ, এক + দশ = একাদশ– নিপাতনে সিদ্ধ সন্ধি। উৎ + স্থান = উত্থান বিশেষ নিয়মে সাধিত সন্ধি। অহর > অহঃ ('র' জাত বিসর্গের নিয়মে 'র' স্থলে বিসর্গ হয়)।

৩১. 'প্রাণ' শব্দটির সন্ধিবিচ্ছেদ– [A ১৭-১৮; রাবি E ১৭-১৮]
ক) প্রাণ + অ খ) প্রা + অন
গ) প্র + আ + ন ঘ) প্র + অন উ: খ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

৩২. 'উচ্ছেদ' শব্দটির সন্ধির বিচ্ছেদ কোনটি? [বিবিএ ১০-১১; বেরোবি ১৭-A ১৮]
ⓚ উচ্ছ + ছেদ ⓚ উৎ + ছেদ
ⓖ উদ + ছেদ ⓖ উত + ছেদ উ: (খ)

৩৩. 'সুবন্ত' এর সন্ধিবিচ্ছেদ– [আইবিএ ১০-১১; বশেমুরবিপ্রবি E ১৬-১৭]
(ক) সুব + অন্ত (খ) সুপ্ + অন্ত (গ) সুভ + অন্ত (ঘ) সু + অন্ত উ: (খ)

৩৪. 'কিন্নর' এর সন্ধিবিচ্ছেদ হলো– [ক ১০-১১]
(ক) কিম + নর (খ) কিম + ণর (গ) কিম্ + নর (ঘ) কিম্ + ণর উ: (গ)

৩৫. 'দুরপনেয়' এর সন্ধিবিচ্ছেদ হলো– [ক ১০-১১]
(ক) দুর + পনেয় (খ) দু + অপনেয়
(গ) দুঃ + অপনেয় (ঘ) দুর + অপনেয় উ: (গ)

৩৬. সন্ধি নির্ণয় কর : দুশ্চিন্তা = দুঃ + চিন্তা- [গ, সেট ৮ : ১১-১২; গ, সেট৫ : ১১-১২]
(ক) বিসর্গ সন্ধি (খ) খাঁটি বাংলা সন্ধি (গ) ব্যঞ্জনসন্ধি (ঘ) স্বরসন্ধি উ: (ক)

৩৭. সন্ধি নির্ণয় কর : সংসার = সম্ + সার– [গ ১১-১২; রাবি D ১৫-১৬]
(ক) স্বরসন্ধি (খ) খাঁটি বাংলা সন্ধি (গ) বিসর্গ সন্ধি (ঘ) ব্যঞ্জনসন্ধি উ: (ঘ)

৩৮. সন্ধির ক্ষেত্রে কোনটি ঠিক নয়? [D সেট- ০১, ১২-১৩]
(ক) অ + উ = ও (খ) আ + ও = ঔ (গ) অ + ও = উ (ঘ) অ + ঐ = ঐ উ: (গ)

৩৯. 'তাৎক্ষণিক' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [F আইন, ১২-১৩]
(ক) তৎ + ক্ষণিক (খ) ততক্ষণ + ইক
(গ) তাৎ + ক্ষণিক (ঘ) তৎক্ষণ + ইক উ: (ঘ)

৪০. কোনটি ঠিক? [A ১৬-১৭; চবি ০৩-০৪; খ ১২-১৩]
(ক) সম্ + চয় = সঞ্চয় (খ) সমঃ + চয় = সঞ্চয়
(গ) সন + চয় = সঞ্চয় (ঘ) সম + চয় = সঞ্চয় উ: (ক)

৪১. কোনটি ঠিক? [A ১৬-১৭]
(ক) সম + তান = সন্তান (খ) সন + তান = সন্তান
(গ) সম্ + তান = সন্তান (ঘ) সম + তন = সন্তান উ: (গ)

রাজশাহী বিশ্ববিদ্যালয়

০১. 'বিমুগ্ধ' শব্দের সন্ধিবিচ্ছেদ কী? [A : ২৩-২৪]
(ক) বিমুহ্+ত (খ) বি + মুগ্ধ (গ) বিমুহ্ + ত + অ (ঘ) বিমুগ্ + ধ উ: (ক)

০২. কোনটি শুদ্ধ? [A : ২৩-২৪]
(ক) অভু + দয় = অভ্যুদয় (খ) অভি + উদয় = অভ্যুদয়
(গ) অভুঃ + দয়= অভ্যুদয় (ঘ) অভ + দয় = অভ্যুদয় উ: (খ)

০৩. 'তন্বী' শব্দের সঠিক সন্ধি রূপ হবে– [A : ২৩-২৪;F-17-18,জাবি-C-20-21,E-16-17;কুবি-চ-১৩-১৪]
(ক) তন্ব + ঈ (খ) তনু + ই (গ) তন্ব + ঈ (ঘ) তনু + ঈ উ: (ঘ)

০৪. সন্ধি ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়? [A : ২৩-২৪]
(ক) ভাষাতত্ত্বে (খ) ধ্বনিতত্ত্বে (গ) রূপতত্ত্বে (ঘ) বাক্যতত্ত্বে উ: (খ)

০৫. 'সপ্তর্ষি'-র সঠিক সন্ধি কোনটি? [A : ২৩-২৪]
(ক) সপ্ত + রষি (খ) সপ্ত + ঋষি
(গ) সপ্তো + ঋষি (ঘ) সপ্তঃ + ঋষি উ: (খ)

০৬. 'চিরুনি' শব্দটির সন্ধি বিচ্ছেদ– [B : ২৩-২৪]
(ক) চির + উনি (খ) চিরু + নি
(গ) চিরুন + ই (ঘ) চির + ঊনি উ: (ক)

০৭. কোন বাংলা পদের সাথে অন্য পদের সন্ধি হয় না? [B : ২৩-২৪]
(ক) বিশেষণ (খ) বিশেষ্য (গ) ক্রিয়া (ঘ) অব্যয় উ: (গ)

০৮. কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধির উদাহরণ নয়? [A : ২৩-২৪]
(ক) আশ্চর্য (খ) তস্কর (গ) পুনরপি (ঘ) মনীষা উ: (গ)

০৯. সঠিক উত্তর কোনটি? [A : ২৩-২৪]
(ক) আত্মা + আনন্দ = আত্মানন্দ (খ) আত্ম + আনন্দ = আত্মানন্দ
(গ) আত্মা + নন্দ = আত্মানন্দ (ঘ) আত্ম + নন্দ = আত্মানন্দ উ: (খ)

১০. 'শ্রীশ' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি? [A ২২-২৩]
(ক) শ্রী + ঈশ (খ) শ্রী + ইশ (গ) শ্রী + শ (ঘ) শ্রি + ইশ উ: (ক)

১১. 'নিষ্কর' শব্দের সন্ধি বিচ্ছেদ কোন্‌টি? [B ২২-২৩]
(ক) নিষ + কর (খ) নিম + কর (গ) নিঃ + কর (ঘ) নীঃ + কর উ: (গ)

১২. 'চলোর্মি' এর সন্ধিবিচ্ছেদ– [A : ২১-২২]
(ক) চল + উর্মি (খ) চলা + উর্মি (গ) চল + ঊর্মি (ঘ) চলা + ঊর্মি উ: (গ)

১৩. 'সতীশ' এর সন্ধিবিচ্ছেদ– [A : ২১-২২; বশেমুরবিপ্রবি D ১৭-১৮]
(ক) সতি + ঈশ (খ) সতী + ঈশ (গ) সতী + ইশ (ঘ) সতি + ইশ উ: (খ)

১৪. 'অভ্যুদয়' এর সন্ধি বিচ্ছেদ– [A : ২১-২২]
(ক) অভি + উদয় (খ) অভি + দয় (গ) অভি + উদয় (ঘ) অভ্য + উদয় উ: (গ)

১৫. অ-কার কিংবা আ-কারের পর ঋ-কার থাকলে উভয় মিলে হয়– [A : ২১-২২]
(ক) এর (খ) আর (গ) র (ঘ) অর উ: (ঘ)

১৬. 'চতুষ্কোণ' এর সন্ধিবিচ্ছেদ– [A : ২১-২২]
(ক) চতুঃ + কোণ (খ) চতুষ + কোণ (গ) চতুর + কোণ (ঘ) চতু + কোণ উ: (ক)

১৭. 'কথামৃত' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [A ১৯-২০]
(ক) কথা + অমৃত (খ) কথঃ + অমৃত
(গ) কথা + মৃত (ঘ) কথঃ + মৃত উ: (ক)

১৮. অ-কারের বা আ- কারের পর ই- কার থাকলে উভয় মিলে কী হয়? [B ১৯-২০]
(ক) এ-কার (খ) ও-কার (গ) উ-কার (ঘ) ঐ-কার উ: (ক)

১৯. 'বৃষ্টি' এর সন্ধিবিচ্ছেদ কোনটি? [B ১৯-২০; জাবি E ১৪-১৫]
(ক) বৃস্ + টি (খ) বৃশ + টি
(গ) বৃষ্ + টি (ঘ) বৃষ্ + তি উ: (ঘ)

২০. 'তৃষ্ণার্ত' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি? [A ১৮-১৯; C, ১৮-১৯; D ১৪-১৫]
(ক) তৃষ্ণ + আর্ত (খ) তৃষ্ণা + ঋত
(গ) তৃষ্ণ + ষর্ত (ঘ) তৃষ্ণ + রিত উ: (খ)

২১. 'মহৈশ্বর্য' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [B ১৮-১৯; জবি A Unit, ১৪-১৫]
(ক) মহা + ঐশ্বর্য (খ) মহ + ঐশ্বর্য
(গ) মহান + ঐশ্বর্য (ঘ) মহৎ + ঐশ্বর্য উ: (ক)

২২. 'শ্রদ্ধাঞ্জলি' শব্দটি কীভাবে গঠিত হয়েছে? [C, ১৮-১৯]
(ক) সন্ধিযোগে (খ) প্রত্যয়যোগে
(গ) বিভক্তিযোগে (ঘ) সমাসযোগে উ: (ক)

২৩. 'কৃষ্টি' শব্দের সন্ধিবিচ্ছেদ– [০৪-০৫; ইবি C ১৬-১৭]
(ক) কৃস + তি (খ) কৃষ + টি (গ) কৃষ্ + তি (ঘ) কৃষঃ + তি উ: (গ)

২৪. সন্ধিবিচ্ছেদ কর : 'উপর্যুপরি'– [০৪-০৫]
(ক) উপরি + উপরি (খ) উপর্য + পুরি (গ) উপ + র্যুপরি (ঘ) উপ + উপরি উ: (ক)

২৫. 'সম্ + হার' এর সন্ধি কোনটি? [০৪-০৫]
(ক) সমহার (খ) সংহার (গ) সঙ্গার (ঘ) সঙহার উ: (খ)

২৬. 'মস্যাধার' শব্দের সন্ধিবিচ্ছেদ কর– [০৫-০৬]
(ক) মসা + আধার (খ) মসা + আধার
(গ) মসী + আধার (ঘ) মস্যি + আধার উ: (গ)

২৭. 'মৃন্ময়' শব্দের সন্ধিবিচ্ছেদ– [০৫-০৬, খ ১১-১২; জবি খ ১০-১১]
(ক) মৃণ + ময় (খ) মৃৎ + ময় (গ) মৃত + ময় (ঘ) মৃ + ময় উ: (খ)

২৮ 'উদ্ধৃত' এর সন্ধিবিচ্ছেদ– [০৫-০৬]
(ক) উৎ + হৃত (খ) উৎ + হত (গ) উদ + হৃত (ঘ) উৎ + ঋত উ: (ক)

২৯. 'তুষ্ট' শব্দটির সন্ধিবিচ্ছেদ– [০৫-০৬]
(ক) তুষ + ট (খ) তুস্ + ত (গ) তুষ্ + ত (ঘ) কোনোটিই নয় উ: (গ)

৩০. 'অকুতোভয়' এর সন্ধিবিচ্ছেদ কী? [০৬-০৭; কুবি C- ১২-১৩]
(ক) অকুত + ভয় (খ) অকুতো + ভয় (গ) অকুতঃ + ভয় (ঘ) অকুত + অভয় উ: (গ)

৩১. 'স্বেচ্ছা' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি? [০৬-০৭; বেরোবি B ১৬-১৭]
(ক) সে + ইচ্ছা (খ) স্ব + চ্ছা (গ) স্ব + ইচ্ছা (ঘ) সে + ইচ্ছা উ: (গ)

৩২. 'মুখচ্ছবি' সন্ধির কোন নিয়মে পড়ে? [০৯-১০]
(ক) ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জনধ্বনি (খ) ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনি
(গ) স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি (ঘ) ব্যঞ্জনধ্বনি + বিসর্গ ধ্বনি উ: (গ)

৩৩. 'পর্যালোচনা' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [০৯-১০]
(ক) পর্য + আলোচনা (খ) পর্যা + লোচনা
(গ) পরি + লোচনা (ঘ) পরি + আলোচনা উ: (ঘ)

৩৪. সন্ধির প্রধান সুবিধা কীসে? [০৯-১০; A-১৫-১৬]
(ক) শুনতে (খ) লিখতে (গ) উচ্চারণে (ঘ) পড়তে উ: (গ)

৩৫. 'যাচ্ছেতাই' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি– [০৯-১০]
(ক) যা + ইচ্ছে + তাই (খ) যা + ইচ্ছা + তাই
(গ) যাহা + ইচ্ছা + তাই (ঘ) যাহা + ইচ্ছে + তাই উ: (খ)

৩৬. 'স্বাধীনতা' এর সন্ধিবিচ্ছেদ– [০৯-১০]
(ক) সু + অধীনতা (খ) স + অধীনতা
(গ) শ + অধীনতা (ঘ) স্ব + অধীনতা উ: (ঘ)

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৩৭. 'সংশপ্তক' শব্দের সন্ধিবিচ্ছেদ– [০৩-০৪]
ⓚ সম্ + শপ্তক ⓚ সং + শপ্তক
ⓖ সম + শপ্ত + ক ⓖ সং + শপ্ত + এক উ: (গ)

৩৮. 'দুর্নীতি' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [A ১৭-১৮; চবি গ ৯-১০]
ⓚ দুর + নীতি ⓚ দূর + নীতি
ⓖ দুঃ + নীতি ⓖ দুঃ + নিতি উ: (গ)

৩৯. 'রবীন্দ্র' শব্দের সন্ধিবিচ্ছেদ কী? [কও : ১১-১২; ঢাবি গ ৯৩-৯৪; চবি খ ০৫-০৬]
ⓚ রবী + ইন্দ্র ⓚ রবি + ইন্দ্র
ⓖ রবি + ঈন্দ্র ⓖ রবী + ইন্দ্র উ: (খ)

৪০. 'ততোধিক' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [K ১৭-১৮; ঢাবি খ ৯৬-৯৭]
ⓚ তত + অধিক ⓚ ততঃ + অধিক
ⓖ তত + ধিক ⓖ ততঃ + ধিক উ: (খ)

৪১. 'প্রিয়ংবদা' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি? [A -১৩-১৪]
ⓚ প্রিয়ম + বদা ⓚ প্রিয়াং + বদা
ⓖ পিয়ম + বদা ⓖ প্রিয়াৎ + বদা উ: (ক)

৪২. 'ধর্মাধর্ম' শব্দটির সন্ধিবিচ্ছেদ হলো– [E ১৩-১৪]
ⓚ ধর্ম + অধর্ম ⓚ ধর্মা + ধর্ম
ⓖ ধর্ম + আ + ধর্ম ⓖ ধর্ম + অদধর্ম উ: (ক)

৪৩. 'গবেষণা' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [A: ১৪-১৫; চবি G ১৩-১৪]
ⓚ গো + এষণা ⓚ গব + এষণা ⓖ গৌ + এষণা ⓖ গব + এযনা উ: (ক)

৪৪. 'অধ্যুষিত' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [I ১৭-১৮]
ⓚ অধ্য + উষিত ⓚ আধ + ষিত
ⓖ অধি + উষিত ⓖ আধু + উষিত উ: (গ)

৪৫. 'দুর্বার' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [A-১৫-১৬]
ⓚ দূর + বার ⓚ দুর + বার ⓖ দুঃ + বার ⓖ দূঃ + বার উ: (গ)

৪৬. 'ষষ্ঠ' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [F ১৭-১৮; জাবি D ১৭-১৮; জবি ১৬-১৭]
ⓚ ষষ্ + ত ⓚ যষ্ + ঠ ⓖ ষষ্ + থ ⓖ ষট্ + ঠ উ: (গ)

৪৭. 'ষোড়শ' এর সন্ধিবিচ্ছেদ কোনটি? [A ১৬-১৭]
ⓚ ষট্ + অশ ⓚ ষট + দশ ⓖ ষড় + অশ ⓖ ষড় + দশ উ: (খ)

৪৮. 'মৃদঙ্গ' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি? [A ১৬-১৭]
ⓚ মৃৎ + অঙ্গ ⓚ মৃদং + গ ⓖ মৃদ + অঙ্গ ⓖ মৃদঙ + অঙ্গ উ: (ক)

৪৯. 'দ্বীপায়ন' শব্দের সন্ধিবিচ্ছেদ- [D ১৬-১৭]
ⓚ দ্বীপ + আয়ন ⓚ দ্বীপ + অয়ন
ⓖ দ্বিপ + অনট ⓖ দ্বীপ + অনট উ: (ক)

৫০. 'সুধীন্দ্র' শব্দের সন্ধিবিচ্ছেদ কী? [F ১৬-১৭]
ⓚ সুধি + ইন্দ্র ⓚ সুধী + ইন্দ্র ⓖ সুধী + ঈন্দ্র ⓖ সুধি + ঈন্দ্র উ: (খ)

৫১. 'কুজ্ঝটিকা' এর সন্ধিবিচ্ছেদ– [B ১৭-১৮; শাবিপ্রবি খ ০৮-০৯]
ⓚ কুদ্ + জটিকা ⓚ কুদ্ + ঝটিকা
ⓖ কুৎ + ঝটিকা ⓖ কুজ্ + ঝটিকা উ: (গ)

৫২. 'পুনরুক্ত' এর সন্ধিবিচ্ছেদ– [E ১৭-১৮]
ⓚ পুনঃ + উক্ত ⓚ পুন + রুক্ত ⓖ পূনঃ + রুক্ত ⓖ পুন + উক্ত উ: (ক)

৫৩. 'নাবিক' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [E ১৭-১৮]
ⓚ নাবি + ইক ⓚ নো + ইক ⓖ নৌ + বিক ⓖ নৌ + ইক উ: (ঘ)

৫৪. 'পতঞ্জলি' এর সন্ধিবিচ্ছেদ– [E ১৭-১৮]
ⓚ পদ + অঞ্জলি ⓚ পত + অঞ্জলি
ⓖ পতৎ + অঞ্জলি ⓖ পতঃ + অঞ্জলি উ: (গ)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

০১. 'শিরশ্ছেদ' এর সন্ধি-বিচ্ছেদ কী? [D : ২৩-২৪; কুবি-C-19-20]
ⓚ শির + ছেদ ⓚ শিরশ + ছেদ
ⓖ শিরঃ + ছেদ ⓖ শির + শ্ছেদ উ: (গ)

০২. 'মনীষা' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি? [B সেট-১; ২২-২৩]
ⓚ মনস্ + ঈষা ⓚ মন + ঈষা ⓖ মন + ইষা ⓖ মনীষ + আ উ: (ক)

০৩. কোনটিতে সন্ধির নিয়ম লঙ্ঘিত হয় নাই? [D : ২১-২২]
ⓚ শরৎ + চন্দ্র = শরৎচন্দ্র ⓚ জগৎ + মোহন = জগৎমোহন
ⓖ চলৎ + শক্তি = চলচ্ছক্তি ⓖ তত্ত্ব + বধায়ক = তত্ত্ববাধায়ক উ: (গ)

০৪. 'প্রেম' শব্দটির সন্ধি বিচ্ছেদ- [B1 : ২১-২২; রাবি D ১৪-১৫; ঢাবি ক ০৫-০৬; হাবিপ্রবি C-১৫-১৬]
ⓚ প্রি + ম ⓚ প্রে + ইমন ⓖ পৃ + ইমন ⓖ প্রিয় + ইমন উ: (ঘ)

০৫. 'মাত্রাধিকা' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? [B : ২১-২২, ঙ ০৫-০৬]
ⓚ মাত্রা + আধিক্য ⓚ মাত্র + আধিক্য ⓖ মাত্র + অধিকা ⓖ মাতৃ + আধিকা উ: (গ)

০৬. 'সন্ধি'র কাজ কী? [B : ২১-২২]
ⓚ শব্দে-শব্দে সংযোগ ⓚ শব্দে-শব্দে মিলন
ⓖ বাক্যে-বাক্যে সংযোগ ⓖ প্রত্যয়ে-প্রত্যয়ে মিলন উ: (খ)

Note: সন্ধি হচ্ছে ধ্বনি বা বর্ণের সংযোগ কিন্তু শব্দের নয়।

০৭. 'অন্তরঙ্গ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? [B : ২১-২২; ঢাবি গ ০৭-০৮]
ⓚ অন্ত + রঙ্গ ⓚ অন্তর + রঙ্গ ⓖ অন্ত + অঙ্গ ⓖ অন্তর + অঙ্গ উ: (ঘ)

০৮. 'অঙ্কুরোদগম' এর সন্ধিবিচ্ছেদ–[A ১৮-১৯]
ⓚ অঙ্ক + রোদগম ⓚ অঙ্কুরো + গম ⓖ অঙ্কুর + উদগম ⓖ অঙ্ক + রোদগম উ: (গ)

০৯. 'সংগীত' এর শুদ্ধ সন্ধিবিচ্ছেদ কোনটি? [ঙ ০৫-০৬]
ⓚ সং + গীত ⓚ সং + গিত ⓖ সম + গিত ⓖ সম + গীত উ: (ঘ)

১০. বিশেষ নিয়মে সাধিত সন্ধির উদাহরণ- [ঙ ০৮-০৯]
ⓚ আশ্চর্য ⓚ উত্থান ⓖ ষষ্ঠ ⓖ পরস্পর উ: (ঘ)

১১. 'উজ্জ্বল' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি? [গ ১০-১১]
ⓚ উজ + জ্বল ⓚ উদ + জ্বল ⓖ উদ্ব + জল ⓖ উৎ + জ্বল উ: (ঘ)

১২. 'দুরবস্থা' শব্দটির সন্ধিবিচ্ছেদ – [গ ১১-১২]
ⓚ দুঃ + অবস্থা ⓚ দু + অবস্থা ⓖ দূ + অবস্থা ⓖ দু + বস্থা উ: (ক)

১৩. 'বাগাড়ম্বর' শব্দের সন্ধিবিচ্ছেদ– [চ ১১-১২, ঙ ১১-১২; চবি ক ১৩-১৪]
ⓚ বাক্ + অম্বর ⓚ বাগ + অম্বর
ⓖ বাগ + আড়ম্বর ⓖ বাক + আড়ম্বর উ: (গ)

১৪. 'সদাশয়' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [C, -১৩-১৪]
ⓚ সদ + আশয় ⓚ সৎ + আশয় ⓖ সদা + আশয় ⓖ সদা + শয় উ: (খ)

১৫. 'মহৌষধি' শব্দের ঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? [J ১৬-১৭]
ⓚ মহা + ঔষধি ⓚ মহ + ঔষধি ⓖ মহাঃ + ঔষধি ⓖ মহা + ওষধি উ: (খ)

১৬. 'নিরবধি' শব্দের ঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? [F ১৬-১৭]
ⓚ নির + বধি ⓚ নিরব + ধি ⓖ নিঃ + অবধি ⓖ নি + অবধি উ: (গ)

খুলনা বিশ্ববিদ্যালয়

০১. 'ধনুষ্টঙ্কার' এর ঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? [B ১৯-২০]
ⓚ ধনুষ + টঙ্কার ⓚ ধনুস্ + টঙ্কার ⓖ ধনুসঃ + টঙ্কার ⓖ ধনুঃ + টঙ্কার উ: (ঘ)

০২. নিপাতনে সিদ্ধ সন্ধির দৃষ্টান্ত কোনটি? [B ১৮-১৯]
ⓚ গবেষণা ⓚ ষষ্ঠ ⓖ আশ্চর্য ⓖ অন্বিত উ: (গ)

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

০১. 'সংযম' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [AL ১৮-১৯; ক ১৬-১৭]
ⓚ সংযম ⓚ সম্ + যম ⓖ সঙ + যম ⓖ সম + জম উ: (খ)

০২. কোন বাংলা পদের সাথে অন্য পদের সন্ধি হয় না? [AL ১৮-১৯; C ১৭-১৮; ঢাবি ০৬-০৭]
ⓚ বিশেষ্য ⓚ বিশেষণ ⓖ অব্যয় ⓖ ক্রিয়া উ: (ঘ)

০৩. সন্ধিবিচ্ছেদ কর : [AL ১৭-১৮]
ⓚ তিরস + কার ⓚ তিরঃ + কার
ⓖ তির + স্কার ⓖ তিরস +কার উ: (খ)

০৪. 'দ্যুলোক' শব্দের সন্ধিবিচ্ছেদ কর- [AL ১৭-১৮; জাবি D ১৭-১৮, খ ১৪-১৫]
ⓚ দ্যু + লোক ⓚ দ্যুঃ + লোক ⓖ দিবঃ + লোক ⓖ দিব্ + লোক উ: (ঘ)

০৫. 'উচ্ছ্বাস' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [AP ১৭-১৮]
ⓚ উৎ + ছাস ⓚ উৎ + শ্বাস ⓖ উত + ছাস ⓖ উৎ + হাস উ: (খ)

০৬. 'প্রত্যাবর্তন' শব্দের সন্ধিবিচ্ছেদ– [D ১৭-১৮; ঢাবি খ ১৭-১৮]
ⓚ প্রতি + বর্তন ⓚ প্রত্যা + বর্তন
ⓖ প্রতিঃ + আবর্তন ⓖ প্রতি + আবর্তন উ: (ঘ)

০৭. 'মরূদ্যান' এর সন্ধিবিচ্ছেদ কোনটি? [D ১৭-১৮]
ⓚ মরু + উদ্যান ⓚ মরূ + উদ্যান ⓖ মরূ + উদ্যন ⓖ মরু + উদ্যন উ: (ক)

০৮. 'দুর্গতি' এর সন্ধিবিচ্ছেদ কোনটি? [A -১৩-১৪]
ⓚ দূর + গতি ⓚ দুর + গতি ⓖ দুঃ + গতি ⓖ দূঃ + গতি উ: (গ)

০৯. 'মনোনয়ন' এর সন্ধিবিচ্ছেদ কোনটি? [গ ১৬-১৭]
ⓚ মনন + অয়ন ⓚ মন + নয়ন ⓖ মনঃ + নয়ন ⓖ মনো + নয়ন উ: (গ)

১০. 'ত্রিশাল' শব্দের সন্ধিবিচ্ছেদ কর : [ঘ ১৬-১৭]
ⓚ ত্রিশ + আল ⓚ ত্রি + শাল
ⓖ ত্রিশ্ + আল ⓖ ত্রিশা + ল উ: (গ)

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

০১. কোনটি সন্ধিজাত শব্দ? [A ১৯-২০]
ক অভিযান খ সংবাদ গ গমন ঘ সুলভ উ: খ

০২. কোনটি খাঁটি বাংলা স্বরসন্ধির উদাহরণ? [B ১৯-২০; বশেমুরবিপ্রবি C ১৮-১৯]
ক শত + এক খ ইতর + আমি গ বিশ্ব + মিত্র ঘ আ + চর্য উ: ক

০৩. 'সংস্কৃতি' শব্দের ঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? [A ১৭-১৮; রাবি E ১৭-১৮]
ক সং + কৃতি খ সম্ + কৃতি গ সং + স্কৃতি ঘ সম + স্কৃতি উ: খ

০৪. 'নিষ্পাপ' শব্দটি কোন নিয়মে গঠিত? [A ১৭-১৮]
ক প্রত্যয়যোগে খ উপসর্গযোগে গ সন্ধিযোগে ঘ সমাসযোগে উ: গ

০৫. কোনটি ব্যঞ্জনসন্ধির উদাহরণ? [B ১৭-১৮]
ক মহা + অর্ঘ খ ততঃ + অধিক গ কোথা + থেকে ঘ বিপদ + জনক উ: ঘ

০৬. কোনটি স্বরসন্ধির উদাহরণ- [B ১৭-১৮]
ক ইতিহ্ + য খ কৃষ্ + তি গ ক্ষুদ্ + র ঘ তৎ + ময় উ: ক

০৭. 'উ' কারের পর বিসর্গ (ঃ) এবং তার পরে 'ক' থাকলে কোন ব্যঞ্জনধ্বনি বসে? [C ১৭-১৮]
ক স খ ষ গ শ ঘ য উ: খ

০৮. 'নবোঢ়া' এর সন্ধিবিচ্ছেদ কোনটি? [C ১৭-১৮; রাবি ০৯-১০; জাবি গ ১৬-১৭]
ক নব + উঢ়া খ নৈ + ওঢ়া গ নবো + উঢ়া ঘ নব + উঢ়া উ: ঘ

০৯. 'চলচ্চিত্র' শব্দের সন্ধিবিচ্ছেদ- [১১-১২]
ক চল + চিত্র খ চলৎ + চিত্র গ চলচ + চিত্র ঘ চল্ + চ্ছিত্র উ: খ

১০. নিচের কোন সন্ধিটি শুদ্ধ নয়? [১১-১২]
ক জ্যোতিঃ + ইন্দ্র = জ্যোতিরিন্দ্র খ বিঃ + ছেদ = বিচ্ছেদ
গ উপরি + উক্ত = উপরোক্ত ঘ মহা + ঐক্য = মহৈক্য
Note : বি + ছেদ = বিচ্ছেদ, উপরি + উক্ত = উপর্যুক্ত।

১১. 'অহর্নিশ' শব্দের সন্ধিবিচ্ছেদ- [B সেট ২, ১২-১৩; ঢাবি খ ৯৬-৯৭]
ক অহঃ + নিশা খ অহঃ + নিশ গ অহর + নিশ ঘ অহ + নিশ উ: ক

ইসলামী বিশ্ববিদ্যালয়

০১. কোনটি সংস্কৃত ব্যঞ্জন সন্ধির উদাহরণ? [B ১৯-২০]
ক শুভ + ইচ্ছা খ দিক্ + অন্ত গ বদ্ + জাত ঘ শাক্ + ভাত উ: খ

০২. 'বনস্পতি' শব্দটি কী সন্ধি? [B ১৭-১৮]
ক ব্যঞ্জনসন্ধি খ বিসর্গ সন্ধি গ নিপাতনে সিদ্ধ সন্ধি ঘ স্বরসন্ধি উ: গ

০৩. 'ন্যূন' এর সন্ধিবিচ্ছেদ কোনটি? [H ১৭-১৮]
ক নো + অন খ ন্যূ + অন গ নে + অন ঘ নি + ঊন উ: ঘ

০৪. 'উপরি + উক্ত' এর সন্ধিবদ্ধ শব্দ কোনটি? [B ১৭-১৮]
ক উপরিউক্ত খ উপর্যপরি গ উপর্যুক্ত ঘ উপরোক্ত উ: গ

০৫. কোনটি নিয়ম অনুসারে সন্ধি হয় না? [C ১৭-১৮]
ক গায়ক খ পশ্বধম গ নদ্যম্বু ঘ কুলটা উ: খ

০৬. 'সংশয়' এর সন্ধিবিচ্ছেদ- [ছ ০৫-০৬]
ক সৎ + শয় খ সন + শয় গ সম্ + শয় ঘ সম + শয় উ: গ

০৭. 'রত্নাকর' শব্দটির সন্ধিবিচ্ছেদ হলো– [ছ ০৫-০৬; জাককানবি ক ১৬-১৭]
ক রত্না + কর খ রত্ন + কর গ রত্না + আকর ঘ রত্ন + আকর উ: ঘ

০৮. 'জলৌকা' এর সন্ধিবিচ্ছেদ কর- [খ ০৫-০৬]
ক জল + একা খ জল + ঐকা গ জল + ওকা ঘ জল + ঔকা উ: গ

০৯. 'দুশ্ছেদ্য' শব্দটির সন্ধিবিচ্ছেদ কর [খ ০৫-০৬]
ক দুশ + ছেদ্য খ দুষ + ছেদ্য গ দুঃ + ছেদ্য ঘ কোনোটিই নয় উ: গ

১০. 'তামসিক' কে সন্ধিবিচ্ছেদ করলে হয়- [গ ০৯-১০]
ক তমস্ + ইক খ তামস + ইক গ তাম + সিক ঘ তামা + সিক উ: ক

১১. 'এদূর' কে সন্ধিবিচ্ছেদ করলে হয়- [গ ০৯-১০]
ক এ + দ্দূর খ এত + দূর গ এৎ + দূর ঘ এ + দূর উ: খ

১২. নিচের কোন শব্দটি সন্ধিঘটিত অশুদ্ধির উদাহরণ? [খ ০৯-১০]
ক সদ্যজাত খ হস্তীপদ গ কল্যাণ ঘ নেতৃবৃন্দ উ: ক

১৩. 'উত্তমর্ণ' কে সন্ধিবিচ্ছেদ করলে হয়- [গ ০৯-১০]
ক উত্তর + মণ খ উত্তম + ঋণ গ উত্তর + মর্ণ ঘ উত্তরম + ণ উ: খ

১৪. 'পতঞ্জলি' শব্দের সন্ধিবিচ্ছেদ- [B -১৩-১৪]
ক পত + অঞ্জলী খ পতঃ + অঞ্জলী গ পত্ + অঞ্জলি ঘ পতৎ + অঞ্জলি উ: ঘ

১৫. 'চার্বাক' এর সন্ধিবিচ্ছেদ কোনটি? [C ১৬-১৭]
ক চার + বাক খ চর + বাক গ চর্ব + বাক ঘ চারু + বাক উ: ঘ

১৬. নিচের কোনটি ব্যঞ্জনসন্ধির উদাহরণ? [B ১৬-১৭]
ক ভবন খ উচ্ছেদ গ অতএব ঘ দুস্তর উ: খ

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

০১. নিপাতনে সিদ্ধ হয়েছে কোন শব্দটি? [B ১৯-২০; জাককানইবি E ১৩-১৪]
ক যজ্ঞ খ পরস্পর গ কৃষ্টি ঘ ক্ষুৎপিপাসা উ: খ

০২. 'দুর্লভ' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [C ১৮-১৯; চবি খ ০৭-০৮]
ক দুঃ + লভ খ দুর + লভ গ দুঃ + লোভ ঘ দুর + লোভ উ: ক

০৩. নিচের কোনটি বিসর্গ সন্ধি? [B ১৮-১৯]
ক যদ্যপি খ অন্বেষণ গ উচ্ছেদ ঘ দুষ্কর উ: ঘ

০৪. 'নীরস' শব্দের সন্ধিবিচ্ছেদ হলো– [B 12-13; ঢাবি ঘ ০৩-০৪; নোবিপ্রবি ঘ ১৫-১৬]
ক নী + রস খ নীঃ + রস গ নিঃ + রস ঘ নিঃ + অস উ: গ

০৫. 'কিংবদন্তি' শব্দের সন্ধিবিচ্ছেদ হলো– [B ১৩-১৪]
ক কিম্ + বদন্তি খ কিম্ + বদন্তি গ কিং + দন্তী ঘ কিং + বদন্তী উ: খ

বরিশাল বিশ্ববিদ্যালয়

০১. নিচের কোনটি 'তস্কর' শব্দের শুদ্ধ সন্ধিবিচ্ছেদ? [গ ১১-১২; জাবি A ১৬-১৭]
ক তস্ + কর খ তস্ + কর গ তসঃ + কর ঘ তদঃ + কর উ: খ

০২. 'মন্বন্তর' শব্দের সন্ধিবিচ্ছেদ- [ক, খ ১১-১২]
ক মন + অন্তর খ মনন + তর গ মনু + অন্তর ঘ মন্বন + তর উ: গ

০৩. নিচের কোন সন্ধিবিচ্ছেদটি অশুদ্ধ? [ক ১৪-১৫]
ক হিম + অচল = হিমাচল খ এক + এক = একৈক
গ কথা + উপকথন = কথোপকথন ঘ মন + অন্তর = মন্বন্তর উ: খ

০৪. ব্যাকরণে 'সন্ধি' শব্দের অর্থ– [ক ১৪-১৫]
ক চুক্তি খ ঐক্য গ মিলন ঘ সম্মেলন উ: গ

০৫. 'পাবক' কোন সন্ধির উদাহরণ? [গ ১৪-১৫]
ক স্বরসন্ধি খ ব্যঞ্জনসন্ধি গ বিসর্গসন্ধি ঘ নিপাতনে সিদ্ধ উ: ক

০৬. 'গ্রন্থাগার' শব্দটি– [ঘ ১৪-১৫]
ক স্বরসন্ধি খ ব্যঞ্জনসন্ধি গ বিসর্গসন্ধি ঘ নিপাতনে সিদ্ধ সন্ধি উ: ক

০৭. 'যশোলাভ' এর সন্ধিবিচ্ছেদ– [ঘ ১৪-১৫]
ক যশঃ + লাভ খ যশ + লাভ গ যশো + লাভ ঘ যশ + অ + লাভ উ: ক

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয়

০১. নিচের কোনটি বিশেষ নিয়মে সাধিত সন্ধি? [E ১৭-১৮]
ক সংস্কৃত খ তৎসম গ তস্কর ঘ পরস্পর উ: ক

০২. 'বনৌষধি' শব্দের অশুদ্ধ সন্ধিবিচ্ছেদ– [E ১৪-১৫]
ক বন্ + ওষধি খ বন্ + ওষধি গ বন + ঔষধি ঘ বন + ওষধি উ: গ

০৩. 'সন্তাপ' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি? [F ১৬-১৭]
ক সন + তাপ খ সম্ + তাপ গ সণ + তাপ ঘ সমঃ + তাপ উ: খ

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১. 'আশ্চর্য' এর সন্ধিবিচ্ছেদ– [D ১৩-১৪; জাবি A ১৬-১৭]
ক আ + চর্য খ অতি + চার্য
গ আশ + চর্য ঘ আ + চার্য উ: ক

হাজী মোহাম্মদ দানেশ বি. ও প্র. বিশ্ববিদ্যালয়

০১. পরস্পর কাছাকাছি ধ্বনি বা বর্ণের মিলনকে কী বলে? [E -১৩-১৪]
ক সন্ধি খ সমাস গ কারক ঘ প্রত্যয় উ: ক

০২. উচ্চারণে সুবিধা হলেও ধ্বনিমাধুর্যতা থাকে না, সেখানে কী করতে নেই? [E ১৪-১৫]
ক সন্ধি খ সমাস গ প্রত্যয় ঘ ণত্ব ও ষত্ব বিধান উ: ক

০৩. 'দুর্যোগ' এর সন্ধিবিচ্ছেদ কোনটি? [E, সেট ২ : ১৪-১৫]
ক দুহঃ + যোগ খ দুর + যোগ
গ দুঃ + যোগ ঘ দুহ + যোগ উ: গ

০৪. 'নিরন্ন' শব্দের সন্ধিবিচ্ছেদ– [G-১৫-১৬]
ক নি + অন্ন খ নির + অন্ন
গ নিঃ + অন্ন ঘ নির + ন্ন উ: গ

০৫. নিচের কোন বানানটি সন্ধির নিয়মে সাধিত? [C ১৫-১৬]
ক মতানৈক্য খ মধুসূদন
গ সমীচীন ঘ গীতাঞ্জলি উ: খ

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১. 'ব্যাকরণ' এর সন্ধিবিচ্ছেদ কোনটি? [B ১৯-২০]
ⓚ বি + আ + কৃ + অনট ⓛ ব্যা + অ + করণ
ⓜ বি + কৃ + অরণ ⓝ ব্যা + আ + করণ
উ: ক

০২. 'দুর্ঘটনা' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [C -১৩-১৪]
ⓚ দুঃ + ঘটনা ⓛ দুর + ঘটনা
ⓜ দুর + ঘটনা ⓝ দুর্ + ঘটনা
উ: ক

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস

০১. 'ভাগ্য' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [FSSS : ২১-২২]
ⓚ ভা + অগ্য ⓛ ভজ + য
ⓜ ভা + অগ্য ⓝ ভজঃ + অগ্য
উ: খ

০২. নিচের কোনটি ফলাযুক্ত সন্ধির সঠিক উদাহরণ? [FSSS : ২৩-২৪]
ⓚ মসী + আধার = মৎসাধার ⓛ নদী + অম্বু = নদ্যম্বু
ⓜ অনু + এষণ = অন্বেষণ ⓝ বহু + ঊর্ধ্ব = বহূর্ধ্ব
ⓞ সু + আগত = স্বাগত
উ: গ

বাংলাদেশ মেরিন একাডেমি

০১. সার্বভৌম শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? [A : ২১-২২]
ⓚ সর্বভূমি + ষ্ণ ⓛ সর্ব + ভৌম
ⓜ সার্বভৌম + ম ⓝ সর্ব + ভূমি
উ: ক

গার্হস্থ্য অর্থনীতি কলেজ

০১. অহরহ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? [Humanities : ২১-২২; ঢাবি গ ১৭-১৮; রাবি E ১৫-১৬]
ⓚ অহঃ + অহ ⓛ অহঃ + রহ
ⓜ অহ + রহ ⓝ অহ + অহ
উ: ক

০২. 'প্রত্যুক্তি' শব্দের সন্ধিবিচ্ছেদ হলো– [১৭-১৮]
ⓚ প্রতু + উক্তি ⓛ প্রত্য + উক্তি
ⓜ প্রতি + উক্তি ⓝ প্রত্ + উক্তি
উ: গ

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ

০১. 'অন্বেষণ'– এর সন্ধিবিচ্ছেদ হলো– [কলা ও সামাজিক : ২৩-২৪;বেবোবি-B-17-18;চবি-১৪-১৫]
ⓚ অনু + এষণ ⓛ অনু + বেশণ
ⓜ অনুঃ + এষণ ⓝ অন্য + এষণ
উ: ক

০২. বিশেষ নিয়মে সাধিত সন্ধিজাত শব্দ– [১৭-১৮]
ⓚ উত্থান ⓛ যাচঞা ⓜ রাজ্ঞী ⓝ তৎকাল
উ: ক

বিএসসি ও ডিপ্লোমা নার্সিং

০১. 'মনোরম' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? [বিএসসি : ২৩-২৪;জাবি-A-17-18]
ⓚ মন + রম ⓛ মঃ + আরম ⓜ মনঃ + রম ⓝ মনো + রম
উ: গ

০২. কোন সন্ধিটি নিপাতনে সিদ্ধ? [২২-২৩]
ⓚ সম + সার = সংসার ⓛ পর্ + পর = পরস্পর
ⓜ উৎ + ছেদ = উচ্ছেদ ⓝ বাক + দান = বাগদান
উ: খ

০৩. 'দিগন্ত' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [BSC Nursing'20-21]
ⓚ দিক্ + অন্ত ⓛ দি + গন্ত ⓜ দিগ + অন্ত ⓝ দিহ্ + অন্ত
উ: ক

০৪. 'জনৈক' শব্দটির সন্ধিবিচ্ছেদ–[BSC Nursing'19-20]
ⓚ জন + ইক ⓛ জন + এক ⓜ জনৈ + এক ⓝ জন + ঈক
উ: খ

০৫. 'স্বাগত' এর ঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? [BSC Health Tech'18-19]
ⓚ স্ব + আগত ⓛ সু + আগত ⓜ স্ব + গত ⓝ সুর + আগত
উ: খ

০৬. 'স্বেচ্ছা' শব্দের ঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? [BSC Nursing'18-19]
ⓚ স্ব + ইচ্ছা ⓛ স + ইচ্ছা ⓜ সে + ইচ্ছা ⓝ সু + ইচ্ছা
উ: ক

০৭. 'সংঘাত' এর সন্ধিবিচ্ছেদ কোনটি? [BSC Nursing'18-19]
ⓚ সম্ + ঘাত ⓛ সং + ঘাত ⓜ সঙ + ঘাত ⓝ স + ঘাত
উ: ক

০৮. 'বৃষ্টি' এর সন্ধিবিচ্ছেদ–[Diploma Nursing'20-21; RU-B- 19-20; জাবি E – ১৪-১৫]
ⓚ বৃষ্ + তি ⓛ বৃষঃ + টি ⓜ বৃষ + টি ⓝ বৃশ + টি
উ: ক

০৯. 'বনস্পতি' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [Diploma Nursing'19-20; RU-E ১৬-১৭; ববি-১৩-১৪]
ⓚ বন + স্পতি ⓛ বন্ + পতি ⓜ বনঃ + পতি ⓝ বনস + পতি
উ: খ

১০. 'গবেষণা' এর সন্ধিবিচ্ছেদ কোনটি? [Diploma Nursing'14-15]
ⓚ গবে + ষণা ⓛ গো + এষণা ⓜ গ + এ + ষণা ⓝ গবি + ষণা
উ: খ

BCS পরীক্ষার বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

০১. 'শিরোচ্ছেদ' শব্দের সন্ধিবিচ্ছেদ? [৪৬তম বিসিএস]
ⓚ শির + ছেদ ⓛ শিরঃ + ছেদ
ⓜ শিরস্ + ছেদ ⓝ শির + উচ্ছেদ
উ: খ

০২. নিপাতনে সিদ্ধ স্বরসন্ধির দৃষ্টান্ত কোনটি? [৪৪ তম বিসিএস]
ⓚ গো + অক্ষ = গবাক্ষ ⓛ পৌ + অক = পাবক
ⓜ বি + অঙ্গ = বঙ্গ ⓝ যতি + ইন্দ্র = যতীন্দ্র
উ: ক

০৩. 'দূরবস্থা' শব্দটি সন্ধি বিচ্ছেদ করা হলে নিচের কোনটি পাওয়া যায়? [৩৯তম]
ⓚ দুর + বস্থা ⓛ দূর + বস্থা
ⓜ দুর + অবস্থা ⓝ দুঃ + অবস্থা
উ: ঘ

০৪. 'সদ্যোজাত' শব্দের শুদ্ধ সন্ধি বিচ্ছেদ কোনটি [৩৮তম]
ⓚ সং + জাত ⓛ সদ্যো + জাত
ⓜ সদ্যঃ + জাত ⓝ সদ্য + জাত
উ: গ

০৫. 'রবীন্দ্র' এর সন্ধি বিচ্ছেদ কী? [৩৬তম বিসিএস]
ⓚ রবী + ন্দ্র ⓛ রবি + ঈন্দ্র
ⓜ রবি + ইন্দ্র ⓝ রব + ইন্দ্র
উ: গ

০৬. 'দ্বিপায়ন' শব্দের শুদ্ধ সন্ধি বিচ্ছেদ কোনটি? [৩৫তম বিসিএস]
ⓚ দ্বিপ + আয়ন ⓛ দ্বীপ + আয়ন
ⓜ দ্বিপ + অনট ⓝ দ্বীপ + অনট
উ: খ

০৭. সন্ধি সাধিত শব্দ 'পরস্পর' কোন ধরনের সন্ধির দৃষ্টান্ত? [৩২তম]
ⓚ ব্যঞ্জন সন্ধি ⓛ স্বরসন্ধি
ⓜ নিপাতনে সিদ্ধ ⓝ বিসর্গ সন্ধি
উ: গ

০৮. 'বাগাড়ম্বর' শব্দের সন্ধি বিচ্ছেদ– [৩০তম]
ⓚ বাগ + আম্বর ⓛ বাগ + আড়ম্বর
ⓜ বাক্ + অম্বর ⓝ বাক্ + আড়ম্বর
উ: ঘ

০৯. 'জনৈক' শব্দের সন্ধি বিচ্ছেদ– [২৯তম বিসিএস]
ⓚ জন + ঐক ⓛ জন + এক
ⓜ জনে + এক ⓝ জন + অক
উ: খ

১০. কোন সন্ধি নিপাতনে সিদ্ধ? [২৭তম]
ⓚ বাক্ + দান = বাগদান ⓛ উৎ + ছেদ = উচ্ছেদ
ⓜ পর্ + পর = পরস্পর ⓝ সম + সার = সংসার
উ: গ

১১. 'প্রাতরাশ' এর সন্ধি– [২৩তম]
ⓚ প্রাত + রাশ ⓛ প্রাতঃ + রাশ
ⓜ প্রাতঃ + আশ ⓝ প্রাত + আশ
উ: গ

১২. সন্ধির প্রধান সুবিধা কী? [১৮তম বিসিএস]
ⓚ উচ্চারণের সুবিধা ⓛ লেখার সুবিধা
ⓜ শোনার সুবিধা ⓝ পড়ার সুবিধা
উ: ক

১৩. 'সন্ধি' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়? [১৮তম]
ⓚ রূপতত্ত্ব ⓛ ধ্বনিতত্ত্ব
ⓜ পদক্রম ⓝ বাক্য প্রকরণ
উ: খ

১৪. 'ষড়ঋতু' শব্দের সন্ধি বিচ্ছেদ– [১৭তম]
ⓚ ষড় + ঋতু ⓛ ষড়ু + ঋতু
ⓜ ষট + ঋতু ⓝ ষট্ + ঋতু
উ: ঘ

১৫. 'দ্যুলোক' শব্দের যথার্থ সন্ধি বিচ্ছেদ কোনটি? [১৫তম]
ⓚ দুঃ + লোক ⓛ দিব্ + লোক
ⓜ দ্বি + লোক ⓝ দ্বিঃ + লোক
উ: খ

১৬. 'রত্নাকর' শব্দটির সন্ধি বিচ্ছেদ– [১০ম বিসিএস]
ⓚ রত্ন + কর ⓛ রত্ন + কর
ⓜ রত্না + আকর ⓝ রত্ন + আকর
উ: ঘ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

নবম-দশম শ্রেণির ব্যাকরণ বইয়ের অনুশীলনীর MCQ প্রশ্নোত্তর

০১. পাশাপাশি ধ্বনির মিলনকে বলে–
(ক) একত্রীকরণ (খ) সন্নিবেশ
(গ) সমাস (ঘ) সন্ধি
উ: (ঘ)

০২. অ/আ + অ/আ = আ সূত্রের উদাহরণ কোনটি?
(ক) উত্তরাধিকার (খ) জনৈক
(গ) অতীন্দ্রিয় (ঘ) নাবিক
উ: (ক)

০৩. স্বরের সঙ্গে স্বরের যে সন্ধি হয় তাকে কোন সন্ধি বলে?
(ক) স্বরসন্ধি (খ) ব্যঞ্জনসন্ধি
(গ) বিসর্গসন্ধি (ঘ) স্বর-ব্যঞ্জন সন্ধি
উ: (ক)

০৪. গো + আদি = গবাদি - কোন সূত্রে সিদ্ধ?
(ক) ও + অন্য স্বর = অব্ + স্বর (খ) এ + অন্য স্বর = অয্ + স্বর
(গ) ঋ + অন্য স্বর = র্ + স্বর (ঘ) উ/ঊ + অন্য স্বর = ব্ + স্বর
উ: (ক)

০৫. ব্যঞ্জনসন্ধি কতভাবে হতে পারে?
(ক) এক (খ) দুই
(গ) তিন (ঘ) চার
উ: (গ)

০৬. 'পরিচ্ছেদ' কোন নিয়মে ব্যঞ্জনসন্ধি?
(ক) স্বর + স্বর (খ) স্বর + ব্যঞ্জন
(গ) ব্যঞ্জন + ব্যঞ্জন (ঘ) ব্যঞ্জন + স্বর
উ: (গ)

০৭. নিচের কোনটিতে জ-এর প্রভাবে ত হয়েছে জ?
(ক) সন্ধ্যা (খ) উজ্জ্বল
(গ) বিপদমূলক (ঘ) চম্পচিত্র
উ: (গ)

০৮. নিচের কোনটি বিসর্গ সন্ধির উদাহরণ?
(ক) ষষ্ঠ (খ) সম্মান
(গ) স্বচ্ছ (ঘ) মনোযোগ
উ: (গ)

০৯. নিচের কোনটিতে বিসর্গ 'ও' হয়ে গেছে?
(ক) নীরোগ (খ) আরোগ্য
(গ) তিরোধান (ঘ) ভৌগোলিক
উ: (গ)

১০. নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি কোনটি?
(ক) নায়ক (খ) পিত্রালয়
(গ) শুভেচ্ছা (ঘ) একাদশ
উ: (গ)

SELF TEST MCQ

০১. প্রকৃত বাংলা ব্যঞ্জনসন্ধি কোন নিয়মে হয়ে থাকে?
(ক) সমীভবনের (খ) বিষমীভবনের
(গ) অভিশ্রুতির (ঘ) বিপ্রকর্ষের

০২. বিসর্গ সন্ধি কয় প্রকার?
(ক) তিন (খ) চার
(গ) দুই (ঘ) পাঁচ

০৩. নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি?
(ক) মার্তণ্ড (খ) ভাবুক
(গ) তন্বী (ঘ) অন্বেষণ

০৪. 'ভাগ্য' শব্দের সন্ধিবিচ্ছেদ কী?
(ক) ভজ + য (খ) ভা + অগ্য
(গ) ভ + আগ্য (ঘ) ভজঃ + অগ্য

০৫. নিচের কোনটি স্বরসন্ধির উদাহরণ?
(ক) কুড়িক (খ) উচ্ছেদ
(গ) তৎকাল (ঘ) দুষ্কর

০৬. বিসর্গ সন্ধি কোন সন্ধির অন্তর্ভুক্ত?
(ক) নিপাতনে সিদ্ধ সন্ধি (খ) স্বরসন্ধি
(গ) ব্যঞ্জনসন্ধি (ঘ) কোনোটিই নয়

০৭. 'বিদ্যালয়' সন্ধিতে কোন সূত্রের প্রয়োগ আছে?
(ক) অ + অ (খ) অ + আ
(গ) আ + অ (ঘ) আ + আ

০৮. তৎসম সন্ধি কত প্রকার?
(ক) ৫ (খ) ৩
(গ) ৪ (ঘ) ৬

০৯. 'বিপচ্চয়' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?
(ক) বিপৎ + চয় (খ) বিপদ + চয়
(গ) বিপদ + চ্চয় (ঘ) বিপচ + চয়

১০. 'পাগলামি' শব্দের সন্ধিবিচ্ছেদ করলে পাওয়া যায়–
(ক) পাগল + লামি (খ) পাগল + মি
(গ) পাগল + আমি (ঘ) পাগল + মি

১১. সন্ধিতে 'র' এবং 'স' এর সংক্ষিপ্ত রূপ কোনটি?
(ক) ; (খ) ঃ
(গ) (ঘ) হ

১২. ব্যঞ্জনবর্ণের সঙ্গে স্বরবর্ণ মিলে কোন সন্ধি হয়?
(ক) স্বরসন্ধি (খ) ব্যঞ্জনসন্ধি
(গ) বিসর্গ সন্ধি (ঘ) নিপাতনে সিদ্ধ সন্ধি

১৩. ই-কারের পর ঈ-কার মিলে যে ঈ-কার হয়, তার উদাহরণ কোনটি?
(ক) অধীন (খ) রবীন্দ্র
(গ) পরীক্ষা (ঘ) অতীত

১৪. কোনটির নিয়মানুসারে সন্ধি হয় না?
(ক) গায়ক (খ) আশ্চর্য
(গ) পশ্বধম (ঘ) নদ্যম্বু

১৫. 'জগজ্জীবন' শব্দটি সন্ধির কোন নিয়মানুসারে হয়েছে?
(ক) ত + ঝ (খ) ত + জ
(গ) দ + ঝ (ঘ) দ + জ

OMR				
০১. (ক)(খ)(গ)(ঘ)	০২. (ক)(খ)(গ)(ঘ)	০৩. (ক)(খ)(গ)(ঘ)	০৪. (ক)(খ)(গ)(ঘ)	০৫. (ক)(খ)(গ)(ঘ)
০৬. (ক)(খ)(গ)(ঘ)	০৭. (ক)(খ)(গ)(ঘ)	০৮. (ক)(খ)(গ)(ঘ)	০৯. (ক)(খ)(গ)(ঘ)	১০. (ক)(খ)(গ)(ঘ)
১১. (ক)(খ)(গ)(ঘ)	১২. (ক)(খ)(গ)(ঘ)	১৩. (ক)(খ)(গ)(ঘ)	১৪. (ক)(খ)(গ)(ঘ)	১৫. (ক)(খ)(গ)(ঘ)

Answer							
১৫.খ	১৪.খ	১৩.গ	১২.খ	১১.খ	১০.গ	০৯.খ	০৮.খ
০৭.ঘ	০৬.গ	০৫.ক	০৪.ক	০৩.ক	০২.গ	০১.ক	

SELF TEST লিখিত

প্রশ্ন :

০১. সন্ধি ব্যাকরণের কীসের আলোচ্য বিষয়?
০২. সন্ধি কাকে বলে?
০৩. সন্ধি কত প্রকার ও কী কী?
০৪. বিসর্গ সন্ধি কোন রীতিতে আলোচিত হয়?
০৫. সন্ধি নির্ণয় কর : পৃথ্বীশ, প্রত্যুপকার, বনস্পতি।

উত্তর :

০১. ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয়।
০২. সন্নিহিত দুটি ধ্বনি মিলিত হয়ে এক ধ্বনিতে রূপান্তরিত হওয়াকে সন্ধি বলে।
০৩. সন্ধি তিন প্রকার। যথা : i. স্বরসন্ধি, ii. ব্যঞ্জনসন্ধি, iii. বিসর্গসন্ধি।
০৪. তৎসম রীতিতে।
০৫. পৃথ্বীশ = পৃথ্বি + ঈশ, প্রত্যুপকার = প্রতি + উপকার, বনস্পতি = বন্ + পতি।

CamScanner

JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS

অধ্যায় ১০

শব্দ ও পদের গঠন

শব্দ ও পদের গঠন

এক বা একাধিক ধ্বনি দিয়ে তৈরি শব্দের মূল অংশকে শব্দমূল বলে। শব্দমূলের এক নাম প্রকৃতি। প্রকৃতি দুই ধরনের। যথা : নামপ্রকৃতি ও ক্রিয়াপ্রকৃতি। ক্রিয়াপ্রকৃতির অন্য নাম ধাতু। নামপ্রকৃতি ও ধাতুর সঙ্গে কিছু শব্দাংশ যুক্ত হয়ে নতুন শব্দ তৈরি হয়। নামপ্রকৃতির উদাহরণ : মা, গাছ, শির, লতা ইত্যাদি। ধাতুর উদাহরণ : কর, যা, চল্, ধৃ ইত্যাদি।

নামপ্রকৃতি ও ধাতুর সঙ্গে যেসব শব্দাংশ যুক্ত হয়ে নতুন শব্দ তৈরি হয়, সেগুলোর নাম উপসর্গ ও প্রত্যয়।



উপসর্গ : যে সকল বর্ণ বা বর্ণ সমষ্টি শব্দের পূর্বে বসে নতুন শব্দ গঠন করে, সেগুলোকে উপসর্গ বলে। 'পরিচালক' শব্দের 'পরি' অংশ একটি উপসর্গ।

প্রত্যয় : যে সকল বর্ণ বা বর্ণ সমষ্টি/শব্দাংশ শব্দমূলের পরে বসে নতুন শব্দ গঠন করে, সেগুলোকে প্রত্যয় বলে। 'সাংবাদিক' শব্দের 'ইক' অংশ একটি প্রত্যয়। উপসর্গ ও প্রত্যয় দিয়ে তৈরি শব্দকে সাধিত শব্দ বলা হয়। উপসর্গ ও প্রত্যয় ছাড়া শব্দ গঠনের আরো কিছু প্রক্রিয়া রয়েছে। এর মধ্যে প্রধান প্রক্রিয়া হলো সমাস, যার মাধ্যমে একাধিক শব্দ এক শব্দে পরিণত হয়। যেমন 'হাট' ও 'বাজার' শব্দ দুটি সমাসবদ্ধ হয়ে হয় 'হাটবাজার'। এছাড়া কোনো শব্দের দ্বৈত ব্যবহারে নতুন শব্দ গঠিত হলে তাকে বলে শব্দদ্বিত্ব, যেমন 'ঠক' ও 'ঠক' মিলে গঠিত হয় 'ঠকঠক', একইভাবে 'অঙ্ক' ও অনুরূপ ধ্বনি 'টঙ্ক' মিলে হয় 'অঙ্কটঙ্ক'। শব্দ যখন বাক্যের মধ্যে থাকে, তখন তার নাম হয় পদ। পদে পরিণত হওয়ার সময়ে শব্দের সঙ্গে কিছু শব্দাংশ যুক্ত হয়, এগুলোর নাম লগ্নক।

প্রকার : লগ্নক চার ধরনের। যথা :

i. বিভক্তি ii. নির্দেশক
iii. বচন ও iv. বলক।

বিভক্তি : যে সকল বর্ণ বা সমষ্টি শব্দের পরে বসে বাক্যস্থিত পদগুলোর মধ্যে সম্পর্ক স্থাপন করে, সেগুলোকে বিভক্তি বলে। বিভক্তি দুই প্রকার : ক্রিয়া-বিভক্তি ও কারক-বিভক্তি। 'করলাম' ক্রিয়াপদের 'লাম' শব্দাংশ হলো ক্রিয়া-বিভক্তি এবং 'কৃষকের' পদের 'এর' শব্দাংশ কারক-বিভক্তির উদাহরণ।

নির্দেশক : যেসব শব্দাংশ পদের সঙ্গে যুক্ত হয়ে পদকে নির্দিষ্ট করে, সেগুলোকে নির্দেশক বলে। 'লোকটি' বা 'ভালোটুকু' পদের 'টি' বা 'টুকু' হলো নির্দেশকের উদাহরণ।

বচন : যেসব শব্দাংশ পদের সঙ্গে যুক্ত হয়ে পদের সংখ্যা বোঝায়, সেগুলোকে বচন বলে। 'ছেলেরা' বা 'বইগুলো' পদের 'রা' বা 'গুলো' হলো বচনের উদাহরণ।

বলক : যেসব শব্দাংশ পদের সঙ্গে যুক্ত হলে বক্তব্য জোরালো হয়, সেগুলোকে বলক বলে। 'তখনই' বা 'এখনও' পদের 'ই' বা 'ও' হলো বলকের উদাহরণ।

বাক্যের যেসব পদে লগ্নক থাকে সেগুলোকে সলগ্নক পদ এবং যেসব পদে লগ্নক থাকে না সেগুলোকে অলগ্নক পদ বলে। 'ছেলেরা ক্রিকেট খেলে'-এই বাক্যের 'ছেলেরা' ও 'খেলে' সলগ্নক পদ আর 'ক্রিকেট' অলগ্নক পদ।

শব্দ গঠনের উপায় সমূহ :

১. সন্ধির মাধ্যমে : হিম + অচল = হিমাচল
২. সমাসের মাধ্যমে : জায়া ও পতি = দম্পতি
৩. বহুবচনের মাধ্যমে : (গ্রন্থ থেকে) গ্রন্থাবলি
৪. বাক্য সংকোচনের মাধ্যমে : লাভ করার ইচ্ছা = লিপ্সা
৫. পদ-পরিবর্তনের মাধ্যমে : সুন্দর > সৌন্দর্য
৬. উপসর্গ সহযোগে : দুর্ + অবস্থা = দুরবস্থা
৭. প্রত্যয় সহযোগে : ঘর + আমি = ঘরামি
৮. দ্বিরুক্তি শব্দের সহযোগে : টক্ টক্, ঘ্যান্ ঘ্যান্

শব্দ ও পদের মধ্যকার কয়েকটি পার্থক্য নিচে দেখানো হলো :

শব্দ	পদ
১. প্রতিটি জনগোষ্ঠীর নিজস্ব শব্দভান্ডার থাকে। সাধারণত অভিধানে তা সংকলিত হয়।	১. শব্দ যখন বাক্যে স্থান পায়, তখন তার নাম হয় পদ।
২. অভিধানের শব্দগুলো বিচ্ছিন্ন ও পরস্পর সম্পর্কহীন।	২. বাক্যের মধ্যে পদগুলো পরস্পরের সঙ্গে সম্পর্কযুক্ত।
৩. শব্দের অংশ উপসর্গ ও প্রত্যয়।	৩. পদের অংশ বিভক্তি, নির্দেশক, বচন ও বলক।
৪. গঠনগতভাবে শব্দ দুই শ্রেণির : মূল শব্দ ও সাধিত শব্দ।	৪. গঠনগতভাবে পদ দুই রকমের: অলগ্নক পদ ও সলগ্নক পদ।
৫. শব্দ শুধু রূপতত্ত্বের আলোচ্য।	৫. পদ একইসঙ্গে রূপতত্ত্ব ও বাক্যতত্ত্বের আলোচ্য।

JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS

CamScanner

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

০১. শব্দ যখন বাক্যে ব্যবহৃত হয় তখন তাকে বলে? [ডিপ্লোমা ইন নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারি- ২০২২]
ক পদ খ প্রকৃতি
গ বাক্যাংশ ঘ উপধা
উ: ক

০২. বাক্যে ব্যবহৃত প্রতিটি শব্দকে বলা হয়– [ঢাবি, ঘ ইউনিট ১৯৯৮-৯৯]
ক কারক খ পদ
গ বর্ণ ঘ অক্ষর
উ: খ

০৩. বিভক্তিযুক্ত শব্দ মাত্রকেই কী বলা হয়? [জবি, D-ইউনিট ২০১৬-১৭]
ক বাক্য খ পদ গ সমাস ঘ সন্ধি
উ: খ

০৪. বিভক্তিহীন নাম শব্দকে কী বলে? [রাবি, A-ইউনিট ২০১৬-১৭]
ক মৌলিক খ যৌগিক গ সাধিত ঘ প্রাতিপদিক
উ: ঘ

০৫. শব্দ ও পদের মধ্যে পার্থক্য কীসে? [রাবি, B-ইউনিট ২০১৪-১৫]
ক ভিন্ন অর্থ প্রকাশক খ মৌলিক অর্থের জন্য
গ ভাবে ভিন্নতা ঘ বাক্যে সম্পর্কহীন ও সম্পর্কযুক্ত
উ: ঘ

BCS পরীক্ষার বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

০১. 'পদ' বলতে কী বোঝায়? [২০তম বিসিএস]
ক কবিতার চরণ খ যে কোনো শব্দ
গ প্রত্যয়ান্ত শব্দ বা ধাতু ঘ বিভক্তিযুক্ত শব্দ বা ধাতু
উ: ঘ

০২. কোন বাক্যটি দ্বারা অনুরোধ বুঝায়? [১৮তম বিসিএস]
ক তুই বাড়ি যা খ ক্ষমা করা ঘোর অপরাধ গ কাল একবার এসো ঘ দূর হও
উ: গ

০৩. বিভক্তিযুক্ত শব্দ বা ধাতুকে বলে– [১১তম বিসিএস]
ক শব্দ খ কারক
গ পদ ঘ ক্রিয়াপদ
উ: গ

নবম-দশম শ্রেণির ব্যাকরণ বইয়ের অনুশীলনীর MCQ প্রশ্নোত্তর

০১. শব্দ যখন বাক্যে ব্যবহৃত হয় তখন তাকে কী বলে?
ক পদাণু খ পদ
গ বাক্যাংশ ঘ প্রকৃতি
উ: খ

০২. পদের লগ্নক কত ধরনের?
ক দুই খ তিন
গ চার ঘ পাঁচ
উ: গ

০৩. কোনটি শব্দের শেষে যুক্ত হয় না?
ক প্রত্যয় খ বিভক্তি গ বলক ঘ উপসর্গ
উ: ঘ

০৪. যেসব শব্দাংশ পদের সঙ্গে যুক্ত হয়ে বক্তব্য জোরালো করে তাকে কী বলে?
ক বলক খ প্রত্যয় গ বিভক্তি ঘ উপসর্গ
উ: ক

০৫. কোনটি সাধিত শব্দ?
ক গাছ খ পরিচালক গ মাছ ঘ চাঁদ
উ: খ

০৬. কোনটি মৌলিক শব্দ?
ক চাঁদ খ বন্ধুত্ব গ প্রশাসন ঘ দায়িত্ব
উ: ক

০৭. শব্দের কোথায় প্রত্যয় যুক্ত হয়?
ক প্রথমে খ শেষে
গ মধ্যে ঘ যে কোনো স্থানে
উ: খ

০৮. কোনটি নির্দেশক?
ক রা খ পরি গ টুকু ঘ ই
উ: গ

০৯. কোনটি লগ্নক নয়?
ক প্রত্যয় খ নির্দেশক
গ বলক ঘ বচন
উ: ক

১০. 'নৌকার ছইয়ে নীল মাছরাঙাটি বসে আছে' বাক্যে অলগ্নক পদ কোনটি?
ক নৌকার খ ছইয়ে গ নীল ঘ মাছরাঙাটি
উ: গ

SELF TEST MCQ

০১. উপসর্গ ও প্রত্যয় দিয়ে তৈরি শব্দকে কী বলে?
ক মৌলিক শব্দ খ সাধিত শব্দ
গ যৌগিক শব্দ ঘ তদ্ভব শব্দ

০২. পদে পরিণত হওয়ার সময়ে শব্দের সঙ্গে যেসব শব্দাংশ যুক্ত হয়, সেগুলোকে কী বলে?
ক লগ্নক খ শব্দমূল
গ উপসর্গ ঘ প্রত্যয়

০৩. নিচের কোনগুলো বলকের উদাহরণ?
ক রা, গুলো খ এর, লাম
গ ই, ও ঘ টি, টুকু

০৪. 'ছেলেরা ক্রিকেট খেলে' এই বাক্যে 'ক্রিকেট' পদটিকে কী বলা যায়?
ক বলক খ বচন
গ সলগ্নক পদ ঘ অলগ্নক পদ

০৫. প্রতিটি জনগোষ্ঠীর শব্দভান্ডার কোথায় সংকলিত হয়?
ক ব্যাকরণে খ সাহিত্যে
গ বাক্যে ঘ অভিধানে

০৬. 'এখনও তুমি বসে আছ।' এ বাক্যে বলক ব্যবহৃত হয়েছে কোন পদে?
ক এখনও খ তুমি
গ বসে ঘ আছ

০৭. 'সবটুকু ওষুধই তোমাকে খেতে হবে।' –এ বাক্যে 'সবটুকু' পদে কোন ধরনের লগ্নক ব্যবহৃত হয়েছে?
ক বচন খ নির্দেশক
গ বলক ঘ বিভক্তি

০৮. এক বা একাধিক ধ্বনি দিয়ে তৈরি শব্দের মূল অংশকে কী বলে?
ক শব্দমূল খ নির্দেশক
গ বলক ঘ উপসর্গ

০৯. 'সাংবাদিক' শব্দে 'ইক' অংশটুকু কী?
ক উপসর্গ খ প্রত্যয়
গ বলক ঘ নির্দেশক

১০. নিচের কোনটি ক্রিয়া বিভক্তির উদাহরণ?
ক এর খ লাম
গ গুলো ঘ এ

OMR				
০১.ক খ গ ঘ	০২.ক খ গ ঘ	০৩.ক খ গ ঘ	০৪.ক খ গ ঘ	০৫.ক খ গ ঘ
০৬.ক খ গ ঘ	০৭.ক খ গ ঘ	০৮.ক খ গ ঘ	০৯.ক খ গ ঘ	১০.ক খ গ ঘ

Answer				
১০.খ	০৯.খ	০৮.ক	০৭.খ	০৬.ক
০৫.ঘ	০৪.ঘ	০৩.গ	০২.ক	০১.খ

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

অধ্যায় ১১

উপসর্গ দিয়ে শব্দ গঠন
Prefix

উপসর্গের সংজ্ঞা

উপসর্গ : যেসব অর্থহীন শব্দাংশ অন্য শব্দের শুরুতে বসে নতুন শব্দ গঠন করে, সেগুলোকে উপসর্গ বলে। অজানা (অ + জানা), অভিযোগ (অভি + যোগ), বেতার (বে + তার) প্রভৃতি শব্দের 'অ', 'অভি', 'বে' হলো উপসর্গ। বাংলা ভাষায় অর্ধশতাধিক উপসর্গ রয়েছে।

➢ ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্‌র মতে, 'প্র, পরা প্রভৃতি কতকগুলি শব্দ ধাতুর পূর্বে বসিয়া একই ধাতুর নানাবিধ অর্থ প্রকাশ করে, ইহাদিগকে উপসর্গ (Prefix) বলে।'

➢ ড. মুহম্মদ এনামুল হকের মতে, 'যে সকল অব্যয় শব্দ কৃদন্ত বা নামপদের পূর্বে বসিয়া শব্দগুলির অর্থের সংকোচন, সম্প্রসারণ বা অন্য কোনো পরিবর্তন সাধন করে, ঐ সকল অব্যয় শব্দকে বাংলা ভাষায় উপসর্গ বলে।'

➢ সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের ভাষায়, 'সংস্কৃতে কতগুলো 'অব্যয়' আছে, যেগুলো ধাতুর পূর্বে যুক্ত হয়ে ধাতুর অর্থের পরিবর্তন ঘটায়, ধাতুর নতুন অর্থের সৃষ্টি করে। সংস্কৃত ব্যাকরণে ধাতুর পূর্বে প্রযুক্ত এরূপ অব্যয়কে বলা হয়েছে উপসর্গ'।

➢ ড. মুহম্মদ শহীদুল্লাহ্, ড. মুহম্মদ এনামুল হক, মুহম্মদ আবদুল হাই, সুনীতিকুমার চট্টোপাধ্যায় প্রমুখের উপসর্গ বিষয়ক সংজ্ঞার্থের আলোকে বলা যায় :

i. দু-একটি ব্যতিক্রম ছাড়া উপসর্গের নিজস্ব কোনো অর্থবাচকতা নেই।
ii. উপসর্গ হচ্ছে অব্যয়সূচক শব্দাংশ।
iii. স্বাধীন পদ হিসেবে ব্যবহৃত হয় না।
iv. অন্য শব্দের আগে বসে।
v. উপসর্গ শব্দটি বিশেষ্য পদ যার অর্থ অব্যয়সূচক শব্দাংশ।
vi. উপসর্গ শব্দটি সংস্কৃত ভাষার শব্দ
vii. এটি একটি পারিভাষিক শব্দ
viii. কৃৎ প্রত্যয় সাধিত শব্দ। যার প্রকৃতি-প্রত্যয়– উপ+√সৃজ + অ।
ix. অর্থমূলক দিক বিচারে উপসর্গ শব্দটি রূঢ় বা রূঢ়ি শব্দ।
x. উপসর্গ নতুন শব্দ গঠন করে। যেমন : 'মান' একটি শব্দ। এর আগে 'অভি' যুক্ত হলে হয় 'অভিমান'। এভাবে মূল 'মান' শব্দের অর্থ থেকে উপসর্গযোগে তৈরি শব্দগুলো কত আলাদা হতে পারে তা পাশের চিত্রের মাধ্যমে দেখতে পারি।

উপসর্গের কাজ, বৈশিষ্ট্য ও প্রকারভেদ

উপসর্গের কাজ :
i. শব্দের সংগঠনগত পরিবর্তন করে।
ii. নতুন শব্দ তৈরি করে। যেমন : বি + বাদ্ = বিবাদ, সম্ + বাদ = সংবাদ।
iii. শব্দের অর্থের সংকোচন করে। যেমন : রাজি থেকে নিমরাজি।
iv. শব্দের অর্থের সম্প্রসারণ করে। যেমন : সম্ + পূর্ণ = সম্পূর্ণ।
v. শব্দের অর্থের পরিবর্তন করে। যেমন : সু + নজর = সুনজর।
vi. শব্দের বিপরীত অর্থ প্রদান করে। যেমন : গর + হাজির = গরহাজির।

উপসর্গের বৈশিষ্ট্য : উপসর্গের প্রধান বৈশিষ্ট্য উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে। অর্থাৎ উপসর্গগুলোর নিজস্ব কোনো অর্থ নেই, কিন্তু অন্য শব্দের আগে বসে নতুন শব্দ গঠনে সহায়তা করে থাকে।

• **প্রকারভেদ :** বাংলা ভাষায় উপসর্গ তিন প্রকার। যথা :
১. বাংলা উপসর্গ ২. তৎসম (সংস্কৃত) উপসর্গ এবং ৩. বিদেশি উপসর্গ।

০১. **বাংলা উপসর্গ :** বাংলা উপসর্গ মোট একুশটি। যথা : অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, উন (উনা), কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা।

ছন্দে ছন্দে খাঁটি বাংলা উপসর্গ মনে রাখার কৌশল :
বাংলা উপসর্গ : অঘারাম বাস করে অচেনা অজ পাড়াগাঁয়ে। হাশেমের সৎ পুত্র সাহস ভর দুপুরে কদ কুসুমকে বিয়ে করে নিখোঁজ হলো। পরে আড়ালে আবডালে উনচল্লিশ দিন বনের মধ্যে অনাহারে কাটিয়ে আনমনা হয়ে বসেছিল। তার বিরহের এ ইতিহাস শুনে রাজা পাতি রাম আড়চোখে তার দিকে তাকিয়ে বললেন, তোমরা সুখী হও।

০২. **তৎসম (সংস্কৃত) উপসর্গ :** তৎসম উপসর্গ বিশটি। যথা : প্র, পরা, অপ, সম, নি, অনু, অব, নির, দুর, বি, অধি, সু, উৎ, পরি, প্রতি, অতি, অপি, অভি, উপ, আ।

ছন্দে ছন্দে তৎসম উপসর্গ মনে রাখার কৌশল :
তৎসম উপসর্গ : যুদ্ধে প্রথম পরাজয়ের সম পরিমাণ অপমান, অবমাননা, অনুতাপ ও উৎপীড়ন নিবারণ করার জন্য দুরন্ত অভি ও অপি নিরন্তর সুদিনের আশায় অতি কষ্টে উপনেতার অধিবেশনে প্রতিদিন আগমন ও বিচরণ করতেন।

কতিপয় উপসর্গের শব্দ গঠন, সাধিত শব্দ, অর্থদ্যোতনা

নিচে কয়েকটি উপসর্গের অর্থদ্যোতনা, সাধিত শব্দ ও বিশ্লেষণ দেখানো হলো।

নতুন ব্যাকরণ অনুযায়ী উপসর্গ

উপসর্গ	শব্দ গঠন	সাধিত শব্দ	দ্যোতনা (যে অর্থ প্রকাশ করে।)
অ	অ + কাজ	অকাজ	অনুচিত
	অ + বোধ	অবোধ	অল্প
অতি	অতি + কায়	অতিকায়	বৃহৎ
	অতি + আচার	অত্যাচার	অতিরিক্ত
অধি	অধি + কার	অধিকার	কর্তৃত্ব
	অধি + বাসী	অধিবাসী	মধ্যে
অনা	অনা + বৃষ্টি	অনাবৃষ্টি	অভাব
	অনা + সৃষ্টি	অনাসৃষ্টি	বাজে
অনু	অনু + গমন	অনুগমন	পিছনে
	অনু + রূপ	অনুরূপ	তুল্য
অপ	অপ + কর্ম	অপকর্ম	মন্দ
	অপ + সংস্কৃতি	অপসংস্কৃতি	বিকৃত

উপসর্গ	শব্দ গঠন	সাধিত শব্দ	দ্যোতনা (যে অর্থ প্রকাশ করে।)
অব	অব + দান	অবদান	বিশেষ
	অব + গুণ্ঠন	অবগুণ্ঠন	অল্প
অভি	অভি + জ্ঞ	অভিজ্ঞ	সম্যক
	অভি + জাত	অভিজাত	উত্তম
আ	আ + রক্ত	আরক্ত	ঈষৎ
	আ + খাম্বা	আখাম্বা	সদৃশ
উৎ	উৎ + ক্ষেপণ	উৎক্ষেপণ	ঊর্ধ্বে
	উৎ + বাস্তু	উদ্বাস্তু	পরিত্যক্ত
উপ	উপ + কূল	উপকূল	নিকট
	উপ + ভোগ	উপভোগ	সম্যক
কদ	কদ + বেল	কদবেল	গৌণ
কু	কু + কাজ	কুকাজ	নিন্দনীয়
	কু + পথ	কুপথ	অসৎ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

উপসর্গ	শব্দ গঠন	সাধিত শব্দ	দ্যোতনা (যে অর্থ প্রকাশ করে।)
গর	গর + হাজির	গরহাজির	বিপরীত
	গর + ঠিকানা	গরঠিকানা	ভিন্ন
দর	দর + দালান	দরদালান	মধ্যস্থ
	দর + কাঁচা	দরকাঁচা	সামান্য
দুঃ (দুর্/দুস্)	দুঃ + শাসন	দুঃশাসন	মন্দ
	দুর্ + মূল্য	দুর্মূল্য	অধিক
	দুস্ + প্রাপ্য	দুষ্প্রাপ্য	অল্প
না	দুর্ + দিন	দুর্দিন	মন্দ
	না + লায়েক	নালায়েক	অপূর্ণ
	না + হক	নাহক	নেতি
নি	নি + দারুণ	নিদারুণ	অতিশয়
	নি + খাদ	নিখাদ	নেই এমন
নিঃ (নির্/নিস)	নিঃ + শেষ	নিঃশেষ	পুরোপুরি
	নির্ + ধন	নির্ধন	নেই এমন
	নির্ + গমন	নির্গমন	বাইরে
	নিস্ + তরঙ্গ	নিস্তরঙ্গ	নেই এমন
নিম	নিম + খুন	নিমখুন	প্রায়
	নিম + রাজি	নিমরাজি	অর্ধেক
পরা	পরা + জয়	পরাজয়	বিপরীত
	পরা + বাস্তব	পরাবাস্তব	অতিশয়
পরি	পরি + ত্যাগ	পরিত্যাগ	সম্পূর্ণ
	পরি + পন্থি	পরিপন্থী	বিরুদ্ধ
পাতি	পাতি + হাঁস	পাতিহাঁস	ছোটো
প্র	প্র + গতি	প্রগতি	প্রকৃষ্ট
	প্র + কোপ	প্রকোপ	প্রচণ্ড
প্রতি	প্রতি + ধ্বনি	প্রতিধ্বনি	তুল্য
	প্রতি + হিংসা	প্রতিহিংসা	পালটা
বদ	বদ + মেজাজ	বদমেজাজ	উগ্র
	বদ + জাত	বজ্জাত	নিন্দনীয়
বি	বি + ভুঁই	বিভুঁই	ভিন্ন
	বি + জ্ঞান	বিজ্ঞান	বিশেষ
বে	বে + দখল	বেদখল	হৃত
	বে + আইন	বেআইন	বহির্ভূত
ভর	ভর + পেট	ভরপেট	পূর্ণ
	ভর + জোয়ার	ভরজোয়ার	চূড়ান্ত
স	স + ঠিক	সঠিক	সম্পূর্ণ
সম্	সম্ + মুখ	সম্মুখ	অভিমুখে
সু	সম্ + যোজন	সংযোজন	একত্রে
	সু + দিন	সুদিন	ভালো
	সু + কৌশল	সুকৌশল	চমৎকার
হা	হা + ভাত	হাভাত	অভাব

❋ পুরাতন ব্যাকরণ অনুযায়ী উপসর্গ ❋

বাংলা উপসর্গের প্রয়োগ, অর্থবৈচিত্র্য ও শব্দ গঠন

	উপসর্গ	অর্থদ্যোতকতা	উদাহরণ
১	অ	নিন্দিত অর্থে	অকাজ, অগোছালো, অকেজো, অপয়া, অকাট, অকাল, অচেনা।
		অভাব/না অর্থে	অচিন, অখুশি, অথৈ, অদেখা, অমিল, অবাঙালি, অজানা।
		ক্রমাগত অর্থে	অঝোর, অঝোরে, অঘোরে।
২	অঘা	বোকা অর্থে	অঘারাম, অঘাচণ্ডী।
৩	অজ	নিতান্ত (মন্দ) অর্থে	অজপাড়াগাঁ, অজমূর্খ, অজপুকুর।
৪	অনা	অভাব অর্থে	অনাবৃষ্টি, অনাদর, অনাদায়।
		ব্যতীত (ছাড়া) অর্থে	অনাছিষ্টি, অনাচার।
		অশুভ অর্থে	অনামুখো।
৫	আ	অভাব (না) অর্থে	আকাঁড়া, আধোয়া, আলুনি, আচালা, আছাঁটা, আঢাকা।
		বাজে, নিকৃষ্ট অর্থে	আকাঠ (আকাঠা), আগাছা, আকথা, আকাম, আকাল, আঘাটা, আকাট।
৬	আন	না অর্থে	আনকোরা।
		বিক্ষিপ্ত অর্থে	আনচান, আনমনা।
৭	আড়	বক্র অর্থে	আড়চোখে, আড়নয়নে।
		আধা, প্রায় অর্থে	আড়ক্ষ্যাপা, আড়মোড়া, আড়পাগলা।
		বিশিষ্ট অর্থে	আড়কোলা (পাথালিকোলা), আড়গড়া (আস্তাবল), আড়কাঠি।
৮	আব	অস্পষ্টতা অর্থে	আবছায়া, আবডাল।

	উপসর্গ	অর্থদ্যোতকতা	উদাহরণ
৯	ইতি	এ বা এর অর্থে	ইতিকর্তব্য, ইতিপূর্বে।
		পুরনো অর্থে	ইতিকথা, ইতিহাস।
১০	ঊন(ঊনা)	কম অর্থে	ঊনপাঁজুরে, ঊনিশ/ঊনিশ (< ঊনবিংশ)।
১১	কদ্	নিন্দিত অর্থে	কদবেল, কদর্য, কদাকার।
১২	কু	কুৎসিত/অপকর্ষ অর্থে	কুঅভ্যাস, কুকথা, কুনজর, কুসঙ্গ, কুকাজ, কুপথ্য, কুকাম।
১৩	নি	নাই/নেতি অর্থে	নিখুঁত, নিখোঁজ, নিলাজ, নিভাঁজ, নিরেট, নির্দয়, নিপাট।
১৪	পাতি/পাত	ক্ষুদ্র অর্থে	পাতিহাঁস, পাতিশিয়াল, পাতিলেবু, পাতকুয়ো, পাতিকাক।
১৫	বি	ভিন্নতা (নেই বা নিন্দনীয় অর্থে)	বিভুঁই, বিফল, বিপথ।
১৬	ভর	পূর্ণতা অর্থে	ভরপেট, ভরসাঁঝ, ভরপুর, ভরদুপুর, ভরসন্ধ্যে, ভরাযৌবন।
১৭	রাম	বড় বা উৎকৃষ্ট অর্থে	রামছাগল, রামশিঙ্গা, রামবোকা, রামদা।
১৮	স	সঙ্গে বা সম্পূর্ণ অর্থে	সলাজ, সরব, সঠিক, সজোর, সপাট, সজোরে, সরাজ।
১৯	সা	উৎকৃষ্ট অর্থে	সাজিরা, সাজোয়ান।
২০	সু	উত্তম অর্থে	সুনজর, সুখবর, সুনাম, সুদিন, সুকাজ, সুডৌল।
২১	হা	অভাব অর্থে	হাভাতে, হাঘরে, হাকপাল, হাহুতাশ হাপিত্যেশ।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

তৎসম উপসর্গের প্রয়োগ, অর্থবৈচিত্র্য ও শব্দ গঠন

	উপসর্গ	যে অর্থে ব্যবহৃত	উদাহরণ
১	প্র	প্রকৃষ্ট/সম্যক অর্থে	প্রভাব, প্রজ্ঞা, প্রচলন, প্রস্ফুটিত।
		উৎকর্ষ অর্থে	প্রকৃষ্ট, প্রদর্শন, প্রবাদ, প্রমূর্ত, প্রভাত।
		খ্যাতি অর্থে	প্রসিদ্ধ, প্রতাপ, প্রভাব, প্রকীর্তি, প্রখ্যাত, প্রশংসা।
		আধিক্য অর্থে	প্রগাঢ়, প্রচার, প্রবল, প্রসার, প্রকোপ, প্রখর, প্রচণ্ড, প্রমত্ত।
		সম্মুখ অর্থে	প্রগতি, প্রণতি, প্রণাম, প্রাগ্রসর।
		গতি/ক্রিয়া অর্থে	প্রবেশ, প্রস্থান, প্রকাশ, প্রচার, প্রজনন, প্রদান।
		ধারা পরম্পরা বা অনুগামিতা অর্থে	প্রপৌত্র, প্রশাখা, প্রশিষ্য, প্রজন্ম।
২	পরা	আতিশয্য অর্থে	পরাকাষ্ঠা, পরাক্রান্ত, পরায়ণ, পরাক্রম, পরাশক্তি।
		বিপরীত অর্থে	পরাজয়, পরাভব, পরাধীন, পরাঙ্মুখ, পরাহত।
৩	অপ	বিপরীত অর্থে	অপমান, অপকার, অপচয়, অপবাদ।
		অপকর্ষ অর্থে	অপকীর্তি, অপচেষ্টা, অপদেবতা, অপপ্রচার।
		নিকৃষ্ট অর্থে	অপসংস্কৃতি, অপকর্ম, অপসৃষ্টি, অপযশ।
		স্থানান্তর/ক্রিয়া অর্থে	অপসারণ, অপহরণ, অপনোদন।
		উৎকৃষ্ট অর্থে	অপরূপ।
		বিকৃত অর্থে	অপমৃত্যু, অপপাঠ, অপভাষা, অপভ্রংশ, অপব্যাখ্যা।
৪	সম্	সম্যকরূপে অর্থে	সম্পূর্ণ, সমৃদ্ধ, সংগঠন, সংবাদ, সংযম। সমাদর।
		আধিক্য অর্থে	সংক্রম, সন্তাপ, সমুজ্জ্বল, সমুৎসুক, সমৃদ্ধ।
		মিলন অর্থে	সম্বন্ধ, সম্মিলন, সম্মেলন, সংকলন, সংযোজন, সঞ্চয়।
		সম্মুখে অর্থে	সমাগত, সম্মুখ, সমক্ষ, সমুপস্থিত।
৫	নি	নিষেধ অর্থে	নিবৃত্তি।
		সম্যকভাবে অর্থে	নিগূঢ়, নিথর, নিপুণ, নিবিষ্ট, নিবেদন, নিমগ্ন।
		বাজে অর্থে	নিকৃষ্ট।
		আতিশয্য অর্থে	নিদাঘ, নিদারুণ, নিকষ, নিতল, নিবিড়, নিষ্কর, নিপীড়ন।
		নিশ্চয় অর্থে	নিবারণ, নির্ণয়।
		অভাব অর্থে	নিষ্কলুষ, নিষ্কাম।
৬	অব	হীনতা অর্থে	অবজ্ঞা, অবমাননা, অবহেলা।
		সম্যকভাবে অর্থে	অবরোধ, অবগাহন, অবগত, অবগুণ্ঠন, অবদমন, অবলোকন।
		উৎকর্ষ অর্থে	অবদান।
		নিশ্চয়তা অর্থে	অবধান, অবধারণ।
		নিম্নে/অধোমুখিতা অর্থে	অবতরণ, অবরোহণ, অবতীর্ণ, অবনতি।
		অল্পতা অর্থে	অবশেষ, অবসান, অবশিষ্ট, অবেলা।
		অনাদর অর্থে	অবহেলা।
৭	অপি	ব্যাকরণের সূত্র	অপিনিহিতি।
		আরও অর্থে	অপিচ।
৮	অনু	পশ্চাৎ অর্থে	অনুশোচনা, অনুগামী, অনুজ, অনুচর, অনুতাপ, অনুকরণ।
		সাদৃশ্য অর্থে	অনুবাদ, অনুরূপ, অনুকার, অনুদান।
		পৌনঃপুন অর্থে	অনুক্ষণ, অনুদিন, অনুশীলন।
		সঙ্গে অর্থে	অনুকূল, অনুকম্পা।
৯	নির্ (নি)	অভাব/নেই অর্থে	নিরক্ষর, নির্জীব, নিরহঙ্কার, নিরাশ্রয়, নির্ধন, নিরন্ন, নিরপরাধ, নিরব।
		অতিরিক্ত অর্থে	নিরতিশয়।
		নিশ্চয় অর্থে	নির্ধারণ, নির্ণয়, নির্ভয়, নির্দেশ, নির্ভর, নিঃসংশয়, নিঃসন্দেহ, নিরুদ্ধ।
		বাহির/বহির্মুখিতা অর্থে	নির্গত, নিঃসরণ, নির্বাসন।
১০	দুস্ (দুঃ)	মন্দ অর্থে	দুর্ভাগ্য, দুর্দশা, দুর্নাম, দুরাত্মা, দুর্ঘটনা, দুর্জন, দুর্বৃত্ত, দুশ্চরিত্র।
		কষ্টসাধ্য অর্থে	দুরতিক্রম্য, দুর্লভ, দুর্গম, দুরূহ, দুর্জয়, দুর্নিবার, দুর্বোধ্য, দুর্ভেদ্য।
১১	বি	বিশেষরূপে অর্থে	বিধৃত, বিশুদ্ধ, বিজ্ঞান, বিতর্ক, বিচিত্র, বিজ্ঞ, বিদগ্ধ, বিবস্ত্র।
		অভাব অর্থে	বিনিদ্র, বিবর্ণ, বিফল, বিতৃষ্ণা, বিদেহ, বিশৃঙ্খল।
		বিপরীত ভাব অর্থে	বিকর্ষণ, বিক্রয়, বিদেশ, বিরাগ।

	উপসর্গ	যে অর্থে ব্যবহৃত	উদাহরণ
		গতি অর্থে	বিচরণ, বিক্ষেপ।
		অপ্রকৃতত্ব অর্থে	বিকার, বিপর্যয়।
		সময় অর্থে	বিপল
১২	সু	উত্তম অর্থে	সুকণ্ঠ, সুকৃতি, সুচরিত্র, সুপ্রিয়, সুশীল, সুজন, সুপথ, সুফল।
		সহজ অর্থে	সুগম, সুসাধ্য, সুলভ, সুপাচ্য, সুবোধ্য।
		আতিশয্য অর্থে	সুচতুর, সুকঠিন, সুধীর, সুনিপুণ, সুতীক্ষ্ণ, সুদক্ষ, সুবিশাল, সুদর্শন, সুনিপুন।
১৩	উৎ	ঊর্ধ্বমুখিতা অর্থে	উদ্যম, উন্নতি, উৎক্ষিপ্ত, উদগ্রীব, উত্তোলন, উত্থিত, উদ্বাহু।
		আতিশয্য অর্থে	উচ্ছেদ, উৎফুল্ল, উৎসুক, উৎপীড়ন, উত্তপ্ত।
		প্রাবল্য অর্থে	উচ্ছ্বাস, উদগ্র, উত্তেজনা, উন্মত্ত।
		প্রস্তুতি/বিকাশ অর্থে	উৎপাদন, উচ্চারণ, উত্তীর্ণ, উৎপন্ন।
		অপকর্ষ অর্থে	উৎকোচ, উচ্ছৃঙ্খল, উৎকট, উদ্ধত, উৎপাত।
১৪	অধি	আধিপত্য অর্থে	অধিকার, অধিপতি, অধিকর্তা, অধীশ্বর, অধিনায়ক, অধিরাজ, অধিবাসী।
		মধ্য বা আয়ত্ত অর্থে	অধিকৃত, অধিগম্য, অধিভুক্ত।
		অতিরিক্ত অর্থে	অধিকর্ম, অধিবর্ষ, অধিহার।
		উপরি অর্থে	অধিরোহণ, অধিষ্ঠান, অধিত্যকা।
		ব্যাপ্তি অর্থে	অধিকার, অধিবাস, অধিগত।
১৫	অতি	আতিশয্য অর্থে	অতিকায়, অত্যাচার, অতিশয়।
		অধিক বা অতিরিক্ত অর্থে	অতিচালাক, অতিবুদ্ধি, অতিভক্তি, অতিবৃষ্টি।
		স্বাভাবিকতার বাইরে	অতিলৌকিক।
		পার হওয়া অর্থে	অতিক্রম, অতিক্রান্ত।
		অতিক্রম অর্থে	অতিমানব, অতিপ্রাকৃত।
১৬	আ	পর্যন্ত অর্থে	আকণ্ঠ, আমরণ, আসমুদ্র।
		ঈষৎ অর্থে	আরক্ত, আভাস।
		বিপরীত অর্থে	আদান, আগমন।
১৭	পরি	বিশেষ রূপ অর্থে	পরিপূর্ণ, পরিবর্তন, পরিত্যাগ, পরিপক্ব।
		শেষ অর্থে	পরিশেষ, পরিশোধ, পরিসমাপ্তি।
		সুন্দর অর্থে	পরিচ্ছন্ন, পরিপাটি, পরিষ্কার, পরিশুদ্ধ, পরিমার্জিত।
		বিরুদ্ধ অর্থে	পরিত্যাগ, পরিপন্থী, পরিহার।
		সম্যকরূপে অর্থে	পরিশ্রান্ত, পরীক্ষা, পরিমাণ।
		চতুর্দিক অর্থে	পরিমণ্ডল, পরিপার্শ্ব, পরিবৃত, পরিবেশ, পরিবার, পরিক্রমণ, পরিভ্রমণ।
১৮	অভি	সম্যক অর্থে	অভিব্যক্তি, অভিজ্ঞ, অভিভূত, অভিসার অভিনিবেশ।
		উৎকর্ষ অর্থে	অভিজাত, অভিরাম।
		বিশেষ অর্থে	অভিধান, অভিনয়, অভিনেতা, অভিভাবক।
		গমন অর্থে	অভিযান, অভিসার, অভিকেন্দ্র, অভিবাসী, অভিবাসন।
		সম্মুখ বা দিক অর্থে	অভিমুখ, অভিবাদন, অভিনন্দন।
১৯	প্রতি	সদৃশ অর্থে	প্রতিমূর্তি, প্রতিধ্বনি, প্রতিমা, প্রতিকৃতি, প্রতিনিধি প্রতিচ্ছায়।
		বিরোধ অর্থে	প্রতিবাদ, প্রতিদ্বন্দ্বী, প্রতিকার, প্রতিপক্ষ, প্রতিবিধান, প্রতিশোধ।
		সম্যক অর্থে	প্রতীক্ষা, প্রতিষ্ঠা।
		পৌনঃপুন অর্থে	প্রতিদিন, প্রতিমাস, প্রতিক্ষণ, প্রতিঘর, প্রতিগ্রাম, প্রতিমুহূর্ত।
		অনুরূপ কাজ অর্থে	প্রতিঘাত, প্রত্যুপকার, প্রতিদান।
২০	উপ	সামীপ্য অর্থে সদৃশ অর্থে মন্দ অর্থে	উপকূল, উপকণ্ঠ, উপনগর। উপদ্বীপ, উপবন। উপদেবতা, উপপতি, উপপত্নী, উপজীবী।
		বিশেষ অর্থে	উপনয়ন (পৈতা), উপভোগ।
		ক্ষুদ্র অর্থে	উপগ্রহ, উপসাগর, উপনেতা, উপদ্বীপ, উপনদী, উপজেলা, উপজাতি।
		সম্যক অর্থে	উপকরণ, উপক্রম, উপচার, উপদেশ, উপবেশন, উপযুক্ত, উপহার।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

বিদেশি উপসর্গ

বিদেশি উপসর্গ : আরবি, ফারসি, ইংরেজি, হিন্দি- এসব ভাষার বহু শব্দ দীর্ঘকাল ধরে বাংলা ভাষায় প্রচলিত রয়েছে। এর কতকগুলো খাঁটি উচ্চারণে আবার কতকগুলো বিকৃত উচ্চারণে বাংলায় ব্যবহৃত হয়। এ সঙ্গে কতকগুলো বিদেশি উপসর্গও বাংলায় চালু রয়েছে। দীর্ঘকাল ব্যবহারে এগুলো বাংলা ভাষায় বেমালুম মিশে গেছে। 'বেমালুম' শব্দটিতে 'মালুম' আরবি শব্দ আর 'বে' ফারসি উপসর্গ। এরূপ– বেহায়া, বেনজির, বেশরম, বেকার ইত্যাদি।

ফারসি উপসর্গের অর্থবৈচিত্র্য ও শব্দ গঠন

	উপসর্গ	যে অর্থে ব্যবহৃত	উদাহরণ
১	কার্	কাজ অর্থে	কারখানা, কারসাজি, কারচুপি, কারবার, কারদানি।
২	দর্	মধ্যস্থ, অধীন অর্থে	দরপত্তনি, দরপাট্টা, দরদালান।
৩	না	না অর্থে	নারাজ, নামঞ্জুর, নাবালক, নালায়েক, নাচার, নাখোশ।
৪	নিম্	আধা অর্থে	নিমরাজি, নিমমোল্লা, নিমখুন।
৫	ফি	প্রতি অর্থে	ফি রোজ, ফি হপ্তা, ফি বছর, ফি মাস, ফি সন, ফি লোক।
৬	বদ্	মন্দ অর্থে	বদমেজাজ, বদরাগী, বজ্জাত, বদহাল, বদখত, বদমাশ, বদহজম, বদনাম।
৭	বে	না অর্থে	বেআদব, বেআক্কেল, বেকসুর, বেহায়া, বেকার, বেগতিক, বেতার, বেকায়দা।
৮	বর্	বাইরে, মধ্যে অর্থে	বরখাস্ত, বরদাস্ত, বরখেলাপ, বরবাদ।
৯	ব্	সহিত অর্থে	বমাল, বনাম, বকলম।
১০	কম্	স্বল্প অর্থে	কমজোর, কম্‌বখ্‌ত, কমপোখ্‌তো।

ছন্দে ছন্দে ফারসি উপসর্গ মনে রাখার কৌশল :
নারায়ণগঞ্জের বদমাশ, বেহায়া, কম্‌বখ্‌ত ফিরোজ কথার বরখেলাপ করে নিমাইকে বলল, আরো টাকা দর কার।

উর্দু, হিন্দি উপসর্গের অর্থবৈচিত্র্য ও শব্দ গঠন

	উপসর্গ	ব্যবহৃত অর্থ	উদাহরণ
১	হর	প্রত্যেক অর্থে	হররোজ, হরকিসিম, হরহামেশা, হরমাহিনা।
২	হরেক	বিবিধ অর্থে	হরেকরকম, হরেকথাবার।

আরবি উপসর্গের অর্থবৈচিত্র্য ও শব্দ গঠন

	উপসর্গ	ব্যবহৃত অর্থ	উদাহরণ
১	আম্	সাধারণ অর্থে	আমদরবার, আমমোক্তার।
২	খাস্	বিশেষ অর্থে	খাসমহল, খাসদখল, খাসকামরা, খাসদরবার, খাসখবর।
৩	লা	না অর্থে	লাজওয়াব, লাখেরাজ, লাওয়ারিশ, লাপাত্তা।
৪	গর্	অভাব অর্থে	গরমিল, গরহাজির, গররাজি।
কানাচ	কান + আচ	বোকাপানা	বোকা + পানা
ডিঙা	ডিঙি + আ	বাঘা	বাঘ + আ
ছিঁচকিয়া > ছিঁচকে	ছিঁচ + কিয়া	জলা	জল + আ
বড়াই	বড় + আই	বেঙাচি	বেঙ + আচি
সেমত	সে + মত	পাগলপারা	পাগল + পারা
সতিন	সতী + ন	নামতা	নাম + তা
সাপিনী	সাপ + ইনি	চাকতি	চাক + তি
চড়ক	চড় + ক	লালপানা	লাল + পানা

মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
গোদা	গোদ + আ	ঢালু	ঢাল + উ
জ্বরুয়া > জুরো	জ্বর + উয়া	লাজুক	লাজ + উক
বাতুয়া	বাত + উয়া	জীবনভর	জীবন + ভর
ঘরোয়া	ঘর + উয়া	বাটাভরা	বাটা + ভরা
জলুয়া > জলো	জল + উয়া	দিনভর	দিন + ভর
নেওটা (স্নেহ অর্থে)	নেও + টা	চাঁদপারা	চাঁদ + পারা
যেমন	যে + মন	বাঘিনী	বাঘ + ইনি
দুরন্তপনা	দুরন্ত + পনা	জেঠতুতো	জেঠ + তুত

সংস্কৃত তদ্ধিত প্রত্যয়

➢ **সংস্কৃত তদ্ধিত প্রত্যয় :** সংস্কৃত শব্দের সঙ্গে যে প্রত্যয় যুক্ত হয়, তাকে সংস্কৃত তদ্ধিত প্রত্যয় বলে। যেমন : প্রত্যহ + ইক = প্রাত্যহিক।

➢ **কয়েকটি সাধারণ সূত্র :**

ক. যে শব্দের সঙ্গে ষ্ণ (অ)-প্রত্যয় যুক্ত হয়, তার মূল স্বরের বৃদ্ধি হয়। যেমন : নগর + ষ্ণ = নাগর।

➢ **বিশেষ নিয়ম :**

বৃদ্ধি : i. অ-স্থানে আ **ii.** ই, ঈ-স্থানে ঐ **iii.** উ, ঊ-স্থানে ঔ এবং **iv.** ঋ- স্থানে আর হওয়াকে বৃদ্ধি বলে।

খ. যে শব্দের সঙ্গে ষ্ণ (অ) প্রত্যয় যুক্ত হয়, তার প্রাতিপদিকের অন্ত্যস্বরের উ-কার, ঔ-কারে পরিণত হয়। ও + অ সন্ধিতে 'অব' হয়। যেমন : গুরু + ষ্ণ = গৌরব, লঘু + ষ্ণ = লাঘব, শিশু + ষ্ণ = শৈশব, মধু + ষ্ণ = মাধব, মনু + ষ্ণ = মানব।

গ. দুটি শব্দের দ্বারা গঠিত সমাসবদ্ধ শব্দের অথবা উপসর্গযুক্ত শব্দের সঙ্গে তদ্ধিত প্রত্যয় যুক্ত হয়ে উপসর্গসহ শব্দের বা শব্দ দুটির মূল স্বরের বৃদ্ধি হয়। যেমন : পরলোক + ষ্ণিক = পারলৌকিক, সুভগ + ষ্ণ্য = সৌভাগ্য, পঞ্চভূত + ষ্ণিক = পাঞ্চভৌতিক, সর্বভূমি + ষ্ণ = সার্বভৌম, অদিতি + ষ্ণ্য > য = আদিত্য।

➢ **ব্যতিক্রম :** 'বর্ষ' শব্দ পরপদ হলে পূর্বপদের সংখ্যাবাচক শব্দের মূল স্বরের বৃদ্ধি হয় না। যেমন : দ্বিবর্ষ + ষ্ণিক = দ্বিবার্ষিক। সংখ্যাবাচক শব্দ না থাকলেও নিয়মমতো মূল স্বরের বৃদ্ধি হয়। যেমন : বর্ষ + ষ্ণিক = বার্ষিক।

ঘ 'য' প্রত্যয় যুক্ত হলে প্রাতিপদিকের অন্তে স্থিত অ, আ, ই এবং ঈ- এর লোপ হয়। যেমন : সম্ + য = সাম্য, কবি + য = কাব্য, মধুর + য = মাধুর্য, প্রাচী + য = প্রাচ্য। **ব্যতিক্রম :** সভা + য = সভ্য ('সাভ্য' নয়)।

➢ **কয়েকটি সংস্কৃত তদ্ধিত প্রত্যয়ের প্রয়োগ :**

০১. **ইত প্রত্যয় :** উপকরণজাত বিশেষণ শব্দ গঠন করে। যেমন : কুসুম + ইত = কুসুমিত, তরঙ্গ + ইত = তরঙ্গিত, কণ্টক + ইত = কণ্টকিত, পুষ্প + ইত = পুষ্পিত, ক্ষুধা + ইত = ক্ষুধিত, নিদ্রা + ইত = নিদ্রিত, তরঙ্গ + ইত = তরঙ্গিত, সীমা + ইত = সীমিত, পল্লব + ইত = পল্লবিত, ব্যথিত = ব্যথা + ইত, দুঃখিত = দুঃখ + ইত।

০২. **ইমন্ (ইমা) প্রত্যয় :** ভাবার্থে বিশেষ্য গঠন করে। যেমন : নীল + ইমন্ (ইমা)= নীলিমা, মহৎ + ইমন্ (ইমা) = মহিমা, গুরু + ইমন্ (ইমা) = গরিমা, তনু + ইমন্ (ইমা) = তনিমা, দীর্ঘ + ইমন্ (ইমা) = দ্রাঘিমা, রক্ত + ইমন্ (ইমা) = রক্তিমা, লাল + ইমন্ (ইমা) = লালিমা, ভঙ্গি + ইমন্ (ইমা) = ভঙ্গিমা, মধুর + ইমন্ (ইমা) = মধুরিমা, লঘিমা = লঘু + ইমন।

০৩. **ইল্ প্রত্যয় :** আছে বা যুক্ত অর্থে উপকরণজাত বিশেষণ গঠন করে। যেমন : পঙ্ক + ইল্ = পঙ্কিল, ঊর্মি + ইল্ = ঊর্মিল, ফেন + ইল্ = ফেনিল, জটা + ইল্ = জটিল, গ্রন্থ + ইল্ = গ্রন্থিল, শঙ্কা + ইল্ = শঙ্কিল।

০৪. **ল প্রত্যয় :** আছে যার এ অর্থে বিশেষণ শব্দ গঠন করে। যেমন : শীত + ল = শীতল, বৎস + ল = বৎসল, মাংস + ল = মাংসল, চটু + ল = চটুল।

০৫. **ইষ্ঠ প্রত্যয় :** অতিশায়ন অর্থে শব্দ গঠন করে। যেমন : গুরু + ইষ্ঠ = গরিষ্ঠ, লঘু + ইষ্ঠ = লঘিষ্ঠ, ভূমি + ইষ্ঠ = ভূমিষ্ঠ।

০৬. **সাৎ প্রত্যয় :** বিশেষণ শব্দ গঠনে 'সাৎ' প্রত্যয় যুক্ত হয়। যেমন : অগ্নি + সাৎ = অগ্নিসাৎ, ধূলি + সাৎ = ধূলিসাৎ, আত্ম + সাৎ = আত্মসাৎ।

০৭. **তা ও ত্ব প্রত্যয় :** বিশেষ্যবাচক শব্দ গঠন করে। যেমন : বন্ধু + তা = বন্ধুতা, শত্রু + তা = শত্রুতা, বন্ধু + ত্ব = বন্ধুত্ব, গুরু + ত্ব = গুরুত্ব, ঘন + ত্ব = ঘনত্ব, মহৎ + ত্ব = মহত্ত্ব, মধুরতা = মধুর + তা, গ্রাম্যতা = গ্রাম্য + তা, সূর্যতা = সূর্য + তা, সাধুতা = সাধু + তা, চঞ্চলতা = চঞ্চল + তা, সততা = সৎ + তা, কবিত্ব = কবি + ত্ব প্রভুত্ব = প্রভু + ত্ব, মনুষ্যত্ব = মনুষ্য + ত্ব।

০৮. **তর ও তম প্রত্যয় :** অতিশায়ন অর্থে শব্দ গঠন করে। যেমন : মধুর + তর/তম = মধুরতর/মধুরতম। প্রিয় + তর/তম = প্রিয়তর/প্রিয়তম।

০৯. **নীন (ঈন্) প্রত্যয় :** তৎসম্পর্কিত অর্থে বিশেষণ শব্দ গঠন করে। যেমন : সর্বজন + নীন = সর্বজনীন, কুল + নীন = কুলীন, নব + নীন = নবীন।

১০. **ইন্ (ঈ) প্রত্যয় :** সাধারণ বিশেষণ গঠনে : জ্ঞান + ইন্ = জ্ঞানিন্, সুখ + ইন্ = সুখিন্, গুণ + ইন্ = গুণিন্, মান + ইন্ = মানিন্।

➢ **বিশেষ নিয়ম :**

i. সমাসে ইন্ প্রত্যয়ান্ত শব্দের পরে তৎসম শব্দ থাকলে ইন্ প্রত্যয়ান্ত শব্দের ন্ লোপ পায়। যেমন : জ্ঞানীগণ, গুণিগণ, সুখিগণ, মানিজন।

ii. কর্তৃকারকের এক বচনে ইন্ প্রত্যয় ঈ রূপ গ্রহণ করে। যেমন : জ্ঞান + ইন্ (ঈ) = জ্ঞানী, গুণ + ইন (ঈ) = গুণী ইত্যাদি।

iii. স্ত্রীলিঙ্গে ইন্ প্রত্যয়ান্ত শব্দের পরে ঈ- যুক্ত হয়ে 'ইনী' রূপ গ্রহণ করে। যেমন : জ্ঞান + ইনী = জ্ঞানিনী, গুণ + ইনী = গুণিনী।

১১. **নীয় (ঈয়) প্রত্যয় :** বিশেষণ গঠন করে। যেমন : জল + নীয় = জলীয়, বায়ু + নীয় = বায়বীয়, বর্ষ + নীয় = বর্ষীয়।

➢ **বিশেষ নিয়ম :** পর – পরকীয়, স্ব – স্বকীয়, রাজা – রাজকীয়।

১২. **বান (বতুপ্) প্রত্যয় :** বিশেষণ পদ গঠন করে এবং স্ত্রীবাচক পদে 'বতী' হয়। যেমন : গুণ + বতুপ্ = গুণবান (বতী), দয়া + বতুপ্ = দয়াবান (বতী), ধন + বান = ধনবান (বতী), পুণ্য + বান = পুণ্যবান (বতী), স্বাস্থ্যবান = স্বাস্থ্য + বান্ / বতুপ।

১৩. **মান (মতুপ্) প্রত্যয় :** বিশেষণ পদ গঠন করে এবং স্ত্রীবাচক পদে 'মতী' হয়। যেমন : শ্রী + মতুপ্ = শ্রীমান (মতী), বুদ্ধি + মতুপ্ = বুদ্ধিমান (মতী), ধী + মান = ধীমান (মতী), বসু + মতী = বসুমতী, শক্তিমান = শক্তি + মান্ / মতুপ।

১৪. **বিন (বী) প্রত্যয় :** আছে অর্থে বিশেষণ গঠন করে। যেমন : মেধা + বিন্ = মেধাবী, মায়া + বিন্ = মায়াবী, তেজঃ + বিন্ = তেজস্বী, যশঃ + বিন্ = যশস্বী, তপস্ + বিন = তপস্বী।

১৫. **র-প্রত্যয় :** বিশেষ্য গঠনে : মধু + র = মধুর, মুখ + র = মুখর।

১৬. **ষ্ণেয় (এয়) প্রত্যয় :** জাত বা উৎপন্ন এবং পরায়ণ অর্থে বিশেষণ শব্দ গঠন করে। যেমন : ভগিনী + ষ্ণেয় = ভাগিনেয়, অগ্নি + ষ্ণেয় = আগ্নেয়, বিমাতৃ (বিমাতা) + ষ্ণেয় = বৈমাত্রেয়, পাথেয় = পথ + এয়/ষ্ণেয়, আতিথেয় = অতিথি + এয়/ষ্ণেয়, রাধেয় = রাধা + এয়/ষ্ণেয়, গাঙ্গেয় = গঙ্গা + এয়/ষ্ণেয়।

১৭. **ময় প্রত্যয় :** ব্যাপ্তি, সংসর্গ অর্থে বিশেষণ শব্দ গঠন করে। যেমন : মৃৎ + ময় = মৃন্ময়, মন + ময় = মনময়, বাক্ + ময় = বাঙ্ময়, তৎ + ময় = তন্ময়, কাষ্ঠ + ময় = কাষ্ঠময়, স্নেহ + ময় = স্নেহময়, চিৎ + ময় = চিন্ময়, জগৎ + ময় = জগন্ময়, অন্ন + ময় = অন্নময়, হিরণ্য + ময় = হিরণ্ময়।

CamScanner

১৮. ম-প্রত্যয় : সংখ্যাবাচক বিশেষণ শব্দ গঠন করে। যেমন : দশন্ + ম = দশম, পঞ্চন্ + ম = পঞ্চম, নবন্ + ম = নবম, অষ্টন্ + ম = অষ্টম।

১৯. ষ্ণি (ই) প্রত্যয় : অপত্য বা তার পুত্র অর্থে শব্দ গঠন করে। যেমন : রাবণ + ই (ষ্ণি) = রাবণি (রাবণের পুত্র), দশরথ + ই (ষ্ণি) = দাশরথি।

২০. অ (ষ্ণ) প্রত্যয় :

i. **অপত্য (পুত্র, পৌত্র, বংশধর) অর্থে :** মনু + অ (ষ্ণ) = মানব, যদু + অ (ষ্ণ) = যাদব, দুহিত + অ (ষ্ণ) = দৌহিত্র, পুত্র + অ (ষ্ণ) = পৌত্র।

ii. **উপাসক অর্থে :** শিব + অ (ষ্ণ) = শৈব, জিন + অ (ষ্ণ) = জৈন, শক্তি + অ (ষ্ণ) = শাক্ত, বুদ্ধ + অ (ষ্ণ) = বৌদ্ধ, বিষ্ণু + অ (ষ্ণ) = বৈষ্ণব।

iii. **অবস্থা বা ভাব অর্থে :** শিশু + অ (ষ্ণ) = শৈশব, গুরু + অ (ষ্ণ) = গৌরব, কিশোর + অ (ষ্ণ) = কৈশোর।

iv. **সম্পর্ক বোঝাতে :** পৃথিবী + অ (ষ্ণ) = পার্থিব, দেব + অ (ষ্ণ) = দৈব, চিত্র (একটি নক্ষত্রের নাম) + অ (ষ্ণ) = চৈত্র।

v. **দেশবাসী অর্থে :** মগধ + অ (ষ্ণ) = মাগধ।

vi. **অন্যান্য অর্থে :** লাঘব = লঘু + অ/ষ্ণ, বান্ধব = বন্ধু + অ/ষ্ণ, মাধব = মধু + অ/ষ্ণ।

➢ **নিপাতনে সিদ্ধ :** সূর্য + ষ্ণ = সৌর (সাধারণ নিয়মে সুর + ষ্ণ (অ) = সৌর।

২১. য (ষ্ণ্য) প্রত্যয় :

i. **অপত্যার্থে :** মনু + য (ষ্ণ্য) = মনুষ্য, জমদগ্নি + য (ষ্ণ্য) = জামদগ্ন্য।

ii. **ভাবার্থে :** সুন্দর + য (ষ্ণ্য) = সৌন্দর্য, শূর + য (ষ্ণ্য) = শৌর্য, ধীর + য (ষ্ণ্য) = ধৈর্য, কুমার + য (ষ্ণ্য) = কৌমার্য, প্রাচুর্য = প্রচুর + য (ষ্ণ্য), গাম্ভীর্য = গম্ভীর + য (ষ্ণ্য), সৌভাগ্য = সুভগ + য (ষ্ণ্য)।

iii. **বিশেষণ গঠনে :** পর্বত + ষ্ণ্য = পার্বত্য, বেদ + ষ্ণ্য = বৈদ্য, নৌ + য = নাব্য।

iv. **যোগ্যতা, গুণ, বৈশিষ্ট্য জ্ঞাপক অর্থে বিশেষ্য বা বিশেষণ শব্দ গঠন করে।** যেমন : অন্ত + য (ষ্ণ্য) = অন্ত্য, কবি + য (ষ্ণ্য) = কাব্য, এক + য (ষ্ণ্য) = ঐক্য, দরিদ্র + য (ষ্ণ্য) = দারিদ্র্য, বিচিত্র + য (ষ্ণ্য) = বৈচিত্র্য, দিতি + য (ষ্ণ্য) = দৈত্য, বিশিষ্ট + য (ষ্ণ্য) = বৈশিষ্ট্য, সেনা + য (ষ্ণ্য) = সৈন্য।

২২. ইক (ষ্ণিক) প্রত্যয় :

i. **দক্ষ বা বেত্তা, বৃত্তি, পেশা ও তার দ্বারা লব্ধ অর্থে :** সাহিত্য + ইক (ষ্ণিক) = সাহিত্যিক, বেদ + ইক (ষ্ণিক) = বৈদিক, বিজ্ঞান + ইক (ষ্ণিক) = বৈজ্ঞানিক, সংবাদ + ইক (ষ্ণিক) = সাংবাদিক, ইতিহাস + ইক (ষ্ণিক) = ঐতিহাসিক, কায় + ইক (ষ্ণিক) = কায়িক, অর্থ + ইক (ষ্ণিক) = আর্থিক, অণু + ইক (ষ্ণিক) = আণবিক, ভূগোল + ইক (ষ্ণিক) = ভৌগোলিক, ইচ্ছা + ইক (ষ্ণিক) = ঐচ্ছিক, মনু + ইক (ষ্ণিক) = মানবিক, মনস্ + ইক (ষ্ণিক) = মানসিক, পারলৌকিক = পরলোক + ষ্ণিক > ইক, পাঞ্চভৌতিক = পঞ্চভূত + ষ্ণিক > ইক, নাগরিক = নগর + ইক, ঐকিক = এক + ইক, দার্শনিক = দর্শন + ইক, সাপ্তাহিক = সপ্তাহ + ইক, দ্বিবার্ষিক = দ্বিবর্ষ + ইক।

ii. **বিষয়ক অর্থে :** সমুদ্র + ইক (ষ্ণিক) = সামুদ্রিক, নগর + ইক (ষ্ণিক) = নাগরিক, ধর্ম + ইক (ষ্ণিক) = ধার্মিক, সমর + ইক (ষ্ণিক) = সামরিক, সমাজ + ইক (ষ্ণিক) = সামাজিক।

iii. **বিশেষণ গঠনে :** হেমন্ত + ষ্ণিক = হৈমন্তিক, অকস্মাৎ + ষ্ণিক = আকস্মিক, রবীন্দ্র + ইক (ষ্ণিক) = রাবীন্দ্রিক।

iv. **সময়, ব্যাপ্তি অর্থে :** সময় + ইক (ষ্ণিক) = সাময়িক, দিন + ইক (ষ্ণিক) = দৈনিক, বৎসর + ইক (ষ্ণিক) = বাৎসরিক, বর্ষ + ইক (ষ্ণিক) = বার্ষিক, মাস + ইক (ষ্ণিক) = মাসিক।

সংস্কৃত তদ্ধিত প্রত্যয়ের গুরুত্বপূর্ণ উদাহরণ

মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
হৈমন্ত	হেমন্ত + অ	শাক্ত	শক্তি + অ
স্মার্ত	স্মৃতি + অ	কৌরব	কুরু + অ
বৈধ	বিধি + অ	তৈল	তিল + অ
সৌহার্দ্য	সুহৃদ্ + অ (য)	যৌবন	যুবন + অ
সৌরভ	সুরভি + অ	শৌচ	শুচি + অ
গৌরব	গুরু + অ	জৈন	জিন + অ
নৈতিক	নীতি + ইক	দৈব	দেব + অ
সৌর	সূর্য + অ	যৌগিক	যোগ + ইক (ষ্ণিক)
সাহিত্য	সহিত + য	নাবিক	নৌ + ইক
বৈমানিক	বিমান + ইক	নাগরিক	নগর + ইক
মৌখিক	মুখ + ইক	ঔপন্যাসিক	উপন্যাস + ইক
পারত্রিক	পরত্র + ইক	বাণিজ্যিক	বাণিজ্য + ইক
আভিধানিক	অভিধান + ইক	আকস্মিক	অকস্মাৎ + ইক (ষ্ণিক)
হৈমন্তিক	হেমন্ত + ইক	বৈদিক	বেদ + ইক (ষ্ণিক)
লজ্জিত	লজ্জা + ইত	পণ্ডিত	পণ্ডা + ইত
অগ্রিম	অগ্র + ইম	পশ্চিম	পশ্চাৎ + ইম
অন্তিম	অন্ত + ইম	কালিমা	কাল + ইমা (ইমন)
গ্রামীণ	গ্রাম + ঈন্	মানবীয়	মানব + ঈয়
পাথেয়	পথিন্ + এয়	পৈতৃক	পিতৃ + ইক
মাতৃক	মাতৃ + ক	মাতৃত্ব	মাতৃ + ত্ব
গ্রাম্যতা	গ্রাম্য + তা	চঞ্চলতা	চঞ্চল + তা

মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
প্রতিযোগিতা	প্রতিযোগিন্ + তা	ন্যূনতা	ন্যূন + তা
স্বল্পতা	স্বল্প + তা	বাগ্মিতা	বাগ্মিন্ + তা
পাশ্চাত্য	পশ্চাৎ + য (ত্য)	একত্র	এক + ত্র
সতীত্ব	সতী + ত্ব	গুরুত্ব	গুরু + ত্ব
জ্যোতিষ্মান	জ্যোতিঃ + মতুপ	মতিমান	মতি + মান্ (মৎ)
ন্যায্য	ন্যায় + য	আদিত্য	অদিতি + য
তারুণ্য	তরুণ + য	প্রাচুর্য	প্রচুর + য
পৌরোহিত্য	পুরোহিত + য	প্রাচ্য	প্রাচ্ + য
আত্মসাৎ	আত্মন্ + সাৎ	ধূলিসাৎ	ধূলি + সাৎ
ভূমিসাৎ	ভূমি + সাৎ	গরীয়ান	গুরু + ঈয়স্
বলিষ্ঠ	বলবৎ + ইষ্ঠ	ক্ষুদ্রতম	ক্ষুদ্র + তমট
স্থৈর্য	স্থির + য	পার্বত্য	পর্বত + য
তন্মাত্র	তদ + মাত্র	ধোঁয়াটে	ধোঁয়া + টে
গ্রামিক	গ্রাম + ইক	বাদল্লা	বাদল + আ
বৈদ্য	বিদ্যা + অ	সার্বভৌম	সর্বভূমি + অ
সপ্তম	সপ্তন্ + ম	পানতা	পানি + তা
সৌজন্য	সুজন + য	বৈমাত্রেয়	বিমাতৃ + এয়
গোরু	গো + রু	বাগ্মী	বাচ্ + গ্মিন্
কঠিন্য	কঠিন + য	তারল্য	তরল + য
আলস্য	অলস + য	স্বামী	স্ব + আমিন্

CamScanner

বিদেশি তদ্ধিত প্রত্যয়

১. ওয়ালা > আলা (হিন্দি) :

i. মালিক ও অধিবাসী অর্থে : বাড়ি + ওয়ালা = বাড়িওয়ালা, দিল্লি + ওয়ালা = দিল্লিওয়ালা, বংশী + ওয়ালা = বংশীওয়ালা, কাবুলি + ওয়ালা = কাবুলিওয়ালা।

ii. বৃত্তি বা পেশা অর্থে : বৃত্তি বা পেশা অর্থে বিশেষ্য শব্দ গঠন করে। যেমন : মাছ + ওয়ালা = মাছওয়ালা, দুধ + ওয়ালা = দুধওয়ালা, ফেরি + ওয়ালা = ফেরিওয়ালা।

২. ওয়ান > আন (হিন্দি) :

i. রক্ষক ও চালক অর্থে বিশেষ্য শব্দ গঠনে : গাড়ি + ওয়ান = গাড়োয়ান, দার (দ্বার) + ওয়ান = দারোয়ান, কোচ + ওয়ান = কোচোয়ান।

৩. আনা > আনি (হিন্দি) : ভাব, অভ্যাস বা আচরণ অর্থে বিশেষ্য শব্দ গঠন করে। যেমন : গরিব + আনা = গরিবানা, বাবু + আনা/আনি = বাবুয়ানা/বাবুআনা/আনি, মুরুব্বি + আনা = মুরুব্বিআনা/য়ানা, ঘর + আনা = ঘরানা, মুনশি + আনা = মুনশিয়ানা, বিবি + আনা = বিবিআনা, হিন্দু + আনি = হিন্দুয়ানি, সাহেবি + আনা = সাহেবিআনা/য়ানা।

৪. সা (হিন্দি) : পানি + সা = পানসা > পানসে, এক + সা = একসা, কাল (কাল) + সা = কালসা > কালসে।

৫. বন্দি (বন্দ-ফারসি) : বন্দ বা গৃহীত অর্থে বিশেষণ শব্দ গঠন করে। যেমন : জবান + বন্দি = জবানবন্দি, সারি + বন্দি = সারিবন্দি, নজর + বন্দি = নজরবন্দি, কোমর + বন্দ = কোমরবন্দ, নজর + বন্দি = নজরবন্দি, বাক্স + বন্দি = বাক্সবন্দি।

৬. গিরি (মূল প্রত্যয় ফারসি 'গরি' স্বরসঙ্গতিতে 'গিরি') : কর্ম বা হাবভাব অর্থে বিশেষ্য শব্দ গঠন করে। যেমন : বাবু + গিরি = বাবুগিরি, সাধু + গিরি = সাধুগিরি, নেতা + গিরি = নেতাগিরি, কর্তা + গিরি = কর্তাগিরি, কেরানি + গিরি = কেরানিগিরি, দাদা + গিরি = দাদাগিরি, লাট + গিরি = লাটগিরি, মুচি + গিরি = মুচিগিরি, মুটে + গিরি = মুটেগিরি।

৭. খোর-প্রত্যয় : আসক্ত অর্থে বিশেষণ শব্দ গঠন করে। যেমন : গাঁজা + খোর = গাঁজাখোর, হারাম + খোর = হারামখোর, আফিম + খোর = আফিমখোর, গুলি + খোর = গুলিখোর, চশম + খোর = চশমখোর, ঘুষ + খোর = ঘুষখোর, মদ + খোর = মদখোর, তামাক + খোর = তামাকখোর।

৮. দার (ফারসি) : অধিকারী বা বৃত্তি ও ধারক বা কর্তা অর্থে বিশেষ্য বা বিশেষণ শব্দ গঠন করে। যেমন : তাঁবে + দার = তাঁবেদার, খবর + দার = খবরদার, বুটি + দার = বুটিদার, দেনা + দার = দেনাদার, চৌকি + দার = চৌকিদার, পাহারা + দার = পাহারাদার, ছড়ি + দার = ছড়িদার, জোয়ার + দার = জোয়ারদার, চাকলা + দার = চাকলাদার, বাজন + দার = বাজনদার, ফৌজ + দার = ফৌজদার, নজর + দার = নজরদার, সমার + দার = সমান্দার, হাবিল + দার = হাবিলদার।

৯. স্তান (ফারসি) প্রত্যয় : বাসভূমি বা স্থান অর্থে বিশেষ্য শব্দ গঠন করে। যেমন : আফগান + স্তান = আফগানিস্তান, হিন্দু + স্তান = হিন্দুস্তান, তুর্ক + স্তান = তুর্কিস্তান, বালুচ + স্তান = বেলুচিস্তান, পাক + স্তান = পাকিস্তান।

১০. পনা (হিন্দি) প্রত্যয় : গিন্নি + পনা = গিন্নিপনা, বেহায়া + পনা = বেহায়াপনা, ছেলে + পনা = ছেলেপনা, ছেনালি + পনা = ছেনালিপনা, সতী + পনা = সতীপনা, গুণ + পনা = গুণপনা, চিট + পনা = চিটপনা, বুড়া + পনা = বুড়াপনা।

১১. গর > কর (ফারসি) : গড়ে (তৈরি করা) বা করে অর্থে বিশেষ্য শব্দ গঠন করে। যেমন : কারি + গর = কারিগর, বাজি + গর/কর = বাজিগর/কর, সওদা + গর = সওদাগর, জাদু + গর/কর = জাদুগর/কর।

১২. বাজ, বাজি (ফারসি) প্রত্যয় : দক্ষ ও অভ্যস্ত অর্থে বিশেষ্য বা বিশেষণ শব্দ গঠন করে। যেমন : কলম + বাজ = কলমবাজ, ধড়ি + বাজ = ধড়িবাজ, ধোঁকা + বাজ/বাজি = ধোঁকাবাজ/বাজি, চাল + বাজ/বাজি = চালবাজ/বাজি, ফেরেব + বাজ = ফেরেববাজ, ফাঁকি + বাজ/বাজি = ফাঁকিবাজ/বাজি, চাঁদা + বাজ/বাজি = চাঁদাবাজ/বাজি, ফন্দি + বাজ = ফন্দিবাজ, গলা + বাজি = গলাবাজি (বিশেষ্য)।

১৩. বে (নেই)-প্রত্যয় : বে + ইমান = বেইমান, বে + পর্দা = বেপর্দা, বে + আইনি = বেআইনি, বে + কসুর = বেকসুর।

১৪. দান, দানি (ফারসি) প্রত্যয় : আধার অর্থে বিশেষ্য শব্দ গঠন করে। যেমন : ফুল + দান/দানি = ফুলদান/দানি, কলম + দান/দানি = কলমদানি, আতর + দান/দানি = আতরদান/দানি, শ্যামা + দান/দানি = শ্যামাদান/দানি, নিমক + দান/দানি = নিমকদান/দানি, পা + দান/দানি = পাদান/দানি, ধুপ + দান/দানি = ধুপদান/দানি, পিক + দান = পিকদান।

১৫. নবিশ/নবিস-প্রত্যয় : অভিজ্ঞ বা প্রশিক্ষণার্থী অর্থে বিশেষণ শব্দ গঠন করে। যেমন : নকল + নবিশ = নকলনবিশ, হিসাব + নবিশ = হিসাবনবিশ, শিক্ষা + নবিশ = শিক্ষানবিশ, সেহা + নবিশ = সেহানবিশ, খাস + নবিশ = খাসনবিশ, মহলা + নবিশ = মহলানবিশ।

১৬. চা, চি, চে (তুর্কি ভাষার প্রত্যয়) : ক্ষুদ্র অর্থে প্রযুক্ত। যেমন : বাগ + চা = বাগিচা, ধুনা + চি = ধুনাচি > ধুনুচি, কলম + চি = কলমচি, মশাল + চি = মশালচি, তবল + চি = তবলচি, গালি + চা = গালিচা, খাজনা + চি = খাজাঞ্চি (কর্মী অর্থে), নল + চা = নলিচা, ডেক + চি = ডেকচি, চিলম + চি = চিলমচি, ধুপ + চি = ধুপচি।

১৭. খানা-প্রত্যয় : স্থান বা দোকান অর্থে বিশেষ্য শব্দ গঠন করে। যেমন : ছাপা + খানা = ছাপাখানা, চিড়িয়া + খানা = চিড়িয়াখানা, বৈঠক + খানা = বৈঠকখানা, শুঁড়ি + খানা = শুঁড়িখানা, দস্তর + খানা = দস্তরখানা, দপ্তর + খানা = দপ্তরখানা, পিল + খানা = পিলখানা, মুদি + খানা = মুদিখানা, কার + খানা = কারখানা, মুসাফির + খানা = মুসাফিরখানা, কসাই + খানা = কসাইখানা, গোসল + খানা = গোসলখানা।

১৮. তর (তরো) প্রত্যয় : প্রকার অর্থে বিশেষণ শব্দ গঠন করে। যেমন : এমন + তর/তরো = এমনতর/তরো, যেমন + তর/তরো = যেমনতর/ তরো, কেমন + তর/তরো = কেমনতর/তরো, গুরু + তর = গুরুতর, বহু + তর = বহুতর।

১৯. সই (সহি)-প্রত্যয় : যোগ্য, উপযুক্ত, প্রমাণ বা পরিমাণ ও মতো অর্থে বিশেষণ শব্দ গঠন করে। যেমন : মানান + সই/সহি = মানানসই/সহি, মাপ + সই = মাপসই, টেক + সই = টেকসই, জুত + সই = জুতসই, চলন + সই = চলনসই, লাগ + সই = লাগসই, প্রমাণ + সই/সহি = প্রমাণসই/সহি, পছন্দ + সই = পছন্দসই, ত + সই = তসই।

বিদেশি তদ্ধিত প্রত্যয়ের গুরুত্বপূর্ণ উদাহরণ

মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
নজরানা	নজর + আনা	দারোগাগিরি	দারোগা + গিরি
দাতাগিরি	দাতা + গিরি	পাণ্ডাগিরি	পাণ্ডা + গিরি
কর্তাগিরি	কর্তা + গিরি	মাঝিগিরি	মাঝি + গিরি
মাস্তানগিরি	মাস্তান + গিরি	মুটেগিরি	মুটে + গিরি
বাবুগিরি	বাবু + গিরি	দারোয়ান	দ্বার + ওয়ান
পিলখানা	পিল + খানা	মুদিখানা	মুদি + খানা
শুঁড়িখানা	শুঁড়ি + খানা	ছাপাখানা	ছাপা + খানা
মুসাফিরখানা	মুসাফির + খানা	কসাইখানা	কসাই + খানা
দপ্তরখানা	দপ্তর + খানা	দস্তরখানা	দস্তর + খানা
বেশরম	বে + শরম	গালিচা	গালি + চা
চামচা	চাম + চা	বাবুর্চিখানা	বাবুর্চি + খানা
বাতিদান/দানি	বাতি + দান	মজাদার	মজা + দার
ফৌজদার	ফৌজ + দার	অংশীদার	অংশী + দার

মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
জমিদার	জমি + দার	নীলচে	নীল + চে
সমঝদার	সমঝ + দার	জোয়ারদার	জোয়ার + দার
গিন্নিপনা	গিন্নি + পনা	খাসনবিশ	খাস + নবিশ
মহলানবিশ	মহলা + নবিশ	শিক্ষানবিশ	শিক্ষা + নবিশ
বোমাবাজ	বোমা + বাজ	ধাপ্পাবাজ	ধাপ্পা + বাজ
বেআইনি	বে + আইনি	লালচে	লাল + চে
বেকসুর	বে + কসুর	বেপর্দা	বে + পর্দা
ফেরিওয়ালা	ফেরি + ওয়ালা	পয়সাওয়ালা	পয়সা + ওয়ালা
কোনাচে	কোনা + চে	ডেকচি	ডেক + চি
কালচে	কাল + চে	পঙ্কজ	পঙ্ক + জ
আড্ডাবাজ	আড্ডা + বাজ	গলাবাজি	গলা + বাজি
মামলাবাজ	মামলা + বাজ	হিসাবনবিশ	হিসাব + নবিশ
পাতঞ্চি	পাতন + চি	চামচা	চাম + চা

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. 'চলনসই' শব্দের 'সই'– [A : ২১-২২]
ক বাংলা কৃৎ প্রত্যয় খ বাংলা তদ্ধিত প্রত্যয়
গ সংস্কৃত কৃৎ প্রত্যয় ঘ বিদেশি তদ্ধিত প্রত্যয় উ: খ

০২. বিভক্তিহীন নামশব্দকে কী বলে? [D : ২১-২২]
ক প্রাতিপদিক খ প্রতিপাদিক
গ প্রত্যয়ন ঘ প্রাতিস্বিক উ: ক

০৩. কোনটি ক্ষুদ্রার্থে 'ইকা' প্রত্যয়যোগে গঠিত শব্দ? [B : ২১-২২, খ ০৪-০৫, ক-১৩-১৪]
ক মালিকা খ সেবিকা গ নায়িকা ঘ শ্যালিকা উ: ক

০৪. 'জয়' শব্দের প্রকৃতি ও প্রত্যয়-[B : ২১-২২, খ ০৭-০৮; ইবি খ ০৯-১০]
ক জি + অল খ জ + অচ গ জ + অউ ঘ জি + উ উ: ক

০৫. 'বৈশিষ্ট্য' শব্দটি গঠিত হয়েছে– [ক ১৯-২০]
ক সন্ধিযোগে খ সমাসযোগে
গ প্রত্যয়যোগে ঘ উপসর্গযোগে উ: গ

০৬. 'ঋত্বি' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [ক ১৮-১৯]
ক √ঋত্ব্ + তি খ √ঋহ্ + তি গ √ঋৎ + তি ঘ √ঋহ্ + ধী উ: ক

০৭. বাংলা কৃদন্ত শব্দ কোনটি? [ক ১৭-১৮; জবি ঘ ১০-১১]
ক বহতা খ মৌন গ জ্যান্ত ঘ দাপট
Note : √বহ + তা = বহতা, √জী + অন্ত = জীয়ন্ত > জ্যান্ত (বাংলা কৃৎপ্রত্যয়যোগে গঠিত)।

০৮. 'বাক্য' এর প্রকৃতি-প্রত্যয় কোনটি? [গ ১৭-১৮]
ক √বাক + ত খ √বচ্ + য গ √বাক্ + য ঘ √বাচ্ + য উ: খ

০৯. প্রত্যয়ঘটিত অশুদ্ধ শব্দের দৃষ্টান্ত হলো– [খ ১৭-১৮]
ক পুরস্কার খ অর্ধরাত্র গ প্রতিদ্বন্দ্বীতা ঘ স্টেডিয়াম উ: গ

১০. 'উক্ত' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় হবে– [গ ৯১-৯২; জবি B ১৭-১৮]
ক বপ + ত = উক্ত খ উপ + ত = উক্ত
গ বচ্ + ত = উক্ত ঘ উপ + ত = উক্ত উ: গ

১১. শব্দ বা বাক্যের অংশকে আর কোনো বিশেষ বা ক্ষুদ্রতর অংশে ভাগ করা যায় না, তাকে বলা হয়– [গ ৯২-৯৩]
ক প্রত্যয় খ বর্ণ গ প্রকৃতি ঘ কারক উ: গ

১২. 'বাঙাল' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় হলো- [গ ৯২-৯৩]
ক বাং + আল খ বঙ্গ +আল গ বাংগা + আল ঘ বাংলা + আল উ: খ

১৩. 'জমানো' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় হলো– [গ ৯৩-৯৪]
ক জম + আনো খ জমান + ও গ জমা + আনো ঘ কোনোটিই নয় উ: ক

১৪. 'দর্শনীয়' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় হলো– [গ ৯৩-৯৪; জবি ক ০৯-১০]
ক দৃশ্য + অনীয় খ দৃশ্ + অনীয়
গ দৃশ + নীয় ঘ দৃষ্টি + নীয় উ: খ

১৫. 'কার্য' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [ক ৯৫-৯৬; রাবি ০৬-০৭]
ক কৃ + র্য খ কৃ + য (ঘ্যণ্) গ করা + য ঘ কৃ + য্য উ: খ

১৬. 'ব্যবসাদার' শব্দের 'দার' কোন প্রত্যয়? [খ ৯৭-৯৮]
ক বাংলা তদ্ধিত-তৎসম খ বাংলা তদ্ধিত-তদ্ভব
গ বিদেশি তদ্ধিত-ফারসি ঘ সংস্কৃত তদ্ধিত উ: গ

১৭. 'ভাস্বর' শব্দ গঠিত হয়েছে– [খ ৯৭-৯৮]
ক সন্ধি দ্বারা খ সমাস দ্বারা গ প্রত্যয় দ্বারা ঘ উপসর্গ দ্বারা উ: গ

১৮. 'দোলনা' শব্দটি গঠিত হয়েছে– [ক ৯৮-৯৯]
ক সন্ধি দ্বারা খ সমাস দ্বারা গ প্রত্যয় দ্বারা ঘ অনুসর্গ দ্বারা উ: গ

১৯. 'উৎকর্ষতা' শব্দটি অশুদ্ধ কেন? [ঘ ০২-০৩; রাবি ০৬-০৭]
ক য-ত্ব বিধানজনিত খ প্রত্যয়জনিত গ উপসর্গজনিত ঘ সন্ধিজনিত উ: খ

২০. 'ভারসাম্যতা' শব্দটি অশুদ্ধ কেন? [ঘ ০৩-০৪]
ক প্রত্যয়জনিত কারণে খ উপসর্গজনিত কারণে
গ সন্ধিজনিত কারণে ঘ কারকজনিত কারণে উ: ক

২১. 'নিপাতনে সিদ্ধ' প্রত্যয়যুক্ত শব্দ- [গ ০৩-০৪]
ক চৈত্র খ শৈব গ সৌর ঘ দৈব উ: গ

২২. কোনটি প্রত্যয়ান্ত শব্দ? [ঘ ১৭-১৮]
ক লামা খ জামা গ গামা ঘ হেমা উ: ঘ

২৩. 'বার্ষিক' কথাটি– [গ ০৫-০৬]
ক সাধিত শব্দ খ প্রত্যয় নিষ্পন্ন শব্দ গ মৌলিক শব্দ ঘ সমাসবদ্ধ শব্দ উ: খ

২৪. বিদেশি প্রত্যয়যুক্ত শব্দ– [খ ০৫-০৬; রাবি E -১৩-১৪]
ক বাঁদরামি খ অংশীদার গ কর্তব্য ঘ বাছাই উ: খ

২৫. 'দ্রাঘিমা' শব্দের প্রকৃতি ও প্রত্যয়- [খ ০৬-০৭; ইবি শাপলা ১১-১২]
ক দৈর্ঘ্য + ইমন খ দীর্ঘ + ইমন গ দৈর্ঘ্য + মা ঘ দীর্ঘ + মা উ: গ

২৬. প্রত্যয়যোগে গঠিত– [গ ০৭-০৮]
ক পইপই খ হইচই গ টইটই ঘ লাগসই উ: খ

২৭. 'গ্রহণীয়' শব্দের প্রকৃতি ও প্রত্যয় হলো– [ক ০৭-০৮; রবি B-১৩-১৪]
ক গ্রহ + অনীয় খ গ্রহণ + ঈয় গ গ্রহ + অণীয় ঘ গ্র + অনীয় উ: গ

২৮. 'রক্ত' শব্দের প্রকৃতি-প্রত্যয় হলো– [গ ০৯-১০; রবি গ ১৪-১৫]
ক রজ্ + ত খ রন + ত গ রক্ + ক্ত ঘ রনজ্ +ত উ: গ

২৯. কোনটি বাংলা তদ্ধিত প্রত্যয়যুক্ত শব্দ? [ক ০৯-১০]
ক রাঁধুনী খ ঘরামি গ ধোলাই ঘ পানীয় উ: খ

৩০. 'আভাসিত' শব্দটির প্রত্যয়– [ক ১০-১১]
ক বাংলা কৃৎ খ সংস্কৃত কৃৎ গ বাংলা তদ্ধিত ঘ সংস্কৃত তদ্ধিত উ: খ

৩১. কোনটি ঠিক? [গ ১১-১২, খ ১৪-১৫]
ক √শুচ্ + ঘঞ্ = শোক খ √বন্দ + অনা = বন্দনা
গ √শম্ + তৃচ = শান্তি ঘ √ পঠ্ + ঘ্যণ = পঠিত উ: ক

৩২. বাংলা তদ্ধিত প্রত্যয়যোগে গঠিত শব্দ– [গ ১১-১২]
ক অরবিন্দ খ তপস্বী গ দাপট ঘ আতরদান উ: গ

৩৩. প্রকৃতি-প্রত্যয় হিসাবে কোনটি শুদ্ধ? [ক ১১-১২; জাবি C ১৭-১৮; রবি গ ১১-১২]
ক অদিতি + অ = আদিত্য খ দয়া + বান = দয়াবান
গ কবি + য = কাব্য ঘ রূপ + অসী = রূপসী উ: গ

৩৪. 'সাহচর্য' শব্দটি গঠিত হয়েছে– [ক ১২-১৩]
ক প্রত্যয়যোগে খ ধাতুযোগে গ সন্ধিযোগে ঘ সমাসযোগে উ: ক

৩৫. 'তাণ্ডব' শব্দটি কী দিয়ে গঠিত? [খ ১২-১৩]
ক প্রত্যয় খ সমাস গ সন্ধি ঘ উপসর্গ উ: ক

৩৬. 'দুঃখ + ইত = দুঃখিত' কোন প্রত্যয়যোগে গঠিত শব্দ? [গ ১৬-১৭]
ক বাংলা কৃৎ প্রত্যয় খ সংস্কৃত কৃৎ প্রত্যয়
গ বাংলা তদ্ধিত প্রত্যয় ঘ সংস্কৃত তদ্ধিত প্রত্যয় উ: ঘ

৩৭. 'জাগরূক' শব্দটি ধাতু ও প্রত্যয়যোগে সৃষ্ট হয়েছে এভাবে– [খ-১৩-১৪]
ক জাগ + রূক খ জাগৃ + উক
গ জাগ্র + উক ঘ জাগর + উক উ: ঘ

৩৮. 'ইক' প্রত্যয় ব্যবহৃত হয়– [ক-১৫-১৬]
ক অন্য পদকে বিশেষ্য করার জন্য খ বিশেষ্যকে বিশেষণ করার জন্য
গ বিশেষণকে ক্রিয়াবিশেষণ করার জন্য ঘ বিশেষণকে বিশেষ্য করার জন্য উ: খ

৩৯. 'ঐকতান' শব্দের প্রকৃতি ও প্রত্যয়– [গ ১৬-১৭]
ক একতান + অ খ ঐক্য + তান
গ একতান + জ ঘ একতা + ইন উ: ক

৪০. 'বাবুর্চি' শব্দের 'চি' প্রত্যয়টি– [গ ৯৮-৯৯]
ক ফারসি খ আরবি গ সংস্কৃত ঘ তুর্কি উ: খ

৪১. 'ধার্য' শব্দের প্রকৃতি ও প্রত্যয়– [গ ৯৮-৯৯]
ক ধৃ + য্য খ ধৃ + য গ ধা + র্য ঘ ধার + য উ: খ

৪২. শব্দমূল বা নাম শব্দের সঙ্গে যে প্রত্যয় যুক্ত হয়ে নতুন শব্দ তৈরি হয় তাকে বলে–[গ ৯২-৯৩]
ক কৃৎ প্রত্যয় খ উপসর্গ গ তদ্ধিত প্রত্যয় ঘ অনুসর্গ উ: গ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

০১. 'স্মরণ' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [A ১৭-১৮]
ক √স্ম + অরন খ √স্মৃ + অন গ √স্মর + ণ ঘ √স্মৃ + রণ উ: খ

০২. 'দীক্ষা' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [ঘ ১৭-১৮]
ক দীখ্ + অ খ দীক্ষ্ + অ + আ
গ দিক্ষ্ + আ ঘ দী + ক্ষা উ: খ

০৩. কোনটি প্রত্যয়নিষ্পন্ন শব্দ? [চ ১৬-১৭]
ক অনাদর খ অরুণোদয় গ বিবিয়ানা ঘ শিক্ষকগণ উ: গ

০৪. 'বধ' এর প্রকৃতি ও প্রত্যয়– [ক ০৫-০৬]
ক বধ + অল খ হন্ + অল গ বধ + অল ঘ হন + ত উ: খ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

০৫. কোনটি কৃদন্ত শব্দ? [খ ০৬-০৭]
(ক) লিখিত (খ) মুখর (গ) ফুলেল (ঘ) হাতল উ: (ক)

০৬. প্রত্যয়জাত শব্দ– [ক ০৭-০৮]
(ক) অগ্রিম (খ) অভাব (গ) অতীশ (ঘ) অনুতাপ উ: (ক)

০৭. কৃৎ প্রত্যয়জাত শব্দ– [ঘ ০৮-০৯]
(ক) খাজাঞ্চি (খ) নারকীয় (গ) নবীন (ঘ) নেত্র উ: (ঘ)

০৮. প্রত্যয়ান্ত শব্দ– [গ ০৮-০৯]
(ক) ক্ষুধার্ত (খ) উচ্ছেদ (গ) স্থায়ী (ঘ) ব্যবস্থা উ: (গ)

০৯. প্রত্যয়নিষ্পন্ন শব্দ– [ক ০৮-০৯]
(ক) আগাম (খ) মেছো (গ) কলা (ঘ) অচিন উ: (খ)

১০. 'শারদীয়' শব্দের প্রকৃতি ও প্রত্যয়– [ঘ ০৯-১০; হাদাবিপ্রবি G ১৫-১৬]
(ক) শার + দীয় (খ) শরৎ + ইয় (গ) শারদ + ঈয় (ঘ) শরৎ + ঈয় উ: (ঘ)

১১. বিদেশি প্রত্যয়যোগে গঠিত শব্দ– [গ ০৯-১০]
(ক) জুয়াড়ি (খ) তবলচি (গ) দুর্গম (ঘ) জেঠতুত উ: (খ)

১২. প্রত্যয়ের অপপ্রয়োগজনিত অশুদ্ধ শব্দ – [খ ০৯-১০]
(ক) তদ্দর্শনে (খ) আবশ্যকীয় (গ) নির্দোষিতা (ঘ) অধীন উ: (গ)

১৩. কোনটি সংস্কৃত তদ্ধিত প্রত্যয়? [ঘ ১০-১১]
(ক) সাজন (খ) ভাসুর (গ) শারদ (ঘ) ধলো উ: (গ)

১৪. কোনটি 'শিক্ষক' শব্দের শুদ্ধ বিশ্লিষ্ট রূপ? [খ ১১-১২]
(ক) √শিক্ষ্ + ক (খ) √শিক্ষ্ + অক (গ) √শিক্ষ + নক্ (ঘ) √শিক্ষ + অনক উ: (খ)

১৫. 'সৌভাগ্য' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [ক-১৫-১৬]
(ক) সুভগ + ষ্ণ্য (খ) সৌভগ + ষ্ণ (গ) সৌভগ + ষ্ণ্য (ঘ) সুভগ + ষ্ণ উ: (ক)

১৬. 'ফুলদানি' শব্দের 'দানি' এর ভাষিক নাম কী? [খ-১৫-১৬]
(ক) শব্দপ্রত্যয় (খ) শব্দ (গ) শব্দধাতু (ঘ) শব্দবিভক্তি উ: (ক)

১৭. 'দুগ্ধ' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [খ ১৬-১৭]
(ক) √দুক্ + হ (খ) √দুক্ + ধ (গ) √দুহ্ + ক্ত (ঘ) √দুহ্ + ধ উ: (গ)

১৮. 'বান্ধব' শব্দের প্রকৃতি ও প্রত্যয়– [খ ১৬-১৭; জাবি C ১৭-১৮]
(ক) বন্ধ + অ (খ) বন্ধ + ষ্ণ (গ) বন্ধু + অ (ঘ) বন্ধু + ব্য উ: (গ)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

০১. 'বৈশিষ্ট্য' শব্দটি গঠিত হয়েছে– [B : ২৩-২৪]
(ক) উপসর্গযোগে (খ) সমাসযোগে (গ) সন্ধিযোগে (ঘ) প্রত্যয়যোগে উ: (ঘ)

০২. 'কাব্য' শব্দের প্রকৃতি ও প্রত্যয় হলো– [B : ২৩-২৪]
(ক) কাব + য (খ) কবি + ব (গ) কাব + হ (ঘ) কবি + য উ: (ঘ)

০৩. নিচের কোন শব্দটি সংস্কৃত তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ? [E : ২৩-২৪]
(ক) নীলিমা (খ) নবীন (গ) দয়াবান (ঘ) সার্বভৌম
Note : নীল + ইমন্ = নীলিমা, নব + নীন = নবীন, দয়া + বতুপ্ = দয়াবান, সর্বভূমি + ষ্ণ = সার্বভৌম– সংস্কৃত তদ্ধিত প্রত্যয়যোগে গঠিত। [সূত্র : বাংলা ভাষার ব্যাকরণ : নবম-দশম (পুরাতন)]

০৪. নিচের কোনটি প্রত্যয় নিষ্পন্ন শব্দ? [B ২২-২৩]
(ক) দম্পতি (খ) নারী (গ) ট্যাঁড়শ (ঘ) পড়ুয়া উ: (ঘ)

০৫. নিপাতনে সিদ্ধ প্রত্যয়যুক্ত শব্দ কোনটি? [B : ২১-২২]
(ক) সৌর (খ) শৈব (গ) চৈত্র (ঘ) দৈব উ: (ক)

০৬. '√কৃ + অক/ণক' এই প্রকৃতি ও প্রত্যয়টির মূল শব্দ নিচের কোনটি? [B : ২১-২২]
(ক) কারণ (খ) কারক (গ) কৌণিক (ঘ) কোন উ: (খ)

০৭. 'বার্ষিক' কথাটি– [B : ২১-২২]
(ক) মৌলিক শব্দ (খ) সমাসবদ্ধ শব্দ (গ) সাধিত শব্দ (ঘ) প্রত্যয় নিষ্পন্ন শব্দ উ: (ঘ)

০৮. 'জনতা' শব্দটি ব্যাকরণের কোন নিয়মে গঠিত হয়েছে? [B : ২১-২২, ঢাবি ক ১১-১২]
(ক) প্রত্যয়যোগে (খ) বচনের সাহায্যে (গ) সন্ধিযোগে (ঘ) উপসর্গযোগে উ: (ক)

০৯. 'সৌজন্য' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [B : ২১-২২, রাবি ০৮-০৯]
(ক) সু + জন (খ) সৌজন + অ (গ) সুজন + য (ঘ) সুজন + অন্য উ: (গ)

১০. 'শ্রব্য' শব্দের প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো– [I ১৯-২০]
(ক) শ্রু + ব (খ) শ্র + য (গ) শ্রু + য (ঘ) শ্র + ব উ: (গ)

১১. 'বাঙালি' শব্দটির শেষে কোন প্রত্যয় যুক্ত হয়েছে? [C-I ১৯-২০]
(ক) ই (খ) ঈ (গ) অলি (ঘ) আলি উ: (ঘ)

১২. 'মুক্তি' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [C-I ১৯-২০]
(ক) √মুচ্ + ক্তি (খ) √মুচ + ক্তি (গ) √মুচ + তি (ঘ) মুচো + ক্তি উ: (ক)

১৩. নিচের কোনটি বাংলা কৃৎপ্রত্যয় সাধিত শব্দ? [C ১৯-২০; জবি ঘ ০৫-০৬]
(ক) উড়ালি (খ) নেতা (গ) মিত্তক (ঘ) পাঠক উ: (ঘ)

১৪. নিচের কোনটি তদ্ধিত প্রত্যয় সাধিত শব্দ? [C ১৯-২০]
(ক) লিখিত (খ) পশ্চিম (গ) উড়ন্ত (ঘ) গমন উ: (খ)

১৫. প্রত্যয় যুক্ত হয় নিম্নের কোনটির সঙ্গে? [B ১৮-১৯]
(ক) ধাতু (খ) শব্দ (গ) বাক্যাংশ (ঘ) কর্মপদ
Note : শব্দ বা ধাতুর পরে অর্থহীন যেসব শব্দাংশ যুক্ত হয়ে নতুন শব্দ তৈরি হয়, সেগুলোকে প্রত্যয় বলে।

১৬. 'জলময়' এর প্রকৃতি-প্রত্যয় কোনটি? [C ১৭-১৮]
(ক) জলজ + ময় (খ) জল + য (গ) জল + ময়ট্ (ঘ) জলা + ময় উ: (গ)

১৭. 'শ্রেষ্ঠ' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [C ১৭-১৮]
(ক) শ্র + ইষ্ঠ (খ) শ্রেয় + ঈ (গ) শ্রেয়স্ + ইষ্ঠ (ঘ) শ্রেয়স্ + ঈষ্ঠ উ: (ক)

১৮. 'শ্রদ্ধাবান' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [C ১৭-১৮]
(ক) শ্রদ্ধা + বন (খ) শ্রদ্ধা + বতুপ (গ) শ্রদ্ধা + বাণ (ঘ) শ্রদ্ধ + বান উ: (খ)

১৯. 'উচিত' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [B ১৭-১৮]
(ক) √বচ + ইত (খ) √উচ + ত (গ) √উচ্ + ইত (ঘ) উচ্ + চিত উ: (খ)

২০. 'হৈমন্তিক' এর প্রকৃতি ও প্রত্যয় কী? [জ ১১-১২]
(ক) হেমন্ত + ষ্ণিক/ইক (খ) হৈমন্ত + ষ্ণিক
(গ) হেম + ষ্ণিক (ঘ) হৈম + ষ্ণিক উ: (ক)

২১. 'রাঁধুনি' এর প্রকৃতি ও প্রত্যয় কী? [জ ১১-১২]
(ক) রাঁধ + আনি (খ) রাঁধ + উনি (গ) রঁধন + নি (ঘ) রাধ + নি উ: (খ)

২২. 'জ্বলন্ত' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [গ, সেট৮ : ১১-১২]
(ক) √জ্বল + অন্ত (খ) √জ্বলন + অ (গ) √জ্বলন + ত (ঘ) √জল + অন্ত উ: (ক)

২৩. 'মেধাবী' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি? [গ ১১-১২;ইবি ১১-১২]
(ক) মেধা + বী (খ) মেধা + বিন (গ) মেধ্ + আবী (ঘ) মেধা + বি উ: (খ)

২৪. 'ঝলকানি' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [গ, সেট৬ : ১১-১২]
(ক) √ঝলকা + আনি (খ) √ঝলক + আনি (গ) √ঝলকা + নি (ঘ) √ঝল + কানি উ: (খ)

২৫. প্রকৃতি ও প্রত্যয় অনুযায়ী 'ভূষণ' শব্দের গঠন প্রক্রিয়া কোনটি? [F ১৪-১৫]
(ক) √ভৌ + অন (খ) √ভূষ + অন (গ) √ভূ + অন (ঘ) √ভব + অন উ: (খ)

রাজশাহী বিশ্ববিদ্যালয়

০১. 'পানসে' শব্দটির প্রকৃতি ও প্রত্যয়– [A : ২১-২২]
(ক) পানি + স (খ) পানি + সে (গ) পান + সি (ঘ) পানসি + ই
Note : পানি + সা = পানসা > পানসে (বিদেশি প্রত্যয়যোগে গঠিত।)

০২. 'প্রেম' শব্দটির প্রকৃতি ও প্রত্যয়– [A : ২১-২২, বশেমুরবিপ্রবি F ১৭-১৮]
(ক) প্রে + ম (খ) প্রিয় + এম (গ) প্রিয় + ইমন (ঘ) প্রেম + অ + ব উ: (গ)

০৩. 'কৃষ্টি' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি? [A : ২১-২২]
(ক) কৃষ্ + টি (খ) কৃষ্ + তি (গ) কৃ + ইষ্টি (ঘ) কৃষ্ + ইষ্টি উ: (খ)
Note : √কৃষ্ + তি = কৃষ্টি (সংস্কৃত কৃৎপ্রত্যয় সাধিত শব্দ)

০৪. 'উক্তি' শব্দের প্রকৃতি ও প্রত্যয়–[A : ২১-২২, GST A : ২১-২২, ঢাবি খ ৯৭-৯৮; ইবি B ১৭-১৮]
(ক) উক্ + তি (খ) বচ্ + তিন (গ) বচ্ + তি (ঘ) উদ্ + তি
Note : √বচ্ + তি (ক্তি) = উক্তি (সংস্কৃত কৃৎ প্রত্যয় সাধিত)। এরকম : √মুচ্ + তি (ক্তি) = মুক্তি, √ভজ্ + তি (ক্তি) = ভক্তি।

০৫. 'পার্থিব' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [B ১৯-২০]
(ক) পার্থি + ব (খ) পৃথি + ব (গ) পৃথিবী + থ (ঘ) পৃথিবী + ষ্ণ উ: (ঘ)

০৬. 'বাড়ী + ওয়ালা = বাড়ীওয়ালা' শব্দটি– [B ১৮-১৯]
(ক) বাংলা তদ্ধিত প্রত্যয় (খ) বিদেশি তদ্ধিত প্রত্যয়
(গ) তৎসম তদ্ধিত প্রত্যয় (ঘ) কোনোটিই নয় উ: (খ)

০৭. 'প্রাচুর্য' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [A ১৮-১৯]
(ক) প্রা + চুর্য (খ) প্রচুর + য (গ) প্রাচুর + য্য (ঘ) প্রচুর + য্য উ: (খ)

০৮. 'সৈনিক' শব্দের প্রকৃতি নির্ণয় কর। [A ১৭-১৮]
(ক) সেনা + ষ্ণিক (খ) সৈন্য + ইক (গ) সেনা + ইক (ঘ) সৈন্য + ষ্ণিক উ: (গ)

০৯. 'কৌশিক' শব্দটির প্রকৃতি ও প্রত্যয়– [D ১৭-১৮]
(ক) কৌ + শিক (খ) কুশিক + অ (গ) কুশ + ঈক (ঘ) কৌ + শীক উ: (খ)

১০. 'পানীয়' এর প্রকৃতি ও প্রত্যয়– [E ১৭-১৮]
(ক) পানি + ইয় (খ) পান + ইয় (গ) পা + অনীয় (ঘ) পা + নীয় উ: (গ)

১১. 'সত্য' শব্দের প্রকৃতি ও প্রত্যয়– [E ১৭-১৮; কুবি B 13-14]
(ক) সতি + অ (খ) সতি + য (গ) সৎ + অ (ঘ) সৎ + য উ: (ঘ)

CamScanner

১২. 'কাঁদ + অন' কোন প্রত্যয়? [E ১৭-১৮; ইবি B] ১৬-১৭]
ক) সংস্কৃত তদ্ধিত খ) সংস্কৃত কৃৎ গ) বাংলা তদ্ধিত ঘ) বাংলা কৃৎ উ: (ঘ)

১৩. কোনটি কৃৎ প্রত্যয় সাধিত শব্দ? [A ১৭-১৮]
ক) রাখাল খ) ছেলে গ) ঢাকাই ঘ) পড়ন্ত
Note: √রাখ + আল = রাখাল, √পড় + অন্ত = পড়ন্ত – বাংলা কৃৎপ্রত্যয় সাধিত শব্দ।

১৪. নাম শব্দের পরে 'আ' প্রত্যয় যুক্ত করে ধাতু গঠিত হয় : [০৩-০৪]
ক) যৌগিক ধাতু খ) সাধিত ধাতু গ) নাম ধাতু ঘ) মৌলিক ধাতু উ: (গ)

১৫. কোন শব্দে ধাতু প্রত্যয় যুক্ত হয়েছে? [০৩-০৪]
ক) টপ খ) সেলামী গ) পালাস ঘ) পাঠক উ: (গ)

১৬. 'শয়ন' শব্দের প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর- [০৪-০৫]
ক) শী + অনট্/অন খ) শো + অন গ) শ + অন ঘ) শয় + অন উ: (ক)

১৭. 'বিকৃত' শব্দের প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর- [০৪-০৫]
ক) বিকৃ + ইত খ) বিকার + ইত গ) বি + কৃত ঘ) বি + √কৃ + ত উ: (ঘ)

১৮. 'চালক' শব্দের প্রত্যয়- [০৫-০৬]
ক) চাল + ইক খ) চালি + অক গ) চাল + অক ঘ) চালক + ইক উ: (খ)
Note: 'চালক' শব্দটির প্রকৃতি-প্রত্যয় 'চালি + অক' এবং '√চল্ + ণিচ্ + অক' দুটিই গ্রহণযোগ্য।

১৯. 'ধাতু'র আরেক নাম- [০৫-০৬]
ক) সিদ্ধ ধাতু খ) ক্রিয়া প্রকৃতি গ) মৌলিক ধাতু ঘ) ক্রিয়া উ: (খ)

২০. নিচের কোনটি তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ? [০৫-০৬]
ক) হাত + ল = হাতল খ) চল্ + অন্ত = চলন্ত
গ) জম + আ = জমা ঘ) কোনোটিই নয় উ: (ক)

২১. নিচের কোনটি কৃৎ প্রত্যয়? [০৬-০৭]
ক) বচ + তব্য খ) তিল + অ গ) সর্প + ইল ঘ) মেধা + বীন উ: (ক)

২২. 'মুক্ত' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [ক ১১-১২; ইবি গ ১১-১২]
ক) মু + ক্ত খ) মুক + ত গ) মুহ্ + ক্ত ঘ) মুচ্ + ক্ত/ত উ: (ঘ)

২৩. 'মেঠো' শব্দের প্রকৃতি প্রত্যয় কী? [খ ০৭-০৮]
ক) মাঠ + ইয়া খ) মাঠ + উয়া
গ) মেঠ + ও ঘ) মেঠ + উয়া উ: (খ)

২৪. 'লালিমা' শব্দের প্রকৃতি ও প্রত্যয়- [খ ০৭-০৮]
ক) লাল + ইমা খ) লাল + ইমন গ) লালি + অম ঘ) লালিম + আ উ: (খ)

২৫. 'শৈব' শব্দের প্রকৃতি ও প্রত্যয়- [খ ০৭-০৮]
ক) শৃ + অব খ) শী + অব গ) শিব + অ ঘ) শৈ + অব উ: (গ)

২৬. 'নীতি' শব্দের প্রকৃতি ও প্রত্যয়- [খ ০৭-০৮]
ক) নীত + ই খ) নী + তি গ) নৃ + ইতি ঘ) নৃ + ঈতি উ: (খ)

২৭. 'করণীয়' শব্দের প্রকৃতি ও প্রত্যয় [খ ০৭-০৮]
ক) কর + নীয় খ) কৃ + অনীয় গ) করণ + ঈষ ঘ) কী + অনীয় উ: (খ)

২৮. 'বাদী' শব্দের প্রকৃতি-প্রত্যয়- [খ ০৭-০৮]
ক) বাদ + ঈ খ) বাদ + ই গ) বদ্ + ইন ঘ) বা + আদি উ: (গ)

২৯. 'স্মরণীয়' শব্দের প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর- [০৮-০৯]
ক) স্মৃ + অনীয় খ) স্মরঃ + নীয় গ) স্ব + অরনীয় ঘ) স্মর + অনীয় উ: (ক)

৩০. কোনটি কৃৎ প্রত্যয়জাত শব্দ? [০৯-১০]।
ক) নয়ন খ) মেটে গ) নিতাই ঘ) চড়াই উ: (ক)

৩১. কোনটি শুদ্ধ প্রকৃতি ও প্রত্যয়? [০৯-১০]
ক) কার + তব্য খ) কর + তব্য গ) কর্ + তব্য ঘ) কৃ + তব্য উ: (ঘ)

৩২. প্রত্যয়সাধিত শব্দ কোনটি? [০৯-১০]।
ক) সুশ্রী খ) সকল গ) জেলে ঘ) মহাত্মা উ: (গ)

৩৩. যে বর্ণ বা বর্ণসমষ্টি ধাতু বা শব্দের পরে যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে, তাকে কী বলে? [০৯-১০]
ক) বিভক্তি খ) কর্তা গ) কর্ম ঘ) প্রত্যয় উ: (ঘ)

৩৪. 'নেওয়া' শব্দের প্রকৃতি ও প্রত্যয়- [ঙ ১০-১১]
ক) নেও + য়া খ) নেও + আ গ) নী + আ ঘ) নে + ওয়া উ: (গ)

৩৫. 'গৌরব' এর প্রকৃতি ও প্রত্যয় কী? [E ১৬-১৭ A-৪, সেট ৩, A ১২-১৩]
ক) গুরু + অব খ) গুরু + ষ্ণ/অ গ) গৌর + ব ঘ) গৌ + রব উ: (খ)

৩৬. 'সাংবাদিক' শব্দটির প্রকৃতি ও প্রত্যয়- [D -১৩-১৪]
ক) সংবাদ + ষ্ণিক খ) সংবাদ + ষ্ণীক
গ) সংবাদ + ঈক ঘ) সম + বাদিক উ: (ক)

৩৭. সংস্কৃত তদ্ধিত প্রত্যয় কোনটি? [B, Even, সেট ৪ : ১৪-১৫]
ক) তাহর্য খ) মন্ত্রণা গ) সৃষ্টি ঘ) কার্য উ: (ক)

৩৮. 'মনুষ্য' শব্দটির প্রকৃতি ও প্রত্যয়- [D, অবাণিজ্য, সেট ২ : ১৪-১৫]
ক) মানব + ষ্য খ) মানব + ইষ্য গ) মনুষ + ষ্য ঘ) মনু + ষ্য উ: (ঘ)

৩৯. শব্দের শেষে প্রত্যয় যুক্ত করার উদ্দেশ্য কী? [E, Odd, সেট ১ : ১৪-১৫]
ক) বাক্যে অলঙ্কার খ) ভাষা সংশোধন
গ) শব্দের মিলন ঘ) নতুন শব্দ গঠন উ: (ঘ)

৪০. 'দর্শন' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [A-১৫-১৬]
ক) দৃশ + অন খ) দর্শ + অন গ) দর্শ + ন ঘ) দর + শন উ: (ক)

৪১. কৃৎ প্রত্যয়যোগে গঠিত শব্দ কোনটি? [A ১৬-১৭]
ক) বাগ্মী খ) রচনা গ) মহিমা ঘ) মেছো উ: (খ)

৪২. কোন শব্দে প্রত্যয় 'উপজীবিকা' অর্থে ব্যবহৃত হয়েছে? [B ১৬-১৭]
ক) গেঁয়ো খ) টেকো গ) গেছো ঘ) মেছো উ: (ঘ)

৪৩. বৃত্তি বা ব্যবসায় অর্থে ই-প্রত্যয়ের ব্যবহার কোনটিতে হয়েছে? [D ১৬-১৭]
ক) উমেদার-উমেদারি খ) চাষ-চাষি
গ) দোকান-দোকানি ঘ) সরকার-সরকারি উ: (গ)

৪৪. 'প্রতিযোগিতা' শব্দটিতে প্রত্যয় রয়েছে- [E ১৬-১৭]
ক) ১টি খ) ২টি গ) ৩টি ঘ) কোনোটিই নয় উ: (গ)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

০১. কোনটি বিদেশি তদ্ধিত প্রত্যয়যোগে গঠিত শব্দ? [D1 : ২৩-২৪;G-16-17,ইবি-খ-০৯-১০]
ক) বাবু + আনা = বাবুআনা খ) পঠ্ + অ = পাঠ
গ) ধন + ঈ = ধনী ঘ) হাত + অল = হাতল উ: (ক)

০২. 'সাহিত্য' শব্দটির প্রকৃতি ও প্রত্যয়- [B : ২৩-২৪;B-17-18]
ক) সাহি + ত্য খ) সহিত + য গ) সাহিত + ইত ঘ) সাহিত্য + য উ: (খ)

০৩. 'বুদ্ধি' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি? [D সেট-৩; ২২-২৩]
ক) বুধ্ + ধি খ) বুধ্ + তি গ) বুধ্ + ই ঘ) বুদ্ + দি উ: (খ)

০৪. 'নেত্র' এর সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি? [D : ২১-২২]
ক) নেত+র খ) নিত+র গ) নী+ত্র ঘ) নি+ত্র উ: (গ)
Note: √নী + ত্র = নেত্র (সংস্কৃত কৃৎ-প্রত্যয় সাধিত)।

০৫. 'ইতরামি' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি? [B1 : ২১-২২]
ক) ইত + রামি খ) ইত + আমি গ) ইতর + আমি ঘ) ইতর + য়ামি উ: (গ)

০৬. প্রত্যয়ের কাজ কী? [B ১৯-২০; A ১৮-১৯]
ক) বাক্যস্থিত শব্দে অন্বয় স্থাপন খ) নতুন শব্দ গঠন
গ) সমস্যমান পদ নির্ণয় ঘ) উচ্চারণ শ্রুতিমধুর করা উ: (খ)

০৭. কোনটি কৃৎপ্রত্যয়? [A ১৮-১৯]
ক) মিঠা + আই = মিঠাই খ) রেশম + ঈ = রেশমী
গ) চল্ + অন্ত = চলন্ত ঘ) লাঠি + আল = লাঠিয়াল উ: (গ)

০৮. তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ কোনটি? [D ১৭-১৮; ঘ-১৩-১৪]
ক) ঘরোয়া, দৈনিক খ) জ্বলন্ত, নিভন্ত গ) চলন, গমন ঘ) নাচন, পড়ন্ত উ: (ক)

০৯. 'রান্না' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি ঠিক? [গ ০৪-০৫]
ক) রান্ + না খ) রাঁধ + না গ) রান্ন + আ ঘ) রাধ + না উ: (খ)

১০. 'কুলীন' শব্দের 'প্রকৃতি ও প্রত্যয়' কোনটি? [ক ০৪-০৫]
ক) কুলা + ইন খ) কুল + ঈন গ) কুলা + নীন ঘ) কুলি + ইন উ: (খ)

১১. 'জ্যান্ত' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কী? [০৬-০৭]
ক) জী + অন্ত খ) জ্যান + ত গ) জ + এ্যান্ত ঘ) জান্ + তঃ উ: (ক)

১২. 'সাংবাদিক' কোন ধরনের শব্দ? [ঘ ১০-১১]
ক) প্রত্যয়ান্ত খ) উপসর্গযুক্ত গ) মৌলিক ঘ) বিভক্তিযুক্ত উ: (ক)

১৩. 'মেছো' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোন্‌টি? [ছ ১১-১২]
ক) মাছ + ও খ) মেছ + ঔ গ) মাছি + উয়া > ও ঘ) মাছ + উয়া > ও উ: (ঘ)

১৪. 'সাহিত্য' শব্দটির উৎপত্তিগত রূপ- [ঙ ১১-১২]
ক) সাহাত খ) সহিত গ) সহত ঘ) সাহিতি উ: (খ)

১৫. নিচের কোনটি কৃদন্ত শব্দ? [সি১, ১১-১২]
ক) চলন খ) পাগলামি গ) লোমশ ঘ) বন্য উ: (ক)

১৬. 'রাখাল' কোন প্রত্যয়? [D 12-13]
ক) কৃৎ খ) তদ্ধিত গ) প্রত্যয়সাধিত নয় ঘ) কোনোটিই নয় উ: (ক)

১৭. 'মানব' শব্দটি কোন প্রত্যয়? [E -১৩-১৪; ইবি B ১৭-১৮]
ক) বাংলা কৃৎ খ) বাংলা তদ্ধিত গ) সংস্কৃত কৃৎ
ঘ) সংস্কৃত তদ্ধিত ঙ) বিদেশি উ: (ঘ)

১৮. যে ধাতুকে প্রকৃতি-প্রত্যয় ভেদে বিশ্লেষণ করা যায় না তাকে বলে- [E ১৩-১৪]
ক) মৌলিক ধাতু খ) নাম ধাতু গ) সাধিত ধাতু ঘ) সমধাতুজ কর্ম **উ: ক**

১৯. মধুর + ইমা = 'মধুরিমা' এর প্রত্যয়ের নাম কী? [F ১৩-১৪]
ক) কৃৎ প্রত্যয় খ) বাংলা কৃৎ প্রত্যয় গ) তদ্ধিত প্রত্যয় ঘ) সংস্কৃত কৃৎ প্রত্যয় **উ: গ**

২০. কোন শব্দটি প্রত্যয়যোগে গঠিত? [C, শেট ক : ১৪-১৫]
ক) [illegible] খ) [illegible] গ) আলোচক ঘ) চৌকোণিক **উ: ঘ**

২১. কোনটি তদ্ধিত প্রত্যয়? [C ১৫-১৬; D ১৬-১৭]
ক) [illegible] খ) [illegible] গ) [illegible] ঘ) পাঠক **উ: খ**

২২. কৃৎ প্রত্যয় বা তদ্ধিত প্রত্যয় সাধিত শব্দের কোন জায়গায় বসে? [E ১৫-১৬]
ক) প্রথমে খ) মধ্যে গ) শেষে ঘ) প্রথমে ও মধ্যে **উ: গ**

২৩. '[illegible]' কোন ধরনের শব্দ? [D ১৬-১৭]
ক) [illegible] খ) উপসর্গযুক্ত গ) সমাসবদ্ধ ঘ) যৌগিক **উ: ক**

২৪. কোনটি তদ্ধিত প্রত্যয় যোগে গঠিত? [D ১৬-১৭]
ক) [illegible] খ) [illegible] গ) [illegible] ঘ) [illegible] **উ: খ**

২৫. 'ইন্দ্র + ইক = ঐন্দ্রিক' কোন প্রত্যয়? [১ ০৯-১০]
ক) কৃৎ খ) তদ্ধিত গ) বহুব্রীহি ঘ) দ্বিগু ঙ) কোনোটিই নয় **উ: খ**

GST গুচ্ছ বিশ্ববিদ্যালয়

০১. মনু + ষ্ণ-এর মূলরূপ কোনটি? [B : ২১-২২]
ক) মানব খ) মানুষ গ) মনুষ্য ঘ) মনস্য **উ: ক**

খুলনা বিশ্ববিদ্যালয়

০১. প্রাতিপদিকের যথার্থ প্রতিশব্দ নিচের কোনটি? [B ১৯-২০]
ক) প্রকৃতি খ) নাম শব্দ গ) নাম প্রকৃতি ঘ) ক্রিয়া প্রকৃতি **উ: গ**

০২. 'চৈত্র' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [C ১৯-২০]
ক) চৈ + ত্র খ) চৈত্র + অ গ) চিত্রা + অ ঘ) চিত্রা + ষ্ণ **উ: ঘ**

০৩. 'শ্রবণ' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [B ১১-১২; ইবি গ ০৯-১০]
ক) √শ্রু + অনট্ খ) √শ্রু + অন গ) √শ্রব + অনট্ ঘ) √শ্রব + অন

Note: √শ্রু + অনট্ = শ্রবণ/ √শ্রু + অন = শ্রবণ – দুটোই ঠিক।

০৪. 'ব্যয়' এর মূল পরিবর্তিত হলে প্রকৃতিতে কী হয়? [L ১৬-১৭]
ক) ই খ) গুণ গ) বৃদ্ধি ঘ) সম্প্রসারণ **উ: খ**

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

০১. শব্দের অন্ত্য বর্ণের পূর্ব বর্ণকে কী বলে? [C ১৯-২০]
ক) প্রতিপাদক খ) ক্রিয়ন্ত পদ গ) উপধা ঘ) প্রকৃতি **উ: গ**

০২. নিচের কোনটি কৃৎপ্রত্যয়জাত শব্দ? [A ১৭-১৮]
ক) শৈত্য খ) রূপালি গ) সাঁতারু ঘ) ভাবুক **উ: ঘ**

০৩. বাংলা তদ্ধিত প্রত্যয় দ্বারা গঠিত শব্দ কোনটি? [A ১৭-১৮]
ক) মানিক খ) তপস্বী গ) দাপট ঘ) আতরদানি **উ: গ**

০৪. 'দোলনা' শব্দের প্রকৃতি ও প্রত্যয়- [B ১৭-১৮]
ক) দুল্ + না খ) দোল্ + না গ) দোল্ + অনা ঘ) দোলনা + আ

Note: √দুল্ + অন = দুলনা > দোলনা।

০৫. কোনটি প্রত্যয়ঘটিত শব্দ? [B ১৭-১৮]
ক) দুর্নীতি খ) নবীন গ) কোণঠাসা ঘ) কিশোরী **উ: খ**

০৬. কোনগুলো কৃৎ প্রত্যয়ের উদাহরণ? [B ১৭-১৮]
ক) দুল্ + অন, মাস + ইক খ) ঝুল্ + অন, ঢাক্ + অন
গ) দুল্ + অন, অংশী + দার ঘ) ঝুল্ + অন, দাঁত + আল **উ: খ**

০৭. 'ষ্ণ' প্রত্যয়যুক্ত শব্দের মূল স্বরের কী হয়? [B ১৭-১৮; ইবি C ১৫-১৬]
ক) বৃদ্ধি খ) গুণ গ) ইক ঘ) আগম **উ: ক**

০৮. কোনটি তদ্ধিত প্রত্যয় সাধিত শব্দ? [B -১৩-১৪]
ক) গড়া খ) ফোটা গ) হাসি ঘ) দৈনিক **উ: ঘ**

০৯. 'নায়ক' শব্দটির গঠনরূপ কোনটি? [A-১৫-১৬]
ক) না + অক– তদ্ধিত প্রত্যয় খ) √নৈ + ণক > অক– সংস্কৃত কৃৎ প্রত্যয়
গ) √নী + ণক > অক– সংস্কৃত কৃৎ প্রত্যয় ঘ) নী + অক– কৃৎ প্রত্যয় **উ: গ**

১০. কোনটি কৃৎ-প্রত্যয়জাত শব্দ? [A ১৬-১৭]
ক) শারীরিক খ) ভোজনীয় গ) জটিল ঘ) পৈতৃক **উ: খ**

১১. নিচের কোনটি প্রত্যয়নিষ্পন্ন শব্দ? [B ১৬-১৭]
ক) অনুকূল খ) আজীবন গ) চলন্ত ঘ) মানব

Note: √চল্ + অন্ত = চলন্ত – বাংলা কৃৎপ্রত্যয় সাধিত এবং মনু + ষ (ষ্ণ) = মানব – সংস্কৃত তদ্ধিত প্রত্যয় সাধিত শব্দ।

১২. 'অলি' কোন প্রত্যয়? [B ১৬-১৭]
ক) কৃৎ খ) তদ্ধিত গ) বিদেশি ঘ) হিন্দি **উ: ক**

১৩. 'ভবলাটি' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [A ১৭-১৮]
ক) তবলা + চি খ) তবল + চি গ) তব + লচি ঘ) তবলাচ + ই **উ: ক**

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

০১. বাংলা ভাষায় 'ত্ব' যে ধরনের ব্যাকরণিক উপাদান– [C ১৮-১৯; ঢাবি খ ১৭-১৮]
ক) উপসর্গ খ) ফলা গ) প্রত্যয় ঘ) বিশেষণ **উ: গ**

০২. কোনটি 'তা' প্রত্যয়ের অশুদ্ধ প্রয়োগ? [A1 ১৭-১৮]
ক) আলসাতা খ) স্বত্বতা গ) সুন্দরতা ঘ) ক ও খ **উ: ঘ**

০৩. 'দোষী' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [C ১৭-১৮]
ক) √দুষ্ + ইন খ) √দুষ + ঈন গ) √দুষ + ইণ ঘ) √দুস + ইন **উ: ক**

ইসলামী বিশ্ববিদ্যালয়

০১. 'সৃষ্টি' শব্দটির প্রকৃতি ও প্রত্যয়– [B ১৯-২০; ঢাবি E ১৬-১৭]
ক) √সৃশ্ + তি খ) √সৃজ্ + টি গ) √সৃজ্ + তি ঘ) √সৃশ + টি **উ: গ**

০২. 'বিদিত' শব্দটির প্রকৃতি ও প্রত্যয়? [B ১৯-২০]
ক) √বিদ্ + ত খ) √বিদি + অ গ) √বিদ্ + তা ঘ) √বিদা + ত **উ: ক**

০৩. 'বুদ্ধি' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [B ১৮-১৯; ঢাবি ক-১৩-১৪]
ক) √বুধ্ + তি খ) √বুদ্ + ধি গ) √বুধ + দি ঘ) √বুধ + ই **উ: ক**

০৪. 'সৎ' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [B ১৮-১৯]
ক) অস্ + শতৃ খ) দ্রু + ত গ) আস্ + শতৃ ঘ) স + শতৃ **উ: ক**

০৫. 'গ্রাম্যতা' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [গ ০৯-১০]
ক) গৃহ + তা খ) গৃ + তা গ) গ্রাম্য + তা ঘ) গ্রাম + তা **উ: গ**

০৬. 'মাতা' শব্দের শুদ্ধ প্রকৃতি-প্রত্যয় কোনটি? [গ ১০-১১; কুবি ক ১৬-১৭]
ক) মা + তৃচ/অ খ) মা + তা গ) মাতা + তা ঘ) মাতৃ + তৃচ **উ: ক**

০৭. কোনটি তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ? [ক ১০-১১]
ক) সূর্য + ষ্ণ/অ খ) গৈ + ক্তি গ) সিচ্ + ক্ত ঘ) কৃ + তা **উ: ক**

০৮. 'সাহচর্য' শব্দের শুদ্ধ গঠন– [B -১৩-১৪; বেরোবি গ ১৩-১৪]
ক) সহ + চর + র্য খ) সহচর + ষ্ণ্য গ) সহচর + য ঘ) কোনোটিই নয় **উ: খ**

০৯. 'বর্ধিষ্ণু' এর শুদ্ধ প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [C -১৩-১৪]
ক) √বৃধি + ষ্ণু খ) √বধ + উষ্ণু গ) √বৃধ্ + ইষ্ণু ঘ) √বর্ধি + ষ্ণু **উ: গ**

১০. 'বুদ্ধিমান' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [B-১৫-১৬; পাবিপ্রবি গ ১৬-১৭]
ক) বুদ্ধি + মান খ) বুদ্ধি + বতুপ গ) বুধাই + মান ঘ) বুদ্ধি + মতুপ **উ: ঘ**

১১. 'শৈশব' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [B ১৭-১৮; খুবি খ ০৬-০৭]
ক) শিশু + ষ্ণ খ) শিশু + অব গ) শিশু + ষ্ণ্য ঘ) শৈ + শব **উ: ক**

১২. 'ছোঁয়াচ' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [B ১৭-১৮]
ক) ছোঁয়া + চ খ) ছোঁয়া + আচ গ) ছোঁয়া + যাচ ঘ) ছোঁয়াচ + অ

Note: প্রদত্ত অপশনে ঠিক উত্তর নেই। শব্দটি যদি 'ছোঁয়াচে' হয় তাহলে এর প্রকৃতি ও প্রত্যয় হবে 'ছোঁয়া + চে = ছোঁয়াচে'।

১৩. 'ভৃত্য' শব্দের শুদ্ধ প্রকৃতি ও প্রত্যয়– [খ ০৯-১০]
ক) ভৃ + য খ) ভৃত + খ গ) ভৃত + ত ঘ) ভ্রি + ত **উ: ক**

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

০১. তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ কোনটি? [C ১৯-২০]
ক) নি + √দ্রা + আলু খ) ডুব্ + আরি গ) নাচ + অন ঘ) চাম + ড়া **উ: ঘ**

০২. 'সাহিত্যিক' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [C ১৬-১৭]
ক) সাহিত্য + ষ্ণিক খ) সাহিত্য + ইক গ) সাহিত + এক ঘ) সাহিত্য + এক

Note: সাহিত্য + ষ্ণিক = সাহিত্যিক,/সাহিত্য + ইক = সাহিত্যিক – সংস্কৃত তদ্ধিত প্রত্যয় গঠিত উভয় রীতিই শুদ্ধ।

০৩. 'টেকসই' শব্দে 'সই' কোন ধরনের প্রত্যয়? [B ১৮-১৯; ঢাবি খ ০৪-০৫]
ক) বিদেশি তদ্ধিত খ) সংস্কৃত কৃৎ গ) বাংলা কৃৎ ঘ) সংস্কৃত তদ্ধিত **উ: ক**

০৪. নিচের কোনটি তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ? [B-১৫-১৬]
ক) হাত + অল খ) চল + অন্ত গ) সম + রাজ + ক্বিপ ঘ) নী + অক **উ: ক**

CamScanner

বরিশাল বিশ্ববিদ্যালয়

০১. 'পান্তা' শব্দটির প্রকৃতি ও প্রত্যয়- [B 12-13]
ক) পানি + তা খ) পানি + ইতা গ) পান + তা ঘ) পান্ত + আ — উ: ক

০২. কৃৎ প্রত্যয় কত প্রকার? [গ ১৪-১৫]
ক) দুই খ) তিন গ) চার ঘ) পাঁচ — উ: ক

০৩. 'জাগরিত' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [খ ১৪-১৫]
ক) √জাগৃ + ত খ) √জাগৃ + রিত গ) জাগৃ + ত ঘ) জাগৃ + ইত — উ: ক

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১. 'দ্রষ্টব্য' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর- [D১৭-১৮]
ক) √দ্রষ্ট + তব্য খ) √দৃষ + তব্য গ) √দৃশ + তব্য ঘ) √দৃশ + য — উ: গ

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১. ধাতু বা প্রকৃতির অন্ত্যধ্বনির আগের ধ্বনির নাম কী? [C১৭-১৮]
ক) অনুধা খ) ব্যবধা গ) উপধা ঘ) মতধা — উ: গ

হাজী মোহাম্মদ দানেশ বি. ও প্র. বিশ্ববিদ্যালয়

০১. 'জেলে' এর প্রকৃতি ও প্রত্যয় কী? [E -১৩-১৪; শাবিপ্রবি খ ০৭-০৮]
ক) জাল + ইয়া খ) জেল + এ গ) জাল + আ ঘ) জালা + এ — উ: ক

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয়

০১. মোট থেকে মুটে কী অর্থে প্রত্যয়? [D : ১৯-২০]
ক) জীবিকা খ) উপজীবিকা গ) বৃত্তি ঘ) ব্যবসা — উ: খ

০২. তদ্ধিত প্রত্যয়যোগে গঠিত শব্দ নয় কোনটি? [C ১৮-১৯]
ক) ঘরামি খ) ব্যাঙাচি গ) হাতল ঘ) মোড়ক — উ: ঘ

০৩. নিচের কোনটি কৃৎ প্রত্যয়ের উদাহরণ? [E, সেট ৩ : ১৪-১৫]
ক) হাতল খ) ফুলেল গ) মুখর ঘ) জমা
Note : হাত + অল = হাতল (তদ্ধিত), ফুল + ল > ফুলল > ফুলেল (তদ্ধিত), মুখ + র = মুখর (তদ্ধিত প্রত্যয়); 'জম + আ = জমা' (তদ্ধিত প্রত্যয়)।

০৪. কৃৎপ্রত্যয় যোগে গঠিত শব্দ কোনটি? [E ১৬-১৭]
ক) কেষ্টা খ) হাজির গ) চলমান ঘ) মিঠাই — উ: গ

০৫. 'তা' ও 'ত্ব' প্রত্যয় যুক্ত হয় --- গঠনে? [E ১৬-১৭]
ক) বিশেষ্য খ) বিশেষণ গ) ক্রিয়া ঘ) অব্যয় — উ: ক

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস

০১. কোনটি প্রাতিপদিকের উদাহরণ? [FSSS : ২৩-২৪]
ক) ব্যাকরণ খ) হাতল গ) বই ঘ) ফুলেল ঙ) মুখর — উ: গ

০২. 'মানানসই' শব্দের 'সই' কোন ধরনের প্রত্যয়? [FASS : ২১-২২; ঢাবি ঘ ১৯-২০]
ক) বিদেশি প্রত্যয় খ) বাংলা কৃৎপ্রত্যয় গ) বাংলা তদ্ধিত প্রত্যয় ঘ) সংস্কৃত তদ্ধিত প্রত্যয় — উ: ক

০৩. প্রত্যয় ও বিভক্তিহীন নামপদকে কী বলে? [FASS : ২১-২২, ঢাবি ঘ ১৮-১৯; রাবি D১৭-১৮]
ক) প্রাতিপদিক খ) ধাতু গ) কৃদন্ত ঘ) প্রতিনাম — উ: ক

বিএসসি ইন নার্সিং

০১. কোনটি বাংলা কৃৎ প্রত্যয়ের উদাহরণ? [বিএসসি : ২৩-২৪]
ক) ফল্ + অন = ফলন খ) ইচ্ছা + উক = ইচ্ছুক গ) ঢাকা + আই = ঢাকাই ঘ) পানি + তা = পান্তা — উ: ক

০২. নিচের কোন শব্দটি 'উয়া' প্রত্যয় যোগে গঠিত? [BSC Nursing' 21-22]
ক) ঘরোয়া খ) বেহায়া গ) লাগোয়া ঘ) পড়ুয়া — উ: ঘ

০৩. ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত করার উদ্দেশ্য কী? [BSC Nursing' 15-16]
ক) নতুন শব্দ গঠন খ) বাক্যে অলঙ্কার গ) শব্দের মিলন ঘ) ভাষা সংক্ষেপণ — উ: ক

০৪. 'ঘর + আনা = ঘরনা' এর প্রত্যয় নির্ণয় কর- [Diploma Midwifery' 18-19]
ক) দেশি কৃৎপ্রত্যয় খ) তদ্ধিত প্রত্যয় গ) বিদেশি তদ্ধিত প্রত্যয় ঘ) কৃৎপ্রত্যয় — উ: গ

০৫. নিচের কোন শব্দটি 'উয়া' প্রত্যয় যোগে গঠিত? [২১-২২]
ক) ঘরোয়া খ) বেহায়া গ) লাগোয়া ঘ) পড়ুয়া — উ: ঘ

বাংলাদেশ মেরিন একাডেমি

০১. 'মহিমা' শব্দের উপযুক্ত প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [মেরিন : ২৩-২৪;কুবি-B-17-18;ঢাবি-ঘ-০৯-১০]
ক) মহি + মা খ) মহা + ইমা গ) মহা + ইমন ঘ) মহৎ + ইমন — উ: ঘ

০২. প্রত্যয় ও সমাস ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়? [মেরিন : ২৩-২৪;রাবি-B-21-22]
ক) ধ্বনিতত্ত্বে খ) রূপতত্ত্বে গ) বাক্যতত্ত্বে ঘ) অর্থতত্ত্বে — উ: খ

০৩. 'পাঠক' শব্দটি কোন শ্রেণির ধাতু থেকে গঠিত? [মেরিন : ২৩-২৪]
ক) বাংলা খ) সংস্কৃত গ) দেশি ঘ) বিদেশি — উ: খ

০৪. 'ক্ষয়িষ্ণু' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [মেরিন : ২৩-২৪;ইবি-C-13-14;ববি-গ-১৫-১৬]
ক) ক্ষা + ইষ্ণু খ) ক্ষয় + ইষ্ণু গ) ক্ষি + ইষ্ণু ঘ) খি + ইষ্ণু — উ: খ

০৫. 'নোনতা' শব্দে 'তা' প্রত্যয়টি ব্যবহৃত হয়েছে- [মেরিন : ২৩-২৪;ঢাবি-ঘ-১১-১২]
ক) সদৃশ্য অর্থে খ) ঈষৎ অর্থে গ) যুক্ত অর্থে ঘ) নিন্দিত অর্থে — উ: খ

০৬. দাপট শব্দের প্রকৃতি ও প্রত্যয় হবে- [A : ২১-২২; কুবি C ১৮-১৯]
ক) দাপ + আট খ) দাপা + অট গ) দাপ + অট ঘ) দাপা + আট — উ: গ

গার্হস্থ্য অর্থনীতি কলেজ

০১. 'সৌন্দর্য' শব্দটি গঠিত হয়েছে-[১৯-২০]
ক) সন্ধিযোগে খ) সমাসযোগে গ) প্রত্যয়যোগে ঘ) উপসর্গযোগে — উ: গ

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ

০১. 'বিভক্তিহীন নাম শব্দকে' কী বলে? [Science : ২১-২২]
ক) মৌলিক শব্দ খ) নাম শব্দ গ) প্রাতিপদিক ঘ) কৃদন্ত শব্দ — উ: গ

০২. 'প্রত্যয়' সাধিত শব্দ কোনটি? [১৭-১৮]
ক) পঙ্কজ খ) রাজপুত গ) গোলাপ ঘ) গোলাপি — উ: ঘ

নবম-দশম শ্রেণির ব্যাকরণ বইয়ের অনুশীলনীর MCQ প্রশ্নোত্তর

০১. ধাতুর পরে যেসব প্রত্যয় যুক্ত হয় তাদের কী বলে?
ক) কৃৎ প্রত্যয় খ) তদ্ধিত প্রত্যয় গ) কৃদন্ত শব্দ ঘ) তদ্ধিতান্ত পদ — উ: ক

০২. তদ্ধিত প্রত্যয় দিয়ে সাধিত শব্দকে কী বলে?
ক) প্রত্যয় খ) প্রকৃতি গ) মৌলিক শব্দ ঘ) তদ্ধিতান্ত শব্দ — উ: ঘ

০৩. নিচের কোনটি তদ্ধিতান্ত শব্দের উদাহরণ?
ক) খেলনা খ) নাগর গ) গমন ঘ) পড়া — উ: খ

০৪. নিচের কোনটির নিজস্ব অর্থ আছে?
ক) প্রত্যয় খ) উপসর্গ গ) শব্দ ঘ) বচন — উ: গ

০৫. নিচের কোনটি কৃদন্ত শব্দের উদাহরণ?
ক) ভাজি খ) বিবাহিত গ) দৈনিক ঘ) পাগলামি — উ: ক

০৬. নিচের কোন শব্দটি 'উয়া' প্রত্যয় যোগে গঠিত?
ক) লাগোয়া খ) ঘরোয়া গ) পড়ুয়া ঘ) বাড়িওয়ালা — উ: গ

০৭. অবজ্ঞা অর্থে কোন শব্দটি ব্যবহার হয়েছে?
ক) কানাই খ) গেঁয়ো গ) চোরা ঘ) বেতো — উ: গ

CamScanner

BCS পরীক্ষার বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

০১. কোনটি প্রত্যয় সাধিত শব্দ? [৪৬তম বিসিএস]
ⓚ ভাইবোন ⓚ রাজপথ ⓖ বনবাস ⓖ ঐহিক **উ: ঘ**

০২. 'কৃষ্টি' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয়– [৪২তম বিসিএস]
ⓚ কৃষ্ + তি ⓚ কৃষ্ + টি ⓖ কৃ + ইষ্টি ⓖ কৃষ + ইষ্টি **উ: ক**

০৩. বাংলা কৃৎ প্রত্যয় সাধিত শব্দ কোনটি? [৪০তম বিসিএস]
ⓚ কারক ⓚ লিখিত ⓖ বেদনা ⓖ খেলনা **উ: ঘ**

০৪. 'সর্বাঙ্গীণ' শব্দের প্রকৃতি-প্রত্যয়– [৪০তম বিসিএস]
ⓚ সর্বাঙ্গ + ঈন ⓚ সর্ব + অঙ্গীন ⓖ সর্ব + ঙ্গীন ⓖ সর্বাঙ্গ + ঈন **উ: ঘ**

০৫. 'শ্রদ্ধা' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি? [৩৮তম বিসিএস]
ⓚ শ্রৎ + √ধা + অ + আ ⓚ শ্রৎ + √ধা + আ
ⓖ শ্র + √ধা + আ ⓖ শ্রদ্ + √ধা + আ **উ: ক**

০৬. বাংলা কৃৎ প্রত্যয় সাধিত শব্দ কোনটি? [৩৮তম বিসিএস]
ⓚ চামার ⓚ ধারালো ⓖ মোড়ক ⓖ পোষ্টাই **উ: গ**

০৭. 'মেছো' শব্দের প্রকৃতি-প্রত্যয় কী? [২৭তম বিসিএস]
ⓚ মাছ + ও ⓚ মেছ + ও
ⓖ মাছি + উয়া > ও ⓖ মাছ + উয়া > ও **উ: ঘ**

০৮. 'দোলনা' শব্দের ঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি? [১৮তম বিসিএস]
ⓚ √দুল্ + অনা ⓚ দোল্ + না
ⓖ দোল্ + অনা ⓖ দোলনা + আ **উ: ক**

Note: 'দোলনা' শব্দের ঠিক প্রকৃতি-প্রত্যয় : √দুল্ + অনা = দুলনা > দোলনা

০৯. কোন শব্দে ধাতুর সঙ্গে প্রত্যয় যুক্ত হয়েছে? [১১তম বিসিএস]
ⓚ ঠগী ⓚ পানসে
ⓖ পাঠক ⓖ সেলামী **উ: গ**

SELF TEST MCQ

০১. নাম শব্দের পরে যে প্রত্যয় যুক্ত হয় তাকে বলে–
ⓚ শব্দ প্রত্যয় ⓚ কৃৎ প্রত্যয়
ⓖ অন্ত প্রত্যয় ⓖ তদ্ধিত প্রত্যয়

০২. 'চলন্ত' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ⓚ চলন + ত ⓚ চল + ন্ত
ⓖ √চল্ + অন্ত ⓖ চলন + অ

০৩. নতুন শব্দ গঠনের প্রক্রিয়া কোনটি?
ⓚ কারক ⓚ বাচ্য ⓖ প্রত্যয় ⓖ বচন

০৪. যে ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত হয় তাকে কী বলে?
ⓚ কারক ⓚ বিভক্তি
ⓖ প্রকৃতি ⓖ যতি

০৫. 'চোর' শব্দে 'আ' প্রত্যয় যুক্ত করলে কী অর্থ প্রকাশ করে?
ⓚ সামান্য ⓚ সাদৃশ্য ⓖ অবজ্ঞা ⓖ মিঠাই

০৬. কৃদন্ত বিশেষণ গঠনে কৃৎপ্রত্যয় কোনটি?
ⓚ ভোজ্য ⓚ চলিষ্ণু ⓖ আত্মঘাতী ⓖ শ্রমী

০৭. কোনটি নিপাতনে সিদ্ধ প্রত্যয়যুক্ত শব্দ?
ⓚ দিন ⓚ সৌর ⓖ দৈব ⓖ চৈত্র

০৮. কোনটি তদ্ধিত প্রত্যয় সাধিত শব্দ নয়?
ⓚ ভাবুক ⓚ পঙ্কিল ⓖ গরিব ⓖ বৈজ্ঞানিক

০৯. ভাববাচক বিশেষ্য পদ গঠনে ধাতুর পরে কোন প্রত্যয় যুক্ত হয়?
ⓚ আন ⓚ আল ⓖ ইন ⓖ আই

১০. নিচের কোনটি বাংলা কৃৎপ্রত্যয়?
ⓚ দর্শন ⓚ প্রকৃতি
ⓖ জিত ⓖ জাত

১১. 'শান্তি' এর প্রকৃতি ও প্রত্যয়–
ⓚ √শম + ক্তি/তি ⓚ শমী + ক্তি
ⓖ শম্ + তি ⓖ শান্ত + ঈ

১২. কোন প্রত্যয়যুক্ত পদে মূর্ধন্য 'ষ' হয় না?
ⓚ ষ্ণিক ⓚ ষ্ণেয় ⓖ সাৎ ⓖ সা

১৩. প্রকৃতি ও প্রত্যয় বাংলা ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?
ⓚ রূপতত্ত্ব ⓚ বাক্যতত্ত্ব ⓖ ধ্বনিতত্ত্ব ⓖ অর্থতত্ত্ব

১৪. বিদেশি তদ্ধিত প্রত্যয়যোগে গঠিত শব্দ কোনটি?
ⓚ মেধাবী ⓚ নীলিমা ⓖ গিন্নিপনা ⓖ মেঘলা

১৫. নিচের কোন প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় ঠিক?
ⓚ উত + ভিদ ⓚ উৎ + ভিদ+√ক্বিপ
ⓖ উদ + ভিদ ⓖ উদ্ + ভিদ

১৬. উপসর্গের সঙ্গে প্রত্যয়ের পার্থক্য–
ⓚ নতুন শব্দ গঠনে ⓚ উপসর্গ থাকে সামনে, প্রত্যয় থাকে পিছনে
ⓖ অব্যয় ও শব্দাংশ ⓖ ভিন্ন অর্থ প্রকাশে

১৭. 'ডাকাত' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ⓚ √ডাকা + আইত ⓚ √ডাক + আইত
ⓖ √ডক + ইত ⓖ √ডাকা + ইত

১৮. নিচের কোন প্রত্যয়টি 'ভাব' অর্থে ব্যবহৃত হয়েছে?
ⓚ লম্বা + আই = লম্বাই ⓚ বঙ্গ + আল = বঙ্গাল > বাঙাল
ⓖ মাদ্রাজ + ই = মাদ্রাজি ⓖ ঘর + আনা = ঘরানা

১৯. 'ফলক' শব্দটির সঠিক শব্দ গঠন কোনটি?
ⓚ ফল + ক ⓚ ফল + অক ⓖ ফলা + অক ⓖ ফলা + ক

২০. 'গেঁয়ো' শব্দটিতে কী অর্থে প্রত্যয় যুক্ত হয়েছে?
ⓚ যুক্ত ⓚ উপকরণ ⓖ সংশ্লিষ্ট ⓖ অবজ্ঞা

OMR

০১.ⓚⓚⓖⓖ	০২.ⓚⓚⓖⓖ	০৩.ⓚⓚⓖⓖ	০৪.ⓚⓚⓖⓖ	০৫.ⓚⓚⓖⓖ
০৬.ⓚⓚⓖⓖ	০৭.ⓚⓚⓖⓖ	০৮.ⓚⓚⓖⓖ	০৯.ⓚⓚⓖⓖ	১০.ⓚⓚⓖⓖ
১১.ⓚⓚⓖⓖ	১২.ⓚⓚⓖⓖ	১৩.ⓚⓚⓖⓖ	১৪.ⓚⓚⓖⓖ	১৫.ⓚⓚⓖⓖ
১৬.ⓚⓚⓖⓖ	১৭.ⓚⓚⓖⓖ	১৮.ⓚⓚⓖⓖ	১৯.ⓚⓚⓖⓖ	২০.ⓚⓚⓖⓖ

Answer

২০.গ	১৯.ঘ	১৮.ঘ	১৭.খ	১৬.খ	১৫.খ	১৪.গ	১৩.ক	১২.গ	১১.ক
১০.গ	০৯.ঘ	০৮.গ	০৭.খ	০৬.খ	০৫.গ	০৪.গ	০৩.গ	০২.গ	০১.ঘ

SELF TEST লিখিত

প্রশ্ন :

০১. প্রকৃতি কাকে বলে? প্রকৃতি কত প্রকার ও কী কী উদাহরণসহ লেখ?
০২. বানানে পরিবর্তন আসে এমন দুটি প্রত্যয় উদাহরণসহ লেখ?
০৩. বিদেশি প্রত্যয়যোগে গঠিত চারটি শব্দের উদাহরণ দাও?
০৪. কৃদন্ত ও তদ্ধিতান্ত শব্দের মধ্যে পার্থক্য নিরূপণ কর।
০৫. উদাহরণসহ প্রত্যয় ও বিভক্তির মধ্যে পার্থক্য লেখ।
০৬. সংস্কৃত কৃৎ প্রত্যয়যোগে পাঁচটি শব্দ গঠন কর।
০৭. নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর : আগ্নেয়, কাব্য, চলন্ত, জ্যান্ত।
০৮. প্রকৃতি কাকে বলে? প্রকৃতির শ্রেণিবিভাগ আলোচনা কর।

উত্তর :

০১. Written বাংলা দ্রষ্টব্য।
০২. Written বাংলা দ্রষ্টব্য।
০৩. জয়কলি Written বাংলা দ্রষ্টব্য।
০৪. জয়কলি Written বাংলা দ্রষ্টব্য।
০৫. জয়কলি Written বাংলা দ্রষ্টব্য।
০৬. সংস্কৃত কৃৎ প্রত্যয়যোগে গঠিত পাঁচটি শব্দ : √শ্রু + অন = শ্রবণ, √হন্ + অক = ঘাতক, √সিচ্ + ত (ক্ত) = সিক্ত, √বচ্ + তি (ক্তি) =উক্তি, √জি + অ = জয়।
০৭. আলোচনা অংশ দ্রষ্টব্য।
০৮. আলোচনা অংশ দ্রষ্টব্য।

CamScanner

অধ্যায় ১৪
শব্দদ্বিত্ব বা দ্বিরুক্ত শব্দ
Word doubles or Duplicate words

শব্দদ্বিত্ব সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য

শব্দদ্বিত্ব বা দ্বিরুক্ত শব্দ : 'দ্বিরুক্ত' অর্থ : দুবার উক্ত হয়েছে এমন। অভিন্ন বা সামান্য পরিবর্তিত চেহারায় কোনো শব্দ পরপর দুইবার ব্যবহৃত হলে তাকে শব্দদ্বিত্ব বলে। যেমন : 'আমার জ্বর জ্বর লাগছে।' অর্থাৎ ঠিক জ্বর নয়, জ্বরের ভাব অর্থে প্রয়োগ।

প্রকার : শব্দদ্বিত্ব তিন ধরনের। অনুকার দ্বিত্ব, ধ্বন্যাত্মক দ্বিত্ব ও পুনরাবৃত্ত দ্বিত্ব।

০১. অনুকার দ্বিত্ব

পরপর প্রয়োগ হওয়া কাছাকাছি চেহারার শব্দকে অনুকার দ্বিত্ব বলে। এতে প্রথম শব্দটি অর্থপূর্ণ হলেও প্রায় ক্ষেত্রে দ্বিতীয় শব্দটি অর্থহীন হয় এবং প্রথম শব্দের অনুকরণে তৈরি হয়। এই অনুকরণ প্রক্রিয়ায় দ্বিতীয় শব্দের শুরুতে ট, ফ, ব, ম, শ প্রভৃতি ধ্বনি যুক্ত থাকতে দেখা যায়। তাতে শব্দকে খানিকটা অনির্দিষ্ট, সাধারণ বা গুরুত্বহীন করা হয়। প্রকাশ পায় 'এই রকম একটা' ভাব। যেমন : অঙ্ক-টঙ্ক, আম-টাম, কেক-টেক, ঘর-টর, গরু-টরু, ছাগল-টাগল, ঝাল-টাল, হেন-তেন, লুচিফুচি, টাট্টু-ফাট্টু, আগড়ম-বাগড়ম, চাকর-বাকর, এলোমেলো, ঝিকিমিকি, কচর-মচর, ঝিলমিল, শেষ-মেষ, অল্পস্বল্প, বুদ্ধিশুদ্ধি, গুটিশুটি, মোটাসোটা, নরম-সরম, ব্যাপার-স্যাপার, বুঝে-সুঝে।

অনুকার দ্বিত্বে অনেক সময়ে স্বরের পরিবর্তন ঘটে। যেমন : আড়াআড়ি, খোঁজাখুঁজি, ঘোরাঘুরি, চুপচাপ, ঠেকাঠেকি, তাড়াতাড়ি, দলাদলি, দামাদামি, পাকাপাকি, বাড়াবাড়ি, মোটামুটি, টুকরো-টাকরা, ধারধোর, জোগাড়-জাগাড়।

০২. ধ্বন্যাত্মক দ্বিত্ব

কোনো প্রাকৃতিক ধ্বনির অনুকরণে যেসব শব্দ তৈরি হয়, সেগুলোকে ধ্বন্যাত্মক শব্দ বলে। যেমন- ঠন একটি ধ্বন্যাত্মক শব্দ। কোনো ধাতব পদার্থের সঙ্গে অন্য কোনো ধাতব পদার্থের সংঘর্ষে এই ধরনের ধ্বনি তৈরি হয়। ঠন শব্দটি পরপর দুই বার বা কখনো ততোধিক বার ব্যবহৃত হলে ধ্বন্যাত্মক দ্বিত্ব সৃষ্টি হয়। যেমন- সাঁ করে ঢিল ছুটে যায়, সাঁ সাঁ করে তিরগুলো ছুটে যাচ্ছে, সাঁ সাঁ সাঁ করে অসংখ্য তির চারদিকে ছুটে গেল। অনেক সময়ে কল্পিত ধ্বনির ভিত্তিতেও ধ্বন্যাত্মক দ্বিত্ব তৈরি হয়। যেমন : ফোড়া টনটন করে, গা ছমছম করে। কয়েকটি ধ্বন্যাত্মক দ্বিত্বের উদাহরণ : কুট কুট, কোঁত কোঁত, কুটুস-কুটুস, খক খক, খুটুর-খুটুর, টুং টুং, ঠক ঠক, ধুপ ধুপ, দুম দুম, ঢং ঢং, চকচক, জ্বলজ্বল, ঝমঝম, টসটস, পকপকে, ফুসুর ফুসুর, ভটভট, শোঁ শোঁ, হিস হিস।

কিছু ক্ষেত্রে ধ্বন্যাত্মক দ্বিত্বের মাঝখানে স্বরধ্বনির আগমন ঘটে। যেমন : খপাখপ, গবাগব, ঝটাঝট, ফটাফট, দমাদম, পটাপট।

০৩. পুনরাবৃত্ত দ্বিত্ব

পুনরায় আবৃত্ত হলে তাকে পুনরাবৃত্ত দ্বিত্ব বলে। পুনরাবৃত্ত দ্বিত্ব বিভক্তিহীন বা বিভক্তিযুক্ত হতে পারে। যেমন : জ্বর জ্বর, পর পর, কবি কবি, হাতে হাতে, কথায় কথায়, জোরে জোরে ইত্যাদি।

বিভক্তিহীন পুনরাবৃত্ত : ভালো ভালো (কথা), কত কত (লোক), হঠাৎ হঠাৎ (ব্যথা), ঘুম ঘুম (চোখ), উড়ু উড়ু (মন), গরম গরম (জিলাপি), হায় হায় (করা)।

বিভক্তিযুক্ত পুনরাবৃত্ত : কথায় কথায় (বাড়া), মজার মজার (কথা), ঝাঁকে ঝাঁকে (চলা), চোখে চোখে (রাখা), মনে মনে (হাসা), সুরে সুরে (বলা), পথে পথে (হাঁটা)।

শব্দের দ্বিরুক্তি বা শব্দদ্বৈত

০১. একই শব্দের পুনরাবৃত্তির দ্বারা অবিকল, প্রকৃত বা অবিকৃত দ্বিরুক্তি : একই শব্দ দুইবার ব্যবহার করা হয় এবং দুটি শব্দই অবিকৃত থাকে। যেমন :

ক. বিশেষ্যের অবিকল দ্বিরুক্তি : ফোঁটা ফোঁটা, ভার ভার, সারি সারি, দিস্তা দিস্তা, বছর বছর, দিন দিন, ভয় ভয়, গাড়ি গাড়ি, চোর চোর, বিন্দু বিন্দু।

খ. বিশেষণের অবিকল দ্বিরুক্তি : ঘন ঘন, ভালো ভালো, কালো কালো, লাল লাল, বড় বড়, ছোট ছোট, বাছা বাছা, ভূরি ভূরি, শত শত, কাঁচা কাঁচা।

গ. সর্বনামের অবিকল দ্বিরুক্তি : যা যা, যে যে, কে কে, কী কী, কারা কারা, যারা যারা।

ঘ. অব্যয়ের অবিকল দ্বিরুক্তি : আর-আর, না-না, ছি-ছি, হ্যাঁ-হ্যাঁ, হায়-হায়।

০২. সমার্থক বা সহচর শব্দযোগে : মূল শব্দের প্রতিশব্দকে সহচর শব্দ বলে। সহচর শব্দ স্বতন্ত্রভাবে মূল শব্দের একই অর্থ প্রকাশ করে। যেমন : জীবজন্তু, কাজ-কর্ম, জাঁক-জমক, ধন-দৌলত, খেলা-ধুলা, লালন-পালন, খোঁজ-খবর, গা-গতর, ছাই-ভস্ম, চড়-চাপড়, ধর-পাকড়, পাঁজি-পুঁথি, রীতি-নীতি, ঢাক-ঢোল, শোর-গোল, ভয়-ডর, ভুল-চুক, মাথা-মুণ্ডু।

০৩. ভিন্নার্থক বা অনুচর শব্দযোগে : মূল শব্দের পরে যুক্ত ভিন্নার্থক শব্দকে অনুচর শব্দ বলে। যেমন : পথঘাট, দোকানপাট, হাতিঘোড়া, লোক-লস্কর, পাইকপেয়াদা, হাঁড়িকুড়ি, ঘটিবাটি, খালবিল, আলাপ-সালাপ, তালাচাবি, অল্পস্বল্প, চুরি-চামারি, শিলনোড়া, দালানকোঠা, চালচুলা, অস্ত্রশস্ত্র, কলামূলা।

০৪. বিপরীতার্থক বা প্রতিচর শব্দযোগে : মূল শব্দের বিপরীতার্থক শব্দকে প্রতিচর শব্দ বলে। প্রতিচর শব্দ পৃথক অবস্থায় মূল শব্দের বিপরীত অর্থ প্রকাশ করে। কিন্তু মূল শব্দের সঙ্গে যুক্ত হয়ে দ্বিরুক্ত শব্দ গঠন করলে, ওই দ্বিরুক্ত শব্দ একটি বিশেষ অর্থ প্রকাশ করে। যেমন : বিকিকিনি, রদবদল, দিনরাত, লেন-দেন, আয়-ব্যয়, দেনা-পাওনা, টাকা-পয়সা, ধনী-গরিব, বামুনচাঁড়াল, রাজাউজির, নরনারী, হিন্দু-মুসলমান, হারজিত, আদিঅন্ত, শীতগ্রীষ্ম, ভালোমন্দ।

০৫. দ্বিরুক্ত শব্দের একটির আংশিক ধ্বনির পরিবর্তন দ্বারা অর্থাৎ বিকারজাত শব্দযোগে :

ক. মূল স্বরের আদিস্বরের পরিবর্তনের মাধ্যমে : যেমন : চুপচাপ, সোজাসুজি, চিকনচাকন, নাদুসনুদুস, ফুটাফাটা, মিট-মাট, ফিট-ফাট, গল্প-স্বল্প, তোড়-জোড়।

খ. মূল শব্দের অন্ত্যস্বরের পরিবর্তনের মাধ্যমে : যেমন : হাতাহাতি, গলাগলি, বলাবলি, হাঁটাহাঁটি, সরাসরি, চটাচটি, আধাআধি, পিঠাপিঠি, মারামারি।

গ. মূল শব্দের ব্যঞ্জনধ্বনির পরিবর্তনের মাধ্যমে : যেমন : লুচিমুচি, তেলেমেল, বইটই, হাবুডুবু, ভাতটাত, খাতাফাতা, ফলটল, মুড়িসুড়ি, কাজফাজ।

ঘ. মূল শব্দের স্বরধ্বনির স্থলে ব্যঞ্জনধ্বনিযোগে : যেমন: আশপাশ, উসখুস, আঁকুপাঁকু, অদলবদল, অলিগলি, আলুথালু, এলোমেলো, আঁটসাঁট, আনাচকানাচ।

যুগ্মরীতিতে দ্বিরুক্ত শব্দের গঠন

যুগ্মশব্দ : বাংলা ভাষায় প্রচলিত অসংখ্য জোড়া শব্দকে যুগ্মশব্দ বা শব্দদ্বৈত বলা হয়। যেমন : চেনা চেনা, মনে মনে, শুনে শুনে।

একই শব্দ ঈষৎ পরিবর্তন করে দ্বিরুক্ত শব্দ গঠনের রীতিকে বলে যুগ্মরীতি। যুগ্মরীতিতে দ্বিরুক্ত শব্দ গঠনের কয়েকটি নিয়ম। যেমন :

ক. শব্দের আদি স্বরের পরিবর্তন করে : চুপচাপ, মিটমাট, জারিজুরি।

খ. শব্দের অন্ত্যস্বরের পরিবর্তন করে : হাতাহাতি, সরাসরি, জেদাজেদি।

গ. সমার্থক সহচর শব্দ যোগে : চালচলন, রীতিনীতি, বনজঙ্গল, ভয়ডর।

ঘ. ভিন্নার্থক শব্দ যোগে : ডালভাত, তালাচাবি, পথঘাট, অলিগলি।

ঙ. বিপরীতার্থক শব্দ যোগে : আসা-যাওয়া, জন্ম-মৃত্যু, আদান-প্রদান।

চ. দ্বিতীয় বার ব্যবহারে ব্যঞ্জনধ্বনির পরিবর্তনে : ছটফট, নিশপিশ।

বাগ্‌ধারায় দ্বিরুক্ত শব্দের প্রয়োগ

বিশিষ্টার্থক বাগ্‌ধারায় দ্বিরুক্ত শব্দের প্রয়োগ :

i. ছেলেটিকে চোখে চোখে রেখো। (সতর্কতা)

ii. ফুলগুলো তুই আনবে বাছা বাছা। (ভাবের প্রগাঢ়তা)

iii. থেকে থেকে শিশুটি কাঁদছে। (কালের বিস্তার)

iv. লোকটা হাড়ে হাড়ে শয়তান। (আধিক্য)

v. খাঁচার ফাঁকে ফাঁকে, পরশে মুখে মুখে, নীরবে চোখে চোখে চায়।

CamScanner

পদের দ্বিরুক্তি

০১. **পদের দ্বিরুক্তি :** বাংলা ভাষায় কখনও কখনও বাক্যমধ্যে বিভক্তিযুক্ত একটি পদের পুনরাবৃত্তি হয়। একে পদদ্বৈত বলে। যেমন : রাজায় রাজায় যুদ্ধ হয়। দুই বন্ধুতে গলায় গলায় ভাব। ঘণ্টায় ঘণ্টায় ঔষধ হয়।

পদের দ্বিরুক্তি নানা রকমের হতে পারে। যেমন :

ক. দুটি পদে একই বিভক্তি প্রয়োগ করা হয়, শব্দ দুটি ও বিভক্তি অপরিবর্তিত থাকে। যেমন : ঘরে ঘরে লেখাপড়া হচ্ছে। দেশে দেশে ধন্য ধন্য করতে লাগল। মনে মনে আমিও এ কথাই ভেবেছি। ভালোয় ভালোয় কেটে পড়। মেঘে মেঘে কেটে গেলো বেলা। ঘরে ঘরে অন্নাভাব, গাছে গাছে ফুল ফুটেছে। দিনে দিনে সে বেড়ে উঠছে।

খ. দ্বিতীয় পদের আংশিক ধ্বনিগত পরিবর্তন ঘটে, কিন্তু পদ বিভক্তি অবিকৃত থাকে। যেমন : চোর হাতে নাতে ধরা পড়েছে। আমার সন্তান যেন থাকে দুধে ভাতে।

পদের দ্বিরুক্তির প্রয়োগ

১) **বিশেষ্য শব্দযুগলের বিশেষণ রূপে ব্যবহার :**
ক. আধিক্য বোঝাতে : রাশি রাশি ধন, ধামা ধামা ধান।
খ. সামান্য বোঝাতে : আমি আজ জ্বর জ্বর বোধ করছি। দেখেছো তার কবি কবি ভাব।
গ. ক্রিয়া বিশেষণ : ধীরে ধীরে যায়, ফিরে ফিরে চায়।
ঘ. অনুরূপ কিছু বোঝাতে : তার সঙ্গী সাথী কেউ নেই।
ঙ. অগ্রহ বোঝাতে : ও দাদা দাদা বলে কাঁদছে।
চ. পরম্পরতা বা ধারাবাহিকতা বোঝাতে : তুমি দিন দিন রোগা হয়ে যাচ্ছ। তুমি বাড়ি বাড়ি হেঁটে চাঁদা তুলেছ।

২) **বিশেষণ শব্দযুগলের বিশেষণ রূপে ব্যবহার :**
ক. আধিক্য বোঝাতে : ভালো ভালো আম নিয়ে এসো। ছোট ছোট ডাল কেটে ফেল।
খ. তীব্রতা বা সঠিকতা বোঝাতে : গরম গরম জিলাপি, নরম নরম হাত।
গ. সামান্য বোঝাতে : উড়ু উড়ু ভাব, কালো কালো চেহারা।

৩) **সর্বনাম শব্দ :** ক. বহুবচন বা আধিক্য বোঝাতে : কে কে এল? কেউ কেউ বলে।

৪) **ক্রিয়াবাচক শব্দ :**
ক. বিশেষণ রূপে : এ দিকে রোগীর তো যায় যায় অবস্থা। তোমার নেই নেই ভাব গেল না।
খ. স্বল্পকাল স্থায়ী বোঝাতে : দেখতে দেখতে আকাশ কাল হয়ে এল।
গ. ক্রিয়া বিশেষণ : দেখে দেখে যেও। ঘুমিয়ে ঘুমিয়ে শুনলে কী ভাবে?
ঘ. পৌনঃপুনিকতা বোঝাতে : ডেকে ডেকে হয়রান হয়েছি।

৫) **অব্যয়ের দ্বিরুক্তি :**
ক. ভাবের গভীরতা বোঝাতে : তার দুঃখ দেখে সবাই হায় হায় করতে লাগল। ছি ছি, তুমি কী করেছ?
খ. পৌনঃপুনিকতা বোঝাতে : বার বার সে কামান গর্জে উঠল।
গ. বিশেষণ বোঝাতে : পিলসুজে বাতি জ্বলে মিটির মিটির।
ঘ. অনুভূতি বা ভাব বোঝাতে : ভয়ে গা ছম ছম করছে। ফোঁড়াটা টন টন করছে।
ঙ. ধ্বনিব্যঞ্জনা : ঝির ঝির করে বাতাস বইছে। বৃষ্টি পড়ে টাপুর টুপুর।

পদাত্মক দ্বিরুক্তির গঠন

৬) **পদাত্মক দ্বিরুক্তি :** বিভক্তি যুক্ত পদের দুইবার ব্যবহারকে পদাত্মক দ্বিরুক্তি বলা হয়। পদাত্মক দ্বিরুক্ত দুইভাবে গঠিত হয়। যথা :

ক. **একই পদের পুনরাবৃত্তি :** একই পদের অবিকৃত অবস্থায় দুবার ব্যবহার হয়। যেমন : ভয়ে ভয়ে এগিয়ে গেলাম। হাটে হাটে চলছে অবিরাম বিকিকিনি।

খ. **যুগ্মরীতির সাহায্যে :** যুগ্মরীতিতে গঠিত দ্বিরুক্ত পদের ব্যবহার করে। যেমন : হাতে নাতে, আকাশে-বাতাসে, কাপড়-চোপড়, দলে-বলে ইত্যাদি।

ধ্বন্যাত্মক দ্বিরুক্তি

০১. **ধ্বন্যাত্মক দ্বিরুক্তি :**
কোন কিছুর স্বাভাবিক বা কাল্পনিক অনুকৃতিবিশিষ্ট শব্দের রূপকে ধ্বন্যাত্মক শব্দ বলে। এ জাতীয় ধ্বন্যাত্মক শব্দের দুবার প্রয়োগের নাম ধ্বন্যাত্মক দ্বিরুক্তি। ধ্বন্যাত্মক শব্দকে ধ্বন্যাত্মক অব্যয় বলে। একে আবার ধ্বন্যাত্মক অনুকার বলে। ধ্বন্যাত্মক দ্বিরুক্তি দ্বারা বহুত্ব, আধিক্য ইত্যাদি বোঝায়।

২) **ধ্বন্যাত্মক দ্বিরুক্ত শব্দ কয়েকটি উপায়ে গঠিত হয়।** যেমন :
ক. **মানুষের ধ্বনির অনুকার :** ভেউ ভেউ– মানুষের উচ্চ স্বরে কান্নার ধ্বনি। এরূপ : ট্যা ট্যা, হি হি ইত্যাদি।
খ. **জীবজন্তুর ধ্বনির অনুকার :** ঘেউ ঘেউ (কুকুরের ধ্বনি), কা কা (কাকের ডাক), মিউ মিউ (বিড়ালের ডাক), কুহু কুহু (কোকিলের ডাক) ইত্যাদি।
গ. **বস্তুর ধ্বনির অনুকার :** ঘচাঘচ (ধান কাটার শব্দ)। এরূপ– মড় মড় (গাছ ভেঙে পড়ার শব্দ), ঝম ঝম (বৃষ্টি পড়ার শব্দ), হু হু (বাতাস প্রবাহের শব্দ) ইত্যাদি।
ঘ. **অনুভূতিজাত কাল্পনিক ধ্বনির অনুকার :** ঝিকিমিকি (ঔজ্জ্বল্য), ঠা ঠা (রোদের তীব্রতা), কুট কুট ধ্বনির অনুকার (শরীরে কামড় লাগার মতো অনুভূতি)। অনুরূপভাবে– মিন মিন, পিট পিট, ঝি ঝি ইত্যাদি।

ধ্বন্যাত্মক দ্বিরুক্তির গঠন ও পদরূপে ব্যবহার

১) **ধ্বন্যাত্মক দ্বিরুক্তি গঠন :**
ক. একই (ধ্বন্যাত্মক) শব্দের অবিকৃত প্রয়োগ : ধক ধক, ঝন ঝন, পট পট।
খ. প্রথম শব্দটির শেষে 'আ' যোগ করে : গপাগপ, টপাটপ, পটাপট।
গ. দ্বিতীয় শব্দটির শেষে 'ই' যোগ করে : ধরাধরি, ঝমঝমি, ঝনঝনি।
ঘ. যুগ্মরীতিতে গঠিত ধ্বন্যাত্মক শব্দ : কিচির মিচির (পাখি বা বানরের শব্দ), টাপুর টুপুর (বৃষ্টি পতনের শব্দ), হাপুস হুপুস (গোগ্রাসে কিছু খাওয়ার শব্দ)।

ঙ. আনি-প্রত্যয় যোগেও বিশেষ্য দ্বিরুক্ত গঠিত হয় : পাখিটার ছটফটানি দেখতে কষ্ট হয়। তোমার বকবকানি আর ভালো লাগে না।

২) **বিভিন্ন পদ রূপে ধ্বন্যাত্মক দ্বিরুক্ত শব্দের ব্যবহার :**
ক. বিশেষ্য : বৃষ্টির ঝমঝমানি আমাদের অস্থির করে তোলে।
খ. বিশেষণ : 'নামিল নভে বাদল ছলছল বেদনায়।'
গ. ক্রিয়া : কলকলিয়ে উঠল সেথায় নারীর প্রতিবাদ।
ঘ. ক্রিয়া বিশেষণ : 'চিকচিক করে বালি কোথা নাহি কাদা।'

দ্বিরুক্ত শব্দের ব্যবহার বা অর্থ প্রকাশের ক্ষমতা

ক. **ব্যাপ্তি বা আধিক্য বোঝাতে :** নীল মাছরাঙা পাখি শ্যাওলার ধারে ধারে মাছ খুঁজতে খুঁজতে একবার ওঠে, একবার বসে। পাখির দল শেষ বেলায় ঝোপে ঝোপে কলরব করছে। নদীর জলে ঠান্ডা ঠান্ডা গন্ধ বেরুচ্ছে। গাছের মাথায় মাথায় যেন সে আগুনের শোভা। এক এক স্থানে নৌকা তীরের অত্যন্ত নিকট দিয়ে যাচ্ছে।

খ. **ধারাবাহিকতা বোঝাতে :** পাতায় পাতায় পড়ে নিশির শিশির। লোকটা দ্বারে দ্বারে ভিক্ষা করে বেড়াচ্ছে।

গ. **প্রায় বা সামান্যতা বোঝাতে :** আমার জ্বর জ্বর বোধ হচ্ছে।

ঘ. **ক্রিয়া বিশেষণ হিসেবে :** মনে মনে তুলনা করে দেখলাম। দু একটা পাখি ধাপে ধাপে সুর উঠিয়ে কোথায় নিয়ে তোলে। কৃষক বধূ মাঝে মাঝে সলজ্জভাবে আমাদের নৌকার দিকে চাইছে।

ঙ. **পৌনঃপুনিকতা বোঝাতে :** লিখে লিখে হাত ব্যথা হয়ে গেলো। মায়াভরা এক রাজকন্যা দেখে দেখে তার সাধ মেটে না।

চ. **অনুভূতির ব্যঞ্জনা বোঝাতে :** মাথাটা ঝিমঝিম করছে।

ছ. **নির্দিষ্টতা বোঝাতে :** যার যার টাকা তাকে তাকে বুঝিয়ে দাও।

CamScanner

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. অনুভূতিজাত কাল্পনিক ধ্বনির অনুকার– [কলা, আইন ও সামাজিক : ২৩-২৪]
ক খক খক খ ঘেউ ঘেউ গ পিট পিট ঘ কম ঝম **উ: গ**

০২. কোনটি ধ্বন্যাত্মক শব্দের উদাহরণ? [ক ১৯-২০]
ক শীত-শীত খ ঘুম-ঘুম গ জ্বর-জ্বর ঘ টুপটাপ **উ: খ**

০৩. শূন্যতার ভাবজ্ঞাপক ধ্বন্যাত্মক দ্বিরুক্তি– [খ ০৭-০৮]
ক ঠা ঠা খ কা কা গ শাঁ শাঁ ঘ খাঁ খাঁ **উ: খ**

০৪. 'ফোঁটা ফোঁটা' কোন পদের দ্বৈতরূপ? [খ ০৮-০৯]
ক অব্যয় খ বিশেষণ গ ক্রিয়া ঘ বিশেষ্য **উ: খ**

০৫. রুগ্ণতাব্যঞ্জক অব্যয়– [ঘ ০৯-১০]
ক কিনকিন খ ঝিনঝিন গ টিনটিন ঘ মিনমিন **উ: গ**

০৬. দ্রুততাজ্ঞাপক দ্বিরুক্ত শব্দ– [ক ০৯-১০]
ক করকর খ তরতর গ মরমর ঘ সরসর **উ: খ**

০৭. 'কেবল কিন্তু কিন্তু করো না।' এখানে 'কিন্তু' কোন অর্থে ব্যবহৃত? [ঘ ১১-১২]
ক প্রতিবাদ খ সন্দেহ গ বিস্ময় ঘ সংশয় **উ: ঘ**

০৮. 'তখন থেকে যাব যাব করছি।' বাক্যটিতে 'যাব যাব' [ঘ ১১-১২]
ক বিশেষ্যের বিশেষণ খ বিশেষণের বিশেষণ গ ক্রিয়া বিশেষণ ঘ ধ্বন্যাত্মক বিশেষণ **উ: গ**

০৯. 'মনে মনে তুলনা করে দেখলাম।' এখানে দ্বিরুক্তি ব্যবহৃত হয়েছে– [খ ০৮-০৯]
ক ব্যাপ্তি অর্থে খ আধিক্য বোঝাতে গ বিশেষ্য রূপে ঘ ক্রিয়া বিশেষণরূপে **উ: ঘ**

১০. 'হানাদার বাহিনী পুড়িয়ে দেওয়ার ফলে শূন্য বাড়িটা খাঁ খাঁ করছে।' 'খাঁ খাঁ'-র ব্যাকরণিক অভিধা– [গ ১১-১২]
ক ধ্বন্যাত্মক ধাতু খ ধ্বন্যাত্মক বর্ণ গ ধ্বন্যাত্মক অব্যয় ঘ ধ্বন্যাগম **উ: গ**

১১. 'কাটিতে কাটিতে ধান এল বর্ষা' এখানে 'কাটিতে কাটিতে' কোন অর্থে ব্যবহৃত হয়? [গ ১১-১২]
ক নিরন্তরতা খ বিলম্ব গ সমাপ্তি ঘ সম্ভাবনা **উ: ক**

১২. 'বড়ো বড়ো গাছ' কথাটিতে দ্বিরুক্তির ব্যবহার হয়েছে– [ঘ ১২-১৩]
ক বহুবচন বোঝাতে খ বিশেষণ অর্থে
গ সংখ্যা বোঝাতে ঘ সমষ্টিবাচকতা বোঝাতে **উ: ক**

১৩. অতিরিক্ত কথা বলার ভাবজ্ঞাপক দ্বিরুক্তি– [খ-১৩-১৪]
ক চড়চড় খ গড়গড় গ ফড়ফড় ঘ হড়হড় **উ: গ**

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

০১. 'সে আমার দিকে মাঝে মাঝে তাকাচ্ছে।' এ বাক্যের 'মাঝে মাঝে' দ্বিরুক্ত শব্দটি– [ক ০৭-০৮]
ক ক্রিয়া-বিশেষণ খ বিশেষণ গ বিশেষণীয় বিশেষণ ঘ বিশেষ্য **উ: ক**

০২. ধ্বন্যাত্মক দ্বিরুক্তির উদাহরণ– [খ ০৮-০৯]
ক বউ বউ খ জ্বর জ্বর গ ঝিম ঝিম ঘ টিম টিম **উ: গ**

০৩. 'জ্বর জ্বর' বলতে বোঝায়– [খ ০৯-১০]
ক জ্বরের ভাব খ খুব জ্বর গ কম জ্বর ঘ জ্বর **উ: ক**

০৪. 'সামান্য' বা 'ঈষৎ' অর্থে কোনটি ব্যবহৃত? [চ ১৬-১৭]
ক শীত শীত ভাব খ বস্তা বস্তা সার
গ হাঁটতে হাঁটতে যায় ঘ দোকান টোকান দাও **উ: ক**

০৫. 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর।' বাক্যটিতে কোন ধরনের দ্বিরুক্তি ব্যবহৃত হয়েছে? [ঘ-১৩-১৪]
ক ধ্বন্যাত্মক দ্বিরুক্তি খ অব্যয়ের দ্বিরুক্তি গ পদাত্মক দ্বিরুক্তি ঘ বিশেষ্য দ্বিরুক্তি **উ: ক**

০৬. 'চিকচিক করে বালি কোথা নাহি কাদা।' দ্বিরুক্ত শব্দটি কোন পদরূপে ব্যবহৃত হয়েছে? [ক ১৬-১৭]
ক বিশেষ্যের বিশেষণ খ বিশেষণের বিশেষণ গ অব্যয়ের বিশেষণ ঘ ক্রিয়া-বিশেষণ **উ: ঘ**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

০১. তুমি বাড়ি বাড়ি হেঁটে চাঁদা তুলেছ- 'বাড়ি বাড়ি' কোন অর্থ প্রকাশ করছে? [D : ২১-২২]
ক আগ্রহ খ সামান্যতা গ ভাবের গভীরতা ঘ ধারাবাহিকতা **উ: ঘ**

০২. একই শব্দ পর পর দু'বার ব্যবহৃত হয়ে বিশিষ্ট অর্থ প্রকাশ করলে তাকে কী বলা হয়? [I ১৯-২০]
ক শব্দ দ্বৈত খ দ্বিরুক্ত শব্দ গ শব্দাত্মক দ্বিরুক্তি ঘ সবগুলো **উ: ঘ**

০৩. কোনটি অনুভূতিজাত কাল্পনিক ধ্বনি? [C ১৯-২০]
ক ঠা ঠা রোদ খ গরম গরম জিলাপি
গ জ্বর জ্বর লাগছে ঘ ভয়ে ভয়ে ছিলাম **উ: ক**

০৪. 'লোকটি হাড়ে হাড়ে শয়তান।' কী অর্থে বাক্যটিতে দ্বিরুক্ত শব্দের প্রয়োগ হয়েছে? [F ১৪-১৫]
ক সতর্কতা খ শারীরিক গঠন গ ভাবের প্রগাঢ়তা ঘ আধিক্য **উ: ঘ**

০৫. 'পিলসুজে বাতি জ্বলে মিটির মিটির।' কোন অর্থে দ্বিরুক্তি? [F ১৪-১৫]
ক ভাবের গভীরতা খ বিশেষণ বোঝাতে গ সামান্যতা ঘ অনুভূতি বোঝাতে **উ: খ**

রাজশাহী বিশ্ববিদ্যালয়

০১. ধ্বন্যাত্মক শব্দ কোনগুলো? [A : ২১-২২]
ক গলায় গলায় খ হাতাহাতি গ ধীরে ধীরে ঘ টাপুর-টুপুর **উ: ক, ঘ**

০২. 'বই-টই নিয়ে পড়তে বস'। এখানে 'বই-টই' কী? [A : ২১-২২]
ক যথাদ্বিরুক্তি খ অনুচর-দ্বিরুক্তি গ সমার্থক দ্বিরুক্তি ঘ বিপরীতার্থক দ্বিরুক্তি **উ: খ**

০৩. বিশেষণ পদযোগে গঠিত দ্বিরুক্ত শব্দ– [A : ২১-২২]
ক লাল লাল ফুল খ জ্বর জ্বর লাগছে গ গ্রামে গ্রামে যাব ঘ ভাইয়ে ভাইয়ে যুদ্ধ **উ: ক, গ**

০৪. 'রাশি রাশি' শব্দের দ্বিরুক্তিতে কোন অর্থ প্রকাশ পায়? [C; ১৮-১৯: জবি ক ১১-১২]
ক সামান্য খ শূন্য গ বিস্তার ঘ আধিক্য **উ: ঘ**

০৫. 'গলায় গলায়' কী ধরনের দ্বিরুক্ত শব্দ? [E ১৭-১৮]
ক শব্দ দ্বিরুক্তি খ পদ দ্বিরুক্তি গ ধ্বন্যাত্মক দ্বিরুক্তি ঘ অনুকার দ্বিরুক্তি **উ: ক**

০৬. 'ঘ্যানর ঘ্যানর' কী ধরনের দ্বিরুক্ত শব্দ? [E ১৭-১৮]
ক ক্রিয়াবাচক শব্দ দ্বিরুক্তি খ পদ দ্বিরুক্তি
গ অনুকার অব্যয়ের দ্বিরুক্তি ঘ ধ্বন্যাত্মক দ্বিরুক্তি **উ: ঘ**

০৭. 'ঘচাঘচ' কী ধরনের দ্বিরুক্তি? [E ১৭-১৮]
ক ধ্বন্যাত্মক শব্দ দ্বিরুক্তি খ বস্তুর অনুকার দ্বিরুক্তি
গ পদাত্মক দ্বিরুক্তি ঘ ধ্বন্যাত্মক দ্বিরুক্তি **উ: ঘ**

০৮. ধ্বন্যাত্মক শব্দের দ্বিরুক্তি কোনটি? [০৬-০৭]
ক ধীরে সুস্থে খ রেগে মেগে গ জাঁকজমক ঘ কম ঝম **উ: ঘ**

০৯. ধ্বনিজ্ঞাপক দ্বিরুক্তি শব্দ- [০৬-০৭; E ১৬ - ১৭]
ক দরদর খ মরমর গ কড়কড় ঘ নড়নড় **উ: ঘ**

১০. কোনটি দ্বিরুক্ত শব্দ নয়? [০৯-১০; ০৬-০৭]
ক ফুলে-ফুলে খ রিনি-ঝিনি গ চুলে-চুলে ঘ চড়াৎ **উ: ঘ**

১১. 'পাতায় পাতায় পড়ে নিশির শিশির।' এখানে 'পাতায় পাতায়' বলতে কী বোঝানো হয়েছে? [E ১৬-১৭]
ক ধারাবাহিকতা খ নির্দিষ্টতা গ আধিক্য ঘ পৌনঃপুনিকতা **উ: ঘ**

১২. সমার্থক শব্দযোগে দ্বিরুক্তি কোনটি? [B ১৬-১৭]
ক ধন-দৌলত খ ভালো-মন্দ গ তোড়-জোড় ঘ আমির-ফকির **উ: গ**

১৩. ধ্বনির ব্যঞ্জনা বোঝাতে দ্বিরুক্তির উদাহরণ কোনটি? [F ১৬-১৭]
ক বৃষ্টি পড়ে টাপুর টুপুর খ ও দাদা দাদা বলে কাঁদছে
গ বাতি জ্বলে মিটির মিটির ঘ ভয়ে গা ছমছম করছে **উ: ক**

GST গুচ্ছ বিশ্ববিদ্যালয়

০১. কোনটি অনুকার অব্যয়ের দ্বিরুক্তি নয়? [B : ২১-২২]
ক কল কল খ টন টন গ কম ঝম ঘ লাল লাল **উ: ঘ**

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

০১. কোনটি দ্বিরুক্ত শব্দের উদাহরণ? [ঘ ০৮-০৯]
ক ফিবছর খ বছর বছর গ প্রতিবছর ঘ বছরান্তে **উ: খ**

খুলনা বিশ্ববিদ্যালয়

০১. 'জ্বর' এর সঙ্গে কোন শব্দের দ্বিরুক্তিতে 'সামান্য' অর্থ প্রকাশ পায়? [B ১৮-১৯]
ক জারি খ বিকার গ জ্বর ঘ ব্যাধি **উ: গ**

০২. কোনটি দ্বারা ভাবের আধিক্য বোঝায়? [L ১৬-১৭]
ক চোখে চোখে খ বাছা বাছা গ ভাবতে ভাবতে ঘ হাড়ে হাড়ে **উ: ঘ**

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

০১. 'গ্রামে-গ্রামে' দ্বিরুক্তিটি কোন অর্থ প্রকাশ করে? [D ১৮-১৯; D ১৭-১৮]
ক ব্যাপ্তি খ সদৃশ গ সংযোগ ঘ অল্প **উ: ক**

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

০১. 'মিটি মিটি, তিড়িং বিড়িং, হ্যাপুস্ হুপুস্' শব্দগুলো কোন ধরনের? [A ১৯-২০]
ক বহুবচন খ অতিশয়োক্তি গ দ্বিরুক্ত ঘ ধ্বন্যাত্মক **উ: ঘ**

০২. 'ছি ছি, তুমি কী করছো'? এখানে 'ছি ছি' কোন দ্বিরুক্তির উদাহরণ? [A ১৯-২০]
ক বিশেষণের খ সর্বনামের গ ক্রিয়ার ঘ অব্যয়ের **উ: ঘ**

০৩. 'বড় বড় বই' এখানে 'বড় বড়' দ্বিরুক্তি হলো– [১১-১২]
ক শব্দের দ্বিরুক্তি খ পদের দ্বিরুক্তি গ অনুকারের দ্বিরুক্তি ঘ কোনোটিই নয় **উ: খ**

CamScanner

০২. কোনটি অনুকার অব্যয়ের উদাহরণ? [১১-১২]
ⓚ ও ⓚ নাহ্ ⓖ ঝনঝন ⓖ দিয়ে উ: গ

০৩. কোনটি শব্দদ্বৈতের উদাহরণ? [A ১৬-১৭; জবি A ১৩-১৪]
ⓚ ঝোকা-ঝুকি ⓚ কুচকুচে ⓖ ধবধবে ⓖ টনটন উ: ক

ইসলামী বিশ্ববিদ্যালয়

০১. 'থেকে থেকে শিশুটি কাঁদছে।' এখানে 'থেকে থেকে' কোন অর্থ প্রকাশ করছে? [১১-১২]
ⓚ পৌনঃপুনিকতা ⓚ ভাবের প্রগাঢ়তা ⓖ সাধারণ ⓖ কালের বিস্তার উ: ঘ

০২. 'ঝড় গা ছম ছম করছে।' এখানে 'ছম ছম' কোন ধরনের দ্বিরুক্তি? [C-১৩-১৪]
ⓚ ধ্বন্যাত্মক ⓚ অব্যয় বাচক ⓖ ক্রিয়া বাচক ⓖ পদাত্মক উ: খ

০৩. 'বার বার কামান গর্জে উঠল।' এখানে 'বার বার' কোন ধরনের দ্বিরুক্তি? [C ১৬-১৭]
ⓚ ধ্বন্যাত্মক ⓚ অব্যয় ⓖ ক্রিয়া বাচক ⓖ পদাত্মক উ: ঘ

০৪. 'কনকনে শীত। এখানে 'কনকনে' ব্যবহৃত হয়েছে কোন অর্থে? [B ১৬-১৭]
ⓚ বিদেশি বিশেষণ ⓚ উপসর্গযুক্ত বিশেষণ
ⓖ অনুকার অব্যয়জাত বিশেষণ ⓖ সর্বনামজাত বিশেষণ উ: গ

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

০১. ধ্বন্যাত্মক দ্বিরুক্ত শব্দ নয় কোনটি? [B ১৯-২০]
ⓚ ঝিন ঝিন ⓚ ঠাঁ ঠাঁ ⓖ কুট কুট ⓖ হাড়ে হাড়ে উ: ঘ

০২. 'একই শব্দ দু'বার ব্যবহার করা হয়, তবুও শব্দ অবিকৃত থাকে' এর উদাহরণ কোনটি? [H-১৩-১৪]
ⓚ ফোঁটা ফোঁটা ⓚ রকম রকম ⓖ লালন-পালন ⓖ ধনী-গরিব উ: ক

০৩. অনুকার দ্বিরুক্তি শব্দ কোনটি? [C-১৫-১৬]
ⓚ ঝম ঝম ⓚ যায় যায় ⓖ দিন দিন ⓖ বকা ঝকা উ: ক

০৪. নিচের কোনটি অনুকার অব্যয়ের দ্বিরুক্তি? [C ১৬-১৭]
ⓚ ঢং ঢং ⓚ মিটির মিটির ⓖ চোর চোর ⓖ গরম গরম উ: ক

বরিশাল বিশ্ববিদ্যালয়

০১. 'কেনা-বেচার পর আয়-ব্যয় হিসেব করা দরকার।' এ বাক্যে কোন ধরনের দ্বিরুক্তি ব্যবহৃত হয়েছে? [A 12-13]
ⓚ সমার্থক দ্বিরুক্তি ⓚ বিপরীতার্থক দ্বিরুক্তি ⓖ যথা দ্বিরুক্তি ⓖ অনুচর দ্বিরুক্তি উ: খ

হাজী মোহাম্মদ দানেশ বি. ও প্র. বিশ্ববিদ্যালয়

০১. 'দ্বিরুক্ত' শব্দগুলো কত প্রকার? [E, সেট ২ : ১৪-১৫]
ⓚ দুই ⓚ তিন ⓖ চার ⓖ পাঁচ উ: খ

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১. 'মহব্বতনগর যাইবেন কে কো' এ বাক্যে 'কে কে' কোন অর্থে ব্যবহৃত হয়েছে? [A ১৮-১৯]
ⓚ আগ্রহ ⓚ ধারাবাহিকতা ⓖ অনুরূপ ⓖ সামান্য উ: ক

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ

০১. বায়বীয় বস্তুর প্রসারণজ্ঞাপক দ্বিরুক্ত শব্দ কোনটি?
ⓚ পিকপিকে ⓚ ছিরছিরে ⓖ লকলকে ⓖ ঝরঝরে উ: গ

বিএসসি ও ডিপ্লোমা নার্সিং

০১. 'লোকটা ঘাড়ে ঘাড়ে শয়তান।' এখানে 'ঘাড়ে ঘাড়ে' যে অর্থে ব্যবহৃত– [জন ও সামাজিক : ২৩-২৪]
ⓚ আধিক্য ⓚ ভাবের প্রগাঢ়তা ⓖ তীব্রতা ⓖ পৌনঃপুনিকতা উ: ক

BCS পরীক্ষার বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

০১. 'ডেকে ডেকে হয়রান হচ্ছি।' এ বাক্যে 'ডেকে ডেকে' কোন অর্থ প্রকাশ করে? [৪৩তম বিসিএস]
ⓚ অসহায়ত্ব ⓚ বিরক্তি ⓖ কালের বিস্তার ⓖ পৌনঃপুনিকতা উ: ঘ

০২. 'জ্বর জ্বর লাগছে– জ্বর জ্বর শব্দ দুটি অবিকৃতভাবে উচ্চারিত হওয়াকে বলে– [৪২তম বিসিএস]
ⓚ দ্বিরুক্ত ⓚ সমার্থক ⓖ যুগ্মশব্দ ⓖ শব্দদ্বিত্ব উ: ক

০৩. 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদে এল বান' এখানে 'টাপুর টুপুর' কোন ধরনের শব্দ? [২০তম বিসিএস]
ⓚ অবস্থাবাচক শব্দ ⓚ বাক্যালঙ্কার শব্দ
ⓖ ধ্বন্যাত্মক শব্দ ⓖ দ্বিরুক্ত শব্দ উ: গ

SELF TEST MCQ

০১. একই শব্দ দুবার ব্যবহৃত হয়ে অর্থের সম্প্রসারণ ও বিশেষ গুরুত্ব প্রকাশ করলে তাকে বলে?
ⓚ শব্দ ⓚ পদ ⓖ দ্বিরুক্ত শব্দ ⓖ বাক্য

০২. ফিরে ফিরে চায়। এখানে 'ফিরে ফিরে' দ্বিরুক্তি হলো–
ⓚ অধিক্য ⓚ ক্রিয়া বিশেষণ ⓖ আগ্রহ ⓖ সামান্য

০৩. 'লাল লাল ফুল' বাক্যে কী অর্থে দ্বিরুক্ত হয়েছে?
ⓚ লিঙ্গ ⓚ শূন্য ⓖ একবচন ⓖ বহুবচন

০৪. 'ধীরে ধীরে যায়।' দ্বিরুক্তিতে কোন অর্থ প্রকাশ পায়?
ⓚ পদের ⓚ ক্রিয়া বিশেষণ ⓖ আগ্রহ ⓖ আতিশয্য

০৫. কোন দ্বিরুক্তিটি ধ্বন্যাত্মক শব্দ?
ⓚ শন শন ⓚ শীত শীত ⓖ পড়ো পড়ো ⓖ হাতে হাতে

০৬. 'জনমত' কোন অর্থের শব্দযোগে দ্বিরুক্ত হয়েছে?
ⓚ সমার্থক ⓚ মিলনার্থক ⓖ বিপরীতার্থক ⓖ ভিন্নার্থক

০৭. 'কবি কবি ভাব কিন্তু ছন্দের অভাব।' 'কবি কবি' কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ⓚ অনুরূপ অর্থে ⓚ পুনরাবৃত্তি অর্থে
ⓖ পৌনঃপুনিকতা অর্থে ⓖ উপহাস অর্থে

০৮. বিভক্তিহীন শব্দ দুবার উক্ত হলে তাকে কী বলা হয়?
ⓚ পদের দ্বিরুক্তি ⓚ শব্দের দ্বিরুক্তি ⓖ অনুকার দ্বিরুক্তি ⓖ কোনোটিই নয়

০৯. বিশেষ্য পদযোগে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি?
ⓚ লাল লাল ফুল ⓚ জ্বর জ্বর লাগছে
ⓖ গ্রামে গ্রামে যাব ⓖ ভাইয়ে ভাইয়ে যুদ্ধ

১০. মানুষের ধ্বনির অনুকার, জীব-জন্তুর ধ্বনির অনুকার, বস্তুর ধ্বনির অনুকার এবং অনুভূতিজাত কাল্পনিক ধ্বনির অনুকার কোন দ্বিরুক্তির অন্তর্গত?
ⓚ পদাত্মক দ্বিরুক্তি ⓚ ধ্বন্যাত্মক দ্বিরুক্তি
ⓖ মানুষের হাসার ধ্বনির ⓖ কোনোটিই নয়

১১. 'ও দাদা দাদা বলে কাঁদছে।' এখানে 'দাদা দাদা' ব্যবহৃত হয়েছে কোন অর্থে?
ⓚ দীনতা ⓚ অপলাপ ⓖ আগ্রহ ⓖ পরম্পরতা

১২. 'ঘরে ঘরে লেখাপড়া হচ্ছে।' এখানে 'ঘরে ঘরে' কোন ধরনের দ্বিরুক্ত?
ⓚ শব্দ দ্বিরুক্তি ⓚ পদের দ্বিরুক্তি ⓖ অনুকার দ্বিরুক্তি ⓖ অব্যয়ের দ্বিরুক্তি

১৩. 'হু হু' দ্বারা কীসের শব্দ বোঝানো হয়?
ⓚ বস্তুর ধ্বনির অনুকার ⓚ কাল্পনিক ধ্বনি ⓖ মানুষের ধ্বনি ⓖ অনুভূতি জাত

১৪. অভিন্ন বা সামান্য পরিবর্তিত হয়ে দুইবার ব্যবহৃত হওয়া শব্দকে বলে–
ⓚ শব্দ পরিবর্তন ⓚ শব্দদ্বিত্ব ⓖ শব্দ গঠন ⓖ শব্দ প্রয়োগ

১৫. শব্দদ্বিত্ব কত প্রকার?
ⓚ দুই ⓚ তিন ⓖ চার ⓖ পাঁচ

১৬. পর পর প্রয়োগ হওয়া কাছাকাছি চেহারার শব্দকে কী বলে?
ⓚ অনুকার দ্বিত্ব ⓚ পুনরাবৃত্ত দ্বিত্ব ⓖ ধ্বন্যাত্মক দ্বিত্ব ⓖ পদদ্বিত্ব

১৭. কোন ধরনের দ্বিত্বে বিভক্তি যুক্ত হতে দেখা যায়?
ⓚ অনুকার দ্বিত্বে ⓚ পুনরাবৃত্ত দ্বিত্বে ⓖ ধ্বনাত্মক দ্বিত্বে ⓖ ক ও খ উভয়ই

১৮. কোনটি ধ্বন্যাত্মক দ্বিত্বের উদাহরণ?
ⓚ চুপচাপ ⓚ সুরে সুরে ⓖ চোখে চোখে ⓖ ঢং ঢং

১৯. বিভক্তিযুক্ত শব্দদ্বিত্ব কোনটি?
ⓚ ঝাঁকে ঝাঁকে ⓚ হায় হায় ⓖ ঘুম ঘুম ⓖ কত কত

২০. নিচের কোন ধ্বন্যাত্মক দ্বিত্বের মাঝখানে স্বরধ্বনির আগমন ঘটেছে?
ⓚ খপাখপ ⓚ থকথকে ⓖ ভট ভট ⓖ মজায় মজায়

OMR				
০১.ⓚⓚⓖⓖ	০২.ⓚⓚⓖⓖ	০৩.ⓚⓚⓖⓖ	০৪.ⓚⓚⓖⓖ	০৫.ⓚⓚⓖⓖ
০৬.ⓚⓚⓖⓖ	০৭.ⓚⓚⓖⓖ	০৮.ⓚⓚⓖⓖ	০৯.ⓚⓚⓖⓖ	১০.ⓚⓚⓖⓖ
১১.ⓚⓚⓖⓖ	১২.ⓚⓚⓖⓖ	১৩.ⓚⓚⓖⓖ	১৪.ⓚⓚⓖⓖ	১৫.ⓚⓚⓖⓖ
১৬.ⓚⓚⓖⓖ	১৭.ⓚⓚⓖⓖ	১৮.ⓚⓚⓖⓖ	১৯.ⓚⓚⓖⓖ	২০.ⓚⓚⓖⓖ

Answer									
২০.ক	১৯.ক	১৮.ঘ	১৭.খ	১৬.ক	১৫.খ	১৪.খ	১৩.ক	১২.খ	১১.গ
১০.খ	০৯.ক	০৮.খ	০৭.ঘ	০৬.ঘ	০৫.ক	০৪.খ	০৩.ঘ	০২.খ	০১.গ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

অধ্যায় ১৫ সমাস দিয়ে শব্দ গঠন

সমাসের সংজ্ঞা ও অন্যান্য তথ্য

সমাস : [স. সম্ + √অস্ + অ (ঘঞ্)] = সমাস। পরস্পর সম্পর্কযুক্ত দুই বা ততোধিক পদ একপদে পরিণত হওয়াকে সমাস বলে। যেমন : সিংহ চিহ্নিত আসন = সিংহাসন।

- **সমস্তপদ :** সমস্যমান পদগুলো মিলে যে একটি পদ হয়, তাকে সমস্তপদ বা সমাসবদ্ধ পদ বা সমাসনিষ্পন্ন পদ বলে।
- **সমস্যমান :** যে যে পদে সমাস হয় তাকে সমস্যমান পদ বলে।
- **ব্যাসবাক্য :** যে বাক্য সমস্যমান পদগুলোর পরস্পর সম্পর্ক নিরূপণ করে অথবা সমস্তপদকে ভাঙলে যে বাক্য পাওয়া যায়, তাকে ব্যাসবাক্য বা সমাসবাক্য বা বিগ্রহবাক্য বলে।
- **পূর্বপদ ও পরপদ :** সমাসবদ্ধ পদের প্রথমটি পূর্বপদ ও পরেরটি উত্তরপদ বা পরপদ।

নতুন ব্যাকরণ অনুযায়ী সমাস চার প্রকার

১. দ্বন্দ্ব সমাস ২. কর্মধারয় সমাস ৩. তৎপুরুষ সমাস ৪. বহুব্রীহি সমাস

পুরাতন ব্যাকরণ অনুযায়ী সমাস ছয় প্রকার

১. দ্বন্দ্ব সমাস	২. কর্মধারয় সমাস	৩. তৎপুরুষ সমাস
৪. বহুব্রীহি সমাস	৫. দ্বিগু সমাস ও	৬. অব্যয়ীভাব সমাস

উদ্দেশ্য : 'সমাস' শব্দের অর্থ : সংক্ষেপণ। বাক্যকে সংক্ষিপ্ত করাই সমাসের কাজ। সমাসের মাধ্যমে নতুন নতুন শব্দ গঠিত হয়। সমাস ভাষাকে শ্রুতিমধুর, প্রাঞ্জল ও গতিশীল করে।

যে সমাসে যে পদ প্রধান :

সমাসের নাম	যে পদ প্রধান	সমাসের নাম	যে পদ প্রধান
দ্বন্দ্ব	উভয়পদ	কর্মধারয়, তৎপুরুষ, দ্বিগু	পরপদ
অব্যয়ীভাব	পূর্বপদ	বহুব্রীহি	কোনো পদই প্রধান নয়।

- সমস্তপদকে বিশ্লেষণ করলে কয়েকটি অংশ পাওয়া যায়। যেমন :



০১. দ্বন্দ্ব সমাস

দ্বন্দ্ব সমাস : যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের প্রাধান্য থাকে, তাকে দ্বন্দ্ব সমাস বলে। যেমন : তাল ও তমাল = তাল-তমাল, দোয়াত ও কলম = দোয়াত-কলম, সোনা ও রুপা = সোনা-রুপা।

দ্বন্দ্ব সমাসে পূর্বপদ ও পরপদের সম্বন্ধ বোঝানোর জন্য ব্যাসবাক্যে এবং, ও, আর– এ তিনটি অব্যয় পদ ব্যবহার করা হয়। দ্বন্দ্ব সমাসের ক্ষেত্রে সমজাতীয়, বিপরীত ও অনুরূপ শব্দের সংযোগ ঘটে। যেমন : মা ও বাবা = মা-বাবা; স্বর্গ ও নরক = স্বর্গ-নরক; হাত ও পা = হাত-পা; উনিশ ও বিশ = উনিশ-বিশ; ঝড় ও বৃষ্টি = ঝড়বৃষ্টি; পোটলা ও পুটলি = পোটলা-পুটলি; তুমি ও আমি = তুমি-আমি; আসা ও যাওয়া = আসা-যাওয়া; ধীরে ও সুস্থে = ধীরেসুস্থে; ভালো ও মন্দ = ভালোমন্দ; জমা ও খরচ = জমা-খরচ।

- দ্বন্দ্ব সমাস কয়েক প্রকারে সাধিত হয়। যেমন :
  - i. মিলনার্থক শব্দযোগে : মা-বাপ, মাসি-পিসি, জ্বিন-পরি, চা-বিস্কুট, মাতা-পিতা, লুচি-মিষ্টি।
  - ii. বিরোধার্থক শব্দযোগে : দা-কুমড়া, অহি-নকুল, স্বর্গ-নরক, আকাশ-পাতাল।
  - iii. বিপরীতার্থক শব্দযোগে : আয়-ব্যয়, জমা-খরচ, লাভ-লোকসান, ছোট-বড়, ছেলে-বুড়ো।
  - iv. অঙ্গবাচক শব্দযোগে : হাত-পা, নাক-কান, মাথা-মুণ্ড, নাক-মুখ, বুক-পিঠ।
  - v. সংখ্যাবাচক শব্দযোগে : সাত-পাঁচ, নয়-ছয়, সাত-সতেরো, উনিশ-বিশ।
  - vi. সমার্থক শব্দযোগে : হাট-বাজার, কল-কারখানা, মোল্লা-মৌলভি, নাম-ডাক ঘর-দুয়ার, খাতা-পত্র, লজ্জা-শরম, কাজ-কর্ম।
  - vii. প্রায় সমার্থক ও সহচর শব্দযোগে : কাপড়-চোপড়, পোকা-মাকড়, দয়া-মায়া, ধুতি-চাদর।
  - viii. দুটো সর্বনামযোগে : যা-তা, যে-সে, যথা-তথা, এখানে-সেখানে, তুমি-আমি।
  - ix. দুটো ক্রিয়াযোগে : দেখা-শোনা, যাওয়া-আসা, চলা-ফেরা, দেওয়া-থোওয়া।
  - x. দুটো ক্রিয়া বিশেষণযোগে : ধীরে-সুস্থে, আগে-পাছে, আকারে-ইঙ্গিতে।
  - xi. দুটো বিশেষণযোগে : ভালো-মন্দ, কম-বেশি, আসল-নকল, বাকি-বকেয়া।
  - xii. খাঁটি বাংলা শব্দযোগে : সোনা-রুপা, রাত-দিন।
- **অলুক দ্বন্দ্ব :** যে দ্বন্দ্ব সমাসে কোনো সমস্যমান পদের বিভক্তি লোপ হয় না, তাকে অলুক দ্বন্দ্ব বলে। যেমন : হাতে ও কলমে = হাতে-কলমে; চলনে ও বলনে = চলনে- বলনে; দেশে ও বিদেশে = দেশে-বিদেশে; চোখে ও মুখে = চোখে-মুখে।

এরূপ : কোলে-পিঠে, সাপে-নেউলে, নয়ে-ছয়ে, জলে-স্থলে, দুধে-ভাতে।

- **বহুপদী দ্বন্দ্ব :** সমস্যমান পদ কখনো কখনো দুইয়ের বেশি হতে পারে। তিন বা বহু পদে দ্বন্দ্ব সমাস হলে তাকে বহুপদী দ্বন্দ্ব সমাস বলে। যেমন : সাহেব, বিবি ও গোলাম = সাহেব-বিবি-গোলাম; হাত, পা, চোখ ও কান = হাত-পা-চোখ-কান; হাত, পা, নাক, মুখ ও চোখ = হাত-পা-নাক-মুখ-চোখ; কায়, মন ও বাক্য = কায়মনোবাক্য; ইট, সুরকি, চুন ও কাঠ = ইটসুরকিচুনকাঠ; তেল, নুন ও লকড়ি = তেল-নুন-লকড়ি ইত্যাদি।
- **একশেষ দ্বন্দ্ব :** যে দ্বন্দ্ব সমাসে প্রধান পদটি অবশিষ্ট থেকে অন্য পদগুলো লোপ পায় এবং শেষ পদ অনুসারে শব্দ নির্ধারিত হয়, তাকে একশেষ দ্বন্দ্ব বলে। যেমন : তুমি, সে ও আমি = আমরা। সে ও আপনি = আপনারা।

দ্বন্দ্ব সমাস সম্পর্কে বিশেষ জ্ঞাতব্য :

- i. সমস্যমান পদ দুটি সংযোজক অব্যয়– 'এবং, ও, আর' দ্বারা যুক্ত হয়।
- ii. দ্বন্দ্ব সমাসে অপেক্ষাকৃত সম্মানিত শব্দ পূর্বে বসে। যেমন : গুরু-শিষ্য, প্রভু-ভৃত্য, স্বর্গ-মর্ত্য, রাজা-প্রজা, দেব-দৈত্য, পতি-পত্নী।
- iii. দ্বন্দ্ব সমাসে স্ত্রী-বাচক শব্দ পূর্বে বসে। যেমন : মা-বাপ; সীতা-রাম।
- iv. 'পতি' শব্দ পরে থাকলে 'জায়া' শব্দের স্থানে বিকল্পে 'দম' হয়। যেমন : জায়া ও পতি = দম্পতি।

দ্বন্দ্ব সমাসের আরও উদাহরণ :

অহ ও নিশা = অহর্নিশ	আদব ও কায়দা = আদবকায়দা
আজ ও কাল = আজকাল	উপরি এবং উপরি = উপর্যুপরি
ওষ্ঠ এবং অধর = ওষ্ঠাধর	জন ও মানব = জনমানব
তরু ও লতা = তরুলতা	রক্ত ও মাংস = রক্তমাংস
লেন ও দেন = লেনদেন	হিত ও অহিত = হিতাহিত
শিক্ষক ও ছাত্র = শিক্ষক-ছাত্র	নদী ও নালা = নদী-নালা
জীবন ও মরণ = জীবনমরণ	খেয়াল ও খুশি = খেয়াল-খুশি
বেশ ও ভূষা = বেশভূষা	মাঠ ও ঘাট = মাঠঘাট
আসল ও নকল = আসলনকল	আদি, মধ্য ও অন্ত = আদিমধ্যান্ত
শীত ও উষ্ণ = শীতোষ্ণ	নরম ও গরম = নরমগরম
ভালো ও মন্দ = ভালোমন্দ	শাক ও সবজি = শাকসবজি

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

০২. কর্মধারয় সমাস

কর্মধারয় সমাস : যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে। যেমন : নীল যে আকাশ = নীলাকাশ; যা কাঁচা তাই মিঠা = কাঁচামিঠা; গোলাপ নামের ফুল = গোলাপফুল, নীল যে পদ্ম = নীলপদ্ম।

কর্মধারয় সমাস কয়েক প্রকারে সাধিত হয়। যেমন :

সাধারণ কর্মধারয় : সাধারণ কর্মধারয় সমাস কয়েকভাবে গঠিত হতে পারে। এ সমাসে পূর্বপদ ও পরপদের অবস্থান কয়েক রকম। যেমন : বিশেষণ + বিশেষ্য, বিশেষ্য + বিশেষ্য, বিশেষণ + বিশেষণ।

বিশেষণ + বিশেষ্য :

কিছু কর্মধারয় সমাসের সমস্যমান পদে 'যে' যোজক থাকে। যেমন :

খাস যে জমি = খাসজমি	চিত যে সাঁতার = চিতসাঁতার
সু যে খবর = সুখবর	সৎ যে জন = সজ্জন
কনক যে চাঁপা = কনকচাঁপা	টাক যে মাথা = টাকমাথা
ষড় যে যন্ত্র = ষড়যন্ত্র	মহা যে নদী = মহানদী
মহা যে কাব্য = মহাকাব্য	ক্রীত যে দাস = ক্রীতদাস
কু যে আকার = কদাকার	খণ্ড যে যুদ্ধ = খণ্ডযুদ্ধ
চলমান যে চিত্র = চলচ্চিত্র	উদ্ধত যে শির = উদ্ধত-শির
চরম যে পত্র = চরমপত্র	নব যে পৃথিবী = নবপৃথিবী
নব যে যৌবন = নবযৌবন	ভদ্র যে মহিলা = ভদ্রমহিলা
মহা যে পৃথিবী = মহাপৃথিবী	মিষ্ট যে অন্ন = মিষ্টান্ন
রাম (বড়) যে ছাগল = রামছাগল	ছিন্ন যে ধার = ছিন্নধার
সুদৃঢ় যে সংকল্প = সুদৃঢ়সংকল্প	শ্বেত যে বস্ত্র = শ্বেতবস্ত্র
বহা যে আড়ম্বর = বাহ্যাড়ম্বর	ডুবো যে জাহাজ = ডুবোজাহাজ
শুক্লা যে পঞ্চমী = শুক্লাপঞ্চমী	প্রিয় যে সখা = প্রিয়সখা
হেড যে মাস্টার = হেডমাস্টার	নীল যে উৎপল = নীলোৎপল
সৎ যে লোক = সৎলোক	কাঁচা যে কলা = কাঁচকলা
উড়ো যে জাহাজ = উড়োজাহাজ	মন্দ যে ভাগ্য = মন্দভাগ্য
পাণ্ডু (চলনসই) যে লিপি = পাণ্ডুলিপি	খাস যে মহল = খাসমহল
হেড যে পণ্ডিত = হেডপণ্ডিত	
কু যে পুরুষ = কাপুরুষ (ভীরু), কুপুরুষ (শ্রীহীন)	

এরূপ : করাপাতা, খাস-কামরা, মহানগর, পূণ্যতিথি, পূর্ণচন্দ্র, শ্বেতপদ্ম, নীলকমল, শুভোৎসব, নবপল্লব, দুরাকাঙ্ক্ষা, নষ্টনীড়, বদহজম, রাঙাবউ, ভরাযৌবন, ফুলবাবু, কুশাসন, ক্ষুধিত-পাষাণ, মহাবল, মহারাত্রি, মহোপাধ্যায়, মহারানি।

সমূলপদে কখনো কখনো বিশেষণ পরে আসে, বিশেষ্য আগে যায়। যেমন :

অধম যে নর = নরাধম	সাধারণ যে জন = জনসাধারণ
বুদ্ধ যে ঋষি = ঋষিবুদ্ধ	উত্তম যে পুরুষ = পুরুষোত্তম
কিশোর যে কৃষ্ণ = কৃষ্ণকিশোর	বাটা যে লঙ্কা = লঙ্কাবাটা
ভাজা যে পটোল = পটোলভাজা	ছন্ন যে মতি = মতিচ্ছন্ন
সিদ্ধ যে আলু = আলুসিদ্ধ	পোড়া যে কচু = কচুপোড়া
ভাজা যে মাছ = মাছভাজা	উত্তম যে নর = নরোত্তম
ভাজা যে চাল = চালভাজা	ভাজা যে বেগুন = বেগুনভাজা
চঞ্চল যে প্রাণ = প্রাণচঞ্চল	

পূর্বপদে স্ত্রীবাচক বিশেষণ থাকলে কর্মধারয় সমাসে সেটি পুরুষবাচক হয়। যেমন : সুন্দরী যে লতা = সুন্দরলতা, মহতী যে কীর্তি = মহাকীর্তি, মহতী যে সভা = মহাসভা, পরমা যে সুন্দরী = পরমসুন্দরী ।

বিশেষণবাচক মহান বা মহৎ শব্দ পূর্বপদ হলে, 'মহৎ' ও 'মহান' স্থানে 'মহা' হয়। যেমন : মহৎ যে জ্ঞান = মহাজ্ঞান; মহান যে নবি = মহানবি; মহৎ যে জন = মহাজন; মহান যে বীর = মহাবীর।

পূর্বপদে 'কু' বিশেষণ থাকলে এবং পরপদের প্রথমে স্বরধ্বনি থাকলে 'কু' স্থানে 'কৎ' হয়। যেমন : কু যে অর্থ = কদর্থ; কু যে আচার = কদাচার।

বিশেষ্য + বিশেষ্য :

দুটি বিশেষ্য পদে একই ব্যক্তি বা বস্তুকে বোঝালে। যেমন :

যিনি জজ তিনিই সাহেব = জজসাহেব	যিনি গিন্নি তিনিই মা = গিন্নিমা
যিনি দাদা তিনিই ভাই = দাদাভাই	যিনি চিৎ তিনিই আনন্দ= চিদানন্দ
যিনি মৌলভি তিনিই সাহেব = মৌলভিসাহেব	যিনি রাজা তিনিই ঋষি = রাজর্ষি
যিনি ডাক্তার তিনিই সাহেব = ডাক্তারসাহেব	যিনি পিতা তিনিই দেব = পিতৃদেব
যিনি কারু তিনিই শিল্পী = কারুশিল্পী	বউ অথচ ঠাকুরানি = বউঠাকুরানি
যিনি মা তিনিই ঠাকরুন = মা-ঠাকরুন	যা হল (hall) তাই ঘর = হলঘর
যিনি দারোগা তিনিই বাবু = দারোগাবাবু	যিনি শিব তিনিই শঙ্কর = শিবশঙ্কর
জ্ঞাতি যিনি শত্রুও তিনি = জ্ঞাতিশত্রু	যিনি গুরু তিনিই দেব = গুরুদেব
খনার যে বচন = খনারবচন	যিনি দেব তিনিই ঋষি = দেবর্ষি
যিনি পণ্ডিত তিনিই সাহেব = পণ্ডিতসাহেব	

এরূপ : ঋষিকবি, মাতৃদেবী, মাস্টারমশায়, রাজসন্ন্যাসী, বৈদ্যনাথ, রামকৃষ্ণ, শিবনাথ, লাটসাহেব।

বিশেষণ + বিশেষণ :

দুটি বিশেষণ পদে একটি বিশেষ্যকে বোঝালে সাধারণ কর্মধারয় সমাস হয়। এক্ষেত্রে দুইটি গুণ একসঙ্গে একই ব্যক্তি বা বস্তুতে বিদ্যমান থাকে। যেমন :

যে চালাক সে চতুর = চালাক-চতুর	যে শান্ত সে শিষ্ট = শান্তশিষ্ট
যিনি গণ্য তিনিই মান্য = গণ্যমাণ্য	কাঁচা অথচ মিঠা = কাঁচামিঠা
যে হৃষ্ট সেই পুষ্ট = হৃষ্টপুষ্ট	যা টক তাই ঝাল = টকঝাল
বিষণ্ন অথচ মধুর = বিষণ্নমধুর	কঠিন অথচ কোমল = কঠিনকোমল
যা স্নিগ্ধ তাই উজ্জ্বল = স্নিগ্ধোজ্জ্বল	ভীষণ অথচ মধুর = ভীষণমধুর
অম্ল অথচ মধুর = অম্লমধুর	যা স্নিগ্ধ তাই সজল = স্নিগ্ধসজল
যা কাঁচা তাই মিঠা = কাঁচামিঠা	

এরূপ : কাঁচাপাকা, গরমভাজা, বাঁধাধরা, মিঠেকড়া, মোটাতাজা, সাদাকালো, মৃদুমন্দ।

বিশেষ নিয়ম :

কার্যে পরম্পরা বোঝাতে দুটি কৃদন্ত বিশেষণ পদে সাধারণ কর্মধারয় সমাস হয়। যেমন : আগে ধোয়া পরে মোছা = ধোয়া-মোছা, আগে সুপ্ত পরে উত্থিত = সুপ্তোত্থিত, আগে গত পরে আয়াত = গতায়াত।

পরপদে 'রাজা' শব্দ থাকলে কর্মধারয় সমাসে 'রাজ' হয়। যেমন : মহান যে রাজা = মহারাজ; যিনি রাজা তিনিই ঋষি = রাজর্ষি।

মধ্যপদলোপী কর্মধারয় : যে কর্মধারয় সমাসে ব্যাসবাক্যের মধ্যপদের লোপ হয়, তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে। যেমন :

সিংহ চিহ্নিত আসন = সিংহাসন	জ্যোৎস্না শোভিত রাত = জ্যোৎস্নারাত
ঘি মাখানো ভাত = ঘিভাত	চালে জন্মায় যে কুমড়া = চালকুমড়া
পল মিশ্রিত অন্ন = পলান্ন	হাতে পরা হয় যে ঘড়ি = হাতঘড়ি
গণ নিয়ন্ত্রিত তন্ত্র = গণতন্ত্র	প্রীতি উপলক্ষে ভোজ = প্রীতিভোজ
বরের সাথে যে যাত্রী = বরযাত্রী	আত্মলিখিত জীবনী = আত্মজীবনী
বট নামক বৃক্ষ = বটবৃক্ষ	জীবন নাশের আশঙ্কায় যে বিমা = জীবনবিমা
শিক্ষা বিষয়ক মন্ত্রী = শিক্ষামন্ত্রী	ঘোষণা সম্বলিত যে পত্র = ঘোষণাপত্র
প্রাণ যাওয়ার ভয় = প্রাণভয়	ডাক ফেলার বাক্স = ডাকবাক্স
ধর্ম রক্ষার্থে যে ঘট = ধর্মঘট	এণর (মৃগের) অক্ষির ন্যায় অক্ষি = এণাক্ষি
ধর্ম বিহিত কর্ম = ধর্মকর্ম	রেলের উপর চলে যে গাড়ি = রেলগাড়ি
দ্বি অধিক দশ = দ্বাদশ	তুফান তুল্য গতিশীল মেল = তুফানমেল
হাঁটু পরিমাণ জল = হাঁটুজল	আমের গন্ধযুক্ত সন্দেশ = আমসন্দেশ
হাতে চালিত পাখা = হাতপাখা	বিজয় নির্দেশক পতাকা = বিজয়-পতাকা
হস্ত দ্বারা চালিত শিল্প = হস্তশিল্প	কার্যসাধনের জন্য যে পরিকল্পনা = কার্যপরিকল্পনা
রান্না করার ঘর = রান্নাঘর	লাল রঙের যে সালু (কাপড়) = লালসালু
আয়ের উপর কর = আয়কর	আত্মবিষয়ে যে স্বাতন্ত্র্য = আত্মস্বাতন্ত্র্য
মোম নির্মিত বাতি = মোমবাতি	গৃহের অভ্যন্তরে যে যুদ্ধ = গৃহযুদ্ধ
আক্কেলসূচক দাঁত = আক্কেলদাঁত	সাহিত্য বিষয়ক সভা = সাহিত্যসভা
জয়সূচক মুকুট = জয়মুকুট	বৌ পরিবেশন করা ভাত = বৌভাত
মানি রাখার ব্যাগ = মানিব্যাগ	স্মৃতি রক্ষার্থে সৌধ = স্মৃতিসৌধ
ভিক্ষা লব্ধ অন্ন = ভিক্ষান্ন	ঘরে আশ্রিত জামাই = ঘরজামাই
রাষ্ট্র সম্বন্ধীয় নীতি = রাষ্ট্রনীতি	মৌ-সঞ্চয়কারী মাছি = মৌমাছি
লাল রঙের ফুল = লালফুল	রাজার অনুসৃত নীতি = রাজনীতি
গীতিপূর্ণ যে নাট্য = গীতিনাট্য	ফোনের মাধ্যমে আলাপ = ফোনালাপ
হাঁটু পরিমাণ জল = হাঁটুজল	বাক্যের মাধ্যমে আলাপ = বাক্যালাপ
চিনি নির্মাণের কল = চিনিকল	জামাইয়ের কল্যাণার্থে ষষ্ঠী = জামাইষষ্ঠী

উপমান কর্মধারয় : 'উপমান' অর্থ তুলনীয় বস্তু। যার সঙ্গে তুলনা করা হয় অর্থাৎ পরোক্ষ বস্তুকে বলা হয় উপমান। প্রত্যক্ষ কোনো বস্তুর সঙ্গে পরোক্ষ কোনো বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয় উপমেয়। সাধারণ ধর্মবাচক পদের সঙ্গে উপমানবাচক পদের যে সমাস হয়, তাকে উপমান কর্মধারয় সমাস বলে। উপমান কর্মধারয় সমাসে তুলনাবাচক শব্দ 'মতো', 'ন্যায়' ব্যাসবাক্যের মাঝখানে বসে। এ সমাসে সাধারণ ধর্ম বা গুণের উল্লেখ থাকবে এবং উপমান পদটি প্রথমে বসে। যেমন : ভ্রমরের ন্যায় কৃষ্ণ কেশ = ভ্রমরকৃষ্ণকেশ। এখানে 'ভ্রমর' উপমান এবং 'কেশ' উপমেয়। কৃষ্ণত্ব হলো সাধারণ ধর্ম।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

সাধারণত এ সমাসে উপমেয় পদের কোনো উল্লেখ থাকে না। যেমন : অরুণের ন্যায় রাঙা = অরুণরাঙা। কিন্তু, ঠিক কোন বস্তুটি অরুণরাঙা তার উল্লেখ নেই। এ সমাসে সমস্তপদটি বিশেষণ হয়। যেমন :

ব্যাসবাক্য (উপমান + সাধারণ ধর্ম/গুণ)	সমস্তপদ (বিশেষণ)
অগ্নির ন্যায় শর্মা	অগ্নিশর্মা
বিড়ালের ন্যায় তপস্বী	বিড়ালতপস্বী
অরুণের ন্যায় রাঙা	অরুণরাঙা
কাজলের মতো কালো	কাজলকালো
তুষারের ন্যায় শুভ্র	তুষারশুভ্র
মিশির মতো/ন্যায় কালো	মিশকালো
শশের/শশকের মতো ব্যস্ত	শশব্যস্ত
গো-র ন্যায় বেচারি	গো-বেচারি
গজের ন্যায় মূর্খ	গজমূর্খ
বজ্রের ন্যায় কঠোর	বজ্রকঠোর
প্রস্তরের ন্যায় কঠিন	প্রস্তরকঠিন

কুসুমের মতো কোমল = কুসুমকোমল
তুষারের ন্যায় শীতল = তুষারশীতল
ঘনের ন্যায় শ্যাম = ঘনশ্যাম
হরিণের ন্যায় চপল = হরিণচপল
কুন্দের মতো শুভ্র = কুন্দশুভ্র
নবনীতের ন্যায় কোমল = নবনীতকোমল
দুগ্ধের মতো ধবল = দুগ্ধধবল
বজ্রের ন্যায় কঠিন = বজ্রকঠিন
ধনুকের মতো বাঁকা = ধনুকবাঁকা
সিঁদুরের মতো রাঙা = সিঁদুররাঙা
কমলের ন্যায় কোমল = কমলকোমল
ভ্রমরের ন্যায় কৃষ্ণ = ভ্রমরকৃষ্ণ
কচুর মতো কাটা = কচুকাটা
বকের ন্যায় ধার্মিক = বকধার্মিক
তুষারের ন্যায় ধবল = তুষারধবল
ফুটির মতো ফাটা = ফুটিফাটা
হিমের ন্যায় শীতল = হিমশীতল
তমালের মতো লতা = তমাললতা
নিমের মতো তেতো = নিমতেতো
লৌহের ন্যায় কঠিন = লৌহকঠিন
শিশিরের ন্যায় স্নিগ্ধ = শিশিরস্নিগ্ধ
জ্যোৎস্নার মতো স্নিগ্ধ = জ্যোৎস্নাস্নিগ্ধ
আলতার মতো রাঙা = আলতারাঙা
শঙ্খের ন্যায় শুভ্র = শঙ্খশুভ্র

৬ **উপমিত কর্মধারয় :** সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয়, তাকে উপমিত কর্মধারয় সমাস বলে। এক্ষেত্রে সাধারণ গুণটিকে অনুমান করে নেওয়া হয়। ব্যাসবাক্যে সাধারণত উপমেয় পদটি প্রথমে, এরপর উপমান এবং সবশেষে সাদৃশ্যবাচক পদটি (ন্যায়, মতো, সদৃশ) বসে। অর্থাৎ উপমেয় + উপমান পদ + সাদৃশ্যবাচক শব্দ। সমস্তপদে কোনো বিশেষণ থাকে না। এ সমাসে পূর্বপদ ও পরপদ দুটোই বিশেষ্য পদ হয়। এ সমাসে সমস্তপদটি বিশেষ্য হয়। যেমন :

ব্যাসবাক্য (উপমেয় + উপমান)	সমস্তপদ (উপমান + উপমেয়)
মুখ চন্দ্রের ন্যায়	চন্দ্রমুখ
পুরুষ সিংহের ন্যায়	সিংহপুরুষ
আঁখি পদ্মের ন্যায়	পদ্মআঁখি
কুমারী ফুলের ন্যায়	ফুলকুমারী
সন্দেশ আমের মতো	আমসন্দেশ
মুখ সোনার ন্যায়	সোনামুখ
অধর বিম্বের ন্যায়	বিম্বাধর
কপি ফুলের ন্যায়	ফুলকপি
বাবু ফুলের ন্যায়	ফুলবাবু
পোকা কাঁচের মতো	কাঁচপোকা
বৈশাখী কালের (মহাকাল) মতো	কালবৈশাখী

বিদ্র. : উপমিত কর্মধারয় সমাসের সমস্তপদে কখনো কখনো উপমেয় পদটি আগে বসে। যেমন :

ব্যাসবাক্য (উপমেয় + উপমান)	সমস্তপদ (উপমেয় + উপমান)
কর পল্লবের ন্যায়	করপল্লব
পুরুষ সিংহের ন্যায়	পুরুষসিংহ
অধর পল্লবের ন্যায়	অধরপল্লব
বাহু লতার ন্যায়	বাহুলতা
কথা অমৃতের ন্যায়	কথামৃত
চরণ কমলের ন্যায়	চরণকমল
চরণ পদ্মের ন্যায়	চরণপদ্ম
নয়ন পদ্মের ন্যায়	নয়নপদ্ম
বীর সিংহের ন্যায়	বীরসিংহ
মুখ চন্দ্রের ন্যায়	মুখচন্দ্র
কর কমলের ন্যায়	করকমল
পাদ (পা) পদ্মের ন্যায়	পাদপদ্ম
নর সিংহের ন্যায়	নরসিংহ
বদন কমলের ন্যায়	বদনকমল
নর দেবের তুল্য	নরদেব
নয়ন কমলের ন্যায়	নয়নকমল
মুখ চাঁদের ন্যায়	চাঁদমুখ
রক্ত কমলের ন্যায়	রক্তকমল
ব-এর মতো দ্বীপ	বদ্বীপ
পুরুষ ঋষভের ন্যায়	পুরুষর্ষভ
কর পল্লবের ন্যায়	করপল্লব

⊡ **উপমান ও উপমিত কর্মধারয় সমাস নির্ণয়ের কৌশল :** ব্যতিক্রম ছাড়া অধিকাংশ ক্ষেত্রেই নিচের সূত্রটির সাহায্যে খুব সহজেই উপমান ও উপমিত কর্মধারয় সমাস নির্ণয় করা যাবে।

সূত্র/ছন্দ : **ন্যায় মাঝে উপমান, ন্যায় শেষে উপমিত।**

উদাহরণ : বকের **ন্যায়** ধার্মিক = বকধার্মিক। (উপমান কর্মধারয়)
পুরুষ সিংহের **ন্যায়** = সিংহপুরুষ। (উপমিত কর্মধারয়)

বি. দ্র. : পরীক্ষায় ব্যাসবাক্য দেওয়া না থাকলে সমাস নির্ণয়ের জন্য সমস্তপদকে মনে মনে ব্যাসবাক্য বানাতে হবে। তাহলে খুব সহজেই সমাস নির্ণয় করা যাবে।

৭ **রূপক কর্মধারয় :** উপমেয় পদের সাথে উপমান পদের অভিন্ন/অভেদ কল্পনা করে উপমেয় ও উপমান পদের যে সমাস হয়, তাকে রূপক কর্মধারয় সমাস বলে। এ সমাসে সমস্তপদে দুটোই বিশেষ্য পদ থাকে, কোনো বিশেষণ থাকে না। এ সমাসে উপমেয় পদ পূর্বে এবং উপমান পদ পরে বসে এবং অভিন্নতাসূচক 'রূপ' পদটি সর্বদা ব্যাসবাক্যের মাঝে বসে। রূপক কর্মধারয় সমাসে উপমান পদটি প্রাধান্য লাভ করে। এ সমাসে অবস্তুবাচক বা অদৃশ্যমান ধরণ বা অভিজ্ঞতার সাথে দৃশ্যমান বা বস্তুবাচক শব্দের সমাস হয়। এ সমাসের উদাহরণ :

ব্যাসবাক্য (উপমেয় + উপমান)	সমস্তপদ (উপমেয় + উপমান)
ক্রোধ রূপ অনল	ক্রোধানল
বিষাদ রূপ সিন্ধু	বিষাদসিন্ধু
মন রূপ মাঝি	মনমাঝি
ভব রূপ নদী	ভবনদী
অগ্নি রূপ বীণা	অগ্নিবীণা
জীবন রূপ তরী	জীবনতরী
আঁখি রূপ পাখি	আঁখিপাখি
যৌবন রূপ কুসুম	যৌবনকুসুম
বিদ্যা রূপ সাগর	বিদ্যাসাগর
কাল রূপ সিন্ধু	কালসিন্ধু
জীবন রূপ প্রদীপ	জীবনপ্রদীপ
মোহ রূপ নিদ্রা	মোহনিদ্রা
জীবন রূপ বারি	জীবনবারি
দিল রূপ দরিয়া	দিলদরিয়া
পরান রূপ পাখি	পরানপাখি
যৌবন রূপ সূর্য	যৌবনসূর্য
প্রেম রূপ ভোর	প্রেমভোর
প্রাণ রূপ প্রিয়	প্রাণপ্রিয়
সুখ রূপ সাগর	সুখসাগর

৮ **দ্বিগু কর্মধারয় :** কিছু কর্মধারয় সমাসের পূর্বপদ সংখ্যাবাচক শব্দ হয়, সেগুলোকে দ্বিগু কর্মধারয় বলে। যেমন : তিন ফলের সমাহার = ত্রিফলা, চার রাস্তার মিলন = চৌরাস্তা, শত অব্দের সমাহার = শতাব্দী, ত্রি কালের সমাহার = ত্রিকাল।

উদ্দেশ্য, প্রশ্নের অপশনে দ্বিগু কর্মধারয় উল্লেখ থাকলে উত্তর হবে দ্বিগু কর্মধারয়, অন্যথায় শুধু দ্বিগু সমাস উত্তর হবে।

➤ **কর্মধারয় সমাসের সাধারণ কয়েকটি নিয়ম :** কখনো কখনো বিশেষণরূপে ব্যবহৃত পূর্বপদের সর্বনাম, সংখ্যাবাচক শব্দ, উপসর্গ ও অব্যয়ের সঙ্গে পরপদের বিশেষ্যের মাধ্যমে কর্মধারয় সমাস হয়। যেমন :

i. **সর্বনাম :** এই যে কাল = একাল, সেই যে কাল = সেকাল, এই যে ক্ষণ = এখন, সেই যে ক্ষণ = সেক্ষণ।
ii. **সংখ্যাবাচক শব্দ :** এক যে জন = একজন, দো যে তলা = দোতলা
iii. **উপসর্গ :** বি যে ভুঁই = বিভুঁই, কু যে কর্ম = কুকর্ম, বি যে কাল = বিকাল, বে যে সুর = বেসুর, বি যে দেশ = বিদেশ, স যে কাল = সকাল।
iv. **অব্যয় (অনুকার অব্যয়) :** ফিস্ ফিস্ যে কথা = ফিস্‌ফিসে কথা।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

০৩. তৎপুরুষ সমাস

তৎপুরুষ সমাস : সমস্যমান পদের অর্থাৎ পূর্বপদে বিভক্তি (দ্বিতীয়া থেকে সপ্তমী পর্যন্ত) ও সন্নিহিত অনুসর্গ লোপ পেয়ে যে সমাস হয়, তার নাম তৎপুরুষ সমাস। এই সমাসে পরপদের অর্থ প্রাধান্য পায়। যেমন : দুঃখকে প্রাপ্ত = দুঃখপ্রাপ্ত (২য়া বিভক্তির লোপ), ছেলেকে ভুলানো = ছেলে-ভুলানো (২য়া বিভক্তির লোপ), মামার বাড়ি = মামাবাড়ি (৬ষ্ঠী বিভক্তির লোপ)।

তৎপুরুষ সমাস নয় প্রকার (মুনীর চৌধুরীর মতে) : দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী, সপ্তমী, নঞ্, উপপদ ও অলুক তৎপুরুষ সমাস। উল্লেখ্য, বিভক্তি লোপ পায় এমন তৎপুরুষ সমাস ছয় প্রকার (দ্বিতীয়া থেকে সপ্তমী তৎপুরুষ)। আবার বিভক্তি লোপ না পেয়ে যে তৎপুরুষ সমাস হয় তাকে বলা হয় অলুক তৎপুরুষ সমাস।

তৎপুরুষ সমাস নির্ণয়ের সহজ নিয়ম : তৎপুরুষ সমাস নির্ণয়ের ক্ষেত্রে দেখতে হবে ব্যাসবাক্যকে সমস্তপদে পরিবর্তন করার সময় পূর্বপদের কোন বিভক্তি বাদ গেছে বা লোপ পেয়েছে। যে বিভক্তি লোপ পাবে সেই বিভক্তির নামানুসারেই তৎপুরুষ সমাসের নামকরণ হবে। যেমন :

মেঘ দ্বারা লুপ্ত = মেঘলুপ্ত (তৃতীয়া তৎপুরুষ), কিন্তু মেঘে লুপ্ত = মেঘলুপ্ত (সপ্তমী তৎপুরুষ)। জল দ্বারা মগ্ন = জলমগ্ন (তৃতীয়া তৎপুরুষ), কিন্তু জলে মগ্ন = জলমগ্ন (সপ্তমী তৎপুরুষ)। মেঘ দ্বারা আচ্ছন্ন = মেঘাচ্ছন্ন (তৃতীয়া তৎপুরুষ), কিন্তু মেঘে আচ্ছন্ন = মেঘাচ্ছন্ন (সপ্তমী তৎপুরুষ)।

দ্বিতীয়া তৎপুরুষ/কর্ম তৎপুরুষ সমাস : পূর্বপদের দ্বিতীয়া বিভক্তি (কে, রে) লোপ হয়ে যে সমাস হয়, তাকে দ্বিতীয়া তৎপুরুষ সমাস বলে। যেমন :

গা-কে ঢাকা = গা-ঢাকা	বিপদকে আপন্ন = বিপদাপন্ন
পরলোকে গত = পরলোকগত	দুঃখকে প্রাপ্ত = দুঃখপ্রাপ্ত
বয়কে প্রাপ্ত = বয়প্রাপ্ত	স্বর্গকে প্রাপ্ত = স্বর্গপ্রাপ্ত
ভারকে প্রাপ্ত = ভারপ্রাপ্ত	সাহায্যকে প্রাপ্ত = সাহায্যপ্রাপ্ত
কলাকে বেচা = কলাবেচা	হ্রদকে দেখা = হ্রদদেখা
ভাতকে রাঁধা = ভাতরাঁধা	বীজকে বোনা = বীজবোনা
ছেলেকে ভুলানো = ছেলে-ভুলানো	নভেলকে পড়া = নভেল-পড়া
রথকে দেখা = রথদেখা	শরণকে আগত = শরণাগত
বেগকে সংবরণ = বেগসংবরণ	আত্মকে হত্যা = আত্মহত্যা
আমকে কুড়ানো = আমকুড়ানো	দেশকে ভক্ত = দেশভক্ত
নবীনকে বরণ = নবীনবরণ	পৃষ্ঠকে প্রদর্শন = পৃষ্ঠপ্রদর্শন
প্রাণকে বধ = প্রাণবধ	বিস্ময়কে আপন্ন = বিস্ময়াপন্ন
ভারকে অর্পণ = ভারার্পণ	মজ্জাকে গত = মজ্জাগত
রথকে চালন = রথচালন	শরকে নিক্ষেপ = শরনিক্ষেপ
মালাকে বদল = মালাবদল	লোককে দেখানো = লোক-দেখানো

বিশেষ নিয়ম :

i. ব্যাপ্তি অর্থেও দ্বিতীয়া তৎপুরুষ সমাস হয়। যেমন : চিরকাল ব্যাপিয়া সুখী = চিরসুখী, চির ব্যাপ্ত করে কাল = চিরকাল, চিরদিন ধরে (ব্যাপিয়া) শত্রু = চিরশত্রু, নিত্যকাল ব্যাপিয়া ধারা = নিত্যধারা, চিরকাল ব্যাপিয়া সুন্দর = চিরসুন্দর = চিরসুন্দর, জীবন ব্যাপিয়া আনন্দ = জীবনানন্দ।

ii. ভাবে, রূপে, যথা-তথা ইত্যাদি শব্দের ব্যবহারেও দ্বিতীয়া তৎপুরুষ সমাস হয়। যেমন : মৃদুভাবে ভাষী = মৃদুভাষী, ধীর যথা তথা গামী = ধীরগামী, অর্ধরূপে রাজি = নিমরাজি, অর্ধরূপে মৃত = অর্ধমৃত, দ্রুত যথা তথা গামী = দ্রুতগামী।

তৃতীয়া তৎপুরুষ/করণ তৎপুরুষ সমাস : পূর্বপদে তৃতীয়া বিভক্তির (দ্বারা, দিয়া, কর্তৃক ইত্যাদি) লোপে যে সমাস হয়, তাকে তৃতীয়া তৎপুরুষ সমাস বলে। যেমন :

মন দিয়ে গড়া = মনগড়া	অস্ত্র দ্বারা উপচার = অস্ত্রোপচার
বাক দ্বারা দত্ত = বাগ্‌দত্ত	সমবেদনা দিয়ে ভরা = সমবেদনাভরা
বজ্র দ্বারা আহত = বজ্রাহত	ন্যায় দ্বারা সঙ্গত = ন্যায়সঙ্গত
ধন দ্বারা আঢ্য = ধনাঢ্য	বিজ্ঞান দ্বারা সম্মত = বিজ্ঞানসম্মত
ঘি দ্বারা ভাজা = ঘিভাজা	ছায়া দ্বারা শীতল = ছায়াশীতল
বাক দ্বারা বিতণ্ডা = বাগ্‌বিতণ্ডা	রক্ত দ্বারা অক্ত (মিশ্রিত) = রক্তাক্ত
কণ্টক দ্বারা আকীর্ণ = কণ্টকাকীর্ণ	পোয়া দ্বারা উন = পৌন
গুণ দ্বারা মুগ্ধ = গুণমুগ্ধ	ঢেঁকি দ্বারা ছাটা = ঢেঁকিছাটা
জন দ্বারা আকীর্ণ = জনাকীর্ণ	মাদক দ্বারা আসক্ত = মাদকাসক্ত
রাজা দ্বারা দত্ত = রাজদত্ত	অগ্নি দ্বারা উৎপাত = অগ্ন্যুৎপাত
মন্ত্র দ্বারা মুগ্ধ = মন্ত্রমুগ্ধ	তমসা দ্বারা আচ্ছন্ন = তমসাচ্ছন্ন
শ্রম দ্বারা লব্ধ = শ্রমলব্ধ	মেঘ দ্বারা আচ্ছন্ন = মেঘাচ্ছন্ন
মেঘ দ্বারা লুপ্ত = মেঘলুপ্ত	শোক দ্বারা আকুল = শোকাকুল
রব দ্বারা আহূত = রবাহূত	পুষ্প দিয়ে অঞ্জলি = পুষ্পাঞ্জলি
গুরু কর্তৃক দত্ত = গুরুদত্ত	পদ দ্বারা দলিত = পদদলিত
আশার দ্বারা হত = আশাহত	ছাই দিয়ে চাপা = ছাইচাপা
যুক্তি দ্বারা সঙ্গত = যুক্তিসঙ্গত	শোক দ্বারা আর্ত = শোকার্ত

বিশেষ নিয়ম :

I. **উন, হীন, শূন্য :** উন, হীন, শূন্য প্রভৃতি শব্দ উত্তরপদ হলেও তৃতীয়া তৎপুরুষ সমাস হয়। যেমন : এক দ্বারা উন = একোন, বিদ্যা দ্বারা হীন = বিদ্যাহীন, জ্ঞান দ্বারা বা জ্ঞানে শূন্য = জ্ঞানশূন্য, মাতৃ দ্বারা হীন = মাতৃহীন, পাঁচ দ্বারা কম = পাঁচকম (একশ)।

ii. **উপকরণবাচক বিশেষ্য :** উপকরণবাচক বিশেষ্য পদ পূর্বপদে বসেও তৃতীয়া তৎপুরুষ সমাস হয়। যেমন : স্বর্ণ দ্বারা মণ্ডিত = স্বর্ণমণ্ডিত, হীরক দ্বারা খচিত = হীরকখচিত, চন্দন দ্বারা চর্চিত = চন্দনচর্চিত, রত্ন দ্বারা শোভিত = রত্নশোভিত।

সন্নিহিত অনুসর্গ লোপ পাওয়া তৎপুরুষ সমাসের উদাহরণ :

মধু দিয়ে মাখা = মধুমাখা	বিয়ের জন্য পাগলা = বিয়েপাগলা
চিনি দিয়ে পাতা = চিনিপাতা	গ্রাম থেকে ছাড়া = গ্রামছাড়া
রান্নার জন্য ঘর = রান্নাঘর	আগা থেকে গোড়া = আগাগোড়া

বিদ্র. *নতুন ব্যাকরণ বইতে তৃতীয়া বিভক্তি বলতে কোনো বিভক্তি নেই। নতুন ব্যাকরণ অনুযায়ী তৃতীয়া, পঞ্চমী বিভক্তিগুলো অনুসর্গের অন্তর্ভুক্ত। তাই প্রশ্নে অনুসর্গ লোপ পেয়ে গঠিত সমাস জানতে চাওয়া হলে সেক্ষেত্রে তৃতীয়া, পঞ্চমী তৎপুরুষ সমাসগুলোই উত্তর করতে হবে।*

চতুর্থী তৎপুরুষ/নিমিত্ত-তৎপুরুষ সমাস : পূর্বপদে চতুর্থী বিভক্তি (কে, জন্য, নিমিত্ত, উদ্দেশ্য ইত্যাদি) লোপে যে সমাস হয়, তাকে চতুর্থী তৎপুরুষ সমাস বলে। যেমন :

গুরুকে ভক্তি = গুরুভক্তি	আরামের জন্য কেদারা = আরামকেদারা
মরার জন্য কান্না = মরাকান্না	বসতের নিমিত্ত বাটি = বসতবাটি
শয়নের জন্য ঘর = শয়নঘর	পাঠের জন্য শালা = পাঠশালা
জপের জন্য মালা = জপমালা	চুষবার জন্য কাগজ = চোষকাগজ
জয়ের জন্য যাত্রা = জয়যাত্রা	শিক্ষার জন্য আয়তন = শিক্ষায়তন
মুক্তির জন্য যুদ্ধ = মুক্তিযুদ্ধ	ডাকের নিমিত্ত মাশুল = ডাকমাশুল
মুক্তির জন্য পণ =মুক্তিপণ	শিশুদের জন্য সাহিত্য = শিশুসাহিত্য
পাঠের জন্য আগার = পাঠাগার	মাথার (চুলের) জন্য কাঁটা = মাথারকাটা
আয়ের নিমিত্তে কর = আয়কর	বসতের নিমিত্ত বাড়ি = বসতবাড়ি
গণের নিমিত্ত ভবন = গণভবন	শিশুদের জন্য বিভাগ = শিশুবিভাগ
ছাত্রদের জন্য আবাস = ছাত্রাবাস	শিশুদের জন্য মঙ্গল = শিশুমঙ্গল
স্বদেশের জন্য প্রেম = স্বদেশপ্রেম	বিশ্রামের জন্য আগার = বিশ্রামাগার
খেলার জন্য ঘর = খেলাঘর	ভজনের জন্য আলয় = ভজনালয়
জীবনের জন্য বিমা = জীবনবিমা	হজের উদ্দেশ্যে বা জন্য যাত্রা = হজযাত্রা
মালের জন্য গুদাম = মালগুদাম	আক্কেলের জন্য সেলামি = আক্কেলসেলামি
তীর্থের জন্য যাত্রা = তীর্থযাত্রা	বিপ্লবের নিমিত্ত অভিযান = বিপ্লব-অভিযান
তপের নিমিত্ত বন = তপোবন	সেচনের নিমিত্ত কলস = সেচন-কলস
মাতাকে ভক্তি = মাতৃভক্তি	যুদ্ধের জন্য যাত্রা = যুদ্ধযাত্রা
যূপের নিমিত্ত কাষ্ঠ = যূপকাষ্ঠ	

এরূপ : মুসাফিরখানা, মাপকাঠি, মেয়েস্কুল, বালিকা-বিদ্যালয়, পাগলাগারদ ইত্যাদি।

দ্বিতীয়া তৎপুরুষ ও চতুর্থী তৎপুরুষ নিয়ে বিভ্রান্তি দূর করো : স্বত্ব ত্যাগ করে কিছু করা বা কারো উদ্দেশ্যে শ্রদ্ধা-ভক্তি প্রকাশিত হলে '-কে' বিভক্তিচিহ্ন থাকলে তা দ্বিতীয়া তৎপুরুষ না হয়ে চতুর্থী তৎপুরুষ সমাস হবে। যেমন :

বিপদকে আপন্ন = বিপদাপন্ন, দুঃখকে প্রাপ্ত = দুঃখপ্রাপ্ত (দ্বিতীয়া তৎপুরুষ)

কিন্তু, গুরুকে ভক্তি (গুরুর উদ্দেশ্যে নিবেদিত শ্রদ্ধা-ভক্তি) = গুরুভক্তি, দেবকে দত্ত (দেবতার উদ্দেশ্যে নিবেদিত) = দেবদত্ত (চতুর্থী তৎপুরুষ/নিমিত্ত-তৎপুরুষ)।

বি.দ্র. : নতুন ব্যাকরণ বইতে চতুর্থী বিভক্তি বলতে কোনো বিভক্তি নেই। নতুন ব্যাকরণ অনুযায়ী দ্বারা, দিয়ে, কর্তৃক, হতে, থেকে, চেয়ে, জন্য, পর্যন্ত, অবধি, মাঝে, বিনা, ব্যতীত ইত্যাদি শব্দগুলো অনুসর্গের অন্তর্ভুক্ত। তাই প্রশ্নে অনুসর্গ লোপ পেয়ে গঠিত সমাস জানতে চাওয়া হলে সেক্ষেত্রে এই সমাসগুলোই উত্তর করতে হবে।

পঞ্চমী তৎপুরুষ/অপাদান তৎপুরুষ সমাস : পূর্বপদে পঞ্চমী বিভক্তি (হতে, থেকে, চেয়ে) লোপে যে তৎপুরুষ সমাস হয়, তাকে পঞ্চমী তৎপুরুষ সমাস বলে। যেমন : খাঁচা থেকে ছাড়া = খাঁচাছাড়া, বিলাত থেকে ফেরত = বিলাতফেরত, ইতি থেকে আদি = ইত্যাদি।

বিশেষ নিয়ম :

i. সাধারণত চ্যুত, জাত, আগত, ভীত, গৃহীত, বিরত, মুক্ত, উত্তীর্ণ, পালানো, ভ্রষ্ট ইত্যাদি পরপদের সঙ্গে পঞ্চমী তৎপুরুষ সমাস হয়। এ সমাসকে অপাদান তৎপুরুষ সমাসও বলা হয়। যেমন :

স্কুল থেকে পালানো = স্কুলপালানো	জেল থেকে মুক্ত = জেলমুক্ত
জন্ম থেকে অন্ধ = জন্মান্ধ	সত্য হতে ভ্রষ্ট = সত্যভ্রষ্ট
প্রাণ হতে প্রিয়= প্রাণপ্রিয়	লোক হতে ভয় = লোকভয়
ঋণ হতে মুক্ত = ঋণমুক্ত	জেল হতে পলাতক = জেলপলাতক
পদ হতে চ্যুত = পদচ্যুত	ভদ্র হতে ইতর = ভদ্রেতর
বন্ধন হতে মুক্ত = বন্ধনমুক্ত	স্বর্গ হতে ভ্রষ্ট = স্বর্গভ্রষ্ট
রোগ হতে মুক্ত = রোগমুক্ত	দল হতে ছুট = দলছুট
স্নাতক থেকে উত্তর = স্নাতকোত্তর	ধর্ম হতে ভ্রষ্ট = ধর্মভ্রষ্ট
বোঁটা হতে খসা = বোঁটাখসা	জেল থেকে খালাস = জেলখালাস
শাপ থেকে মুক্ত = শাপমুক্ত	দেশ থেকে পলাতক = দেশপলাতক
মুখ থেকে ভ্রষ্ট = মুখভ্রষ্ট	মেঘ হতে মুক্ত = মেঘমুক্ত
যুদ্ধ থেকে বিরতি = যুদ্ধবিরতি	লক্ষ্য থেকে ভ্রষ্ট = লক্ষ্যভ্রষ্ট

ii. কোনো কোনো সময় পঞ্চমী তৎপুরুষ সমাসের ব্যাসবাক্যে 'এর', 'চেয়ে', 'অপেক্ষা' ইত্যাদি অনুসর্গের ব্যবহার হয়। যেমন : পরানের চেয়ে প্রিয় = পরানপ্রিয়, প্রাণের চেয়ে অধিক = প্রাণাধিক, সর্ব (সকলের) অপেক্ষা উত্তম = সর্বোত্তম, সর্ব অপেক্ষা উৎকৃষ্ট = সর্বোৎকৃষ্ট, সর্ব অপেক্ষা উচ্চ = সর্বোচ্চ, সর্ব হতে শ্রেষ্ঠ = সর্বশ্রেষ্ঠ।

বি.দ্র. *নতুন ব্যাকরণ বইতে পঞ্চমী বিভক্তি বলতে কোনো বিভক্তি নেই। নতুন ব্যাকরণ অনুযায়ী দ্বারা, দিয়ে, কর্তৃক, হতে, থেকে, চেয়ে, জন্য, পর্যন্ত, অবধি, মাঝে, বিনা, ব্যতীত ইত্যাদি শব্দগুলো অনুসর্গের অন্তর্ভুক্ত। তাই প্রশ্নে অনুসর্গ লোপ পেয়ে গঠিত সমাস জানতে চাওয়া হলে সেক্ষেত্রে এই সমাসগুলোই উত্তর করতে হবে।*

ষষ্ঠী তৎপুরুষ /সম্বন্ধ তৎপুরুষ সমাস : পূর্বপদে ষষ্ঠী বিভক্তির (র, এর, দের) লোপ হয়ে যে সমাস হয়, তাকে ষষ্ঠী তৎপুরুষ সমাস বলে। যেমন :

চায়ের বাগান = চাবাগান	বৃহতের পতি = বৃহস্পতি
ধানের খেত = ধানখেত	যুদ্ধের উত্তর = যুদ্ধোত্তর
অহ্নের পূর্বভাগ = পূর্বাহ্ন	অতিথির সৎকার = অতিথিসৎকার
খেয়ার ঘাট = খেয়াঘাট	জীবনের সঞ্চার = জীবনসঞ্চার
বনের পতি = বনস্পতি	বিদ্যার সাগর = বিদ্যাসাগর
কার্যের আলয় = কার্যালয়	পুষ্পের সৌরভ = পুষ্পসৌরভ
গণের তন্ত্র = গণতন্ত্র	ঝড়ের ঝাপটা = ঝড়-ঝাপটা
ইন্দ্রের ধনু = ইন্দ্রধনু	নাট্যের আলয় = নাট্যালয়
কবিদের গুরু = কবিগুরু	গল্পের প্রেমিক = গল্পপ্রেমিক
গৃহের কর্ত্রী = গৃহকর্ত্রী	পাষাণের স্তূপ = পাষাণস্তূপ
ঝরনার ধারা = ঝরনাধারা	ঘোড়ার দৌড় = ঘোড়দৌড়
প্রজার তন্ত্র = প্রজাতন্ত্র	তমালের তলা = তমালতলা
পরের অধীন = পরাধীন	বনের মধ্যে = বনমধ্যে
বজ্রের সম = বজ্রসম	বিধির লিপি = বিধিলিপি
রাষ্ট্রের পতি = রাষ্ট্রপতি	সন্ধ্যার প্রদীপ = সন্ধ্যাপ্রদীপ
সুখের সময় = সুসময়	কর্ণের কুহর = কর্ণকুহর
ভ্রূর কুটি = ভ্রূকুটি	বিশ্বের কবি = বিশ্বকবি
যাদুর ঘর = যাদুঘর	শিক্ষার গুরু = শিক্ষাগুরু
গ্রন্থের আগার = গ্রন্থাগার	জনের কণ্ঠ = জনকণ্ঠ
উপলের খণ্ড = উপলখণ্ড	ক্রোড়ের পত্র = ক্রোড়পত্র
কর্মের কর্তা = কর্মকর্তা	শ্বশুরের বাড়ি = শ্বশুরবাড়ি
ছাগীর দুগ্ধ = ছাগদুগ্ধ	বনের ফুল = বনফুল
রাজার পুত্র = রাজপুত্র	মাতার মূর্তি = মাতৃমূর্তি

এরূপ : ছাত্রসমাজ, দেশসেবা, দিল্লীশ্বর, বাঁদরনাচ, পাটক্ষেত, ছবিঘর, বিড়ালছানা ইত্যাদি।

ষষ্ঠী তৎপুরুষ সমাস সম্পর্কে জ্ঞাতব্য বিষয় :

i. ষষ্ঠী তৎপুরুষ সমাসে 'রাজা' শব্দের স্থলে 'রাজ' হয়। যেমন : রাজার পুত্র = রাজপুত্র, রাজার ধানী (বাসস্থান) = রাজধানী, রাজার দণ্ড = রাজদণ্ড, রাজার কন্যা = রাজকন্যা, রাজার নীতি = রাজনীতি, রাজার রানি = রাজরানি।

ii. ব্যাসবাক্যে শ্রেষ্ঠ অর্থে 'রাজা' শব্দ পরে থাকলে সমস্তপদে তা আগে আসে। যেমন : কবিদের রাজা = রাজকবি, হাঁসের রাজা = রাজহাঁস, মিস্ত্রিদের রাজা = রাজমিস্ত্রি, হংসের রাজা = রাজহংস, পথের রাজা = রাজপথ।

⊡ **ব্যতিক্রম :** ব্যাসবাক্যে 'রাজা' শব্দটি 'রাজা' (King) অর্থে ব্যবহার হলে ও পরে থাকলে সমস্তপদে তা পরেই থাকে, আগে বসে না। যেমন : গজনীর রাজা = গজনীরাজ।

iii. ষষ্ঠী তৎপুরুষ সমাসে পিতা, মাতা, ভ্রাতা স্থলে যথাক্রমে পিতৃ, মাতৃ, ভ্রাতৃ হয়। যেমন : পিতার ধন = পিতৃধন, মাতার সেবা = মাতৃসেবা, মাতার মঙ্গল = মাতৃমঙ্গল, ভ্রাতার স্নেহ = ভ্রাতৃস্নেহ, মাতার স্নেহ = মাতৃস্নেহ, পিতার স্নেহ = পিতৃস্নেহ।

iv. পরপদে সহ, তুল্য, নিভ, প্রায়, প্রতিম শব্দগুলো থাকলে ষষ্ঠী তৎপুরুষ সমাস হয়। যেমন : পত্নীর সহ = পত্নীসহ, কন্যার সহ = কন্যাসহ, বন্ধুর তুল্য = বন্ধুতুল্য, মৃতের প্রায় = মৃতপ্রায়, পিতার তুল্য = পিতৃতুল্য, ভ্রাতার তুল্য = ভ্রাতৃতুল্য, অনুজের প্রতিম = অনুজপ্রতিম, সহোদরের প্রতিম = সহোদরপ্রতিম/সোদরপ্রতিম।

v. পরপদে রাজি, গ্রাম, বৃন্দ, গণ, যূথ, পাল প্রভৃতি সমষ্টিবাচক শব্দ থাকলে ষষ্ঠী তৎপুরুষ সমাস হয়। যেমন : হস্তীর যূথ = হস্তীযূথ, পুষ্পের রাজি = পুষ্পরাজি, সদস্যের বৃন্দ = সদস্যবৃন্দ, গুণের গ্রাম = গুণগ্রাম, ছাত্রের গণ = ছাত্রগণ, রত্নের রাজি = রত্নরাজি, পঙ্গের পাল = পঙ্গপাল, শিক্ষকের বৃন্দ = শিক্ষকবৃন্দ।

vi. কালের কোনো অংশবোধক শব্দ পরে থাকলে তা পূর্বে বসে। যেমন : অহ্নের (দিনের) পূর্বভাগ = পূর্বাহ্ন, অহ্নের অপর ভাগ = অপরাহ্ন।

vii. 'অর্ধ' বা 'মাঝ' শব্দ পরপদ হলে সমস্তপদে তা পূর্বপদ হয়। যেমন : পথের অর্ধ = অর্ধপথ, সেরের অর্ধ = অর্ধসের, ভাগের অর্ধ = অর্ধভাগ।

viii. শিশু, দুগ্ধ, অণ্ড (ডিম), ডিম্ব ইত্যাদি শব্দ পরে থাকলে এবং ব্যাসবাক্যে স্ত্রীবাচক শব্দ পূর্বপদে থাকলে সমস্তপদে স্ত্রীবাচক শব্দটি পূর্বপদে পুরুষবাচক হয়। যেমন : মৃগীর শিশু = মৃগশিশু, ছাগীর দুগ্ধ = ছাগদুগ্ধ, হংসীর ডিম্ব = হংসডিম্ব, কুকুরীর ছানা = কুকুরছানা ইত্যাদি।

সপ্তমী তৎপুরুষ/অধিকরণ তৎপুরুষ সমাস : পূর্বপদে সপ্তমী বিভক্তি (এ, য়, তে) লোপ পেয়ে যে সমাস হয় তাকে সপ্তমী তৎপুরুষ সমাস বলে। যেমন :

গাছে পাকা = গাছপাকা	দিবায় নিদ্রা = দিবানিদ্রা
বাক্যে পটু = বাক্‌পটু	তালে কানা = তালকানা
বস্তায় পচা = বস্তাপচা	বিশ্বে বিখ্যাত = বিশ্ববিখ্যাত
অকালে মৃত্যু = অকালমৃত্যু	গোলায় ভরা = গোলাভরা
ভোজনে পটু = ভোজনপটু	দানে বীর = দানবীর
কর্মে নিপুণ = কর্মনিপুণ	জলে মগ্ন = জলমগ্ন
কোটরে স্থিত = কোটরস্থিত	রাতে কানা = রাতকানা
বাক্সে বন্দি = বাক্সবন্দি	মনে মরা = মনমরা
মেঘে লুপ্ত = মেঘলুপ্ত	অকালে পক্ব = অকালপক্ব
বনে ভোজন = বনভোজন	তালিকায় ভুক্ত = তালিকাভুক্ত
যুদ্ধে বিরতি = যুদ্ধবিরতি	রথে আরোহণ = রথারোহণ
সংখ্যায় লঘু = সংখ্যালঘু	সাহিত্যে বিশারদ = সাহিত্যবিশারদ
সলিলে সমাধি = সলিলসমাধি	তমসায় আচ্ছন্ন = তমসাচ্ছন্ন
দানে বীর = দানবীর	পুথিতে গত = পুথিগত
সংখ্যায় লঘিষ্ঠ = সংখ্যালঘিষ্ঠ	সত্যে নিষ্ঠা (আগ্রহ) = সত্যনিষ্ঠা
মাথায় ব্যথা = মাথাব্যথা	ন্যায়ে নিষ্ঠ = ন্যায়নিষ্ঠ

বিশেষ নিয়ম :

i. সপ্তমী তৎপুরুষ সমাসে কোনো কোনো সময় ব্যাসবাক্যে পরপদ সমস্তপদের পূর্বে আসে। যেমন : পূর্বে ভূত = ভূতপূর্ব, পূর্বে শ্রুত = শ্রুতপূর্ব, পূর্বে অশ্রুত = অশ্রুতপূর্ব, পূর্বে অদৃষ্ট = অদৃষ্টপূর্ব।

ii. ব্যাসবাক্যে তৎপুরুষ সমাসের বৈশিষ্ট্যসহ 'মধ্যে' শব্দ থাকলে সপ্তমী তৎপুরুষ সমাস হয়। যেমন : সকলের মধ্যে শ্রেষ্ঠ = সর্বশ্রেষ্ঠ, কবিদের মধ্যে শ্রেষ্ঠ = কবিশ্রেষ্ঠ, নরের মধ্যে অধম = নরাধম, পুরুষের মধ্যে উত্তম = পুরুষোত্তম, লাটদের মধ্যে বড় = বড়লাট, সকলের মধ্যে উত্তম = সর্বোত্তম।

CamScanner

নঞ্ তৎপুরুষ সমাস : সংস্কৃতে নঞ্ একটি অব্যয়। এর অর্থ 'না'। পূর্বপদে নঞর্থক বা না-বাচক অব্যয় (ন, না, নি, নেই, নাই, নয়, অ, অন, অনা, আ, গর, বি, বে ইত্যাদি) বসে যে তৎপুরুষ সমাস হয়, তাকে নঞ্ তৎপুরুষ সমাস বলে। যেমন :

ন আচার = অনাচার	ন আদর = অনাদর	ন অতি খর্ব = নাতিখর্ব
নেই তাল = বেতাল	ন সময় = অসময়	ন অতি দীর্ঘ = নাতিদীর্ঘ
ন কাতর = অকাতর	নয় কাতর = অকাতর	নেই চপ্ (মানান) = বেচপ
নয় অশন = অনশন	নেই খুঁত = নিখুঁত	বে (নয়) আইনি = বেআইনি
নয় রাজি = অরাজি	ন আহত = অনাহত	নয় আশ্রিত = অনাশ্রিত
নয় ক্ষত = অক্ষত	ন রাজি = গররাজি	নয় অতি বৃহৎ = অনতিবৃহৎ
ন ঐক্য = অনৈক্য	ন উন্নত = অনুন্নত	ন অতিশীতোষ্ণ = নাতিশীতোষ্ণ
ন এক = অনেক	নাই খরচা = নিখরচা	নয় হাজির = গরহাজির
ন মিল = অমিল	নয় সৃষ্টি = অনাসৃষ্টি	ন (মন্দ অর্থে) গাছ = আগাছা
ন উর্বর = অনুর্বর	নয় রসিক = বেরসিক	ন (নয়) সরকারি = বেসরকারি
নেই হুঁশ = বেহুঁশ	নয় স্থির = অস্থির	নেই অধিকার = অনধিকার
নয় সত্য = অসত্য	নয় ব্যয় = অব্যয়	নয় কৃত্রিম = অকৃত্রিম
ন ভাব = অভাব	নয় আসক্ত = অনাসক্ত	ন সহযোগ = অসহযোগ
ন সুখ = অসুখ	নয় পর্যাপ্ত = অপর্যাপ্ত	নয় বিশ্বাস্য = অবিশ্বাস্য
ন ঠিক = বেঠিক	নয় উচিত = অনুচিত	ন অভিজ্ঞ = অনভিজ্ঞ
নেই হুঁশ = বেহুঁশ	নয় কপট = অকপট	ন অতিদূর = নাতিদূর

বিশেষ নিয়ম :

i. খাঁটি বাংলায় অ, আ, না কিংবা অনা হয়। যেমন : ন কাল = অকাল বা আকাল, ন ধোয়া = আধোয়া, নয় মঞ্জুর = নামঞ্জুর, ন কেজো = অকেজো; নাই জানা = অজানা, নয় চেনা = অচেনা। এরূপ : আলুনি, নাছোড়, অনাবাদি, নাবালক ইত্যাদি।

ii. উত্তর বা পরপদের আদিতে ব্যঞ্জনবর্ণ থাকলে 'নঞ্' স্থানে 'অ' হয়। যেমন : ন মিল = অমিল।

iii. উত্তরপদের আদিতে স্বরবর্ণ থাকলে 'নঞ্' স্থানে 'অন' হয়। যেমন : ন আবাদি = অনাবাদি।

iv. কখনো কখনো 'নঞ্' স্থানে 'নয়' হয়। যেমন : নয় বালক = নাবালক।

v. না-বাচক অর্থ ছাড়াও বিশেষ অর্থে নঞ্ তৎপুরুষ সমাস হয়। যেমন :

যে অর্থে ব্যবহৃত	ব্যাসবাক্য	সমস্তপদ
অভাব	ন বিশ্বাস	অবিশ্বাস
ভিন্নতা	ন লৌকিক	অলৌকিক।
অল্পতা	ন কেশা	অকেশা।
বিরোধ	ন সুর	অসুর।
অপ্রশস্ত	ন কাল	অকাল।
মন্দ	ন ঘাট	অঘাট।
এরূপ : অমানুষ, অসঙ্গত, অভদ্র, অনন্য, অগম্য ইত্যাদি।		

উপপদ তৎপুরুষ সমাস : কৃদন্ত পদের সঙ্গে উপপদের যে সমাস হয়, তাকে উপপদ তৎপুরুষ সমাস বলে। যেমন : পকেট মারে যে = পকেটমার, জলে চরে যা = জলচর, জল দেয় যে = জলদ। এখানে পকেট, জলে, জল উপপদ এবং 'মারে', 'চরে' ও 'দেয়' কৃদন্ত পদ। এরূপ :

পঙ্কে জন্মে যা = পঙ্কজ	বনে চরে (বিচরণ করে) যে = বনচর
মনে জন্মে যা = মনোজ	আত্মা হতে জন্মে যে = আত্মজ
মধু করে যে = মধুকর	বসু (ধন) ধরে যে = বসুন্ধরা
স্বর্ণ করে যে = স্বর্ণকার	ইন্দ্রিয়কে জয় করেছে যে = জিতেন্দ্রিয়
গুপ্তভাবে চরে যে = গুপ্তচর	অর্থ করা যায় যার দ্বারা = অর্থকরী
অগ্রে জন্মে যে = অগ্রজ	পথ নির্মাণ করে যে = পথিকৃৎ
নীর দান করে যে = নীরদ	সর্বনাশ করে যে = সর্বনাশা
ছেলে ধরে যে = ছেলেধরা	ধামা ধরে যে = ধামাধরা
বাজি করে যে = বাজিকর	পাতা চাটে যে = পাতাচাটা
বাস্তু হারিয়েছে যে = বাস্তুহারা	খ-য়ে (আকাশ) চরে (বিচরণ) যে = খেচর
গৃহে থাকে যে = গৃহস্থ	ক্ষীণভাবে বাঁচে যে = ক্ষীণজীবী
পুথি পড়ে যে = পুথিপোড়ো	একান্নে (এক অন্নে) বর্তে যে = একান্নবর্তী
প্রভা করে যে = প্রভাকর	মন হরণ করে যে (নারী) = মনোহারিণী
বুক ভাঙে যাতে = বুকভাঙা	প্রিয়ম্ বলে যে (নারী) = প্রিয়ংবদা
যাদু করে যে = যাদুকর	সর্ব হারিয়েছে যার/যাদের = সর্বহারা
মধু পান করে যে = মধুপ	তিমিরকে বিদীর্ণ করে যে = তিমিরবিদারী
ছা পোষে যে = ছা-পোষা	পা (শেকড়) দিয়ে পান করে যে = পাদপ (বৃক্ষ)
ভুঁই ফোঁড়ে যে = ভুঁইফোঁড়	ইন্দ্রকে জয় করেছে যে = ইন্দ্রজিৎ
সত্য বলে যে = সত্যবাদী	নীল করে (চাষ করে) যে = নীলকর
হালুই করে যে = হালুইকর	পাতা ছিঁড়ে যে = পাতাছেঁড়া
পা চাটে যে = পা-চাটা	ভার বহন করে যে = ভারবাহী
গিরিতে থাকে যে = গিরিশ	অগ্রে গমন করে যে = অগ্রগামী
স্বয়ং জন্মে যে = স্বয়ম্ভু	শাস্ত্র জানেন যিনি = শাস্ত্রজ্ঞ
দেশে জন্মে যা = দেশজ	শত্রুকে জয় করে যে = শত্রুঞ্জয়
বিশ্ব জয় করেছে যে = বিশ্বজিৎ	টনক নড়ে যাতে = টনকনড়া
শত্রুকে বধ করে যে = শত্রুঘ্ন	মনে মরেছে যে = মনমরা

এরূপ : গায়েপড়া, হাড়ভাঙা, মাছিমারা, ছারপোকা, ঘরপোড়া, বর্ণচোরা, গলাকাটা, পাড়াবেড়ানি, ফুলচর, গ্রন্থকার, স্বর্ণকার ইত্যাদি।

উপপদ তৎপুরুষ সমাসের সঙ্গে সংশ্লিষ্ট বিষয়াদি :

i. **উপপদ :** কৃৎপ্রত্যয়ান্ত শব্দের আগে উপসর্গ ছাড়া অন্য পদ থাকলে, তাকে উপপদ বলে। যেমন : কুম্ভ করে যে = কুম্ভকার / কুম্ভ + √কৃ + অ = কুম্ভকার। এখানে 'কুম্ভ' উপপদ। অর্থাৎ কোনো পদ বিশ্লেষণ করলে যদি প্রথমে একটি পদ, তারপর একটি ধাতু এবং শেষে একটি প্রত্যয় পাওয়া যায়, তাহলে প্রথম পদটিকে উপপদ বলে।

অলুক তৎপুরুষ সমাস : যে তৎপুরুষ সমাসে পূর্বপদের বিভক্তি লোপ হয় না, তাকে অলুক তৎপুরুষ সমাস বলে। যেমন : গায়ে পড়া = গায়েপড়া, কলের গান = কলের গান, ঘিয়ে ভাজা = ঘিয়েভাজা, সোনার তরী = সোনার তরী।

অলুক তৎপুরুষ সমাসের সঙ্গে সংশ্লিষ্ট বিষয়াদি :

i. **অলুক সমাস :** [স. অ (নঞ্) + লুক্] = অলুক। ন (নাই) লুক্ (লোপ) যার = অলুক। সমাসের ক্ষেত্রে বলা যায়, যে সমাসে পূর্ব পদের বিভক্তির লোপ হয় না, তাকে অলুক সমাস বলে। যেমন : মায়ের দোয়া = মায়ের দোয়া।

তেলে ভাজা = তেলেভাজা	কলে ছাঁটা = কলেছাঁটা
তাঁতে বোনা = তাঁতেবোনা	ঘোড়ার ডিম = ঘোড়ারডিম
মায়ে খেদানো = মায়েখেদানো	গরুর গাড়ি = গরুরগাড়ি
সোনার বাংলা = সোনার-বাংলা	মাটির মানুষ = মাটিরমানুষ
কলুর বলদ = কলুরবলদ	চোখের বালি = চোখের বালি
সোনার প্রতিমা = সোনার প্রতিমা	

এরূপ : তাঁতেবোনা, মায়েখেদানো, পোকায়কাটা (কাপড়), হাতেকাটা (সুতা), পড়ার টেবিল, খেলার মাঠ, বসার ঘর, তেলের শিশি, চায়ের কাপ, চোখের জল, বিদেশ থেকে আসা, দূর থেকে দেখা, তিলের তেল, বৃষ্টির ফোটা, হাতেরপাঁচ, মামারবাড়ি, সাপেরপা, মনেরমানুষ, কলেরগান, সোনায় সোহাগা, মনে রাখা, হাতে আঁকা, অরণ্যে রোদন, নাকে খত, অঙ্কে কাঁচা, দুধে আলতা।

v. ভ্রাতার পুত্র = ভ্রাতুষ্পুত্র (**নিপাতনে সিদ্ধ**)।

vii. **অলুক উপপদ তৎপুরুষ সমাস :** বানে ভাসা, জলে ভাসা, গায়ে পড়া।

বিশেষ নিয়ম :

i. গায়ে-হলুদ, হাতে-খড়ি প্রভৃতি সমস্তপদে পরপদের অর্থ প্রধান রূপে প্রতীয়মান হয় না অর্থাৎ হলুদ বা খড়ি বোঝায় না, অনুষ্ঠান বিশেষকে বোঝায়। সুতরাং এগুলো অলুক তৎপুরুষ নয়, অলুক বহুব্রীহি সমাস।

০৪. বহুব্রীহি সমাস

বহুব্রীহি সমাস : যে সমাসে সমস্যমান পদগুলোর (পূর্বপদ বা পরপদ) কোনোটির অর্থ না বুঝিয়ে, অন্য কোনো অর্থ বোঝায়, তাকে বহুব্রীহি সমাস বলে। যেমন : বহু ব্রীহি (ধান) আছে যার = বহুব্রীহি। এখানে 'বহু' কিংবা 'ব্রীহি' কোনোটিরই অর্থের প্রাধান্য নেই, যার বহু ধান আছে এমন লোককে বোঝাচ্ছে। এরূপ : বউ ভাত পরিবেশন করে যে অনুষ্ঠানে = বউভাত, লাঠিতে লাঠিতে যে যুদ্ধ = লাঠালাঠি।

- **বহুব্রীহি সমাসের প্রকারভেদ :** নতুন ব্যাকরণ বইয়ে বহুব্রীহি সমাসের ছয়টি প্রকার উল্লেখ করা হয়েছে। যথা : ১. সমানাধিকরণ বহুব্রীহি ২. ব্যধিকরণ বহুব্রীহি ৩. পদলোপী বহুব্রীহি ৪. ব্যতিহার বহুব্রীহি ৫. অলুক বহুব্রীহি ৬. সংখ্যাবাচক বহুব্রীহি। অপরদিকে, পুরাতন ব্যাকরণ অনুযায়ী বহুব্রীহি সমাস আট প্রকার। যথা : ১. সমানাধিকরণ বহুব্রীহি ২. ব্যধিকরণ বহুব্রীহি ৩. মধ্যপদলোপী বহুব্রীহি ৪. ব্যতিহার বহুব্রীহি ৫. অলুক বহুব্রীহি ৬. সংখ্যাবাচক বহুব্রীহি ৭. নঞ্ বহুব্রীহি ৮. প্রত্যয়ান্ত বহুব্রীহি।
- **বহুব্রীহি সমাস নির্ণয়ের সহজ কৌশল :** যদি সমস্তপদ বা সমাসবদ্ধ পদকে **'যে', 'যার', 'যাতে', 'সহিত',** কিংবা **'সহ'** শব্দ দ্বারা ব্যাসবাক্যে রূপান্তর করা যায় এবং সমাসবদ্ধ পদটি দ্বারা যদি তৃতীয় কোনো অর্থ প্রকাশ পায় তাহলে সেটি বহুব্রীহি সমাস হবে।
- **সমানাধিকরণ বহুব্রীহি :** পূর্বপদ বিশেষণ ও পরপদ বিশেষ্য হলে সমানাধিকরণ বহুব্রীহি সমাস হয়। এ সমাসে উভয় পদে একই শূন্যবিভক্তি (অ) থাকে বলে এর নাম সমানাধিকরণ। যেমন :

ব্যাসবাক্য পূর্বপদ (বিশেষণ) + পরপদ (বিশেষ্য)	সমস্তপদ
পীত (হলদে) অম্বর (বস্ত্র) যার	পীতাম্বর (শ্রীকৃষ্ণ)
হৃত হয়েছে শ্রী যার	হৃতশ্রী
নীল কণ্ঠ যার	নীলকণ্ঠ (শিব)

পক্ক কেশ যার = পক্বকেশ
তীক্ষ্ণ বুদ্ধি যার = তীক্ষ্ণবুদ্ধি
বদ বখ্‌ত যার = বদবখ্‌ত
মহান আত্মা যার = মহাত্মা
চঞ্চল মতি যার = চঞ্চলমতি
দৃঢ় প্রতিজ্ঞা যার = দৃঢ়প্রতিজ্ঞ
নীল বসন যার = নীলবসনা
জবর দস্ত যার = জবরদস্তি
কম বখ্‌ত যার = কমবখ্‌ত
উচ্চ শির যার = উচ্চশির
সুন্দর শ্রী (সৌন্দর্য) যার = সুশ্রী
অল্প প্রাণ যার = অল্পপ্রাণ
বিশাল অক্ষি যার = বিশালাক্ষী
সু বর্ণ যার = স্বর্ণ
বিশিষ্ট লোচন যার = বিলোচন
যুবতি জায়া যার = যুবজানি
মন্দ ভাগ্য যার = মন্দভাগ্য
ধীর বুদ্ধি যার = ধীরবুদ্ধি
বিচিত্র কর্ম যার = বিচিত্রকর্মা

সুন্দর শীল (স্বভাব) যার = সুশীল
আয়ত লোচন যার = আয়তলোচনা
স্বচ্ছ সলিল যার = স্বচ্ছসলিলা
এক গোঁ (জেদ) যার = একগুঁয়ে
করিত (কৃত) কর্ম যার = করিতকর্মা
কৃত হয়েছে বিদ্যা যার = কৃতবিদ্য
বি (গত) হয়েছে পত্নী যার = বিপত্নীক
হৃত হয়েছে সর্বস্ব যার = হৃতসর্বস্ব
এক দিকে রোখ (জিদ) যার = একরোখা
অন্য দিকে মন যার = অন্যমনস্ক
লাল পাড় যে শাড়ির = লালপেড়ে
খোশ মেজাজ যার = খোশমেজাজ
হরি (হরিদবর্ণ) অক্ষি যার = হর্যক্ষ (সিংহ)
মহাজগৎ সম্পর্কিত যা = মহাজাগতিক
প্রোষিত ভর্তৃকা (স্বামী) যার = প্রোষিতভর্তৃকা
প্রোষিতা ভার্যা (স্ত্রী) যার =প্রোষিতভার্য
বীত (বিগত) হয়েছে স্পৃহা যার = বীতস্পৃহ
স্থির প্রতিজ্ঞা যার = স্থিরপ্রতিজ্ঞ

- পূর্বপদে 'মহৎ' বা 'মহান' স্থানে 'মহা' হয়। যেমন : মহৎ প্রাণ যার = মহাপ্রাণ, মহৎ আশয় (চিত্ত) যার = মহাশয়, মহান মহিমা যার = মহামহিম ।
- 'সমান' শব্দের স্থানে 'স' এবং 'সহ' হয়। যেমন : সমান কর্মী যে = সহকর্মী, সমান বর্ণ যার = সমবর্ণ, সমান উদর যাদের = সহোদর, সমান তীর্থ (গুরু) যার = সতীর্থ, সমান জাতি যার = সজাতি।
- **ব্যধিকরণ বহুব্রীহি :** পূর্বপদ এবং পরপদ কোনোটিই যদি বিশেষণ না হয়ে উভয়পদই বিশেষ্য হয় (কখনো কখনো ক্রিয়াবিশেষ্য), তাকে ব্যধিকরণ বহুব্রীহি সমাস বলে। এ সমাসের ব্যাসবাক্যে পূর্বপদ ও পরপদে পৃথক বিভক্তিযুক্ত হয়। পূর্বপদ ও পরপদের বিভক্তি পৃথক বলেই এর নাম ব্যধিকরণ (বি + অধিকরণ)। যেমন :

গোঁফে খেজুর যার = গোঁফখেজুরে
কথা সর্বস্ব যার = কথাসর্বস্ব
চক্র পাণিতে যার = চক্রপাণি
বজ্রতে দেহ যার = বজ্রদেহ
নদী মাতা যার = নদীমাতৃক
জল ওক (আশ্রয়) যার = জলৌকা
নিম্নে রেখা যার = নিম্নরেখ

আশীতে (দাঁতে) বিষ যার = আশীবিষ
বীণা পাণিতে যার = বীণাপাণি
শূল পাণিতে যার = শূলপাণি
চন্দ্র চূড়ায় যার = চন্দ্রচূড়
বিশ্ব মিত্র যার = বিশ্বামিত্র
সত্যে নিষ্ঠা আছে যার = সত্যনিষ্ঠ

- পরপদ কৃদন্ত বিশেষণ হলেও ব্যধিকরণ বহুব্রীহি সমাস হয়। যেমন : দুই কান কাটা যার = দুকানকাটা; বোঁটা খসেছে যার = বোঁটাখসা; ছা পোষা যার = ছা-পোষা। অনুরূপভাবে : পা-চাটা, পাতা-চাটা, পাতাছেঁড়া, ধামাধরা ইত্যাদি।
- সমস্ত পদে 'নাভি' শব্দের স্থলে 'নাভ' হয়। যেমন : পদ্ম নাভিতে যার = পদ্মনাভ, উর্ণা নাভিতে যার = উর্ণনাভ।
- **মধ্যপদলোপী বহুব্রীহি :** বহুব্রীহি সমাসের ব্যাখ্যার জন্য ব্যবহৃত বাক্যাংশের কোনো অংশ যদি সমস্তপদে লোপ পায়, তবে তাকে মধ্যপদলোপী বহুব্রীহি বলে। যেমন :

কুলার ন্যায় কান যার = কুলাকানি
চিরুনির মতো দাঁত যার = চিরুনদাঁতি
দশ বছর বয়স যার = দশবছুরে
অগ্নিতে পুড়িয়ে পরীক্ষা = অগ্নিপরীক্ষা
কমলের ন্যায় অক্ষি যার = কমলাক্ষ
কৃত অঞ্জলি যার দ্বারা = কৃতাঞ্জলি
বরাহর (শূকর) ন্যায় খুর যার = বরাখুরে
মেনির মুখের মতো মুখ যার = মেনিমুখো
কোকিলের ন্যায় কণ্ঠ যার = কোকিলকণ্ঠী

কাঞ্চনের (সোনা) মতো প্রভা যার = কাঞ্চনপ্রভা
শূর্পের (কুলা) ন্যায় নখ যে নারীর = শূর্পনখা
বিড়ালের চোখের ন্যায় চোখ যার = বিড়ালচোখী
বিড়ালের অক্ষির ন্যায় অক্ষি যার = বিড়ালাক্ষী
কপোতের অক্ষির ন্যায় অক্ষি যার = কপোতাক্ষ
হাতে খড়ি দেওয়া হয় যে অনুষ্ঠানে = হাতেখড়ি
গায়ে হলুদ দেওয়া হয় যে অনুষ্ঠানে = গায়েহলুদ
শুচিতা রক্ষার বায়ু রোগ যার = শুচিবেয়ে

বিঃ দ্রঃ *পুরাতন ব্যাকরণ বইতে 'হাতেখড়ি' এবং 'গায়েহলুদ' সমাস দুইটিকে অলুক বহুব্রীহি সমাস হিসেবে দেখানো হয়েছে।*

- পরপদে 'গন্ধ' শব্দের স্থানে 'গন্ধি' বা 'গন্ধা' হয়। যেমন : পদ্মের ন্যায় গন্ধ যার = পদ্মগন্ধি, মৎস্যের ন্যায় গন্ধ যার = মৎস্যগন্ধা
- **ব্যতিহার বহুব্রীহি :** ক্রিয়ার পারস্পরিক অর্থে ব্যতিহার বহুব্রীহি হয়। এ সমাসে পূর্বপদে 'আ' এবং উত্তরপদে 'ই' যুক্ত হয়। যেমন :

হাতে হাতে যে যুদ্ধ = হাতাহাতি
পরস্পরকে জানা = জানাজানি
দণ্ডে দণ্ডে যে যুদ্ধ = দণ্ডাদণ্ডি
রক্তে রক্তে যে লড়াই = রক্তারক্তি
গলায় গলায় যে ভাব = গলাগলি
কানে কানে যে কথা = কানাকানি
পরস্পরকে কাটা = কাটাকাটি
পরস্পরকে হানা = হানাহানি
পরস্পর দর হাঁকা = দরাদরি
পরস্পর সরে যাওয়া = সরাসরি
ঘুষিতে ঘুষিতে যে লড়াই = ঘুষাঘুষি
নখে নখে যে ঝগড়া = নখানখি
গলায় গলায় যে মিল = গলাগলি

চুলে চুলে ধরে যে লড়াই = চুলাচুলি
কাড়িতে কাড়িতে যে লড়াই = কাড়াকাড়ি
কেশে কেশে ধরে যে যুদ্ধ = কেশাকেশি
লাঠিতে লাঠিতে যে যুদ্ধ = লাঠালাঠি
পরস্পরকে বোঝা (যুদ্ধ করা) = বোঝাবুঝি
পরস্পরের মধ্যে আড়ি = আড়াআড়ি
দেখায় দেখায় যে ক্রিয়া = দেখাদেখি
চোখে চোখে যে ক্রিয়া = চোখাচোখি
হাসিতে হাসিতে যে ক্রিয়া = হাসাহাসি
কোলে কোলে যে মিলন = কোলাকুলি
গালিতে গালিতে যে যুদ্ধ = গালাগালি
গুঁতায় গুঁতায় যে লড়াই = গুঁতাগুঁতি

- **অলুক বহুব্রীহি :** যে বহুব্রীহি সমাসে পূর্ব বা পরপদের কোনো পরিবর্তন হয় না, তাকে অলুক বহুব্রীহি বলে। অলুক বহুব্রীহি সমাসে সমস্তপদটি বিশেষণ হয়। যেমন :

গায়ে এসে পড়ে যে = গায়েপড়া
হাতে ছড়ি যার = হাতেছড়ি;
গলায় গামছা যার = গলায়গামছা
কানে খাটো যে = কানেখাটো
মাথায় পাগড়ি যার = মাথায়পাগড়ি
কানে কলম যার = কানে-কলম

গলায় মালা দেওয়া হয় যার = গলায়মালা
গায়ে হলুদ দেওয়া হয় যে অনুষ্ঠানে = গায়েহলুদ
মুখে (প্রথম) ভাত দেওয়া হয় যে অনুষ্ঠানে = মুখেভাত
হাতে খড়ি দেওয়া হয় যে অনুষ্ঠানে = হাতেখড়ি
মাথায় ছাতা আছে যার = মাথায়-ছাতা
হাতে বেড়ি যার = হাতে-বেড়ি

উল্লেখ্য, 'গায়েহলুদ', 'মুখেভাত', 'হাতেখড়ি' প্রভৃতিকে অনুষ্ঠানবাচক বহুব্রীহিও বলা হয়।

- **সংখ্যাবাচক বহুব্রীহি :** পূর্বপদ সংখ্যাবাচক এবং পরপদ বিশেষ্য হলে এবং সমস্তপদটি বিশেষণ বোঝালে তাকে সংখ্যাবাচক বহুব্রীহি বলা হয়। এ সমাসে সমস্তপদে 'আ', 'ই' বা 'ঈ' যুক্ত হয়। যেমন :

চার ভুজ যে ক্ষেত্রের = চতুর্ভুজ
দশ গজ পরিমাণ যার = দশগজি
চার হাত পরিমাণ যা = চারহাতি
দুটি নল যার = দোনলা
এক চাল আছে যে ঘরের = একচালা
এক দিকে রোখ যার = একরোখা
পাঁচ ভরি ওজন যার = পাঁচভরি
পাঁচ সের পরিমাণ যার = পাঁচসেরি
পাঁচ হাত লম্বা যার = পাঁচহাতি

দো (দুই) তলা যে ঘরের = দোতলা
চৌ (চার) চাল যে ঘরের = চৌচালা
তিন পা বিশিষ্ট যা = তেপায়া
দশ ভুজ (হাত) আছে যার = দশভুজা
সপ্ত পদ আছে যার = সপ্তপদী
চার পা আছে যার = চতুষ্পদ
এক দিকে চোখ যার = একচোখা
তিন মণ ওজন যার = তিনমণি

CamScanner

ভিন্ন সমস্তপদটি বিশেষ্য বোঝায় এমন সংখ্যাবাচক বহুব্রীহি সমাস হলো :

এক তার যে যন্ত্রের = একতারা
ত্রি লোচন যার = ত্রিলোচন (শিব)
দুই কথার জ্ঞান যার = দোজাখী
পঞ্চ (পাঁচ) পাড় আছে যার = পাঁচপাড়
পঞ্চ আনন যার = পঞ্চানন (শিব)
সে (তিন) তার যে যন্ত্রের = সেতার
সহস্র লোচন যার = সহস্রলোচন (ইন্দ্র)
দুই তার আছে যে যন্ত্রের = দোতারা
চতুর (চার) মুখ যার = চতুর্মুখ (ব্রহ্মা)
ত্রি নয়ন যার = ত্রিনয়ন (শিব)/ত্রিনয়না (দুর্গা)
দশ আনন (মুখ) যার = দশানন (রাবণ)
দশ ভুজ আছে যার = দশভুজা (দুর্গা)
ষট্ (ছয়) আনন যার = ষড়ানন (কার্তিকেয়)
চতুর্দশ পদ যার = চতুর্দশপদী (কবিতা)

⊡ নঞর্থক/নঞ বহুব্রীহি সমাস : পূর্বপদে নঞর্থক (না-অর্থবোধক) অব্যয় ও পরপদে বিশেষ্য মিলে যে তৃতীয় বিষয়ের ধারণা প্রকাশ পায় তাকেই নঞর্থক বহুব্রীহি সমাস বলে। যেমন :

নেই আশ্রয় যার = অনাশ্রিত
নেই পুত্র যার = অপুত্রক
নেই শ্রী যার = বিশ্রী
নেই অসূয়া যার = অনসূয়া
নেই হুঁশ যার = বেহুঁশ
নেই উপায় যার = নিরুপায়
নেই কার যার = বেকার
নেই কলঙ্ক যার = নিষ্কলঙ্ক
নেই প্রভ যার = নিষ্প্রভ
নেই শব্দ যার = নিঃশব্দ
নেই মোহ যার = নির্মোহ
নেই ঈমান যার = বেঈমান
বে (নেই) হেড যার = বেহেড
নেই হক যার = নাহক
নেই বোধ যার = অবুঝ
নেই অন্ত যার = অনন্ত
না কাজের যা = অকেজো
নেই অর্থ যার = নিরর্থক
নেই অন্ত যার = অনন্ত
নি (নেই) ভুল যার = নির্ভুল

ন (নাই) জ্ঞান যার = অজ্ঞান
বে (নাই) তার যার = বেতার
না (নয়) জানা যা = অজানা/নাজানা
নেই থৈ (তল) যাতে = অথৈ
বে (নাই) ওয়ারিশ যার = বেওয়ারিশ
নেই পরোয়া (ভয়) যার = বেপরোয়া
বি (গত) হয়েছে পত্নী যার = বিপত্নীক
নেই অপরাধ যার = নিরপরাধ
অক্ষরজ্ঞান নেই যার = নিরক্ষর
নেই দ্বিতীয় যার = অদ্বিতীয়
নেই অন্তর (অবকাশ) যাতে = নিরন্তর
বিগত হয়েছে শ্রদ্ধা যার = বীতশ্রদ্ধ
নেই ঝঞ্ঝাট যার = নির্ঝঞ্ঝাট
না (নাই) চারা (উপায়) যার = নাচার
বি (বিগত) হয়েছে ধব (স্বামী) যার = বিধবা
নাই আমিষ যাতে = নিরামিষ
নয় লৌকিক যা = অলৌকিক।
বিগত হয়েছে রাগ (অনুরাগ) যার = বীতরাগ
নাই কুল যার = নকুল (মহাদেব)

⊡ প্রত্যয়ান্ত বহুব্রীহি : যে বহুব্রীহি সমাসের সমস্তপদে আ, এ, ও ইত্যাদি প্রত্যয় যুক্ত হয় তাকে বলা হয় প্রত্যয়ান্ত বহুব্রীহি। যেমন : এক দিকে চোখ (দৃষ্টি) যার = একচোখা (চোখ+আ), ঘরের দিকে মুখ যার = ঘরমুখো (মুখ+ও)। এরকম :

নি (নেই) খরচ যার = নি-খরচে
দুই দিকে মন যার = দোমনা
দুই দিকে টান যার = দোটানা
এক দিকে গোঁ যার = একগুঁয়ে

কোনো কাজে লাগে না যা = অকেজো
দুই কান কাটা যাহার = দোকানা
দুই মুখ আছে যার = দোমুখো (সাপ)
এক দিকে ঝোঁক যে = একচোখে
উর্ধ্ব গ্রীবা যার = উর্ধ্বগ্রীব

☞ আরো কয়েক প্রকারের বহুব্রীহি সমাস :

⊡ অলুক/ব্যতিহার/অব্যয়পূর্বপদ বহুব্রীহি সমাস : ব্যাসবাক্যের কোনো প্রকার লোপ পেয়ে যে বহুব্রীহি সমাস হয়, তাকে অলুক বহুব্রীহি সমাস বলে। যেমন : গলে বস্ত্র দিয়ে যার = গলবস্ত্র, তিন কাল পরিমাণ যার = ত্রিকালি।

⊡ সহার্থক বহুব্রীহি সমাস : সহার্থক (অর্থ : সহ বা সহিত অর্থবোধক) পদের সঙ্গে বিশেষ্য পদের বহুব্রীহি সমাস হলে তাকে সহার্থক বহুব্রীহি সমাস বলে। যেমন :

শ্রীর সঙ্গে বর্তমান = সশ্রীক
বান্ধবের বর্তমান = সবান্ধব
আদরের সহিত বর্তমান = সাদর
সম্মানের সহিত বর্তমান = সসম্মান
বিনয়ের সহিত বর্তমান = সবিনয়
ক্রিয়ার সহিত বর্তমান = সক্রিয়

বিনয়ের সঙ্গে বর্তমান = সবিনয়
অর্থের সহিত বর্তমান = সার্থক
অর্থের সহিত বর্তমান = সার্থ
পরিবারের সঙ্গে বর্তমান = সপরিবার
কর্মের সহিত বর্তমান = সকর্মক
পুত্রের সহিত বর্তমান = সপুত্র।

⊡ নিপাতনে সিদ্ধ (কোনো নিয়মের অধীনে নয়) বহুব্রীহি : কোনো নিয়ম অনুসরণ না করেই গঠিত বহুব্রীহি সমাসকে নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাস বলে। যেমন : দু দিকে অপ যার = দ্বীপ, অন্তর্গত অপ যার = অন্তরীপ, নরাকারের পশু যে = নরপশু, জীবিত থেকেও যে মৃত = জীবন্মৃত, পণ্ডিত হয়েও যে মূর্খ = পণ্ডিতমূর্খ ইত্যাদি।

☞ ছলে ছলে নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাসের দৃষ্টান্ত :

লোকটি পণ্ডিতমূর্খ হলেও অতীতের নরপশুর হাত থেকে জীবন্মৃত অবস্থায় ফিরে এসেছে।

☞ একনজরে বহুব্রীহি সমাসের পরিবর্তন :

পরপদে থাকলে	সমস্তপদে হয়
মাতৃ, পত্নী, পুত্র, স্ত্রী	মাতৃক, পত্নীক, পুত্রক, স্ত্রীক।
অক্ষি, নাভি	অক্ষ, নাভ।
জায়া	জানি।
চূড়া, কর্ম	চূড়, কর্মা।
গন্ধ, গন্ধি	গন্ধা।
সহ, সহিত	স।
যেমন : নদীমাতৃক, যুবজানি, বিপত্নীক, চন্দ্রচূড়, সবান্ধব ইত্যাদি।	

০৫. দ্বিগু সমাস

⊡ দ্বিগু সমাস : সমাহার (সমষ্টি) বা মিলন অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয়, তাকে দ্বিগু সমাস বলে। দ্বিগু সমাসে পূর্বপদে সংখ্যাবাচক শব্দ এবং উত্তরপদে বিশেষ্য পদ প্রযুক্ত হয়। এবং এ সমাসের সমস্তপদটি বিশেষ্য হয়। যেমন : ত্রি কালের সমাহার = ত্রিকাল। সপ্ত অর্ষির সমাহার = সপ্তর্ষি।

যেহেতু নতুন সংস্করণে (৯ম-১০ম শ্রেণি) দ্বিগু সমাসকে কর্মধারয় সমাসে অন্তর্ভুক্ত করে 'দ্বিগু কর্মধারয়' বলে উল্লেখ করা হয়েছে। সুতরাং পরীক্ষায় দ্বিগু সমাস থেকে প্রশ্ন আসলে অপশনে দ্বিগু কর্মধারয় থাকলে উত্তর দ্বিগু কর্মধারয় হবে। অন্যথায় দ্বিগু উত্তর দিবে।

⊡ দ্বিগু সমাসের শনাক্তকারী বৈশিষ্ট্যসমূহ :

i. পূর্বপদ সংখ্যাবাচক এবং পরপদ বিশেষ্য হয়।
ii. দ্বিগু সমাসের সমস্তপদটি বিশেষ্য হয়।
iii. বিশেষ্য সমস্তপদটি দ্বারা সমাহার বোঝায়।
iv. পরপদের অর্থের প্রাধান্য পরিলক্ষিত হয়।

➤ বিশেষ নিয়ম :

i. দ্বিগু সমাস কখনো অ-কারান্ত হলে আ-কারান্ত বা ই-কারান্ত হয়। যেমন : শত অব্দের সমাহার = শতাব্দী, পঞ্চ বটের সমাহার = পঞ্চবটী, ত্রি (তিন) পদের সমাহার = ত্রিপদী, ত্রি (তিন) ফলের সমাহার = ত্রিফলা, শত বর্ষের সমাহার = শতবার্ষিকী, চৌ (চার) মোহনার সমাহার = চৌমুহনী ইত্যাদি।

☞ দ্বিগু সমাসের গুরুত্বপূর্ণ উদাহরণ :

তিন মাথার সমাহার = তেমাথা।	ত্রি মোহনার সমাহার = ত্রিমোহিনী।
দু আনার সমাহার = দুআনা	পঞ্চ ভূতের সমাহার = পঞ্চভূত।
অষ্ট ধাতুর সমাহার = অষ্টধাতু।	পাঁচ কোড়নের সমাহার = পাঁচফোড়ন।
সাত সমুদ্রের সমাহার= সাতসমুদ্র।	পাঁচ সেরের সমাহার = পসুরি।
চৌ রাস্তার সমাহার = চৌরাস্তা।	চার অঙ্গের সমাহার = চতুরঙ্গ।
চার ভুজের সমাহার = চতুর্ভুজ।	সপ্ত অহের সমাহার = সপ্তাহ।
তের নদীর সমাহার = তেরনদী।	পঞ্চ নদীর সমাহার = পঞ্চনদ।
ষট্ (ছয়) ঋতুর সমাহার = ষড়ঋতু।	নব (নয়) রত্নের সমাহার = নবরত্ন।
ত্রি (তিন) রত্নের সমাহার = ত্রিরত্ন।	তিন ভুবনের সমাহার = ত্রিভুবন।
চতুর্দশ পদের সমাহার = চতুর্দশপদী।	পঞ্চ প্রদীপের সমাহার = পঞ্চপ্রদীপ।
তিন প্রান্তরের সমাহার = তেপান্তর।	তিনটি কড়ির বিনিময়ে ক্রীত = তিনকড়ি
দুই নয়নের সমাহার = দু'নয়ন।	সপ্ত সুরের সমাহার = সপ্তসুর।
ত্রি লোকের সমাহার = ত্রিলোক।	ষড় ভুজের সমাহার = ষড়ভুজ।
ত্রি (তিন) পিটকের সমাহার = ত্রিপিটক	পঞ্চ বটের সমাহার = পঞ্চবটী

CS CamScanner

০৬. অব্যয়ীভাব সমাস

অব্যয়ীভাব সমাস : 'অব্যয়ীভাব' শব্দের অর্থ : অব্যয় পদের ভাব বিশিষ্ট। পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়েরই অর্থের প্রাধান্য থাকে, তবে তাকে অব্যয়ীভাব সমাস বলে। যেমন : মরণ পর্যন্ত = আমরণ, জানু পর্যন্ত লম্বিত = আজানুলম্বিত (বাহু), যোগ্যকে অতিক্রম না করে = যথাযোগ্য।

➤ **অব্যয়ীভাব সমাসের সঙ্গে সংশ্লিষ্ট বিষয়াদি :**

i. অব্যয়ীভাব সমাসে কেবল অব্যয়ের অর্থযোগে ব্যাসবাক্যটি রচিত হয়।
ii. অব্যয়ীভাব সমাসের উত্তর বা পরপদটি সাধারণত বিশেষ্য হয়।
iii. উপসর্গ যেহেতু এক ধরনের অব্যয়, সেহেতু উপসর্গযোগে গঠিত সব শব্দই অব্যয়ীভাব সমাস হতে পারে।
iv. অনু, প্রতি, নিঃ, নির, আ, উপ, যথা, উৎ, পরি, প্র, পর ইত্যাদি অব্যয় দ্বারা সাধারণত অব্যয়ীভাব সমাস গঠিত হয়।
v. সামীপ্য (নৈকট্য), বীপ্সা (পৌনঃপুনিকতা), পর্যন্ত, অভাব, সাদৃশ্য, ক্ষুদ্র, অনতিক্রম্যতা, যোগ্যতা প্রভৃতি নানা অর্থে অব্যয়ীভাব সমাস হয়। যেমন : সমুদ্র থেকে হিমাচল পর্যন্ত = আসমুদ্রহিমাচল।

➤ **ছন্দে ছন্দে অব্যয়ীভাব সমাসের কিছু উদাহরণ :**

প্রতিদিন অনুক্ষণ প্রপিতামহ এর কথার প্রতিবাদ করে প্রতিপক্ষকে সম্পূর্ণরূপে ঘায়েল করতে উপকূল এর সীমানায় নির্ভাবনায় বসে থাকি। উপশহর এর কাছে শত্রুর প্রতিচ্ছবিকে অনুধাবন করে সময় কাটে আমার। নিজের আনত ভাবকে যথাসাধ্য প্রচেষ্টার মাধ্যমে সংযত রেখে প্রতিপক্ষকে আপাদমস্তক বেত্রাঘাত করে শান্তি দিতে কুণ্ঠাবোধ করি না।

➤ **অব্যয় পদযোগে বিভিন্ন অর্থে অব্যয়ীভাব সমাসের উদাহরণ :**

উপ

সামীপ্য বা কাছে অর্থে	
উপকণ্ঠ = কণ্ঠের সমীপে।	উপকূল = কূলের সমীপে।
উপনগরী = নগরীর সমীপে।	
সাদৃশ্য অর্থে	
উপকথা = কথার সদৃশ।	উপদ্বীপ = দ্বীপের সদৃশ।
উপবন = বনের সদৃশ।	উপলক্ষ্য = লক্ষ্যের সদৃশ।
উপভাষা = ভাষার সদৃশ।	উপমন্ত্রী = মন্ত্রীর সদৃশ।
উপাধ্যক্ষ = অধ্যক্ষের সদৃশ।	উপশহর = শহরের সদৃশ।
উপগ্রহ = গ্রহের তুল্য।	উপবিভাগ = বিভাগের সদৃশ।
উপমাতা = মাতার সদৃশ।	উপজেলা = জেলার সদৃশ।
উপসাগর = সাগরের সদৃশ।	উপশাখা = শাখার সদৃশ।
ক্ষুদ্র অর্থে	
উপগ্রহ = উপ [ক্ষুদ্র] যে গ্রহ।	উপজাতি = উপ [ক্ষুদ্র] যে জাতি।
উপনদী = উপ [ক্ষুদ্র] যে নদী।	উপবিভাগ = উপ [ক্ষুদ্র] যে বিভাগ।
উপসাগর = উপ [ক্ষুদ্র] যে সাগর।	উপপদ = উপ [ক্ষুদ্র] যে পদ।
উপশাখা = উপ [ক্ষুদ্র] যে শাখা।	
সম্যক অর্থে	
সম্যকভাবে ভোগ = উপভোগ।	

প্রতি/অনু

ব্যাপ্তি বা বীপ্সা অর্থে	
প্রতিক্ষণ = ক্ষণ ক্ষণ।	ক্ষণ ক্ষণ = অণুক্ষণ।
প্রতিদিন = দিন দিন।	প্রতিক্ষণে = ক্ষণে ক্ষণে।
প্রতিবার = বার বার।	প্রতিগৃহে = গৃহে গৃহে।
প্রতিমুহূর্ত = মুহূর্ত মুহূর্ত	প্রতিজন = জনে জনে।
বৈপরীত্য অর্থে	
প্রতিকূল = প্রতি [বিপরীত] কূল।	প্রতিদান = প্রতি [বিপরীত] দান।
প্রতিবাদ = প্রতি [বিপরীত] বাদ।	প্রত্যুত্তর = প্রতি [বিপরীত] উত্তর।
প্রতিবাক্য = বাক্যের বিপরীত।	প্রতিবিপ্লব = বিপ্লবের বিপরীত।

প্রতিনিধি বা সাদৃশ্য অর্থে	
প্রতিকৃতি = প্রতি [সদৃশ] কৃতি।	প্রতিমূর্তি = প্রতি [সদৃশ] মূর্তি।
প্রতিচ্ছায়া = প্রতি [সদৃশ] ছায়া।	প্রতিবিম্ব = প্রতি [সদৃশ] বিম্ব।
প্রতিধ্বনি = প্রতি [সদৃশ] ধ্বনি।	প্রতিচ্ছবি = ছবির সদৃশ।
প্রতিদ্বন্দ্বী বা বিরোধ অর্থে	
প্রতিপক্ষ = বিপরীত/বিরুদ্ধ পক্ষ।	প্রত্যুত্তর = বিপরীত উত্তর।
প্রতিবাদ = বিরুদ্ধ বাদ।	প্রতিকূল = বিরুদ্ধ কূল।
প্রতিযোগ = বিরুদ্ধ যোগ।	

যথা

অনতিক্রম্যতা বা অনুযায়ী অর্থে	
যথাবিধি = বিধিকে অতিক্রম না করে	যথেষ্ট = ইষ্টকে অতিক্রম না করে।
যথানিয়ম = নিয়মকে অতিক্রম না করে	যথেচ্ছা = ইচ্ছাকে অতিক্রম না করে
যথারীতি = রীতিকে অতিক্রম না করে	যথাশক্তি = শক্তিকে অতিক্রম না করে
যথাসাধ্য = সাধ্যকে অতিক্রম না করে	যথার্থ = অর্থকে অতিক্রম না করে
উপযুক্ত বা নির্দিষ্ট অর্থে	
যথাকালে = যথা কালে।	যথাসময়ে = যথা সময়ে।
যথাস্থানে = যথা স্থানে।	

আ

পর্যন্ত অর্থে	
আকণ্ঠ = আ [অবধি] কণ্ঠ	আজানু = জানু পর্যন্ত
আকর্ণ = আ [অবধি] কর্ণ	আসমুদ্রহিমাচল = সমুদ্র থেকে হিমাচল পর্যন্ত।
আমৃত্যু = আ [অবধি] মৃত্যু	আপাদমস্তক = পা থেকে মাথা পর্যন্ত।
আজীবন = জীবন পর্যন্ত	আসমুদ্র = সমুদ্র পর্যন্ত।
আকৈশর = কৈশর পর্যন্ত	আজন্ম = জন্ম (–এর বিনাশ) পর্যন্ত।
যাবজ্জীবন = জীবন পর্যন্ত	আবাল্য = বাল্যের সূচনা থেকে শেষ পর্যন্ত।
আমূল = মূল পর্যন্ত	আপামরজনসাধারণ = পামর থেকে জনসাধারণ পর্যন্ত
আবক্ষ = বক্ষ পর্যন্ত	আমরণ = মরণ পর্যন্ত
আশৈশব = শৈশব অবধি	
অভাব অর্থে	
আলুনি = নুনের অভাব।	হাভাত = ভাতের অভাব।
ঈষৎ বা কম অর্থে	
আনত = ঈষৎ নত।	আরক্তিম = ঈষৎ রক্তিম।
সমষ্টি অর্থে : আবাল-বৃদ্ধ-বনিতা = বালবৃদ্ধ থেকে বনিতা সবাই।	

দুঃ

মন্দ অর্থে	
দুর্ভাগ্য = দুঃ (যে) ভাগ্য।	দুর্জন = দুঃ (যে) জন।
দুরাশা = দুঃ (যে) আশা।	দুষ্কৃতি = দুঃ (যে) কৃতি।
দুর্নাম = দুঃ (যে) নাম।	দুষ্প্রাপ্য = দুঃ (যে) প্রাপ্য।

নিঃ = নির

অভাব অর্থে	
নিরামিষ = আমিষের অভাব।	নির্ভাবনা = ভাবনার অভাব।
নিরুৎসাহ = উৎসাহের অভাব।	নির্মক্ষিক = মক্ষিকার অভাব।
নির্ঝঞ্ঝাট = ঝঞ্ঝাটের অভাব।	নির্জল = জলের অভাব।
নির্বিঘ্ন = বিঘ্নের অভাব।	নির্জন = জনের অভাব।

উৎ

অতিক্রান্ত অর্থে	
উদ্বেল = বেলাকে অতিক্রান্ত।	উচ্ছৃঙ্খল = শৃঙ্খলাকে অতিক্রান্ত।
উত্তুঙ্গ = অত্যন্ত তুঙ্গ।	উদ্বাস্তু = বাস্তু থেকে উৎখাত।

CamScanner

[illegible] = [illegible]কে অতিক্রান্ত।	
অনু	
পশ্চাৎ অর্থে	
অনুগমন = পশ্চাৎ গমন।	অনুধাবন = পশ্চাৎ ধাবন।
অনুতাপ = পশ্চাৎ তাপ।	অনুসরণ = পশ্চাৎ সরণ।
অনুকরণ = পশ্চাৎ করণ।	

➤ নিপাতনে সিদ্ধ অব্যয়ীভাব সমাস :

সমক্ষ = অক্ষির সমীপে
প্রত্যক্ষ = অক্ষির অভিমুখে
পরোক্ষ = অক্ষির অগোচরে
অধ্যাত্ম = আত্মাকে অধি
অধিভূত = ভূতকে অধিকার করে
অধিদৈব = দৈবকে অধিকার করে
দুর্গতি = দুঃ-কে (দুঃখকে) গত
প্রদক্ষিণ = দক্ষিণকে প্রগত

➤ আরও কিছু অব্যয়ীভাব সমাস :

বেমানান = মানানের অভাব
বেবন্দোবস্ত = বন্দোবস্তের অভাব
হাভাত = ভাতের অভাব
হা-ঘর = ঘরের অভাব
উপদেবতা = হীন দেবতা
ফিকানীল = ঈষৎ নীল
ফিকালাল = ঈষৎ লাল
অনুরূপ = রূপের যোগ্য
[illegible] = নিরন্তর
সমস্তরাত = রাতভর
বেহায়া = হায়ার অভাব
বেকার = কাজের অভাব
বিশ্রী = শ্রীর অভাব
প্রত্যহ = অহ অহ
প্রত্যঙ্গ = ক্ষুদ্র অঙ্গ
অন্যায় = ন্যায়ের অভাব
দুর্ভিক্ষ = ভিক্ষার অভাব
অতিমাত্রা = মাত্রাকে অতিক্রান্ত
অনুভব = ভবের যোগ্য
গরমিল = মিলের অভাব
প্রত্যুষ = উষার সদৃশ
হররোজ = রোজ রোজ
না-উক না-ছিরি = উক্তের অভাব ছিরির অভাব

সমাসের অন্যান্য প্রকারভেদ

➤ **নিত্য সমাস :** যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসবাক্যের দরকার হয় না, তাকে নিত্য সমাস বলে। তদর্থবাচক ব্যাখ্যামূলক শব্দ বা বাক্যাংশ যোগে এগুলোর অর্থ বিশদ করতে হয়। যেমন :

অন্য গ্রাম = গ্রামান্তর। পূজার নিমিত্ত = পূজার্থ। কেবল জল = জলমাত্র। অন্য উপায় = উপায়ান্তর।
অন্য দেশ = দেশান্তর। এই ঘর = ঘরখানা। কেবল তা = তন্মাত্র। অন্য পাঠ = পাঠান্তর।
কেবল দর্শন = দর্শনমাত্র। অনেক মানুষ = মানুষগুলি। অন্য মনু = মন্বন্তর। অন্য মত = মতান্তর।
সমগ্র গ্রাম = গ্রামসুদ্ধ। কাল কুলা সাপ = কালসাপ। কেবল লেখা = লেখালেখি। অন্য জায়গায় = অন্যত্র।
অন্য গৃহ = গৃহান্তর। তুমি, আমি ও সে = আমরা। দুই এবং নব্বই = বিরানব্বই। প্রায় মার্তণ্ড = মার্তণ্ডপ্রায়।
অন্য কাল = কালান্তর। অন্য রূপ = রূপান্তর। অন্য স্থান = স্থানান্তর। কেবল একটি = একটিমাত্র।
অন্য যুগ = যুগান্তর। অন্য ধর্ম = ধর্মান্তর। অন্য দ্বীপ = দ্বীপান্তর। অন্য গ্রহ = গ্রহান্তর।
অন্য লোক = লোকান্তর। অন্য বাক্য = বাক্যান্তর।

➤ **সুপসুপা সমাস :** এ সমাস বাংলা নয়, সংস্কৃতে আলোচ্য। সংস্কৃত ব্যাকরণে সু, ঔ, যস্ প্রভৃতি বিভক্তির নাম সুপ্। বিভক্তিযুক্ত পদকে সুবন্ত পদ বলে। একটি সুবন্ত পদের সঙ্গে আর একটি সুবন্ত পদের যে সমাস হয় অর্থাৎ বিভক্তিযুক্ত নামপদের সঙ্গে বিভক্তিযুক্ত অন্যপদের যে সমাস হয় তাকে সুপসুপা বা সহসুপা সমাস বলে। বাংলায় তৎপুরুষ বা কর্মধারয় পর্যায়ে এ ধরনের কিছু সমাস আলোচিত হয়। যেমন :

পূর্বে ভূত = ভূতপূর্ব। অতি দীর্ঘ নয় = নাতিদীর্ঘ। অতি দূর নয় = নাতিদূর। পূর্বে গত = পূর্বগত।
রাত্রির মধ্য = মধ্যরাত্র। রাত্রির পূর্ব = পূর্বরাত্র। প্রত্যক্ষে দৃষ্ট = প্রত্যক্ষদৃষ্ট।

➤ **ছদ্মবেশী সমাস :** প্রথমেই বলে রাখা ভালো, 'ছদ্মবেশী সমাস' বলে বাংলা ব্যাকরণে স্বীকৃত কিছু নেই। সমাসের কোনো কোনো সমস্তপদ অতি ব্যবহারে সংক্ষিপ্ততর হয়ে পড়ে। তখন তাদের চেনাই কষ্ট হয়। এ ধরনের সমস্তপদের সমাসকে ছদ্মবেশী সমাস বলতে চেয়েছেন কেউ কেউ ('এগুলোকে ছদ্মবেশী সমাস বলতে ইচ্ছে করে।' – (জ্যোতিভূষণ চাকী)।
উদাহরণ : অঘ্রান, বাসর, আমানি, পোলাও, ভাশুর, আঁষটে।

➤ **প্রাদি সমাস :** প্র, প্রতি, অনু প্রভৃতি অব্যয়ের সঙ্গে যদি কৃৎ-প্রত্যয় সাধিত বিশেষ্যের সমাস হয়, তাকে বলে প্রাদি সমাস। যেমন :

কু (কুৎসিত) পুরুষ = কাপুরুষ। পরি (চতুর্দিকে) যে ভ্রমণ = পরিভ্রমণ। প্র (প্রকৃষ্ট রূপে) গতি = প্রগতি। প্র (প্রকৃষ্ট) যে বচন = প্রবচন।
উদ্গত নিদ্রা = উন্নিদ্র। অনুতে (পশ্চাতে) যে তাপ = অনুতাপ প্র যে শিক্ষিত = প্রশিক্ষিত। অভিমুখ গত = অভিমুখ।
উদ্গত বেলা = উদ্বেল। প্র (প্রকৃষ্ট রূপে) ভাত = প্রভাত। প্র (প্রকৃষ্ট রূপে) যে ভাব = প্রভাব। প্র (প্রকৃষ্ট রূপে) বন্ধ = প্রবন্ধ।

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. অব্যয়ীভাব সমাসের উদাহরণ– [খ ২২-২৩]
ⓚ প্রশিক্ষিত ⓚ যথারীতি ⓖ জনৈক ⓖ সপ্তাহ উ: (খ)

০২. 'পঙ্কজ' কোন সমাস? [ক ২২-২৩]
(ক) রূপক কর্মধারয় (খ) উপপদ তৎপুরুষ (গ) অলুক বহুব্রীহি (ঘ) নিত্য সমাস উ: (খ)

০৩. 'বিষাদ-সিন্ধু' কোন সমাস? [গ ২১-২২; রাবি F, সেট ১ : ১৪-১৫]
(ক) রূপক কর্মধারয় (খ) মধ্যপদলোপী কর্মধারয়
(গ) উপমান কর্মধারয় (ঘ) উপমিত কর্মধারয় উ: (ক)

০৪. 'নয়নকমল' এর যথার্থ ব্যাসবাক্য হলো– [খ : ১৯-২০]
(ক) নয়নের ন্যায় কমল (খ) নয়ন কমলের ন্যায়
(গ) নয়নে কমল (ঘ) নয়ন ও কমল উ: (খ)

০৫. যে সমাসের পূর্বপদ উপসর্গ কিংবা অব্যয়যোগে এবং উত্তরপদ বিশেষ্য দ্বারা গঠিত হয়? [গ : ১৯-২০]
(ক) কর্মধারয় সমাস (খ) অব্যয়ীভাব সমাস (গ) তৎপুরুষ সমাস (ঘ) দ্বন্দ্ব সমাস উ: (খ)

০৬. 'সর্বনাশ করে যে' এ ব্যাসবাক্যটি কোন সমাস? [ক ১৮-১৯]
(ক) মধ্যপদলোপী (খ) বহুব্রীহি (গ) উপপদ তৎপুরুষ (ঘ) কর্মধারয় উ: (গ)

০৭. নিচের কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ নয়? [ঘ ১৭-১৮]
(ক) সজল (খ) একগুঁয়ে (গ) সুশ্রী (ঘ) স্বপ্ন উ: (ঘ)

০৮. 'উদগত বাহু যার' এর ব্যাসবাক্যটির সমাস হবে– [গ ৯২-৯৩]
(ক) কর্মধারয় (খ) বহুব্রীহি (গ) দ্বন্দ্ব (ঘ) তৎপুরুষ উ: (খ)

০৯. 'পণ্ডিতমূর্খ' এর ব্যাসবাক্য কোনটি? [খ ৯৬-৯৭]
(ক) পণ্ডিত সেজে আছে যে মূর্খ (খ) যিনি পণ্ডিত তিনিই মূর্খ
(গ) পণ্ডিত অথচ মূর্খ (ঘ) পণ্ডিত ও মূর্খ উ: (গ)

১০. দ্বন্দ্ব সমাসবদ্ধ পদ কোনটি? [গ ৯৭-৯৮]
(ক) ঘি-ভাত (খ) নদী-নালা (গ) ভব-নদী (ঘ) কাঁচা-মিঠা উ: (খ)

১১. 'কথাসর্বস্ব' কোন ধরনের বহুব্রীহি সমাস? [খ ৯৭-৯৮]
(ক) সমানাধিকরণ (খ) ব্যধিকরণ (গ) ব্যতিহার (ঘ) মধ্যপদলোপী উ: (খ)

১২. 'সংবাদপত্র' কোন সমাস? [গ ৯৮-৯৯]
(ক) মধ্যপদলোপী কর্মধারয় (খ) দ্বন্দ্ব সমাস (গ) অব্যয়ীভাব সমাস (ঘ) বহুব্রীহি সমাস উ: (ক)

১৩. অব্যয়ীভাব সমাসের উদাহরণ কোনটি? [গ ৯৮-৯৯]
(ক) অনুমান (খ) সেতার (গ) অজানা (ঘ) বিপদাপন্ন উ: (ক)

CS CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

১৪. এত ভঙ্গ বঙ্গদেশ তবু রঙ্গভরা। এ বাক্যের 'রঙ্গভরা' কোন সমাস? [খ ৯৮-৯৯]
ক কর্মধারয় খ বহুব্রীহি গ তৎপুরুষ ঘ অব্যয়ীভাব উ: গ

১৫. কোনটি দ্বিগু সমাসের উদাহরণ? [গ ৯৯-০০]
ক শতবার্ষিকী খ মধুমাখা গ পলান্ন ঘ দিনকতক উ: ক

১৬. 'ফুলকুমারী' সমাসবদ্ধ পদের ব্যাসবাক্য- [খ ৯৯-০০]
ক ফুল ও কুমারী খ ফুল যে কুমারী
গ ফুল কুমারীর ন্যায় ঘ কুমারী ফুলের ন্যায় উ: ঘ

১৭. 'চিনিপাতা' শব্দের ব্যাসবাক্য কোনটি? [ক ৯৯-০০]
ক যা চিনি তা-ই পাতা খ চিনি ও পাতা
গ চিনিযুক্ত পাতা ঘ চিনির দ্বারা পাতা উ: ঘ

১৮. 'মহাকীর্তি' এর ব্যাসবাক্য কোনটি? [গ ৯৪-৯৫, ক ৯৫-৯৬]
ক মহান যে কীর্তি খ মহৎ যে কীর্তি গ মহতী যে কীর্তি ঘ মহা যে কীর্তি উ: গ

১৯. 'অনুতাপ' শব্দের সমাস কোনটি? [গ ০১-০২]
ক প্রাদি সমাস খ উপপদ তৎপুরুষ সমাস
গ কর্মধারয় সমাস ঘ উপমান কর্মধারয় সমাস উ: ক

২০. 'আম-কুড়ানো' কোন সমাস? [গ ০২-০৩, ক ১১-১২]
ক দ্বিতীয়া তৎপুরুষ খ ষষ্ঠী তৎপুরুষ গ চতুর্থী তৎপুরুষ ঘ তৃতীয়া তৎপুরুষ উ: ক

২১. 'বিপদাপন্ন' শব্দের ব্যাসবাক্য- [খ ০২-০৩]
ক বিপদে আপন্ন খ বিপদকে আপন্ন
গ বিপদকে আপন করে যে ঘ বিপদ রূপ আপন্ন উ: খ

২২. 'যুবজানি' সমাসের ব্যাসবাক্য কোনটি? [ক ১৭-১৮]
ক যুবতী জানি যার খ যুব জানি যার গ যুবতী জায়া যার ঘ যুবক পতি যার উ: গ

২৩. নিচের কোনটি উপপদ তৎপুরুষ সমাস? [গ ১৭-১৮; বরি E ১৭-১৮]
ক প্রিয়ংবদা খ প্রাণভয় গ মুখচোরা ঘ নবযৌবন উ: ক

২৪. 'ক্ষুরকাটা'র ব্যাসবাক্য কোনটি? [খ ০২-০৩; বরি গ ১৩-১৪]
ক ক্ষুর মতো কাটা খ ক্ষুরে কাটা গ ক্ষুর ও কাটা ঘ ক্ষুরকাটা উ: খ

২৫. 'হলুদবাটা' সমাসবদ্ধ শব্দের ব্যাসবাক্য- [খ ০৩-০৪]
ক হলুদ বাটা খ হলুদকে বাটা গ বাটা যে হলুদ ঘ বাটা হয়েছে যে হলুদ উ: খ

২৬. রূপক কর্মধারয়ের উদাহরণ- [খ ৯৫-৯৬]
ক কুসুমকোমল খ রাজর্ষি গ দুঃখসাগর ঘ বিড়ালতপস্বী উ: গ

২৭. 'বাগবিতণ্ডা' কোন সমাস সাধিত শব্দ? [গ ১১-১২; বরি F ১৬-১৭]
ক কর্মধারয় খ দ্বন্দ্ব গ তৎপুরুষ ঘ অব্যয়ীভাব উ: খ

২৮. 'হাই নিয়ে চলা' এর সমাস হলো- [ক ৯৫-৯৬]
ক কর্মধারয় খ তৎপুরুষ গ বহুব্রীহি ঘ অব্যয়ীভাব উ: খ

২৯. কোনটি তৎপুরুষ সমাস? [খ ০৫-০৬]
ক জন্মান্ধ খ মহাকাব্য গ শতাব্দী ঘ মহাযুদ্ধ উ: ক

৩০. দ্বন্দ্ব সমাসবদ্ধ পদ- [গ ০৫-০৬]
ক দম্পতি খ মধুমাখা গ রাজপথ ঘ পলান্ন উ: ক

৩১. 'অতিমাত্রা' সমাসবদ্ধ শব্দের ব্যাসবাক্য- [খ ০৫-০৬]
ক অতি ও মাত্র খ অতিক্রান্ত মাত্রা যা গ মাত্রাকে অতিক্রান্ত ঘ না অতি না মাত্রা উ: গ

৩২. নিচের কোনটি দ্বিগু সমাসের উদাহরণ? [গ ৯৬-৯৭]
ক সিংহ চিহ্নিত আসন = সিংহাসন খ কুলের গাছ = কুলগাছ
গ পঞ্চ বটের সমাহার = পঞ্চবটী ঘ বনে চরে যে = বনচর উ: গ

৩৩. 'প্রাণভয়' এর ব্যাসবাক্য হবে- [গ ০৯-১০; ইবি গ ০৯-১০]
ক প্রাণের ভয় খ প্রাণ যাওয়ার ভয় গ প্রাণ হতে ভয় ঘ প্রাণ ও ভয় উ: খ

৩৪. বহুব্রীহি সমাস দ্বারা নিষ্পন্ন শব্দ- [খ ০৮-০৯]
ক রাজেন্দ্র খ পাদপদ্ম গ পকেটমার ঘ হৃতসর্বস্ব উ: ঘ

৩৫. 'হাতাহাতি' শব্দটি কোন সমাস? [ক ০৮-০৯]
ক ব্যতিহার বহুব্রীহি খ উপপদ তৎপুরুষ
গ বিরোধার্থক দ্বন্দ্ব ঘ মধ্যপদলোপী কর্মধারয় উ: ক

৩৬. 'বনেবাদাড়ে' কোন জাতীয় সমাসবদ্ধ পদ? [গ ০৮-০৯]
ক দ্বন্দ্ব খ ষষ্ঠী তৎপুরুষ গ বহুব্রীহি ঘ অলুক দ্বন্দ্ব উ: ঘ

৩৭. 'আগাপাশতলা'র ব্যাসবাক্য [খ ০৮-০৯]
ক আগা থেকে পাছার তলা পর্যন্ত খ আগ, পিছু ও তলা
গ আগা থেকে পাছ ও তলা পর্যন্ত ঘ আগে, পেছনে ও তলায় উ: ঘ

৩৮. 'হা-ভাত' এর ব্যাসবাক্য কোনটি? [গ ০৯-১০; বরি ০৯-১০; কুবি গ ১২-১৩]
ক হা ও ভাত খ ভাতের অভাব গ হাতে ভাত ঘ হায় ভাত যার উ: ঘ

৩৯. মধ্যপদলোপী কর্মধারয়ের উদাহরণ- [গ ১১-১২]
ক গাড়িভাড়া খ সিংহাসন গ জলখাবার ঘ কাজললতা উ: ঘ

৪০. 'হা-ঘরে' কোন সমাস? [খ-১৫-১৬]
ক দ্বন্দ্ব খ তৎপুরুষ গ বহুব্রীহি ঘ অব্যয়ীভাব উ: গ

৪১. 'মহানদী' শব্দের ব্যাসবাক্য কোনটি? [খ ০৮-০৯]
ক মহান যে নদী খ মহা যে নদী গ মহৎ যে নদী ঘ মহতী যে নদী উ: ঘ

৪২. বহুব্রীহি সমাসের উদাহরণ [খ ১২-১৩]
ক দশানন খ দিগম্বর গ দামোদর ঘ নাতিদীর্ঘ উ: গ

৪৩. 'তুষারধবল' কোন সমাসের উদাহরণ? [ক ১২-১৩]
ক সাধারণ কর্মধারয় খ উপমান কর্মধারয়
গ উপমিত কর্মধারয় ঘ মধ্যপদলোপী কর্মধারয় উ: খ

৪৪. 'কাঁচকলা' কোন সমাসভুক্ত? [গ ১২-১৩]
ক দ্বন্দ্ব খ কর্মধারয় গ অব্যয়ীভাব ঘ বহুব্রীহি উ: খ

৪৫. কর্মধারয় সমাস কোনটি? [খ-১৩-১৪]
ক দেশত্যাগ খ মহর্ষি গ অনুদান ঘ অন্তর্নিহিত উ: খ

৪৬. 'আশৈশব আত্মনিন্দা শুনিতেছি।' 'আশৈশব' কোন সমাস? [গ-১৩-১৪]
ক কর্মধারয় খ বহুব্রীহি গ অব্যয়ীভাব ঘ তৎপুরুষ উ: গ

৪৭. বিপরীতার্থক শব্দের মিলনে কোন দ্বন্দ্ব সমাসটি গঠিত? [ক ১৪-১৫]
ক রবি-শশী খ অহি-নকুল গ খাওয়া-পরা ঘ ধনী-দরিদ্র উ: ঘ

৪৮. 'পুষ্পাঞ্জলি' শব্দটি কীভাবে গঠিত? [ক ০৩-০৪]
ক প্রত্যয়যোগে খ সন্ধিযোগে গ উপসর্গযোগে ঘ সমাসযোগে উ: ঘ

Note: 'পুষ্প + অঞ্জলি = পুষ্পাঞ্জলি (সন্ধি সাধিত), পুষ্প দিয়ে অঞ্জলি = পুষ্পাঞ্জলি (সমাস সাধিত)।

৪৯. 'গার্হস্থ্য' শব্দের ব্যাসবাক্য কোনটি? [ঘ ০৩-০৪]
ক গৃহে থাকেন যিনি খ গৃহে স্থিত যে গ গৃহে স্থিতি যার ঘ গৃহে অবস্থিত যে উ: গ

৫০. 'গৃহান্তর' কোন সমাস? [গ ১৪-১৫]
ক নিত্য সমাস খ দ্বন্দ্ব সমাস গ বহুব্রীহি সমাস ঘ প্রাদি সমাস উ: ক

৫১. 'কালস্রোত' কোন সমাসের উদাহরণ? [ক-১৫-১৬]
ক উপমান কর্মধারয় খ উপমিত কর্মধারয়
গ রূপক কর্মধারয় ঘ মধ্যপদলোপী কর্মধারয় উ: গ

৫২. 'নাত-জামাই' সমাসবদ্ধ পদের ব্যাসবাক্য- [খ ১৬-১৭]
ক নাতনির জামাই খ নাতির জামাই
গ যে নাতি সে-ই জামাই ঘ নাতি রূপ জামাই উ: ক

৫৩. 'লক্ষ্যভ্রষ্ট' শব্দটি কোন সমাসের উদাহরণ? [গ-১৫-১৬]
ক কর্মধারয় খ অপাদান তৎপুরুষ গ করণ তৎপুরুষ ঘ সম্বন্ধ তৎপুরুষ উ: খ

৫৪. কোনটি 'ঈষৎ' অর্থে অব্যয়ীভাব সমাস? [গ-১৫-১৬]
ক আরক্তিম খ আজীবন গ আপাদমস্তক ঘ আগমন উ: ক

৫৫. 'উপমান' শব্দের অর্থ- [খ-১৫-১৬]
ক তুলনা খ তুলনীয় বস্তু গ সাদৃশ্য ঘ প্রত্যক্ষ বস্তু উ: খ

৫৬. 'তপোবন' কোন সমাস? [গ ১৬-১৭]
ক রূপক কর্মধারয় খ বহুব্রীহি গ দ্বিগু ঘ চতুর্থী তৎপুরুষ উ: ঘ

৫৭. 'পুরুষ সিংহের ন্যায় = পুরুষসিংহ' এটি কোন সমাস- [গ ৯৩-৯৪]
ক উপমান কর্মধারয় খ উপমিত কর্মধারয়
গ রূপক কর্মধারয় ঘ মধ্যপদলোপী কর্মধারয় উ: খ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

০১. তৎপুরুষ সমাসের উদাহরণ নয় নিচের কোন সমস্তপদটি? [A ১৭-১৮]
ক অমর খ মধুমাখা গ বটতলা ঘ বিলাত ফেরত উ: ক

০২. 'তৃষ্ণার্ত' কোন সমাসের উদাহরণ? [B ১৭-১৮]
ক কর্মধারয় খ তৎপুরুষ গ দ্বিগু ঘ বহুব্রীহি উ: খ

০৩. 'শিশিরসিক্ত' কোন সমাস? [খ ১৭-১৮; ঢাবি ঘ ১৩-১৪]
ক তৎপুরুষ খ দ্বন্দ্ব গ বহুব্রীহি ঘ দ্বিগু উ: ক

০৪. 'বেতার' কোন সমাসের উদাহরণ? [E ১৭-১৮]
ক দ্বন্দ্ব খ দ্বিগু গ নঞ বহুব্রীহি ঘ নঞ তৎপুরুষ উ: গ

০৫. 'জোরদার' কোন সমাসের উদাহরণ? [খ ১৭-১৮]
ক দ্বন্দ্ব খ তৎপুরুষ গ কর্মধারয় ঘ অব্যয়ীভাব উ: খ

০৬. পঞ্চমী তৎপুরুষ সমাসের উদাহরণ [গ ০৫-০৬]
ক নবযৌবন খ রীতিপদ্ধতি গ বৃন্তচ্যুত ঘ সমাজ-সংস্কারক উ: গ

০৭. বহুব্রীহি সমাসের দৃষ্টান্ত [খ ০৫-০৬]
ক পুষ্পোদ্যান খ তপোবন গ প্রিয়ংবদা ঘ অনসূয়া উ: ঘ

০৮. সমাসবদ্ধ শব্দ- [খ ০৫-০৬]
ক মাতুলালয় খ তিরস্কার গ দৃষ্টিবহির্ভূত ঘ অবগুণ্ঠিত

Note: মাতুলের আলয় = মাতুলালয়, দৃষ্টির বহির্ভূত যা = দৃষ্টিবহির্ভূত।

০৯. 'গোলাপফুল' সমাসবদ্ধ পদটির ব্যাসবাক্য- [খ ০৬-০৭]
ক গোলাপ নামের ফুল খ গোলাপের ফুল
গ গোলাপি ফুল ঘ গোলাপি রঙের ফুল উ: ক

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

১০. 'বাণিজ্যবিদ্যা' শব্দটি কোন সমাস সাধিত? [গ ০৯-১০]
ক) কর্মধারয় খ) তৎপুরুষ গ) বহুব্রীহি ঘ) অব্যয়ীভাব উ. (ক)

১১. 'গণতন্ত্র' শব্দের ব্যাসবাক্য [খ ০৯-১০]
ক) গণ ও তন্ত্র খ) গণ রূপ তন্ত্র গ) গণ হইতে তন্ত্র ঘ) গণের তন্ত্র উ. (ঘ)

১২. নঞ্ তৎপুরুষ সমাস কোনটি? [ঘ ১০-১১]
ক) তালকানা খ) অভাগা গ) তন্দ্রাজ ঘ) খনার বচন উ. (খ)

১৩. 'শালশিল্প' এটি কোন সমাসের উদাহরণ? [খ ১০-১১]
ক) অলুক দ্বন্দ্ব খ) কর্মধারয় গ) ব্যতিহার বহুব্রীহি ঘ) দ্বিগু উ. (খ)

১৪. 'ছাগদুগ্ধ' এ সমস্তপদটির ব্যাসবাক্য কোনটি? [ক ১০-১১; বেরোবি B ১৬-১৭]
ক) ছাগের দুগ্ধ খ) ছাগ ও দুগ্ধ গ) ছাগী হতে দুগ্ধ ঘ) ছাগীর দুগ্ধ উ. (ঘ)

১৫. 'উপজেলা' সমস্তপদটির 'উপ' পূর্বপদটি কী অর্থে ব্যবহৃত হয়েছে? [ঘ ১১-১২]
ক) ক্ষুদ্র খ) বৃহৎ গ) সদৃশ ঘ) সমীপে উ. (গ)

১৬. সমাসবদ্ধ পদ কোনটি? [খ ১২-১৩]
ক) আকাশ খ) ছাড়পত্র গ) মৃত্তিকা ঘ) সাগর উ. (খ)

১৭. কোনটি উপপদ তৎপুরুষ সমাসের উদাহরণ? [A Unit, ১৪-১৫]
ক) বর্ণচোরা খ) দলনেতা গ) গালভরা ঘ) ঘরহারা উ. (ক)

১৮. 'গিরিশ' শব্দের ব্যাসবাক্য কোনটি? [খ ১৪-১৫]
ক) গিরিতে অবস্থিত খ) গিরিতে যিনি অবস্থান করেন
গ) গিরি হতে এসেছেন যিনি ঘ) গিরি যার প্রাণ উ. (খ)

১৯. বিপরীতার্থক শব্দের মিলনে কোন দ্বন্দ্ব সমাসটি গঠিত? [খ ১৪-১৫]
ক) ভাই-বোন খ) ধন-দৌলত গ) আয়-ব্যয় ঘ) দা-কুমড়া উ. (গ)

২০. কোনটি চতুর্থী তৎপুরুষ সমাসের উদাহরণ? [খ ১৪-১৫]
ক) গুরুভক্তি খ) শ্রমলব্ধ গ) বস্তাপঁচা ঘ) পদচ্যুত উ. (ক)

২১. 'সোনার বাংলা' কোন সমাসের উদাহরণ? [খ ১৬-১৭]
ক) ষষ্ঠী তৎপুরুষ খ) অলুক কর্মধারয় গ) উপমান কর্মধারয় ঘ) উপমিত কর্মধারয়

Note: সোনার বাংলা = সোনার-বাংলা (অলুক তৎপুরুষ সমাস)

২২. নিচের কোনটি মধ্যপদলোপী কর্মধারয় সমাসের উদাহরণ? [গ ১৬-১৭]
ক) ক্ষণকাল ব্যাপিয়া স্থায়ী = ক্ষণস্থায়ী খ) অরুণের মতো রাঙা = অরুণরাঙা
গ) হাসি মাখা মুখ = হাসিমুখ ঘ) ঘর থেকে ছাড়া = ঘরছাড়া উ. (গ)

২৩. 'বেওয়ারিশ' কোন সমাসের উদাহরণ? [গ ১৬-১৭]
ক) কর্মধারয় খ) তৎপুরুষ গ) বহুব্রীহি ঘ) দ্বিগু উ. (গ)

২৪. জনাকীর্ণ কোন সমাস? [ঘ ১৬-১৭]
ক) দ্বন্দ্ব খ) কর্মধারয় গ) বহুব্রীহি ঘ) তৎপুরুষ উ. (ঘ)

২৫. বন্যার্ত কোন সমাসের উদাহরণ? [চ ১৬-১৭]
ক) কর্মধারয় খ) তৎপুরুষ গ) তৃতীয়া তৎপুরুষ ঘ) বহুব্রীহি উ. (গ)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

০১. নিচের কোনটি অলুক তৎপুরুষ সমাসের উদাহরণ? [E : ২৩-২৪]
ক) বেপরোয়া খ) মাতার সেবা গ) মনের মানুষ ঘ) পথের রাজা উ. (গ)

০২. 'সাহেব, বিবি ও গোলাম' কী সমাস? [E : ২৩-২৪;রাবি D -১৩-১৪]
ক) অলুক দ্বন্দ্ব খ) বিরোধার্থক দ্বন্দ্ব গ) বহুপদী দ্বন্দ্ব ঘ) মিলনার্থক দ্বন্দ্ব উ. (গ)

০৩. নিচের কোনটি তৎপুরুষ সমাসের উদাহরণ নয়? [B : ২৩-২৪]
ক) খেচর খ) ভূতপূর্ব গ) থরেবিথরে ঘ) বিঘ্নহন্তা উ. (গ)

০৪. কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ? [C : ২৩-২৪]
ক) খেয়াঘাট খ) জনশ্রুতি গ) অনুতাপ ঘ) উচ্ছ্বাস উ. (খ)

০৫. 'পঙ্কভূত' একটি —— শব্দ। [B : ২৩-২৪]
ক) সমাসবদ্ধ খ) সন্ধিজাত গ) উপসর্গজাত ঘ) প্রত্যয়নিষ্পন্ন উ. (ক)

০৬. 'বহুব্রীহি' শব্দটি কোন সমাস? [C1 : ২৩-২৪; রাবি D -১৩-১৪]
ক) দ্বন্দ্ব খ) তৎপুরুষ গ) দ্বিগু ঘ) বহুব্রীহি উ. (ঘ)

০৭. 'মন্বন্তর' কোন সমাসের উদাহরণ? [C : ২৩-২৪]
ক) তৎপুরুষ খ) অব্যয়ীভাব গ) বহুব্রীহি ঘ) নিত্য সমাস উ. (ঘ)

০৮. 'ধামাধরা' কোন সমাসের উদাহরণ? [C : ২৩-২৪]
ক) বহুব্রীহি সমাস খ) অব্যয়ীভাব সমাস গ) তৎপুরুষ সমাস ঘ) কোনোটিই নয়

Note: 'ধামা ধরে যে = ধামাধরা' এ সমাসটি একই সাথে ব্যধিকরণ বহুব্রীহি ও উপপদ তৎপুরুষ সমাস।

০৯. 'বনফুল' কোন সমাসের উদাহরণ? [C : ২৩-২৪]
ক) তৎপুরুষ সমাস খ) বহুব্রীহি সমাস
গ) কর্মধারয় সমাস ঘ) অলুক দ্বন্দ্ব সমাস উ. (ক)

১০. 'গণতন্ত্র' কোন সমাসের উদাহরণ? [C : ২৩-২৪]
ক) অব্যয়ীভাব সমাস খ) অলুক বহুব্রীহি সমাস
গ) নিত্য সমাস ঘ) মধ্যপদলোপী কর্মধারয় সমাস উ. (ঘ)

১১. নিচের কোনটি দ্বিতীয়া তৎপুরুষ সমাস নয়? [A; সেট-I ২২-২৩]
ক) গুরুভক্তি খ) দেশভঙ্গ গ) চিরসুখী ঘ) রথচালন উ. (ক)

১২. নিচের কোনটি কর্মধারয় সমাস? [C ২২-২৩]
ক) শিশিরসিক্ত খ) বধূবরণ গ) শ্বেতপত্র ঘ) উপরের সবগুলোই উ. (ক)

১৩. 'স্বচ্ছসলিলা' কোন সমাসের উদাহরণ? [C1 ২২-২৩]
ক) তৎপুরুষ খ) বহুব্রীহি গ) দ্বন্দ্ব ঘ) দ্বিগু উ. (খ)

১৪. উপপদ তৎপুরুষ সমাস নয় কোনটি? [D ২২-২৩]
ক) কলে ছাটা খ) পাতাচাটা গ) মাছিমারা ঘ) ছারপোকা উ. (ক)

১৫. 'মন দিয়ে গড়া = মন গড়া' কোন তৎপুরুষ সমাস? [E ২২-২৩]
ক) দ্বিতীয়া খ) তৃতীয়া গ) চতুর্থী ঘ) পঞ্চমী উ. (খ)

১৬. 'রদবদল' কোন ধরনের সমাস? [A : ২১-২২]
ক) দ্বন্দ্ব খ) অব্যয়ীভাব গ) তৎপুরুষ ঘ) কর্মধারয় উ. (ক)

১৭. 'আটপৌরে' কোন ধরনের সমাস? [A : ২১-২২]
ক) বহুব্রীহি খ) অব্যয়ীভাব গ) তৎপুরুষ ঘ) কর্মধারয় উ. (ক)

১৮. 'পাণ্ডুলিপি' কোন ধরনের সমাস? [A : ২১-২২]
ক) দ্বন্দ্ব খ) নিত্য গ) কর্মধারয় ঘ) অব্যয়ীভাব উ. (গ)

১৯. 'দীর্ঘসূত্র' কোন ধরনের সমাস? [A : ২১-২২]
ক) অব্যয়ীভাব খ) তৎপুরুষ গ) কর্মধারয় ঘ) বহুব্রীহি উ. (গ)

২০. 'দেবদারু' কোন ধরনের সমাস? [A : ২১-২২]
ক) বহুব্রীহি খ) তৎপুরুষ গ) কর্মধারয় ঘ) নিত্য উ. (গ)

২১. 'রূপসাগর' কোন ধরনের সমাস? [A : ২১-২২]
ক) কর্মধারয় খ) বহুব্রীহি গ) তৎপুরুষ ঘ) নিত্য উ. (গ)

২২. 'ফুলকুমারী' কোন ধরনের সমাস? [A : ২১-২২]
ক) তৎপুরুষ খ) কর্মধারয় গ) দ্বন্দ্ব ঘ) বহুব্রীহি উ. (খ)

২৩. 'মানবহৃদয়' কোন জাতীয় সমাসবদ্ধ পদ? [B : ২১-২২]
ক) দ্বন্দ্ব খ) তৎপুরুষ গ) অলুক দ্বন্দ্ব ঘ) বহুব্রীহি উ. (খ)

২৪. 'কর্ণকুহর' কোন সমাস? [B : ২১-২২]
ক) তৎপুরুষ খ) কর্মধারয় গ) দ্বন্দ্ব ঘ) বহুব্রীহি উ. (ক)

২৫. 'প্রতিবাদ' শব্দটি কোন সমাসযোগে নিষ্পন্ন? [B : ২১-২২]
ক) অব্যয়ীভাব খ) কর্মধারয় গ) তৎপুরুষ ঘ) দ্বিগু উ. (ক)

২৬. কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ? [C : ২১-২২]
ক) সেতার খ) তেতলা গ) চিনিপাতা ঘ) অর্ধপথ উ. (ক)

২৭. বহুব্রীহি সমাসের উদাহরণ কোনটি? [B : ২১-২২]
ক) দাবানল খ) দায়বদ্ধ গ) দামোদর ঘ) দিগভ্রান্ত উ. (গ)

২৮. 'পুষ্পসৌরভ' কোন সমাস সাধিত? [B : ২১-২২]
ক) ষষ্ঠী তৎপুরুষ খ) পঞ্চমী তৎপুরুষ
গ) দ্বিতীয়া তৎপুরুষ ঘ) উপপদ তৎপুরুষ উ. (ক)

২৯. কোনটি তৎপুরুষ সমাসের উদাহরণ? [C : ২১-২২]
ক) ডাকঘর খ) অধর্ম গ) অপার্থিব ঘ) করপল্লব উ. (ক)

৩০. কোনটি কর্মধারয় সমাসের উদাহরণ? [C : ২১-২২]
ক) চোখের বালি খ) গল্পপ্রেমিক গ) বনফুল ঘ) কাঁচামিঠা উ. (ঘ)

৩১. কোনটি রূপক কর্মধারয় সমাসের উদাহরণ? [C : ২১-২২]
ক) কাজলকালো খ) বিদ্যাধন গ) পদ্মাসন ঘ) রক্তলাল উ. (খ)

৩২. নিচের কোনটি প্রত্যয়ান্ত বহুব্রীহি সমাসের উদাহরণ নয়? [D : ২১-২২]
ক) ঘরমুখো খ) দোলনা গ) অকেজো ঘ) অনন্ত উ. (ঘ)

৩৩. 'বর্ণচোরা' কোন সমাসের উদাহরণ? [D : ২১-২২]
ক) কর্মধারয় খ) উপপদ তৎপুরুষ গ) প্রাদি ঘ) নিত্য উ. (খ)

৩৪. কোনটি নিত্য সমাস? [E : ২১-২২]
ক) কলেছাঁটা খ) জলমাত্র গ) জয়ধ্বনি ঘ) ভবনদী উ. (খ)

৩৫. নিচের কোনটি তৎপুরুষ সমাসের উদাহরণ? [C : ২১-২২]
ক) বজ্জাত খ) সলজ্জ গ) অন্যমনা ঘ) মহাকীর্তি উ. (ক)

৩৬. 'মেহেদিরাঙা' এর ঠিক ব্যাসবাক্য কী? [D : ২১-২২]
ক) রাঙা যে মেহেদি খ) মেহেদি যে রাঙা
গ) মেহেদি ও রাঙা ঘ) মেহেদি রূপ রাঙা উ. (ক)

৩৭. নিচের কোনটি উপপদ তৎপুরুষ সমাস নয়? [D : ২১-২২]
ক) সত্যবাদী খ) পকেটমার গ) কলের গান ঘ) ছারপোকা উ. (গ)

৩৮. নিচের কোনটি 'নিপাতনে সিদ্ধ' সমাসের উদাহরণ? [E : ২১-২২; E ১৯-২০]
ক) বেপরোয়া খ) খোশমেজাজ
গ) কানে-খাটো ঘ) পণ্ডিতমূর্খ উ. (ঘ)

৩৯. 'প্রত্যহ' শব্দের ব্যাসবাক্য কোনটি? [I ১৯-২০]
ক) প্রত্যেক দিন খ) প্রতি অহন্ গ) প্রতি অহ ঘ) প্রত্যেক অহ উ. (গ)

৪০. নিচের কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ নয়? [E ১৯-২০]
ক) তালতমাল খ) দোয়াত-কলম গ) চালাকচতুর ঘ) জমাখরচ উ. (গ)

৪১. নিচের কোনটি নঞ তৎপুরুষ সমাসের উদাহরণ? [E ১৯-২০]
ক) বেতাল খ) বাঁদরনাচ গ) তেলেভাজা ঘ) চন্দনচর্চিত উ. (ক)

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৪২. 'উদ্ধত-শির' কোন সমাসের উদাহরণ? [C-1 ১৯-২০]
ক) তৎপুরুষ খ) কর্মধারয় গ) দ্বন্দ্ব ঘ) দ্বিগু উ:(খ)

৪৩. নিচের কোনটি উপপদ তৎপুরুষ সমাস? [C ১৯-২০]
ক) অধোমুখ খ) মধুকর গ) মনোমুগ্ধ ঘ) অকপট উ:(খ)

৪৪. সাধারণত কোন অর্থে অব্যয়ীভাব সমাস হয় না? [F ১৯-২০]
ক) [illegible] খ) যোগ্যতা গ) অনতিক্রম্য ঘ) আধিক্য উ:(ঘ)

৪৫. নিচের কোনটি উপপদ তৎপুরুষ সমাস নয়? [F ১৯-২০]
ক) গৃহস্থ খ) বাজিকর গ) অনশন ঘ) সর্বহারা উ:(গ)

৪৬. 'শম্বুকায়' সমস্তপদটির ঠিক ব্যাসবাক্য কোনটি? [F ১৯-২০]
ক) শম্বু ও কায়া খ) শম্বু যে কায়া গ) শম্বু রূপ কায়া ঘ) শম্বুর কায়া উ:(ঘ)

৪৭. নিচের কোনটি উপমিত কর্মধারয় সমাস? [F ১৯-২০]
ক) চন্দ্রমুখ খ) চাঁদমুখ গ) মুখচন্দ্র ঘ) সবগুলোই উ:(ঘ)

৪৮. সমাসের সাথে সম্পর্কযুক্ত নয় কোনটি? [B ১৮-১৯]
ক) বিগ্রহ বাক্য খ) সমস্ত বাক্য গ) সমাস বাক্য ঘ) ব্যাসবাক্য উ:(খ)

৪৯. 'অবুঝ, নাচার, নির্গুণ, বেতার।' এগুলো কোন সমাস? [C, ১৮-১৯]
ক) প্রত্যয়ান্ত বহুব্রীহি খ) নঞ বহুব্রীহি গ) ব্যতিহার বহুব্রীহি ঘ) মধ্যপদলোপী বহুব্রীহি উ:(খ)

৫০. নিচের কোনটি উপপদ তৎপুরুষ সমাসের উদাহরণ? [E ১৭-১৮]
ক) হাতেখড়ি খ) অনাদর গ) পাটখেত ঘ) মাছিমারা উ:(ঘ)

৫১. 'অনাশ্রিত' কোন জাতীয় সমাসবদ্ধ পদ? [E ১৭-১৮]
ক) প্রাদি খ) নিত্য গ) বহুব্রীহি ঘ) দ্বিগু উ:(গ)

৫২. 'বজ্রকণ্ঠ' কোন সমাসের উদাহরণ? [B ১৭-১৮]
ক) মধ্যপদলোপী কর্মধারয় খ) উপমান কর্মধারয়
গ) উপমিত কর্মধারয় ঘ) রূপক কর্মধারয় উ:(গ)

৫৩. 'মেঘলুপ্ত' কোন জাতীয় সমাসবদ্ধ পদ? [E ১৭-১৮]
ক) সপ্তমী তৎপুরুষ খ) মধ্যপদলোপী কর্মধারয়
গ) বহুব্রীহি ঘ) রূপক কর্মধারয় উ:(ক)

Note: মেঘে লুপ্ত = মেঘলুপ্ত (সপ্তমী তৎপুরুষ), মেঘ দ্বারা লুপ্ত = মেঘলুপ্ত (তৃতীয়া তৎপুরুষ)।

৫৪. 'অল্পপ্রাণ' কোন সমাস? [আইবিএ ১০-১১]
ক) কর্মধারয় খ) বহুব্রীহি গ) তৎপুরুষ ঘ) প্রাদি উ:(খ)

৫৫. 'রক্তারক্তি' কোন সমাস? [ক ১০-১১]
ক) দ্বন্দ্ব খ) দ্বিগু গ) বহুব্রীহি ঘ) তৎপুরুষ উ:(গ)

৫৬. 'শিক্ষার্থী' কোন সমাস? [ক ১০-১১]
ক) অলুক বহুব্রীহি খ) মধ্যপদলোপী কর্মধারয় গ) সমার্থক দ্বন্দ্ব ঘ) চতুর্থী তৎপুরুষ উ:(ঘ)

৫৭. সমাস নির্ণয় কর : মুখ সোনার ন্যায়– সোনামুখ। [গ, সেট ৮ : ১১-১২]
ক) উপমান কর্মধারয় খ) উপমিত কর্মধারয়
গ) মধ্যপদলোপী কর্মধারয় ঘ) রূপক কর্মধারয় উ:(খ)

৫৮. 'শতাব্দী' কোন সমাস? [D, সেট ৩ : ১৪-১৫; রাবি I ১৬-১৭; কভ ১১-১২]
ক) কর্মধারয় খ) তৎপুরুষ গ) দ্বিগু ঘ) বহুব্রীহি উ:(গ)

৫৯. 'খেয়াঘাট' শব্দটি কোন সমাস? [E, সেট ২ : ১৪-১৫]
ক) দ্বিতীয়া তৎপুরুষ খ) ষষ্ঠী তৎপুরুষ গ) পঞ্চমী তৎপুরুষ ঘ) অলুক তৎপুরুষ উ:(খ)

৬০. 'খাসমহল' কোন সমাস? [G-১৫-১৬]
ক) কর্মধারয় খ) দ্বিগু গ) বহুব্রীহি ঘ) নিত্য সমাস উ:(ক)

৬১. 'শহিদ স্মরণে পালনীয় দিবস = শহিদদিবস' কোন সমাস? [F, ১৪-১৫]
ক) উপমান কর্মধারয় খ) রূপক কর্মধারয়
গ) মধ্যপদলোপী কর্মধারয় ঘ) দ্বিগু সমাস উ:(গ)

৬২. 'সে পা চাটা কুকুর' এখানে 'পা চাটা' কোন সমাসের উদাহরণ? [F, ১৪-১৫]
ক) অলুক ষষ্ঠী তৎপুরুষ খ) সপ্তমী তৎপুরুষ গ) পঞ্চমী তৎপুরুষ ঘ) উপপদ তৎপুরুষ উ:(ঘ)

৬৩. 'উপবন' কোন সমাসের উদাহরণ? [E ১৮-১৯]
ক) দ্বন্দ্ব খ) তৎপুরুষ গ) অব্যয়ীভাব ঘ) দ্বিগু উ:(গ)

৬৪. একশেষ দ্বন্দ্ব সমাস এর উদাহরণ কোনটি? [F ১৮-১৯]
ক) চরাচর খ) নারী-পুরুষ গ) আমরা ঘ) ধুতি-চাদর উ:(গ)

৬৫. 'পাণ্ডুলিপি' কোন সমাস? [G ১৮-১৯]
ক) বহুব্রীহি খ) তৎপুরুষ গ) অব্যয়ীভাব ঘ) কর্মধারয় উ:(ঘ)

৬৬. সমাস নির্ণয় কর : পদ্মনাভ = পদ্ম নাভিতে যার [গ, সেট ৭ : ১১-১২]
ক) উপমিত কর্মধারয় খ) বহুব্রীহি গ) রূপক কর্মধারয় ঘ) অব্যয়ীভাব উ:(খ)

৬৭. সমাস নির্ণয় কর : বিদ্যা দ্বারা হীন = বিদ্যাহীন। [গ, সেট৬ : ১১-১২]
ক) কর্মধারয় খ) তৎপুরুষ গ) বহুব্রীহি ঘ) দ্বিগু উ:(খ)

৬৮. 'মালগাড়ি' কোন সমাস? [A সেট- ০৬, ১২-১৩]
ক) তৎপুরুষ খ) দ্বন্দ্ব গ) দ্বিগু ঘ) কর্মধারয়

Note: মাল বহন করে যে গাড়ি = মালগাড়ি (মধ্যপদলোপী কর্মধারয় সমাস), মালের গাড়ি = মালগাড়ি (ষষ্ঠী তৎপুরুষ সমাস)।

৬৯. 'কতিপয় সুখ = কতিসুখ।' কোন সমাসের উদাহরণ? [C, সেট ১ : ১৪-১৫]
ক) বহুব্রীহি খ) তৃতীয়া তৎপুরুষ গ) মধ্যপদলোপী কর্মধারয় ঘ) অব্যয়ীভাব উ:(গ)

রাজশাহী বিশ্ববিদ্যালয়

০১. 'বাগবিতণ্ডা' শব্দটির সমাস- [B : ১৩-১৪]
ঈ-প্রত্যয়যোগে

০২. ক. **সাধারণ অর্থে :** নর-নারী, নিশাচর-নিশাচরী, ভয়ংকর-ভয়ংকরী, কিশোর- কিশোরী, রজক-রজকী, সুন্দর-সুন্দরী, চতুর্দশ-চতুর্দশী, ষোড়শ-ষোড়শী ইত্যাদি।

খ. **জাতি বা শ্রেণিবাচক :** সিংহ-সিংহী, ব্রাহ্মণ-ব্রাহ্মণী, মানব-মানবী, বৈষ্ণব-বৈষ্ণবী, কুমার-কুমারী, ময়ূর-ময়ূরী, দেব-দেবী, কপোত-কপোতী ইত্যাদি।

০৩. **ইনী, নী প্রত্যয়যোগে :** বিজয়ী-বিজয়িনী, তেজস্বী-তেজস্বিনী, যোগী-যোগিনী, মায়াবী-মায়াবিনী, কুহক-কুহকিনী, মেধাবী-মেধাবিনী, দুঃখী-দুঃখিনী, মানী-মানিনী, যামী-যামিনী, তপস্বী-তপস্বিনী, ধনী-ধনিনী, গুণী-গুণিনী ইত্যাদি।

০৪. **অক থেকে ইকা-প্রত্যয়যোগে :**

ক. যেসব পুরুষবাচক শব্দের শেষে 'অক' রয়েছে সেসব শব্দে 'অক' স্থলে 'ইকা' হয়। যেমন : অধ্যাপক-অধ্যাপিকা, বালক-বালিকা, নায়ক-নায়িকা, গায়ক-গায়িকা, সেবক-সেবিকা, পাচক-পাচিকা, পাঠক-পাঠিকা, লেখক-লেখিকা ইত্যাদি। কিন্তু গণক-গণকী, নর্তক-নর্তকী, চাতক-চাতকী, রজক-রজকী (বাংলায়) রজকিনী।

খ. **ক্ষুদ্রার্থে ইকা যোগ হয়।** যেমন : নাটক-নাটিকা, একাঙ্ক-একাঙ্কিকা, মালা-মালিকা, গীত-গীতিকা, পুস্তক-পুস্তিকা, ঘট-ঘটি(ঘটিকা) ইত্যাদি। (এগুলো স্ত্রী প্রত্যয় নয়, ক্ষুদ্রার্থক প্রত্যয়)।

০৫. **আনী প্রত্যয় যোগ করে :**

ইন্দ্র-ইন্দ্রানী, মাতুল-মাতুলানী, আচার্য-আচার্যানী (কিন্তু আচার্যের কর্মে নিয়োজিত অর্থে আচার্য)। এরূপ : শূদ্র-শূদ্রা (শূদ্র জাতীয় স্ত্রীলোক)/শূদ্রানী (শূদ্রের স্ত্রী), ক্ষত্রিয়-ক্ষত্রিয়া/ক্ষত্রিয়ানী ইত্যাদি।

➢ **আনী প্রত্যয়যোগে কোনো কোনো সময় অর্থের পার্থক্য ঘটে।** যেমন : অরণ্য -অরণ্যানী (বৃহৎ অরণ্য), হিম-হিমানী (তুষারপুঞ্জ)।

নিত্য পুরুষ ও স্ত্রীবাচক শব্দ

৬. **নিত্য পুরুষবাচক শব্দ :** ঢাকি, দলপতি, কাপুরুষ, কবিরাজ, কৃতদার, অকৃতদার, মৃতদার, রাষ্ট্রপতি, যোদ্ধা, বিচারপতি, সেনাপতি, ত্রৈণ, পুরোহিত, বিপত্নীক, ঘরজামাই, জামাতা, লম্পট, জল্লাদ ইত্যাদি।

৬. **নিত্য স্ত্রীবাচক শব্দ :** কতকগুলো শব্দ নিত্য স্ত্রীবাচক। এগুলোর পুরুষবাচক শব্দ নেই। যেমন : সতিন, ললনা, লক্ষ্মী, অর্ধাঙ্গী, ডাইনি, বাইজি, শাঁকচুন্নি, অনূঢ়া, বিমাতা, অঙ্গনা, কলঙ্কিনী, সৎমা, এয়ো, দাই, সধবা, বিধবা, গর্ভবতী, বারবনিতা, রজঃস্বলা, পুরন্ধ্রী, ধাত্রী, প্রতিমা, অন্তঃসত্ত্বা, সজনী, ধনি, অসূর্যম্পশ্যা, রূপসি, শাঁখিনী।

৬. **নিত্য স্ত্রীবাচক তৎসম শব্দ :** সতিন, অর্ধাঙ্গিনী (অর্ধাঙ্গী), কুলটা, বিধবা, সপত্নী, অসূর্যম্পশ্যা, অরক্ষণীয়া ইত্যাদি।

৬. **নিত্য পুরুষবাচক ও স্ত্রীবাচক শব্দ মনে রাখার কৌশল :**

➢ **নিত্য পুরুষবাচক শব্দ :** রাষ্ট্রপতির ঘোষণার পর যোদ্ধা ঢাকি ঢাক পিটিয়ে কাপুরুষ অকৃতদার কবিরাজদের কৃতদার হতে বলল।

➢ **নিত্য স্ত্রীবাচক শব্দ :** সধবা হোক আর বিধবা হোক সপত্নী হওয়া সত্ত্বেও সতিনেরা একে অন্যকে শাঁকচুন্নি, ডাইনি, বাইজি, কলঙ্কিনী ও কুলটা বলে গালি দেয়। ওদিকে অসূর্যম্পশ্যা শাখিনী অন্তঃস্বত্ত্বা, তাই সৎমা এয়ো দাই খুঁজতে গেল। শাখিনীর মা বলল, 'সুজলা, সুফলা রূপসি অরক্ষণীয়া' খাঁটি অর্ধাঙ্গী পেতে ললনাদের সুরক্ষা করা উচিত।

বিশেষ নিয়মে সাধিত স্ত্রীবাচক শব্দ

➢ যেসব পুরুষবাচক শব্দের শেষে 'তা' রয়েছে, স্ত্রীবাচক বোঝাতে সেসব শব্দে 'ত্রী' হয়। যেমন : নেতা-নেত্রী, কর্তা-কর্ত্রী, শ্রোতা-শ্রোত্রী, ধাতা-ধাত্রী, দাতা-দাত্রী, প্রণেতা-প্রণেত্রী, রচয়িতা-রচয়িত্রী ইত্যাদি।

➢ কোনো কোনো পুরুষবাচক শব্দ থেকে বিশেষ নিয়মে স্ত্রীবাচক শব্দ গঠিত হয়। যেমন : সম্রাট-সম্রাজ্ঞী, রাজা-রানি, যুবক-যুবতি, শ্বশুর-শ্বশ্রূ (শাশুড়ি), নর-নারী, বন্ধু-বান্ধবী, দেবর-জা, শিক্ষক-শিক্ষয়িত্রী, স্বামী-স্ত্রী, পতি-পত্নী, সভাপতি-সভানেত্রী ইত্যাদি।

➢ পুরুষবাচক শব্দের শেষে অত্, বান্, মান্, ঈয়ান থাকলে যথাক্রমে অতী, বতী, মতী, ঈয়সী হয়। যেমন : সৎ-সতী, গুণবান-গুণবতী, ধনবান-ধনবতী, পুণ্যবান-পুণ্যবতী, আয়ুষ্মান-আয়ুষ্মতী, রূপবান-রূপবতী, শ্রীমান-শ্রীমতী, বুদ্ধিমান-বুদ্ধিমতী, গরীয়ান-গরীয়সী, মহৎ-মহতী, বর্ষীয়ান-বর্ষীয়সী, মহীয়ান-মহীয়সী ইত্যাদি।

৬. **বিশেষ অর্থে স্ত্রীবাচক শব্দ মনে রাখার কৌশল :**

রানি সম্রাজ্ঞী নারী হলেও শিক্ষয়িত্রী, সভানেত্রী এবং যুবতি শ্বশ্রূ, জা এবং প্রজার স্ত্রী, পত্নীরা তাকে সম্মান করেন। নেত্রী তার কর্ত্রী, ধাত্রী ও শ্রোত্রী নিয়ে রাজ্য ঘুরতে গেল।

উভয়লিঙ্গ ও ক্লীবলিঙ্গবাচক শব্দ

৬. **উভয়লিঙ্গবাচক শব্দ**

➢ নরবাচক ও নারীবাচক উভয়কে বোঝায় এমন সজীব (প্রাণিবাচক) শব্দকে উভলিঙ্গ (উভয়লিঙ্গ) বলে। যেমন : সন্তান, মন্ত্রী, জন, পাখি, শিশু, শিক্ষিত, অন্ধ, জনতা, মানুষ, অভিভাবক, সাথি, শিক্ষার্থী, পরীক্ষার্থী, শিল্পী, শত্রু, কেরানি, অপত্য, পূর্বপুরুষ, ঔপন্যাসিক, বাস্তুহারা, মালিক, রাঁধুনি, রাগী, চালাক, কীর্তনীয়া, রাজ্যপাল, সচ্চা, গোয়েন্দা, পুলিশ ইত্যাদি। যেমন : আমার সন্তান যেন থাকে দুধে-ভাতে।

➢ সকল সর্বনাম উভলিঙ্গবাচক হয়ে থাকে। যেমন : আমি, তুমি, আপনি, সে, তিনি, উনি, তারা, আমরা ইত্যাদি। লিঙ্গভেদে সর্বনামের রূপভেদ হয় না।

➢ কতকগুলো শব্দকে উভয়লিঙ্গ হিসেবে ধরা হয়। যেমন : কবি, সম্পাদক।

৬. **ক্লীবলিঙ্গবাচক শব্দ**

➢ নরবাচক বা নারীবাচক কোনোটাকেই বোঝায় না এমন অজীব (অপ্রাণিবাচক) বিশেষ্য শব্দকে ক্লীবলিঙ্গ বলে। যেমন : ঘর, বাড়ি, গাড়ি, টেবিল, চেয়ার, গাছ, ফুল, ফল, দোয়াত, কলম, বই, জামা, জুতা ইত্যাদি।

➢ অপ্রাণিবাচক বস্তুর পরিবর্তে ব্যবহৃত সকল সর্বনাম ক্লীবলিঙ্গ হয়। যেমন : এটা, ওটা, এগুলো, সেগুলো, ইহা, উহা, যাহা, তাহা, যা, তা ইত্যাদি।

➢ তবে এ, এটা, এটি, ও, ওটা কখনো কখনো পুংলিঙ্গ বা স্ত্রীলিঙ্গও হয়। যেমন :
– এটি আমাদের করিমের মেয়ে **রিমি** (স্ত্রীলিঙ্গ)।
– **ওকে** আপনি-আপনি বলছেন কেন, বাবা? ও তো আপনারই ছাত্র **অভিজিৎ** (পুংলিঙ্গ)।

কতকগুলো বিশেষ নিয়মে সাধিত স্ত্রী ও পুরুষবাচক শব্দ

ক. কিছু পুরুষবাচক শব্দের দুটো করে স্ত্রীবাচক শব্দ রয়েছে। যেমন : দেবর-ননদ (দেবরের বোন)/জা (দেবরের স্ত্রী), ভাই-বোন এবং ভাবি (ভাইয়ের স্ত্রী), শিক্ষক-শিক্ষয়িত্রী (পেশা অর্থে) এবং শিক্ষকপত্নী (শিক্ষকের স্ত্রী), বন্ধু-বান্ধবী (মেয়ে বন্ধু) এবং বন্ধুপত্নী (বন্ধুর স্ত্রী), দাদা-দিদি (বড় বোন) এবং বৌদি (দাদার স্ত্রী), পুত্র – কন্যা, পুত্রবধূ (পত্নী অর্থে)।

খ. বাংলা ভাষায় বিধেয় বিশেষণ অর্থাৎ বিশেষ্যের পরবর্তী বিশেষণও স্ত্রীবাচক হয় না। যেমন : মেয়েটি পাগল হয়ে গেছে ('পাগলি' হবে না)। আসমা ভয়ে অস্থির ('অস্থিরা' হবে না)।

গ. কুল-উপাধিরও স্ত্রীবাচকতা রয়েছে। যেমন : ঘোষ (পুরুষ)–ঘোষজা (কন্যা অর্থে), ঘোষজায়া (পত্নী অর্থে)।

ঘ. পুরুষকে সম্বোধনের ক্ষেত্রে শ্রদ্ধাভাজনেষু, শ্রদ্ধাস্পদেষু, মান্যবরেষু, বন্ধুবরেষু, প্রীতিভাজনেষু, স্নেহভাজনেষু, কল্যাণীয়েষু, স্নেহাস্পদেষু প্রভৃতি শব্দ ব্যবহার করা হয়।

ঙ. মহিলাকে সম্বোধনের ক্ষেত্রে শ্রদ্ধাস্পদাসু, মাননীয়াসু, সুচরিতাসু, কল্যাণীয়াসু, প্রীতিভাজনীয়াসু, স্নেহভাজনীয়াসু প্রভৃতি শব্দ ব্যবহার করা হয়।

চ. বাংলা স্ত্রীবাচক শব্দের বিশেষণ স্ত্রীবাচক হয় না। যেমন : সুন্দর বলদ–সুন্দর গাই, সুন্দর ছেলে–সুন্দর মেয়ে, মেজ খুড়ো–মেজ খুড়ি ইত্যাদি।

বিবিধ

- **বাংলা ভাষায় প্রাতিষ্ঠানিক পদমর্যাদাকে নারীবাচক করা হয় না।** যেমন : নার্গিস আখতার একজন সহকারী শিক্ষক। নমিতা রায় সংবর্ধনা অনুষ্ঠানের সভাপতি।
- **বিদেশি স্ত্রীবাচক শব্দ :** খান-খানম, মরদ-জেনানা, মালেক-মালেকা, মুহতারিম-মুহতারিমা, সুলতান-সুলতানা, বেগ-বেগম ইত্যাদি।
- **শব্দের আগে বা পরে পুরুষ/নারীবাচক শব্দ যোগ করে :**

ক. কতকগুলো শব্দের আগে নর, মদ্দা ইত্যাদি পুরুষবাচক শব্দ এবং স্ত্রী, মাদি, মাদা ইত্যাদি স্ত্রীবাচক শব্দ যোগ করে পুরুষবাচক ও স্ত্রীবাচক শব্দ গঠন করা হয়। যেমন : নর/মদ্দা/হুলো বিড়াল-মেনি/মাদি বিড়াল, এঁড়ে বাছুর-বকনা বাছুর, ভাইপো-ভাইঝি, মদ্দা হাঁস-মাদি হাঁস, নর হাতি-মাদি হাতি, নর চিল-মাদি চিল, মদ্দা ঘোড়া-মাদি ঘোড়া, পুরুষ লোক- মেয়েলোক/স্ত্রীলোক, পুরুষ কয়েদি-স্ত্রী/মেয়ে কয়েদি, বলদ গরু-গাই গরু ইত্যাদি।

খ. কতকগুলো শব্দের শেষে পুরুষ ও স্ত্রীবাচক শব্দ যোগ করে পুরুষ ও স্ত্রীবাচক শব্দ গঠন করা হয়। যেমন : বোনপো-বোনঝি, ঠাকুর দাদা/ঠাকুরদা-ঠাকুরমা, ঠাকুরপো-ঠাকুরঝি, গয়লা-গয়লা বউ, জেলে-জেলে বউ, ছেলে-ছেলে বউ ইত্যাদি।

- নি-প্রত্যয়যোগে অবজ্ঞাসূচক কয়েকটি স্ত্রী-বাচক শব্দ : ডাক্তার-ডাক্তারনি, দারোগা-দারোগানি, জমিদার-জমিদারনি, মাস্টার-মাস্টারনি।
- **গুরুত্বপূর্ণ পুরুষ ও স্ত্রীবাচক শব্দ :**

রাজন – রাজ্ঞী | কলু – কলুনি | তনু – তন্বী
শার্দূল – শার্দূলী | গুরু – গুর্বী | কুরঙ্গ – কুরঙ্গী

ডোম – ডোমনী | ধোপা – ধোপানি | সারমেয় – সারমেয়ী
অচল – অচলা | যশস্বী – যশস্বিনী | ডাক – ডাকিনী
মানুষ – মানুষী | গো – গবী | বিধাতা – বিধাত্রী
পসারি – পসারিণী | যবন – যবনী | হরিণ – হরিণী
খানসামা – আয়া | ছিঁচকাঁদুনে – ছিঁচকাঁদুনি | লুণ্ঠিত – লুণ্ঠিতা
হুজুর – হুজুরাইন | মৎস্য – মৎসী | মনুষ্য – মনুষী
গৃহস্বামী – গৃহস্বামিনী | ষণ্ড – গাভি | ডাহুক – ডাহুকী
ষাঁড় – গাভি | ব্যাঙমা – ব্যাঙমি

- **কিছু নরবাচক শব্দের স্ত্রী-লিঙ্গে একাধিক শব্দরূপ দেখা যায়। যেমন :**

ঠাকুর – ঠাকুরন/ঠাকরুন/ঠাকুরানি | সুকেশ – সুকেশা/সুকেশী/সুকেশিনী
তাউই/তাওই – মাউই/মাওই | চন্দ্রমুখ – চন্দ্রমুখী/চন্দ্রমুখা
সুনয়ন – সুনয়নী/সুনয়না | হেমাঙ্গ – হেমাঙ্গী/হেমাঙ্গা/হেমাঙ্গিনী
কৃশোদর – কৃশোদরী/কৃশোদরা | মৃগনয়ন – মৃগনয়নী/মৃগনয়না
চন্দ্রবদন – চন্দ্রবদনী/চন্দ্রবদনা | সুকণ্ঠ – সুকণ্ঠী/সুকণ্ঠা
রজক – রজকী/রজকিনি | বিহঙ্গ – বিহঙ্গী/বিহঙ্গিনি
গোপ – গোপী/গোপিনী/গোপিকা | দেবর – ননদ/ননদিনি/ননদি/ননদা
সিংহ – সিংহী/সিংহিনী | অভাগা – অভাগী/অভাগিনী
বীর – বীরনারী/বীরাঙ্গনা | মাতঙ্গ –মাতঙ্গী/মাতঙ্গিনী
ঋষি – ঋষ্যানী/ঋষিকা | দুলহা – দুলাইন/দুলহিন

লিখিত অংশ : অনুশীলনমূলক কাজ

০১. পুরুষ ও স্ত্রীবাচক শব্দ বলতে কী বোঝ? উদাহরণসহ বুঝিয়ে লেখ।
উত্তর : আলোচনা অংশ দ্রষ্টব্য।

০২. পুরুষ ও স্ত্রীবাচক শব্দের শ্রেণিবিভাগ আলোচনা কর।
উত্তর : আলোচনা অংশ দ্রষ্টব্য।

০৩. পুরুষ বা স্ত্রীবাচক শব্দ রূপান্তরের পাঁচটি নিয়ম লেখ।
উত্তর : আলোচনা অংশ দ্রষ্টব্য।

০৪. পাঁচটি নিত্য স্ত্রীবাচক তৎসম শব্দ লেখ।
উত্তর : পাঁচটি নিত্য স্ত্রীবাচক তৎসম শব্দ : সতিন, কুলটা, বিধবা, অসূর্যম্পশ্যা, সপত্নী।

০৫. পাঁচটি নিত্য পুরুষবাচক শব্দ লেখ।
উত্তর : পাঁচটি নিত্য পুরুষবাচক শব্দ : রাষ্ট্রপতি, যোদ্ধা, ঢাকি, কাপুরুষ, কৃতদার।

০৬. তৎসম শব্দের পরে কী কী প্রত্যয় যোগ করে স্ত্রীবাচক শব্দ গঠন করা যায়?
উত্তর : আলোচনা অংশ দ্রষ্টব্য।

০৭. নারীকে সম্বোধনের ক্ষেত্রে ব্যবহৃত হয় এমন পাঁচটি শব্দ লেখ।
উত্তর : শ্রদ্ধাস্পদাসু, মাননীয়াসু, সুচরিতাসু, কল্যাণীয়াসু, স্নেহভাজনীয়াসু।

০৮. পুরুষবাচক শব্দগুলোর স্ত্রীবাচক শব্দ লেখ : রাজন, শার্দূল, গুরু, সারমেয়, ডোম, কলু।
উত্তর : পুরুষবাচক শব্দের স্ত্রীবাচক রূপ :

পুরুষবাচক	স্ত্রীবাচক	পুরুষবাচক	স্ত্রীবাচক
রাজন	রাজ্ঞী	শার্দূল	শার্দূলী
গুরু	গুর্বী	সারমেয়	সারমেয়ী
ডোম	ডোমনী	কলু	কলুনি

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. লিঙ্গান্তর হয় না, এমন শব্দ কোনটি? [ব্যবসায় : ২৩-২৪; রাবি A : ২১-২২]
ⓚ সাহেব ⓛ বেয়াই ⓖ কবিরাজ ⓘ সঙ্গী উ: (গ)

০২. নিচের কোনটির পুরুষবাচক শব্দ নেই? [গ ১৮-১৯; বশেমুরবিপ্রবি F ১৬-১৭]
ⓚ ঠাকুরানি ⓛ এয়ো ⓖ দুলাইন ⓘ জেনানা উ: (খ)

০৩. পুরুষবাচক শব্দ নয়- [খ ১৭-১৮]
ⓚ বেগম ⓛ দীর্ঘাঙ্গী ⓖ বর্ষীয়ান ⓘ দুঃখী উ: (খ)

০৪. ক্ষুদ্রার্থে 'ইকা' প্রত্যয়যোগে গঠিত- [ঘ ০৪-০৫]
ⓚ নায়িকা ⓛ সেবিকা ⓖ মালিকা ⓘ শ্যালিকা উ: (গ)

০৫. কোন শব্দটির পুরুষবাচক রূপ নেই? [ক ১৩-১৪]
ⓚ নেত্রী ⓛ ঠাকুরন ⓖ ঝি ⓘ বিধবা উ: (ঘ)

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

০১. 'বৃহৎ' অর্থে স্ত্রীবাচক শব্দ কোনটি? [খ ০৬-০৭]
ⓚ যোগিনী ⓛ ক্ষত্রিয়ানী ⓖ অরণ্যানী ⓘ গীতিকা উ: (গ)

০২. 'পুস্তিকা' কী অর্থে ব্যবহৃত হয়? [খ ১২-১৩]
ⓚ স্ত্রীলিঙ্গ ⓛ উভয়লিঙ্গ ⓖ ক্ষুদ্রার্থে ⓘ বৃহদার্থে উ: (গ)

০৩. কোন শব্দটির স্ত্রীবাচক শব্দ নেই? [ক-১৩-১৪]
ⓚ সিংহ ⓛ কাপুরুষ ⓖ নর ⓘ সম্রাট উ: (খ)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

০১. কোনটির আগে স্ত্রীবাচক শব্দ যোগ করে লিঙ্গান্তর করতে হয়? [D : ২১-২২]
ⓚ নেতা ⓛ দাতা ⓖ কবি ⓘ বাদশা উ: (গ)

০২. কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ নয়? [D : ২১-২২]
ⓚ দাই ⓛ এয়ো ⓖ শূদ্রা ⓘ সতীন উ: (গ)

০৩. 'ঠাকুর' শব্দের ঠিক স্ত্রীবাচক শব্দ নয় কোনটি? [F ১৯-২০]
ⓚ ঠাকুরুন ⓛ ঠাকরুন ⓖ ঠাকুরন ⓘ ঠাকুরানী উ: (ক)

০৪. 'গৃহস্বামী' শব্দের ঠিক স্ত্রীবাচক শব্দ কোনটি? [F ১৯-২০]
ⓚ গৃহস্ত্রী ⓛ গৃহিণী ⓖ গৃহস্বামিনী ⓘ গৃহকর্ত্রী উ: (গ)

০৫. খাঁটি বাংলায় পুরুষবাচক শব্দ কোনটি?
ⓚ মিত্র ⓛ ডাক্তার ⓖ বামন ⓘ মানব উ: (গ)

০৬. 'ঘোষজা' কোন অর্থে স্ত্রীবাচক শব্দ? [F ১৯-২০]
ⓚ কন্যা অর্থে ⓛ পত্নী অর্থে ⓖ জাতি অর্থে ⓘ সাধারণ অর্থে উ: (ক)

০৭. 'হেমাঙ্গ' শব্দের স্ত্রীবাচক শব্দ নয় কোনটি? [F ১৮-১৯]
ⓚ হেমাঙ্গী ⓛ হেমিঙ্গী ⓖ হেমাঙ্গা ⓘ হেমাঙ্গিনী উ: (খ)

CS CamScanner

রাজশাহী বিশ্ববিদ্যালয়

০১. পুরুষবাচক শব্দ কোনটি? [A : ২১-২২]
ⓚ রজকী ⓚ মায়াবী ⓖ অজা ⓖ শ্রোত্রী উ: খ

০২. 'চঞ্চল' এর স্ত্রী লিঙ্গ কী? [A : ২১-২২]
ⓚ চঞ্চলা ⓚ চঞ্চলময়ী
ⓖ চঞ্চলবতী ⓖ চঞ্চলমতি উ: ক

০৩. নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি? [A : ২১-২২]
ⓚ অর্ধাঙ্গিনী ⓚ হেমাঙ্গিনী ⓖ সুকেশী ⓖ ননদী উ: ক

০৪. 'গুরু'র স্ত্রীবাচক শব্দ কোনটি? [A : ২১-২২, ইবি B ১৯-২০; চবি B ১৬-১৭]
ⓚ গুরুমা ⓚ গুরুমাতা ⓖ গুর্বী ⓖ গুর্বিণী উ: গ

০৫. 'প্রণেতা' এর স্ত্রীবাচক রূপ কোনটি? [B ১৯-২০]
ⓚ প্রণয়িনী ⓚ প্রণেত্রী ⓖ প্রণতি ⓖ প্রণিতা উ: খ

০৬. 'চতুর্দশ' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি? [B ১৮-১৯]
ⓚ চতুর্দশি ⓚ চতুর্দশা ⓖ চতুর্দশী ⓖ চতুর্দশক উ: গ

০৭. কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ? [E ১৭-১৮]
ⓚ দুলা ⓚ ঠাকুরণ ⓖ বিবি ⓖ সধবা উ: ঘ

০৮. লিঙ্গান্তর হয় না কোন শব্দটির? [F ১৭-১৮]
ⓚ ডাক্তার ⓚ ধোপা ⓖ কেরানি ⓖ নাপিত উ: গ

০৯. কোন শব্দটির পুরুষবাচক শব্দ নেই? [A ১৭-১৮; ঢাবি ঘ ১২-১৩]
ⓚ সতী ⓚ ঠাকুরন ⓖ ঝি ⓖ ষোড়শী

Note: অপশনে প্রদত্ত প্রতিটি শব্দেরই পুরুষবাচক শব্দ রয়েছে। যেমন : সৎ-সতী, ঠাকুর-ঠাকরুন, চাকর-ঝি, ষোড়শ-ষোড়শী।

১০. কোনটি স্ত্রীলিঙ্গ থেকে পুংলিঙ্গ? [A ১৭-১৮]
ⓚ নন্দাই ⓚ দেবর ⓖ স্বামী ⓖ জামাই উ: ক

১১. 'রজক' এর স্ত্রী লিঙ্গ- [০৫-০৬]
ⓚ রজকিনী ⓚ মহিলা রজক ⓖ রজকা ⓖ রজকী

Note: পুরাতন ব্যাকরণ অনুসারে, 'রজক'-এর স্ত্রী লিঙ্গ 'রজকী (বাংলায়) রজকিনী।

১২. কোন শব্দটির দুটি স্ত্রীবাচক শব্দ আছে? [০৬-০৭]
ⓚ শ্রীমান ⓚ শিক্ষক ⓖ বুদ্ধিমান ⓖ রজক

Note: রজক-রজকী/রজকিনী; শিক্ষক-শিক্ষয়িত্রী/শিক্ষকপত্নী।

১৩. স্ত্রীজাতীয় কাউকে সম্বোধনে ব্যবহৃত হয়- [E ১৬-১৭]
ⓚ সুজনেসু ⓚ কল্যাণীয়েষু ⓖ সুজনীয়াসু ⓖ সুজনিয়াষু উ: গ

১৪. কোনটির স্ত্রীলিঙ্গ ভিন্ন শব্দ? [০৬-০৭]
ⓚ বিদ্বান ⓚ জেলে ⓖ নানা ⓖ কোকিল উ: ক

১৫. নিম্নের যে শব্দটি অন্যগুলি থেকে আলাদা- [গ ০৭-০৮]
ⓚ বিধবা ⓚ সজনী ⓖ ললনা ⓖ ননদ উ: ক

১৬. 'শুক' শব্দের স্ত্রীবাচক শব্দ? [০৮-০৯; ইবি গ ০৫-০৬]
ⓚ সুখী ⓚ সারী ⓖ সুকী ⓖ শুকা

Note: 'শুক' শব্দের স্ত্রীবাচক সারী (শারি)/শুকী।

১৭. 'নাপিত' শব্দের স্ত্রীলিঙ্গ কোনটি? [A ১৬-১৭]
ⓚ নাপিতানি ⓚ নাপিতা ⓖ নাপিত বৌ ⓖ নাপিতিনী উ: ক

১৮. 'সমিতি' কোন লিঙ্গ? [E ১৬-১৭]
ⓚ স্ত্রীলিঙ্গ ⓚ পুরুষলিঙ্গ ⓖ ক্লীবলিঙ্গ ⓖ উভয়লিঙ্গ উ: গ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

০১. নিত্য পুরুষবাচক শব্দের উদাহরণ কোনটি? [A : ২৩-২৪]
ⓚ সপত্নী ⓚ কুলটা ⓖ কৃতদার ⓖ সতিন উ: গ

০২. নিত্য পুরুষবাচক শব্দ কোনটি? [B1 : ২১-২২]
ⓚ ঢাকি ⓚ কুলটা ⓖ কুলি ⓖ কামিন উ: ক

০৩. 'শূদ্র' এর স্ত্রী লিঙ্গ কোনটি? [ঙ ০৪-০৫; রাবি ০৯-১০]
ⓚ শূদ্রাণী ⓚ শূদ্রা ⓖ শূদ্রানী ⓖ শূদ্রী

Note: শূদ্র-শূদ্রা (শূদ্র জাতীয় স্ত্রীলোক), শূদ্রানী (শূদ্রের স্ত্রী)।

০৪. কোনটির দুটি স্ত্রীবাচক শব্দ আছে? [ঙ ০৫-০৬]
ⓚ শুক ⓚ গায়ক ⓖ প্রিয়া ⓖ কোনোটিই নয়

Note: 'শুক' শব্দের স্ত্রীবাচক সারী (শারি)/শুকী।

০৫. কোনটি উভয়লিঙ্গ বাচক শব্দ? [০৬-০৭; ইবি গ ০৫-০৬, গ ০৫-০৬]
ⓚ শিশু ⓚ বৃদ্ধ ⓖ প্রৌঢ় ⓖ নাবালক উ: ক

০৬. কোনটি স্ত্রীবাচক? [খ ১১-১২]
ⓚ যোগী ⓚ ভোগী ⓖ মহতী ⓖ মায়াবী উ: গ

০৭. 'নাটিকা' শব্দটি কোন অর্থে স্ত্রী বাচক? [ঙ ১১-১২; জবি ঘ ১১-১২]
ⓚ সমার্থে ⓚ বিপরীত অর্থে ⓖ ক্ষুদ্রার্থে ⓖ সংলাপ অর্থে উ: গ

GST গুচ্ছ বিশ্ববিদ্যালয়

০১. কোনটি নিত্য পুরুষবাচক শব্দ? [A : ২৩-২৪]
ⓚ শিক্ষক ⓚ সন্তান ⓖ ডাক্তার ⓖ অকৃতদার উ: ঘ

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

০১. নিচের কোনটিতে ক্লীবলিঙ্গ বোঝায়? [A সেট ২, ১২-১৩]
ⓚ ছেলে ⓚ বর ⓖ খাতা ⓖ মালা উ: গ

০২. 'গণক' শব্দটির স্ত্রীলিঙ্গ কোনটি? [C সেট ১, ১২-১৩]
ⓚ গণিকা ⓚ গণকী ⓖ গণকিনী ⓖ গণকা উ: খ

ইসলামী বিশ্ববিদ্যালয়

০১. নিচের কোনটি অবজ্ঞাসূচক স্ত্রীবাচক শব্দ? [H ১৭-১৮]
ⓚ চন্দ্রমুখী ⓚ দারোগাগিনী ⓖ সুকেশিনী ⓖ যামিনী উ: খ

০২. 'মানুষ' কোন লিঙ্গ? [গ ০৪-০৫]
ⓚ পুংলিঙ্গ ⓚ স্ত্রীলিঙ্গ ⓖ ক্লীবলিঙ্গ ⓖ উভয়লিঙ্গ উ: ঘ

০৩. 'সাধু' শব্দের স্ত্রীলিঙ্গ কোনটি? [খ ১০-১১]
ⓚ সাধ্বি ⓚ সাধ্বী ⓖ সাধিকা ⓖ সাধনী উ: খ

০৪. কোনটি নিত্য পুংলিঙ্গ? [শাপলা ১১-১২]
ⓚ গরু ⓚ ঢাকী ⓖ দাতা ⓖ সাধু উ: খ

০৫. কোনটি বিশেষ নিয়মে সাধিত স্ত্রীবাচক শব্দ? [C ১৬-১৭]
ⓚ সম্রাজ্ঞী ⓚ ব্রাহ্মণী ⓖ চতুর্দশী ⓖ ঠাকুরন উ: ক

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

০১. নিত্য স্ত্রীবাচক তৎসম শব্দ কোনটি? [C ১৬-১৭]
ⓚ অন্তঃসত্ত্বা ⓚ চৌধুরানী ⓖ ননদিনী ⓖ বন্ধুপত্নী উ: ক

খুলনা বিশ্ববিদ্যালয়

০১. নিচের কোনটির দুটি স্ত্রীবাচক শব্দ আছে? [C ১৯-২০]
ⓚ শুক ⓚ দেবর ⓖ খোকা ⓖ কুলি

Note: 'দেবর-ননদ/জা'। উল্লেখ্য, 'শুক' শব্দেরও আলাদা দুটি স্ত্রীবাচক রূপ রয়েছে: সারী (শারি)/শুকী।

০২. নিচের কোনটি বৈশিষ্ট্যগতভাবে আলাদা? [B ১৮-১৯]
ⓚ সতিন ⓚ ননদি ⓖ সৎমা ⓖ দাইমা উ: খ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয়

০১. নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি? [D ১৭-১৮]
ⓚ বারবনিতা ⓚ পুরোহিত ⓖ মহীয়সী ⓖ রাষ্ট্রপতি উ: ক

০২. নিত্য স্ত্রীবাচক তৎসম শব্দ কোনটি? [D -১৩-১৪]
ⓚ অরক্ষণীয়া ⓚ মুহতারিমা ⓖ সভানেত্রী ⓖ হিমানী উ: ক

০৩. দুটি পুরুষবাচক শব্দ রয়েছে কোনটির? [F, সেট ৩ : ১৪-১৫; ইবি খ ০৮-০৯]
ⓚ ননদ ⓚ প্রিয়া ⓖ শিষ্যা ⓖ আয়া উ: ক

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১. নিত্য পুরুষবাচক শব্দ কোনটি? [D, সেট-I : ১৪-১৫]
ⓚ যামী ⓚ দারোগা ⓖ মাতঙ্গ ⓖ কৃতদার উ: ঘ

হাজী মোহাম্মদ দানেশ বি. ও প্র. বিশ্ববিদ্যালয়

০১. 'কুলি' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি? [C ১৩-১৪; খুবি ক ১০-১১; জাককানবি ঙ ১৬-১৭]
ⓚ কামিনী ⓚ কুলিনী ⓖ কুলিনা ⓖ কামিন উ: ঘ

০২. কোনটির স্ত্রীবাচক শব্দ নেই? [C-১৫-১৬]
ⓚ কবিরাজ ⓚ ঢাকী ⓖ কৃতদার ⓖ সবগুলো উ: ঘ

CamScanner

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১. কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ? [C ১৭-১৮]
ⓚ নাটিকা ⓚ অর্ধাঙ্গিনী ⓖ বিরহিণী ⓖ বেগম
উ: খ

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১. কোন শব্দটি দ্বারা পুরুষ ও স্ত্রী দুই-ই বোঝায়? [A ১৮-১৯]
ক কবিরাজ খ নদী গ কৃতদার ঘ শিক্ষিত
উ: ঘ

০২. 'পত্নী' অর্থে ব্যবহৃত স্ত্রীবাচক শব্দ কোনটি? [খ ০৭-০৮; জাহাঙ্গীরনগর E ১৩-১৪]
ক স্ত্রী খ বিদুষী গ নারী ঘ কিশোরী
উ: ক

০৩. কোনটি নিত্য পুংলিঙ্গ শব্দ নয়? [খ ০৭-০৮]
ক পুরোহিত খ কৃতদার গ [illegible] ঘ পাগল
উ: ঘ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি

০১. নিত্য পুরুষবাচক শব্দ– [FMGP : ২১-২২]
ক হরিণ খ মদ্দা গ পিতা ঘ অকৃতদার
উ: ঘ

গার্হস্থ্য অর্থনীতি কলেজ

০১. নিত্য স্ত্রীবাচক শব্দ নয় কোনটি?
ক দাই খ রজকী গ সধবা ঘ সতিন
উ: খ

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ

০১. নিচের কোনটি নিত্য নারীবাচক শব্দের উদাহরণ? [Business : ২১-২২]
ক কল্যাণী খ সপত্নী গ সুস্মিতা ঘ সুন্দরী
উ: খ

BCS পরীক্ষার বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

০১. লিঙ্গান্তর হয় না এমন শব্দ কোনটি? [১৮তম বিসিএস]
ক সাহেব খ বেয়াই গ সতী ঘ কবিরাজ
উ: ঘ

০২. দুটি পুরুষবাচক শব্দ রয়েছে কোনটির? [১৮তম বিসিএস]
ক ননদ খ প্রিয়া গ শিষ্যা ঘ আয়া
উ: খ

SELF TEST MCQ

০১. বিশেষ্য ও বিশেষণের নারী ও নরভেদের নাম কী?
ক বাচ্য খ নির্দেশক গ বচন ঘ লিঙ্গ

০২. নিচের কোন শব্দটি উভলিঙ্গ প্রকাশক?
ক সন্তান খ ছেড়ি গ ছাত্র ঘ ঘর

০৩. 'ক্লীব লিঙ্গ' শব্দ কোনটি?
ক গাড়ি খ মা গ মানুষ ঘ পাখি

০৪. কোন শব্দটি অপত্যবাচক?
ক মাতা খ দাদি গ চাচি ঘ শিক্ষিকা

০৫. নিচের কোনটি নিত্য নরবাচক শব্দ?
ক কৃতদার খ ছেলে গ নেতা ঘ বাবা

০৬. নিচের কোনটি নিত্য নারীবাচক শব্দ?
ক শিক্ষিকা খ জেলেনি গ মেয়ে ঘ সতিন

০৭. '-অক' প্রত্যয় দিয়ে গঠিত নরবাচক শব্দকে নারীবাচক করার সময়ে '-অক' এর জায়গায় কী হয়?
ক -এয়া খ ওকা গ -ইকা ঘ -আকা

০৮. নিচের কোন নারীবাচক শব্দের সাথে নরবাচক শব্দের গঠনগত মিল নেই?
ক বেগম খ ভাইঝি গ মেয়ে বউ ঘ গায়িকা

০৯. 'লিঙ্গ' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?
ক শব্দতত্ত্ব খ ধ্বনিতত্ত্ব গ অর্থতত্ত্ব ঘ বাক্যতত্ত্ব

১০. 'হুজুর' শব্দের স্ত্রীবাচক কোনটি?
ক হুজুরনী খ হুজুরাইন গ হুজুরানী ঘ হুজুরুইন

১১. কোনটি ক্লীবলিঙ্গের উদাহরণ?
ক শিশু খ চাকি গ সতিন ঘ ঝরনা

১২. 'কুহক' শব্দের স্ত্রীলিঙ্গ কী?
ক কুহক খ কুহকী গ কুহকিনি ঘ কুহকিনী

১৩. 'গরীয়ান' স্ত্রীলিঙ্গে কী হবে?
ক গরিয়সী খ গরিয়ানী গ গরিয়াণী ঘ গরীয়সী

১৪. 'বিদুষী' এর পুংলিঙ্গ কোনটি?
ক বিদ্যান খ বিদ্দান গ বিদ্ধান ঘ বিদ্বান

১৫. যেসব শব্দের দ্বারা স্ত্রী, পুরুষ, প্রাণী বা জড় পদার্থ বুঝায়, তাদেরকে বলে-
ক বচন খ লিঙ্গ গ প্রবাদ ঘ বাচ্য

১৬. 'সেবক' এর স্ত্রীলিঙ্গ কী?
ক সেবকী খ সেবকা গ সেবিকা ঘ সেবীকা

১৭. কোনটি ক্লীবলিঙ্গের উদাহরণ?
ক শিশু খ ছাত্র গ কলম ঘ সতিন

১৮. নিত্য পুরুষবাচক শব্দ কোনটি?
ক কবিরাজ খ ধনবান গ পৃথিবী ঘ শ্রীমান

১৯. বাংলা ব্যাকরণ কোন পদে সংস্কৃতের লিঙ্গের নিয়ম মানে না?
ক বিশেষ্য খ বিশেষণ গ অব্যয় ঘ ক্রিয়া

২০. কোনটি পত্নী অর্থে স্ত্রীবাচক শব্দ?
ক ছাত্রী খ দাদি গ আয়া ঘ সংজ্ঞা

২১. নিচের কোনটি পুরুষবাচক শব্দ থেকে বিশেষ নিয়মে স্ত্রীবাচক শব্দ গঠিত হয়েছে?
ক গীত-গীতিকা খ নর্তক-নর্তকী গ শ্বশুর-শ্বশ্রূ ঘ হিম-হিমানী

২২. কোনটি জমানো অর্থে ব্যবহৃত হয়েছে?
ক বরফ খ হিমানী গ ঠান্ডা ঘ শীত

OMR

০১.ⓚⓚⓖⓖ	০২.ⓚⓚⓖⓖ	০৩.ⓚⓚⓖⓖ	০৪.ⓚⓚⓖⓖ	০৫.ⓚⓚⓖⓖ
০৬.ⓚⓚⓖⓖ	০৭.ⓚⓚⓖⓖ	০৮.ⓚⓚⓖⓖ	০৯.ⓚⓚⓖⓖ	১০.ⓚⓚⓖⓖ
১১.ⓚⓚⓖⓖ	১২.ⓚⓚⓖⓖ	১৩.ⓚⓚⓖⓖ	১৪.ⓚⓚⓖⓖ	১৫.ⓚⓚⓖⓖ
১৬.ⓚⓚⓖⓖ	১৭.ⓚⓚⓖⓖ	১৮.ⓚⓚⓖⓖ	১৯.ⓚⓚⓖⓖ	২০.ⓚⓚⓖⓖ
২১.ⓚⓚⓖⓖ	২২.ⓚⓚⓖⓖ	২৩.ⓚⓚⓖⓖ	২৪.ⓚⓚⓖⓖ	২৫.ⓚⓚⓖⓖ

Answer

২২.খ	২১.গ	২০.খ	১৯.ঘ	১৮.ক	১৭.গ	১৬.গ	১৫.খ
১৪.ঘ	১৩.ক	১২.ঘ	১১.ঘ	১০.খ	০৯.ক	০৮.ক	০৭.গ
০৬.ঘ	০৫.ক	০৪.ঘ	০৩.ক	০২.ক	০১.ঘ		

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

অধ্যায় ১৭

সংখ্যাবাচক শব্দ
Cardinal numeral

সংখ্যাবাচক শব্দ সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য

যেসব শব্দ দিয়ে সংখ্যা বোঝায়, সেগুলোকে সংখ্যাবাচক শব্দ বা সংখ্যাশব্দ বলে। এক, দুই, তিন, চার, পাঁচ, ছয় প্রভৃতি সংখ্যাশব্দ– এগুলো এখানে কথায় লেখা হয়েছে। আবার বিশেষ কিছু বর্ণ বা সংকেত দিয়ে এগুলো প্রকাশ করা যায়, যথা: ১, ২, ৩, ৪, ৫, ৬ প্রভৃতি সংখ্যাশব্দ– এগুলো এখানে অঙ্কে বা সংখ্যাবর্ণে লেখা হয়েছে। দূরত্ব, দৈর্ঘ্য, আয়তন, খণ্ড, তাপমাত্রা ইত্যাদি পরিমাপের ক্ষেত্রে সংখ্যাশব্দের ব্যাপক ব্যবহার হয়।

সংখ্যাবাচক শব্দ দুই রকমের : ক্রমবাচক ও পূরণবাচক। ক্রমবাচক, যথা : এক, দুই, তিন, চার, পাঁচ। পূরণবাচক, যথা : প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম।

০১. ক্রমবাচক সংখ্যাশব্দ

একের পর এক যে সংখ্যাগুলো আসে, সেগুলো ক্রমবাচক সংখ্যাশব্দ। যেমন : ১ (এক), ২ (দুই), ৩ (তিন), ৪ (চার), ৫ (পাঁচ), ৬ (ছয়), ৭ (সাত), ৮ (আট), ৯ (নয়), ১০ (দশ), ১১ (এগারো), ১২ (বারো), ১৩ (তেরো), ১৪ (চোদ্দ), ১৫ (পনেরো), ১৬ (ষোলো), ১৭ (সতেরো), ১৮ (আঠারো), ১৯ (উনিশ), ২০ (বিশ) ইত্যাদি।

ক্রমবাচক সংখ্যাশব্দ সম্পর্কিত জ্ঞাতব্য :

◇ ক্রমবাচক সংখ্যাবর্ণের সুবিধা হলো এতে ১ থেকে ৯ এবং ০ দিয়ে অসীম সংখ্যার পূর্ব পর্যন্ত ক্রম তৈরি করা যায়।

◇ ক্রমবাচক সংখ্যাশব্দের এক বা একাধিক প্রতিশব্দ রয়েছে। এগুলো কখনো স্বতন্ত্রভাবে ব্যবহৃত হয়, কখনো সমাসবদ্ধ শব্দের পূর্বপদ হিসেবে ব্যবহৃত হয়। যেমন : 'দুই' সংখ্যাশব্দের প্রতিশব্দ 'দ্বি', 'দু', এবং 'দো'। 'তিন' সংখ্যাশব্দের প্রতিশব্দ 'ত্রি' এবং 'তে'।

০২. পূরণবাচক সংখ্যাশব্দ

পূরণবাচক সংখ্যাশব্দ দিয়ে কোনো সংখ্যার ক্রমিক অবস্থান ও পরিমাণকে বোঝায়। যেমন 'এক' সংখ্যার ক্রমিক অবস্থান 'প্রথম', 'প্রথমা', 'পহেলা' ইত্যাদি। এগুলোকে পূরণবাচক সংখ্যাশব্দ বলে। পূরণবাচক সংখ্যাশব্দ তিন ধরনের হয়: ১. সাধারণ পূরণবাচক ২. তারিখ পূরণবাচক ও ৩. ভগ্নাংশ পূরণবাচক।

সাধারণ পূরণবাচক : ক্রমবাচক সংখ্যার পর্যায় বা অবস্থানকে নির্দেশ করতে সাধারণ পূরণবাচক হয়ে থাকে। যেমন : প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, সপ্তম, অষ্টম, নবম, দশম, একাদশ বা এগারোতম ইত্যাদি। সাধারণ পূরণবাচক সংক্ষিপ্ত রূপেও লেখা যায়। যেমন : ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম, ৯ম, ১০ম ইত্যাদি।

১১ থেকে ১৮ পর্যন্ত সংখ্যার পূর্ণ পূরণবাচক ও সংক্ষিপ্ত পূরণবাচক দুই রকম: একাদশ (১১শ) ও এগারোতম (১১তম), দ্বাদশ (১২শ) ও বারোতম (১২তম), ত্রয়োদশ (১৩শ) ও তেরোতম (১৩তম), চতুর্দশ (১৪শ) ও চোদ্দতম (১৪তম), পঞ্চদশ (১৫শ) ও পনেরোতম (১৫তম), ষোড়শ (১৬শ) ও ষোলোতম (১৬তম), সপ্তদশ (১৭শ) ও সতেরোতম (১৭তম), অষ্টাদশ (১৮শ) ও আঠারোতম (১৮তম)।

১৯ থেকে ৯৯ পর্যন্ত সংখ্যার সংক্ষিপ্ত পূরণবাচকে শুধু 'তম' প্রত্যয় যোগ করা হয়। যথা: উনিশতম বা ঊনবিংশতিতম (১৯তম), বিশতম বা বিংশতিতম (২০তম), একুশতম বা একবিংশতিতম (২১তম), আটাশতম বা অষ্টাবিংশতিতম (২৮তম), উনপঞ্চাশতম বা ঊনপঞ্চাশত্তম (৪৯ তম), আশিতম বা অশীতিতম (৮০তম), নব্বইতম বা নবতিতম (৯০তম), নিরানব্বইতম বা নবনবতিতম (৯৯তম) ইত্যাদি।

বাংলা ভাষায় সাধারণ পূরণবাচকের নারীবাচক রূপের ব্যবহার আছে। যেমন : প্রথমা (১মা), দ্বিতীয়া (২য়া), তৃতীয়া (৩য়া), চতুর্থী (৪র্থী), পঞ্চমী (৫মী), ষষ্ঠী (৬ষ্ঠী), সপ্তমী (৭মী), অষ্টমী (৮মী), নবমী (৯মী), দশমী (১০মী), একাদশী (১১শী), দ্বাদশী (১২শী), ত্রয়োদশী (১৩শী), চতুর্দশী (১৪শী), পঞ্চদশী (১৫শী), ষোড়শী (১৬শী), সপ্তদশী (১৭শী), অষ্টাদশী (১৮শী) ইত্যাদি।

তারিখ পূরণবাচক : বাংলা ভাষায় তারিখ নির্দেশ করার জন্য সংখ্যাশব্দের পূরণবাচকে নির্দিষ্ট কিছু প্রত্যয় ব্যবহৃত হয়। যথা: পহেলা বা পয়লা (১লা), দোসরা (২রা), তেসরা (৩রা), চৌঠা (৪ঠা), পাঁচই (৫ই), ছয়ই (৬ই), সাতই (৭ই), আটই (৮ই), নয়ই (৯ই), দশই (১০ই), এগারোই (১১ই), বারোই (১২ই), তেরোই (১৩ই), চোদ্দই (১৪ই), পনেরোই (১৫ই), ষোলোই (১৬ই), সতেরোই (১৭ই), আঠারোই (১৮ই), উনিশে (১৯শে), বিশে (২০শে), একুশে (২১শে), বাইশে (২২শে), তেইশে (২৩শে), চব্বিশে (২৪শে), পঁচিশে (২৫শে), ছাব্বিশে (২৬শে), সাতাশে (২৭শে), আটাশে (২৮শে), উনত্রিশে (২৯শে), ত্রিশে (৩০শে), একত্রিশে (৩১শে)।

জ্ঞাতব্য: তারিখবাচক শব্দের প্রথম চারটি অর্থাৎ ১ থেকে ৪ পর্যন্ত হিন্দি নিয়মে সাধিত হয়। বাকিগুলো বাংলা ভাষার নিজস্ব ভঙ্গিতে গঠিত।

ভগ্নাংশ পূরণবাচক : কখনো পূর্ণসংখ্যার থেকে খানিকটা কম বা খানিকটা বেশি বোঝাতে ভগ্নাংশ পূরণবাচক হয়। যেমন : আধ, সাড়ে, পোয়া, সোয়া, দেড়, আড়াই, তেহাই, চৌথা ইত্যাদি।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

পূর্ণসংখ্যার ন্যূনতা বা আধিক্য

➢ **ন্যূনতা** : চৌথা, সিকি, পোয়া, তেহাই, অর্ধ বা আধা এবং পৌনে কোনো পূর্ণসংখ্যার ন্যূনতাজ্ঞাপক। যেমন : আধ, অর্ধ বা আধা $= \frac{১}{২}$ (এক এককের দুই ভাগের এক ভাগ)। $\frac{১}{৪}$ = চৌথা, সিকি বা পোয়া (এক চতুর্থাংশ বা এক এককের চার ভাগের এক ভাগ)। $\frac{১}{৩}$ = তেহাই (এক তৃতীয়াংশ বা এক এককের তিনভাগের এক ভাগ)। $\frac{১}{৮}$ = আট ভাগের এক বা এক অষ্টমাংশ। তেমনি, এক পঞ্চমাংশ ($\frac{১}{৫}$), এক দশমাংশ ($\frac{১}{১০}$), তিন চতুর্থাংশ ($\frac{৩}{৪}$) তিন অষ্টমাংশ ($\frac{৩}{৮}$)। 'পৌনে' দ্বারাও কোনো সংখ্যার ন্যূনতা প্রকাশিত হয়। 'পৌনে' শব্দের অর্থ পোয়া বা এক সিকি বা এক চতুর্থাংশ ($\frac{১}{৪}$) কম। এক এককের ($\frac{৩}{৪}$) কে পরবর্তী সংখ্যার পৌনে বলা হয়। অর্থাৎ, পৌনে = $(১-\frac{১}{৪}) = \frac{৩}{৪}$। যেমন : পৌনে তিন = $২\frac{৩}{৪}$, পৌনে চার = $৩\frac{৩}{৪}$, পৌনে ছয় = $৫\frac{৩}{৪}$, পৌনে সাত = $৬\frac{৩}{৪}$ ইত্যাদি।

➢ **আধিক্য** : সওয়া বা সোয়া, দেড়, আড়াই, সাড়ে এগুলো দ্বারা কোনো পূর্ণসংখ্যার আধিক্য প্রকাশ পায়।

সওয়া/সোয়া : সোয়া শব্দের অর্থ সিকিভাগ ($\frac{১}{৪}$) সহ। পূর্ণ সংখ্যার অতিরিক্ত এক চতুর্থাংশকে ($\frac{১}{৪}$) বাংলায় সওয়া (< সপাদ) হিসেবে ধরা হয়। সোয়া (এক) = $১\frac{১}{৪}$, সোয়া তিন = $৩\frac{১}{৪}$, সোয়া বারো = $১২\frac{১}{৪}$। দেড় = এক এবং অর্ধ (দ্বি-অর্ধ) = $১\frac{১}{২}$ = $\frac{১}{২}$ কম ২। আড়াই = < অর্ধ-তৃতীয় = $২\frac{১}{২} = \frac{১}{২}$ কম ৩।

এগুলো ছাড়া অর্ধযুক্ত ($\frac{১}{২}$) সংখ্যাকে 'সাড়ে' বলা হয়। সাড়ে = স + অর্ধ; কোনো সংখ্যার সঙ্গে অর্ধযুক্ত থাকলে সেই সংখ্যাটির আগে 'সাড়ে' বসে। যেমন : $৩\frac{১}{২}$ = সাড়ে তিন, $৪\frac{১}{২}$ = সাড়ে চার, $৫\frac{১}{২}$ = সাড়ে পাঁচ।

▪ পুরাতন ব্যাকরণ (৯ম-১০ম শ্রেণি) অনুযায়ী

ক্রমবাচক, সাধারণ ও তারিখ পূরণবাচক সংখ্যাশব্দ

ক্রমবাচক সংখ্যাশব্দ		সাধারণ পূরণবাচক		তারিখ পূরণবাচক	
১	এক	প্রথম	১ম	পহেলা	১লা
২	দুই	দ্বিতীয়	২য়	দোসরা	২রা
৩	তিন	তৃতীয়	৩য়	তেসরা	৩রা
৪	চার	চতুর্থ	৪র্থ	চৌঠা	৪ঠা
৫	পাঁচ	পঞ্চম	৫ম	পাঁচই	৫ই
৬	ছয়	ষষ্ঠ	৬ষ্ঠ	ছউই	৬ই
৭	সাত	সপ্তম	৭ম	সাতই	৭ই
৮	আট	অষ্টম	৮ম	আটই	৮ই
৯	নয়	নবম	৯ম	নউই	৯ই
১০	দশ	দশম	১০ম	দশই	১০ই
১১	এগারো	একাদশ	১১শ/তম	এগারোই	১১ই
১২	বারো	দ্বাদশ	১২শ/তম	বারোই	১২ই
১৩	তেরো	ত্রয়োদশ	১৩শ/তম	তেরোই	১৩ই
১৪	চৌদ্দ	চতুর্দশ	১৪শ/তম	চৌদ্দই	১৪ই
১৫	পনেরো	পঞ্চদশ	১৫শ/তম	পনেরোই	১৫ই
১৬	ষোলো	ষোড়শ	১৬শ/তম	ষোলোই	১৬ই
১৭	সতেরো	সপ্তদশ	১৭শ/তম	সতেরোই	১৭ই
১৮	আঠারো	অষ্টাদশ	১৮শ/তম	আঠারোই	১৮ই
১৯	উনিশ	ঊনবিংশ	১৯তম	উনিশে	১৯শে
২০	বিশ/কুড়ি	বিংশ	২০তম	বিশে	২০শে
২১	একুশ	একবিংশ	২১তম	একুশে	২১শে
২২	বাইশ	দ্বাবিংশ	২২তম	বাইশে	২২শে
২৩	তেইশ	ত্রয়োবিংশ	২৩তম	তেইশে	২৩শে
২৪	চব্বিশ	চতুর্বিংশ	২৪তম	চব্বিশে	২৪শে
২৫	পঁচিশ	পঞ্চবিংশ	২৫তম	পঁচিশে	২৫শে
২৬	ছাব্বিশ	ষড়বিংশ	২৬তম	ছাব্বিশে	২৬শে
২৭	সাতাশ	সপ্তবিংশ	২৭তম	সাতাশে	২৭শে
২৮	আটাশ	অষ্টাবিংশ	২৮তম	আটাশে	২৮শে
২৯	উনত্রিশ	ঊনত্রিংশ	২৯তম	উনত্রিশে	২৯শে

ক্রমবাচক সংখ্যাশব্দ		সাধারণ পূরণবাচক		তারিখ পূরণবাচক	
৩০	ত্রিশ	ত্রিংশ	৩০তম	ত্রিশে	৩০শে
৩১	একত্রিশ	একত্রিংশ	৩১তম	একত্রিশে	৩১শে

ক্রমবাচক সংখ্যাশব্দ		সাধারণ পূরণবাচক শব্দ	
৩২	বত্রিশ	দ্বাত্রিংশ	৩২তম
৩৩	তেত্রিশ	ত্রয়স্ত্রিংশ	৩৩তম
৩৪	চৌত্রিশ	চতুস্ত্রিংশ	৩৪তম
৩৫	পঁয়ত্রিশ	পঞ্চত্রিংশ	৩৫তম
৩৬	ছত্রিশ	ষট্ত্রিংশ	৩৬তম
৩৭	সাঁইত্রিশ	সপ্তত্রিংশ	৩৭তম
৩৮	আটত্রিশ	অষ্টাত্রিংশ	৩৮তম
৩৯	উনচল্লিশ	ঊনচত্বারিংশ	৩৯তম
৪০	চল্লিশ	চত্বারিংশ	৪০তম
৪১	একচল্লিশ	একচত্বারিংশ	৪১ তম
৪২	বিয়াল্লিশ	দ্বিচত্বারিংশ	৪২তম
৪৩	তেতাল্লিশ	ত্রিচত্বারিংশ	৪৩তম
৪৪	চুয়াল্লিশ	চতুশ্চত্বারিংশ	৪৪তম
৪৫	পঁয়তাল্লিশ	পঞ্চচত্বারিংশ	৪৫তম
৪৬	ছেচল্লিশ	ষট্চত্বারিংশ	৪৬তম
৪৭	সাতচল্লিশ	সপ্তচত্বারিংশ	৪৭তম
৪৮	আটচল্লিশ	অষ্টচত্বারিংশ	৪৮তম
৪৯	উনপঞ্চাশ	ঊনপঞ্চাশত্তম	৪৯তম
৫০	পঞ্চাশ	পঞ্চাশত্তম	৫০তম
৫১	একান্ন	একপঞ্চাশত্তম	৫১তম
৫২	বায়ান্ন	দ্বাপঞ্চাশত্তম	৫২তম
৫৩	তেপান্ন	ত্রিপঞ্চাশত্তম	৫৩তম
৫৪	চুয়ান্ন	চতুঃপঞ্চাশত্তম	৫৪তম
৫৫	পঞ্চান্ন	পঞ্চপঞ্চাশত্তম	৫৫তম
৫৬	ছাপান্ন	ষট্পঞ্চাশত্তম	৫৬তম

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৫৭	সাতান্ন	সপ্তপঞ্চাশত্তম	৫৭তম
৫৮	আটান্ন	অষ্টপঞ্চাশত্তম	৫৮তম
৫৯	ঊনষাট	ঊনষষ্টিতম	৫৯তম
৬০	ষাট	ষষ্টিতম	৬০তম
৬১	একষট্টি	একষষ্টিতম	৬১তম
৬২	বাষট্টি	দ্বাষষ্টিতম	৬২তম
৬৩	তেষট্টি	ত্রিষষ্টিতম	৬৩তম
৬৪	চৌষট্টি	চতুঃষষ্টিতম	৬৪তম
৬৫	পঁয়ষট্টি	পঞ্চষষ্টিতম	৬৫তম
৬৬	ছেষট্টি	ষটষষ্টিতম	৬৬তম
৬৭	সাতষট্টি	সপ্তষষ্টিতম	৬৭তম
৬৮	আটষট্টি	অষ্টষষ্টিতম	৬৮তম
৬৯	ঊনসত্তর	ঊনসপ্ততিতম	৬৯তম
৭০	সত্তর	সপ্ততিতম	৭০তম
৭১	একাত্তর	একসপ্ততিতম	৭১তম
৭২	বাহাত্তর	দ্বিসপ্ততিতম	৭২তম
৭৩	তিয়াত্তর	ত্রিসপ্ততিতম	৭৩তম
৭৪	চুয়াত্তর	চতুঃসপ্ততিতম	৭৪তম
৭৫	পঁচাত্তর	পঞ্চসপ্ততিতম	৭৫তম
৭৬	ছিয়াত্তর	ষটসপ্ততিতম	৭৬তম
৭৭	সাতাত্তর	সপ্তসপ্ততিতম	৭৭তম
৭৮	আটাত্তর	অষ্টসপ্ততিতম	৭৮তম
৭৯	উনআশি	ঊনাশীতিতম	৭৯তম

৮০	আশি	অশীতিতম	৮০তম
৮১	একাশি	একাশীতিতম	৮১তম
৮২	বিরাশি	দ্ব্যশীতিতম	৮২তম
৮৩	তিরাশি	ত্র্যশীতিতম	৮৩তম
৮৪	চুরাশি	চতুরশীতিতম	৮৪তম
৮৫	পঁচাশি	পঞ্চাশীতিতম	৮৫তম
৮৬	ছিয়াশি	ষড়শীতিতম	৮৬তম
৮৭	সাতাশি	সপ্তাশীতিতম	৮৭তম
৮৮	আটাশি/অষ্টাশি	অষ্টাশীতিতম	৮৮তম
৮৯	ঊননব্বই	ঊননবতিতম	৮৯তম
৯০	নব্বই	নবতিতম	৯০তম
৯১	একানব্বই	একনবতিতম	৯১তম
৯২	বিরানব্বই	দ্বিনবতিতম	৯২তম
৯৩	তিরানব্বই	ত্রিনবতিতম	৯৩তম
৯৪	চুরানব্বই	চতুর্নবতিতম	৯৪তম
৯৫	পঁচানব্বই	পঞ্চনবতিতম	৯৫তম
৯৬	ছিয়ানব্বই	ষন্নবতিতম	৯৬তম
৯৭	সাতানব্বই	সপ্তনবতিতম	৯৭তম
৯৮	আটানব্বই	অষ্টনবতিতম	৯৮তম
৯৯	নিরানব্বই	নবনবতিতম	৯৯তম
১০০	একশ	শততম	১০০তম
১০০০	হাজার/সহস্র	সহস্রতম	১০০০তম

পুরাতন ব্যাকরণ (৯ম–১০ম শ্রেণি) অনুযায়ী

সংখ্যাবাচক শব্দ চার প্রকার। যথা : ১. অঙ্কবাচক ২. পরিমাণ বা গণনাবাচক ৩. ক্রম বা পূরণবাচক ৪. তারিখবাচক। নিচে অঙ্কবাচক, পরিমাণ বা গণনাবাচক, পূরণবাচক ও তারিখবাচক সংখ্যাগুলো দেওয়া হলো :

অঙ্কবাচক	গণনাবাচক	পূরণবাচক	তারিখবাচক
১	এক	প্রথম	পহেলা
২	দুই	দ্বিতীয়	দোসরা
৩	তিন	তৃতীয়	তেসরা
৪	চার	চতুর্থ	চৌঠা
৫	পাঁচ	পঞ্চম	পাঁচই
৬	ছয়	ষষ্ঠ	ছউই
৭	সাত	সপ্তম	সাতই
৮	আট	অষ্টম	আটই
৯	নয়	নবম	নউই
১০	দশ	দশম	দশই
১১	এগারো	একাদশ	এগারোই
১২	বারো	দ্বাদশ	বারোই
১৩	তেরো	ত্রয়োদশ	তেরোই
১৪	চৌদ্দ	চতুর্দশ	চৌদ্দই
১৫	পনেরো	পঞ্চদশ	পনেরোই
১৯	উনিশ	ঊনবিংশ	উনিশে
২০	বিশ/কুড়ি	বিংশ	বিশে
২১	একুশ	একবিংশ	একুশে

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. পূরণবাচক শব্দ কোনটি? [গ ২২-২৩]
ক একে　খ এক
গ প্রথম　ঘ পহেলা　উ. গ

০২. কোনটি গণনাবাচক? [খ ০৩-০৪; বেরোবি ক ১৬-১৭]
ক ৭　খ সাত
গ ৭ই　ঘ সপ্তম

Note: '৭' এবং 'সাত' ক্রমবাচক সংখ্যা শব্দ; '৭ই' তারিখ পূরণবাচক এবং 'সপ্তম' শব্দটি পূরণবাচক সংখ্যা। উল্লেখ্য, পুরাতন ব্যাকরণ (নবম-দশম) অনুসারে 'সাত'- গণনাবাচক।

০৩. '[illegible]' শব্দটি– [খ ০৫-০৬]
ক অঙ্কবাচক　খ গণনাবাচক
গ পূরণবাচক　ঘ তারিখবাচক　উ. গ

০৪. 'চৌঠা' কোন বাচক শব্দ? [খ'০৯-১০]
ক অঙ্কবাচক　খ গণনাবাচক　গ তারিখবাচক　ঘ ক্রমবাচক　উ. গ

০৫. $\frac{১}{৪}$ এর সংখ্যাবাচক শব্দ নয়– [খ ১২-১৩]
ক চৌথাই　খ সিকি　গ পোয়া　ঘ পৌনে　উ. ঘ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

০১. 'ষোল' সংখ্যাটির ক্রমবাচক রূপ কোনটি? [ক ১২-১৩]
ক ১৬　খ ছয়　গ ষোলই　ঘ ষোড়শ

Note: নতুন ব্যাকরণ (নবম-দশম) অনুসারে, ১৬ (ষোলো) ক্রমবাচক সংখ্যাশব্দ এবং পুরাতন ব্যাকরণ (নবম-দশম) অনুসারে, 'ষোড়শ' ক্রম বা পূরণবাচক।

০২. 'চত্বারিংশ' শব্দটি কোন সংখ্যাজ্ঞাপক? [খ ১২-১৩; ইবি খ ১১-১২]
ক চাকিশ　খ চৌত্রিশ
গ চল্লিশ　ঘ চৌচল্লিশ　উ. গ

CamScanner

রাজশাহী বিশ্ববিদ্যালয়

০১. কোনটি পূরণবাচক শব্দ- [A : ২১-২২]
ক একবিংশ খ পঁচিশ গ হাজার ঘ ১১ **উ(ক)**

০২. পূরণবাচক শব্দের উদাহরণ-[A : ২১-২২]
ক দ্বিতীয় খ দুই গ চার ঘ দ্বিত্ব **উ(ক)**

০৩. কোনটি ক্রমবাচক সংখ্যা? [E ১৭-১৮]
ক চৌঠা খ চতুর্থ
গ ৪ ঘ চৌথ
Note : নতুন ব্যাকরণ (নবম-দশম শ্রেণি : ২০২১ সাল থেকে পাঠ্য) অনুসারে, ৪ ক্রমবাচক সংখ্যাশব্দ এবং পুরাতন ব্যাকরণ (নবম-দশম শ্রেণি) অনুসারে, 'চতুর্থ' ক্রম বা পূরণবাচক সংখ্যা।

০৪. 'প্রথম, ষষ্ঠ ও একবিংশ' শব্দ তিনটি কোন বাচক? [I ১৭-১৮]
ক সংখ্যাবাচক খ গণনাবাচক
গ পূরণবাচক ঘ তারিখবাচক **উ(গ)**

০৫. কোনটি পরিমাণবাচক শব্দ? [০৩-০৪]
ক সাতই খ পোয়া
গ পঞ্চদশ ঘ সবগুলোই **উ(খ)**

০৬. 'দশম শ্রেণি' এখানে 'দশম' কী ধরনের নাম বিশেষণ? [E-১৫-১৬]
ক সংখ্যাবাচক খ পরিমাণবাচক
গ পূরণবাচক ঘ নির্দিষ্টতাজ্ঞাপক **উ(গ)**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

০১. 'সপ্ততিতম' সমান কত? [C ১৯-২০]
ক ৭০ খ ৭৭
গ ৭০০ ঘ ১৭ **উ(ক)**

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

০১. কোনটিতে ক্রমবাচক বিশেষণের উদাহরণ আছে? [ঘ ০৭-০৮]
ক সাত দিন খ তৃতীয় অধ্যায়
গ অর্ধেক সম্পত্তি ঘ এই দিন **উ(ক)**

GST গুচ্ছ বিশ্ববিদ্যালয়

০১. 'চৌঠা' কোন বাচক শব্দ? [B : ২১-২২]
ক অঙ্কবাচক খ তারিখবাচক গ পূরণবাচক ঘ গণনাবাচক **উ(গ)**

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

০১. 'একবিংশ' কোন ধরনের শব্দ? [AL ১৮-১৯]
ক গণনাবাচক খ পূরণবাচক গ তারিখবাচক ঘ সংখ্যাবাচক **উ(খ)**

০২. কোনটি ক্রমবাচক সংখ্যা? [C ১৭-১৮]
ক পাঁচই খ সপ্তম গ এগারো ঘ একুশে
Note : নতুন ব্যাকরণ (নবম-দশম শ্রেণি: ২০২১ সাল থেকে পাঠ্য) অনুসারে, 'এগারো' ক্রমবাচক সংখ্যাশব্দ এবং পুরাতন ব্যাকরণ (নবম-দশম শ্রেণি) অনুসারে, 'সপ্তম' ক্রম বা পূরণবাচক শব্দ।

০৩. সার্ধশত জন্মবার্ষিকী। এখানে 'সার্ধশত' কোন ধরনের শব্দ- [ক ১৬-১৭]
ক তারিখবাচক খ সংখ্যাবাচক
গ পূরণবাচক ঘ আধিক্যবাচক **উ(গ)**

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস

০১. 'একবিংশ' কোন ধরনের শব্দ? [FASS : ২১-২২]
ক গণনাবাচক শব্দ খ তারিখবাচক শব্দ
গ পূরণবাচক শব্দ ঘ সংখ্যাবাচক শব্দ **উ(গ)**

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ

০১. কোনটি ক্রমবাচক শব্দ? [১৭-১৮]
ক অর্ধ খ এক
গ প্রথম ঘ পহেলা
Note : নতুন ব্যাকরণ (নবম-দশম শ্রেণি: ২০২১ সাল থেকে পাঠ্য অনুসারে, 'এক' ক্রমবাচক সংখ্যাশব্দ এবং পুরাতন ব্যাকরণ (নমব-দশম শ্রেণি) অনুসারে, 'প্রথম' ক্রম বা পূরণবাচক শব্দ।

SELF TEST MCQ

০১. তারিখজ্ঞাপক সংখ্যা কোনটি?
ক তিন খ তেসরা
গ ষষ্ঠ ঘ পঞ্চম

০২. সংখ্যা গণনার মূল একক কী?
ক দুই খ বিজোড় সংখ্যা
গ তিন ঘ এক

০৩. ক্রমবাচক শব্দ কোনটি?
ক ১২তম খ বারো গ ১৯ শে ঘ বারই

০৪. তারিখজ্ঞাপক সংখ্যা নয় কোনটি?
ক পহেলা খ তেসরা গ একত্রিশে ঘ অষ্টাদশী

০৫. কোনটি সংখ্যা বোঝায় না?
ক পরিমাণ খ পোয়া গ তারিখ ঘ সমূহ

০৬. 'চতুর্দশ' শব্দটি-
ক অঙ্কবাচক খ গণনাবাচক
গ পূরণবাচক ঘ তারিখবাচক

০৭. 'চতুঃসপ্ততি' শব্দটি কোন সংখ্যাজ্ঞাপক?
ক চল্লিশ খ চৌত্রিশ গ চুয়াত্তর ঘ চৌচল্লিশ

০৮. ক্রমবাচক সংখ্যাশব্দ কোনটি?
ক পঁচিশে খ ৩ গ নউই ঘ নয়

০৯. 'দশম' হচ্ছে-
ক গণনাবাচক শব্দ খ পূরণবাচক শব্দ
গ তারিখবাচক শব্দ ঘ সংখ্যাবাচক শব্দ

১০. ক্রমবাচক সংখ্যাশব্দ কোনটি?
ক তেহাই খ চৌঠা গ বিশ ঘ বারই

১১. কোনটি পরিমাণবাচক শব্দ নয়?
ক গ্যালন খ হালি গ পোয়া ঘ দ্বাদশ

১২. 'অশীতিতম' সমান কত?
ক ৮০ খ ৮১ গ ৮৭ ঘ ৮৮

১৩. 'চতুশ্চত্বারিংশ' সমান কত?
ক ৪০ খ ৪১ গ ৪৪ ঘ ৫৪

১৪. '৭৩' সংখ্যাটির পূরণবাচক রূপ কোনটি?
ক তিয়াত্তর খ ত্র্যশীতিতম
গ সপ্তত্রিংশ ঘ ত্রিসপ্ততিতম

১৫. 'আটাশে' কোন বাচক শব্দ?
ক গণনাবাচক শব্দ খ পূরণবাচক শব্দ
গ তারিখপূরণবাচক শব্দ ঘ সংখ্যাবাচক শব্দ

OMR

০১.কখগঘ	০২.কখগঘ	০৩.কখগঘ	০৪.কখগঘ	০৫.কখগঘ
০৬.কখগঘ	০৭.কখগঘ	০৮.কখগঘ	০৯.কখগঘ	১০.কখগঘ
১১.কখগঘ	১২.কখগঘ	১৩.কখগঘ	১৪.কখগঘ	১৫.কখগঘ

Answer

১৫.গ	১৪.ঘ	১৩.গ	১২.ক	১১.ঘ	১০.গ	০৯.খ	০৮.খ
০৭.গ	৬.গ	৫.ঘ	৪.ঘ	০৩.খ	০২.ঘ	০১.খ	

CamScanner

অধ্যায় ১৮

শব্দের শ্রেণিবিভাগ
Classification of words

শব্দের সংজ্ঞা ও শ্রেণিবিভাগ

- শব্দ : ভাষার মুখ্য উপাদান শব্দ। এক বা একাধিক অর্থবোধক ধ্বনি বা ধ্বনিসমষ্টিকে বলা হয় শব্দ, কিংবা অর্থ আছে এমন ধ্বনি হলো শব্দ। যেমন : কোরান, ত্রিপিটক, বাইবেল। শব্দের সাম্মিলিত রূপেই গড়ে ওঠে ভাষার বাক্য কাঠামো। সেজন্য শব্দকে বলা হয় বাক্যের একক।
- ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, বাগযন্ত্রের দ্বারা উচ্চারিত অর্থবিশিষ্ট ধ্বনি বা ধ্বনিসমষ্টিকে শব্দ (Word) বলে। যেমন : 'কলম' তিনটি ধ্বনির সমবায়ে গঠিত একটি শব্দ।



তৎসম ও অর্ধ-তৎসম শব্দ

- তৎসম শব্দ : তৎসম শব্দের 'তৎ' অর্থ : তার এবং 'সম' অর্থ : সমান অর্থাৎ সংস্কৃতের সমান। যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে সোজাসুজি বাংলায় এসেছে এবং যাদের রূপ অপরিবর্তিত রয়েছে, সেসব শব্দকে তৎসম শব্দ বলে। যেমন : অদ্য, অন্ন, অপরাহ্ণ, অর্পণ, আকাশ, আজ্ঞা, কর্ম, কিংবা, কুণ্ডল, ক্ষতি, ক্ষমা, ক্ষমতা, ক্ষুধা, খাদ্য, গৃহ, গাভী, গ্রহ, ঘৃত, চর্ম, চন্দ্র, তক্ষক, জল, জলদ, দীক্ষিত, দুর্গা, দেশীয়, নক্ষত্র, নক্ষত্র, নিমন্ত্রণ, নীল, পত্র, পাত্র, পদ্ম, পুত্র, পিতা, পৃথিবী, প্রস্তর, বন্য, বিড়াল, বৃক্ষ, ভবন, ভবিষ্যৎ, ভোজন, ভ্রাতা, মধ্যাহ্ন, মনুষ্য, মাতা, রবি, শয়ন, শশী, সত্য, সূর্য, স্বামী, গৃহ। সংস্কৃত ব্যাকরণ অনুসরণ করে গঠিত পারিভাষিক শব্দকেও তৎসম শব্দ বলে। যেমন : অধ্যাদেশ, গণপ্রজাতন্ত্রী, মহাপরিচালক, সচিবালয়।

ছন্দে ছন্দে তৎসম শব্দ মনে রাখার কৌশল :

পর্বত ও নদী অঞ্চলে সুন্দর বৃক্ষলতা ও পুষ্প পদের গৃহ দেখা যায়, সেখানে তাপসী কৃষ্ণ ও মানব কন্যা বর্ষার রাত্রিতে নৌকায় চন্দ্রকে সাক্ষী রেখে নৃত্য করে এবং সকাল বিকাল চর্মকার স্বামী ও সম্রাট প্রখর সূর্যের নিচে তাদের জীবনমৃত গৃহিণীকে বৈষ্ণব পত্রিতে ধর্ম কর্ম করে মুক্তি লাভের চেষ্টা করে।

- অর্ধ-তৎসম শব্দ : বাংলা ভাষায় কিছু সংস্কৃত শব্দ কিঞ্চিৎ পরিবর্তিত আকারে ব্যবহৃত হয়। এ শব্দগুলোকে অর্ধ-তৎসম শব্দ বলে। যেমন : ছেরাদ্দ, গিন্নি, কুচ্ছিত, গেরাম- এ শব্দগুলো যথাক্রমে সংস্কৃত শ্রাদ্ধ, গৃহিণী, কুৎসিত, গ্রাম শব্দ থেকে আগত।

তৎসম শব্দ	>	অর্ধ-তৎসম শব্দ	তৎসম শব্দ	>	অর্ধ-তৎসম শব্দ
সূর্য	>	সুরুজ	পুত্র	>	পুত্তুর
কন্যা	>	কন্নে	তারকা	>	তারাপ
রাত্রি	>	রাত্তির	রত্ন	>	রতন
কৃষ্ণ	>	কেষ্ট	শ্রাদ্ধ	>	ছেরাদ্দ
প্রাণ	>	পরান	ক্ষুধা	>	খিদে
নিমন্ত্রণ	>	নেমন্তন্ন	প্রণাম	>	পেন্নাম
জ্যোৎস্না	>	জোছনা/জোচ্ছনা	বৈষ্ণব	>	বোষ্টম
তৃষ্ণা	>	তেষ্টা	উৎসন্ন	>	উচ্ছন্ন
মহোৎসব	>	মোচ্ছব	পুরোহিত	>	পুরুত
চন্দ্র	>	চন্দর	পত্র	>	পত্তর
প্রীতি	>	পিরিতি	মিত্র	>	মিত্তির
কীর্তন	>	কেত্তন	দধি	>	দই
রৌদ্র	>	রোদ্দুর	স্বাদ	>	সোয়াদ
স্বর্ণ	>	সোনা	প্রদীপ	>	পিদিম
বৃষ্টি	>	বিষ্টি	বৃহস্পতি	>	বেস্পতি

গুরুত্ব বিবেচনায় পুরাতন ৯ম-১০ম শ্রেণির ব্যাকরণ অনুসারে এখানে দেওয়া হয়েছে।

তদ্ভব শব্দ

- তদ্ভব শব্দ : প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে বিবর্তিত যেসব শব্দ বাংলা ভাষায় এসেছে সেগুলোকে তদ্ভব শব্দ বলা হয়। তদ্ভবকে পারিভাষিক ও খাঁটি বাংলা শব্দও বলা হয়। 'তদ্ভব' এর অর্থ [তৎ (তার) + ভব (উৎপন্ন)] তার থেকে উৎপন্ন অর্থাৎ সংস্কৃত থেকে উৎপন্ন। যেমন : আঁখি, আঁচল, আট, আধ, ইঁদারা, উনান, ওঝা, কনুই, কান, কামার, কিনে, কুমির, ঘর, ঘোড়া, চাক, চাকা, চাল, চামার, ছাতা, জিভ, ঠাঁই, ঢাক, ধাম, দই, দাঁত, দুধ, দেওর, দোর, নাক, নাচে, পুত, পা, পাখি, পাথর, পাপড়, বাঁশি, বাছা, বাড়ি, বাড়, বিয়ে, বেগুনি, বুক, বৌ, ভাত, ভুল, মাছ, মাঝ, মাটি, মাথা, মিছা, ঘোলো, সাঁঝ, সাপ, সোহাগ, হাত, হাতি।

- পারিবারিক শব্দ : মা, ভাই, বোন।

তৎসম শব্দ	>	প্রাকৃত শব্দ	>	তদ্ভব শব্দ
অদ্য	>	অজ্জ	>	আজ
চন্দ্র	>	চন্দ	>	চাঁদ
হস্ত	>	হত্থ	>	হাত
কৃষ্ণ	>	কহ্ন	>	কানু
কর্ম	>	কজ্জ	>	কাজ
বধূ	>	বহু	>	বউ

দেশি শব্দ

▣ **দেশি শব্দ :** বাংলাদেশের আদিম অধিবাসীদের (যেমন : কোল, মুণ্ডা, দ্রাবিড়, অস্ট্রিক প্রভৃতি) ভাষা ও সংস্কৃতির কিছু উপাদান বাংলায় রক্ষিত হয়েছে। এসব শব্দকে দেশি শব্দ নামে অভিহিত করা হয়। যেমন : কুড়ি, পেট, চাল, চুলা, কালো, কুলা, ডাব, ঢুলা, টোপর, ঢেঁকি, গঞ্জ, ডাগর, ডাল, চোঙ্গা, টোপর (এই শব্দগুলো নবম-দশম বোর্ড ব্যাকরণভুক্ত)। ডিঙা, ঢোল, চাউল, ডিঙি, চাঙারি, কয়লা, কাঁচা, কামড়, ডাঁসা, গয়না (গয়নার নৌকা অর্থে), পয়লা, খড়, ঝানু, ঝামা, ঝিনুক, ঢেউ, বাওড়া, বাড়ি (আঘাত অর্থে), বাঙ্গি, মুগেল, লাঠি, লম্বা, ডাঁটি, ডাহা, ইচা, মামা, মামি।

ছন্দে ছন্দে দেশি শব্দ মনে রাখার কৌশল :

ডাগর ডাগর ছেলেরা টোপর মাথায় দিয়ে ডাঁসা পেয়ারা কামড় দিয়ে খেয়ে পরে ডিঙা নিয়ে গঞ্জে গেল। তারা কুড়ি টাকা দিয়ে এক পেট খেয়ে সাথে চুলা, কুলা, ঝানু, ঢেঁকি, ঢোল, ঝামা, কয়লা, খড়, বাওড়া, বাঙ্গি, মুগেল ও লম্বা লাঠি নিয়ে ঢেউয়ে ভাসতে ভাসতে বাড়িতে এসে ঝিনুক মামির কাছে গেল।

*[*** বি.দ্র. : দেশি শব্দের বিস্তারিত আলোচনার জন্য জয়কলির মুখস্থপাঠ বইয়ের শব্দের শ্রেণিবিভাগ অধ্যায়টি দেখো।]*

বিদেশি শব্দ

▣ **বিদেশি শব্দ :** ঐতিহাসিক কারণে বাংলাদেশের সঙ্গে বিভিন্ন দেশের আন্তঃসম্পর্ক তৈরি হওয়ায় সেসব দেশের বহু শব্দ বাংলা ভাষায় স্থান করে নিয়েছে, এই শব্দগুলোকে বিদেশি শব্দ বলে।

আরবি শব্দ

➤ **আরবি শব্দের উদাহরণ :** ■ আল্লাহ, আকবর, আদালত, আলেম, আমলা, আমিন, আলাদা, আসল, আসবাব, আসামি, আমানত। ■ ইসলাম, ইনকিলাব, ইনসাফ, ইশতাহার, ইনসান, ইহুদি, ইনাম, ইজতেমা, ইজারা, ইজ্জত, ইজারাদার, ইজ্জত, ইনজিল, ইমান, ইদ, । ■ উজির, উকিল। ■ ওজু, ওজর, ওকালত। ■ এজলাস, এলেম। ■ কলম, কানুন, কুরআন, কোরবানি, কাফন, কাফের, কালাম, কলিয়া, কেচ্ছা, কৈফিয়ত, কেরামতি, কদম (পা অর্থে), কুদরত, কিতাব, কদর, কেবলা, কসাই, কেয়ামত। ■ খবর, খারাপ, খাসি, খারিজ, খাজনা। ■ গজল, গরিব, গোসল, গায়েব। ■ জাকাত, জেহাদ, জান্নাত, জাহান্নাম, জরিমানা, জল্লাদ, জলসা, জাহাজ, জুলুম। ■ তওবা, তালাক, তসবি, তুফান। ■ দোয়াত, দৌলত, দুনিয়া, দাখিল, দালাল। ■ নবাব, নগদ। ■ ফরজ, ফকির। ■ বাকি, বকেয়া। ■ মশকরা, মশগুল, মুন্সেফ, মোক্তার, মসজিদ, মনিব, মহকুমা, মলম, মসনদ, মুর্শিদ, মুসাফির, মোল্লা। ■ রায় ■ লোকসান ■ শয়তান ■ সিন্দুক ■ হজ, হারাম, হালাক, হালাল, হাদিয়া, হেফাজত।

ছন্দে ছন্দে আরবি শব্দ মনে রাখার কৌশল :

আলেমগণ কুরআন ও হাদিস থেকে ইসলামের নানা কানুন ইনকিলাবে ইশতাহার দিলেন। হারাম বর্জন করে হালাল পথে থেকে ঠিকভাবে ওজু গোসল করে এলেমের সাথে জাকাত হজ পালন করলে আল্লাহ ইনাম স্বরূপ কেয়ামতের দিন জাহান্নামের পরিবর্তে জান্নাত ইজারা দিবেন। যারা গরিবদেরকে বই, কিতাব, দোয়াত, কলম, তসবি দিয়ে সাহায্য করবে আল্লাহর আদালতের এজলাসে ইনসাফের রায়ে তাদের নগদ, বাকি সব খারিজ হয়ে যাবে। দালাল, ইহুদি, উকিল, উজির, মোক্তার, মুন্সেফ, শয়তানদের কবরে খবর হবে।

[বি.দ্র. : আরবি শব্দের বিস্তারিত আলোচনার জন্য জয়কলির মুখস্থপাঠ বইয়ের শব্দের শ্রেণিবিভাগ অধ্যায়টি দেখো।]

ফারসি শব্দ

➤ **ফারসি শব্দের উদাহরণ :** ■ আমদানি, আইন, আজাদ, আফগান, আবাদ, আয়না, আরাম (সুখ অর্থে), আসমান, আদমি। ■ কাগজ, কাবুলি, কারবার, কারখানা, কামিজ, কমান (ধনুক অর্থে)। ■ খোদা, খবিশ, খরগোশ, খুশি, খানসামা। ■ গরম, গালিচা, গোমস্তা, গোরস্থান, গোলাপ, গুনাহ, গর্দান। ■ চশমা, চাকরি, চাকুরি, চাদর, চাঁদা (সংগৃহীত অর্থ সংক্রান্ত)। ■ জবানবন্দি, জিন্দা, জমি, জর্দা, জানোয়ার, জাম (বড়ো পেয়ালা অর্থে), জামা, জায়গা, জঙ্গি, জামদানি। ■ তোশক, তারিখ, তরমুজ। ■ দরজা, দফতর, দস্তখত, দৌলত, দরিয়া, দোজখ, দরবেশ, দরবার, দোকান, দামামা, দারোয়ান, দেওয়াল, দরজি। ■ নালিশ, নার্গিস, নামাজ, নমুনা, নামি, নাশতা। ■ পোশাক, পাঞ্জাবি, পেয়াদা, পেশকার, পয়গম্বর, পাইকারি। ■ ফেরেশতা, ফরমান। ■ বালিশ, বেতার, বাদশাহ, বান্দা, বদমাশ, বাগান, বাগিচা, বরফ, বাজার, বাদাম, বিবি, বেহেশত, বরখাস্ত। ■ মোহর, ময়দা, মাহিনা, মেথর। ■ রোজা, রসদ, রফতানি, রোজ ■ লাল (রঙ অর্থে)। ■ শরম। ■ সুদ, সফেদ, সেতার, সরকার। ■ হিন্দু, হাজার, হাঙ্গামা, হাদিস।

ছন্দে ছন্দে ফারসি শব্দ মনে রাখার কৌশল :

ক. বাদশাহ একদা দরবারে এক বান্দাকে সরকারি (সরকার) চাকুরি দিতে চাইলেন। কিন্তু সে মেথর সম্প্রদায়ের লোক হওয়ায় দফতরে'র কয়েকজন বদমাশ জানোয়ার বলে হাঙ্গামা শুরু করলেন। এতে বাদশাহ দস্তখতকৃত নালিশ গ্রহণ করে তাদের বরদাস্ত না করে জামদানি বখশিশের পরিবর্তে বরখাস্ত করে বললেন আদমিদের জিন্দা গর্দান কাটা হোক।

খ. কারিগররা চশমা তৈরি করে কারখানায়। কারখানাটি ঢাকার গুলশানে অবস্থিত। চশমা বিক্রি করে বাজারের দোকানে। কারিগর চশমা তৈরির জন্য কাঁচামাল আমদানি করে এবং ভালোভালো চশমা রপ্তানি করে। আর এই চশমা সে খুচরা ও পাইকারি দুই ভাবেই বিক্রি করে।

[বি.দ্র. : ফারসি শব্দের বিস্তারিত আলোচনার জন্য জয়কলির মুখস্থপাঠ বইয়ের শব্দের শ্রেণিবিভাগ অধ্যায়টি দেখো।]

ইংরেজি ও পর্তুগিজ শব্দ

ইংরেজি শব্দ : চেয়ার, টেবিল, কলেজ, স্কুল (school), পেনসিল, ব্যাগ, ফুটবল, ক্রিকেট, হাসপাতাল (Hospital), বাক্স (Box), বোতল, ইউনিভার্সিটি, ইউনিয়ন, ইউনিক, ইউনিফর্ম, টিন, নভেল, নোট, মাস্টার, লাইব্রেরি, আফিম (opium), অফিস (office), কামান (আগ্নেয়াস্ত্র অর্থে), ফুটবল, স্টেশন, সার্কাস, ইঞ্জিন, হাইকোর্ট, পেনশন, ট্যাক্সি, ডাক্তার, এনামেল, পাউডার, বোনাস, টেনিস, ক্লাস, কোম্পানি, উইল, লেবেল, জাঁদরেল, থিয়েটার, এজেন্ট, কনস্টেবল, ক্লাব, ডজন, ফ্যাশন, আরদালি, সিগন্যাল, নম্বর, টিকিট, বুরুশ, টিফিন, টিপাই, সান্ত্রি, লণ্ঠন, কাস্টমস, তোরঙ্গ, ডেপুটি, দিনেমার ইত্যাদি।

পর্তুগিজ শব্দ : আনারস, আলপিন, আলমারি, গির্জা, পাউরুটি, গুদাম, চাবি, পাদ্রি (পাদরি), বালতি, আতা, বেহালা, আয়া, মাস্তুল, নিলাম, গরাদ, মিস্ত্রি, ইস্পাত, যিশু, কপি (বাঁধা কপি অর্থে), পেঁপে, আলকাতরা, কামরা, জানালা, বোতাম, পেয়ারা, কেদারা (একজনের বসার উপযোগী উঁচু আসনবিশেষ), পেরেক, তোয়ালে, আচার (তেল মসলা সহযোগে তৈরি টক ঝাল মিষ্টি খাদ্যবস্তু), ইস্তিরি, ফিতা, চোকা (শুকনো পাতা অর্থে), গামলা, সালসা, বোম্বেটে, ইংরেজ, ইংরেজি ইত্যাদি।

[বি.দ্র. : ইংরেজি ও পর্তুগিজ শব্দের বিস্তারিত আলোচনার জন্য জয়কলির মুখস্থপাঠ বইয়ের শব্দের শ্রেণিবিভাগ অধ্যায়টি দেখো।]

CamScanner

ফরাসি, হিন্দি, তুর্কি ও জাপানি শব্দ

- **ফরাসি** : আঁতাত, আঁতেল, ওলন্দাজ, কার্তুজ, ক্যাফে, কুপন, গ্যারাজ, ডিপো, বুর্জোয়া, রেস্তোরাঁ।

ছন্দে ছন্দে ফরাসি শব্দ মনে রাখার কৌশল :

- ওলন্দাজ ও দিনেমারের বুর্জোয়া ছাত্ররা আঁতাত করে কার্তুজ নগরীর ডিপো ক্যাফে গ্যারাজ রেস্তোরাঁ সর্বত্র কুপন ছাড়লো।

- **হিন্দি** : পানি, ধোসা, লাগাতার, সমঝোতা, কাহিনি, টহল, ডেরা, তাঞ্জাম, ধাক্কা, ছিটকানি (খিল বা হুড়কো অর্থে), চারা (পশু বা মাছের খাদ্য), চিকনাই, খানা (খাদ্য অর্থে), ঠান্ডা, হল্লা, চিড়িতন, জরু, তাগড়া, ঝাড়ু, জঞ্জাল, চাচা, চাচি, নানা, নানি ইত্যাদি।

ছন্দে ছন্দে হিন্দি শব্দ মনে রাখার কৌশল :

- জরু মিঠাই খেয়ে কমলা রঙের জামা পরলে তাকে তাগড়া দেখাচ্ছিল। এমন সময় সমেলি তাকে ডেরা করে ছিটকানি দিয়ে মার দেয়। টহল পুলিশ বার্তা পেয়ে জলদি ধরতে এলে তাদের ধাপ্পাবাজ ভেবে ঝাড়ু হাতে তুলে দিয়ে জঞ্জাল পরিষ্কার করালো।

- **তুর্কি** : চাকর, চাকু, তোপ, দারোগা, কুর্নিশ, কুলি (মুটে, শ্রমিক অর্থে), খোকা, বাবুর্চি, বাহাদুর, লাশ (মরাদেহ অর্থে), মোগল, সওগাত, বাবা ইত্যাদি।

ছন্দে ছন্দে তুর্কি শব্দ মনে রাখার কৌশল :

- মোগল খান বাহাদুরের লাশ খুঁজে পাওয়া যাচ্ছে না। এক উর্দি পরা কোঁতকা দারোগা কঞ্চি হাতে লাশ তালাশ করছিল। তালাশ করে সে খুঁজে পেল চাকু, কাঁচি, যা চকমক ঝকমক করছে। চিক এর আড়ালে বাবুর্চি খাঁ সাহেবের খোকার জন্য কোর্মা রান্না করছিল। বাবুর্চিকে জিজ্ঞাসা করলে সে বলল, আপনি আমার বাবা সওগাত আমি কিছুই জানি না। এখানে বাস করে চাকর, কুলিরা। আপনি তোপ দেন, তারা কাবু হয়ে সব বলে দিবে।
- **জাপানি শব্দ** : হারাকিরি, রিক্সা, জুডো, ক্যারাটে, সুনামি, সুশি ইত্যাদি।

*[বি.দ্র. : ফরাসি, হিন্দি, তুর্কি ও জাপানি শব্দের বিস্তারিত আলোচনার জন্য জয়কলির **মুখস্থপাঠ** বইয়ের শব্দের শ্রেণিবিভাগ অধ্যায়টি দেখো।]*

অন্যান্য বিদেশি শব্দ

- **চীনা শব্দ** : চা, লিচু, সাম্পান ইত্যাদি।
- **ওলন্দাজ** : টেক্কা, রুইতন, হরতন, তুরুপ, ইস্কাপন।
- **বর্মি শব্দ** : ফুঙ্গি, লাঙ্গি, প্যাগোডা, চঙ্ (মঠ) ইত্যাদি।
- **সাঁওতালি** : কামড়, কাঙাল, ঢিলা, হাঁড়িয়া, গোর্দ।
- **ইতালীয়** : ক্যাসিনো, পিৎজা, সোপ্রানো, মাফিয়া।
- **গুজরাটি** : খদ্দর, হরতাল, খাদি, গরবা।
- **স্পেনিশ** : এল নিনিও, কুইনাইন, ডেঙ্গু।
- **মৈথিলি** : মুঝ, তুম, পহুঁ, ভেল।
- **কোল** : বোঙ্গা।
- **তামিল** : চুরুট।
- **পাঞ্জাবি** : শিখ, খালসা, গুরুদুয়ার, গুরুমুখি, চাহিদা।
- **জার্মান** : নাৎসি, কিন্ডারগার্টেন।
- **নিউজিল্যান্ডের মাওরি** : ক্যাঙ্গারু।
- **দক্ষিণ আফ্রিকান** : জিরাফ, জেব্রা।
- **এস্কিমো** : ইগলু, কায়াক।
- **সিংহলি** : সিডর, বেরিবেরি।
- **গ্রিক শব্দ** : দাম, সুড়ঙ্গ, কেরোসিন, ফটোগ্রাফ।
- **রুশ** : কমরেড, ভোদকা
- **মালয়** : কিরিচ, কাকাতুয়া।

সূত্র : বাংলা একাডেমি : প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ

*[*** বি.দ্র. : অন্যান্য বিদেশি শব্দের বিস্তারিত আলোচনার জন্য জয়কলির **মুখস্থপাঠ** বইয়ের শব্দের শ্রেণিবিভাগ অধ্যায়টি দেখো।]*

মিশ্র শব্দ

- **মিশ্র শব্দ** : দেশি ও বিদেশি অথবা দুটো ভিন্ন জাতীয় ভাষার শব্দ একত্র হয়ে যে শব্দ গঠন করে তাকে মিশ্র শব্দ বলে। যেমন :

খ্রিষ্টাব্দ (ইংরেজি + তৎসম) | হেড-পণ্ডিত (ইংরেজি + তৎসম) | হাট-বাজার (বাংলা + ফারসি)
ফুলদানি (বাংলা + ফারসি) | রাজা-বাদশা (তৎসম + ফারসি) | পকেট-মার (ইংরেজি + বাংলা)
ডাক্তার-খানা (ইংরেজি + ফারসি) | হেড-মৌলভি (ইংরেজি + ফারসি) | কালি-কলম (সংস্কৃত + আরবি)

এরকম : চৌ-হদ্দি (ফারসি + আরবি); বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান অনুসারে 'চৌহদ্দি' (বাংলা + ফারসি)। অংশীদার (তৎসম + ফারসি), আইনকানুন (ফারসি + আরবি), আইনজীবী (ফারসি + তৎসম), আড্ডাবাজ (হিন্দি + ফারসি), আদমশুমারি (আরবি + ফারসি), আবহাওয়া (ফারসি + আরবি), কটকবালা (বাংলা + আরবি), কাতারবন্দি (আরবি + ফারসি), কাবুলিওয়ালা (ফারসি + হিন্দি), কিস্তিটুপি (ফারসি + হিন্দি), কুচকাওয়াজ (ফারসি +আরবি), গরমকাল (ফারসি + তৎসম), গুরুগিরি (তৎসম + ফারসি), চাবিকাঠি (পর্তুগিজ + বাংলা), জলসাঘর (আরবি + বাংলা), জেলাশহর (আরবি + ফারসি), ঝড়তুফান (দেশি + আরবি), ডাকটিকিট (হিন্দি + ইংরেজি), ডাকপিওন (হিন্দি + পর্তুগিজ), ডেপুটিগিরি (ইংরেজি + ফারসি), নিমকহারাম (ফারসি + আরবি), ফুলমোজা (ইংরেজি + ফারসি), বেআমল (ফারসি + ইংরেজি), বেটাইম (ফারসি + ইংরেজি), বোমাবাজ (পর্তুগিজ + ফারসি), মাস্টারমশাই (ইংরেজি + তৎসম), রাজাউজির (তৎসম + আরবি), শাকসবজি (তৎসম + ফারসি), শ্রমিক-মালিক (তৎসম + আরবি), সোনার হরিণ (বাংলা + তৎসম), হিন্দুসমাজ (ফারসি + তৎসম)।

শব্দের উৎসগত যত মতভেদ

শব্দ	নতুন ব্যাকরণ	পুরাতন ব্যাকরণ	আধুনিক বাংলা অভিধান	বাংলা একাডেমি 'প্রমিত বাংলা ব্যবহারিক ব্যাকরণ'
জঙ্গল	–	–	তৎসম	ফারসি
কুলা	দেশি	দেশি	তদ্ভব	–
গম্ভ	–	দেশি	ফারসি	–
চোঙ্গা	–	দেশি	হিন্দি	–
ঢেঁকি	দেশি	দেশি	হিন্দি	–
তারিখ	ফারসি	ফারসি	আরবি	–
বেগম	–	ফারসি	তুর্কি	তুর্কি
দারোগা	তুর্কি	তুর্কি	ফারসি	–
আতা	–	–	তদ্ভব	–

শব্দ	নতুন ব্যাকরণ	পুরাতন ব্যাকরণ	আধুনিক বাংলা অভিধান	বাংলা একাডেমি 'প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ'
চকোলেট	–	–	ফরাসি	মেক্সিকোর স্পেনীয়
চাহিদা	–	পাঞ্জাবি	বাংলা	–
সুড়ঙ্গ	–	–	তদ্ভব	গ্রিক
শিখ	–	পাঞ্জাবি	তদ্ভব	–
টেক্কা	ওলন্দাজ	ওলন্দাজ	দেশি	–
তুরুপ	ওলন্দাজ	ওলন্দাজ	পর্তুগিজ	–
লুঙ্গি	–	বর্মি	ফারসি	বর্মি
কার্তুজ	ফরাসি	ফরাসি	পর্তুগিজ	ফরাসি
চিনি	–	চীনা	তদ্ভব	–

CamScanner

গঠনগত শ্রেণিবিভাগ

০১. গঠনগত শ্রেণিবিভাগ : গঠনগত দিক থেকে শব্দ দুই ভাগে বিভক্ত। যথা : ক. মৌলিক শব্দ খ. সাধিত শব্দ।

ক. মৌলিক শব্দ : যেসব শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙে আলাদা করা যায় না, সেগুলোকে মৌলিক শব্দ বলে। মৌলিক শব্দগুলোই হচ্ছে ভাষার মূল উপকরণ। যেমন : কলম, গাছ, গোলাপ, চুল, তিন, নাক, পা, পাখি, ফুল, বক, বই, মা, মুখ, লাল, হাত।

খ. সাধিত শব্দ : যেসব শব্দকে বিশ্লেষণ করা হলে আলাদা অর্থবোধক শব্দ পাওয়া যায়, সেগুলোকে সাধিত শব্দ বলে। সাধারণত একাধিক শব্দের সমাস হয়ে কিংবা প্রত্যয় বা উপসর্গ যোগ হয়ে সাধিত শব্দ গঠিত হয়ে থাকে। যেমন : চাঁদমুখ (চাঁদের মতো মুখ), নীলাকাশ (নীল যে আকাশ), ডুবুরি (ডুব + উরি), চলন্ত (চল + অন্ত), প্রশাসন (প্র + শাসন), গরমিল (গর + মিল)। **এরকম :** কলমি, গোলাপি, পরিচালক, ফুলেল, সম্পাদকীয়, সংসদ সদস্য, ফিসফিস, ধুমাধুম, সরস্বতী, পঞ্চানন, হাতা।

অর্থগত শ্রেণিবিভাগ

০২. অর্থগত শ্রেণিবিভাগ : অর্থগতভাবে শব্দসমূহ তিন ভাগে বিভক্ত।
ক. যৌগিক শব্দ খ. রূঢ় বা রূঢ়ি শব্দ ও গ. যোগরূঢ় শব্দ

ক. যৌগিক শব্দ : যে সকল শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ একই রকম, সেগুলোকে যৌগিক শব্দ বলে। যেমন :

মিতালি	= মিতা + আলি	– অর্থ : মিতার ভাব বা বন্ধুত্ব।
গায়ক	= গৈ + নক (অক)	– অর্থ : গান করে যে।
কর্তব্য	= √কৃ + তব্য	– অর্থ : যা করা উচিত।
বাবুয়ানা	= বাবু + আনা	– অর্থ : বাবুর ভাব।
পাঠক	= √পঠ্ + অক (<ণক)	– অর্থ : পাঠ করে যে।
মধুর	= মধু + র	– অর্থ : মধুর মতো মিষ্টি গুণযুক্ত।
পাগলামি	= পাগল + আমি	– অর্থ : পাগলের ভাব।
দৌহিত্র	= দুহিতা + ষ্ণ্য	– অর্থ : কন্যার পুত্র, নাতি।
চিকামারা	= চিকা + মারা	– অর্থ : দেওয়ালে লিখন।
রাঁধুনি	= √রাঁধ + উনি	– অর্থ : যে রাঁধে বা রান্না করে।

এরকম : গুণবান, গোলাপি, চালক, নায়ক, নয়ন, পক্ষী, পিতৃহীন, শয়ন, বাঁদরামি, ভাড়াটে, মেয়েলি, সুখদ।

☞ **ছন্দে ছন্দে যৌগিক শব্দ মনে রাখার কৌশল :**
পিতৃহীন মিতালি চিকামারাতে গিয়ে কর্তব্য পালন না করে বাবুয়ানা ভাব দেখিয়ে দৌহিত্রকে পাঠান। তারপর সে এক গায়কের মধুর কণ্ঠের গান শুনে পাগলামি করে।

খ. রূঢ়ি শব্দ : যে শব্দ প্রত্যয় বা উপসর্গযোগে মূল শব্দের অর্থের অনুগামী না হয়ে অন্য কোনো বিশিষ্ট অর্থ জ্ঞাপন করে, তাকে রূঢ়ি শব্দ বলে। যেমন : হস্তী (হস্ত + ইন) অর্থ : হস্ত আছে যার, কিন্তু হস্তী বলতে একটি পশুকে বোঝায়। গবেষণা (গো + এষণা) অর্থ : গরু খোঁজা। বর্তমান অর্থ ব্যাপক অধ্যয়ন ও পর্যালোচনা।

☞ **এরকম আরো কয়েকটি উদাহরণ :**

- ❖ **বাঁশি–** বাঁশ দিয়ে তৈরি যে কোনো বস্তু নয়, শব্দটি সুরের বিশেষ বাদ্যযন্ত্র, বিশেষ অর্থে প্রযুক্ত হয়।
বাংলা ভাষার ব্যাকরণিক শব্দশ্রেণি (পদ)

পদের সংজ্ঞা

পদ : বাক্যে ব্যবহৃত বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুকে পদ বলে। অর্থাৎ বিভক্তিযুক্ত শব্দকেই পদ বলা হয়। যেমন : এ কলমে (কলম + এ) লেখে ভালো।

ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় ব্যাকরণিক শব্দশ্রেণির (পদ) সংজ্ঞার্থ দিয়েছেন এভাবে : 'প্রাতিপদিকের পর বিভক্তি যুক্ত হইয়া তবে বাক্যে প্রযুক্ত 'পদ' (inflected words) সৃষ্ট হয়।" যেমন : ১. আকাশে সূর্যের দেখা নাই ২. রাস্তায় লোকজন দৌড়াইতেছে। এখানে 'আকাশ', 'সূর্য', 'রাস্তা', 'দৌড়ানো' শব্দের সঙ্গে 'এ', 'এর', 'য়', 'ইতেছে' বিভক্তি যুক্ত হওয়ার ফলে আকাশ, সূর্য, রাস্তা, দৌড়ানো একেকটি পদে পরিণত হয়েছে।

ব্যাকরণিক শব্দশ্রেণির (পদের) শ্রেণিবিভাগ

ব্যাকরণিক শব্দশ্রেণির (পদের) শ্রেণিবিভাগ : শব্দের ব্যাকরণগত অবস্থান এবং তাদের বিভাজনকে ব্যাকরণিক শব্দশ্রেণি বলে। প্রচলিত ব্যাকরণে বাংলা ভাষার শব্দগুলোকে কয়েকটি শব্দশ্রেণিতে ভাগ করা হয়েছে। যথা : ১. বিশেষ্য ২. বিশেষণ ৩. সর্বনাম ৪. ক্রিয়া ও ৫. অব্যয়। **পুরাতন ব্যাকরণ ৯ম-১০ম শ্রেণি অনুসারে**

➤ 'প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ' গ্রন্থে মুখ্যত ব্যাকরণগত ভূমিকা অনুযায়ী বাংলা শব্দের শ্রেণিবিন্যাস করা হয়েছে। সে অনুযায়ী শব্দশ্রেণি আট ভাগে বিভক্ত। যথা : ১. বিশেষ্য ২. সর্বনাম ৩. বিশেষণ ৪. ক্রিয়া ৫. ক্রিয়াবিশেষণ ৬. যোজক ৭. অনুসর্গ ও ৮. আবেগ-শব্দ। **বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি ৯ম-১০ম শ্রেণির ক্ষেত্রে এই ভাগ দেখানো হয়েছে।**

০১. বিশেষ্য পদ

বিশেষ্য : কোনো ব্যক্তি, বস্তু, স্থান বা প্রাণীর নামকে বিশেষ্য পদ বলে। অন্যভাবে বলা যায়, বাক্যমধ্যে ব্যবহৃত যে সমস্ত পদ দ্বারা কোনো ব্যক্তি, জাতি, সমষ্টি, বস্তু, স্থান, কাল, ভাব, কর্ম বা গুণের নাম বোঝায় তাকে বিশেষ্য পদ বলে। যেমন : নজরুল, বাঘ, ঢাকা, ভোজন, সততা ইত্যাদি।

প্রকারভেদ : বিশেষ্য পদ ছয় প্রকার। যথা : i. নাম বা সংজ্ঞাবাচক বিশেষ্য ii. জাতিবাচক বিশেষ্য iii. দ্রব্য বা বস্তুবাচক বিশেষ্য iv. সমষ্টিবাচক বিশেষ্য v. ক্রিয়া বা ভাববাচক বিশেষ্য ও vi. গুণবাচক বিশেষ্য।

নামবাচক বা সংজ্ঞাবাচক বিশেষ্য : যে পদ দ্বারা কোনো ব্যক্তি, ভৌগোলিক স্থান বা সংজ্ঞা এবং গ্রন্থ বিশেষের নাম বোঝায়, তাকে নামবাচক বিশেষ্য বলে। যেমন :

ক. **ব্যক্তিনাম :** হাবিব, সজল, লতা, শম্পা, নজরুল, ওমর, আনিস, মাইকেল।

খ. **স্থাননাম :** ঢাকা, বাংলাদেশ, হিমালয়, পদ্মা, দিল্লি, লন্ডন, মক্কা।

গ. **কালনাম :** জানুয়ারি, সোমবার, বৈশাখ, রমজান।

ঘ. **সৃষ্টিনাম বা গ্রন্থের নাম :** গীতাঞ্জলি, অগ্নিবীণা, সঞ্চিতা, দেশে বিদেশে, বিশ্বনবি, ইত্তেফাক, অপরাজেয় বাংলা।

জাতিবাচক বিশেষ্য : যে পদ দ্বারা কোনো একজাতীয় প্রাণী বা পদার্থের সাধারণ নাম বোঝায়, তাকে জাতিবাচক বিশেষ্য বলে। যেমন : মানুষ, গরু, ছাগল, ফুল, ফল, সাপ, পাখি, গাছ, পর্বত, নদী, ইংরেজ ইত্যাদি।

iii. **বস্তুবাচক বা দ্রব্যবাচক বিশেষ্য :** যে পদে কোনো উপাদানবাচক পদার্থের নাম বোঝায়, তাকে বস্তুবাচক বা দ্রব্যবাচক বিশেষ্য বলে। এ জাতীয় বস্তুর সংখ্যা ও পরিমাণ নির্ণয় করা যায়। যেমন : ইট, লবণ, আকাশ, টেবিল, বই, খাতা, কলম, কাগজ, থালা, বাটি, মাটি, চাল, চিনি, পানি, লেখনী ইত্যাদি।

iv. **সমষ্টিবাচক বিশেষ্য :** যে পদে কোনো দল বা গোষ্ঠীর একক বা সমষ্টি বোঝায়, তা-ই সমষ্টিবাচক বিশেষ্য। যেমন : জনতা, পরিবার, ঝাঁক, গোষ্ঠী, শ্রেণি, সংঘ, বাহিনী, মিছিল, সভা, সমিতি, পঞ্চায়েত, মাহফিল, বহর, দল।

v. **ক্রিয়া বা ভাববাচক বিশেষ্য :** যে বিশেষ্য পদে কোনো ক্রিয়ার ভাব বা কাজের ভাব প্রকাশিত হয়, তাকে ক্রিয়া বা ভাববাচক বিশেষ্য বলে। যেমন : পঠন (পড়ার কাজ), গমন (যাওয়ার ভাব বা কাজ), দর্শন (দেখার কাজ), ভোজন (খাওয়ার কাজ), শয়ন (শোয়ার কাজ), করা, করানো, পাঠানো, নেওয়া, দেখা, শোনা, ধরন, করণ, চলন, বলন ইত্যাদি।

vi. **গুণবাচক বিশেষ্য :** যে বিশেষ্য দ্বারা কোনো বস্তুর দোষ বা গুণের নাম বোঝায়, তা-ই গুণবাচক বিশেষ্য। যেমন : মধুরতা (মধুর মিষ্টত্বের গুণ), তারল্য (তরল দ্রব্যের গুণ), তিক্ততা (তিক্ত দ্রব্যের দোষ বা গুণ), তারুণ্য (তরুণের গুণ) ইত্যাদি। **অদ্রূপ :** সরলতা, দয়া, আনন্দ, গুরুত্ব, দীনতা, ধৈর্য, সৌরভ, স্বাস্থ্য, যৌবন, সুখ, দুঃখ, সৌন্দর্য, মনুষ্যত্ব, ভীরুতা, ক্ষমা ইত্যাদি।

০২. সর্বনাম পদ

সর্বনাম : বিশেষ্যের পরিবর্তে যে শব্দ ব্যবহৃত হয়, তাকে সর্বনাম পদ বলে। সর্বনাম সাধারণত বিশেষ্যের প্রতিনিধি স্থানীয় শব্দ। যেমন : হস্তী প্রাণিজগতের সর্ববৃহৎ প্রাণী। তার শরীরটি যেন বিরাট এক মাংসের স্তূপ।

দ্বিতীয় বাক্যে 'তার' শব্দটি প্রথম বাক্যের 'হস্তী' বিশেষ্য পদটির প্রতিনিধি স্থানীয় শব্দরূপ ব্যবহৃত হয়েছে। তাই 'তার' শব্দটি সর্বনাম পদ। বিশেষ্য পদ অনুক্ত থাকলে ও ক্ষেত্রবিশেষে বিশেষ্য পদের পরিবর্তে সর্বনাম পদ ব্যবহৃত হতে পারে। যেমন :

ক. শিমুল মনোযোগের সঙ্গে পড়াশোনা করত। তাই **সে** পরীক্ষায় ভালো করেছে।

খ. **যারা** দেশের ডাকে সাড়া দিতে পারে, **তারাই** তো সত্যিকারের দেশপ্রেমিক।

গ. যান ভানতে **যারা** শিবের গীত গায়, **তারা** স্থির লক্ষ্যে পৌঁছতে পারে না।

সর্বনামের শ্রেণিবিভাগ : সর্বনামকে নয়টি ভাগে ভাগ করা যায়। যথা :

০১. **ব্যক্তিবাচক :** ব্যক্তিবাচক সর্বনাম ব্যক্তিনামের পরিবর্তে বসে। এই সর্বনাম তিন ধরনের। যথা :

ক. বক্তা পক্ষের সর্বনাম	আমি, আমরা, আমাকে, আমাদের ইত্যাদি।
খ. শ্রোতা পক্ষের সর্বনাম	তুমি, তোমরা, তুই, তোরা, আপনি, আপনারা, তোমাকে, তোকে, আপনাকে ইত্যাদি।
গ. অন্য পক্ষের সর্বনাম	সে, তারা, তিনি, তাঁরা, এ, এরা, ওর, ওদের ইত্যাদি।

ঘ. শ্রোতাপক্ষ ও অন্যপক্ষের সর্বনামকে মর্যাদা অনুযায়ী তিন ভাগে ভাগ করা হয়। যথা : সাধারণ সর্বনাম (তুমি, সে), মানী সর্বনাম (আপনি, তিনি, ইনি, উনি) ও ঘনিষ্ঠ সর্বনাম (তুই, এ, ও)।

০২. **আত্মবাচক :** কর্তা নিজেই কোনো কাজ করছে, এ ভাবটি জোর দিয়ে বোঝানোর জন্য যে ধরনের সর্বনাম ব্যবহার হয়, তাকে আত্মবাচক সর্বনাম বলে। যেমন : স্বয়ং, নিজে, খোদ, আপনি। আর এ ধরনের সর্বনাম বাক্যের কর্তার সঙ্গে অভিন্নতা নির্দেশ করে। যেমন : সে **নিজে** অঙ্কটা করেছে। তিনি **স্বয়ং** আমাকে দেখতে আসবেন। যাত্রীরা **স্ব স্ব** আসনে গিয়ে বসলেন।

০৩. **নির্দেশক সর্বনাম :** যে সর্বনাম নৈকট্য বা দূরত্ব নির্দেশ করে, তাকে নির্দেশক সর্বনাম বলে। যেমন : নিকট নির্দেশক : এ, এই, এরা, ইনি; দূর নির্দেশক : ও, ওই, ওরা, উনি। ঐ, ঐসব, সব দূরত্ববাচক সর্বনাম দূরের কিছু বোঝায়।

০৪. **অনির্দিষ্টতাজ্ঞাপক :** অনির্দিষ্ট বা পরিচয়হীন কিছু বোঝাতে যে সর্বনাম ব্যবহৃত হয়, তাকে অনির্দিষ্ট সর্বনাম বলে। যেমন : কেউ, কোনো, কোথাও, কিছু, একজন (একজন এসে খবরটা দেয়)। **কেউ** কোথাও আছে বলে মনে হয় না। কেউ কেউ ঘটনাটা জানবেন ইত্যাদি।

➤ তির্যক উল্লেখে বা পরিচয়ে গোপন করার লক্ষ্যেও অনেক সময়ে এ ধরনের শব্দাবলি অনির্দিষ্ট সর্বনামের মতো ব্যবহার হয়। যেমন : **একজন** এসেছিল। **একটা কেউ** যাবে।

০৫. **প্রশ্নবাচক :** প্রশ্ন তৈরির জন্যে প্রশ্নবাচক সর্বনাম প্রয়োগ করা হয়। যেমন : কে (ওখানে কে?, কে এ মুখোশধারী?), কারা (**কারা** দেশের সর্বনাশ করতে চায়?), কাকে, কার (টাকাটা কার কাছে দিয়েছ?), কাহার, কিসে? কি, কী (**কী** দিয়ে ভাত খায়?) ইত্যাদি।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

০৬. **সাপেক্ষ বা প্রতিনির্দেশক সর্বনাম :** পরস্পর নির্ভরশীল দুটি সর্বনামকে সাপেক্ষ সর্বনাম বলে। অর্থাৎ পরস্পর শর্ত বা সম্পর্কযুক্ত একাধিক সর্বনাম পদ একই সঙ্গে ব্যবহৃত হয়ে দুটি বাক্যের সংযোগ সাধন করলে, তাদের সাপেক্ষ সর্বনাম বলে। যেমন :

যত চাও **তত** লও।	**যত** চেষ্টা করবে **ততই** সাফল্যের সম্ভাবনা।
যে আসবে **সে** পাবে	**যারা** ভালো মানুষ **তারা** সুখী
যেমন কর্ম **তেমন** ফল।	জোর **যার** মুল্লুক **তার**।
যেই কথা **সেই** কাজ।	**যে** আগে আসবে **সে** আগে পাবে।

০৭. **পারস্পরিক বা ব্যতিহারিক :** দুপক্ষের সহযোগ বা পারস্পরিক নির্ভরতা বোঝালে ব্যতিহারিক বা পারস্পরিক সর্বনাম হয়। যেমন : তোমরা **নিজেরা নিজেরা** সমস্যাটি মিটিয়ে ফেল। কয়েকটি ব্যতিহারিক সর্বনাম : আপনা আপনি, নিজে নিজে, আপসে, পরস্পর ইত্যাদি।

০৮. **সকল বা সাকুল্যবাচক :** ব্যক্তি, বস্তু বা ভাবের সমষ্টি বোঝাতে সকলবাচক সর্বনাম হয়। যেমন : সব, সবাই, সকলকে, সকলে, সমস্ত, সমুদয় (তাবৎ, সমস্ত), সবার। **সকলেই** ত্রাণসামগ্রী পেয়েছেন।

০৯. **অন্যবাচক বা অন্যাদিবাচক :** অন্য, অপর, পর, অমুক ইত্যাদি অর্থাৎ নিজ ভিন্ন অন্য কোনো অনির্দিষ্ট ব্যক্তি বোঝাতে অন্যবাচক সর্বনাম ব্যবহৃত হয়। যেমন : **অন্যে** সমালোচনা করবে, তা আমি সইব না।

❀ পুরাতন ব্যাকরণ অনুযায়ী কয়েকটি সর্বনামের উদাহরণ ❀

⊡ **যৌগিক সর্বনাম (অনিশ্চয়তাবাচক) :** একাধিক শব্দ একত্র হয়ে একটি সর্বনাম তৈরি করে, তখন তাকে যৌগিক সর্বনাম বলে। যেমন : অন্য-কিছু, অন্য-কেউ, আর-কিছু, আর-কেউ, কেউ-না, কেউ-বা, যা-কিছু, যে-কোনো ইত্যাদি।

যৌগিক সর্বনাম	প্রায়োগিক ব্যবহার
কেউ-বা	এই বৃষ্টিতে **কেউ-বা** আসবে?
আর-কেউ	**আর-কেউ** যাবে?
আর-কিছু	**আর-কিছু** চাই আপনার?
অন্য-কিছু	আমার যা আছে তা-ই দিলাম, **অন্য কিছু** চেয়ো না।
অন্য-কেউ	একথা তুমি ছাড়া **অন্য-কেউ** জানে না।
কেউ-না-কেউ	**কেউ-না-কেউ** তো সংবাদ দিয়েছেই, নইলে সে আসবে কেন?
যে-কেউ	**যে-কেউ** এ কাজ করতে পারে।

⊡ **সংযোগজ্ঞাপক :** যে, যিনি, যাঁরা, যাহারা ইত্যাদি। দুটি বাক্যের সংযোগ ঘটায়। যেমন : স্টেশনে এসে দেখি **যে**, ট্রেনটা চলে গেছে।

সর্বনামের পুরুষ

➤ **সর্বনামের রূপভেদ :**

ব্যক্তিবাচক সর্বনাম পুরুষভেদে বিভিন্ন রূপ পরিগ্রহ করে। যেমন :

সাধারণ অর্থে	
উত্তম পুরুষ	আমি, আমরা, আমাকে, আমার, আমাদিগকে, আমাদের (কবিতায়- মোর, মোরা)।
মধ্যম পুরুষ	তুমি, তোমরা, তোমাকে, তোমাদিগকে, তোমার, তোমাদের।
নাম পুরুষ	সে, তারা, তাহারা, তাকে, তাহাকে।
সম্মানাত্মক অর্থে	
মধ্যম পুরুষ	আপনি, আপনারা, আপনাকে, আপনার, আপনাদের।
নাম পুরুষ	তিনি, তাঁরা, তাঁদের, তাঁদেরকে, তাঁকে, ইনি, এঁর, এঁদের, এঁকে, উনি, ওঁর, ওঁরা, ওঁদের।
তুচ্ছার্থক বা ঘনিষ্ঠতাজ্ঞাপক অর্থে	
মধ্যম পুরুষ	তুই, তোরা, তোর, তোদের, তোকে।
নাম পুরুষ	ইহা, ইহারা, এই, এ, এরা, উহা, উহারা, ও, ওরা, ওদের।

০৩. বিশেষণ পদ

⊡ **বিশেষণ :** যে শব্দ দিয়ে বিশেষ্য ও সর্বনামের গুণ, দোষ, সংখ্যা, পরিমাণ, অবস্থা ইত্যাদি বোঝায়, তাকে বিশেষণ বলে। যেমন : সুন্দর ফুল। বাজে কথা। পঞ্চাশ টাকা। হাজার সমস্যা। তাজা মাছ। **সুন্দর** বাগান। **চটপটে** ছেলে।

❀ নতুন ব্যাকরণ অনুযায়ী বিশেষণের প্রকারভেদ ❀

⊡ **প্রকারভেদ :** বিশেষণকে নানা নামে উপস্থাপন করা যেতে পারে।

০১. **বর্ণবাচক বা রূপবাচক :** যে বিশেষণ দিয়ে রং নির্দেশ করা হয়, তাকে বর্ণবাচক বিশেষণ বলে। যেমন : **নীল** আকাশ, **সবুজ** মাঠ, **লাল** ফিতা, **কালো** মেঘ।

০২. **গুণবাচক :** যে বিশেষণ দিয়ে গুণ বা বৈশিষ্ট্য বোঝায়, তা-ই গুণবাচক বিশেষণ। যেমন : **চালাক** ছেলে, **ঠান্ডা** পানি, **চৌকস** লোক, **দক্ষ** কারিগর, **গরম** জল, **সৎ** লোক।

০৩. **অবস্থাবাচক :** যে বিশেষণ দিয়ে অবস্থা বোঝায়, তাকে অবস্থাবাচক বিশেষণ বলে। যেমন : **চলন্ত** ট্রেন, **তরল** পদার্থ, **তাজা** মাছ, **রোগা** ছেলে, **খোঁড়া** পা, **মুমূর্ষু** রোগী।

০৪. **ক্রমবাচক :** যে বিশেষণ দিয়ে ক্রমসংখ্যা বোঝায়, তাকে ক্রমবাচক বিশেষণ বলে। যেমন : **এক** টাকা, **আট** দিন, **সত্তর** পৃষ্ঠা, **হাজার** লোক, **দশ** দশা, **শ** টাকা।

০৫. **পূরণবাচক :** যে বিশেষণ দিয়ে পূরণসংখ্যা বোঝায়, তাকে পূরণবাচক বিশেষণ বলে। যেমন : **তৃতীয়** প্রজন্ম, **৩৫তম** অনুষ্ঠান, **সত্তরতম** পৃষ্ঠা, **প্রথমা** কন্যা।

০৬. **পরিমাণবাচক :** যে বিশেষণ দিয়ে পরিমাণ বা আয়তন বোঝায়, তাকে পরিমাণবাচক বিশেষণ বলে। যেমন : **আধা** কেজি চাল, **অনেক** লোক, **বিঘাটেক** জমি, **পাঁচ শতাংশ** ভূমি, **হাজার টনী** জাহাজ, **এক** কেজি চাল, **দু** কিলোমিটার রাস্তা, **অর্ধেক** সম্পত্তি, **ষোলো আনা** দখল, **সিকি** পথ।

০৭. **উপাদানবাচক :** যে বিশেষণ দিয়ে উপাদান নির্দেশ করে, তাকে উপাদানবাচক বিশেষণ বলে। যেমন : **বেলে** মাটি, **মেটে** কলসি, **পাথুরে** মূর্তি, **স্বর্ণময়** পাত্র।

০৮. **প্রশ্নবাচক :** যে বিশেষণ দিয়ে প্রশ্নবাচকতা নির্দেশিত হয়, তাকে প্রশ্নবাচক বিশেষণ বলে। যেমন : **কেমন** গান? **কতক্ষণ** সময়? **কত** দূর পথ? **কেমন** অবস্থা?

০৯. **নির্দিষ্টতাবাচক :** যে বিশেষণ দিয়ে বিশেষিত শব্দকে নির্দিষ্ট করা হয়, তাকে নির্দিষ্টতাবাচক বিশেষণ বলে। যেমন : **এই** দিনে, **সেই** সময়, **এই** লোক, **সেই** ছেলে, **ছাব্বিশে** মার্চ।

১০. **ভাববাচক বিশেষণ :** যেসব বিশেষণ বাক্যের অন্তর্গত অন্য বিশেষণকে বিশেষিত করে, সেসব বিশেষণকে ভাববাচক বিশেষণ বলে। এটিকে বিশেষণের বিশেষণও বলা হয়। যেমন : '**খুব** ভালো খবর' ও 'গাড়িটা **বেশ** জোরে চলছে'।

১১. **বিধেয় বিশেষণ :** বাক্যের বিধেয় অংশে যেসব বিশেষণ বসে, সেসব বিশেষণকে বিধেয় বিশেষণ বলে। যেমন : 'লোকটা **পাগল**' বা 'এই পুকুরের পানি **ঘোলা**'।

❀ পুরাতন ব্যাকরণ অনুযায়ী বিশেষণের প্রকারভেদ ❀

⊡ **প্রকারভেদ :** বিশেষণ পদ প্রধানত ২ প্রকার। যথা : ১. নাম বিশেষণ ও ২. ভাব বিশেষণ।

০১. **নাম বিশেষণ :** যে বিশেষণ পদ কোনো বিশেষ্য বা সর্বনাম পদকে বিশেষিত করে, তাকে নাম বিশেষণ বলে। যেমন :

ক. সর্বনামের বিশেষণ : সে **রূপবান** ও **গুণবান**।

খ. বিশেষ্যের বিশেষণ : **সুস্থ-সবল** দেহকে কে না ভালোবাসে?

➤ **বিবিধ উপায়ে নাম-বিশেষণ গঠনের উপায় :**

✎ **নাম-বিশেষণ বিভিন্নভাবে গঠিত হয়। যেমন :**

ক্রিয়াজাত	**খাবার** পানি, **হারানো** সম্পত্তি, **অনাগত** দিন ইত্যাদি।
অব্যয়জাত	**আচ্ছা** মানুষ, **উপরি** পাওনা, **হঠাৎ** বড়লোক ইত্যাদি।
সর্বনামজাত	**কবেকার** কথা, **কোথাকার** কে, **স্বীয়** সম্পত্তি ইত্যাদি।
সমাসসিদ্ধ	**বেকার**, **নিয়ম-বিরুদ্ধ**, **জ্ঞানহারা**, **চৌচালা** ঘর ইত্যাদি।
বীপ্সামূলক	**হাসিহাসি** মুখ, **কাঁদোকাঁদো** চেহারা, **ডুবুডুবু** নৌকা ইত্যাদি।
অনুকার অব্যয়জাত	**কনকনে** শীত, **শনশনে** হাওয়া, **ধিকিধিকি** আগুন, **টসটসে** ফল, **তকতকে** মেঝে ইত্যাদি।
কৃদন্ত	**কৃতী** সন্তান, **জানাশোনা** লোক, **পায়ে-চলা** পথ, **অতীত** কাল, **মৃত** সম্পত্তি ইত্যাদি।
তদ্ধিতান্ত	**জাতীয়** সম্পদ, **মেঠো** পথ, **নৈতিক** বল ইত্যাদি।
উপসর্গযুক্ত	**নিখুঁত** কাজ, **নির্জলা** মিথ্যে, **অপহৃত** সম্পদ ইত্যাদি।
বিদেশি	**নাস্তানাবুদ** অবস্থা, **বেওয়ারিশ** মাল, **লাখেরাজ** সম্পত্তি, **দরপত্তনি** তালুক।

০২. **ভাব বিশেষণ :** যে পদ বিশেষ্য ও সর্বনাম ভিন্ন অন্য পদকে বিশেষিত করে, তাকে ভাব বিশেষণ বলে। যেমন : গাড়িটা **বেশ** জোরে চলছে।

➤ **প্রকারভেদ :** ভাব বিশেষণ চার প্রকার। যথা : ক. ক্রিয়া বিশেষণ খ. বিশেষণের বিশেষণ গ. অব্যয়ের বিশেষণ ঘ. বাক্যের বিশেষণ।

ক. **ক্রিয়া বিশেষণ :** যে পদ ক্রিয়া সংঘটনের ভাব, কাল বা রূপ নির্দেশ করে, তাকে ক্রিয়া বিশেষণ বলে। যেমন :

i. ক্রিয়া সংঘটনের ভাব : ধীরে ধীরে বায়ু বয়।

ii. ক্রিয়া সংগঠনের কাল : পরে একবার এসো।

iii. ক্রিয়া সংঘটনের স্থান : আমার সামনে দাঁড়াও। এখানে বস ইত্যাদি।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

ক্রিয়া-বিশেষণের বিবিধ/গঠনরূপ :

i. **বিভক্তিহীন শব্দযোগে :** ক্রিয়া-বিশেষণ বিভক্তিহীনও হতে পারে। যেমন :

ভাবজ্ঞাপক	সে অবশ্য আসবে। তুমি ঠিক জান না ইত্যাদি।
সময়জ্ঞাপক	ক্রমাগত ভুল করো না। আজ তুমি যাও ইত্যাদি।
স্থানবাচক	হেথা নয়, হোথা নয়, অন্য কোথা, অন্য কোনখানে।

ii. **'এ' বিভক্তিযোগে :** বিশেষ্য পদ থেকে ক্রিয়া-বিশেষণ গঠন করে। যেমন :

বিশেষ্য	ভাবজ্ঞাপক ক্রিয়া-বিশেষণ
তাল (তাল মিলিয়ে চলা)	তালে (সমান তালে চলা)
সুখ (সুখ চাই শুধু)	সুখে (সুখে থাকতে চাই)

iii. নাম-বিশেষণ থেকে ক্রিয়া-বিশেষণ :

নাম বিশেষণ	ক্রিয়া বিশেষণ
সমান	সমানে (সমানে সমানে তর্ক)
চরম	চরমে ইত্যাদি (চরমে উঠেছে যুদ্ধ)

iv. -রূপে, -ভাবে, -সহকারে, -পূর্বক, -ইত্যাদি পদ দ্বারা সমাস করেও ক্রিয়াবিশেষণ গঠন করা হয়। যেমন : উত্তম রূপে, সুন্দরভাবে, মনোযোগ সহকারে, প্রদর্শনপূর্বক ইত্যাদি।

v. -ত, -থা, -ধা, -শ, -মতো, -এ প্রত্যয়ান্ত পদ দ্বারাও ক্রিয়াবিশেষণ গঠিত হয়। যেমন : সাধারণত, দৃশ্যত, অন্যথা, শতধা, প্রায়শ, ক্রমশ, সর্বত্র, একত্র, দণ্ডবৎ, মৎস্যবৎ, ঠিকমতো, ভালোমতো ইত্যাদি।

vi. বিশেষ্য বা বিশেষণের সাথে -করে, -ইয়ে যোগ করেও ক্রিয়া-বিশেষণ গঠন করা হয়। যেমন : ভালো করে, হঠাৎ করে, ফলিয়ে, তলিয়ে, ছলছলিয়ে ইত্যাদি।

বিশেষণের বিশেষণ : যে পদ নাম-বিশেষণ অথবা ক্রিয়া বিশেষণকে বিশেষিত করে, তাকে বিশেষণের বিশেষণ বলে। যেমন :

i. **নাম-বিশেষণের বিশেষণ :** সামান্য একটু দুধ দাও। এ ব্যাপারে সে অতিশয় দুঃখিত।

ii. **ক্রিয়া-বিশেষণের বিশেষণ :** রকেট অতি দ্রুত চলে।

বাক্যে ক্রিয়া-বিশেষণের ব্যবহার :

i. **ক্রিয়া-সংঘটনের ভাব :** কাজটি কেমনভাবে সংঘটিত হলো তা বোঝায়। যেমন : সে দ্রুত দৌড়াতে পারে, এটা ভালোভাবে বোঝা যাবে না ইত্যাদি।

ii. **ক্রিয়া-সংঘটনের সময় :** আজ যখন সে আসবে তখন তাকে থাকতে বলো। সেদিন তোমাকে পাই নি ইত্যাদি।

অব্যয়ের বিশেষণ : যে ভাব-বিশেষণ অব্যয় পদ অথবা অব্যয় পদের অর্থকে বিশেষিত করে, তাকে অব্যয়ের বিশেষণ বলে। যথা : ধিক্ তারে, শত ধিক্ নির্লজ্জ যে জন।

বাক্যের বিশেষণ : কখনো কখনো কোনো বিশেষণ পদ একটি সম্পূর্ণ বাক্যকে বিশেষিত করতে পারে, তখন তাকে বাক্যের বিশেষণ বলে। যেমন : **দুর্ভাগ্যক্রমে** দেশ আবার নানা সমস্যাজালে আবদ্ধ হয়ে পড়েছে। **বাস্তবিকই** আজ আমাদের কঠিন পরিশ্রমের প্রয়োজন।

বিশেষণের অতিশায়ন : বিশেষণ পদ যখন দুই বা ততোধিক বিশেষ্য পদের মধ্যে গুণ, অবস্থা, পরিমাণ প্রভৃতি বিষয়ের তুলনায় একের উৎকর্ষ বা অপকর্ষ বুঝিয়ে থাকে, তখন তাকে বিশেষণের অতিশায়ন বলে। যেমন : যমুনা একটি **দীর্ঘ** নদী, পদ্মা **দীর্ঘতর**, কিন্তু মেঘনা বাংলাদেশের **দীর্ঘতম** নদী। সূর্য, পৃথিবী ও চন্দ্রের মধ্যে তুলনায় সূর্য **বৃহত্তম**, পৃথিবী চন্দ্রের চেয়ে **বৃহত্তর** এবং চন্দ্র পৃথিবী অপেক্ষা **ক্ষুদ্রতর**।

বিশেষণের তুলনা বা অতিশায়ন : নিচের বাক্যগুলো লক্ষ কর :

করিম সৎ লোক। করিম রহিমের চেয়ে সৎ। করিম সবার মধ্যে সবচেয়ে সৎ।

উপর্যুক্ত প্রথম বাক্যে 'সৎ' বিশেষণটি শুধু করিমের জন্য ব্যবহৃত হয়েছে। দ্বিতীয় বাক্যে 'সৎ' বিশেষণটি করিম এবং রহিমের সততার তারতম্য বোঝাতে, তৃতীয় বাক্যে সবার মধ্যে শ্রেষ্ঠত্ব বোঝাতে ব্যবহৃত হয়েছে। তাহলে দেখা যায় যে, একই 'সৎ' বিশেষণটি তিনটি বাক্যে তিনভাবে ব্যবহৃত হয়েছে : সৎ, চেয়ে সৎ, সবচেয়ে সৎ। বিশেষণের এরূপ ব্যবহারকে বিশেষণের অতিশায়ন বলে।

তাহলে বলা যায়, বিশেষণ পদ যখন দুই বা ততোধিক বিশেষ্য পদের মধ্যে দোষ, গুণ, বৈশিষ্ট্য, অবস্থা, পরিমাণ ইত্যাদি বিষয়ে তুলনায় তারতম্য (অর্থাৎ একের উৎকর্ষ বা অপকর্ষ) বোঝায়, তখন তাকে বলে বিশেষণের অতিশায়ন।

অতিশায়নের নিয়ম :

ক. খাঁটি বাংলা বিশেষণের অতিশায়ন :

i. বাংলা শব্দের অতিশায়নে দুয়ের মধ্যে তুলনার ক্ষেত্রে চাইতে, চেয়ে, হতে, অপেক্ষা, থেকে ইত্যাদি শব্দ ব্যবহৃত হয়। এসব ক্ষেত্রে দুয়ের মধ্যে তারতম্য বোঝাতে উপমান বিশেষ্যটি প্রায়ই ষষ্ঠী বিভক্তিযুক্ত হয়ে থাকে এবং মূল বিশেষণের রূপটির কোনো পরিবর্তন হয় না। যেমন : হাতি বাঘের **চেয়ে** বড়/বাঘের **চেয়ে** হাতি বড়। গরুর [দামের] **থেকে** ঘোড়ার দাম বেশি। বাঘের **চেয়ে** সিংহ বলবান।

ii. দুটি বিশেষ্যের মধ্যে উৎকর্ষ বা অপকর্ষের মাত্রা জোর দিয়ে বোঝাতে হলে বিশেষণের আগে ভিন্ন পদ বা অল্প, কম, একটু, একটুখানি, অনেকটা ইত্যাদি বিশেষণীয় বিশেষণ যোগ করতে হয়। যেমন : মোষ গরুর চেয়ে **একটু** বড়/ গরুর চেয়ে মোষ **একটু** বড়। গাধা ছাগলের চেয়ে **অনেক** বড়/ ছাগলের চেয়ে গাধা **অনেক** বড়। বিভা সুমনের চেয়ে **একটু** বেশি লম্বা/ সুমনের চেয়ে বিভা **একটু** বেশি লম্বা ইত্যাদি।

iii. **বহুর মধ্যে অতিশায়ন :** অনেকের মধ্যে একের উৎকর্ষ বা অপকর্ষ বোঝাতে মূল বিশেষণের কোনো পরিবর্তন হয় না। মূল বিশেষণের পূর্বে সবচেয়ে, সবচাইতে, সবথেকে, সর্বাপেক্ষা, সর্বাধিক ইত্যাদি শব্দ যোগ করে নিতে হয়। যেমন : ইভা, বিভা, সুভা এ তিন বোনের মধ্যে ইভা **সবচেয়ে** বড়। এই পরিবারে খোকা **সবচেয়ে** মেধাবী। শৃগাল **সর্বাপেক্ষা** চালাক প্রাণী ইত্যাদি।

খ. **তৎসম শব্দে বিশেষণের অতিশায়ন :**

i. বাংলা-রীতিতে বিশেষণের অতিশায়নের সময় বিশেষণের সঙ্গে নতুন কোনো প্রত্যয় যুক্ত হয় না, শুধু তার আগে বিভিন্ন শব্দ বা বিভক্তি যুক্ত হয়। কিন্তু ইংরেজির মতো সংস্কৃতে এসব ক্ষেত্রে বিশেষণ পদের সাথে বিভিন্ন প্রত্যয় যুক্ত হয়। যেমন :

দীর্ঘ	দীর্ঘতর	দীর্ঘতম
বৃহৎ	বৃহত্তর	বৃহত্তম
প্রিয়	প্রিয়তর	প্রিয়তম
উচ্চ	উচ্চতর	উচ্চতম
নিম্ন	নিম্নতর	নিম্নতম

ii. বহুর মধ্যে অতিশায়নে তুলনীয় বস্তুর উল্লেখ না করেও 'তম' প্রত্যয় যুক্ত হতে পারে। যেমন : মেঘনা বাংলাদেশের দীর্ঘতম নদী। দেশসেবার মহত্তম ব্রতই সৈনিকের দীক্ষা।

iii. কিছু কিছু সংস্কৃত তর, তম- যুক্ত বিশেষণ পদ বাংলায় তাদের তুলনার ভাব হারিয়ে সাধারণ বিশেষণ পদ হিসেবে ব্যবহৃত হয়। যেমন : হত্যা করা **গুরুতর** অপরাধ। সেবা একটি **উত্তম** কাজ।

iv. তৎসম শব্দে দুয়ের মধ্যে তুলনায় আবার পুংলিঙ্গ 'ঈয়স' এবং স্ত্রীলিঙ্গে 'ঈয়সী' এবং বহুর মধ্যে তুলনায় 'ইষ্ঠ' যুক্ত হয়। বাংলায় শুধু 'ইষ্ঠ' দ্বারা নিষ্পন্ন বিশেষণগুলো ব্যবহৃত হয়। যেমন :

মূল বিশেষণ	বহুর মধ্যে তুলনায়
লঘু	লঘিষ্ঠ
গুরু	গরিষ্ঠ
শ্রেয়	শ্রেষ্ঠ

v. দুয়ের মধ্যে তুলনাবাচক 'য়স' বাংলায় ব্যবহৃত না হলেও 'ঈয়সী' ব্যবহৃত হয়, কিন্তু তা আর তুলনা বোঝায় না, সাধারণ বিশেষণের মতো ব্যবহৃত হয়। যেমন : প্রেয়সী, মহীয়সী, ভূয়সী ইত্যাদি।

➤ **নির্ধারক বিশেষণ :** দ্বিরুক্ত শব্দ ব্যবহার করে যখন একের বেশি কোনো কিছুকে বোঝানো হয়, তখন তাকে নির্ধারক বিশেষণ বলে। যেমন :

i. **রাশি রাশি** ভারা ভারা ধান।

ii. **লাল লাল** কৃষ্ণচূড়ায় গাছ ভরে আছে।

iii. নববর্ষ উপলক্ষে **ঘরে ঘরে** সাড়া পড়ে গেছে।

iv. এত **ছোট ছোট** উত্তর লিখলে হবে না।

v. এত **বড় বড়** কথা বলতে নেই।

vi. **কালো কালো** মেঘ জড় হয়েছে।

ঙ. **বিশেষণ থেকে বিশেষ্যে পরিবর্তন :**

বিশেষণ	বিশেষ্য	বিশেষণ	বিশেষ্য
গৌরবান্বিত	গৌরব	উৎকৃষ্ট	উৎকর্ষ
অতিশয়	আতিশয্য	বৈয়াকরণ	ব্যাকরণ
রক্তিম	রক্তিমতা	দীন	দীনতা, দৈন্য
দরিদ্র	দারিদ্র্য	দুরাত্মা	দৌরাত্ম্য
বুদ্ধিমান	বুদ্ধিমত্তা	বেহায়া	বেহায়াপনা
শিথিল	শৈথিল্য	ঋজু	ঋজুতা, আর্জব
অভিজাত	আভিজাত্য	দুরন্ত	দুরন্তপনা
সুস্থ	স্বাস্থ্য	স্বাদিত	স্বাদ
হ্রস্ব	হ্রাস	সাধিত	সাধন

CamScanner

০৪. ক্রিয়াপদ

❋ নতুন ব্যাকরণ অনুযায়ী ক্রিয়াপদ ❋

⊡ **ক্রিয়াপদ :** বাক্যে উদ্দেশ্য বা কর্তা কী করে বা কর্তার কী ঘটে বা হয়, তা নির্দেশ করা হয় যে পদ দিয়ে তাকে ক্রিয়া বলে। যেমন : রাজীব খেলছে। বৃষ্টি হতে পারে।

⊡ **ক্রিয়াপদের গঠন :** ক্রিয়ামূল বা ধাতুর সঙ্গে বিভক্তি যুক্ত হয়ে ক্রিয়া গঠিত হয়। যেমন : পড় + ই = পড়ি, পড় + এ = পড়ে, পড়+ ছে = পড়ছে, পড় + বে = পড়বে।

⊡ পক্ষ (পুরুষ) এবং কাল ভেদে ক্রিয়ার রূপভেদ হয়। যেমন :
পক্ষভেদ : আমি পড়ি, আমরা পড়ি, তুমি পড়ো, তোমরা পড়ো, সে পড়ে, তারা পড়ে।
কালভেদ : আমি পড়ি, আমি পড়ছি, আমি পড়েছি, আমি পড়েছিলাম, আমি পড়ছিলাম, আমি পড়ব।

⊡ **ক্রিয়ার প্রকারভেদ ;** ভাবপ্রকাশের দিক দিয়ে, বাক্যে কর্মের উপস্থিতির ভিত্তিতে এবং গঠন বিবেচনায় ক্রিয়াকে নানা ভাগে ভাগ করা যায়।

ক. ভাবপ্রকাশের দিক দিয়ে ক্রিয়া দুই প্রকার। যথা :

১. **সমাপিকা ক্রিয়া :** যে ক্রিয়া দিয়ে ভাব সম্পূর্ণ হয়, তাকে সমাপিকা ক্রিয়া বলে। যেমন : ভালো করে পড়াশোনা করবে।

২. **অসমাপিকা ক্রিয়া :** যে ক্রিয়া ভাব সম্পূর্ণ করতে পারে না, তাকে অসমাপিকা ক্রিয়া বলে। যেমন : ভালো করে পড়াশোনা করলে ভালো ফল হবে।

⊡ অসমাপিকা ক্রিয়া তিন ধরনের। যথা :
১. ভূত অসমাপিকা ২. ভাবী অসমাপিকা এবং ৩. শর্ত অসমাপিকা। যথা :
ভূত অসমাপিকা : সে গান করে আনন্দ পায়।
ভাবী অসমাপিকা : সে গান শিখতে রাজশাহী যায়।
শর্ত অসমাপিকা : গান করলে তার মন ভালো হয়।

⊡ বাক্যের মধ্যে কর্মের উপস্থিতির ভিত্তিতে ক্রিয়া তিন প্রকার। যথা :

১. **অকর্মক ক্রিয়া :** বাক্যে ক্রিয়ার কোনো কর্ম না থাকলে সেই ক্রিয়াকে অকর্মক ক্রিয়া বলে। যেমন : সে ঘুমায়। এই বাক্যে কোনো কর্ম নেই।

২. **সকর্মক ক্রিয়া :** বাক্যের মধ্যে ক্রিয়ার কর্ম থাকলে সেই ক্রিয়াকে সকর্মক ক্রিয়া বলে। যেমন : সে বই পড়ছে। এই বাক্যে 'পড়ছে' হলো সকর্মক ক্রিয়া। 'বই' হলো 'পড়ছে' ক্রিয়ার কর্ম।

৩. **দ্বিকর্মক ক্রিয়া :** বাক্যের মধ্যে ক্রিয়ার দুটি কর্ম থাকলে সেই ক্রিয়াকে দ্বিকর্মক ক্রিয়া বলে। যেমন : শিক্ষক ছাত্রকে বই দিলেন। এই বাক্যে 'দিলেন' একটি দ্বিকর্মক ক্রিয়া। 'কী দিলেন' প্রশ্নের উত্তর দেয় মুখ্য কর্ম ('বই'), আর 'কাকে দিলেন' প্রশ্নের উত্তর দেয় গৌণ কর্ম ('ছাত্রকে')।

খ. গঠন বিবেচনায় ক্রিয়া পাঁচ রকম :

১. **সরল ক্রিয়া :** একটিমাত্র পদ দিয়ে যে ক্রিয়া গঠিত হয় এবং কর্তা এককভাবে ক্রিয়াটি সম্পন্ন করে, তাকে সরল ক্রিয়া বলে। যেমন : সে লিখছে । ছেলেরা মাঠে খেলছে। এখানে লিখছে ও খেলছে - এগুলো সরল ক্রিয়া।

২. **প্রযোজক ক্রিয়া :** কর্তা অন্যকে দিয়ে কাজ করালে তাকে প্রযোজক ক্রিয়া বলে। যেমন : তিনি আমাকে অঙ্ক করাচ্ছেন; রাখাল গরুকে ঘাস খাওয়ায়- এখানে 'করাচ্ছেন' ও 'খাওয়ায়' প্রযোজক ক্রিয়া।

৩. **নামক্রিয়া :** বিশেষ্য, বিশেষণ বা ধ্বন্যাত্মক শব্দের শেষে -আ বা -আনো প্রত্যয় যুক্ত হয়ে যে ক্রিয়া গঠিত হয়, তাকে নামক্রিয়া বলে। যেমন : বিশেষ্য চমক শব্দের সঙ্গে -আনো যুক্ত হয়ে হয় চমকানো: আকাশে বিদ্যুৎ চমকায়; বিশেষণ কম শব্দের সঙ্গে -আ যুক্ত হয়ে হয় কমা: বাজারে সবজির দাম কমছে না; ধ্বন্যাত্মক ছটফট শব্দের সঙ্গে - আনো যুক্ত হয়ে হয় ছটফটানো : জবাই করা মুরগি উঠানে ছটফটায়।

৪. **সংযোগ ক্রিয়া :** বিশেষ্য, বিশেষণ বা ধ্বন্যাত্মক শব্দের পরে করা, কাটা, হওয়া, দেওয়া, ধরা, পাওয়া, খাওয়া, মারা প্রভৃতি ক্রিয়া যুক্ত হয়ে সংযোগ ক্রিয়া গঠিত হয়। করা ক্রিয়া যোগে: গান করা, গরম করা, ঠনঠন করা, ব্যাট করা; কাটা ক্রিয়া যোগে : সাঁতার কাটা, বিপদ কাটা; হওয়া ক্রিয়া যোগে: উদয় হওয়া, বড়ো হওয়া, রাজি হওয়া; দেওয়া ক্রিয়া যোগে: কথা দেওয়া, মন দেওয়া, দোষ দেওয়া; ধরা ক্রিয়া যোগে : ভাঙন ধরা, মরচে ধরা, ক্যাচ ধরা; পাওয়া ক্রিয়া যোগে: লজ্জা পাওয়া, কষ্ট পাওয়া, বৃদ্ধি পাওয়া; খাওয়া ক্রিয়া যোগে: আছাড় খাওয়া, মার খাওয়া, ডিগবাজি খাওয়া; মারা ক্রিয়া যোগে: উঁকি মারা, পকেট মারা।

৫. **যৌগিক ক্রিয়া :** অসমাপিকা ক্রিয়ার সঙ্গে সমাপিকা ক্রিয়া যুক্ত হয়ে যখন একটি ক্রিয়া গঠন করে, তখন তাকে যৌগিক ক্রিয়া বলে। যেমন : মরে যাওয়া, কমে আসা, এগিয়ে চলা, হেসে ওঠা, উঠে পড়া, পেয়ে বসা, সরে দাঁড়ানো, বেঁধে দেওয়া, বুঝে নেওয়া, বলে ফেলা, করে তোলা, চেপে রাখা ইত্যাদি।

❋ পুরাতন ব্যাকরণ অনুযায়ী ক্রিয়াপদ ❋

⊡ **ক্রিয়াপদের শ্রেণিবিভাগ :** ভাব প্রকাশের দিক দিয়ে ক্রিয়াপদকে দু'ভাগে ভাগ করা যায়। যথা : ক. সমাপিকা ক্রিয়া খ. অসমাপিকা ক্রিয়া।

ক. **সমাপিকা ক্রিয়া :** যে ক্রিয়া দিয়ে বাক্যের (বা মনোভাবের) পরিসমাপ্তি ঘটে, তাকে সমাপিকা ক্রিয়া বলে। যেমন : ভালো করে পড়াশোনা করবে। নাদিয়া বই পড়ছে।
সমাপিকা ক্রিয়ার গঠন : সমাপিকা ক্রিয়া সকর্মক, অকর্মক ও দ্বিকর্মক হতে পারে।

খ. **অসমাপিকা ক্রিয়া :** যে ক্রিয়া দিয়ে বাক্যের পরিসমাপ্তি ঘটে না, বক্তার কথা অসম্পূর্ণ থেকে যায়, তাকে অসমাপিকা ক্রিয়া বলে। যেমন : ভালো করে পড়াশোনা করলে- এখানে **'করলে'** ক্রিয়াপদ দ্বারা মনের ভাব শেষ হয়নি; মনের ভাব সম্পূর্ণ হতে আরও শব্দের প্রয়োজন। তাই **'করলে'** একটি অসমাপিকা ক্রিয়া।

৬ **অসমাপিকা ক্রিয়ার কর্তা :**
এক কর্তা : বাক্যস্থিত সমাপিকা ও অসমাপিকা ক্রিয়ার কর্তা এক বা অভিন্ন হতে পারে। যথা : তুমি চাকরি পেলে আর কি দেশে আসবে? 'পেলে' (অসমাপিকা ক্রিয়া) এবং 'আসবে' (সমাপিকা ক্রিয়া) উভয় ক্রিয়ার কর্তা এখানে 'তুমি'।
অসমান কর্তা : বাক্যস্থিত সমাপিকা ও অসমাপিকা ক্রিয়ার কর্তা এক না হলে সেগুলো কর্তাগুলোকে অসমান কর্তা বলে।

ক. **শর্তাধীন কর্তা :** এ জাতীয় কর্তাদের ব্যবহার শর্তাধীন হতে পারে। যেমন : তোমরা বাড়ি এলে আমি রওনা হব। এখানে 'এলে' অসমাপিকা ক্রিয়ার কর্তা 'তোমরা' এবং 'রওনা হব' সমাপিকা ক্রিয়ার কর্তা 'আমি'। তোমাদের বাড়ি আসার ওপর আমার রওনা হওয়া নির্ভরশীল বলে এ জাতীয় বাক্যে কর্তৃপদের ব্যবহার শর্তাধীন।

খ. **নিরপেক্ষ কর্তা :** শর্তাধীন না হয়েও সমাপিকা ও অসমাপিকা ক্রিয়ার ভিন্ন ভিন্ন কর্তৃপদ থাকতে পারে। সেক্ষেত্রে প্রথম কর্তৃপদটিকে বলা হয় নিরপেক্ষ কর্তা। যেমন : সূর্য অস্তমিত হলে যাত্রীদল পথ চলা শুরু করল। এখানে 'যাত্রীদলের' পথ চলার সঙ্গে 'সূর্য' অস্তমিত হওয়ার কোনো শর্ত বা সম্পর্ক নেই বলে 'সূর্য' নিরপেক্ষ কর্তা।

[বি. দ্র. : প্রযোজ্য ক্রিয়ারূপে ব্যবহৃত হলে অকর্মক প্রযোজক ক্রিয়া সকর্মক হয়]

৬ **অসমাপিকা ক্রিয়ার গঠন :** ধাতুর সঙ্গে কাল নিরপেক্ষ -ইয়া (য়ে), -ইতে (তে) অথবা -ইলে (লে) বিভক্তি যুক্ত হয়ে অসমাপিকা ক্রিয়া গঠিত হয়।

১. **'ইলে' > 'লে' বিভক্তিযুক্ত অসমাপিকা ক্রিয়ার ব্যবহার**
ক. কার্য পরম্পরা বোঝাতে : চারটা বাজলে স্কুল ছুটি হবে।
খ. প্রশ্ন বা বিস্ময় জ্ঞাপনে : একবার মরলে কি কেউ ফেরে?
গ. সম্ভাব্যতা অর্থে : এখন বৃষ্টি হলে ফসলের ক্ষতি হবে।
ঘ. সাপেক্ষতা বোঝাতে : তিনি গেলে কাজ হবে।
ঙ. দার্শনিক সত্য প্রকাশে : জন্মিলে মরিতে হবে, অমর কে কোথা-কবে?
চ. বিধি নির্দেশে : এখানে প্রচারপত্র লাগালে ফৌজদারিতে সোপর্দ হবে।
ছ. সম্ভাবনায় বিকল্পে : আজ গেলেও যা, কাল গেলেও তা।
জ. পরিণতি বোঝাতে : বৃষ্টিতে ভিজলে সর্দি হবে।

২. **'ইয়া' > 'এ' বিভক্তি যুক্ত অসমাপিকা ক্রিয়ার ব্যবহার :**
ক. অনন্তরতা বা পর্যায় বোঝাতে : হাত-মুখ ধুয়ে পড়তে বস।
খ. হেতু অর্থে : ছেলেটি কুসঙ্গে মিশে নষ্ট হয়ে গেল।
গ. ক্রিয়া বিশেষণ অর্থে : চেঁচিয়ে কথা বলো না।
ঘ. ক্রিয়ার অবিচ্ছিন্নতা বোঝাতে : হৃদয়ের কথা কহিয়া কহিয়া গাহিয়া গাহিয়া গান।
ঙ. ভাববাচক বিশেষ্য গঠনে : সেখানে গিয়ে আর কাজ নেই।
চ. অব্যয় পদের অনুরূপ : ঢাকা গিয়ে বাড়ি যাব।

৩. **'ইতে'> 'তে' বিভক্তি যুক্ত অসমাপিকা ক্রিয়ার ব্যবহার :**
ক. ইচ্ছা প্রকাশে : এখন আমি যেতে চাই।
খ. উদ্দেশ্য বা নিমিত্ত অর্থে : মেলা দেখতে ঢাকা যাব।
গ. সামর্থ্য বোঝাতে : খোকা এখন হাঁটতে পারে।
ঘ. বিধি বোঝাতে : বাল্যকালে বিদ্যাভ্যাস করতে হয়।
ঙ. দেখা বা জানা অর্থে : রমলা গাইতে জানে।
চ. আবশ্যকতা বোঝাতে : এখন ট্রেন ধরতে হবে।
ছ. সূচনা বোঝাতে : রানি এখন ইংরেজি পড়তে শিখেছে।
জ. বিশেষণ বাচকতায় : লোকটাকে দৌড়াতে দেখলাম।
ঝ. ক্রিয়াবাচক বিশেষ্য গঠনে : তোমাকে তো এ গ্রামে থাকতে দেখি নি।
ঞ. অনুসর্গ রূপে : কোন দেশেতে তরুলতা সকল দেশের চাইতে শ্যামল।
ট. বিশেষ্যের সঙ্গে অন্বয় সাধনে : দেখিতে বাসনা মাগো তোমার চরণ।
ঠ. বিশেষণের সঙ্গে অন্বয় সাধনে : পদ্মফুল দেখতে সুন্দর।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

'তে' বিভক্তি যুক্ত ক্রিয়ার দ্বিত্ব প্রয়োগ

ক. নিরন্তরতা প্রকাশে : কাটিতে কাটিতে ধান এল বরষা।
খ. সমকাল বোঝাতে : সেঁউতিতে পদ দেবী রাখিতে রাখিতে।
সেঁউতি হইল সোনা দেখিতে দেখিতে।

টীকা : রীতিসিদ্ধ প্রয়োগের ক্ষেত্রে সমাপিকা ক্রিয়া অনুপস্থিত থেকে অসমাপিকা ক্রিয়ার ব্যবহারে বাক্য গঠিত হতে পারে। যেমন : গরু মেরে জুতা দান। আঙুল ফুলে কলাগাছ।

ক্রিয়াপদের শ্রেণিবিভাগ : কর্মপদের ভূমিকা অনুসারে ক্রিয়াপদকে ৪ ভাগে ভাগ করা যায়। যথা : ১. সকর্মক ক্রিয়া ২. অকর্মক ক্রিয়া ৩. দ্বিকর্মক ক্রিয়া ৪. প্রযোজক ক্রিয়া।

১. **সকর্মক ক্রিয়া :** যে ক্রিয়ার কর্মপদ আছে তা-ই সর্কমক ক্রিয়া। ক্রিয়াকে কী বা কাকে দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা-ই ক্রিয়ার কর্মপদ। কর্মপদযুক্ত ক্রিয়াই সকর্মক ক্রিয়া। যেমন : বাবা আমাকে একটি কলম কিনে দিয়েছেন।
এখানে ক্রিয়াকে 'কী দিয়েছেন' প্রশ্ন করলে উত্তর পাওয়া যায় **কলম (কর্মপদ)** এবং 'কাকে দিয়েছেন' প্রশ্ন করলে উত্তর পাওয়া যায় **আমাকে (কর্মপদ)**। সুতরাং 'দিয়েছেন' ক্রিয়াপদটির কর্মপদ থাকায় এটি সকর্মক ক্রিয়া।

২. **অকর্মক ক্রিয়া :** যে ক্রিয়ার কর্ম নেই বা কর্মপদ গ্রহণ করে না, তা অকর্মক ক্রিয়া। যেমন : মেয়েটি হাসে। সে রোজ এখানে আসে। সে ভালো দৌড়ায়। এখানে 'হাসে', 'আসে', 'দৌড়ায়'- অকর্মক ক্রিয়া, এদের কোনো কর্ম নেই। এসব ক্রিয়াকে অবলম্বন করে 'কী' বা 'কাকে' প্রশ্ন করলে কোনো উত্তর পাওয়া যায় না।
আরো কিছু অকর্মক ক্রিয়া হলো : ডোবা, থামা, নামা, মরা, নাচা, ওঠা, হাটা, বসা, থাকা, ওড়া, বেড়ানো, ঘুমানো, দৌড়ানো, চমকানো ইত্যাদি।

৩. **দ্বিকর্মক ক্রিয়া :** যে ক্রিয়ার দুটো কর্মপদ থাকে এবং তার একটি মুখ্যকর্ম ও অপরটি গৌণকর্ম হলে তাকে দ্বিকর্মক ক্রিয়া বলে। দ্বিকর্মক ক্রিয়ার বস্তুবাচক কর্ম পদটিকে **মুখ্য বা প্রধান কর্ম** এবং ব্যক্তিবাচক কর্ম পদটিকে **গৌণ কর্মপদ** বলে। 'বাবা আমাকে একটি কলম দিয়েছেন'- এ বাক্যে **'কলম' (বস্তু) মুখ্যকর্ম** এবং **'আমাকে' (ব্যক্তি) গৌণ কর্ম**।

৪. **প্রযোজক ক্রিয়া :** যে ক্রিয়া একজনের প্রযোজনা বা চালনায় অন্য কর্তৃক অনুষ্ঠিত হয়, তাকে প্রযোজক ক্রিয়া বলে। প্রযোজক ক্রিয়ার দুটো কর্তা থাকে। যথা : **ক.** প্রযোজক কর্তা **খ.** প্রযোজ্য কর্তা

ক. **প্রযোজক কর্তা :** যে ক্রিয়া প্রযোজনা করে, তাকে প্রযোজক কর্তা বলে। যেমন : সাপুড়ে সাপ খেলায়। এখানে 'সাপুড়ে' প্রযোজক কর্তা এবং 'সাপ' প্রযোজ্য কর্তা।
খ. **প্রযোজ্য কর্তা :** যাকে দিয়ে ক্রিয়াটি অনুষ্ঠিত হয়, তাকে প্রযোজ্য কর্তা বলে। যেমন : মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন। এখানে **'মা'** প্রযোজক কর্তা ও **'শিশু'** প্রযোজ্য কর্তা।

সমধাতুজ কর্ম : বাক্যের ক্রিয়া ও কর্মপদ একই ধাতু থেকে গঠিত হলে ঐ কর্মপদকে সমধাতুজ কর্ম বা ধাত্বর্থক কর্মপদ বলে। যেমন : আর কত খেলা খেলবে। মূল 'খেল' ধাতু থেকে ক্রিয়াপদ 'খেলবে' এবং কর্মপদ 'খেলা' উভয়ই গঠিত হয়েছে তাই, 'খেলা' পদটি সমধাতুজ বা ধাত্বর্থক কর্ম। সমধাতুজ কর্মপদ অকর্মক ক্রিয়াকে সকর্মক করে। যেমন : এমন সুখের **মরণ** কে মরতে পারে? বেশ এক **ঘুম** ঘুমিয়েছি। আর **মায়াকান্না** কেঁদো না গো বাপু। তুমি মণিপুরী **নাচ** নাচবে।

সকর্মক ক্রিয়ার অকর্মক রূপ : প্রয়োগ-বৈশিষ্ট্যে সকর্মক ক্রিয়াও অকর্মক হতে পারে। যেমন :

অকর্মক : আমি চোখে দেখিনে।	**সকর্মক :** আকাশে চাঁদ দেখিনে।
অকর্মক : আমি রাতে খাব না।	**সকর্মক :** আমি রাতে ভাত খাব না।

নামধাতু ও নামধাতুর ক্রিয়া : বিশেষ্য, বিশেষণ এবং ধ্বন্যাত্মক অব্যয়ের পরে 'আ' প্রত্যয়যোগে যেসব ধাতু গঠিত হয়, সেগুলোকে নামধাতু বলা হয়। নামধাতুর সঙ্গে পুরুষ বা কালসূচক ক্রিয়া-বিভক্তি যোগে নামধাতুর ক্রিয়াপদ গঠিত হয়। যেমন :
ক. বেত (বিশেষ্য) + আ (প্রত্যয়) = বেতা (নামধাতু)।
যেমন : শিক্ষক ছাত্রটিকে বেতাচ্ছেন (নামধাতুর ক্রিয়াপদ)।
খ. বাঁক (বিশেষণ) + আ (প্রত্যয়) = বাঁকা (নামধাতু)।
যেমন : কঞ্চিটি বাঁকিয়ে ধর (নামধাতুর ক্রিয়াপদ)।
গ. ধ্বন্যাত্মক অব্যয় : কন কন– দাঁতটি ব্যথায় **কনকনাচ্ছে**। ফোঁস– অজগরটি **ফোঁসাচ্ছে**।

ব্যতিক্রম : আ-প্রত্যয় যুক্ত না হয়েও কয়েকটি নামধাতু বাংলা ভাষায় মৌলিক ধাতুর মতো ব্যবহৃত হয়। যেমন :

ফল- বাগানে বেশ কিছু লিচু **ফলেছে**।	টক- তরকারি বাসি হলে **টকে**।
ছাপা- আমার বন্ধু বইটা **ছেপেছে**।	

ক্রিয়াপদের শ্রেণিবিভাগ : গঠন বৈশিষ্ট্য অনুসারে ক্রিয়াপদকে দু ভাগে ভাগ করা যায়। যথা : **১. একশাব্দিক ক্রিয়া ও ২. বহুশাব্দিক ক্রিয়া।**

১. **একশাব্দিক ক্রিয়া :** এক শব্দের ধাতু দিয়ে গঠিত ক্রিয়াকে একশাব্দিক ক্রিয়া বলে। একশাব্দিক ক্রিয়া নানাভাবে গঠিত হতে পারে।
ক. এক ধ্বনিদল ধাতুর সাহায্যে : যা-, খা-, নে-, দে- ইত্যাদি।
খ. বহু ধ্বনিদল ধাতুর সাহায্যে : খাওয়া-, দেখা-, পড়া-, শোনা- ইত্যাদি।

২. **বহুশাব্দিক ক্রিয়া :** একাধিক শব্দযোগে গঠিত ক্রিয়াকে বহুশাব্দিক ক্রিয়া বলে। বহুশাব্দিক ক্রিয়া দু ধরনের। যথা : **ক. যৌগিক ক্রিয়া ও খ. যুক্ত বা মিশ্র ক্রিয়া।**

ক. **যৌগিক ক্রিয়া :** একটি অসমাপিকা ও একটি সমাপিকা ক্রিয়া একত্রে বসে যে ক্রিয়া গঠিত হয়, তাকে যৌগিক ক্রিয়া বলে। যেমন :
ক. তাগিদ দেওয়া অর্থে : ঘটনাটা **শুনে রাখ**।
খ. নিরন্তরতা অর্থে : তিনি **বলতে লাগলেন**।
গ. কার্যসমাপ্তি অর্থে : ছেলেমেয়েরা **শুয়ে পড়ল**।
ঘ. আকস্মিকতা অর্থে : সাইরেন **বেজে উঠল**।
ঙ. অভ্যস্ততা অর্থে : শিক্ষায় মন সংস্কারমুক্ত **হয়ে থাকে**।
চ. অনুমোদন অর্থে : এখন **যেতে পার**।

বিভিন্ন ধাতুর সাহায্যে যৌগিক ক্রিয়ার গঠন ও বাক্যে প্রয়োগ :

➤ **যা-ধাতু**

ক. সমাপ্তি অর্থে : বৃষ্টি **থেমে গেল**।	গ. অবিরাম অর্থে : গায়ক **গেয়ে যাচ্ছেন**।
খ. ক্রমশ অর্থে : চা **জুড়িয়ে যাচ্ছে**।	ঘ. সম্ভাবনা অর্থে : এখন যাওয়া **যেতে পারে**।

➤ **পড়্-ধাতু**
ক. সমাপ্তি অর্থে : এখন **শুয়ে পড়**।
খ. ব্যাপ্তি অর্থে : কথাটা **ছড়িয়ে পড়েছে**।
গ. আকস্মিকতা অর্থে : এখনই তুফান **এসে পড়বে**।
ঘ. ক্রমশ অর্থে : কেমন যেন মনমরা **হয়ে পড়েছি**।

➤ **দেখ্-ধাতু**

পরীক্ষা অর্থে : লবণটা **চেখে দেখ**।	ফল সম্ভাবনায় : সাহেবকে **বলে দেখ**।
মনোযোগ আকর্ষণে : এ দিকে **চেয়ে দেখ**।	

➤ **আস্-ধাতু**
ক. সম্ভাবনায় : আজ বিকেলে বৃষ্টি **আসতে পারে**।
খ. অভ্যস্ততায় : আমারা এ কাজই **করে আসছি**।
গ. আসন্ন সমাপ্তি অর্থে : ছুটি **ফুরিয়ে আসছে**।
ঘ. নিরাশ অর্থে : ওরা আজ **আসতে পারবে না**।

➤ **দি-ধাতু**
ক. অনুমতি অর্থে : আমাকে **যেতে দাও**।
খ. পূর্ণতা অর্থে : কাজটা শেষ **করে দিলাম**।
গ. সাহায্য প্রার্থনায় : আমাকে অঙ্কটা **বুঝিয়ে দাও**।

➤ **নি-ধাতু**
ক. নির্দেশ জ্ঞাপনে : এ বার কাপড়-চোপড় **গুছিয়ে নাও**।
খ. পরীক্ষা অর্থে : কষ্টি পাথরে সোনাটা **কষে নাও**।

➤ **ফেল্-ধাতু**
ক. সম্পূর্ণতা অর্থে : সন্দেশগুলো **খেয়ে ফেল**।
খ. আকস্মিকতা অর্থে : ছেলেরা **হেসে ফেলল**।
গ. খাওয়া অর্থে : তাড়াতাড়ি **খেয়ে ফেল**।

➤ **উঠ্-ধাতু**
ক. ক্রমান্বয়তা বোঝাতে : ঋণের বোঝা ভারি **হয়ে উঠছে**।
খ. অভ্যাস অর্থে : শুধু শুধু তিনি **রেগে ওঠেন**।
গ. আকস্মিকতা অর্থে : সে হঠাৎ **চেঁচিয়ে উঠল**।
ঘ. সম্ভাবনা অর্থে : আমার আর থাকা **হয়ে উঠল** না।
ঙ. সামর্থ্য অর্থে : এসব কথা আমার সহ্য **হয়ে ওঠে** না।

➤ **লাগ্-ধাতু**
ক. অবিরাম অর্থে : মেয়েটি কাঁদতে লাগল।
খ. সূচনা নির্দেশে : এখন কাজে লাগ তো দেখি।

➤ **থাক্-ধাতু**
ক. নিরন্তরতা অর্থে : এবার **ভাবতে থাক**।
খ. সম্ভাবনায় : তিনি হয়তো **বলে থাকবেন**।
গ. সন্দেহ প্রকাশ : সে-ই কাজটা **করে থাকবে**।
ঘ. নির্দেশে : আর দরকার নেই, এবার **বসে থাক**।

খ. **যুক্ত বা মিশ্র ক্রিয়া :** বিশেষ্য, বিশেষণ, ধ্বন্যাত্মক অব্যয়ের সঙ্গে মৌলিক ধাতু (যেমন : কর্, হ্, দে, পা, ছাড়, ধর্ ইত্যাদি) যুক্ত হয়ে যে ক্রিয়াপদ গঠিত হয়, তাকে মিশ্র ক্রিয়া বলে। যেমন :
ক. বিশেষ্যের উত্তর (পরে) : আমরা তাজমহল **দর্শন করলাম**। এখন **গোল্লায় যাও**।
খ. বিশেষণের উত্তর (পরে) : তোমাকে দেখে বিশেষ **প্রীত হলাম**।
গ. ধ্বন্যাত্মক অব্যয়ের উত্তর (পরে) : মাথা **ঝিম ঝিম করছে**। **ঝম্ ঝম্ করে** বৃষ্টি পড়ছে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
CamScanner

০৫. ক্রিয়া বিশেষণ

⊡ **ক্রিয়াবিশেষণ :** যে বিশেষণ পদ ক্রিয়ার বিশেষ অবস্থা বা ক্রিয়া কীরূপে সম্পন্ন হয়েছে তা জানিয়ে দেয়, তাকে ক্রিয়াবিশেষণ বলে। অর্থাৎ ক্রিয়াবিশেষণ (adverb) বাক্যের ক্রিয়াকে বিশেষিত করে থাকে। এটি ক্রিয়ার গুণ, প্রকৃতি, বৈশিষ্ট্য ও অর্থ প্রকাশক শব্দ হিসেবে কাজ করে এবং ক্রিয়ার সময়, স্থান, প্রকার, উৎস, তীব্রতা, উপকরণ ইত্যাদি প্রকৃতিগত অবস্থার অর্থগত ধারণা দেয় (ক্রিয়াবিশেষণ সাধারণত কর্ম ও ক্রিয়ার পূর্বে বসে)। যেমন : মেয়েটি গুনগুনিয়ে গান গাচ্ছিল। ছেলেটি দ্রুত দৌড়ায়। লোকটি ধীরে হাঁটে।

⊡ অনেক সময়ে বিশেষ্য ও বিশেষণ শব্দের সঙ্গে '-এ', '-তে' ইত্যাদি বিভক্তি এবং '-ভাবে', '-বশত', '-মতো' ইত্যাদি শব্দাংশ যুক্ত হয়ে ক্রিয়াবিশেষণ তৈরি হয়। যেমন - ততক্ষণে, দ্রুতগতিতে, শান্তভাবে, ভ্রান্তিবশত, আচ্ছামতো ইত্যাদি।

☞ ক্রিয়াবিশেষণকে কয়েক ভাগে ভাগ করা যায়। যথা :

০১. ধরনবাচক ক্রিয়াবিশেষণ (adverb of manner) : কোনো ক্রিয়া কীভাবে সম্পন্ন হয়, ধরনবাচক ক্রিয়াবিশেষণ তা নির্দেশ করে। যেমন : টিপ টিপ বৃষ্টি পড়ছে। ঠিকভাবে চললে কেউ কিছু বলবে না। আমরা নির্ভয়ে গুহায় ঢুকলাম।

➤ এ ধরনের ক্রিয়াবিশেষণের রূপতাত্ত্বিক প্রধান বৈশিষ্ট্য হলো এগুলোর বেশিরভাগ গঠিত হয় বিশেষণের সঙ্গে 'ভাবে' বা 'রূপে' শব্দযোগে। যেমন : কাজটা ভালোভাবে সম্পন্ন হয়েছে।

➤ এ ধরনের ক্রিয়াবিশেষণ খুব, অত্যন্ত ইত্যাদি তীব্রক দ্বারা বিশেষিত হতে পারে। যেমন : কাজটা খুব ভালোভাবে সম্পন্ন হয়েছে।
এর আরেকটি প্রচলিত রূপ গঠিত হয় বিশেষণের সঙ্গে 'করে' অসমাপিকা যোগ করে। যেমন : লোকটা হনহন করে হাঁটছে।

০২. কালবাচক ক্রিয়াবিশেষণ (adverb of time) : এই ধরনের ক্রিয়াবিশেষণ ক্রিয়া সম্পাদনের কাল নির্দেশ করে। যেমন : আজকাল ফলের চেয়ে ফুলের দাম বেশি। যথাসময়ে সে হাজির হয়। বাবা এখনি ঘরে ফিরবেন।

০৩. স্থানবাচক ক্রিয়াবিশেষণ : ক্রিয়ার স্থান নির্দেশ করে স্থানবাচক ক্রিয়াবিশেষণ। যেমন : মিছিলটি সামনে এগিয়ে যায়। তাকে কোথাও খুঁজে পাওয়া যাচ্ছে না। বড় চাচা ঢাকায় থাকেন। সাপটা ওখানে লুকিয়েছে। তুমি কবে ঢাকা যাচ্ছ? ছেলেমেয়েরা এধার-ওধার ঘোরাফেরা করছে। ওরা পাহাড়ের কোলে বসতি গড়েছে। লোকটা সাঁকোর ওপরে হাঁটছে।

০৪. নেতিবাচক ক্রিয়াবিশেষণ : না, নি ইত্যাদি দিয়ে ক্রিয়ার নেতিবাচক অবস্থা বোঝায়। এগুলো সাধারণত ক্রিয়ার পরে বসে। যেমন : সে এখন যাবে না। তিনি বেড়াতে যাননি। এমন কথা আমার জানা নেই। আমটা মিষ্টি নয়। তিনি গতকাল ঢাকায় যান নি।

০৫. পদাণু ক্রিয়াবিশেষণ : বাক্যের মধ্যে বিশেষ কোনো ভূমিকা পালন না করলেও 'কি', 'যে', 'বা', 'না', 'তো' প্রভৃতি পদাণু ক্রিয়াবিশেষণ হিসেবে কাজ করে। যেমন : কি : আমি কি যাব? যে : খুব যে বলেছিলেন আসবেন! বা : কখনো বা দেখা হবে। না : একটু ঘুরে আসুন না, ভালো লাগবে। তো : মরি তো মরব।

০৬ সংযোজক ক্রিয়াবিশেষণ (linking adverb) : ক্রিয়াবিশেষণ কখনও কখনও দুটি বাক্যের সংযোগে অংশ নেয়। যেমন : তোমার কথা হয়তো সত্যি, অবশ্য আমি তা মানতে পারছি না। কাজে তার মন নেই, তাছাড়া সে কাজ পারেও না।

☞ **ক্রিয়াবিশেষণের পদ সংগঠন :** গঠন বিবেচনায় ক্রিয়াবিশেষণকে একপদী ও বহুপদী- এই দুই ভাগে ভাগ করা যায়।

ক. একপদী ক্রিয়াবিশেষণ : আস্তে, জোরে, চেঁচিয়ে, সহজে, ভালোভাবে, রেগে, সরবে, সাগ্রহে, অনায়াসে, নির্বিঘ্নে, যথাযথভাবে, শান্তভাবে ইত্যাদি একপদী ক্রিয়াবিশেষণ।
বাক্যে প্রয়োগ : ছেলেটা জোরে চিৎকার করে উঠল।

খ. বহুপদী ক্রিয়াবিশেষণ পদবন্ধ : ভয়ে ভয়ে, চুপি চুপি, আস্তে আস্তে, জোরে জোরে, ঢেকেঢুকে, থেকে থেকে ইত্যাদি বহুপদী ক্রিয়াবিশেষণ।
বাক্যে প্রয়োগ : আমরা ভয়ে ভয়ে এগোচ্ছিলাম।

০৬. যোজক

⊡ **যোজক :** যে পদ একটি বাক্যের সঙ্গে অন্য একটি বাক্যের কিংবা বাক্যের অন্তর্গত একটি পদের সঙ্গে অন্য পদের সংযোজন, বিয়োজন (পৃথককরণ) অথবা সংকোচন ঘটায়, তাকে যোজক বলে। যেমন : ও, এবং, আর, অথবা, তবু, সুতরাং, কারণ, তবে- প্রভৃতি যোজক। যেমন : ফুলদানিটা ভালো করে ধরো, নইলে পড়ে যাবে।

⊡ **যোজকের শ্রেণিবিভাগ :** বৈশিষ্ট্য অনুযায়ী যোজককে নিম্নলিখিত শ্রেণিতে ভাগ করা যায়। যথা :

ক. সাধারণ যোজক : এ ধরনের শব্দশ্রেণি দুটি শব্দ কিংবা বাক্যকল্পকে জুড়ে দেয়। এবং, ও, আর সাধারণ যোজক শব্দ। যেমন : রহিম ও করিম এই কাজটি করেছে। সুখ ও সমৃদ্ধি কে না চায়? জলদি দোকানে যাও এবং পাউরুটি কিনে আনো। আমাদের সমাজ আর ওদের সমাজ একরকম নয়।

খ. বিকল্প যোজক (alternative connectives) : এ ধরনের যোজক একাধিক শব্দ বা বাক্যকল্প বা বাক্যের মধ্যে বিকল্প নির্দেশ করে। যেমন : লাল বা নীল কলমটা আনো। সারাদিন খুঁজলাম, অথচ বইটা পেলাম না। চা না-হয় কফি খান।

গ. বিরোধ যোজক (adversative contrasting connectives) : এ ধরনের যোজক দুটি বাক্যের সংযোগ ঘটিয়ে দ্বিতীয়টির সাহায্যে প্রথম বাক্যের বক্তব্যের সঙ্গে বিরোধ নির্দেশ করে। যেমন : এত পরিশ্রম করলাম, তবু ফল পেলাম না। এত পড়লাম, কিন্তু পরীক্ষায় ভালো করতে পারলাম না। তাকে আসতে বললাম, তবু এল না।

ঘ. কারণবাচক যোজক (causal connectives) : এটি দুটি বাক্যের মধ্যে সংযোগ ঘটায়, যার একটি অন্যটির কারণ। যেমন : জিনিসের দাম বেড়েছে, কারণ চাহিদা বেশি। বসার সময় নেই, তাই যেতে হচ্ছে। যেহেতু ঠান্ডা লেগেছে, তাই আইসক্রিম খাচ্ছি না। এগুলোতে শর্তের অর্থও ফুটে ওঠে। যেমন : তুমি তাড়াতাড়ি রওনা দাও, নইলে ট্রেন ধরতে পারবে না।

ঙ. সাপেক্ষ যোজক (correlative/conditional connectives) : এ ধরনের যোজক একে অন্যের পরিপূরক হয়ে বাক্যে ব্যবহৃত হয়। প্রথাগত ব্যাকরণে এগুলো শর্তবাচক বা সাপেক্ষ বা নিত্যসম্বন্ধীয় অব্যয় নামে পরিচিত। কয়েকটি পরস্পর নির্ভরশীল যুগ্ম শব্দ (যদি.. তবে, যত... তত) পারস্পরিক যোজকরূপে ব্যবহৃত হয়। যেমন : যদি রোদ ওঠে, তবে রওনা দেব। যত পড়ছি, ততই নতুন করে জানছি। যদি তুমি পরিশ্রম করো, তবে ভালো ফল পাবে। যত গর্জে তত বর্ষে না।

০৭. অনুসর্গ

⊡ **অনুসর্গ :** 'অনুসর্গ' শব্দটির 'অনু' অর্থ : পরে বা পশ্চাতে, আর 'সর্গ' মানে সৃষ্টি বা ব্যবহার। যেসব শব্দ কোনো শব্দের পরে বসে শব্দটিকে বাক্যের সঙ্গে সম্পর্কিত করে, সেসব শব্দকে অনুসর্গ বলে। বাংলা ভাষায় এক ধরনের সহায়ক শব্দ বাক্যে অন্য কোনো পদের পরে বসে পদটিকে বাক্যের সঙ্গে সম্পর্কিত করে কিংবা বিভক্তির মতো কাজ করে। এগুলো অনুসর্গ (post position) নামে পরিচিত। পদের পরে ব্যবহৃত হয় বলে এগুলোকে পরসর্গ বা কর্মপ্রবচনীয়ও বলা হয়ে থাকে।
সে কাজ ছাড়া কিছুই বোঝে না।-এই বাক্যে 'ছাড়া' একটি অনুসর্গ।
কোন পর্যন্ত পড়েছ? -এই বাক্যে 'পর্যন্ত' একটি অনুসর্গ।

⊡ কয়েকটি অনুসর্গের উদাহরণ :
অপেক্ষা, অবধি, অভিমুখে, আগে, উপরে, করে, কর্তৃক, কাছে, কারণে, ছাড়া, জন্য, তরে, থেকে, দরুন, দিকে, দিয়ে, দ্বারা, ধরে, নাগাদ, নিচে, পর্যন্ত, পানে, পাশে, পিছনে, প্রতি, বদলে, বনাম, বরাবর, বাইরে, বাদে, বাবদ, বিনা, ব্যতীত, ভিতরে, মতো, মধ্যে, মাঝে, লেগে, সঙ্গে, সম্মুখে, সাথে, সামনে, হতে ইত্যাদি।

⊡ যেসব শব্দের পরে অনুসর্গ বসে, সেসব শব্দের সঙ্গে -'কে' '-র', '-ইত্যাদি বিভক্তিও যুক্ত হতে পারে। যেমন : তোমাকে দিয়ে এ কাজ সম্ভব। সে পরীক্ষার জন্য পড়ছে।

☞ অনুসর্গকে দুই ভাগে ভাগ করা যায়: সাধারণ অনুসর্গ ও ক্রিয়াজাত অনুসর্গ।

⊡ **সাধারণ অনুসর্গ**
যেসব অনুসর্গ ক্রিয়া ছাড়া অন্য শব্দ থেকে তৈরি হয়, সেগুলোকে সাধারণ অনুসর্গ বলে। যেমন:
উপরে : মাথার উপরে নীল আকাশ।
কাছে : কার কাছে গেলে জানা যাবে?
জন্যে : হারানো ঘড়িটার জন্য অনেক কেঁদেছি।
দ্বারা : এমন কাজ তোমার দ্বারা হবে না।
বনাম : আজ বাংলাদেশ বনাম ভারতের খেলা।

⊡ **ক্রিয়াজাত অনুসর্গ**
যেসব অনুসর্গ ক্রিয়াপদ থেকে তৈরি হয়েছে, সেগুলোকে ক্রিয়াজাত অনুসর্গ বলে। যেমন :
করে : ভালো করে খেয়ে নাও।
থেকে : ঢাকা থেকে বরিশাল যেতে পদ্মা নদী পার হতে হয়।
দিয়ে : মন দিয়ে লেখাপড়া করা দরকার।
ধরে : বহুদিন ধরে অপেক্ষা করে আছি।
বলে : সে সঙ্গে যাবে বলে তৈরি হয়ে এসেছে।

CS CamScanner

অনুসর্গের সংজ্ঞা

অনুসর্গের শ্রেণিবিভাগ

অনুসর্গের প্রয়োগ

০৮. আবেগ শব্দ

⊡ **আবেগ শব্দ :** আবেগ (interjection) শব্দের সাহায্যে মনের নানা ভাব বা আবেগকে প্রকাশ করা হয়। যেমন : ছি ছি, আহা, বাহ্, শাবাশ, হায় হায়। প্রথাগত ব্যাকরণে এগুলোকে অনন্বয়ী, মনোভাববাচক বা অন্তর্ভাবাত্মক অব্যয়ও বলা হয়। এ ধরনের শব্দ বাক্যের অন্য শব্দগুলোর সঙ্গে সম্পর্কিত না হয়ে স্বাধীনভাবে বাক্যে ব্যবহৃত হয়ে নানাবিধ ভাব প্রকাশে সাহায্য করে।

➢ **আবেগ শব্দের শ্রেণিবিভাগ :** নিচে বিভিন্ন ধরনের আবেগ শব্দের প্রয়োগ দেখানো হলো :

ক. **সিদ্ধান্ত আবেগ (assertive interjection) :** এ জাতীয় আবেগ শব্দের সাহায্যে অনুমোদন, সম্মতি, সমর্থন ইত্যাদি-ভাব প্রকাশ করা হয়। যেমন : হ্যাঁ, আমাদের জিততেই হবে। হুঁ, যুক্তিটা মন্দ মনে হচ্ছে না। বেশ, তাই হবে। বেশ, তবে যাওয়াই যাক।

খ. **প্রশংসাবাচক আবেগ-শব্দ (appreciative interjection) :** এ ধরনের আবেগ-শব্দ প্রশংসা বা তারিফের মনোভাব প্রকাশে ব্যবহৃত হয়। যেমন : শাবাশ! একটা খেলার মতো খেলা দেখালে। বাহ্! বড় চমৎকার ছবি এঁকেছ তো।

গ. **বিরক্তিসূচক আবেগ-শব্দ (interjection of disgust) :** এ ধরনের আবেগ শব্দ অবজ্ঞা, ঘৃণা, বিরক্তি ইত্যাদি মনোভাব প্রকাশে ব্যবহৃত হয়। যেমন : ছি ছি! তুমি এত নীচ! কী আপদ! লোকটা যে পিছু ছাড়ে না। জ্বালা! তোমাকে নিয়ে আর পারি না!

ঘ. **বিস্ময়সূচক আবেগ-শব্দ (interjection of surprise) :** এ ধরনের আবেগ শব্দ বিস্মিত বা আশ্চর্য হওয়ার ভাব প্রকাশ করে। যেমন : আরে, তুমি আবার কখন এলে! আহ্, কী চমৎকার দৃশ্য!

ঙ. **আতঙ্ক আবেগ শব্দ (interjection of fear or suffering)** এ ধরনের আবেগ শব্দ ভয়, আতঙ্ক, যন্ত্রণা, কাতরতা ইত্যাদি প্রকাশ করে। যেমন : ■ উহ্, কী যন্ত্রণা! ■ আহ্! কী বিপদ। ■ বাপরে বাপ্! কী ভয়ঙ্কর ছিল রাক্ষসটা। ■ উহ্, কী বিপদে পড়া গেল।

চ. **সম্বোধনবাচক আবেগ-শব্দ (vocative interjection) :** এ ধরনের আবেগ-শব্দ সম্বোধন বা আহ্বান করার ক্ষেত্রে ব্যবহৃত হয়। যেমন : হে বন্ধু, তোমাকে অভিনন্দন। 'ওগো, আজ তোরা যাসনে ঘরের বাহিরে। ওরে, তুই কোথায় চললি? ওহে বন্ধুরা, তোমাদের সকলকে স্বাগত জানাই। ওগো, তোরা জয়ধ্বনি কর।

ছ. **করুণাবাচক আবেগ-শব্দ (interjection of pity) :** এ ধরনের আবেগ-শব্দ করুণা, সহানুভূতি ইত্যাদি মনোভাব প্রকাশ করে। যেমন : ■ আহা! বেচারার এত কষ্ট। ■ হায় হায়! ওর এখন কী হবে! ■ হায়! হায়! এখন ওদের কে দেখবে! ■ হায় হায়! বাংলাদেশের ক্রিকেটের এ কী হাল? ■ আহা! এতিম ছেলেটির এখন কী হবে? ■ হায়! আমার কপালে যে কী আছে কে জানে। ■ আহা! ছেলেটির মাথা ট্রেনে কাটা পড়েছে।

জ. **অলংকার আবেগ-শব্দ (figurative interjection) :** এ ধরনের আবেগ-শব্দ বাক্যের অর্থের পরিবর্তন না ঘটিয়ে কোমলতা, মাধুর্য ইত্যাদি বৈশিষ্ট্য এবং সংশয়, অনুরোধ, মিনতি ইত্যাদি মনোভাব প্রকাশের জন্য অলংকার হিসেবে ব্যবহৃত হয়। যেমন : দূর! এ কথা কি বলতে আছে? যাকগে, ওসব কথা বলে লাভ নেই। দুর পাগল! এ কথা কী বলতে আছে। যাকগে, ওসব কথা থাক। মা গো মা! লোকে এমন হাসাতেও পারে!

অধ্যায় সংশ্লিষ্ট সংযোজন : পুরাতন ব্যাকরণ অনুযায়ী অব্যয় পদ

অব্যয় পদ

⊡ **অব্যয় পদ :** ন ব্যয় = অব্যয়। যার ব্যয় বা পরিবর্তন হয় না, অর্থাৎ যা অপরিবর্তনীয় শব্দ তাই অব্যয়। যে পদ সর্বদা অপরিবর্তনীয় থেকে কখনো বাক্যের শোভা বর্ধন করে, কখনো একাধিক পদের, বাক্যাংশের বা বাক্যের সংযোগ বা বিয়োগ সম্বন্ধ ঘটায়, তাকে অব্যয় পদ বলে।

➢ **অব্যয় পদের বৈশিষ্ট্য :**

i. অব্যয় পদের সঙ্গে কোনো বিভক্তিচিহ্ন যুক্ত হয় না।
ii. অব্যয় পদের একবচন বা বহুবচন হয় না।
iii. অব্যয় পদের স্ত্রী ও পুরুষবাচকতা নির্ণয় করা যায় না।

➢ **প্রকার :** বাংলা ভাষায় তিন প্রকার অব্যয় শব্দ রয়েছে। যথা : বাংলা অব্যয় শব্দ, তৎসম অব্যয় শব্দ এবং বিদেশি অব্যয় শব্দ।

১. **বাংলা অব্যয় শব্দ :** আর, আবার, ও, হ্যাঁ, না ইত্যাদি।
২. **বিদেশি অব্যয় শব্দ :** আলবত, বহুত, খুব, শাবাশ, খাসা, মাইরি, মারহাবা ইত্যাদি।
৩. **তৎসম অব্যয় শব্দ :** যদি, যথা, সদা, সহসা, হঠাৎ, অর্থাৎ, দৈবাৎ, বরং, পুনশ্চ, আপাতত, বস্তুত ইত্যাদি। 'এবং' ও 'সুতরাং' তৎসম শব্দ হলেও বাংলায় এগুলোর অর্থ পরিবর্তিত হয়েছে। সংস্কৃতে 'এবং' শব্দের অর্থ এমন, আর 'সুতরাং' অর্থ অত্যন্ত, অবশ্য। কিন্তু এবং = ও (বাংলা), সুতরাং = অতএব (বাংলা)।

➢ **বিবিধ উপায়ে গঠিত অব্যয় শব্দ :**

১. **একাধিক অব্যয় শব্দযোগে :** কদাপি, নতুবা, অতএব, অথবা ইত্যাদি।
২. **আনন্দ বা দুঃখ প্রকাশক একই শব্দের দুইবার প্রয়োগে :** ছি ছি, ধিক্ ধিক্, বেশ বেশ ইত্যাদি।
৩. **দুটি ভিন্ন শব্দযোগে :** মোটকথা, হয়তো, যেহেতু, নইলে ইত্যাদি।
৪. **অনুকার শব্দযোগে :** কুহু কুহু, গুন গুন, ঘেউ ঘেউ, শন শন, ছল ছল, কন কন ইত্যাদি।

➢ **অব্যয়ের প্রকারভেদ :**

অব্যয় পদ প্রধানত চার প্রকার। যথা :

১. সমুচ্চয়ী ২. অনন্বয়ী
৩. অনুসর্গ ৪. অনুকার বা ধ্বন্যাত্মক অব্যয়।



১. **সমুচ্চয়ী অব্যয় :** যে অব্যয় পদ একটি বাক্যের সঙ্গে অন্য একটি বাক্যের অথবা বাক্যস্থিত একটি পদের সঙ্গে অন্য একটি পদের সংযোজন, বিয়োজন বা সংকোচন ঘটায়, তাকে সমুচ্চয়ী অব্যয় বা সম্বন্ধবাচক অব্যয় বলে।

ক. সংযোজক অব্যয়

i. উচ্চপদ ও সামাজিক মর্যাদা সকলেই চায়। এখানে, 'ও' অব্যয়টি বাক্যস্থিত দুটি পদের সংযোজন করছে।
ii. তিনি সৎ, তাই সকলেই তাঁকে শ্রদ্ধা করে। এখানে 'তাই' অব্যয়টি দুটি বাক্যের সংযোজন ঘটাচ্ছে। আর, অধিকন্তু, সুতরাং শব্দগুলোও সংযোজক অব্যয়।

খ. বিয়োজক অব্যয়

i. হাসেম কিংবা কাসেম এর জন্য দায়ী। এখানে 'কিংবা' অব্যয়টি দুটি পদের (হাসেম এবং কাসেমের বিয়োগ সম্বন্ধ ঘটাচ্ছে)।
ii. 'মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন'। এখানে 'কিংবা' অব্যয়টি দুটি বাক্যাংশের বিয়োজক। আমরা চেষ্টা করেছি বটে, কিন্তু কৃতকার্য হতে পারিনি। এখানে 'কিন্তু' অব্যয় দুটি বাক্যের বিয়োজক। বা, অথবা, নতুবা, না হয়, নয়তো শব্দগুলো বিয়োজক অব্যয়।

গ. সংকোচক অব্যয় : তিনি বিদ্বান, অথচ সৎ ব্যক্তি নন। এখানে 'অথচ' অব্যয়টি দুটি বাক্যের মধ্যে ভাবের সংকোচ সাধন করেছে। কিন্তু, বরং শব্দগুলোও সংকোচক অব্যয়।

➢ **অনুগামী সমুচ্চয়ী অব্যয় :** যে, যদি, যদিও, যেন প্রভৃতি কয়েকটি শব্দ সংযোজক অব্যয়ের কাজ করে থাকে বলে এদেরকে অনুগামী সমুচ্চয়ী অব্যয় বলে। যেমন :

১. তিনি এত পরিশ্রম করেন যে তার স্বাস্থ্যভঙ্গ হওয়ার আশঙ্কা আছে।
২. আজ যদি (শর্ত বাচক) পারি, একবার সেখানে যাব।
৩. এভাবে চেষ্টা করবে যেন কৃতকার্য হতে পার।

২. **অনন্বয়ী অব্যয় :** যে সকল অব্যয় বাক্যের অন্য পদের সঙ্গে কোনো সম্বন্ধ না রেখে স্বাধীনভাবে নানাবিধ ভাব প্রকাশে ব্যবহৃত হয়, তাদের অনন্বয়ী অব্যয় বলে। যেমন :

ক. **উচ্ছ্বাস প্রকাশে :** মরি মরি! কী সুন্দর প্রভাতের রূপ।
খ. **স্বীকৃতি বা অস্বীকৃতি জ্ঞাপনে :** হ্যাঁ, আমি যাব। না, আমি যাব না।
গ. **সম্মতি প্রকাশে :** আমি আজ আলবত যাব। নিশ্চয়ই পারব।
ঘ. **অনুমোদনবাচকতায় :** আপনি যখন বলছেন, বেশ তো আমি যাব।
ঙ. **সমর্থনসূচক জবাবে :** আপনি যা জানেন তা তো ঠিকই বটে।
চ. **যন্ত্রণা প্রকাশে :** উঃ! পায়ে বড্ড লেগেছে। নাঃ! এ কষ্ট অসহ্য।
ছ. **ঘৃণা বা বিরক্তি প্রকাশে :** ছি ছি, তুমি এত নীচ। ■ কী আপদ! লোকটা যে পিছু ছাড়ে না।
জ. **সম্বোধনে :** 'ওগো' আজ তোরা যাস নে ঘরের বাহিরে।'
ঝ. **সম্ভাবনায় :** 'সংশয়ে সংকল্প সদা টলে
পাছে লোকে কিছু বলে।'

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

বাক্যালংকার অব্যয় : কয়েকটি অব্যয় শব্দ নিরর্থকভাবে ব্যবহৃত হয়ে বাক্যের শোভাবর্ধন করে, এদের বাক্যালংকার অব্যয় বলে। যেমন : ১. কত না হারানো স্মৃতি জেগে ওঠে মনে। ২. 'হায়রে ভাগ্য, হায়রে লজ্জা, কোথায় সভা, কোথায় সজ্জা।'

অনুসর্গ অব্যয় : যে সকল অব্যয় শব্দ বিশেষ্য ও সর্বনাম পদের বিভক্তির ন্যায় বসে কারকবাচকতা প্রকাশ করে, তাদের অনুসর্গ অব্যয় বলে। যেমন : তাকে দিয়ে হবে না। (দিয়ে অনুসর্গ অব্যয়)। অনুসর্গ অব্যয় 'পদান্বয়ী অব্যয়' নামেও পরিচিত।

প্রকার : অনুসর্গ অব্যয় দুই প্রকার। যথা : ক. বিভক্তিসূচক অব্যয় এবং খ. বিভক্তি রূপে ব্যবহৃত অনুসর্গ।

অনুকার অব্যয় : যে সকল অব্যয় অব্যক্ত রব, শব্দ বা ধ্বনির অনুকরণে গঠিত হয়, তাদের অনুকার বা ধ্বন্যাত্মক অব্যয় বলে। যেমন :

বজ্রের ধ্বনি- কড় কড়	মেঘের গর্জন- গুড় গুড়
বৃষ্টির মুষল শব্দ- ঝম ঝম	সিংহের গর্জন- গর গর
স্রোতের ধ্বনি- কল কল	ঘোড়ার ডাক- চিঁহি চিঁহি
বাতাসের গতি- শন শন	কাকের ডাক- কা কা
শুকনো পাতার শব্দ- মর মর	কোকিলের রব- কুহু কুহু
নূপুরের আওয়াজ- রুম ঝুম	চুড়ির শব্দ- টুং টাং

ⓖ কুল ⓖ গুলো
উ: (ঘ)

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১. অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয় কোনটি? [C-১৫-১৬]
ⓚ বৃন্দ ⓚ কুল
ⓖ বর্গ ⓖ দাম
উ: (ঘ)

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয়

০১. নিচের কোন উদাহরণটি একবচনের সাহায্যে বহুবচনের প্রকাশ? [G ১৭-১৮]
ⓚ পোকার আক্রমণে ফসল বিনষ্ট হয়
ⓚ ওই এক পথই খোলা আছে
ⓖ আমার ইচ্ছাগুলো যদি পূরণ করতে পারতাম
ⓖ চোরেরা পুলিশকে দেখে পালিয়ে গেলো
উ: (ক)

বিএসসি ইন নার্সিং

০১. নিচের কোন বাক্যে বহুবচন ব্যবহৃত না হয়েও বহুবচন বোঝাচ্ছে? [২১-২২]
ⓚ রবীন্দ্র রচনাবলি ত্রিশ খণ্ডে পাওয়া যায়।
ⓚ ছাত্ররা এসে জড়ো হয়েছে।
ⓖ মাঝিরা নৌকা চালায়।
ⓖ সমাজে নারীর ক্ষমতায়ন নিয়ে তিনি গবেষণা করছেন।
উ: (ঘ)

গার্হস্থ্য অর্থনীতি কলেজ

০১. কোন ধরনের শব্দে বচনভেদ হয়? [১৯-২০]
ⓚ সর্বনাম ও অব্যয় ⓚ বিশেষ্য ও বিশেষণ
ⓖ বিশেষ্য ও সর্বনাম ⓖ অব্যয় ও ক্রিয়া
উ: (গ)

০২. কেবল জন্তুর বহুবচনে ব্যবহৃত হয় এমন শব্দ হলো– [১৬-১৭]
ⓚ আবলি ⓚ গণ
ⓖ সকল ⓖ পাল
উ: (ঘ)

SELF TEST MCQ

০১. বচন ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?
ⓚ ধ্বনিতত্ত্বে ⓚ রূপতত্ত্বে
ⓖ বাক্যতত্ত্বে ⓖ অর্থতত্ত্বে

০২. কোনটি বহুবচন প্রকাশক প্রত্যয়?
ⓚ এরা ⓚ এর
ⓖ চেয়ে ⓖ দিয়ে

০৩. 'গণ' কোন ধরনের শব্দের সঙ্গে বসে?
ⓚ প্রাণিবাচক ⓚ উন্নত প্রাণিবাচক
ⓖ অপ্রাণিবাচক ⓖ ইতর প্রাণিবাচক

০৪. 'বর্গ' কোন ধরনের শব্দের সঙ্গে বসে?
ⓚ উন্নত প্রাণিবাচক ⓚ প্রাণিবাচক
ⓖ ইতর প্রাণিবাচক ⓖ অপ্রাণিবাচক

০৫. অনেক সময় বিশেষ্য ও বিশেষণ পদের দ্বিত্ব প্রয়োগে কী সাধিত হয়?
ⓚ লিঙ্গ ⓚ সন্ধি ⓖ বহুবচন ⓖ একবচন

০৬. কোনটি বিশেষ্য পদের একবচন রূপে ব্যবহৃত হয়েছে?
ⓚ বনে বাঘ আছে ⓚ বাগানে ফুল ফুটেছে
ⓖ মানুষ মরণশীল ⓖ আকাশে চাঁদ উঠেছে

০৭. প্রাণিবাচক ও অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত শব্দ কোনটি?
ⓚ বৃন্দ ⓚ আবলি
ⓖ সকল ⓖ গুচ্ছ

০৮. 'বনে বনে ফল পেকেছে' এখানে 'ফল'–
ⓚ একবচন ⓚ বহুবচন
ⓖ উন্নত প্রাণিবাচক ⓖ কোনোটিই নয়

০৯. কোনটি বহুবচনজ্ঞাপক শব্দ নয়?
ⓚ হাসিরাশি ⓚ জগদ্দল
ⓖ বকপাঁতি ⓖ বালুরাশি

১০. 'লাল লাল ফুল'। বাক্যে কী অর্থে দ্বিরুক্তি হয়েছে?
ⓚ একবচন ⓚ বহুবচন
ⓖ শূন্য ⓖ ঈষৎ

১১. 'মালা' প্রত্যয়টির প্রয়োগ কোন শব্দটিতে ঠিক হবে?
ⓚ তরঙ্গ ⓚ বিদ্যালয় ⓖ ছাত্রী ⓖ ছাত্র

১২. কোনটি অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয়?
ⓚ বৃন্দ ⓚ কুল ⓖ বর্গ ⓖ নিকর

১৩. কোন দ্বিরুক্ত শব্দ দুটি বহুবচন সংকেত করে?
ⓚ পাকা পাকা আম ⓚ ছি ছি কি করছ?
ⓖ নরম নরম মাটি ⓖ উড়ু উড়ু মন

১৪. কোন প্রয়োগটি শুদ্ধ?
ⓚ সামান্য লোক ⓚ অনেক লোকেরা
ⓖ অনেক লোকগণ ⓖ অনেক লোকসমূহ

১৫. 'সকল শিক্ষকরা যথাসময়ে উপস্থিত হয়েছেন।' বাক্যটিতে কী ধরনের ভুল আছে?
ⓚ বানান ⓚ পদ
ⓖ বচন ⓖ বিভক্তি

১৬. একাধিক সংখ্যা বোঝাতে যেসব লগ্নক বিশেষ্য বা সর্বনামের পরে যুক্ত হয়, তার নাম–
ⓚ বচন ⓚ যোজক
ⓖ আবেগ ⓖ পদাণু

১৭. নিচের কোনটি একবচন?
ⓚ আমি ⓚ বইগুলি
ⓖ মাঝিরা ⓖ কলমগুলো

১৮. 'মানী' লোকের বেলায় বহুবচনে কী লগ্নক ব্যবহৃত হয়?
ⓚ বৃন্দ ⓚ মালা
ⓖ সব ⓖ রাজি

১৯. নিচের কোন বাক্যে বহুবচন ব্যবহৃত না হয়েও বহুবচন বোঝাচ্ছে?
ⓚ মৌমাছি মৌচাক বানায়।
ⓚ ছাত্ররা এসে জড়ো হয়েছে।
ⓖ এ নিয়ে আমাদের বলার কিছু নেই।
ⓖ হাজার হাজার কৃষক ফুলের চাষ করেন

২০. 'পর্বত' শব্দকে বহুবচন করতে কোন লগ্নকটি ব্যবহৃত হয়?
ⓚ কুল ⓚ সব ⓖ সমূহ ⓖ মালা

OMR

০১.ⓚⓚⓖⓖ	০২.ⓚⓚⓖⓖ	০৩.ⓚⓚⓖⓖ	০৪.ⓚⓚⓖⓖ	০৫.ⓚⓚⓖⓖ
০৬.ⓚⓚⓖⓖ	০৭.ⓚⓚⓖⓖ	০৮.ⓚⓚⓖⓖ	০৯.ⓚⓚⓖⓖ	১০.ⓚⓚⓖⓖ
১১.ⓚⓚⓖⓖ	১২.ⓚⓚⓖⓖ	১৩.ⓚⓚⓖⓖ	১৪.ⓚⓚⓖⓖ	১৫.ⓚⓚⓖⓖ
১৬.ⓚⓚⓖⓖ	১৭.ⓚⓚⓖⓖ	১৮.ⓚⓚⓖⓖ	১৯.ⓚⓚⓖⓖ	২০.ⓚⓚⓖⓖ

Answer

২০.ঘ	১৯.ক	১৮.ক	১৭.ক	১৬.ক	১৫.গ	১৪.ক	১৩.ক	১২.ঘ	১১.ক
১০.খ	০৯.খ	০৮.খ	০৭.গ	০৬.ঘ	০৫.গ	০৪.ঘ	০৩.খ	০২.ক	০১.খ

CamScanner

অধ্যায় ২২ ক্রিয়ার কাল

ক্রিয়ার কাল

নতুন ব্যাকরণ 'বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি' ৯ম-১০ম শ্রেণি অনুযায়ী ক্রিয়ার কাল

- ক্রিয়া সম্পন্ন হওয়ার সময়কে ক্রিয়ার কাল বলে। ক্রিয়ার কাল তিন প্রকার। যথা : বর্তমান কাল, অতীত কাল ও ভবিষ্যৎ কাল।

০১. **বর্তমান কাল** : বর্তমানে যে ক্রিয়া সম্পন্ন হয় তাকে বর্তমান কাল বলে। বর্তমান কাল চার প্রকার : সাধারণ বর্তমান, ঘটমান বর্তমান, পুরাঘটিত বর্তমান এবং অনুজ্ঞা বর্তমান।

- **সাধারণ বর্তমান** : যে ক্রিয়া বর্তমান কালে নিয়মিতভাবে ঘটে, তাকে সাধারণ বর্তমান কাল বলে। যেমন : আমি স্কুলে যাই। সূর্য পূর্ব দিকে ওঠে।
- **ঘটমান বর্তমান** : যে ক্রিয়া বর্তমানে চলছে বোঝায়, তাকে ঘটমান বর্তমান কাল বলে। যেমন : আমি স্কুলে যাচ্ছি। আমাদের পরীক্ষা চলছে।
- **পুরাঘটিত বর্তমান** : এইমাত্র সম্পন্ন ক্রিয়ার কালকে পুরাঘটিত বর্তমান কাল বলে। যেমন : আমি কাজটি করেছি। তারা বাড়িতে ফিরেছে।
- **অনুজ্ঞা বর্তমান** : যে ক্রিয়া দিয়ে বর্তমান কালে বক্তার আদেশ, অনুমতি, অনুরোধ, প্রার্থনা, আহ্বান, আশীর্বাদ, অভিশাপ, উপদেশ, উপেক্ষা ইত্যাদি প্রকাশ করা হয়, তাকে অনুজ্ঞা বর্তমান কাল বলে। যেমন : তাড়াতাড়ি কাজটি করো। সকলের মঙ্গল হোক।

০২. **অতীত কাল** : অতীতে যে ক্রিয়া সম্পন্ন হতো তাকে অতীত কাল বলে। অতীত কাল চার প্রকার : সাধারণ অতীত, ঘটমান অতীত, পুরাঘটিত অতীত এবং নিত্য অতীত।

- **সাধারণ অতীত** : অতীত কালে যে কাজ সম্পন্ন হয়ে গিয়েছে বোঝায়, তাকে সাধারণ অতীত কাল বলে। যেমন : তারা সেখানে বেড়াতে গেল। তখন বাতিটা জ্বলে উঠল।
- **ঘটমান অতীত** : যে ক্রিয়া অতীত কালে চলছিল বোঝায়, তাকে ঘটমান অতীত কাল বলে। যেমন : আমরা তখন বই পড়ছিলাম। তারা মাঠে খেলছিল।
- **পুরাঘটিত অতীত** : অতীতের যে ক্রিয়া বহু পূর্বেই ঘটে গেছে এবং পরে আরো কিছু ঘটনা ঘটেছে, তার কালকে পুরাঘটিত অতীত কাল বলে। যেমন : বৃষ্টি শেষ হওয়ার আগেই আমরা বাড়ি পৌঁছেছিলাম। খবরটা তুমি আমাকে চিঠিতে জানিয়েছিলে।
- **নিত্য অতীত** : অতীত কালে প্রায়ই ঘটতো এমন বোঝালে নিত্য অতীত কাল হয়। যেমন : খুব সকালে ঘুম থেকে উঠতাম। তারা সাগরের তীরে ঝিনুক কুড়াত।

০৩. **ভবিষ্যৎ কাল** : ভবিষ্যতে যে ক্রিয়া সম্পন্ন হবে তাকে ভবিষ্যৎ কাল বলে। ভবিষ্যৎ কাল তিন প্রকার। যথা : সাধারণ ভবিষ্যৎ, ঘটমান ভবিষ্যৎ এবং অনুজ্ঞা ভবিষ্যৎ।

- **সাধারণ ভবিষ্যৎ** : ভবিষ্যৎ কালে যে কাজ সাধারণভাবে সম্পন্ন হবে বোঝায়, তাকে সাধারণ ভবিষ্যৎ কাল বলে। যেমন : আমরা রংপুর যাব। দু-এক দিনের মধ্যে সে আসবে।
- **ঘটমান ভবিষ্যৎ** : যে ক্রিয়া ভবিষ্যৎ কালে চলতে থাকবে বোঝায়, তাকে ঘটমান ভবিষ্যৎ কাল বলে। যেমন : আমাদের কাজ আমরা করতে থাকব। এমন ঘটনা ঘটতেই থাকবে।
- **অনুজ্ঞা ভবিষ্যৎ** : যে ক্রিয়া দিয়ে ভবিষ্যৎ কালের আদেশ, অনুমতি, অনুরোধ, প্রার্থনা, আহ্বান, আশীর্বাদ, উপদেশ, উপেক্ষা ইত্যাদি প্রকাশ করা হয়, তাকে অনুজ্ঞা ভবিষ্যৎ কাল বলে। যেমন : তাড়াতাড়ি কাজটি কোরো। ভালোভাবে পৌঁছে যেয়ো।

- **ক্রিয়ার কালের বিশিষ্ট প্রয়োগ**

অনেক সময়ে ক্রিয়াবিভক্তি যে কালের হয়, ঘটনা সেই কালের হয় না। একে বলে ক্রিয়ার কালের বিশিষ্ট প্রয়োগ। নিচের বাক্য দুটির দিকে তাকানো যাক :

আমি গত বছর পরীক্ষা দিয়েছিলাম। আমি গত বছর পরীক্ষা দিয়েছি। প্রথম বাক্যে ক্রিয়ার কাল অতীত এবং ক্রিয়া ঘটার সময় অতীতের। কিন্তু দ্বিতীয় বাক্যে ক্রিয়ার কাল বর্তমান কালের এবং ক্রিয়া ঘটার সময় অতীতের। দ্বিতীয় বাক্যটি কালের বিশিষ্ট প্রয়োগের নমুনা।

- **সাধারণ বর্তমান কালের ক্রিয়ার বিশিষ্ট প্রয়োগ :**

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ১৮৯১ সালে মৃত্যুবরণ করেন। (ঘটনা অতীতের; কিন্তু ক্রিয়ার কাল বর্তমান।) সবাই যেন সভায় হাজির থাকে। (ঘটনা ভবিষ্যতের; কিন্তু ক্রিয়ার কাল বর্তমান।)

- **ঘটমান বর্তমান কালের ক্রিয়ার বিশিষ্ট প্রয়োগ :**

আগামী মাসে আমরা সিলেট যাচ্ছি। (ঘটনা ভবিষ্যতের; কিন্তু ক্রিয়ার কাল বর্তমান।)

- **সাধারণ অতীত কালের ক্রিয়ার বিশিষ্ট প্রয়োগ :**

শিকারি পাখিটিকে এইমাত্র গুলি করল। (ঘটনা পুরাঘটিত বর্তমানের; কিন্তু ক্রিয়ার কাল অতীত।) যদি বৃষ্টি হতো, সবাই মিলে খিচুড়ি খেতাম। (ঘটনা ভবিষ্যতের; কিন্তু ক্রিয়ার কাল অতীত।)

- **সাধারণ ভবিষ্যৎ কালের ক্রিয়ার বিশিষ্ট প্রয়োগ :**

তোমরা হয়ত ছয় দফার কথা শুনে থাকবে। (ঘটনা অতীতের; কিন্তু কাল ভবিষ্যৎ।)

পুরাতন ব্যাকরণ 'বাংলা ভাষার ব্যাকরণ' ৯ম-১০ম শ্রেণি অনুযায়ী ক্রিয়ার কাল

কাল, পুরুষ ও কালের প্রকারভেদ

- **কাল** : ক্রিয়া সংঘটনের সময়কে ক্রিয়ার কাল বলে। যেমন : ১. আমরা বই পড়ি। (পড়ি- বর্তমান কাল)।
- **ক্রিয়াপদ** : ক্রিয়ামূল অর্থাৎ ধাতুর সঙ্গে কাল সময় ও পুরুষ জ্ঞাপক (ক্রিয়া) বিভক্তিযোগে ক্রিয়াপদ গঠিত হয়। যেমন :

ক. পুরুষভেদে ক্রিয়ার রূপের পার্থক্য দেখা যায়। যেমন : আমি যাই। তুমি যাও। আপনি যান। সে যায়। তিনি যান।
[সাধারণ ভবিষ্যৎ কালে নাম পুরুষ ও মধ্যম পুরুষের ক্রিয়ার রূপ অভিন্ন।]

খ. বচনভেদে ক্রিয়ার রূপের কোনো পার্থক্য হয় না। যেমন : আমি (বা আমরা) যাই। তুমি (বা তোমরা) যাও। আপনি (বা আপনারা যান)। সে (বা তারা) যায়। তিনি (বা তাঁরা) যান।

গ. সাধারণ, সম্ভ্রমাত্মক, তুচ্ছার্থকভেদে মধ্যম ও নাম পুরুষের ক্রিয়ার রূপের পার্থক্য হয়ে থাকে (উত্তম পুরুষে হয় না)। যেমন :

পুরুষ	সাধারণ	সম্ভ্রমাত্মক	তুচ্ছার্থক/ ঘনিষ্ঠার্থক
উত্তম পুরুষ	আমি যাই	–	–
মধ্যম পুরুষ	তুমি যাও, তোমরা যাও।	আপনি যান, আপনারা যান।	তুই যা, তোরা যা।
নাম পুরুষ	সে যায়, তারা যায়।	তিনি যান, তাঁরা যান।	এটা যায়, এগুলো যায়।

- **কালের প্রকারভেদ** : ক্রিয়ার কাল প্রধানত তিন প্রকার। যথা :
১. বর্তমান কাল ২. অতীত কাল ও ৩. ভবিষ্যৎ কাল

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

বর্তমান কাল ও এর বিশিষ্ট প্রয়োগ

বর্তমান কাল : ক্রিয়া যে রূপে এখন হচ্ছে, হয় বা চিরকাল হয়ে থাকে, এমন বোঝাতে বর্তমান কাল হয়। যেমন : আমি গান গাই।

প্রকারভেদ : বর্তমান কাল তিন প্রকার। যথা :

ক. সাধারণ বর্তমান বা নিত্যবৃত্ত বর্তমান

খ. ঘটমান বর্তমান ও

গ. পুরাঘটিত বর্তমান

ক. **সাধারণ বর্তমান কাল :** যে ক্রিয়া বর্তমানে সাধারণভাবে ঘটে, তার কালকে সাধারণ বর্তমান কাল বলে। যেমন : আমি বাড়ি যাই।

> **সাধারণ বর্তমান কালের বিশিষ্ট প্রয়োগ :**

১. অনুমতি প্রার্থনায় (ভবিষ্যৎ কালের অর্থে) : এখন তবে আসি।

২. প্রাচীন লেখকের উদ্ধৃতি দিতে (অতীত কালের অর্থে) : চণ্ডীদাস বলেন, 'সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই।'

৩. বর্ণিত বিষয় প্রত্যক্ষীভূত করতে (অতীতের স্থলে) : আমি দেখেছি, বাঙালি [illegible] হাতে কাঁদে।

৪. 'নি', 'নাই' বা 'নি' শব্দযোগে অতীত কালের ক্রিয়ায় : তিনি গতকাল হাটে যাননি।

নিত্যবৃত্ত বর্তমান কাল : স্বাভাবিকতা বা অভ্যস্ততা বোঝালে সাধারণ বর্তমান কালের স্থলে নিত্যবৃত্ত বর্তমান কাল বলে। যেমন : সন্ধ্যায় সূর্য অস্ত যায় (স্বাভাবিকতা)। আমি রোজ সকালে বেড়াতে যাই (অভ্যস্ততা)।

> **নিত্যবৃত্ত বর্তমান কালের বিশিষ্ট প্রয়োগ :**

১. **চিরন্তন সত্য প্রকাশে :** চার আর তিনে সাত হয়। ভোরে সূর্য উদিত হয়। বর্ষাকালে বৃষ্টিপাত হয়।

২. **ঐতিহাসিক বর্তমান :** অতীতের কোনো ঐতিহাসিক ঘটনায় যদি নিত্য বর্তমান কালের প্রয়োগ হয়, তাহলে তাকে ঐতিহাসিক বর্তমান কাল বলে। যেমন : বাবরের মৃত্যুর পর হুমায়ুন দিল্লির সিংহাসনে আরোহণ করেন। ১৭৫৭ সালে পলাশির যুদ্ধ হয়।

৩. **কাব্যের ভণিতায় :** মহাভারতের কথা অমৃত সমান।
কাশীরাম দাস ভনে শুনে পুণ্যবান।

৪. **অনিশ্চয়তা প্রকাশে :** কে জানে দেশে আবার সুদিন আসবে কি না।

৫. যদি, যখন, যেন প্রভৃতি শব্দের প্রয়োগে অতীত ও ভবিষ্যৎ কাল জ্ঞাপনের জন্য সাধারণ বর্তমান কালের ব্যবহার হয়। যেমন :

অতীত কালের অর্থে :

i. তিনি যখন ঘরে ঢোকেন, তখন সবাই দাঁড়িয়ে গেলাম।

ii. বিপদ যখন আসে, তখন এমনি করেই আসে।

ভবিষ্যৎ কালের অর্থে :

i. সকল সদস্যই যেন সভায় উপস্থিত থাকে।

ii. তিনি যদি আসেন, তবে আমার কী হবে?

খ. **ঘটমান বর্তমান কাল :** যে কাজ শেষ হয়নি, এখনও চলছে, সে কাজ বোঝাবার জন্য ঘটমান বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন : মীরা বই পড়ছে।

> **ঘটমান বর্তমান কালের বিশিষ্ট প্রয়োগ :**

১. বক্তার প্রত্যক্ষ উক্তিতে ঘটমান বর্তমান কাল ব্যবহৃত হয়। যথা : বক্তা বললেন, 'শত্রুর অত্যাচারে দেশ আজ বিপন্ন, ধন-সম্পদ লুণ্ঠিত **হচ্ছে**, দিকে দিকে আগুন **জ্বলছে**।'

২. ভবিষ্যৎ সম্ভাবনা অর্থে : চিন্তা করো না, কালই **আসছি**।

৩. ভবিষ্যৎ সম্ভাবনা অর্থে ঘটমান বর্তমান কাল হয়। উদাহরণ- লোকটি অনবরত ডাকছে, তবু কেউ তার কাছে ছুটে এলো না। - আমরা আগামীকাল ঢাকা যাচ্ছি ('যাব' অর্থে)। দাঁড়াও, আসছি ('এখনই আসব' অর্থে)।

গ. **পুরাঘটিত বর্তমান কাল :** ক্রিয়া পূর্বে শেষ হলেও তার ফল এখনও বর্তমান থাকলে, পুরাঘটিত বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন : এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ **হয়েছি**। এতক্ষণ আমি অঙ্ক করেছি। সে পুরস্কার পেয়েছে। সে স্কুলে গিয়েছে।

> **পুরাঘটিত বর্তমান কালের বিশিষ্ট ব্যবহার :**

১. সাধারণ ভবিষ্যৎ সময় বোঝাতে : সেও এসেছে ('আসবে' অর্থে), আর আমারও যাওয়া হয়েছে ('যাব' অর্থে)।

২. অতীত সময় বোঝাতে :
i. দশ বছর হলো তার বাবা মারা **গেছেন**। ii. গত মাসে তাকে **দেখেছি**।

অতীত কাল ও এর বিশিষ্ট প্রয়োগ

অতীত কাল : যে ক্রিয়া আগে ঘটে গেছে, তার কালকে অতীত কাল বলে। যেমন : আমি গিয়েছিলাম। বৃষ্টি আরম্ভ হলো। পুলিশ ডাকাতকে গুলি করল। সে স্কুলে গেল। **শুনলাম** পরীক্ষা পিছিয়ে যাবে। এখন **বুঝলাম**, তুমি চাঁদা দেবে না।

প্রকারভেদ : অতীত কাল চার প্রকার। যথা :

ক. সাধারণ অতীত

খ. নিত্যবৃত্ত অতীত

গ. ঘটমান অতীত

ঘ. পুরাঘটিত অতীত

ক. **সাধারণ অতীত কাল :** বর্তমান কালের পূর্বে যে ক্রিয়া সম্পন্ন হয়ে গিয়েছে, তার সংঘটন কালই সাধারণ অতীত কাল। যেমন : প্রদীপ নিভে **গেল**। শিকারি পাখিটিকে গুলি **করল**।

> **সাধারণ অতীতের বিশিষ্ট ব্যবহার :**

১. পুরাঘটিত বর্তমান স্থলে : 'এক্ষণে **জানিলাম**, কুসুমে কীট আছে।'

২. বিশেষ ইচ্ছা অর্থে বর্তমান কালের পরিবর্তে : তোমরা যা খুশি কর, আমি বিদায় **হলাম**।

খ. **নিত্যবৃত্ত অতীত :** অতীত কালে যে ক্রিয়া সাধারণত অভ্যস্ততা অর্থে ব্যবহৃত হয়, তাকে নিত্যবৃত্ত অতীত কাল বলে। যেমন : আমরা তখন রোজ সকালে নদীর তীরে ভ্রমণ **করতাম**। তিনি প্রত্যহ অফিসে **যেতেন**। বাবা যদি আসতেন, তবে ভালোই হত।

> **নিত্যবৃত্ত অতীতের বিশিষ্ট ব্যবহার :**

১. **কামনা প্রকাশে :** আজ যদি সুমন **আসত**, কেমন মজা **হতো**।

২. **অসম্ভব কল্পনায় :** i. "আমি যদি জন্ম **নিতেম** কালিদাসের কালে,
দৈবে **হতেম** দশম রত্ন নবরত্নের মালে।"
ii. সাতাশ **হতো** যদি একুশ সাতাশ!
iii. শৈশবের দিনগুলি যদি ফিরে **আসত**!
iv. আমি যদি রাজা হতাম।।
v. আমি যদি পাখির মতো উড়তে পারতাম।

৩. **সম্ভাবনা প্রকাশে :** তুমি যদি যেতে, তবে ভালই **হতো**।

গ. **ঘটমান অতীত কাল :** অতীত কালে যে কাজ চলছিল এবং যে সময়ের কথা বলা হয়েছে, তখনও কাজটি সমাপ্ত হয়নি, ক্রিয়া সংঘটনের এরূপ ভাব বোঝালে **ক্রিয়ার ঘটমান অতীত** কাল হয়। যেমন : কাল সন্ধ্যায় বৃষ্টি **পড়ছিল**। আমরা তখন বই **পড়ছিলাম**।

ঘ. **পুরাঘটিত অতীত কাল :** যে ক্রিয়া অতীতের বহু পূর্বেই সংঘটিত হয়ে গিয়েছে এবং যার পরে আরও কিছু ঘটনা ঘটে গেছে, তার কালকে **পুরাঘটিত অতীত কাল বলা হয়**। যেমন : সেবার তাকে সুস্থই **দেখেছিলাম**। কাজটি কি তুমি **করেছিলে?**

> **পুরাঘটিত অতীত কালের বিশিষ্ট প্রয়োগ :**

১. **অতীতে সংঘটিত ঘটনার নিশ্চিত বর্ণনায় :** পানিপথের তৃতীয় যুদ্ধে এক লক্ষ সৈন্য মারা **গিয়েছিল**। আমি সমিতিতে সেদিন পাঁচ টাকা নগদ **দিয়েছিলাম**।

২. অতীতে সংঘটিত ক্রিয়ার পরম্পরা বোঝাতে শেষ ক্রিয়াপদে **পুরাঘটিত অতীত** কালের প্রয়োগ হয়। যেমন : বৃষ্টি শেষ হওয়ার পূর্বেই আমরা বাড়ি **পৌঁছেছিলাম**।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

ভবিষ্যৎ কাল ও এর বিশিষ্ট প্রয়োগ

- **ভবিষ্যৎ কাল :** যে ক্রিয়া ভবিষ্যতে ঘটবে, তার কালকে ভবিষ্যৎ কাল বলে। যেমন : আমি **যাব।**
- **প্রকারভেদ :** ভবিষ্যৎ কাল তিন প্রকার। যথা : ক. সাধারণ ভবিষ্যৎ খ. ঘটমান ভবিষ্যৎ ও গ. পুরাঘটিত ভবিষ্যৎ

ক. সাধারণ ভবিষ্যৎ কাল : যে ক্রিয়া এখনও ঘটেনি, ভবিষ্যতে ঘটবে এমন বোঝালে, তাকে সাধারণ ভবিষ্যৎ কাল বলে। যেমন : আমি কি গাহিব গান (রজনীকান্ত সেন)। শীঘ্রই বৃষ্টি আসবে।

➤ **সাধারণ ভবিষ্যৎ কালের বিশিষ্ট প্রয়োগ :**

১. **আক্ষেপ প্রকাশে :** আক্ষেপ প্রকাশে অতীতের স্থলে ভবিষ্যৎ কাল ব্যবহার হয়। যেমন : কে জানত, আমার ভাগ্য এমন **হবে?** সেদিন কে জানত যে ইউরোপে আবার মহাযুদ্ধের ভেরি **বাজবে?**

২. **সন্দেহ প্রকাশে :** অতীত কালের ঘটনা সম্পর্কিত যে ক্রিয়াপদে সন্দেহের ভাব বর্তমান থাকে, তার বর্ণনায় সাধারণ ভবিষ্যৎ কালের ব্যবহার হয়। যেমন : ভাবলাম, তিনি এখন বাড়ি গিয়ে **থাকবেন।** তোমারা হয়তো 'বিশ্বনবি' পড়ে **থাকবে।**

৩. **অনুজ্ঞা ভাব প্রকাশে :** আপনি যাবেন।

খ. ঘটমান ভবিষ্যৎ কাল : যে ক্রিয়া ভবিষ্যতে আরম্ভ হয়ে চলতে থাকবে এমন বোঝায়, তাকে ঘটমান ভবিষ্যৎ কাল বলে। যেমন : তিনি ক্লাসে পড়াতে **থাকবেন।** আমি কাজটি করতে **থাকব।**

➤ **ঘটমান ভবিষ্যৎ কালের ক্রিয়ার রূপ ও প্রয়োগ :**

১. **নাম পুরুষ সাধারণ :** -ইতে থাকিবে/-তে থাকবে। (করিতে থাকিবে/করতে থাকবে)।

২. **নাম পুরুষ ও মধ্যম পুরুষ :** -ইতে থাকিবেন/-তে থাকবেন। (করিতে থাকিবেন/করতে থাকবেন)। (সম্ভ্রমাত্মক)

৩. **মধ্যম পুরুষ সাধারণ :** -ইতে থাকিবে/-তে থাকবে। (করিতে থাকিবে/করতে থাকবে)।

৪. **মধ্যম পুরুষ তুচ্ছার্থক :** -ইতে থাকিবে/-তে থাকবি। (করিতে থাকিবি/করতে থাকবি)।

৫. **উত্তম পুরুষ :** -ইতে থাকিব/-তে থাকব। (করিতে থাকিব/করতে থাকব)।

গ. পুরাঘটিত ভবিষ্যৎ কাল : ধাতুর সঙ্গে বিভক্তি যুক্ত করে অতীতে বা বর্তমানে কোনো কাজ হয়েছে, এরূপ সন্দেহ বোঝালে ক্রিয়ার পুরাঘটিত ভবিষ্যৎ কাল হয়। ক্রিয়ার রূপটি ভবিষ্যৎবাচক হলেও, অর্থে অতীতকে বোঝায় এবং সন্দেহের ভাবটি বর্তমান থাকে। এজন্য এ কালকে সন্দিগ্ধ অতীত কালও বলে। যেমন : হয়তো কোথাও তোমাকে দেখে থাকবে, তুমি ছাড়া আর কে গিয়ে থাকবে? আমি কাজটি করে **থাকব।**

➤ **পুরাঘটিত ভবিষ্যৎ কালের ক্রিয়ার রূপ ও প্রয়োগ :**

১. **ক্রিয়ার রূপ :** পুরাঘটিত ভবিষ্যৎ কালের অর্থ প্রকাশের জন্য মূল ধাতুর সঙ্গে অসমাপিকা ক্রিয়া বিভক্তি -ইয়া/এ যোগ করে এবং থাক্ ও গম্ ধাতুর সঙ্গে সাধারণ ভবিষ্যতের ক্রিয়া-বিভক্তি যুক্ত করে যৌগিক ক্রিয়াপদ তৈরি হয়। যেমন : গিয়ে থাকব/যাইয়া থাকিব।

২. **প্রয়োগ :**

i. পুরাঘটিত ভবিষ্যতের কালরূপ কখনো কখনো বর্তমান সময় নির্দেশ করে। যেমন : এতক্ষণে সে হয়তো পৌঁছে **থাকবে।**

ii. পুরাঘটিত ভবিষ্যতের কালরূপ সম্ভাব্য অতীত কাল নির্দেশেও সহায়ক। যেমন : কাপটা সম্ভবত নাসিমাই **ভেঙে থাকবে।** তিনিই সম্ভবত একথা **বলে থাকবেন।** এখানে একটু সংশয়ের ভাব আছে, কাজেই পুরাঘটিত ভবিষ্যতের তাত্ত্বিক বৈধতা স্পষ্ট নয়।

লিখিত অংশ : অনুশীলনমূলক কাজ

০১. বাংলা ক্রিয়াপদে বর্তমান কালের বিভিন্ন রূপের পরিচয় দাও।

উত্তর : সাধারণত বর্তমান কালে করি, কর, করিস, করেন, যাই, যাও, যান, পড়, পড়ি, পড়েন, খাওয়া, ঘুমাও, ঘুমানো ইত্যাদি ক্রিয়াপদ ব্যবহৃত হয়। যেমন : হারুন বই পড়ে।

০২. উদাহরণসহ নিত্যবৃত্ত বর্তমান কালের বিভিন্ন রূপের বিশিষ্ট প্রয়োগ দেখাও।

উত্তর : আলোচনা অংশ দ্রষ্টব্য।

০৩. নিত্যবৃত্ত বর্তমান ও নিত্যবৃত্ত অতীত কালের দুটি করে উদাহরণ দাও।

উত্তর : নিত্যবৃত্ত বর্তমান ও নিত্যবৃত্ত অতীত কালের দুটি করে উদাহরণ নিম্নরূপ :

নিত্যবৃত্ত বর্তমান	
১. সন্ধ্যায় সূর্য অস্ত যায়।	২. আমি রোজ বিকালে হাঁটতে যাই।
নিত্যবৃত্ত অতীত	
১. আমরা সকল সাতটায় হাঁটতে যেতাম।	২. প্রতিদিন বিকালে শহিদ মিনারে আড্ডা দিতাম।

০৪. উদাহরণসহ অতীত কালের বিভিন্ন রূপের বিশিষ্ট প্রয়োগ দেখাও।

উত্তর : আলোচনা অংশ দ্রষ্টব্য।

০৫. উদাহরণসহ ভবিষ্যৎ কালের বিভিন্ন রূপের বিশিষ্ট প্রয়োগ দেখাও।

উত্তর : আলোচনা অংশ দ্রষ্টব্য।

০৬. উদাহরণসহ পক্ষ ও কালভেদে ক্রিয়ার রূপের পরিবর্তন দেখাও।

উত্তর : বাক্যে ব্যবহারের সময় পক্ষ ও কালভেদে ক্রিয়ার রূপের পরিবর্তন হয়। যেমন :

বর্তমান কাল		
পক্ষ	পুরুষ	ক্রিয়া
বক্তাপক্ষ	উত্তম পুরুষে	করি
শ্রোতাপক্ষ	মধ্যম পুরুষ	কর
অন্যপক্ষ	নামপক্ষ	করে
অতীত কাল		
বক্তাপক্ষ	উত্তম পুরুষে	করেছিলাম
শ্রোতাপক্ষ	মধ্যম পুরুষে	করেছিলেন
অন্যপক্ষ	নামপক্ষ	করেছিল
ভবিষ্যৎ কাল		
বক্তাপক্ষ	উত্তম পুরুষে	করব
শ্রোতাপক্ষ	মধ্যম পুরুষে	করবে
অন্যপক্ষ	নামপক্ষ	করবে

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. যেখানে আমরা বলি 'চমৎকার' সেখানে তিনি বলেন 'চলনসই' বাক্যটি কোন কালের? [কলা, আইন ও সামাজিক : ২৩-২৪]

ক নিত্যবৃত্ত অতীত খ সাধারণ বর্তমান
গ পুরাঘটিত বর্তমান ঘ পুরাঘটিত ভবিষ্যৎ উ খ

০২. 'কাল থেকে পড়া শুরু কর' এটি কোন কালের বিশিষ্ট প্রয়োগ? [ক ১৮-১৯]

ক ঘটমান ভবিষ্যৎ কাল খ পুরাঘটিত ভবিষ্যৎ
গ পুরাঘটিত অতীত ঘ ঘটমান বর্তমান উ ঘ

০৩. 'এবার আমি পরীক্ষায় ভালো করেছি' কোন কালের উদাহরণ? [ঘ ১৭-১৮]

ক সাধারণ অতীত খ পুরাঘটিত অতীত
গ পুরাঘটিত বর্তমান ঘ ঘটমান বর্তমান উ গ

০৪. 'আজ যদি বাবা আসতেন, কেমন মজা হতো।' বাক্যটিতে কোন কালের বিশিষ্ট প্রয়োগ ঘটেছে? [ক ১৪-১৫]

ক নিত্যবৃত্ত অতীত খ পুরাঘটিত অতীত
গ নিত্যবৃত্ত ভবিষ্যৎ ঘ ঘটমান ভবিষ্যৎ উ ক

০৫. 'কথাটি বলে থাকব কিন্তু মনে পড়ছে না।' [খ ১৪-১৫]

ক নিত্যবৃত্ত বর্তমান খ ঘটমান ভবিষ্যৎ
গ পুরাঘটিত ভবিষ্যৎ ঘ সাধারণ ভবিষ্যৎ উ গ

০৬. অতীতের অভ্যাসজনিত কার্য বোঝাতে কোন কাল ব্যবহৃত হয়? [ক ১৫-১৬]

ক সাধারণ অতীতকাল খ নিত্যবৃত্ত অতীতকাল
গ ঘটমান অতীতকাল ঘ পুরাঘটিত অতীতকাল উ খ

CamScanner

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

০১. বক্তা বললেন, 'শত্রুর অত্যাচারে দেশ আজ বিপন্ন।' বাক্যটি কোন কালের উদাহরণ? [ঘ ১৭-১৮]
ক সাধারণ বর্তমান খ ঘটমান বর্তমান গ পুরাঘটিত বর্তমান ঘ ঘটমান অতীত উ: খ

০২. কোনটি নিত্যবৃত্ত অতীত? [গ ০৬-০৭]
ক পড়ালাম খ পড়িয়েছিলাম গ পড়াতাম ঘ পড়াচ্ছিলাম উ: গ

০৩. পুরাঘটিত ভবিষ্যৎ কালের দৃষ্টান্ত— [ক ০৮-০৯]
ক তুমি খাবে খ তুমি খেতে থাকবে গ তুমি খেয়ো ঘ তুমি খেয়ে থাকবে উ: ঘ

০৪. 'তুমি যদি যেতে, তবে ভালো হতো।' কোন কালের উদাহরণ? ['গ'০৯-১০]
ক নিত্যবৃত্ত অতীত খ পুরাঘটিত অতীত
গ পুরাঘটিত বর্তমান ঘ সাধারণ ভবিষ্যৎ উ: ক

০৫. উত্তম পুরুষের উদাহরণ কোনটি? [A, সেট ১ : ১৪-১৫]
ক তোমরা খ আমরা গ আপনি ঘ এরা উ: খ

০৬. মধ্যম পুরুষের উদাহরণ কোনটি? [A, সেট ২ : ১৪-১৫]
ক তোমরা খ আমরা গ আপনি ঘ তারা উ: ক

Note : উপস্থিত ব্যক্তিকে সম্বোধন করে যে সর্বনাম ব্যবহৃত হয় তাকে মধ্যম পুরুষ বলে। যেমন : তুমি, তোমরা, আপনি, আপনারা। উল্লেখ্য, 'আমরা'– উত্তম পুরুষ এবং 'তারা'– প্রথম/নাম পুরুষ।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

০১. 'পাতিস নে শিলাতলে পদ্মপাতা' বাক্যটি কোন কালের উদাহরণ? [E ১৮-১৯]
ক বর্তমান খ বর্তমান অনুজ্ঞা গ ঘটমান ভবিষ্যৎ ঘ ভবিষ্যৎ অনুজ্ঞা উ: ক

০২. কোনটি ক্রিয়ার কাল নয়? [C ১৭-১৮]
ক পুরাঘটিত অতীত খ পুরাঘটিত বর্তমান
গ পুরাঘটিত অনুজ্ঞা ঘ পুরাঘটিত ভবিষ্যৎ উ: গ

০৩. কোনটি ক্রিয়ার কাল নয়? [C ১৭-১৮]
ক সাধারণ অতীত খ সাধারণ ভবিষ্যৎ
গ সাধারণ বর্তমান ঘ নিত্যবৃত্ত ভবিষ্যৎ উ: ঘ

০৪. কোনটি ক্রিয়ার কাল নয়? [C ১৭-১৮]
ক সাধারণ ভবিষ্যৎ খ ঘটমান ভবিষ্যৎ গ পুরাঘটিত ভবিষ্যৎ ঘ ভূত ভবিষ্যৎ উ: ঘ

রাজশাহী বিশ্ববিদ্যালয়

০১. নিত্যবৃত্ত অতীত কোনটি? [C : ২৩-২৪]
ক করিল খ করিত গ করিতেছি ঘ করিয়াছিল উ: খ

০২. 'বুকের রক্তে লিখেছি একটি নাম, বাংলাদেশ'। বাক্যটি কোন কালের উদাহরণ? [A ২২-২৩]
ক সাধারণ বর্তমান খ পুরাঘটিত অতীত
গ সাধারণ অতীত ঘ পুরাঘটিত বর্তমান উ: ঘ

০৩. ক্রিয়া সংঘটনের সময়কে বলে? [B ১৮-১৯]
ক কাল খ পদ গ পুরুষ ঘ সমাস উ: ক

০৪. 'কে জানত আমার ভাগ্যে এমন হবে' এ বাক্যটি কোন কালের উদাহরণ? [০৮-০৯]
ক ঘটমান বর্তমান খ সাধারণ বর্তমান গ পুরাঘটিত বর্তমান ঘ সাধারণ ভবিষ্যৎ উ: ঘ

০৫. 'তুমি যদি হতে বনফুল- কী ভালোই না লাগতো' বাক্যটি হলো– [E ১৩-১৪]
ক সাধারণ অতীত কালের খ পুরাঘটিত বর্তমান কালের
গ নিত্যবৃত্ত অতীত কালের ঘ সাধারণ ভবিষ্যত কালের উ: গ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

০১. যে কালে অনুজ্ঞার রূপ নেই– [D1 : ২৩-২৪]
ক অতীত খ বর্তমান গ ভবিষ্যৎ ঘ ঘটমান বর্তমান উ: ক

০২. 'দাঁড়াও, বৃষ্টি শেষ হতে না হতেই আমি চলে আসছি' বাক্যটি কোন কালের উদাহরণ? [B1 : ২১-২২]
ক ভবিষ্যৎ খ বর্তমান গ নিত্যবৃত্ত অতীত ঘ ঘটমান বর্তমান উ: ঘ

০৩. 'বর্ষাকালে বৃষ্টিপাত হয়' কোন কালের উদাহরণ? [খ ১১-১২]
ক নিত্যবৃত্ত বর্তমান খ সাধারণ অতীত
গ নিত্যবৃত্ত অতীত ঘ ঘটমান বর্তমান উ: ক

০৪. 'সে পুরস্কার পেয়েছে' কোন ধরনের বর্তমান কাল? [G_1 -১৩-১৪]
ক সাধারণ খ ঘটমান গ পুরাঘটিত ঘ অনুজ্ঞা উ: গ

০৫. 'সে নিয়মিত প্রাতঃভ্রমণ করত।' বাক্যটি কোন অতীতকালের উদাহরণ? [B_1 ১৪-১৫]
ক নিত্যবৃত্ত খ সাধারণ
গ পুরাঘটিত ঘ ঘটমান উ: ক

GST গুচ্ছ বিশ্ববিদ্যালয়

০১. পুরাঘটিত বর্তমান কাল কোনটি? [A : ২৩-২৪]
ক তারা বাড়িতে ফিরেছে খ আমাদের পরীক্ষা চলছে
গ তাড়াতাড়ি কাজটি করো ঘ তারা মাঠে খেলছিল উ: ক

খুলনা বিশ্ববিদ্যালয়

০১. কোনটি পুরাঘটিত বর্তমান কালের উদাহরণ? [C ১৯-২০]
ক ডেকেছিলে ছুটির নিমন্ত্রণে খ সবাই বসে গল্প করছিল
গ দেখিতে গিয়াছি পর্বতমালা ঘ গাইতাম গান শুনি কোকিলের ধ্বনি উ: গ

০২. 'রোগ হলে ওষুধ খাবে।' কোন কালের অনুসর্গ? [B ১৮-১৯]
ক বর্তমান খ ভবিষ্যৎ গ অতীত ঘ ঘটমান বর্তমান উ: খ

০৩. সময়বাচক 'কাল' শব্দটির সাথে শুদ্ধ প্রয়োগ হয় কোনটির? [L ১৬-১৭]
ক এর খ কের গ খানা ঘ টি উ: খ

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

০১. ঘটমান বর্তমান কালের উদাহরণ কোনটি? [A ১৯-২০]
ক বিড়াল ইঁদুর ধরল খ বাতিটি নিভে গেল
গ ঝড় আমাদের ভীষণ ক্ষতি করেছে ঘ মিতা গান গাইছে উ: ঘ

০২. কোন বাক্যে পুরাঘটিত অতীত কালের ক্রিয়া আছে? [D ১৭-১৮]
ক কাজটি কি তুমি করেছিলে? খ আমরা মাঠে খেলতে যাব
গ কাল সন্ধ্যায় বৃষ্টি পড়ছিল ঘ প্রদীপ নিভে গেলো উ: ক

০৩. 'আজ যদি সুমন আসত, কেমন মজা হতো।' বাক্যটি কোন 'কালের' উদাহরণ? [E ১৩-১৪]
ক ঘটমান অতীত খ নিত্যবৃত্ত অতীত
গ পুরাঘটিত অতীত ঘ পুরাঘটিত বর্তমান উ: খ

ইসলামী বিশ্ববিদ্যালয়

০১. 'শৈশবে আম কুড়াতে আনন্দ পেতাম।' কোন কালের উদাহরণ? [গ ১৮-১৯]
ক সাধারণ অতীত খ নিত্যবৃত্ত অতীত
গ ঘটমান অতীত ঘ পুরাঘটিত অতীত উ: খ

০২. ক্রিয়ার কাল ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়? [H ১৭-১৮]
ক বাক্যতত্ত্ব খ অর্থতত্ত্ব গ রূপতত্ত্ব ঘ ধ্বনিতত্ত্ব উ: গ

০৩. সাধারণ অতীত কোনটি? [চ ০৫-০৬]
ক সে করত খ সে করল গ সে করেছিল ঘ সে করছিল উ: খ

০৪. 'সন্ধ্যায় সূর্য অস্ত যায়।' এটি কোন কালের উদাহরণ? [চ ০৫-০৬; নোবিপ্রবি ঘ ১৫-১৬]
ক সাধারণ বর্তমান খ ঘটমান বর্তমান
গ নিত্যবৃত্ত বর্তমান ঘ পুরাঘটিত বর্তমান উ: গ

বরিশাল বিশ্ববিদ্যালয়

০১. ২০১১ খ্রিষ্টাব্দে বরিশাল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। এ বাক্যের 'হয়' ক্রিয়াপদটির কাল– [ক ১৪-১৫]
ক সাধারণ বর্তমান খ পুরাঘটিত বর্তমান
গ ঐতিহাসিক বর্তমান ঘ সাধারণ অতীত উ: ক

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয়

০১. নিত্যবৃত্ত অতীতের উদাহরণ কোনটি? [D ১৩-১৪]
ক সাতাশ যদি হতো একশ সাতাশ খ কাল সন্ধ্যায় বৃষ্টি পড়ছিল
গ চিন্তা করোনা, কালই আসছি ঘ চার আর তিনে সাত হয় উ: ক

০২. কাজটি কি তুমি করেছিলে? এটি কোন ধরনের অতীত? [E, সেট ৩ : ১৪-১৫]
ক পুরাঘটিত খ নিত্য
গ ঘটমান ঘ কোনোটিই নয় উ: ক

০৩. 'সত্য গোপন করো না।' কোন অর্থে বর্তমান কাল? [G ১৬-১৭]
ক আদেশ খ উপদেশ গ অনুরোধ ঘ প্রার্থনা উ: খ

০৪. 'নিত্যবৃত্ত বর্তমান' কালের উদাহরণ কোনটি? [F ১৬-১৭]
ক এক্ষণে জানিলাম, কুসুমে কীট আছে খ চার আর তিনে সাত হয়
গ এতক্ষণ আমি অংক করেছি ঘ শীঘ্রই বৃষ্টি আসবে উ: খ

০৫. 'কাশীরাম দাস ভনে শুনে পুণ্যবান।' কোন কাল? [E ১৬-১৭; খুবি B ১৭-১৮]
ক সাধারণ বর্তমান খ ঘটমান অতীত
গ পুরাঘটিত বর্তমান ঘ নিত্যবৃত্ত বর্তমান উ: ঘ

CamScanner

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

০১. 'বিপদ যখন আসে, তখন এমনি করেই আসে।' এখানে বাক্যে ক্রিয়ার কোন কাল ব্যবহৃত হয়েছে? [D ১২-১৩]
ⓚ সাধারণ ভবিষ্যৎ ⓚ সাধারণ অতীত ⓖ সাধারণ বর্তমান ⓖ পুরাঘটিত বর্তমান উ: (গ)

০২. কোনটি ঘটমান অতীত কাল নির্দেশক বাক্য? [A ১৬-১৭]
(ক) তিনি বই পড়লেন (খ) তিনি বই পড়তেন
(গ) তিনি বই পড়েছিলেন (ঘ) তিনি বই পড়ছিলেন উ: (ঘ)

০৩. পুরাঘটিত বর্তমান কালের উদাহরণ কোনটি? [B ১৬-১৭]
(ক) তিনি গতকাল হাটে যাননি (খ) সকলেই যেন সভায় হাজির হয়
(গ) এতক্ষণ আমি অঙ্ক করেছি (ঘ) চার আর তিনে সাত হয় উ: (গ)

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১. 'পথ্য সেবন করিবে।' কোন কালের উদাহরণ? [D ১৫-১৬]
(ক) ঘটমান ভবিষ্যৎ (খ) ভবিষ্যৎ অনুজ্ঞা (গ) পুরাঘটিত ভবিষ্যৎ (ঘ) ঘটমান বর্তমান উ: (খ)

বিএসসি ইন নার্সিং

০১. 'প্রদীপ নিভে গেলো।' কোন কালের উদাহরণ? [ডিপ্লোমা : ২৩-২৪]
(ক) নিত্যবৃত্ত অতীত (খ) সাধারণ অতীত
(গ) পুরাঘটিত অতীত (ঘ) ঘটমান অতীত উ: (খ)

০২. 'তারা সাগরের তীরে ঝিনুক কুড়াত' বাক্যটি কোন কালের? [BSC Nursing'21-22]
(ক) নিত্য অতীত (খ) পুরাঘটিত বর্তমান
(গ) সাধারণ অতীত (ঘ) ঘটমান অতীত উ: (ক)

০৩. নিম্নের কোন বাক্যটিতে নিত্যবৃত্ত বর্তমান কালের বিশিষ্ট প্রয়োগ আছে? [Diploma Nursing'13-14]
(ক) কাশীরাম দাস ভনে শুনে পুণ্যবান (খ) আমি বাড়ি যাই
(গ) চিন্তা করোনা, কালই আসছি (ঘ) সে ভাত খায় উ: (ক)

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ

০১. 'কাল থেকে পড়া শুরু কর।' বাক্যটি কোন কালের বিশিষ্ট প্রয়োগ? [বিজ্ঞান : ২৩-২৪]
(ক) ঘটমান ভবিষ্যৎ কাল (খ) পুরাঘটিত ভবিষ্যৎ
(গ) পুরাঘটিত অতীত (ঘ) ঘটমান বর্তমান উ: (ঘ)

০২. 'শকুনেরা উড়ে এসে বসছে পাতাশূন্য শুকনো গাছটায়।' বাক্যটি কোন কালের উদাহরণ? [Business : ২১-২২]
(ক) সাধারণ অতীত (খ) পুরাঘটিত অতীত
(গ) পুরাঘটিত বর্তমান (ঘ) ঘটমান বর্তমান উ: (ঘ)

BCS পরীক্ষার বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

০১. নিচের কোনটি যৌগিক কালের উদাহরণ নয়? [৩৯তম বিসিএস]
(ক) করছিলাম (খ) করেছি
(গ) করছি (ঘ) করব উ: (ঘ)

০২. কোন বাক্যে নাম পুরুষের ব্যবহার করা হয়েছে? [১৩তম বিসিএস]
(ক) ওরা কী করে (খ) আপনি আসবেন
(গ) আমরা যাচ্ছি (ঘ) তোরা খাসনে উ: (ক)

SELF TEST MCQ

০১. কোন বাক্যটি ঘটমান বর্তমানের ক্রিয়া দ্বারা গঠিত?
(ক) এ কথা তুমি জানতে (খ) 'দেখে এলাম তারে'
(গ) কে যেন আসছে (ঘ) 'আবার আসিব ফিরে'

০২. কোন বাক্যে পুরাঘটিত অতীত কালের ক্রিয়া আছে?
(ক) আমরা গিয়েছি (খ) সে কি গিয়েছিল?
(গ) দেখে এলাম তারে (ঘ) আবার আসিব ফিরে

০৩. কোন বাক্যটি ঐতিহাসিক বর্তমানের ক্রিয়াপদ দ্বারা গঠিত?
(ক) বাবরের পর হুমায়ুন বাদশা হন (খ) আমি রোজ স্কুলে যাই
(গ) কেন যে তুমি আস না (ঘ) রোজ দেরি হয় কেন

০৪. সে হয়তো 'এসে থাকবে' এখানে কোন কালের পরিবর্তে সাধারণ ভবিষ্যৎ কাল ব্যবহৃত হয়েছে?
(ক) পুরাঘটিত বর্তমান (খ) পুরাঘটিত ভবিষ্যৎ
(গ) ঘটমান অতীত (ঘ) সাধারণ অতীত

০৫. 'সাতাশ হতো যদি একশ সাতাশ'– এখানে 'হতো' কোন কালের ক্রিয়া?
(ক) পুরাঘটিত অতীত (খ) সাধারণ অতীত
(গ) পুরাঘটিত বর্তমান (ঘ) নিত্যবৃত্ত অতীত

০৬. তিনি গতকাল ঢাকা যান নি।– ক্রিয়াটি কোন কালের?
(ক) সাধারণ বর্তমান (খ) পুরাঘটিত বর্তমান (গ) পুরাঘটিত অতীত (ঘ) ঐতিহাসিক বর্তমান

০৭. কোনটি নিত্যবৃত্ত অতীতের উদাহরণ?
(ক) আমি রোজ সকালে বেড়াই (খ) আমি রোজ স্কুলে যেতাম
(গ) আমি রোজ বেড়াতে যাব (ঘ) তোমাকে রোজ যেতে হবে

০৮. কোনটি পুরাঘটিত বর্তমান কালের উদাহরণ?
(ক) আমি তার সঙ্গে কথা কয়ে থাকি (খ) আমি কথা কইব না
(গ) আমি তার সঙ্গে কথা কয়েছিলাম (ঘ) আমি তার সঙ্গে কথা কয়েছি

০৯. ক্রিয়া সংঘটনের/সম্পাদনের সময়কে কী বলে?
(ক) ক্রিয়ার প্রকার (খ) ক্রিয়ার কাল (গ) ক্রিয়ার ভাব (ঘ) ক্রিয়ার ধরন

১০. ঘটমান বর্তমান কালের উদাহরণ কোনটি?
(ক) আমি রোজ স্কুলে যাই (খ) আমি স্কুলে এসেছি
(গ) আমি স্কুলে যাচ্ছি (ঘ) আমরা স্কুলে এসেছি

১১. কোন কালে অনুজ্ঞা হয় না?
(ক) বর্তমান কালে (খ) অতীত কালে (গ) ভবিষ্যৎ কালে (ঘ) ঘটমান ভবিষ্যৎ কালে

১২. 'আমার আশীর্বাদ নিয়ো'– বাক্যটি কোন কালের?
(ক) অনুজ্ঞা বর্তমান (খ) সাধারণ বর্তমান (গ) সাধারণ অতীত (ঘ) নিত্য অতীত

১৩. কাজটি চলছে এখনও শেষ হয়নি, এমন বোঝাতে কোন বর্তমান কাল ব্যবহৃত হয়?
(ক) অনুজ্ঞা বর্তমান (খ) ঘটমান বর্তমান
(গ) পুরাঘটিত বর্তমান (ঘ) সাধারণ বর্তমান

১৪. আজ বিকেলে যদি সুমন আসত, মজা হতো – বাক্যটির ক্রিয়া অতীতের কিন্তু ঘটনা কোন কালের?
(ক) সাধারণ ভবিষ্যৎ (খ) সাধারণ বর্তমান (গ) ঘটমান বর্তমান (ঘ) সাধারণ অতীত

১৫. নিচের কোন বাক্যে ঘটনা অতীতের, কিন্তু ক্রিয়ার কাল সাধারণ বর্তমান কালের?
(ক) গত বছর তিনি একুশে পদক পান (খ) আমি গত বছর পরীক্ষা দিয়েছি
(গ) সবাই যেন সভায় হাজির থাকে (ঘ) পরে সপ্তাহে আমরা বাড়ি যাচ্ছি

১৬. বর্ণিত বিষয় প্রত্যক্ষভূত করতে ক্রিয়ার কোন কাল হয়?
(ক) নিত্যবৃত্ত বর্তমান (খ) সাধারণ বর্তমান
(গ) সাধারণ ভবিষ্যৎ (ঘ) ঘটমান ভবিষ্যৎ

১৭. বুকের রক্তে লিখেছি একটি নাম, বাংলাদেশ। বাক্যের ক্রিয়াটি কোন কালের?
(ক) সাধারণ বর্তমান (খ) সাধারণ অতীত
(গ) সাধারণ ভবিষ্যৎ (ঘ) পুরাঘটিত বর্তমান

১৮. বাবা গতকাল হাটে যাননি?
(ক) সাধারণ বর্তমান (খ) সাধারণ অতীত (গ) পুরাঘটিত অতীত (ঘ) পুরাঘটিত বর্তমান

১৯. কাজ শেষ করার জন্য সে আদাজল খেয়ে লেগেছে। এখানে ক্রিয়াপদটির কাল হচ্ছে–
(ক) সাধারণ বর্তমান (খ) ঘটমান বর্তমান
(গ) পুরাঘটিত বর্তমান (ঘ) ঐতিহাসিক বর্তমান

২০. ত্রিশ লক্ষ শহিদের রক্তের বিনিময়ে বাংলাদেশ স্বাধীন হয়েছে।' বাক্যটি কোন কালের উদাহরণ?
(ক) সাধারণ বর্তমান (খ) পুরাঘটিত অতীত
(গ) পুরাঘটিত বর্তমান (ঘ) নিত্যবৃত্ত অতীত

OMR

০১.(ক)(খ)(গ)(ঘ)	০২.(ক)(খ)(গ)(ঘ)	০৩.(ক)(খ)(গ)(ঘ)	০৪.(ক)(খ)(গ)(ঘ)	০৫.(ক)(খ)(গ)(ঘ)
০৬.(ক)(খ)(গ)(ঘ)	০৭.(ক)(খ)(গ)(ঘ)	০৮.(ক)(খ)(গ)(ঘ)	০৯.(ক)(খ)(গ)(ঘ)	১০.(ক)(খ)(গ)(ঘ)
১১.(ক)(খ)(গ)(ঘ)	১২.(ক)(খ)(গ)(ঘ)	১৩.(ক)(খ)(গ)(ঘ)	১৪.(ক)(খ)(গ)(ঘ)	১৫.(ক)(খ)(গ)(ঘ)
১৬.(ক)(খ)(গ)(ঘ)	১৭.(ক)(খ)(গ)(ঘ)	১৮.(ক)(খ)(গ)(ঘ)	১৯.(ক)(খ)(গ)(ঘ)	২০.(ক)(খ)(গ)(ঘ)

Answer

২০.গ	১৯.খ	১৮.ক	১৭.ঘ	১৬.খ	১৫.ক	১৪.ক	১৩.খ	১২.ক	১১.খ
১০.গ	০৯.খ	০৮.ঘ	০৭.খ	০৬.ক	০৫.ঘ	০৪.খ	০৩.ক	০২.খ	০১.গ

CamScanner

অধ্যায় ২৩

বাংলা অনুজ্ঞা
Imperative

অনুজ্ঞার সংজ্ঞা ও শ্রেণিবিভাগ

অনুজ্ঞা : আদেশ, অনুরোধ, অনুমতি, প্রার্থনা, অনুনয় প্রভৃতি অর্থে বর্তমান ও ভবিষ্যৎ কালে মধ্যম পুরুষের ক্রিয়াপদের যেরূপ হয়, তাকে **অনুজ্ঞা (Imperative) পদ** বলে।

অনুজ্ঞার প্রকারভেদ : একাধিক মানদণ্ডে অনুজ্ঞার শ্রেণিবিভাগ হতে পারে। যেমন : ক. পুরুষ (পক্ষ) অনুসারে এবং খ. ক্রিয়ার বর্তমান ও ভবিষ্যৎ- এ দুটি কাল অনুসারে।

☑ **পুরুষ (পক্ষ) অনুসারে অনুজ্ঞার শ্রেণিবিভাগ :** পুরুষ (পক্ষ) অনুসারে অনুজ্ঞা দুই প্রকার। যথা : ১. মধ্যম পুরুষ (শ্রোতাপক্ষ) অনুজ্ঞা ও ২. নাম পুরুষ (অন্যপক্ষ) অনুজ্ঞা।

☑ **ক্রিয়ার কাল অনুসারে অনুজ্ঞার শ্রেণিবিভাগ :** ক্রিয়ার কাল অনুসারে অনুজ্ঞা ভাব দু-ধরনের হয়ে থাকে। যথা : ১. বর্তমান অনুজ্ঞা ও ২. ভবিষ্যৎ অনুজ্ঞা।

অনুজ্ঞা পদের গঠন

অনুজ্ঞা পদের গঠন :

মধ্যম পুরুষের তুচ্ছার্থক বা ঘনিষ্ঠার্থক সর্বনামের অনুজ্ঞায় ক্রিয়াপদে কোনো বিভক্তি যোগ হয় না। মূল ধাতুটিই ক্রিয়াপদ রূপে ব্যবহৃত হয়। যেমন : মধ্যম পুরুষ তুচ্ছার্থক বা ঘনিষ্ঠার্থক তুই (বই) পড়। তোরা (বই) পড়।

কিন্তু অনুরোধ, আদেশ বা অনুরূপ অর্থে সম্ভ্রমাত্মক মধ্যম পুরুষের সর্বনাম 'আপনি' বা 'আপনারা' এবং সাধারণ মধ্যম পুরুষের সর্বনাম 'তুমি' বা 'তোমরা' পদের সঙ্গে যে অনুজ্ঞা পদের ব্যবহার হয়, তাতে বিভক্তি যুক্ত থাকে। যেমন : সম্ভ্রমাত্মক মধ্যম পুরুষ- আপনি (আপনারা) আসুন (আস্ + উন)। সাধারণ মধ্যম পুরুষ- তুমি (তোমরা) আস (আস্ + অ)।

২. প্রাচীন বাংলা রীতিতে মধ্যম পুরুষের অনুজ্ঞায় ক্রিয়ার সঙ্গে 'হ' যোগ করার নিয়ম ছিল। এই 'হ' বর্তমানে 'অ' এবং 'ও' তে রূপান্তরিত হয়েছে। যেমন :

ক. 'করহ [= কর] আপন কাজ, তাতে কিবা ভয় লাজ।'

খ. 'অধম সন্তানের মাগো দেহ [দাও] পদচ্ছায়া।'

➤ **জ্ঞাতব্য :**

ক. উত্তম পুরুষের অনুজ্ঞা পদ হতে পারে না। কারণ, কেউ নিজেকে আদেশ করতে পারে না।

খ. অপ্রত্যক্ষ বলে নাম পুরুষের অনুজ্ঞা হয় না। তবে এ মত সকলে সমর্থন করেন না।

বর্তমান অনুজ্ঞার সংজ্ঞা ও গঠন

বর্তমান অনুজ্ঞা : ক্রিয়াপদ বর্তমান কালে কোনো আদেশ, উপদেশ, অনুরোধ, আশীর্বাদ, অভিশাপ ইত্যাদি বোঝালে বর্তমান অনুজ্ঞা হয়। কেবল মধ্যম পুরুষ (শ্রোতাপক্ষ) ও নাম পুরুষ (অন্যপক্ষ) বর্তমান অনুজ্ঞা হয়ে তাকে। যেমন :

i. **মধ্যম পুরুষ (শ্রোতাপক্ষ) :** তুমি কথাটা বলো (সাধারণ)। আপনি কথাটা বলুন (সম্ভ্রমাত্মক)। তুই কথাটা বল (অন্তরঙ্গ)।

ii. **নাম পুরুষ (অন্যপক্ষ) :** সে কথাটা বলুক (সাধারণ)। তিনি কথাটা বলুক (সম্ভ্রমাত্মক)।

বর্তমান অনুজ্ঞার গঠন :

i. মধ্যম পুরুষে সাধারণরূপে 'ও' বিভক্তি যোগ হয়। যেমন : শোনো।

ii. মধ্যম পুরুষে অন্তরঙ্গরূপে কোনো বিভক্তি যোগ হয় না। মূল ধাতুটি ক্রিয়াপদ রূপে ব্যবহৃত হয়। যেমন : তুই যা।

iii. নাম পুরুষে সাধারণরূপে 'উক' বা 'ক' বিভক্তি যোগ হয়। যেমন : সে বলুক (বল্ + উক), সে যাক (যা + ক্)

iv. মধ্যম পুরুষ ও নাম পুরুষে সম্ভ্রমাত্মকরূপে 'উন্' বা 'ন্' বিভক্তি যোগ হয়। যেমন : আপনি/তিনি বলুন (বল্ + উন্), আপনি/তিনি যান (যা + ন্)।

মধ্যম ও নাম পুরুষের বর্তমান অনুজ্ঞার রূপ :

ধরন	সর্বনাম	বিভক্তি	ক্রিয়াপদ
সম্ভ্রমাত্মক	আপনি, আপনারা, তিনি, তাঁরা	উন, ন	যাউন, যান
সাধারণ	তুমি, তোমরা	অ, ও	কর, করো, যাও
তুচ্ছার্থক/ঘনিষ্ঠার্থক	তুই, তোরা	০ (শূন্য)	কর, যা
সাধারণ	সে, তারা	উক	করুক

➤ **জ্ঞাতব্য :**

ক. নির্দেশক ভাবের সাধারণ বর্তমান কালের সম্ভ্রমাত্মক মধ্যম পুরুষের বিভক্তি = এন। যেমন : আপনি দেখেন। সম্ভ্রমাত্মক মধ্যম পুরুষের অনুজ্ঞা পদের বিভক্তি- 'উন'। যেমন : আপনারা দেখুন।

খ. চলতি ভাষায় ধাতুর মূল স্বর এ- কারান্ত বা ও- কারান্ত হলে উক্ত পার্থক্য লোপ পায়। যেমন : নেন, লন, নিন < লউন, লোন।

ঘটমান বর্তমান অনুজ্ঞা : মূল ক্রিয়াপদের সঙ্গে -ইতে/-তে বিভক্তি যুক্ত হয়ে অসমাপিকা ক্রিয়াপদ গঠন করা যায়। এই অসমাপিকা ক্রিয়াপদ এবং 'থাক' ধাতুর সঙ্গে (সাধারণ) বর্তমান অনুজ্ঞার বিভক্তি যুক্ত করে যে ক্রিয়াপদ হয়, উভয়ে মিলে যৌগিক ক্রিয়া উৎপন্ন করে। এ যৌগিক ক্রিয়া ঘটমান বর্তমান অনুজ্ঞার অর্থ প্রকাশ করে। যেমন :

(সে)- ইতে/-তে + -উক(করিতে/করতে থাকুক)।

(তিনি/আপনি) - ইতে/-তে + উন (করিতে/করতে থাকুন)

(তুমি) - ইতে/-তে + -অ-ও (করিতে/করতে থাক/থাকো)।

(তুমি)-ইতে/তে + - ০ (করিতে/করতে থাক)।

- মূল ধাতুর সঙ্গে অসমাপিকা ক্রিয়া বিভক্তি -ইতে/-তে যুক্ত হয়। এরূপ বিভক্তিযুক্ত অসমাপিকা ক্রিয়া সর্বদা অপরিবর্তিত অবস্থায় থাকে। এ অসমাপিকা ক্রিয়া এবং সাধারণ বর্তমানের অনুজ্ঞার ক্রিয়াবিভক্তিযুক্ত থাক্ ধাতু (ঘটমান বর্তমান অনুজ্ঞার) মিলে যৌগিক ক্রিয়া উৎপন্ন করে। এ যৌগিক ক্রিয়া ঘটমান বর্তমান অনুজ্ঞার অর্থ প্রকাশ করে। থাক্ ধাতুর সঙ্গে যুক্ত ক্রিয়াবিভক্তিগুলোই অনুজ্ঞা অর্থ প্রকাশ করে। মূল ক্রিয়া থেকে উৎপন্ন অসমাপিকা ক্রিয়াটি ঘটমানতা প্রকাশে সাহায্য করে।

ভবিষ্যৎ অনুজ্ঞার সংজ্ঞা ও গঠন

০২. ভবিষ্যৎ অনুজ্ঞা : ভবিষ্যতে সম্পাদনের জন্য কোনো আদেশ, অনুরোধ, উপদেশ ইত্যাদি বোঝালে ক্রিয়ার যেরূপ হয় তাকে ভবিষ্যৎ অনুজ্ঞা বলে। কেবল মধ্যম পুরুষেই ভবিষ্যৎ অনুজ্ঞা হয়। যেমন :

সাধারণ মধ্যম পুরুষ : এক সময় বইটা পড়ো।

সম্ভ্রমাত্মক মধ্যম পুরুষ : আমার কথাটা মনে রাখবেন।

অন্তরঙ্গ মধ্যম পুরুষ : তাকে বলবি, আমি ঢাকায় যাব না।

ভবিষ্যৎ অনুজ্ঞার গঠন :

i. মধ্যম পুরুষে সাধারণরূপে 'ইয়ো' বা 'ইয়ো-জাত' 'ও' বিভক্তি যোগ হয়। দ্বিধ্বনিদল বা বহুধ্বনিদল ধাতুতে –ইয়ো বিভক্তি যোগ হয়, একধ্বনিদল ধাতুতে –ও। যেমন :

তুমি এক সময় বাবা ও আমাকে আব্বাসউদ্দীনের 'ফান্দে পড়িয়া' গানটা শুনিয়ো, কেমন। তুমি আগামী মাসে খুলনায় থেকো।

ii. মধ্যম পুরুষে সম্ভ্রমাত্মকরূপে ভবিষ্যৎ –ব্–এর সঙ্গে –এন্ বিভক্তির যোগ হয়।

iii. মধ্যম পুরুষে অন্তরঙ্গরূপে 'ইস্' বা 'স্' বিভক্তি যোগ হয়। যেমন : তুই আগামী মাসে খুলনা যাস। মাকে কথাটা বলিস।

মধ্যম ও নাম পুরুষে ভবিষ্যৎ কালের অনুজ্ঞার রূপ :

ধরন	সর্বনাম	বিভক্তি		ক্রিয়াপদ	
		সাধু	চলিত	সাধু	চলিত
সম্ভ্রমাত্মক	আপনি, আপনারা	–ইবেন	–বেন	করিবেন	করবেন
	তিনি, তাঁরা				
সাধারণ	তুমি, তোমরা	–ইও	–ও	করিও	করো
তুচ্ছার্থক/ঘনিষ্ঠার্থক	তুই, তোরা	–ইস	–স	করিস, খাইস	খাস
সাধারণ	সে, তারা	–ইবে	–বে	করিবে	করবে

ঘটমান ভবিষ্যৎ অনুজ্ঞা : ভবিষ্যৎ অনুজ্ঞায় ঘটমান অর্থ প্রকাশ করতে হলে নিমিত্তার্থক-তে অসমাপিকার সঙ্গে সমাপিকা 'থাক' ক্রিয়াপদ গঠন করে এটি করতে হয়। তাতে একধ্বনিদল ধাতুর বিভক্তি লাগে। যেমন :

–ইতে/–তে+ – ইবেন/– বেন (করিতে থাকিবেন/করতে থাকবেন)।

–ইতে/–তে + ইও – এ/–ও (করিতে থাকিও/করতে থেকো)।

–ইতে/ – তে + – ইস (করিতে থাকিস/করতে থাকিস)।

–ইতে/–তে+ – ইবে/–বে (করিতে থাকিবে/করতে থাকবে)।

➤ **জ্ঞাতব্য :**

ক. ভবিষ্যৎ কালের অনুজ্ঞায় উত্তম পুরুষ ব্যবহৃত হয় না।

খ. সম্ভ্রমাত্মক মধ্যম পুরুষের সাধারণ ভবিষ্যতের ক্রিয়ার রূপটি সম্ভ্রমাত্মক মধ্যম পুরুষের ভবিষ্যৎ অনুজ্ঞায় ব্যবহৃত হয়।

অনুজ্ঞা বাক্য গঠন

ক. বর্তমান কালের অনুজ্ঞা :

১. আদেশ : কাজটি করে **ফেল**। তোমরা এখন **যাও**।

২. উপদেশ : সত্য কথা গোপন **করো না**।
: কড়া রোদে ঘোরাফেরা **করিস না**।
: 'পাতিস নে শিলাতলে পদ্মপাতা।'

৩. অনুরোধ : আমার কাজটা এখন **কর**।
: অঙ্কটা বুঝিয়ে **দাও না**।

৪. প্রার্থনা : আমার দরখাস্তটা **পড়ুন**।

৫. অভিশাপ : **মর**, পাপিষ্ঠ।

খ. ভবিষ্যৎ কালের অনুজ্ঞা :

১. আদেশে : সদা সত্য কথা **বলবে**।

২. সম্ভাবনায় : চেষ্টা কর, সবই বুঝতে **পারবে**।

৩. বিধান অর্থে : রোগ হলে ওষুধ **খাবে**।

৪. অনুরোধ : কাল একবার **এসো** (বা আসিও বা আসিবে)।

লিখিত অংশ : অনুশীলনমূলক কাজ

০১. অনুজ্ঞা বলতে কী বোঝ? অনুজ্ঞার প্রকারভেদ লেখ।

উত্তর : আলোচনা অংশ দ্রষ্টব্য।

০২. বর্তমান অনুজ্ঞা ও ভবিষ্যৎ অনুজ্ঞার পার্থক্য লেখ।

উত্তর : বর্তমান অনুজ্ঞা ও ভবিষ্যৎ অনুজ্ঞার পার্থক্য নিম্নরূপ :

বর্তমান অনুজ্ঞা	ভবিষ্যৎ অনুজ্ঞা
ক্রিয়াপদ বর্তমান কালে কোনো আদেশ, উপদেশ, অনুরোধ, আশীর্বাদ, অভিশাপ ইত্যাদি বোঝালে বর্তমান অনুজ্ঞা হয়। যেমন : তুমি কথাটা বলো। আশীর্বাদ করি – ভদ্র হও, ধন্য হও।	ভবিষ্যতে সম্পাদনের জন্য কোনো আদেশ, অনুরোধ, উপদেশ ইত্যাদি বোঝালে ক্রিয়ার যেরূপ হয় তাকে ভবিষ্যৎ অনুজ্ঞা বলে। যেমন : আমার কথাটা মনে রাখবেন।
কেবল মধ্যম পুরুষ (শ্রোতাপক্ষ) ও নাম পুরুষ (অন্যপক্ষ) বর্তমান অনুজ্ঞা হয়ে থাকে।	কেবল মধ্যম পুরুষেই ভবিষ্যৎ অনুজ্ঞা হয়।

০৩. বর্তমান ও ভবিষ্যৎ কালের দুটি করে অনুজ্ঞা বাক্য গঠন কর।

উত্তর : বর্তমান ও ভবিষ্যৎ কালের দুটি করে অনুজ্ঞা বাক্য গঠন :

বর্তমান কালের অনুজ্ঞা	
আদেশ	তোমরা এখন যাও। আল্লাহ তোমাকে দীর্ঘজীবী করুন।
উপদেশ	সত্য কথা গোপন করো না।
ভবিষ্যৎ কালের অনুজ্ঞা	
সম্ভাবনায়	চেষ্টা কর, সবই বুঝতে পারবে।
বিধান অর্থে	রোগ হলে ওষুধ খাবে।

০৪. বর্তমান ও ভবিষ্যৎ অনুজ্ঞার গঠন দেখাও।

উত্তর : আলোচনা অংশ দ্রষ্টব্য।

০৫. অনুজ্ঞা পদের গঠন সম্পর্কে যা জানো লেখ।

উত্তর : আলোচনা অংশ দ্রষ্টব্য।

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের MCQ প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. 'অনুজ্ঞা' কোন কালে ব্যবহৃত হয়? [গ ৯৬-৯৭]
ⓚ বর্তমান ও ভবিষ্যৎ ⓛ নিত্যবৃত্ত ও ঘটমান অতীত
ⓜ ভবিষ্যৎ ও অতীত ⓝ বর্তমান ও অতীত
উত্তর: ক

০২. 'আল্লাহ তোমাকে দীর্ঘজীবী করুন।' এ বাক্যটি– [গ ৯৬-৯৭]
ⓚ নিত্যবৃত্ত অতীত ⓛ ঘটমান অতীত
ⓜ বর্তমান অনুজ্ঞা ⓝ ভবিষ্যত অনুজ্ঞা
উত্তর: গ

০৩. বাক্যের অনুজ্ঞা পদগুলো হচ্ছে– [খ ১১-১২]
ⓚ বিশেষ্য পদের রূপ ⓛ বিশেষণ পদের রূপ
ⓜ সর্বনাম পদের রূপ ⓝ ক্রিয়াপদের রূপ
উত্তর: ঘ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

০১. 'তোমরা চোখ তুলে তাকাও।' এটি কোন ধরনের বাক্য? [খ ১০-১১]
ⓚ নির্দেশাত্মক ⓛ প্রার্থনাসূচক
ⓜ অনুজ্ঞাবাচক ⓝ কার্যকারণাত্মক
উত্তর: গ

০২. নিচের কোনটিতে 'অনুজ্ঞা' ভাব প্রকাশযোগ্য নয়? [ঘ-১৩-১৪]
ⓚ অতীত কাল ⓛ বর্তমান কাল
ⓜ ভবিষ্যৎ কাল ⓝ ভবিষ্যৎ অনুজ্ঞা
উত্তর: ক

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

০১. কোনটি অনুজ্ঞার দৃষ্টান্ত? [ঘ ১০-১১]
ⓚ বাড়ি যাও ⓛ সে বাড়ি যাবে ⓜ আমি বাড়ি যাব না ⓝ আমি বাড়ি যাব
উত্তর: ক

CamScanner

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

০১. 'চল, নাটক দেখে আসি।' বাক্যটিতে কোন বাগ্‌ভঙ্গির প্রকাশ পেয়েছে? [B : ২৩-২৪]
ⓚ অনুরোধ ⓚ আদেশ ⓖ প্রস্তাব ⓘ ইচ্ছা উ:(গ)

০২. নিম্নোক্ত কোন বাক্যটি ঠিক নিয়ম প্রকাশ করে? [B ১৯-২০]
ⓚ অনুজ্ঞা উপদেশ অর্থে ব্যবহৃত হয় না
ⓚ ক্রিয়াপদের রূপ অনুজ্ঞা
ⓖ দ্বিরুক্তি শব্দ চার প্রকার
ⓘ উপসর্গ নতুন শব্দ গঠনে করতে পারে না উ:(খ)

০৩. 'আমাকে সাহায্য করুন।' কী অর্থে অনুজ্ঞা ব্যবহার করা হয়েছে? [১২-১৩]
ⓚ অনুরোধ ⓚ আদেশ ⓖ প্রার্থনা ⓘ উপদেশ উ:(গ)

রাজশাহী বিশ্ববিদ্যালয়

০১. 'সদা সত্য কথা বলবে' বাক্যটি– [১০-১১]
ⓚ অনুজ্ঞাসূচক ⓚ আদেশসূচক ⓖ উপদেশসূচক ⓘ অনুরোধসূচক উ:(খ)

Note : ভবিষ্যৎ কালের অনুজ্ঞায় আদেশে : সদা সত্য কথা বলবে।

০২. কোন বাক্যে অনুজ্ঞা ক্রিয়া আছে? [১৬-১৭]
ⓚ কোথায় যাচ্ছ
ⓚ তোমার মা কেমন আছে
ⓖ যেওনা লক্ষী মেয়ে
ⓘ কত কথা বলার ছিল উ:(গ)

GST গুচ্ছ বিশ্ববিদ্যালয়

০১. 'আকাশ এতো মেঘলা, যেও নাকো একলা।' কী ধরনের বাক্য? [C : ২৩-২৪]
ⓚ ইচ্ছাসূচক ⓚ অনুজ্ঞাসূচক ⓖ নেতিবাচক ⓘ কার্যকারণাত্মক উ:(খ)

ইসলামী বিশ্ববিদ্যালয়

০১. কোনটি অনুজ্ঞা? [H ১৭-১৮; রাবি E ১৭-১৮; জবি ঘ ১৬-১৭; খ ০৭-০৮]
ⓚ তুমি গিয়েছো ⓚ তুমি যাও ⓖ তুমি যাচ্ছিলে ⓘ তুমি যাচ্ছো উ:(খ)

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

০১. 'অনুজ্ঞা' অর্থ কী? [AL ১৭-১৮]
ⓚ প্রশ্ন জিজ্ঞাসা ⓚ নির্দেশ করা ⓖ আদেশ-নিষেধ ⓘ আকাঙ্ক্ষা উ:(গ)

০২. 'অনুজ্ঞা' কোন পুরুষে হয়? [AL ১৭-১৮]
ⓚ উত্তম ⓚ মধ্যম ⓖ নাম ⓘ সাধিত উ:(খ)

০৩. বাংলা ব্যাকরণে অনুজ্ঞা কয় প্রকার : [ক ১৬-১৭]
ⓚ ৫ ⓚ ৪ ⓖ ৩ ⓘ ২ উ:(গ)

০৪. স্বয়ং বক্তা কোন পুরুষ? [E ১৩-১৪]
ⓚ নাম ⓚ প্রথম ⓖ মধ্যম ⓘ উত্তম উ:(ঘ)

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

০১. 'আর ভয় করো না।' এটি কোন ধরনের বাক্য? [A ১৭-১৮]
ⓚ নেতিবাচক
ⓚ অনুজ্ঞাসূচক
ⓖ নির্দেশাত্মক
ⓘ প্রশ্নবাচক উ:(খ)

বরিশাল বিশ্ববিদ্যালয়

০১. 'কাল একবার এসো।' বাক্যে যে অর্থ বোঝায়– [C -১৩-১৪]
ⓚ আদেশ
ⓚ নিষেধ
ⓖ অনুরোধ
ⓘ প্রার্থনা উ:(গ)

বিএসসি ইন নার্সিং

০১. 'সদা সত্য বলবে।' বাক্যটি কোন ধরনের? [বিএসসি : ২৩-২৪]
ⓚ ইচ্ছাসূচক
ⓚ আবেগসূচক
ⓖ অনুজ্ঞাসূচক
ⓘ হ্যাঁ সূচক উ:(গ)

SELF TEST MCQ

০১. 'পাতিস নে শিলাতলে পদ্মপাতা।' কী অর্থে অনুজ্ঞার ব্যবহার করা হয়েছে?
ⓚ অনুরোধ ⓚ উপদেশ ⓖ আদেশ ⓘ বিধান অর্থে

০২. 'রোগ হলে ওষুধ খাবে।' এ বাক্যের অনুজ্ঞা কোন অর্থ প্রকাশক?
ⓚ প্রার্থনা ⓚ অনুরোধ ⓖ বিধান অর্থে ⓘ উপদেশ

০৩. 'মর, পাপিষ্ঠ' বাক্যে অনুজ্ঞার যে অর্থ বোঝায়?
ⓚ সম্ভাবনা ⓚ আদেশ ⓖ বিধান ⓘ অভিশাপ

০৪. 'সত্য গোপন করো না।' অনুজ্ঞাটি যে অর্থ প্রকাশক?
ⓚ উপদেশ ⓚ আদেশ ⓖ অনুরোধ ⓘ প্রার্থনা

০৫. কোন ক্রিয়াটি ভবিষ্যৎ কালের অনুজ্ঞায় সম্ভাবনা বোঝাচ্ছে?
ⓚ রোগ হলে ওষুধ খেতে হবে
ⓚ চেষ্টা কর, বুঝতে পারবে
ⓖ সদা সত্য বলবে
ⓘ কাল এসো

০৬. তুচ্ছার্থক বা ঘনিষ্ঠার্থক মধ্যম পুরুষের ভবিষ্যৎ কালের অনুজ্ঞার চলিত রীতির বিভক্তি কোনটি?
ⓚ - ইস্ ⓚ - ও ⓖ - স ⓘ - ইও

০৭. সাধারণ মধ্যম পুরুষের বর্তমান কালের অনুজ্ঞার চলিত রীতির বিভক্তি কোনটি?
ⓚ - উন ⓚ - ও ⓖ - ন ⓘ শূন্য

০৮. 'ওখানে যাস না।' কোন অর্থে অনুজ্ঞার ব্যবহার করা হয়েছে?
ⓚ আদেশ ⓚ অনুরোধ ⓖ উপদেশ ⓘ বিধান

০৯. 'খোদা আপনার মঙ্গল করুন।' কী অর্থে অনুজ্ঞার ব্যবহার করা হয়েছে?
ⓚ আদেশ ⓚ উপদেশ ⓖ প্রার্থনা ⓘ অনুরোধ

১০. 'ধর্ম ও ন্যায়ের পথে চলো।' কী অর্থে অনুজ্ঞার ব্যবহার করা হয়েছে?
ⓚ আদেশ ⓚ অনুরোধ ⓖ উপদেশ ⓘ বিধান

১১. 'তোর সর্বনাশ হোক।' কী অর্থে অনুজ্ঞার ব্যবহার করা হয়েছে?
ⓚ প্রার্থনা ⓚ অভিশাপ ⓖ উপদেশ ⓘ আদেশ

১২. প্রাচীন বাংলার রীতিতে মধ্যম পুরুষের অনুজ্ঞায় ক্রিয়ার সঙ্গে কী যোগ করার নিয়ম ছিল?
ⓚ অ ⓚ ও ⓖ হ ⓘ ল

১৩. উত্তম পুরুষে অনুজ্ঞা পদ হতে পারে না, কারণ-
ⓚ প্রত্যক্ষ বলে
ⓚ পরোক্ষ বলে
ⓖ কেউ নিজেকে আদেশ করতে পারে না
ⓘ কোনো'টিই নয়

১৪. নাম পুরুষের অনুজ্ঞা পদ হতে পারে না, কারণ–
ⓚ প্রত্যক্ষ বলে
ⓚ অপ্রত্যক্ষ বলে
ⓖ নিজেকে আদেশ করতে পারে না বলে
ⓘ তুচ্ছার্থক বলে

১৫. 'তার দিকে একটু স্নেহ চোখে তাকাও।' এটি কোন ধরনের বাক্য?
ⓚ নির্দেশাত্মক ⓚ প্রার্থনাসূচক ⓖ অনুজ্ঞাবাচক ⓘ কার্যকারণাত্মক

১৬. 'তিনি' কোন পুরুষের কোন রূপ?
ⓚ নাম পুরুষের সম্ভ্রমাত্মক রূপ
ⓚ নাম পুরুষের সাধারণ রূপ
ⓖ মধ্যম পুরুষের সম্ভ্রমাত্মক রূপ
ⓘ মধ্যম পুরুষের সাধারণ রূপ

১৭. কোন কালে বাংলা অনুজ্ঞার ব্যবহার নেই?
ⓚ অতীত ⓚ বর্তমান ⓖ ভবিষ্যৎ ⓘ খ ও গ

১৮. প্রত্যক্ষভাবে উদ্দিষ্ট ব্যক্তি কোন পুরুষ?
ⓚ নাম পুরুষ ⓚ ক্রিয়ার পুরুষ ⓖ উত্তম পুরুষ ⓘ মধ্যম পুরুষ

১৯. 'মন দিয়ে পড়' বাক্যের অনুজ্ঞাভাব কী অর্থ প্রকাশ করছে?
ⓚ উপদেশ ⓚ অনুরোধ ⓖ আদেশ ⓘ আশীর্বাদ

২০. নিচের কোন বাক্যে ভবিষ্যৎ কালের অনুজ্ঞা প্রকাশ পেয়েছে?
ⓚ সত্য গোপন করো না
ⓚ সদা সত্য কথা বলবে
ⓖ অঙ্কটা বুঝিয়ে দাও না
ⓘ আমার কাজটা এখন কর

২১. কোন বাক্যটি অনুজ্ঞা ভাব প্রকাশ করছে?
ⓚ আমার কাজটা এখন কর।
ⓚ আমি বাড়ি যাই
ⓖ তারা চাঁদ দেখে
ⓘ তার বাবা বেঁচে থাকলে তার এত কষ্ট হতো না

২২. 'আদেশ' অর্থে অনুজ্ঞার উদাহরণ কোনটি?
ⓚ সুখী হও ⓚ মর, পাপিষ্ঠ ⓖ আমটা খাও ⓘ আমটা খাও

২৩. ভবিষ্যৎ কালের অনুজ্ঞায় কোন পুরুষ ব্যবহৃত হয়?
ⓚ মধ্যম পুরুষ ⓚ উত্তম পুরুষ ⓖ নাম পুরুষ ⓘ খ ও গ

২৪. কোনটি বর্তমান কালের অনুজ্ঞার উদাহরণ?
ⓚ কড়া রোদে ঘোরাফেরা করো না
ⓚ সে বই পড়ে
ⓖ কাল একবার এসো
ⓘ রোগ হলে ওষুধ খাবে

২৫. উপদেশাত্মক অনুজ্ঞা ভাবের উদাহরণ কোনটি?
ⓚ আপনারা আসবেন ⓚ কাল একবার এসো ⓖ আমটা খাও ⓘ মানুষ হও

OMR				
০১.ⓚⓚⓖⓘ	০২.ⓚⓚⓖⓘ	০৩.ⓚⓚⓖⓘ	০৪.ⓚⓚⓖⓘ	০৫.ⓚⓚⓖⓘ
০৬.ⓚⓚⓖⓘ	০৭.ⓚⓚⓖⓘ	০৮.ⓚⓚⓖⓘ	০৯.ⓚⓚⓖⓘ	১০.ⓚⓚⓖⓘ
১১.ⓚⓚⓖⓘ	১২.ⓚⓚⓖⓘ	১৩.ⓚⓚⓖⓘ	১৪.ⓚⓚⓖⓘ	১৫.ⓚⓚⓖⓘ
১৬.ⓚⓚⓖⓘ	১৭.ⓚⓚⓖⓘ	১৮.ⓚⓚⓖⓘ	১৯.ⓚⓚⓖⓘ	২০.ⓚⓚⓖⓘ
২১.ⓚⓚⓖⓘ	২২.ⓚⓚⓖⓘ	২৩.ⓚⓚⓖⓘ	২৪.ⓚⓚⓖⓘ	২৫.ⓚⓚⓖⓘ

Answer								
২৫.ঘ	২৪.ক	২৩.ক	২২.ঘ	২১.ক	২০.খ	১৯.ক	১৮.ঘ	১৭.ক
১৬.ক	১৫.গ	১৪.খ	১৩.গ	১২.গ	১১.খ	১০.গ	০৯.গ	০৮.গ
০৭.খ	০৬.গ	০৫.খ	০৪.ক	০৩.ঘ	০২.গ	০১.খ		